অর্থশংসিনঃ পরমার্থনিরূপকাঃ । শ্রমণাঃ শ্রমবন্তঃ আত্মাভ্যাসে কৃতশ্রমা ইত্যর্থঃ । বাতবসনা দিগম্বরাঃ । আত্মবিদ্যায়াং বিশারদা নিষ্ণাতাঃ ॥ ১৯ ॥

তেষাং পারমহংস্যাচরিতমাহ ত এতে ইতি । দ্বাভ্যাং ভগবদ্রূপং বিশ্বং পশ্যন্তঃ । সদসদাত্মকং স্থূলসূক্ষ্মরূপং । তচ্চ স্বাব্যতিরেকেণ পশ্যন্তঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অর্থশংসিনঃ পরমার্থনিরূপকাঃ শ্রমণা আত্মাভ্যাসে কৃতশ্রমা ইত্যর্থঃ বাতরসনা ইতি রসনপদেন বসনং লক্ষ্যতে দিগম্বরা ইত্যর্থঃ ॥ ১৯ ॥

নব ভূখণ্ড, তাহার অধিপতি হইয়াছিলেন। বক্রী একাশীতি পুত্র কর্ম্মকাণ্ডের প্রবর্ত্তক ব্রাহ্মণ বলিয়া বিখ্যাত হইলেন ॥ ১৮ ॥

অবশিষ্ট নয়টী পুত্র আত্মবিদ্যার অভ্যাসে বিশেষ পরিশ্রম করিয়া আত্মবিদ্যায় পারদর্শী হইয়াছিলেন ও পরমার্থ নিরূপণে এতই দক্ষ হইয়াছিলেন যে, সংসারে কোন পদার্থের প্রতিই তাঁহাদের আসক্তি ছিল না ; তাঁহারা দিগম্বর বেশে সর্ব্বত্র বিচরণ করিতেন ॥

তাঁহাদিগের নাম যথা কবি, হরি, অন্তরীক্ষ, প্রবুদ্ধ, পিপ্পলায়ন, আবির্হোত্র, দ্রবিড়, চমস ও করভাজন ॥ ১৯ ॥

তাঁহারা স্থূলসূক্ষ্মাত্মক এই বিশ্ব ব্রহ্মাণ্ডকে আত্মস্বরূপ হইতে অভিন্ন ভগবানেরই স্বরূপবোধে প্রত্যক্ষ করত, জগতে বিচরণ করিতেন ॥ ২০ ॥

অব্যাহতেষ্টগতয়ঃ সুর-সিদ্ধ-সাধ্য-গন্ধর্ব্ব-যক্ষ-নর-কিন্নরনাগলোকান্ ।
মুক্তাশ্চরন্তি মুনিচারণভূতনাথ-বিদ্যাধর-দ্বিজগবাং ভুবনানি কামং ॥ ২১ ॥

ত একদা নিমেঃ সত্রমুপজগ্মুর্যদৃচ্ছয়া ।
বিতায়মানমৃষিভিরজনাভে মহাত্মনঃ ॥ ২২ ॥

তান্ দৃষ্ট্বা সূর্য্যসঙ্কাশান্ মহাভাগবতান্ নৃপ ।
যজমানোঽগ্নয়ো বিপ্রাঃ সর্ব্ব এবোপতস্থিরে ॥ ২৩ ॥

অন্বয়ঃ ।

অব্যাহতেষ্টগতয়ঃ (অব্যাহতা অপ্রতিহতা ইষ্টা অভিপ্রেতা গতি র্যেষাং তে) মুক্তাঃ (ক্বাপি অনাসক্তাঃ) সন্তঃ সুর-সিদ্ধ-সাধ্য-গন্ধর্ব্ব-যক্ষ-নর-কিন্নর-নাগলোকান্ (তথা) মুনিচারণ-ভূতনাথ-বিদ্যাধর-দ্বিজগবাং ভুবনানি চ কামং যথেষ্টং চরন্তি ॥ ২১ ॥

তে একদা অজনাভে বর্ষে ঋষিভিঃ বিতায়মানং অনুষ্ঠীয়মানং মহাত্মনঃ নিমেঃ সত্রং যদৃচ্ছয়া (অকস্মাদেব) উপজগ্মুঃ ॥ ২২ ॥

হে নৃপ ! সূর্য্যসঙ্কাশান্ (সূর্য্যবদতিতেজস্বিনঃ) মহাভাগবতান্ তান্ দৃষ্ট্বা যজমানঃ অগ্নয়ঃ বিপ্রাশ্চ সর্ব্বে এব উপতস্থিরে প্রত্যুত্থিতবন্তঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী ।

অব্যাহতা অপ্রতিহতা ইষ্টা অভিপ্রেতা গতি র্যেষাং তে মুক্তা অনাসক্তাঃ ॥ ২১ ॥
মহাত্মনো নিমেঃ বিতায়মানমনুষ্ঠীয়মানং । অজনাভে ভারতবর্ষে ॥ ২২ ॥
যজমানো নিমিঃ অগ্নয় আহবনীয়াদয়ঃ । বিপ্রা ঋত্বিগাদয়ঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

আত্মনঃ পরমাত্মনঃ সকাশাদব্যতিরেকেণ বিশ্বস্য তচ্ছক্তিময়ত্বাদিতি ভাবঃ ॥ ২০—২৩ ॥

এই যোগেন্দ্রগণ যথা ইচ্ছা সর্ব্বত্র গমন করিতে পারিতেন ; অথচ কোথায়ও তাঁহাদের আসক্তি জন্মিত না। তাঁহারা দেবতা, সিদ্ধ, সাধ্য, গন্ধর্ব্ব, যক্ষ, নর, কিন্নর এবং নাগলোক সমূহ, এদিকে মুনি, চারণ, ভূতনাথ, বিদ্যাধর, দ্বিজ ও গোসমূহের বিহারস্থানে যদৃচ্ছাক্রমে বিচরণ করিতে লাগিলেন ॥ ২১ ॥

এক দিন তাঁহারা যথেচ্ছা বিচরণ করিতে করিতে এই ভারতবর্ষ মধ্যে ঋষিগণ কর্ত্তৃক অনুষ্ঠীয়মান মহাত্মা নিমিরাজের যজ্ঞস্থলে উপনীত হইলেন ॥ ২২

হে রাজেন্দ্র ! দিবাকরের ন্যায় অতুল তেজস্বী তাদৃশ ভগবদ্ভক্ত নয়জন ঋষিকে অবলোকন করিবা মাত্র যজমান, হুতাশন ও ব্রাহ্মণগণ সকলেই তাঁহাদের অভিবাদনার্থ সমীপে উপস্থিত হইলেন ॥ ২৩ ॥

বিদেহস্তানভিপ্রেত্য নারায়ণপরায়ণান্।
প্রীতঃ সংপূজয়াঞ্চক্রে আসনস্থান্ যথার্হতঃ ॥ ২৪ ॥
তান্ রোচমানান্ স্বরুচা ব্রহ্মপুত্রোপমান্নব।
পপ্রচ্ছ পরমপ্রীতঃ প্রশ্রয়াবনতো নৃপঃ ॥ ২৫ ॥
বিদেহ উবাচ ॥
মন্যে ভগবতঃ সাক্ষাৎ পার্ষদান্ বো মধুদ্বিষঃ।

অন্বয়ঃ।

বিদেহঃ নিমিঃ, তান্ নারায়ণপরায়ণান্ অভিপ্রেত্য জ্ঞাত্বা, প্রীতঃ সন্ আসনস্থান্ (কৃত্বা) যথার্হতঃ (জ্যেষ্ঠাদিক্রমেণ যথোচিতং) পূজয়াঞ্চক্রে ॥ ২৪ ॥

পরমপ্রীতঃ প্রশ্রয়াবনতঃ (প্রশ্রয়েণ বিনয়েন অবনতঃ নম্রঃ) নৃপঃ নিমিঃ স্বরুচা স্বকান্ত্যা, রোচমানান্ শোভমানান্, তান্ নব পপ্রচ্ছ ॥ ২৫ ॥

বিদেহঃ উবাচ। বঃ যুষ্মান্ মধুদ্বিষঃ মধুকৈটভহারিণঃ সাক্ষাৎ ভগবতঃ পার্ষদান্ সেবকত্বেন পরমানুগ্রহপাত্ররূপান্ মন্যে। হি যতঃ বিষ্ণোঃ ভূতানি (ভক্তাঃ) লোকানাং

শ্রীধরস্বামী।

অভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ২৪ ॥

স্বরুচৈব রোচমানান্ নতু আভরণাদিপ্রকাশৈঃ। ব্রহ্মপুত্রোপমান্ সনৎকুমারাদি-সদৃশান্ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমপ্রীত্যা তদ্দর্শনমভিনন্দতি দ্বাভ্যাং মন্যে ইতি। নমু ভগবতঃ পার্ষদানাং কথম-যথার্হতঃ যথোচিতমিত্যর্থঃ ॥ ২৪।২৫ ॥

তেষাং দর্শনমভিনন্দতি দ্বাভ্যাং। মন্যে ইতি নমু বিষ্ণুপার্ষদত্বে কিমর্থমত্রাগমনং

নিমিরাজ বিদেহ তাঁহাদিগকে দর্শন করিয়াই নারায়ণের প্রধান ভক্ত বলিয়া বুঝিতে পারিলেন এবং প্রফুল্লচিত্তে তাঁহাদের সকলকে যথাযোগ্য আসনে উপবেশন করাইয়া, বিনীত ভাবে অর্ঘ্যাদি প্রদানে পূজা করিলেন ॥২৪॥

এবং ব্রহ্মপুত্র সনকাদি ঋষিগণের ন্যায় অতুল শোভাশালী সেই নয় জন মুনির সমীপে প্রসন্নচিত্তে অগ্রসর হইয়া বিনীতবচনে বলিতে লাগিলেন ॥ ২৫ ॥

বিদেহ বলিলেন, হে ঋষিগণ! আপনাদিগকে দর্শন করিয়া আমার স্পষ্টই অনুমান হইতেছে যে, আপনারা সেই মধুকৈটভ-ধ্বংসী দেবদেব ভগবানের পার্ষদ ও নিতান্ত অনুগ্রহের পাত্র। আপনাদের ন্যায় ভগবদ্ভক্তের ইতস্ততঃ

বিষ্ণোর্ভূতানি লোকানাং পাবনায় চরন্তি হি ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

পাবনায় চরন্তি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

শ্রোপলব্ধি স্তত্রাহ বিষ্ণোরিতি। বিষ্ণুভক্তা লোকপাবনার্থং সর্ব্বত্র পর্য্যটন্তীত্যর্থঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাহ। বিষ্ণোর্ভূতানি জনাঃ পাবনায় কৃপয়া পবিত্রীকর্ত্তুমিত্যর্থঃ ॥ ২৬ ॥

বিচরণ কেবল তত্রত্য লোকসমূহের পবিত্রতা-সাধনের জন্য মাত্র ॥ ২৬ ॥

আভাস।

এই নয় জন ভ্রাতা যোগানুশীলনে বিশেষ পারদর্শিতা লাভ করিয়াছিলেন। তাঁহারা আত্মানাত্ম বিচারে জীবাত্মা ও পরমাত্মতত্ত্বের অভেদভাব উপলব্ধি করিয়াছিলেন এবং এই স্থূলরূপে প্রকাশমান জগৎ ও তাহার অব্যক্ত কারণ ভাব যে এক অদ্বিতীয় ব্রহ্মশক্তির প্রপঞ্চমাত্র, ইহা স্পষ্টত অবধারণ পূর্ব্বক সর্ব্ববিষয়ে অনাসক্তভাবে বিচরণ করিতেন। সর্ব্বদা অতি সূক্ষ্ম পরম তত্ত্বের আলোচনায় তাঁহারা এত উন্নতিলাভ করিয়াছিলেন যে, স্থূল পাঞ্চভৌতিক কলেবরও তাঁহাদের চিন্তানুরূপ সূক্ষ্মরূপে পরিণত হইত। বাহ্য-দৃষ্টিতে তাঁহাদের দেহ স্থূল হইলেও, যোগচর্য্যায় তাহা সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতর স্বরূপে তাঁহারা ইচ্ছাক্রমে পরিণত করিতে পারিতেন। তাঁহারা মানবদেহ লইয়া স্বর্গাদি সূক্ষ্ম সত্ত্বাত্মক লোকে বা স্থূলতর ভুবনে অবাধে বিচরণ করিতে পারিতেন; এবং এই লোক অপেক্ষা যে কোন সুখসেব্য স্থানে তাঁহারা গমন করিতেন, কোথায়ও পথিক ব্যতীত গৃহীর ন্যায় আসক্ত হইতেন না। প্রকৃত পারমহংস্যাচরণেই তাঁহারা সর্ব্বত্র পর্য্যটন করিতেন ॥ ২০ ॥ ২১ ॥

জীবের আকৃতিই প্রকৃতির পরিচায়ক। অন্তঃকরণে যাদৃশ ভাবের সতত পরিচালনা হয়, কার্য্যক্ষেত্রে সেই সকল ভাবের স্ফূর্ত্তির দ্বারা যাহাতে ক্রিয়ায় পরিণাম হইতে পারে, আকৃতি ও ইন্দ্রিয়নিচয় তাদৃশভাবেই পরিণত হইয়া থাকে। সিংহবৃত্তি চরিতার্থের জন্য যেমন কোমল হরিণাবয়ব যথেষ্ট নহে, সেইরূপ হরিণবৃত্তির চরিতার্থতার জন্য সিংহ-কলেবর কখন পর্য্যাপ্ত নহে। প্রকৃতিই সেই অভাব পূরণ করিয়া থাকেন। মানব আপনার অজ্ঞাতসারে গোপনভাবে অন্তঃকরণে যে সকল বৃত্তির আলোচনা সর্ব্বদা করিয়া থাকে, প্রকৃতি আবার সেই মানবের অজ্ঞাতসারে তাহার আকৃতিতে তাহারই প্রতিচ্ছবি প্রতাম্বিত করিয়া তুলেন। বিশেষ বিচার সহকারে সুতীক্ষ্ণ নয়নে যে কোন মানবের প্রতি কটাক্ষ করা যাউক না কেন, তাহার মনোগত ভাব স্পষ্টত মুখশ্রীতে প্রতিফলিত উপলব্ধ হইয়া থাকে। সেই নয় জন যোগেন্দ্র সামান্য মনুষ্য-কলেবরধারী হইলেও মানববৃত্তি নিগ্রহ পূর্ব্বক অপূর্ব্ব ব্রহ্মবৃত্তিতে তাঁহারা চিত্তকে যে পরিণত করিয়াছিলেন, তাহা তাঁহাদের আকৃতি;

দুর্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ

অন্বয়ঃ।

দেহিনাং দেবতির্য্যগাদিদেহধারিণাং জীবানাং মানুষঃ দেহঃ দুর্লভঃ (পরমপুরুষার্থ-সাধনত্বাৎ সোঽপি ন বহুকালস্থায়ী যতঃ) ক্ষণভঙ্গুরঃ আশুবিনাশী। অতঃ তত্রাপি অমনি

শ্রীধরস্বামী

ময়া দুর্লভং লব্ধমতো ভাগ্যমিত্যাহ দুর্লভ ইতি। বহবো দেহা ভবন্তি যেষাং তে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতোঽদ্য ময়া স্বভাগ্যমেব প্রত্যক্ষীকৃতমিত্যাহ দুর্লভং মোক্ষসাধনত্বাৎ তত্রাপীতি

যাবতীয় দেহের মধ্যে জীবের মানবদেহই অতি দুর্লভ; কারণ এই দেহেই পুরুষার্থ লাভ ঘটে, কিন্তু সেই মানবদেহও ক্ষণভঙ্গুর। অতএব এই

আভাস।

ও প্রকৃতিতেই তাহার যথেষ্ট পরিচয় প্রতীত হইয়াছিল। তাঁহারা যখন নিমিরাজের যজ্ঞক্ষেত্রে উপনীত হইলেন, তখন যজমান ও ঋত্বিকের কথা দূরে থাকুক, তাঁহাদের অভ্যর্থনার্থ কূতস্থ গার্হপত্য ও দক্ষিণাগ্নি বিগ্রহ পরিগ্রহে সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন। নিমিরাজ জ্যেষ্ঠানুক্রমে তাঁহাদিগকে যথাযোগ্য আসনে উপবেশন করাইয়া পাদ্যাদি প্রদানে পূজা করিলেন এবং সাক্ষাৎ কমলাসন-তনয় সনকাদি ঋষির ন্যায় ব্রহ্ম-তেজে দেদীপ্যমান ঐ ঋষভ-নন্দনদিগকে বিনীত বচনে বলিলেন ॥ ২২—২৫ ॥

এই শ্লোকদ্বয়ের দ্বারা নিমিরাজ তাদৃশ যোগেন্দ্রগণের শুভাগমন জীবের পক্ষে যে নিতান্ত শুভকর, ইহাই প্রকাশ করিয়াছেন। প্রথমতঃ ভগবানের পার্ষদ বলিয়া যোগিগণকে সম্বোধন করায় জানান হইল যে, ভগবানের যেমন জীবনিস্তারের ইচ্ছা সতত হৃদয়ে জাগরূক থাকে, তাঁহার পার্ষদগণও সে জাতীয় ইচ্ছা ও কার্য্য হইতে কখন বিরত নহেন। এখানে "মধুদ্বিষঃ" পদটী প্রয়োগ দ্বারা প্রকাশ করা হইল যে ধরণীর উদ্ধার কালে ভগবান্ যেমন তৎপ্রতিবন্ধককারী মধুনামক আদিদৈত্যের নিধন করিয়াছিলেন, ইঁহারা সেই ভগবানের পার্ষদ; তখন ভবজলধি তরণে প্রধান প্রতিবন্ধক প্রচণ্ড অসুরস্বরূপ ঘোর অভিমানকেও তাঁহারা দলিত করুন! ইহাই নিমির প্রার্থনা। এস্থলে আশঙ্কা হইতে পারে যে, তাঁহারা আত্মারাম; জনসংসর্গ তাঁহাদের কোন মতে অভিপ্রেত নহে; অতএব অকারণ এরূপ বিড়ম্বনা-বিশিষ্ট হইবার কোন প্রয়োজন নাই। এই নিমিত্ত প্রকাশ করা হইয়াছে যে, ভৃত্য যেমন প্রভুর কার্য্য সমাধা করিয়া প্রভুভক্তির পরিচয় দেন, তাঁহারাও সেইরূপ ভগবানের লোকপবিত্র করা কার্য্য দ্বারা ভক্তরূপে ভগবানের নিকট চিহ্নিত হইবেন। বিশেষতঃ নিমিরাজের পবিত্র যজ্ঞক্ষেত্রে যখন তাঁহারা উপস্থিত হইয়াছেন, তখন যজ্ঞাধিপতি দেবতাগণও যে রূপান্তরে তথায় সমাসীন, ইহাই নিমির আন্তরিক ভাব ॥ ২৬ ॥

তত্রাপি দুর্লভং মন্যে বৈকুণ্ঠপ্রিয়দর্শনং ॥ ২৭ ॥

অন্বয়ঃ ।

বৈকুণ্ঠপ্রিয়দর্শনং (বৈকুণ্ঠঃ প্রিয়ঃ যেষাং বৈকুণ্ঠস্য প্রিয়াঃ বা যে তেষাং ভগবদ্ভক্তানাং দর্শনং) অহং দুর্লভং মন্যে ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী ।

দেহিনো জীবাস্তেষাং ক্ষণভঙ্গুরোঽপি মানুষো দেহো দুর্লভঃ পরমপুরুষার্থসাধনত্বাৎ । বৈকুণ্ঠঃ প্রিয়ো যেষাং । বৈকুণ্ঠস্য বা যে প্রিয়াস্তেষাং দর্শনং ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বৈকুণ্ঠপ্রিয়াণাং মোক্ষাদপ্যধিকস্য ভক্তিযোগস্য প্রদায়কত্বাৎ ॥ ২৭ ॥

মনুষ্যজন্মে যদি বৈকুণ্ঠনাথের প্রিয়পাত্র ভক্তগণের দর্শনলাভ হয়, তদপেক্ষা আর অধিক দুর্লভ কিছুই দেখিতে পাওয়া যায় না। ॥ ২৭ ॥

আভাস ।

মানবযোনিতে জন্ম পরিগ্রহ করিয়া জীবের অদৃষ্টে ভক্তসঙ্গ লাভ হওয়াই যে নিতান্ত দুর্লভ, তাহাই বর্ণিত হইয়াছে। প্রথম দুর্লভ মনুষ্য দেহ। কারণ, জীব মানবযোনি ব্যতীত অন্য যে কোন যোনিতেই ভ্রমণ করুক্ তৎকালে তাহার আন্তরিক উন্নতির জন্য কোন কর্ম্ম করিবার ক্ষমতা থাকে না। এক মনুষ্যযোনিই কর্ম্ম করিবার ভূমি, তদ্ব্যতীত সমস্তই ভোগের আয়তন। অতএব অশীতি লক্ষ যোনির মধ্যে পরম পুরুষার্থ লাভের প্রধান উপায়ভূত যোনিই মনুষ্য দেহ। সেই দেহও আবার ক্ষণধ্বংসী; সুতরাং যে সামান্য কালের জন্য জীব মানবদেহ প্রাপ্ত হয়, সেই অবসরও যদি বৃথায় অতিবাহিত হয়, তদপেক্ষা দুঃখের বিষয় আর কিছুই নাই; এবং অল্প অবসরের মধ্যে প্রচুর পরিমাণে হিতকর কর্ম্মের অনুষ্ঠানাপেক্ষা সুখের বিষয়ও আর কিছুই নাই, কারণ ইহাতেই মানবজন্মের যথার্থ ফল লাভ হয়। কিন্তু হিতকর কার্য্যের প্রচুর পরিমাণে স্বয়ং অনুষ্ঠান করা নিতান্তই দুরূহ; এমন স্থলে যাঁহাদের প্রসাদে যাবতীয় হিতকর কর্ম্মের ফল অনায়াসে লাভ করা যায়, তাঁহাদের সাক্ষাৎকার নিতান্তই অভিপ্রেত, সন্দেহ নাই। এখানে "বৈকুণ্ঠপ্রিয়দর্শনং" শব্দটীর দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, বৈকুণ্ঠনাথ যাঁহাদের প্রিয়, তাঁহারাই বৈকুণ্ঠনাথের প্রিয় ॥ ২৭ ॥

যোগেন্দ্রগণের সমাগমে বিদেহ আপনাকে চরিতার্থজ্ঞানে বিবেচনা করিলেন যে, এরূপ সুসংযোগ উপস্থিত দেখিয়া আর বৃথা কালক্ষেপণ করা কর্ত্তব্য নহে; নিবৃত্তিপর [illegible] মোক্ষ বিষয়ক প্রশ্ন করাই শ্রেয়ঃ। যদিও গৃহাগত অতিথিকে তদীয় কুশল [illegible] দ্বারাই অভ্যর্থনা করা কর্ত্তব্য, কিন্তু যাঁহারা নিরাময়, তাঁহাদের আর অমঙ্গলের [illegible] অজ্ঞাত [illegible] প্রশ্ন নিরর্থক। স্বয়ং তাঁহাদের সমাগমে যখন দেহ এবং

অত আত্যন্তিকং ক্ষেমং পৃচ্ছামো ভবতোঽনঘাঃ।
সংসারেঽস্মিন্ ক্ষণার্দ্ধোঽপি সৎসঙ্গঃ সেবধির্নৃণাং ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

হে অনঘাঃ! অতঃ (ভবদ্দর্শনস্য দুর্লভত্বাৎ) আত্যন্তিকং নিরতিশয়ং, ক্ষেমং ফলং ভবতঃ পৃচ্ছামঃ অস্মিন্ সংসারে ক্ষণার্দ্ধঃ ক্ষণার্দ্ধকালোঽপি সৎসঙ্গঃ (সতাং ভবাদৃশাং সঙ্গঃ) নৃণাং সেবধিঃ নিধিবৎ পরমপুরুষার্থসাধকঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

হে অনঘা নিরবদ্যাঃ ভবতো যুষ্মানাত্যন্তিকং ক্ষেমং পৃচ্ছামঃ। যতঃ ক্ষণার্দ্ধকাল-ভবোঽপি সৎসঙ্গঃ সেবধি নিধিঃ। নিধিলাভে যথানন্দো ভবতি তথাত্র পরমানন্দ ইত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত আত্যন্তিকমিত্যয়ং ভাবঃ। অতিথিষ্বায়াতেষু কুশলপ্রশ্ন আবশ্যকঃ সচ তাবৎ ত্বাত্মারামেষু সাক্ষাৎ কুশলস্বরূপেষ্বনুচিতঃ। স্বস্যাপি ব্যবহারিককুশলপ্রশ্নো ভবৎসু ব্যর্থঃ অত আত্যন্তিকং পারমার্থিকমেব। হে অনঘা ন বিদ্যন্তে অঘানি যত ইতি দর্শনদান-মাত্রেণৈব মদঘানি দূরীকৃতান্যেব কিন্তুত্তীর্ণলাভোঽস্মদপেক্ষিতো বর্ত্ততে ইত্যতঃ পৃচ্ছামঃ নন্বু বিলম্ব্য পৃচ্ছতাং ত্বত্রাতিথ্যৈশ্চ কিমর্থমিত্যত আহ ক্ষণার্দ্ধোঽপি ক্ষণার্দ্ধকালপরি-মিতোঽপি সেবধি নিধিরত্র আকস্মিকং নিধিং প্রাপ্য স্বাভীপ্সিতপ্রার্থনে কঃ খলু সোৎকণ্ঠে বিলম্ব ইতি ভাবঃ মম তু কুতস্তাবান্ ভাগ্যবিশেষো যেন ভবন্তোঽত্র চিরং স্থাস্যন্তীতি ভাবঃ ॥ ২৮ ॥

অতএব তাদৃশ নিরতিশয় দুর্ল্লভ সমাগমে নিরতিশয় মঙ্গলপ্রদ ফলের কথাই জিজ্ঞাসা করা বিধেয়, কারণ এই জন্মমৃত্যুরূপ সংসারপ্রবাহে আপনাদের ন্যায় ভক্ত সাধুগণের সম্মিলন আমাদের পক্ষে অপূর্ব্ব মণিস্বরূপ জ্ঞান করিতে হইবে; যেহেতু এই মিলনেই পরমপুরুষার্থের সিদ্ধি ঘটে ॥ ২৮ ॥

আভাস।

গৃহও পবিত্র হয়, তখন নিজেদের কুশলাকুশলের পরিচয়ও অকারণ। অতএব ভাবী কুশল সম্বন্ধীয় প্রশ্নের উত্থাপনই কর্ত্তব্য। সুসংযোগ ঘটে না; বরং বৃথায় অবসর অতিবাহিত করিলে, আর তাহা প্রত্যাগমন করে না। যেমন নিধি আকারে অতি ক্ষুদ্র হইলেও, বৃহত্তর সুখসেব্য ভোগের উৎপাদন করে বলিয়া লোকে তাহার যথেষ্ট আদর করিয়া থাকে, সেইরূপ সাধু-সমাগম অতি অল্পক্ষণ ঘটিলেও তাহা দুরন্ত সংসার-সাগরের তরণী-স্বরূপ; সুতরাং তাহার উপেক্ষা বা কুব্যবহার করা কোন মতে সঙ্গত নহে ॥ ২৮ ॥

এইরূপ নিশ্চয় করিয়া তিনি ভাগবৎধর্ম্মবিষয়ক প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। তাঁহার

ধর্ম্মান্ ভাগবতান্ ব্রূত যদি নঃ শ্রুতয়ে ক্ষমং।
যৈঃ প্রসন্নঃ প্রপন্নায় দাস্যত্যাত্মানমপ্যজঃ ॥ ২৯ ॥
নারদ উবাচ ॥
এবং তে নিমিনা পৃষ্টা বসুদেব মহত্তমাঃ।

অন্বয়ঃ।

(ভক্তঃ) যৈঃ ধর্ম্মৈঃ প্রসন্নঃ সন্ অজঃ জন্মাদিবিকাররহিতঃ ভগবান্ প্রপন্নায় শরণাগতায়, স্বং আত্মানং অপি দাস্যতি তান্ ভাগবতান্ ভগবৎপরিতোষকরান্ ধর্ম্মান্ ব্রূত যদি নঃ অস্মাকং শ্রুতয়ে শ্রবণায় ক্ষমং যোগ্যং ভবতি ॥ ২৯ ॥

নারদঃ উবাচ। হে বসুদেব! এবং নিমিনা পৃষ্টাঃ তে মহত্তমাঃ মুনয়ঃ সসদস্যর্ত্বিজং

শ্রীধরস্বামী।

তদর্থঞ্চ ভাগবতান্ ধর্ম্মান্ ব্রূত যদি নোঽস্মাকং শ্রুতয়ে শ্রবণায় ক্ষমং যোগ্যং ভবতি কথং ভূতান্ যৈ র্ধর্ম্মৈঃ প্রসন্নঃ প্রপন্নায় ভক্তায় অজো হরিরাত্মানমপি দাস্যতি তান্ ॥ ২৯ ॥

সহ সদস্যৈঃ ঋত্বিগ্ভিশ্চ বর্ত্তমানং। তেঽপি ভগবদ্ধর্ম্মশ্রবণাদিপরা বভূবুঃ। ভগবদ্ধর্ম্ম-ভক্ত-মায়া-তত্তরণাদিচ। ব্রহ্মকর্ম্মাবতারেহভক্তপ্রাপ্যযুগক্রমান্। জাতুং ক্রমেণ কৃষ্ণ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি পৃচ্ছতাং কিং তবাভীষ্টমত আহ। ধর্ম্মানিতি শ্রুতয়ে তেষাং ধর্ম্মাণাং শ্রবণায় যদি নোঽস্মাকং ক্ষমং যোগ্যং কর্ণেন্দ্রিয়মিতি শেষঃ তেচ ধর্ম্মাঃ সারভূতা এব বক্তব্যা

হে পবিত্রচেতাগণ! যে ধর্ম্মের অনুশীলনে ভগবান্ বিষ্ণু প্রসন্ন হইয়া শরণাগত ভক্তজনকে আত্মস্বরূপ পর্য্যন্ত প্রদান করিয়া থাকেন, আপনারা ভগবানের তুষ্টিকর সেই সমস্ত ধর্ম্মকথা আমার নিকট কীর্ত্তন করুন! যদি আমার শ্রবণে অধিকার থাকে ॥ ২৯ ॥

নারদ বলিলেন, হে বসুদেব! নিমিরাজ এইরূপ প্রশ্ন করিলে, সেই

আভাস।

মনোগত অভিপ্রায় এই যে, জীব তাদৃশ শক্তিমান হইতে পারে না, যাহা দ্বারা তাহারা জগজ্জীবন ভগবানকে বাধ্য করিতে পারে। তবে যে সকল ধর্ম্মের অনুশীলন করিলে ভগবান্ কৃপা পূর্ব্বক জীবসন্নিধানে অগ্রসর হইয়া স্বরূপ প্রকাশে কৃতার্থ করেন, সেই সকল ধর্ম্ম জানিবার জন্যই নিমিরাজের আকাঙ্ক্ষা। এখানে "যদি নঃ শ্রুতয়ে ক্ষমং" যদি আমার শ্রবণের অধিকার থাকে, তবেই বলুন; একথা বলিবার তাৎপর্য্যই এই যে, যদি আমার চিত্তাদির বিহ্বলতা বশতঃ অবধারণে সক্ষম না হই, তাহা হইলে আপনাদের উপদেশ নিরর্থক হইবে। তদপেক্ষা অগ্রে আমার যোগ্যতা সম্পাদনে অধিকারী করিয়া পরে উপদেশ দিন! ইহাই নিমিরাজের বলিবার উদ্দেশ্য। তিনি নব জন যোগীকে প্রা

প্রতিপূজ্যাব্রুবন্ প্রীত্যা সসদস্যর্ত্বিজং নৃপং ॥ ৩০ ॥

কবিরুবাচ ॥

মন্যেঽকুতশ্চিদ্ভয়মচ্যুতস্য পাদাম্বুজোপাসনমত্র নিত্যং।

অন্বয়ঃ।

(সদস্যৈঃ সভ্যৈঃ ঋত্বিগ্ভিঃ চ সহ বর্ত্তমানং) নৃপং নিমিং, প্রতিপূজ্য সংকৃত্য, প্রীত্যা অব্রুবন্ প্রশ্নোত্তরমুক্তবান্ ॥ ৩০ ॥

কবিঃ উবাচ। অত্র সংসারে অসদাত্মভাবাৎ (অসতি প্রাকৃতত্বেন বিনশ্বরত্বেনাতিতুচ্ছে দেহেন্দ্রিয়াদৌ আত্মভাবাৎ আত্মাভিমানাৎ) নিত্যং সর্ব্বদা উদ্বিগ্নবুদ্ধেঃ (উদ্বিগ্না আধ্যাত্মিকাদিতাপত্রয়েণ ভীতা বুদ্ধি র্যস্য তস্য পুংসঃ) অচ্যুতস্য (স্বরূপতো গুণতশ্চ স্বয়ং চ্যুতিরহিতস্য) পাদাম্বুজোপাসনং (পাদাম্বুজয়োঃ উপাসনং ধ্যানপূজানমস্কারাদিভিরারাধনং

শ্রীধরস্বামী।

বানেবং প্রশ্নান্নিমি র্নব। এতৈকৈকশ্যোত্তরং প্রোচুঃ কবিমুখ্যা মুনীশ্বরাঃ ॥ ৩০ ॥

প্রথমমাত্যন্তিকং ক্ষেমং কথয়তি মন্য ইতি। ন কুতশ্চিদ্ভয়ং যস্মাত্তদকুতশ্চিদ্ভয়ং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যাহু বৈরিতি ॥ ২৯ ॥ ৩০ ॥

ভো রাজন্ সর্ব্বে ধর্ম্মা এব সভয়া দৃষ্টাঃ কিন্তু ভাগবতধর্ম্ম এব নির্ভয় ইত্যাহ মন্যে ইতি। অত্র সংসারে ন কুতশ্চিদপি কালকর্ম্মবিঘ্নাদিভ্যো ভয়ং যতস্তৎপাদাম্বুজোপাসনং তত্র মুখ্যমধিকারিণমাহ অসতি অসাধৌ দেহে গৃহকুটুম্বাদৌ চ আত্মা ইতি আত্মীয় ইতি

মহামনা মুনিগণ সদস্য ও ঋত্বিক্‌গণে পরিবৃত মহারাজ বিদেহকে যথেষ্ট আদর করিয়া তাঁহার প্রশ্নের উত্তর প্রদান করিতে আরম্ভ করিলেন ॥ ৩০ ॥

কবি বলিললেন, হে মহারাজ! দেহ গেহাদি যাবতীয় পদার্থই অনিত্য ও মিথ্যাভূত; সেই পদার্থকে যাহারা অভিমান বশত আত্মভাবে ভাবনা করে, তাহাদের চিত্তে কখনই শান্তি থাকে না। অতএব এরূপ স্থলে অচ্যুত দেবের

আভাস।

হইয়া একে একে নয়টী প্রশ্ন জিজ্ঞাসা করেন এবং তাঁহারাও নয়জন একে একে জ্যেষ্ঠানুক্রমে সেই নয়টী প্রশ্নের উত্তর প্রদান করিয়াছেন। সেই প্রশ্ন নয়টী যথা; প্রথম আত্যন্তিক ক্ষেমপ্রদ ভগবদ্ধর্ম্ম, দ্বিতীয় ভক্তের স্বরূপ, তৃতীয় মায়াস্বরূপ, চতুর্থ মায়োত্তরণের উপায়, পঞ্চম ব্রহ্মস্বরূপ, ষষ্ঠ কর্ম্ম, সপ্তম অবতার লীলা, অষ্টম ভক্তের প্রাপ্তব্য নির্ণয় এবং নবম যুগধর্ম্ম কাহাকে বলে। কবি প্রভৃতি নয় জন ভ্রাতা এক এক জনে যদিও এক একটী প্রশ্নের উত্তর প্রদান করিয়াছিলেন, তথাপি সকল উত্তরই সকল ভ্রাতার অনুমোদিত জানিতে হইবে ॥ ২৯ ॥ ৩০ ॥

উদ্বিগ্নবুদ্ধেরসদাত্মভাবাৎ বিশ্বাত্মনা যত্র নিবর্ত্ততে ভীঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

এব) অকুতশ্চিদ্ভয়ং (ন কুতশ্চিদপি কালকর্ম্মস্বভাবাদিভ্যঃ ভয়ং যস্মাৎ তৎ) সর্ব্বভয়-নিবর্ত্তকং মন্যে। যত্র যস্মিন্ উপাসনে কৃতে সতি বিশ্বাত্মনা সর্ব্বপ্রকারেণ, ভীঃ ভয়ং, নিবর্ত্ততে ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

অত্র সংসারেঽসদাত্মভাবাৎ অসতি দেহাদাবাত্মভাবনাতঃ নিত্যং সর্ব্বদা নিঃশেষং যত্র পাদাম্বুজোপাসনে ভীর্নিবর্ত্ততে ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যো ভাবঃ ভাবনা দুস্ত্যজা তত এব উদ্বিগ্না ধীর্যস্য তস্য ভক্তিপ্রতিকূলদেহগেহাদিষাসক্তিং ত্যক্তুকামস্যেত্যর্থঃ। যত্রোপাসনে সতি বিশ্বাত্মনা সর্ব্বাত্মনৈব ভীর্নিবর্ত্ততে ॥ ৩১ ॥

চরণারবিন্দের নিয়তচিন্তাই অভয়প্রাপ্তির একমাত্র উপায় বলিয়া আমি মনে করি; কারণ ভগবদুপাসনে সর্ব্ববিধ ভয়েরই নিবারণ হয় ॥ ৩১ ॥

আভাস।

জ্যেষ্ঠ ভ্রাতার নাম কবি; অর্থাৎ ক্রান্তদর্শী ও নিপুণ। প্রথম প্রশ্নটীর উত্তর প্রদানে বিশেষ পাণ্ডিত্যের প্রয়োজন। কারণ উক্ত আছে যে, পরম মঙ্গলস্বরূপ মোক্ষপদ প্রাপ্তির উপায়ভূত ভাগবত ধর্ম্ম; তাহার নির্ণয় করাই মনীষিগণের বুদ্ধি ও শাস্ত্রজ্ঞানের পরিচয়। অতএব প্রশ্ন যেমন সর্ব্বশ্রেষ্ঠ, উত্তরদাতা কবিও সেইরূপ জ্ঞানবান্ ও সর্ব্বজ্যেষ্ঠ। অতএব যিনি যেমন যোগ্য পাত্র, তিনি সেইরূপ প্রশ্নেরই উত্তর প্রদান করিয়াছেন। ধর্ম্ম শব্দটী সাধারণত কর্ম্মের প্রতিই লক্ষিত হয়। স্বভাবপ্রেরিত হইয়া যে কোন ক্রিয়ারই অনুষ্ঠান করা যায় তাহাতেই ধর্ম্মের অভিব্যক্তি হয়। কিন্তু কোন ক্রিয়ায় অসৎ প্রবৃত্তির প্রশ্রয়ে উত্তরোত্তর স্থূল তমোমার্গ উদ্ঘাটিত হইয়া জীব ঈশ্বরবিমুখে সেই পথেই পতিত হয়; তাহারই নাম পাপানুমোদিত অসৎ ধর্ম্ম; তাহার ফল নিরয়প্রাপ্তি। আর যে ক্রিয়ায় সৎপ্রবৃত্তির প্রশ্রয়ে উত্তরোত্তর সূক্ষ্ম সত্ত্বমার্গের উদ্ঘাটনে জীব ঈশ্বরাভিমুখে অগ্রসর হয়, তাহারই নাম পুণ্যানুমোদিত সদ্ধর্ম্ম; ফল স্বর্গাদি মোক্ষলাভ। কবি তখন নিমিরাজকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজেন্দ্র! মোক্ষাবশেষিত ধর্ম্ম ব্যতীত স্বর্গাদিপ্রাপক উৎকৃষ্ট ও অন্যান্য দৃষ্টভোগপ্রদ যাবতীয় ধর্ম্মই ভয়সঙ্কুল; এক ভগবানের চরণার্চ্চনরূপ ধর্ম্মই সর্ব্বভয়নাশন। ঐহিক ও পারলৌকিক যাবতীয় ভোগ্য বস্তুরই ক্ষয়, ভঙ্গ ও নাশ আছে; সুতরাং মোক্ষের অব্যবহিত পশ্চাদ্বর্ত্তী পর্য্যন্ত যে কোন ভোগের প্রাপ্তি হয়, তাহাতেই বিড়ম্বনা জনিত দুঃখ আছে। ভগবান্ গীতাবাক্যে বলিয়াছেন, "আব্রহ্মভুবনা লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন।" ব্রহ্মলোকাদি যাবতীয় ভুবন ও ভুবনপালকের উৎপত্তি ও ধ্বংস হইয়া থাকে। অতএব যে ধর্ম্মের অনুশীলনে উৎপত্তি ও ধ্বংসের অন্তর্গত থাকিয়া

যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া আত্মলব্ধয়ে।
অঞ্জঃ পুংসামবিদুষাং বিদ্ধি ভাগবতান্ হি তান্॥ ৩২॥

অন্বয়ঃ।

অবিদুষাং পুংসাং অঞ্জঃ অনায়াসেন আত্মলব্ধয়ে স্বপ্রাপ্তয়ে, যে বৈ উপায়াঃ ভগবতা প্রোক্তাঃ তান্ হি নিশ্চিতং ভাগবতান্ ধর্ম্মান্ বিদ্ধি॥ ৩২॥

শ্রীধরস্বামী।

ভাগবতধর্ম্মলক্ষণমাহ যে বৈ ইতি। মন্বাদিমুখেন বর্ণাশ্রমাদিধর্ম্মানুক্ত্বা অতিরহস্যত্বাৎ স্বমুখেনৈব ভগবতা অবিদুষামপি পুংসামঞ্জঃ সুখেনৈবাত্মলব্ধয়ে যে বৈ উপায়াঃ প্রোক্তাস্তান্ ভাগবতধর্ম্মান্ বিদ্ধি॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাগবতধর্ম্মলক্ষণমাহ যে বৈ ইতি। মন্বাদিমুখেন বর্ণাশ্রমাদিধর্ম্মানুক্ত্বা অতিরহস্যত্বাৎ স্বমুখেনৈব ভগবতা অবিদুষামপি পুংসাং অঞ্জঃ শীঘ্রমেব আত্মলব্ধয়ে স্বপ্রাপ্তয়ে যে উপায়াঃ প্রোক্তাস্তান্ ভাগবতান্ ধর্ম্মান্ বিদ্ধি॥ ৩২॥

ভগবান্ শ্রীকৃষ্ণ আত্মপ্রাপ্তির জন্য স্বয়ং যে সকল উপায় উপদেশ করিয়াছেন, হে সৌম্য! অজ্ঞানী জীবের পক্ষে সেই সমস্ত উপায়ই ভাগবত ধর্ম্ম বলিয়া তুমি অবধারণ কর॥ ৩২॥

আভাস।

উৎপত্তি ও বিনাশশীল পদার্থ ভোগ করিতে হয়, তাহাই ভয়সঙ্কুল ধর্ম্ম; আর যাহার অনুশীলনে স্বয়ং মৃত্যুর হস্ত হইতে অব্যাহতি লাভে শুদ্ধ, বুদ্ধ, নিত্য, মুক্ত ও সত্যস্বরূপ পরমাত্মসাক্ষাৎকারে পরমানন্দ ভোগ হয়, তাহাই অভয় ধর্ম্ম ও নিরতিশয় ক্ষেমের উপায়। এ পরমানন্দের কখন নিবৃত্তি বা হ্রাসাদির সম্ভাবনা নাই॥ ৩১॥

মনু প্রভৃতি স্মৃতিকর্ত্তাদের মুখে বর্ণাশ্রমাদি ধর্ম্মের বিষয় অভিহিত হইলেও অতি রহস্য বোধে সাক্ষাৎ জনার্দ্দন স্বীয়মুখে যে সকল ধর্ম্মবিষয়ক উপদেশ প্রদান করিয়াছেন, যে সমস্ত অজ্ঞানী মানব ভগবদ্বিষয়ের গূঢ় তাৎপর্য্য অর্থাৎ ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান্ এই আবির্ভাব-ভেদ অবধারণে সক্ষম হন না, তাঁহাদের পক্ষে বিশেষ আদরাতিশয়ে অনুষ্ঠেয়। এই শ্লোকে (অঞ্জঃ) এই পদটী প্রয়োগের দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, এই সকল ভাগবত ধর্ম্মের অনুশীলনে জীব অতি সহজে আত্মসাক্ষাৎকারে সফলমনোরথ হইতে পারে॥ ৩২॥

অন্যান্য যোগাদি জ্ঞানমার্গে ভ্রম, প্রমাদ ও ঔদাসীন্য বশত নানাপ্রকার বিঘ্ন ঘটিবার সম্ভাবনা; কারন ধর্ম্মশাস্ত্রাদিতে উক্ত আছে, "শ্রুতি ও স্মৃতি" এই দুই ব্রাহ্মণগণের উভয় নেত্রস্বরূপ; একটীর অভাব হইলে কাণা, উভয়ের অভাব হইলে সে ব্রাহ্মণকে অন্ধ বলিয়া ব্যাখ্যা করা হয়। কাণা বা অন্ধ ব্যক্তির অজ্ঞাতপথে গমন করা যেমন

যানাস্থায় নরো রাজন্ প্রমাদ্যেত কর্হিচিৎ ।

অন্বয়ঃ ।

হে রাজন্! যান্ ভাগবতান্ ধর্ম্মান্ আস্থায় আশ্রিত্য অনুতিষ্ঠন্, নরঃ কর্হিচিৎ ন

শ্রীধরস্বামী ।

অত্র পদেনোক্তং সুকরত্বং বিবৃণোতি যানিতি। যানাস্থায়াশ্রিত্য যোগাদিদ্বিব ন প্রমাদ্যেত বিঘ্নৈর্ন বিহন্যেত। কিঞ্চ নিমীল্য নেত্রে ধাবন্নপীহ এষু ভাগবতধর্ম্মেষু ন স্খলেৎ। নিমীলনং নামাজ্ঞানং যথাহুঃ। শ্রুতিস্মৃতী উভে নেত্রে বিপ্রাণাং পরিকীর্ত্তিতে। একেন বিকলঃ কাণো দ্বাভ্যামন্ধঃ প্রকীর্ত্তিত ইতি তে। অজ্ঞাত্বাপীত্যর্থঃ। যথা পদন্যাস-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অতোঽপি প্রতিপাদনাত যান্ আস্থায় আশ্রিত্য। যদ্বা। আস্থা বিশ্বাসঃ যান্ ধর্ম্মানাস্তিক্যেন বিশ্বাসবিষয়ীকৃত্যাপি কিং পুনরাচর্য্যেত্যর্থঃ। ন প্রকর্ষেণ মাদ্যেত মদো গর্ব্বস্তদ্বান্ কর্ম্মীব যোগীব ন ভবেদিত্যর্থঃ। যদ্বা। প্রমাদোঽনবধানতা অসাবধানো ন ভবেদিত্যর্থঃ। অতোঽত্র বিঘ্নানাং ন প্রভবিষ্ণুতেতি ভাবঃ। কিঞ্চ যান্ ভগবন্মার্গভূতান্ ধর্ম্মানাশ্রিত্য নেত্রে নিমীল্য উন্মীল্য বা ধাবন্ ন স্খলেৎ ন বা পতেৎ। যথা কেনাপি কশ্চিদতিসমীচীনমতিসুগমঃ রাজমার্গীকৃতো জন উচ্যতে। মদুপদিষ্টেনানেন মার্গেণ নেত্রে মুদ্রয়িত্বা সুখেনাভিদ্রবন্নেব যাহি। ন কাশ্চিদপি তে সংশয় ইতি। যথা পদন্যাসস্থানমতিক্রম্য পরতঃ পাদন্যাসেন প্রধাবনং তস্মাত্তু স্খলনং বহুতরাতিক্রমে পতনমপি সম্ভবেৎ অত্র তু ভক্তিমার্গে ভজনধর্ম্মস্যাঙ্গিনো বিহিতাঙ্গানাং অল্পতরাতিক্রমে বহুতরাতিক্রমে বা কর্ম্মমার্গ ইব ন

হে রাজেন্দ্র! এই সকল উপায় অনুসারে কার্য্য করিলে, সমতল ও পরিজ্ঞাত পথে চক্ষু মুদ্রিত করিয়া দ্রুতপদে গমন করিলেও পদস্খলন বা

আভাস ।

ফলতঃ, জ্ঞানবিজ্ঞানবিহীন মানবেরও যোগাদিমার্গে অগ্রসর হওয়া কেবল বিড়ম্বনা মাত্র। চক্ষুষ্মান্ হইলেও বিশেষ বিবেচনা পূর্ব্বক গমন কালে পূর্ব্বপাদবিন্যাসের স্থান নয়নগোচর করিয়া পশ্চাৎ পদ উত্তোলন করিতে হয়, নতুবা পতনের সম্ভাবনা। অর্থাৎ অধিকারানুরূপ ধারাবাহিক ক্রমানুসারেই যোগাদি কর্ম্মমার্গে বা জ্ঞানমার্গে অগ্রসর হইতে হয়, নতুবা প্রত্যবায়ভাগী ও বিফলপ্রযত্ন হইতে হয়। অষ্টাঙ্গ যোগের অনুশীলন করিতে হইলে, প্রথম স্তর "যম" আয়ত্ত না হইলে দ্বিতীয় স্তর "নিয়মে" অগ্রসর হওয়া অবিধেয়। কারণ অনধিকারীর আলোচনায় ফলপ্রাপ্তির সম্ভাবনা নাই। কিন্তু ভাগবত ধর্ম্মাবলম্বীকে স্বয়ং পথ অতিক্রম করিতে হয় না, ভগবদ্ধর্ম্মই নৌকারূপে ধার্ম্মিককে বহন করত পরপারে উত্তীর্ণ করায়। নৌকারোহী নৌকা অবলম্বন করিয়া চক্ষু মুদ্রিত বা উন্মীলিত যাহাই কেন করুন না, পারে যাইবার কোন প্রতিবন্ধক ঘটে না; ভগবদ্ভক্ত ভগবদ্ধর্ম্মকে

ধাবন্নিমীল্য বা নেত্রে ন স্খলেন্ন পতেদিহ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ ।

প্রমাদ্যেত বিঘ্নৈঃ ন বিহন্যেত, কিঞ্চ নেত্রে নিমীল্য ধাবন্ অপি ইহ এষু ভাগবতধর্ম্মেষু ন স্খলেৎ (প্রত্যবায়েন নরকাদৌ) ন পতেৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী ।

স্থানমতিক্রম্য শীঘ্রং পরস্তঃ পদন্যাসেন গতি র্ধাবনং তদ্বদত্রাপি কিঞ্চিৎ কিঞ্চিদতিক্রম্যাতি-শীঘ্রং পরস্তামুষ্ঠানং তথাহনুতিষ্ঠন্নপি ন স্খলেৎ ন প্রত্যবায়ী স্যাৎ তথা ন পতেৎ ফলান্ন ভ্রশ্যেৎ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রত্যবায়ী ভবেৎ। অতঃ ফলান্ন ভ্রংশ্যেৎ তত্রাপি নেত্রে নিমীল্যেতি বর্ত্তমানে অপি নেত্রে মুদ্রয়িত্বেত্যনেন জ্ঞাত্বাপ্যতিক্রমে ন দোষঃ কিন্ত্বজ্ঞাত্বেতি জ্ঞাপিতং। যান্ ধর্ম্মানাস্থায়েত্যুক্তত্বাদন্তিনস্ত্বতিক্রমে। দোষ এব। তথা সতি মার্গচ্যুত এব স্যাৎ। ভগবৎপ্রাপ্ত্যর্থং পৃথঙ্মার্গকরণস্ত্বতিদূষণাবহমেব। শ্রুতিস্মৃতিপুরাণাদিপঞ্চরাত্রবিধিং বিনা। ঐকান্তিকী হরে র্ভক্তিরুৎপাতায়ৈব কল্পত ইত্যুক্তেঃ। অত্র ভাগবত-ধর্ম্মে প্রবর্ত্তমানস্য বর্ণাশ্রমধর্ম্মেঽধিকার এব নাস্তীতি তদনুষ্ঠানানুষ্ঠানবিচারো নাত্র প্রবেশয়িতব্যঃ। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়ত ইতি ভগবদুক্তেঃ। ভক্ত্যোকয়েশঃ গুরুদেবতাত্মেত্যগ্রিমবাক্যে ভক্ত্যোত্যস্য একয়েতি বিশেষণো-পন্যাসাৎ কর্ম্মাদিমিশ্রা ভক্তি র্নাত্র প্রস্তুতেত্যবসীয়তে ॥ ৩৩ ॥

পতনের যেমন সম্ভাবনা থাকে না, সেইরূপ উক্ত উপায় অনুসারে কার্য্য করিলে মানব কখন সংসারপথে বিমোহিত হয় না ॥ ৩৩ ॥

আভাষ ।

কেবল আশ্রয় করিয়া থাকিলে, আর বিচারের বিপ্রতিপত্তি ঘটিয়া কোন প্রকার বিঘ্নের সম্ভাবনা নাই ॥ ৩৩ ॥

ভাগবত ধর্ম্ম কাহাকে বলে, এই প্রশ্নের উত্তর প্রদানার্থ এই শ্লোকের অবতারণা করা হইয়াছে। কর্ম্ম সমুদায় সম্পাদন পূর্ব্বক যদি অকপট চিত্তে তাহার ফলভাগ ঈশ্বরে সমর্পণ করা হয়, তাহা হইলেই ভাগবত ধর্ম্মের অনুশীলন করা হইল। যেমন ভোগী ব্যক্তি প্রাতঃকালে শয্যা হইতে গাত্রোত্থান করিয়া মুখপ্রক্ষালন স্নান আহার দর্শন ভাবণ ও শ্রবণাদি যাবতীয় ঐন্দ্রিয়িক ও দৈহিক ব্যাপার কেবল এক বিষয়ভোগের চরিতার্থতার জন্যই করিয়া থাকেন, ভক্ত সেইরূপ কেবল ভগবানের সেবা সমাপনার্থই সেই যাবতীয় কর্ম্মের অনুষ্ঠান করিতেছেন, এইরূপ সংকল্প করিয়া থাকেন। তিনি দারাপত্য গৃহক্ষেত্র সমস্ত বিষয়ই ভগবানের প্রদত্ত সামগ্রী বলিয়া জ্ঞান করেন; যত্ন সহকারে তাহাদের রক্ষণাবেক্ষণ করা ঈশ্বর প্রেরিত বলিয়াই আপনার অবশ্য কর্ত্তব্য, মনে করেন। অধিক-

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্ব্বা বুদ্ধ্যাত্মনা বানুসৃতস্বভাবাৎ।

অন্বয়ঃ।

কায়েন (গমনাদি) বাচা (ভাষণং) মনসা (সংকল্পঃ) ইন্দ্রিয়ৈঃ (দর্শনাদি) বুদ্ধ্যা (নিশ্চয়ঃ) আত্মনা চিত্তেন (ধ্যানাদি) অনুসৃতস্বভাবাৎ (অনুসৃতঃ প্রাপ্তো যঃ সাত্ত্বিকাদিঃ

শ্রীধরস্বামী।

নমু কে তে ভাগবতধর্ম্মা ঈশ্বরার্পিতানি সর্ব্বকর্ম্মাণ্যপীত্যাহ কায়েনেতি আত্মনা চিত্তেন অহঙ্কারেণ বা অনুসৃতো যঃ স্বভাবস্তস্মাৎ। অয়মর্থঃ ন কেবলং বিহিতঃ কৃত্যমেবেতি নিয়মঃ স্বভাবানুসারি লৌকিকমপীতি। তথা চ ভগবদ্গীতাসু। যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণমিতি। সবা। নমু কায়াদীনামেব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শৃণুন সুভদ্রাণীত্যুপরিষ্টাদ্বর্ণয়িষ্যমাণেষু ভাগবতধর্ম্মেষু প্রবর্ত্তমানেন সুধিয়া তেনেন কায়িকাদিব্যাপারা অপি ভগবদ্ধর্ম্মান্তরেব প্রবেশনীয়া ইত্যাহ। কায়েনেতি। অয়মর্থঃ। যথা বিষয়িণঃ প্রাতরারভ্য মূত্রপুরীষোৎসর্গমুখক্ষালন দন্তধাবন-স্নানদর্শনশ্রবণকথনাদিব্যাপারাঃ বিষয়সুখভোগার্থমেব। কর্ম্মিভিস্তু দেবপিত্রাদিপূজার্থমেব ক্রিয়ন্তে তথৈব ভগবদ্ভক্তেন

দেহ, বাক্য, মন, ইন্দ্রিয়, বুদ্ধি, চিত্ত, এমন কি! স্বীয় সংস্কার বা স্বভাব

আভাস।

কি! নিজ দেহকেও সেই ভগবান দেবদেবের বাসমন্দির বোধে লালন পালন করিয়া থাকেন। শাস্ত্রে কথিত আছে, "দেহো দেবালয়ঃ প্রোক্তো জীবো দেবঃ সদাশিবঃ। ত্যজেদজ্ঞাননির্ম্মাল্যং সোহহংভাবেন পূজয়েৎ"। দেহটী দেবতার আলয় মাত্র। ভগবান্ মঙ্গলময় জীবের অন্তর্যামিরূপে এই দেহমন্দিরে নিয়ত বাস করিতেছেন। নির্ম্মাল্য অপসারণ পূর্ব্বক যেমন দেবতার দর্শন করিতে হয়, জীব সেইরূপ আবরণ স্বরূপ অজ্ঞান-নির্ম্মাল্য বিসর্জ্জন পূর্ব্বক নিত্য সনাতন বাসুদেবকে হৃদয়-মন্দিরে দর্শন করত অহংভাব পরিহারে ভগবৎস্বরূপের পূজা করিলে, শান্তিপ্রাপ্ত হইয়া থাকে। অতএব পারিবারিক বা দৈহিক ব্যাপার নিষ্পাদনার্থ ভগবানে চিত্ত সংযত রাখিয়া যে কোন কর্ম্ম সম্পাদন করাই যাউক না, তাহাতেই ভাগবত কর্ম্মের অনুশীলন করা হয়। ভগবান্ "যৎ করোষি" ইত্যাদি গীতাবাক্যের দ্বারা স্পষ্টই বুঝাইয়াছেন যে, যে কিছু কার্য্য করিতেছ, সমস্তই আমাতে সমর্পণ কর, তাহা হইলে কর্ম্মজনিত দোষ আর তোমাকে স্পর্শ করিবে না। অম্ল দ্বারা তাম্রপাত্র সংমার্জ্জিত হইয়া যদি উদকের দ্বারা বিধৌত না হয় তাহা হইলে তাম্রের পূর্ব্ব মালিন্য দূরীকৃত হওয়া দূরে থাকুক, অধিকতর মলিন ও বিবর্ণ হইয়া যায়; সেইরূপ যে কোন কর্ম্মই সমাপন করা হউক না, ভক্তিবারির প্রচুর সিঞ্চনে তাহার ফলভাগ আত্মসম্পর্কশূন্য করিয়া ভগবানে অর্পিত না হয়, তাহা হইলে সংসারকারণ অজ্ঞানাভিমান

করোতি যদ্যৎ সকলং পরস্মৈ নারায়ণায়েতি সমর্পয়েত্তৎ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

স্বভাবঃ তস্মাৎ) তদ্বশাৎ কায়াদিভিঃ যদ্যদ্ বিহিতমবিহিতং বা করোতি তৎ সকলং পরস্মৈ পরমেশ্বরায় নারায়ণায় সমর্পয়েৎ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

কায়াদীনামেব কর্ম্মণাত্মন ইত্যাশঙ্ক্যাহ অধ্যাসেনানুসৃতাৎ ব্রাহ্মণত্বাদিস্বভাবাদ যদ্যৎ করোতীত্যর্থঃ। তৎ সকলং পরস্মৈ পরমেশ্বরায় নারায়ণায়েতি সমর্পয়েৎ তথা সতি সকলমপি কর্ম্ম ভাগবতো ধর্ম্মো ভবতীতি ভাবঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তে তে ভগবৎসেবার্থমেব কর্ত্তব্যা ইতি তে তেঽপি তেষাং ভক্ত্যঙ্গানি ভবেযুরিতি। অনুসৃতস্বভাবাৎ দেহাধ্যাসেন অনাদিনৈব যোঽনুসৃতঃ অনুবৃত্তঃ স্বভাবস্তস্মাৎ কায়াদিভির্যদ্ যৎ করোতি তৎ সর্ব্বং নারায়ণার্থমেব নারায়ণং সেবিতুমেবেতি বা সমর্পয়েৎ বিনিযোজয়েৎ তাদর্থ্যে ক্রিয়ার্থোপপদেত্যনেনৈব চতুর্থী ॥ ৩৪ ॥

অনুসারেও যে যে কর্ম্ম সাধিত হয়, সমস্তই পরাৎপর পরমেশ্বরে সমর্পণ করাই বিধেয় ॥ ৩৪ ॥

আভাস।

ক্ষীণ না হইয়া, উত্তরোত্তর স্থূল হইতে স্থূলতর আবরণে পরিণত হয়। কিন্তু অর্পণ বুদ্ধিরূপ ভক্তির সিঞ্চনে তাম্রের অম্লের ন্যায়, পূর্ব্বতন আবরণও আপনা হইতে ভক্তের অজ্ঞাতসারে বিলুপ্ত হইয়া যায়। ভক্ত যদি অনিচ্ছা সত্ত্বেও পূর্ব্ব সঞ্চিত সংস্কারবশতঃ কোন পাপ কর্ম্মেরও অনুষ্ঠান করিয়া ফেলেন, তখন "মত্তুল্যো নাস্তি পাপাত্মা নাপরাধী চ কশ্চন। পরিহারেঽপি লজ্জা মে কি ব্রুবে পরমেশ্বর"। হে ভগবন্! আমার তুল্য পাপাত্মা অপরাধী আর কাহাকেও নয়নগোচর করিতেছি না; আমার আচরিত দুষ্কর্ম্ম স্মরণ হইলেও হৃদয় কম্পিত হইয়া উঠে, অহো! আমি যে এক্ষণে তাদৃশ কুৎসিত কর্ম্ম পরিহার করিতেছি, এভাবও মনে উদয় হইলে, আত্মগ্লানি ও বিষম লজ্জার উদ্রেক হইতেছে, সে ক্রিয়ার স্মরণেও চিত্ত স্তম্ভিত হয় তখন আপনাকে আর তাহার ক্ষমাপণার্থ কি বলিব! ভক্ত ভগবানের নিকট নিজ দোষাবহ কর্ম্মের নিমিত্ত এইরূপ পরিতাপ প্রকাশে কলঙ্কশূন্য হইয়া থাকেন ॥ ৩৫ ॥

পূর্ব্বে প্রকাশ করা হইয়াছে যে, অচ্যুতানন্দ গোবিন্দের অনবরত চরণ-চিন্তনই সংসারে নির্ভয় হইবার একমাত্র উপায়; এই শ্লোকে তাহারই হেতু ও ভয়ের কারণ নির্দ্দেশ পূর্ব্বক স্পষ্টত বিবৃত করা হইয়াছে। এস্থলে আশঙ্কা হইতে পারে যে, ভ্রম বশতঃ রজ্জুতে সর্প জ্ঞান করত মানবের যেমন ভয় হয়, আবার ভ্রমের নিবারণ পূর্ব্বক প্রকৃত রজ্জুজ্ঞান হইলেই সে ভয় আর থাকে না; সেইরূপ অজ্ঞান-কল্পিত সংসারভয়ে ভীত জীবের পক্ষে

ভয়ং দ্বিতীয়াভিনিবেশতঃ স্যাদীশাদপেতস্য বিপর্য্যয়োঽস্মৃতিঃ।

অন্বয়ঃ।

(যস্মাৎ) ঈশাৎ ভগবতঃ, অপেতস্য বিমুখস্য, এব তন্মায়য়া (তস্য ভগবতঃ মায়য়া) অস্মৃতিঃ স্বরূপবিস্মৃতিঃ, ততশ্চ বিপর্য্যয়ঃ (দেহাত্মাভিমানো ভবতি ততশ্চ) দ্বিতীয়াভিনিবেশতঃ (দ্বিতীয়ে ভোগ্যবিষয়াদৌ অভিনিবেশতঃ স্নেহাৎ) ভয়ং ভবতি। অতঃ বুধঃ

শ্রীধরস্বামী।

নন্ন কিমেবং পরমেশ্বরভজনেনাজ্ঞানকল্পিতভয়স্য জ্ঞানৈকনিবর্ত্ত্যত্বাদিত্যাশঙ্ক্যাহ ভয়মিতি। যতো ভয়ং যন্মায়য়া ভবেৎ অতো বুধো বুদ্ধিমান্ তমেবাভজেৎ। নন্ন ভয়ং দেহাভিনিবেশতো ভবতি। সচ দেহাত্মাহঙ্কারতঃ। সচ স্বরূপাস্মরণাৎ। কিমত্র তস্য মায়া করোতি অত আহ ঈশাদপেতস্যেতি। ঈশ্বরবিমুখস্য তন্মায়য়া অস্মৃতিঃ স্বরূপাস্ফূর্ত্তিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চাস্য ভক্তেঃ সংসারবন্ধায় ভেষজত্বাৎ সতি ভক্তৌ প্রবর্ত্তমানস্য স্বত এবাপযান্তীত্যাহ ভয়মিতি। দ্বিতীয়ে দেহেন্দ্রিয়াদাবুপাধিভূতেঽভিনিবেশতোঽভিমানাৎ ঈশাদপেতস্য ঈশবিমুখস্য জীবস্য ভয়ং সংসারঃ স্যাৎ নষ্টাশেষামুখস্য। তাবদ্রাগাদয়স্তেনা স্তাবৎ কারাগৃহং গৃহং। তাবন্মোহোঽঙ্ঘ্রিনিগড়ো যাবৎ কৃষ্ণ ন তে জনা ইতি ব্রহ্মোক্তেঃ। তচ্চ ভয়ং দ্বিবিধং বিপর্য্যয়োঽস্মৃতিশ্চ বিপর্য্যয়রূপমস্মৃতিরূপঞ্চেত্যর্থঃ। তত্র বিপর্য্যয়ঃ আত্মভিন্নে

ঈশ্বরবিমুখ ব্যক্তিই কর্তৃত্বাভিমানে মুগ্ধ হইয়া আত্মভাব বিস্মৃত হয়, সুতরাং দেহগেহাদি চিদ্ভিন্ন নশ্বর পদার্থে আসক্তি বশত নানাপ্রকার শোকমোহাদিতে ভীত হয়। অতএব যাঁহার মায়ায় এই অভিমানের জন্ম হয়,

আভাস।

কেবল জ্ঞানের অনুশীলনই বিধেয়; তদ্দ্বারাই অজ্ঞানের নিবারণ এবং ভয় স্বতএব বিলুপ্ত হইবে। যেমন ক্ষুধার শান্তির জন্য নিদ্রাকে আবাহন করা অকিঞ্চিৎকর ও নিরর্থক, সেইরূপ সংসারভয় নিবারণার্থ পরমেশ্বর-ভজনও অকিঞ্চিৎকর ও নিরর্থক। এতদুত্তরে প্রকাশ করা হইল যে, ভক্তকে সংসার মাঝে ভয়ে ভীত হইতে হইবে না; তিনি বিচারে বিমুখ হইলেও, এক ভক্তির প্রভাবে এতই বলবান্ হইবেন যে, ভয় তাঁহার অভিমুখ হইতে আপনিই ভীত হইয়া পলায়ন করিবে। সাধারণ ব্যবহারের প্রতি লক্ষ্য করিয়া আমরা যদি অগ্রসর হই, তাহা হইলে স্পষ্টত বুঝিতে পারি যে, বিষয়াসক্তিই ভয়ের এক মাত্র কারণ। যাবতীয় দৃশ্যমান "আমার বলিবার" পদার্থই আসক্তির বিষয়। বিষয় মাত্রই ক্ষয়, ব্যয় ও নাশের অধীন, সুতরাং বিষয়াসক্ত পুরুষই প্রকৃত ভয়ের অধীন। অভিমান বশতই দেহে আত্মভাবনা হইয়া থাকে, এবং আত্মস্বরূপের বিস্মৃতিই এই অভিমানের কারণ। যে ব্যক্তি ঈশ্বরপরায়ণ নহে, জগজ্জীবন জনার্দ্দনকে নিরন্তর

তস্মাদ্বুধো বুধ আভজেত্তং ভক্ত্যৈকয়েশং গুরুদেবতাত্মা ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

বিবেকী, গুরুদেবতাত্মা (ভগবান্ এব গুরুঃ সর্ব্বশাস্ত্রপ্রবর্ত্তকঃ, দেবতা আরাধ্যঃ, আত্মা স্বরূপঃ যস্য তথাদৃষ্টিঃ সন্) একয়া অনন্যয়া ফলাভিসন্ধিরহিতয়া, ভক্ত্যা আ (মোক্ষং অভিব্যাপ্য) তং ঈশং এব ভজেৎ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী

ততো বিপর্য্যয়ো দেহোঽহমস্মীতি। ততো দ্বিতীয়াভিনিবেশাদ্ভয়ং ভবতি। এবং হি প্রসিদ্ধং লৌকিকীষপি মায়াসু। উক্তঞ্চ ভগবতা দৈবীহ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ইতি। একয়া অব্যভিচারিণ্যা ভক্ত্যা ভজেত কিঞ্চ গুরুদেবতাত্মা গুরুরেব দেবতা ঈশ্বর আত্মা প্রেষ্ঠশ্চ যস্য তথাদৃষ্টিঃ সন্নিত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহাদৌ আত্মবুদ্ধিঃ। অস্মৃতিরাত্মনি স্মৃতিভ্রংশঃ। কোঽহং কিং করোমি পূর্ব্বং কীদৃশ আসং অগ্রে বা কীদৃশো ভবিষ্যামীতি পূর্ব্বাপরানুসন্ধানরাহিত্যং। এতদেব তস্য ভগবতো মায়য়া ভয়ং। যদুক্তং স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতীতি। অতএব হেতো বুধঃ শ্রীগুরুচরণপ্রসাদাল্লব্ধবিবেকঃ তমেব আ সম্যক্ কামনান্তররাহিত্যেন একয়া কেবলয়ৈব নতু জ্ঞানকর্ম্মাদিমিশ্রয়া ভক্ত্যা ভজেৎ। গুরুরেব দেবতা ঈশ্বর আত্মা প্রেষ্ঠশ্চ যস্য তথা দৃষ্টিঃ সন্নিত্যর্থঃ ॥ ৩৫ ॥

বিবেকী ব্যক্তিগণ সেই পরমেশ্বরকেই সাক্ষাৎ গুরু, দেবতা ও নিজের পরম-প্রেমের আস্পদ পরমাত্মাজ্ঞানে অনন্যা ভক্তি-সহকারেই যেন ভজনা করেন; তাহা হইলে আর মোহ বা ভয়ের কোন সম্ভাবনা থাকিবে না ॥ ৩৫ ॥

আভাস।

আকাশের ন্যায় সম্মুখে বিদ্যমান নিরীক্ষণ না করে, তাহারই উচ্চপদস্থ রাজকর্ম্মচারীর অভিমান বশতঃ রাজাজ্ঞা হেলনে অপদস্থ হইবার ন্যায়, স্বরূপবোধে অসমর্থ হইয়া অভিমানে জর্জ্জরিত হয়। কিন্তু আপনাকে ভৃত্য জ্ঞানে রাজনিয়মানুসারে যদি কাহারও প্রতি দণ্ডেরও বিধান করেন, তজ্জন্যও আর তাহাকে দণ্ডিত হইতে হয় না, সেইরূপ ভক্তি-ভরে আপনাকে ভগবানের সেবকজ্ঞানে যদি কোন অপকর্ম্মেরও নিষ্পত্তি হইয়া যায়, ভক্তকে তজ্জন্য ভীত বা দণ্ডিত হইতে হয় না। এতদর্থে ব্রহ্মা বলিয়াছিলেন, "তাবদ্রাগা-দয়স্তেনাঃ" ইত্যাদি অর্থাৎ রাজা যেমন প্রজাগণের তিরস্কার ও পুরস্কার এই উভয়বিধ ব্যবস্থা করিবার ভার কর্ম্মচারীর হস্তে ন্যস্ত করিয়া, স্বয়ং পরীক্ষক ভাবে নিজগৃহে অবস্থান করেন, কিন্তু কর্ম্মচারী যদি রাজার অভিপ্রায়ের অনুরূপ কার্য্য করিলেন, তবেই যশঃ ও উত্তরোত্তর পদোন্নতি লাভ করেন, নতুবা অবধা যে কোন ভাবের প্রয়োগ করুন

অবিদ্যমানোঽপ্যবভাতি হি দ্বয়ো ধ্যাতুর্ধিয়া স্বপ্নমনোরথৌ যথা॥

অন্বয়ঃ।

হি যতঃ দ্বয়ঃ (অয়ং প্রপঞ্চঃ) অবিদ্যমানঃ অবাস্তবঃ, অপি ধ্যাতুঃ পুরুষস্য, ধিয়া মনসা, স্বপ্নমনোরথৌ (স্বপ্নদৃষ্টপদার্থঃ মনোরথবিষয়ঃ চ পদার্থঃ) যথা (তথা) অবভাতি অতঃ তং

শ্রীধরস্বামী।

ননু বিষয়বিক্ষিপ্তচিত্তস্য কুতোঽব্যভিচারিণী ভক্তিঃ সম্ভবতি কৃতস্তরামভয়ং তত্র তাবদ্বিষয়ো নাম ন বাস্তবোঽস্তি কিন্তু মনোবিলাসমাত্রং অতো মনোনিয়মনেন ভজনাৎ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু স্রক্চন্দনবনিতাদিভোগপ্রপঞ্চো যস্য নৈব বিদ্যতে বিদ্যমানমপি তং পরিত্যজ্য যো বা বনে বসতি তস্য ভয়ং ন ভবেদিতি চেন্নৈবং বাদীরিত্যাহ অবিদ্যমান ইতি দ্বয়ো ভোগপ্রপঞ্চো হ্যবিদ্যমানোঽপি ধ্যাতুঃ পুংসোঽবভাতি মানসপ্রত্যক্ষো ভবতি। ধিয়া মনসা স্বপ্নশ্চ মনোরথশ্চ যথেত্যর্থঃ। সর্ব্বো দ্বন্দ্বো বিভাবয়ৈকবস্তুবতীত্যেকত্বং। তস্মাৎ

প্রকৃত প্রস্তাবে অনিত্য ও অবাস্তব হইলেও, মনের কল্পনা অনুসারে স্বপ্নদৃষ্ট পদার্থ ও মনোরাজ্য যেমন তত্তৎকালে সত্যের ন্যায় অনুভূত হয়, সেইরূপ এই প্রপঞ্চ জগৎ মূলে মিথ্যা ও তত্ত্বশূন্য হইলেও বিষয়াসক্ত পুরুষের

আভাস।

না, তাহাতেও নিজের অবনতি ও তিরস্কার লাভ হয়, সন্দেহ নাই; সেইরূপ জগৎপতি মানবকে রাগদ্বেষাদি তিরস্কারবৃত্তি বা দয়া-দাক্ষিণ্যাদি পুরস্কারবৃত্তি যাহাই কিছু দিয়াছেন, সকলই তাঁহার নিজ অভিপ্রায় সাধনের জন্য। তদ্দ্বারা অভিমানী হইয়া নিজের স্বার্থসাধনের জন্য অগ্রসর হওয়া উচিত নহে। সেই ইষ্টানিষ্ট যে কোন বৃত্তি অবলম্বনে জীব স্বার্থসাধনে অগ্রসর হইবে, তাহাতেই অনিষ্ট; অথচ নিঃস্বার্থভাবে কেবল ভগবানে আত্মসমর্পণ করিয়া অনিষ্টকর ঈর্ষা অসূয়াদি বৃত্তির পরিচালনেও পদোন্নতি লাভ করে, সন্দেহ নাই। ঈশ্বরার্পিত-চেতা ভক্ত নিরন্তর তাঁহার সম্মুখে বিদ্যমান থাকিয়া রাজপ্রসাদভোগী রাজ-সদস্যের ন্যায়, নিরন্তর ভগবানের অনুগ্রহই উপভোগ করিয়া থাকেন; কিন্তু ঈশ্বরবিমুখ অভক্তগণই ভুক্তভোগা রমণীর ন্যায় ভগবানের পশ্চাদ্বর্ত্তিনী মায়া কুহকিনীর কটাক্ষে নিপতিত হইয়া ভ্রান্ত ও উন্মত্ত হইয়া পড়ে। অতএব ঈশ্বরাভিমুখে গমন করিলেই মায়ার কটাক্ষ হইতে অব্যাহতি পাওয়া যায়, নতুবা মায়ার মোহে মুগ্ধ হইতে হয় সেই মায়াকে পরিহারার্থ বিভিন্ন বী জ্ঞানালোচনা করাও মায়া মাত্র। পূর্ব্ব শ্লোকে "কায়েন বাচা" ইত্যাদি শব্দের দ্বারা কেবল ভজনার উপক্রম মাত্র বলা হইয়াছে; এই শ্লোকে ভগবানকে গুরু, দেবতা ও আত্মস্বরূপ চিন্তনে অনন্যভক্তি সহকারে ভজনা করিতে হয় বলিয়া প্রকৃত ভাগবত ধর্ম্মের স্বরূপকীর্ত্তন করিয়াছেন। ৩৫॥

তৎ কর্ম্মসংকল্পবিকল্পকং মনো বুধো নিরুন্ধ্যাদভয়ং ততঃ স্যাৎ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

তস্মাৎ কর্ম্মসংকল্পবিকল্পকং (কর্ম্মাণি জন্ম-মরণাদি-সংসার-হেতুভূতানি সংকল্পয়তি বিকল্পয়তি যৎ তৎ) মনঃ বুধঃ বিবেকী নিরুন্ধ্যাৎ ততঃ এব অভয়ং স্যাৎ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ভয়ং সাদিত্যাহ অবিদ্যমানোঽপীতি। দ্বয়ো দ্বৈতপ্রপঞ্চঃ। ধ্যাতুঃ পুংসঃ ধিয়া মনসা। স্বপ্নশ্চ মনোরথশ্চ তথেত্যর্থঃ তত্তস্মাৎ কর্ম্মাণি সঙ্কল্পয়তি বিকল্পয়তি চ যন্মন স্তন্নিরুন্ধ্যাৎ নিযচ্ছেৎ। তত্তশ্চৈকয়া ভক্ত্যা ভজনাদভয়ং স্যাদিত্যর্থঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মাণি সঙ্কল্পয়তি বিকল্পয়তি চ যন্মনস্তন্নিরুন্ধ্যাৎ। সচ মনোনিরোধো গুরুচরণভক্ত্যা বিনা প্রকারান্তরেণ ন ভবেৎ। যদুক্তং শ্রুতিভিঃ বিজিতহৃষীকবায়ুভিরদান্তমনস্তুরগমিত্যাত্র সমবহায় গুরোশ্চরণমিতি সপ্তমে চ সর্ব্বমেতদ্গুরৌ ভক্ত্যা পুরুষো হ্যঞ্জসা জয়েদিতি। অতএব গুরুদেবতাত্মেত্যত্রাপ্যুক্তম্ ॥ ৩৬ ॥

মনের আসক্তি অনুসারে যথার্থ ও নিত্যবস্তুরূপে প্রতিপন্ন হয়। অতএব জন্ম-মরণরূপ সংসারের হেতুভূত কর্ম্ম সমুদায় যে মন সংকল্প ও বিকল্পের দ্বারা অবধারণ করে, সর্ব্বাগ্রে তাহারই নিরোধ করা বিবেকী ব্যক্তির অবশ্য কর্ত্তব্য; নতুবা ভয়ের হস্ত হইতে কিছুতেই অব্যাহতি নাই ॥ ৩৬ ॥

আভাস।

ভগবদ্গীতাতে উক্ত আছে, "দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে"॥ এই সত্ত্বরজস্তমোগুণান্বিতা মায়া ভগবানেরই অচিন্ত্যশক্তিস্বরূপা; ইহাকে অতিক্রম করা নিতান্তই দুষ্কর; যাহারা একাগ্রচিত্তে সেই মায়াপতি পরমেশ্বরের শরণাপন্ন হয়, তাহারাই কেবল সেই মায়ার হস্ত হইতে নিষ্কৃতি লাভে সমর্থ। অতএব অনন্যশরণে ভক্তিই মায়া নিবারণে প্রধান উপায়। এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, জীব প্রত্যক্ষে ভোগবস্তু ও ভোগোপায় ইন্দ্রিয় এবং দেহ পাইতে তাহাকে উপেক্ষা করত, ভক্তির নিমিত্ত কেন প্রয়াস করিবে? এবং সে প্রয়াস না করিলেও নির্ভয় হইতে পারিবে না? অতএব নির্ভয় হইবার শাস্ত্রোক্ত উপায় কেবল কল্পনা মাত্র। এতদর্থে এই শ্লোকের দ্বারা ভোগ্যবস্তু ও ভোগায়তন দেহের মিথ্যাত্ব এবং আসক্তি নিবারণের উপায় বর্ণিত হইয়াছে। স্রক্ চন্দন বনিতাদি ভোগের সম্পত্তি যাহাদের নাই, যাহারা নির্জ্জন অরণ্যে বাস করে, তাহাদেরই ভয় থাকে না, এ কথাও অসঙ্গত; কারণ "বনেঽপি দোষাঃ প্রভবন্তি রাগিণাং গৃহেষু পঞ্চেন্দ্রিয়সংযমস্তপঃ"। দেহকে বনে বাস করাইলেই যে, দোষের হস্ত হইতে অব্যাহতি হয়, এরূপ নহে; মন কেবল কল্পনাবলে জনশূন্য প্রান্তরে

শৃণ্বন্ সুভদ্রাণি রথাঙ্গপাণের্জন্মানি কর্ম্মাণি চ যানি লোকে।
গীতানি নামানি তদর্থকানি গায়ন্ বিলজ্জো বিচরেদসঙ্গঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

রথাঙ্গপাণেঃ (রথাঙ্গং চক্রং পাণৌ যস্য তস্য ভগবতঃ) সুভদ্রাণি সকলপাপনিরাসপূর্ব্বকাভিষ্টানুরূপপুণ্যজনকানি জন্মানি কর্ম্মাণি শৃণ্বন্ যানি লোকে গীতানি প্রসিদ্ধানি তদর্থকানি নামানি (তানি চ) গায়ন্ বিলজ্জঃ যথা তথা অসঙ্গঃ অনাসক্তঃ এব বিচরেৎ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

এতদশক্তস্যাশকামিত্যাশঙ্ক্য সুগমং মার্গমাহ শৃণ্বন্নিতি। তদর্থকানি তানি জন্মানি কর্ম্মাণি চ অর্থো যেষা তানি স্মরন্ গায়ংশ্চ বিচরেৎ অসঙ্গো নিস্পৃহঃ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একয়া ভক্ত্যা ভবাভিজ্ঞেদিত্যুক্তং সৈব ভক্তিঃ কা ভবেদিত্যত আহ শৃণ্বন্নিতি। যানি শাস্ত্রদ্বারা সংপ্রদায়দ্বারা চ জন্মানি কর্ম্মাণি বর্ত্তন্তে যানি চ লোকে লোকমাত্রে গীতানি অপভ্রংশভাষয়াপি নিবদ্ধানি তথা নামান্যপি তদর্থকানি নানাদেশভাষাভেদেনাপি স এব অর্থো বাচ্যো যেষাং তানি কাহ্ণা ইতি কানড় ইতি কান ইত্যেবমাদীন্যপি গায়ন্ অসঙ্গঃ বস্তুস্বরাসক্তিশূন্যঃ ॥ ৩৭ ॥

চক্রধারী শ্রীহরির সর্ব্বপাপ-নাশন পুণ্যপ্রদ জন্ম, কর্ম্ম ও তদুপযোগী যে সমস্ত নাম জগতে পরিকীর্ত্তিত আছে, সাধু ভক্তজন জগতের প্রলোভনকে প্রলোভিত করিবার অভিপ্রায়েই বিষয়াসক্তি ও সামাজিক লজ্জায় জলাঞ্জলি প্রদান পূর্ব্বক সেই সমস্ত নামাদি কীর্ত্তন করত অনাসক্ত ভাবে বিচরণ করিয়া থাকেন ॥ ৩৭॥

আভাস।

ও মরুভূমেও বহুজনাকীর্ণ অতুল ঐশ্বর্য্যে উন্নত রাজ-নগরীর প্রতিষ্ঠা করিতে পারে এবং ঐশ্বর্য্যপূর্ণ অট্টালিকাকেও প্রান্তরে পরিণত করিতে পারে। নিদ্রিত দীনহীন ভিক্ষুক ব্যক্তি কেবল মনের স্ফূর্ত্তির অনুসারে, স্বপ্নের মাহাত্ম্যে নরদেব-মূর্ত্তি পরিগ্রহে রাজাসনে উপবিষ্ট হইয়া তৎকালের জন্য রাজভোগ উপভোগ করিতে পারে। অতএব বস্তুর ভাব বা অভাবে কিছু বিশেষ ক্ষতিবৃদ্ধি নাই; মনের প্রশ্রয় ও নিগ্রহই দুঃখ ও সুখের নিদান কারণ। মনের কল্পনায় একজন দীন দরিদ্রের সুখের সীমা থাকে না এবং সার্ব্বভৌম রাজারও দুঃখের অবধি থাকে না। মনের আসক্তিই সংসারের মূল; তাহা শ্রুতিবাক্য "মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ" দ্বারা বিশেষ প্রতিপন্ন হইয়াছে ॥ ৩৬ ॥

এক মনের নিবৃত্তিই পরম শান্তির কারণ হইলেও তাহা কার্য্যে ঘটান বড়ই দুরূহ ব্যাপার; এতাদৃশ বিষয়-রস আস্বাদনে অভ্যস্ত মনকে একেবারে সম্পূর্ণ বিষয়শূন্য করা

এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।

অন্বয়ঃ।

এবংব্রতঃ (এবং ব্রতং বৃত্তং যস্য সঃ পুমান্) স্বপ্রিয়নাম কীর্ত্ত্যা (স্বপ্রিয়স্য ভগবতঃ নামকীর্ত্ত্যা) জাতানুরাগঃ (জাতঃ অনুরাগঃ প্রেমা যস্য সঃ) দ্রুতচিত্তঃ শ্লথহৃদয়ঃ সন্

শ্রীধরস্বামী।

এবঞ্চ ভজতঃ সংপ্রাপ্তপ্রেমলক্ষণভক্তিযোগস্য সংসারধর্ম্মাতীতাং গতিমাহ এবমিতি। এবং ব্রতং বৃত্তং যস্য সঃ স্বপ্রিয়স্য হরের্নামকীর্ত্ত্যা জাতোহনুরাগঃ প্রেমা যস্য সঃ। অতএব দ্রুতচিত্তঃ শ্লথহৃদয়ঃ কদাচিত্তত্রপরাজিতং ভগবন্তমাকলয্য উচ্চৈ র্হসতি। এতা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং ভজতঃ সংপ্রাপ্তফলভূতপ্রেমভক্তিযোগস্য সংসারধর্ম্মাতীতাং চেষ্টামাহ এবমেব ব্রতঃ নিয়মো যস্য সঃ। ভক্তিষপি মধ্যে নামকীর্ত্তনস্য সর্ব্বোৎকর্ষমাহ স্বপ্রিয়স্য কৃষ্ণস্য নামকীর্ত্ত্যা স্বপ্রিয়স্বা যদ্ভগবন্নাম তস্য কীর্ত্ত্যা কীর্ত্তনেন জাতোহনুরাগঃ প্রেমা যস্য সঃ। দর্শনোৎকণ্ঠাগ্নিদ্রুতীকৃতচিত্তজাম্বুনদঃ। অয়ে হৈয়ঙ্গবীনং চোরয়িতুং যশোদাসুতশ্চৌরঃ

সর্ব্বদা এইরূপ আচরণে স্বীয় অভীষ্টদেব ভগবানের নামকীর্ত্তনে হৃদয়ে যখন প্রকৃত প্রেম ও অনুরাগের উদয় হয়, তখন ভক্তের আর লোকমর্য্যাদার

আভাস।

নিভান্তই অসম্ভব। অন্নাদি ভোজনে দেহে আময়ের উৎপত্তি হইলে, যদি কেহ ভোজন সম্পূর্ণ বন্ধ করেন, তাহা হইলে রোগনিবারণ না হইয়া, মৃত্যু ঘটিবারই বিশেষ সম্ভাবনা; ভোজন একেবারে বন্ধ করা, ভাল নহে; তবে এরূপ ঔষধি ও সুপথ্যের প্রয়োজন, যাহাতে জীবন রক্ষিত হয় এবং রোগও নিবারিত হয়। মন প্রাকৃতিক বিষয়-সম্ভোগে উন্মত্ত হইয়াছে; তাহাকে অপ্রাকৃতিক সুপথ্য প্রদানে শান্ত করিতে হইবে। ভগবানের প্রতিমা দর্শন, তাঁহার অবতার-বিষয় শ্রবণ এবং কর্ম্মানুরূপ গোবর্দ্ধনধারী, পুতনাঘাতী প্রভৃতি নাম-কীর্ত্তনই ব্যাধিগ্রস্ত মনের রোগোপশমের অমোঘ ঔষধ এবং সুপথ্য। মনের একটী বিশেষ চমৎকারিত্ব আছে যে, পুনঃ পুনঃ তাহাকে যে কোন বিষয়ের স্বাদ প্রদান করা হউক না, ক্রমশ তাহাতেই তাহার আসক্তি জন্মে। ভগবদ্বিষয়ের আলোচনায় ভক্তের মন ক্রমশঃ অভ্যস্ত হইয়া বিষয়-রস বিস্মৃত হয় এবং ভক্ত অলৌকিক পদার্থের অনুশীলনে লোকাচারের প্রতি কটাক্ষ না করিয়া, অলৌকিক আচরণে জগতে বিচরণ করিয়া থাকে ॥ ৩৭ ॥

সে আচরণ সংসারধর্ম্মের অতীত। ভক্ত সংসারের বিষয় পরিত্যাগ করিলেও ভগবানকে আপনার মনের বিষয় করিয়া, সর্ব্বপ্রকার বৃত্তির পরিচয় দিয়া থাকে। তাঁহার চিত্তের ভাব ব্যবহারিক ভাবের সমতুল্য নহে; এবং সাধারণ লোকেও সে ভাবের মধ্যে প্রবেশ করিতে পারে না। ভক্ত ভগবচ্চিন্তনে উন্মত্ত; তিনি শ্রীকৃষ্ণের রজ্জুবন্ধন দশা

হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ ।

কদাচিৎ উচ্চৈঃ হসতি (কদাচিদ্বিয়োগমনুসন্ধায়) রোদিতি (ঔৎসুক্যাৎ) রৌতি ক্রোশতি, (কর্ম্মাণি স্মৃত্বা) গায়তি তথা লোকবাহ্যঃ (লোকব্যবহারং অনপেক্ষ্য বর্ত্তমানঃ অতএব) উন্মাদবৎ নৃত্যতি ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী ।

বহুঃ কালঃ উপেক্ষিতোঽস্মীতি রোদিতি। অত্যৌৎসুক্যাদ্রৌতি ক্রোশতি। অভি হর্ষেণ গায়তি। জিতং জিতমিতি নৃত্যতি কিং দাম্ভিকবৎ পরান্ প্রতি প্রকাশয়িতুং ন উন্মাদবৎ গ্রহগৃহীতবৎ লোকবাহ্যঃ বিবশঃ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

গৃহং প্রবিষ্টস্তদয়ং ধ্রিয়তামাব্রিয়তামিতি বহির্জ্জরতী গিরমাকর্ণ্য পলায়িতুং প্রবৃত্তং কৃষ্ণং স্ফূর্ত্তিপ্রাপ্তমালক্ষ্য হসতি স্ফূর্ত্তিভঙ্গে সদ্যাহো প্রাপ্তো মহানিধি র্মে হস্তভ্রষ্ট ইতি বিষীদন্ রোদিতি। হে প্রভো! কাসি দেহি মে প্রত্যুত্তরমিতি ফুৎকৃত্য রৌতি ভো ভক্ত ত্বৎফুৎকারং শ্রুত্বৈবায়াতোঽস্মীতি পুনঃ স্ফূর্ত্তিপ্রাপ্তং তমালক্ষ্য গায়তি অস্যাহং কৃতার্থো-ঽস্মীত্যানন্দেন উন্মাদ উন্মত্তবন্নৃত্যতি। লোকবাহ্যঃ লোকানাং হাস্যপ্রশংসা সংমানা-বমানাদিষ্ববধানশূন্যঃ ॥ ৩৮ ॥

প্রতি কিছুমাত্র দৃষ্টি থাকে না। তিনি জাগতিক সম্বন্ধের ন্যায়, ভগবানে সম্বদ্ধ হইয়া হৃদয়ের উচ্ছ্বাসে কখন উচ্চ হাস্য, অদর্শনে ক্রন্দন এবং বিয়োগবোধে ঔৎসুক্য প্রদর্শন ও আক্রোশ করত নৃত্যাদির দ্বারা উন্মাদের ন্যায় আচরণ করেন ॥ ৩৮ ॥

আভাস।

কখনো করত স্নেহময়ী যশোদার প্রাধান্য ও শ্রীকৃষ্ণের ভক্তাধীনতা নিরীক্ষণ করিয়া, উচ্চকণ্ঠে হাস্য করেন; কখন বা স্ফূর্ত্তিভঙ্গে বিষণ্ণ হইয়া রোদন করেন; কখন বা হে প্রভো দীনবন্ধো! এইমাত্র দেখা দিয়া আবার কোথায় অন্তর্হিত হইলেন! একবার দর্শন দানে কৃতার্থ করুন! ইত্যাকার উক্তিতে বিহ্বলের ন্যায় অবসন্ন হইয়া পড়েন; আবার তৎক্ষণাৎ যেন দর্শন করিয়াছেন, এইরূপ বোধে নৃত্য করিতে থাকেন। লোকের প্রশংসা বা উপহাসে চক্তের কোন বিঘ্ন জন্মে না; ভগবৎপ্রেমের অনুকূল বা প্রতিকূল সম্বন্ধই তাঁহার চিত্তোদ্বেগের প্রধান কারণ। তিনি যেন এ জগতের কোন সম্বন্ধই রাখেন না, কেবল দেহ লইয়া অনিচ্ছাক্রমেই এই বিদেশে বসতি করিতেছেন মাত্র ॥ ৩৮ ॥

লোভপরতন্ত্র ব্যক্তি চিত্তের বেগানুসারে জগৎকে যেমন ধনময় নিরীক্ষণ করে, কামুক ব্যক্তি যেমন কামিনীময় অবলোকন করে, ভক্ত সেইরূপ জগৎকে ভগবন্ময় প্রত্যক্ষ করিয়া

খং বায়ুমগ্নিং সলিলং মহীঞ্চ জ্যোতীংষি সত্ত্বানি দিশো দ্রুমাদীন্।
সরিৎ সমুদ্রাংশ্চ হরেঃ শরীরং যৎ কিঞ্চ ভূতং প্রণমেদনন্যঃ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

কিঞ্চ খং বায়ুং অগ্নিং সলিলং মহীং জ্যোতিংষি সূর্য্যচন্দ্রনক্ষত্রাণি সত্ত্বানি জন্তূন্, দিশঃ দ্রুমাদীন্ যৎকিঞ্চভূতং স্থাবরজঙ্গমভূতমাত্রং, সরিৎ সমুদ্রান্ চ হরেঃ শরীরং মত্বা অনন্যঃ (স্বয়মপি অপৃথক্‌সিদ্ধঃ বিবিচ্য) প্রণমেৎ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ খমিতি সত্ত্বানি ভূতানি আকাশাদীনি। যৎকিঞ্চ ভূতমাত্রং হরেঃ শরীরমিতি মত্বা প্রণমেৎ সম্ভাবনায়াং লিঙ্॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ নারায়ণময়ং ধীরাঃ পশ্যন্তি পরমার্থিনঃ। জগদ্ধনময়ং লুব্ধাঃ কামুকাঃ কামিনী-ময়মিতি পৌরাণিকবাক্যস্যোদাহরণীভবতীত্যাহ। খমিতি প্রণমেদিতি সম্ভাবনায়াং লিঙ্। খবায়্বাদিষু যত্র যত্র দৃষ্টিঃ পতেত্তত্র হরেঃ শরীরং শ্যামসুন্দরাকারমেব স্ফুরিতং পশ্যতীত্যর্থঃ। যদ্বা। ভক্তস্য ফলপ্রাপ্তিদশাং নির্বর্ণ্য পুনঃ সাধনদশায়াং কিঞ্চিদ্বিদধাতি। খমিতি হরেঃ শরীরমধিষ্ঠানং জ্ঞাত্বা প্রণমেৎ প্রণত্যো ভবেৎ। ন বিদ্যতেঽন্যঃ কৃষ্ণং বিনা সেব্যো যস্য সঃ॥ ৩৯ ॥

অহো! ভক্তের ভাব অপূর্ব্ব! তিনি আকাশ, বায়ু, অনল, জল, পৃথিবী, চন্দ্র, সূর্য্য ও নক্ষত্রাদি জ্যোতিষ্কগণ, প্রাণিবর্গ এবং দিক্‌সমূহ, বৃক্ষ, নদী, সমুদ্র এবং স্থাবর-জঙ্গমাত্মক যে কোন পদার্থই নয়নগোচর করেন, অধিক কি! আপনার স্বরূপ পর্য্যন্ত ভগবান্ শ্রীহরির স্বরূপবোধে প্রণাম করিয়া থাকেন॥ ৩৯ ॥

আভাস।

থাকেন। ক্ষিতি, অপ্, তেজ ও মরুত্তাদি যাবতীয় দৃশ্যপদার্থে ভগবৎস্বরূপ, ভগবানের ক্রিয়া ও তাঁহার চরিত্র দর্শন করিয়া ভক্ত সর্ব্বত্র সর্ব্ব পদার্থে ভগবৎস্বরূপজ্ঞানে সকলকেই প্রণাম করেন। এখানে "খং বায়ুং" ইত্যাদি শব্দের উত্তরোত্তর প্রয়োগ দ্বারা সাধনের ক্রমও নির্দ্দেশ করা হইয়াছে॥ ৩৯ ॥

ভক্তিমার্গ অতি সুগম ও সুখপ্রদ; সকল কার্য্যই সমাপনান্তে ফল প্রদান করিয়া থাকে; কিন্তু ভক্তিমার্গে গমন করিলে সাধনদশাতেই যে ফল প্রাপ্ত হওয়া যায়, তাহাই এই শ্লোকোক্ত উদাহরণে স্পষ্টীকৃত হইয়াছে। ক্ষুধাতুর ব্যক্তি যেমন ভোজনে প্রবৃত্ত হইয়া প্রতিগ্রাসেই ভোজনানুরূপ উদরভরণ, তুষ্টি (সুখ) ও ক্ষুন্নিবৃত্তি অনুভব করে, সর্ব্বান্তঃকরণে শরণাগত হইয়া ভগবদ্ভজনে প্রবৃত্ত ভক্তও ভজনানুরূপ প্রেমানন্দ, ঈশ্বরানুভব ও বিষয়-বৈরাগ্য

ভক্তিঃ পরেশানুভবো বিরক্তিরন্যত্র চৈষ ত্রিক এক কালঃ।
প্রপদ্যমানস্য যথাশ্নতঃ স্যু স্তুষ্টিঃ পুষ্টিঃ ক্ষুদপায়োঽনুঘাসং ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

অশ্নতঃ ভুঞ্জানস্য জনস্য, অনুঘাসং প্রতিগ্রাসং যথা তুষ্টিঃ (মনসঃ) পুষ্টিঃ (দেহস্য ক্ষুদপায়ঃ ক্ষুন্নিবৃত্তিঃ, তৃপ্তিঃ স্যুঃ তথা প্রপদ্যমানস্য (ভগবদেকশরণতয়া শ্রবণাদিকুর্ব্বতঃ জনস্য) ভক্তিঃ (প্রেমলক্ষণা, পরেশানুভবঃ (পরেশস্য ভগবতঃ অনুভবঃ যথার্থজ্ঞানং) অন্যত্র ধনপুত্রকলত্রাদিবিষয়েযু, বিরক্তিঃ রাগাভাবঃ, এষঃ ত্রিকঃ এককালঃ ভজনসমকালঃ এব যথোত্তরং বর্দ্ধমানো ভবন্তি ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

নম্বিয়মারূঢ়যোগানামপি বহুজন্মভি দুর্লভা গতিঃ কথং নামকীর্ত্তনমাত্রেণৈকস্মিন্নেব জন্মনি ভবেদিত্যাশঙ্ক্য সদৃষ্টান্তমাহ ভক্তিরিতি। প্রপদ্যমানস্য হরিং ভজতঃ পুংসো ভক্তিঃ প্রেমলক্ষণা পরেশানুভবঃ প্রেমাস্পদভগবদ্রূপস্ফূর্ত্তিঃ তয়া নির্বৃতস্য। ততোঽন্যত্র গৃহাদিষু বিরক্তিরিত্যেষ ত্রিক এককালঃ ভজনসমকাল এব স্যাৎ। যথাশ্নতো ভুঞ্জানস্য তুষ্টিঃ সুখং পুষ্টিরুদরভরণং ক্ষুন্নিবৃত্তিশ্চ প্রতিগ্রাসং স্যু উপলক্ষণমেতৎ প্রতি সিক্থমপি যথা স্যু স্তদ্বৎ। এবমেকৈকস্মিন্ ভজনে কিঞ্চিৎ প্রেমাদিত্রিকে জায়মানেঽনুবৃত্ত্যা ভজতঃ পরমপ্রেমাদি জায়তে। বহুগ্রাস-ভোজন ইব পরমতুষ্ট্যাদিঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিমার্গেঽস্মিন্নন্তিসুখদে সাধনদশায়ামপি ফলপ্রাপ্তিং সদৃষ্টান্তমাহ ভক্তিঃ শ্রবন-কীর্ত্তনাদিঃ পরেশস্যেষ্টদেবস্য কৃষ্ণস্য যদা ভবেত্তদৈব অনুভবোমাধুর্য্যাস্বাদোঽপি তদনু-রূপো ভবেৎ তদৈব অন্যত্র মায়িকবিষয়সুখে বিরক্তিরপি তদনুরূপা ভবেদেবেত্যেষ ত্রিক এককালঃ সমকালোৎপন্ন এব প্রপদ্যমানস্য কৃষ্ণং ভজতো জনস্য ভবতি। যথাশ্নতো ভুঞ্জানস্য জনস্য তুষ্টিঃ সুখং পুষ্টিরুদরভরণং ক্ষুন্নিবৃত্তিশ্চ অনুঘাসং প্রতিগ্রাসং স্যুঃ উপ-লক্ষণমেতৎ প্রতিসিক্থমপি যথাস্যুস্তদ্বৎ। যথা ভুঞ্জানস্য কিঞ্চিন্মাত্র্যাং তুষ্টৌ সত্যাং

যেমন ভোজনকালে প্রতিগ্রাসেই মনের তুষ্টি, দেহের পুষ্টি ও ক্ষুন্নিবৃত্তি ক্রমশই হইয়া থাকে, সেইরূপ অনন্যশরণে ভগবানে নির্ভর করত শ্রবণাদি ভাগবত ধর্ম্মের অনুশীলনে ভক্তের প্রেমলক্ষণা ভক্তি, ভগবৎস্বরূপের উপলব্ধি এবং ধনপুত্রকলত্রাদি বিষয়ে বৈরাগ্য, এই তিনটীই ভজনের সমকালেই ক্রম অনুসারে উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া থাকে, সন্দেহ নাই ॥ ৪০ ॥

আভাস।

এই তিনই এক সময়ে ও একত্র প্রাপ্ত হইয়া থাকেন, সন্দেহ নাই। যেমন অল্প ভোজনে অল্প তৃপ্তি এবং সম্পূর্ণভোজনে সম্পূর্ণ তৃপ্তি; সেইরূপ শ্রবণকীর্ত্তনাদি ভজন কিঞ্চিন্মাত্র

ইত্যচ্যুতাঙ্‌ঘ্রিং ভজতোঽনুবৃত্ত্যা ভক্তির্বিরক্তির্ভগবৎপ্রবোধঃ।
ভবন্তি বৈ ভাগবতস্য রাজন্‌ ততঃ পরাং শান্তিমুপৈতি সাক্ষাৎ॥ ৪১॥
রাজোবাচ॥
অথ ভাগবতং ব্রূত যদ্ধর্ম্মো যাদৃশো নৃণাং।

অন্বয়ঃ।

হে রাজন্‌! ইতি উক্তপ্রকারেণ অনুবৃত্ত্যা অভ্যাসেন, অচ্যুতাঙ্‌ঘ্রিং ভজতঃ ভাগবতস্য (যথা) ভক্তিঃ বিরক্তিঃ ভগবৎপ্রবোধঃ বৈ (অবধারণে) ভবন্তি ততঃ (এব ভক্ত্যাদি-ত্রিকাৎ সঃ) সাক্ষাৎ পরাং সর্ব্বতঃ উৎকৃষ্টাং শান্তিং অত্যন্তক্ষেমশব্দবাচ্যাং মুক্তিং উপৈতি প্রাপ্নোতি॥ ৪১॥

রাজা উবাচ। (হে ঋষয়ঃ!) অথ যদ্ধর্ম্মঃ (যস্মিন্‌ ধর্ম্মে নিষ্ঠিতঃ) যাদৃশঃ যৎস্বভাবঃ,

শ্রীধরস্বামী।

ততশ্চ ভগবৎপ্রসাদেন কৃতার্থো ভবতীত্যাহ ইত্যচ্যুতাঙ্‌ঘ্রিমিতি॥ ৪১॥
ভাগবতস্য ভবন্তীত্যুক্তে তস্য লক্ষণং পৃচ্ছত্যথেতি। যদ্ধর্ম্মো যস্মিন্‌ ধর্ম্মে পরিনিষ্ঠিতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চিন্মাত্রী পুষ্টিঃ কিঞ্চিন্মাত্র এব ক্ষুদপায়স্তথৈব ভজতো জনস্য কিঞ্চিন্মাত্রে শ্রবণকীর্ত্তনাদি-ভজনে বৃত্তে কিঞ্চিন্মাত্র এব পরেশানুভবঃ। কিঞ্চিন্মাত্র্যেব বিরক্তিশ্চ ভবেৎ। যথৈবচ বহুভোজিনঃ সম্পূর্ণা এব তুষ্টিপুষ্টিক্ষুদপায়াস্তথৈব বহুভজতঃ সম্পূর্ণা এব ভক্তিপরমেশ্বরানু-ভব-বিরক্তয় ইতি কিন্তু বহুভোজনসামর্থ্যং ভবতি। বহুভজতস্তু ভজনসামর্থ্যাতিশয়ো-ভবতীতি বিশেষো দ্রষ্টব্যঃ॥ ৪০॥
উক্তমর্থমেব পুষ্টীকুর্ব্বন্নাহ ইতীতি। পরাং শান্তিমাত্যন্তিকং ক্ষেমং॥ ৪১॥
ভাগবতস্য ভবন্তীত্যুক্তে তস্য লক্ষণং পৃচ্ছতি। অথেতি। যদ্ধর্ম্মো যৎস্বভাব ইতি

হে রাজেন্দ্র! উক্ত অভ্যাসানুসারে ভগবৎপাদপদ্ম অনবরত ভজনা করিলে যেমন ভক্তি, বৈরাগ্য ও ভগবৎ-সাক্ষাৎকার ঘটে, সেইরূপ অন্তে সর্ব্বোৎকৃষ্ট শান্তি বা অত্যন্ত ক্ষেম-শব্দবাচ্য মুক্তিলাভও ভক্তের ঘটিয়া থাকে॥ ৪১॥

তখন নিমিরাজ বলিলেন, হে ব্রাহ্মন্‌! আপনি এক্ষণে ভগবদ্ধর্ম্মের অনু-

আভাস।

সাধিত হইলে কিঞ্চিন্মাত্র আনন্দ এবং বহু ভজনা করিলে ভক্তি, ঈশ্বরানুভব ও বিরক্তি পূর্ণমাত্রাতেই লাভ হইয়া থাকে। ভজনা করিতে প্রবৃত্ত হইলে বহুভজনের সামর্থ্যও ক্রমশ বৃদ্ধি হইয়া থাকে; ইহাও এই শ্লোকে বলিবার তাৎপর্য্য। এইরূপ ভজনা করিলে ভগবান্‌ প্রসন্ন হন এবং ভক্ত পরিণামে অনির্ব্বচনীয় শান্তি লাভ করেন॥ ৪০। ৪১॥

যথা চরতি যদ্‌ব্রূতে যৈ র্লিঙ্গৈ র্ভগবৎপ্রিয়ঃ ॥ ৪২ ॥

হরিরুবাচ ॥

সর্ব্বভূতেষু যঃ পশ্যেদ্ভগবদ্ভাবমাত্মনঃ ॥

অন্বয়ঃ।

নণাং মধ্যে যথা চরতি, যৎ ব্রূতে যৈঃ লিঙ্গৈঃ চিহ্নৈঃ (সঃ) ভগবৎপ্রিয়ঃ ভবতি তং ভাগবতং ভগবদ্ভক্তং ব্রূত বর্ণয় ॥ ৪২ ॥

হরিঃ উবাচ। আত্মনঃ (আত্তত্বাচ্চ মাতৃত্বাৎ আত্মাহি পরমো হরিরিতি) হরেঃ,

শ্রীধরস্বামী।

যাদৃশঃ যৎস্বভাবঃ। যথা চরতি বর্ত্তত্তে ব্রূতে চ যৈশ্চ লিঙ্গৈর্ভগবতঃ প্রিয়ো ভবতি ॥ ৪২ ॥

যদ্ধর্ম্ম ইত্যস্যোত্তরমাহ ত্রয়েণ সর্ব্বভূতেষ্বিতি। আত্মনঃ স্বস্য সর্ব্বভূতেষু ব্রহ্মভাবেন সমন্বয়ং যঃ পশ্যেৎ। তথা ব্রহ্মরূপে আত্মন্যধিষ্ঠানে ভূতানি চ যঃ পশ্যেৎ। যদ্বা।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মানসলিঙ্গপ্রশ্নঃ। যাদৃশ ইতি ভক্তৈব তারতম্যপ্রশ্নঃ। যথা আচরতীতি কায়িকলিঙ্গপ্রশ্নঃ কিমেতৈঃ প্রশ্নৈরিতি চেদত্ত আহ যৈর্মানসাদিলিঙ্গৈর্ভগবৎপ্রিয়োঽনুমীয়তে ॥ ৪২ ॥

আত্মনঃ স্বস্য উপাস্যো যো ভগবাংস্তস্য ভাবং বিদ্যমানত্বং সর্ব্বভূতেষু যঃ পশ্যেৎ যথা স ক ইতি হিরণ্যকশিপুনা পৃষ্টঃ প্রহ্লাদঃ সর্ব্বত্রৈবেত্যুক্ত্বা মৎপ্রভুদৃশ্যত ইতি স্বোপাস্যং ভগবন্তং দৃষ্টবানেবেত্যর্থঃ। তথা আত্মন্যাত্মীয়ে আত্মোপাস্যে ভগবতি চ ভূতানি পশ্যেৎ যথা শ্রীযশোদা কৃষ্ণস্য জঠর এব সর্ব্বভূতান্যপশ্যৎ। যদ্বা। আত্মনি

শীলনকারী ভক্তের পরিচয় বলুন ; অর্থাৎ তাঁহারা যে জাতীয় ধর্ম্মের অনুষ্ঠানে ও যাদৃশ স্বভাবের পরিচয়ে জন-সমাজে যেরূপ আচরণ করেন, যেরূপ বলেন বা ভগবদ্ভক্ত বলিয়া যে চিহ্নে তাঁহাকে পরিজ্ঞাত হইতে পারা যায়, এই সমস্ত আপনি বিস্তারিত বর্ণন করুন ॥ ৪২ ॥

এই প্রশ্নের উত্তর প্রদানার্থ হরি বলিলেন, যে ব্যক্তি ভূতভৌতিক যাবতীয় পদার্থের অন্তরে সর্ব্বপরিপালন-কারী সর্ব্বব্যাপী পরমাত্মা হরির

আভাস।

বিদেহরাজ এতৎ শ্রবণে যোগেন্দ্রগণকে পুনরায় ভক্তের স্বরূপ কীর্ত্তনার্থ অনুরোধ করিলেন এবং এই অনুরোধে ভক্তের কায়িক, বাচনিক ও মানসিক এই ত্রিবিধ ভাবেরই পরিচয় প্রদানার্থ অনুরোধ করা হইয়াছে ॥ ৪২ ॥

মহাভাগবতের লক্ষণ বলিতে হইলে, মহাভাগবত হইবার প্রয়োজন। কারণ ভক্তের মানসিক ভাব সেইরূপ ভক্ত ব্যতীত অন্যে কখন উপলব্ধি করিতে পারে না। এদিকে যেমন মহাভাগবতের মানসিক ভাব সম্বন্ধীয় প্রস্তাব, বক্তাও সেইরূপ হরি। "হরি হঁরতি

ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

সর্ব্বভূতেষু স্থাবরজঙ্গমাত্মকেষু ভগবদ্ভাবং (নিয়ন্তৃত্বেন বর্ত্তমানস্য নিরতিশয়ৈশ্বর্য্যাদিমত্ত্বং এব) তথা আত্মনি ভগবতি ঐশ্বর্য্যাদিগুণপূর্ণে হরৌ এব ভূতানি চ যঃ পশ্যেৎ সঃ এষঃ ভাগবতোত্তমঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

আত্মত্বাচ্চ নাত্মনাদাত্মাপি পরমো হরিরিতি তন্ত্রোক্তেঃ আত্মনো হরেঃ সর্ব্বভূতেষু মশকাদিষ্বপি নিয়ন্তৃত্বেন বর্ত্তমানস্য ভগবদ্ভাবং নিরতিশয়ৈশ্বর্য্যমেব যঃ পশ্যেৎ নতু তস্য তারতম্যং তথাত্মনি হরাবেব ভূতানি চ পশ্যেৎ। কথংভূতে ভগবতি অপ্রচ্যুতৈশ্বর্য্যাদিরূপেণ পুনর্জ্জড়মলিনভূতাশ্রয়ত্বেন জাড্যাদিপ্রসক্ত্যা ঐশ্বর্য্যাদিপ্রচ্যুতিং পশ্যেৎ। সর্ব্বত্র পরিপূর্ণং ভগবত্তত্ত্বং পশ্যন্ ভাগবতোত্তম ইত্যর্থঃ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বমনসি স্ফুরতি যো ভগবাংস্তস্মিন্নেব ভূতানি তদ্বিষয়কপ্রেমবন্তি যঃ পশ্যেৎ যথা বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্পফলাঢ্যা ইতি নন্দসূদা তত্তৎপদার্থা নকুন্দ ইতি গীতাদিকং ব্রজসুন্দর্য্যঃ "কুররি বিলপসি ত্বমিতি, ক্ষিতিধর চিন্তয়সে ত্বনৈর্বিষণ্ণ ইত্যাদিকং" পট্টমহিষ্যশ্চোক্তবন্ত্য এব। অতএবাত্মনো ভগবদ্ভাবং সর্ব্বভূতেষু পশ্যতি ভাববন্তি চ ভূতানীত্যস্যার্থঃ সম্যক্ সত্যমিতি শ্রীমৎসনাতনগোস্বামিচরণানাং কারিকা প্রসিদ্ধা। অত্র দর্শনযোগ্যতৈব বিবক্ষিতা। নতু তথা দর্শনস্য সার্ব্বকালিকতা। তথাত্বে নারদব্যাসশুকাদাবপ্যব্যাপ্তিঃ স্যান্নহি তে সর্ব্বদৈব সর্ব্বত্র ভগবন্তং পশ্যন্তি কিন্তু তদ্দিদৃক্ষাদিকা এবাত্তস্তদ্দর্শনোৎকণ্ঠামত্যধিকং যদা বর্দ্ধেত তদৈব কামুকাঃ কামিনীময়মিতি ন্যায়েন সর্ব্বজগদেব ভগবন্ময়ং পশ্যেৎ। তথৈব আত্মবন্মন্যতে জগদিতি ন্যায়েন সর্ব্বভূতান্যেব প্রেমোৎকণ্ঠাব্যাকুলান্যেব পশ্যেদিতি জ্ঞেয়ং। অত্র দৃশের্জ্ঞানার্থত্বে ব্যাখ্যাতে ভগবতঃ সর্ব্বভূতাধেয়ত্বাধারত্বজ্ঞানবতঃ শাস্ত্রজ্ঞমাত্রস্যৈব ভাগবতোত্তমত্বং স্যাদিতি তন্ন ব্যাখ্যাতম্ ॥ ৪৩ ॥

সর্বৈবশ্বর্য্যপূর্ণ ভাব এবং সেই পরিপূর্ণ পরমাত্মাতে যাবতীয় পদার্থের বস্তুভাব সন্দর্শনে সমর্থ হন, তিনিই ভাগবতপ্রধান বলিয়া পরিকীর্ত্তিত ॥ ৪৩ ॥

আভাস।

পাপানি দুষ্টচিত্তৈরপি স্মৃতঃ"। এই শাস্ত্রবাক্যের দ্বারা অবগত হওয়া যায় যে, নিকৃষ্টচেতা মহাপাপীও যদি অনিচ্ছাক্রমে শ্রীহরিকে স্মরণ করে, ভগবান্ তাহার চিত্তকালুষ্য সমস্তই হরণ করিয়া থাকেন; এই নিমিত্ত শ্রীহরিনামে তিনি অভিহিত। তাদৃশ শ্রীহরিকে যিনি স্বীয় ইচ্ছায় ও যত্নাতিশয়ে মন, প্রাণ সকলই সমর্পণ করিয়াছেন, এবং হৃদয়মন্দিরে জাজ্বল্যমান তাঁহার মূর্ত্তি নিরীক্ষণে আত্মভাব বিস্মৃত হইয়া অবস্থিতি করিতেছেন, তিনিই

ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু বা।

অন্বয়ঃ।

যঃ ঈশ্বরে প্রেম, তদধীনেষু ঈশ্বরাধীনেষু ভক্তেষু মৈত্রীং, বালিশেষু অজ্ঞজনেষু কৃপাং

শ্রীধরস্বামী।

প্রেম চ মৈত্রী চ কৃপা চ উপেক্ষা চ তা ঈশ্বরাদিষু চতুর্ষু যঃ করোতি স মধ্যমো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈশ্বরে স্বোপাস্যে ভগবতি প্রেম করোতি তস্মিন্নাসক্তো ভবতীত্যর্থঃ। তদধীনেষু স অধীনো যেষাং তেষু ভক্তেষু মৈত্রীং বন্ধুভাবং। বালিশেষু তদ্ভক্তিমজানৎসু কৃপামিতি .ভরতব্যাসশুকাদীনামপি কৃপায়াঃ সার্ব্বত্রিকত্বাদর্শনাৎ যেষু বালিশেষু কৃপা স্বয়মুদেতি

যিনি ঈশ্বরে প্রেম, তদধীন ভক্তের সহিত মিত্রভাব, অনভিজ্ঞ জনে কৃপা

আভাস।

স্বীয় ভাবের দ্বারা মহাভাগবতের লক্ষণ বলিতে পারিবেন, তাহাতে আর বিচিত্রতা কি? হরি বলিলেন, যে ব্যক্তি নিজের উপাস্য ভগবানের বিদ্যমানতা চেতনাচেতন যাবতীয় বস্তুমাত্রে অবলোকন করেন, তিনিই পরম ভাগবত নামে পরিকীর্ত্তিত। হিরণ্যকশিপু যখন প্রহ্লাদকে বলেন, "তোমার ভগবান্ কোথায়"? প্রহ্লাদ তদুত্তরে বলিলেন, তিনি স্থাবর, জঙ্গম যাবতীয় পদার্থেই নিত্য বিরাজমান আছেন। তখন হিরণ্যকশিপু বলিলেন, এই স্ফটিক স্তম্ভে কি তোমার নারায়ণ আছেন? প্রহ্লাদ বলিলেন, তিনি না থাকিলে এই স্তম্ভের অস্তিত্বও উপলব্ধ হইত না। ঐ দেখুন! হরি স্ফটিকস্তম্ভ বিদীর্ণ করিয়া আমার আশ্রয়ার্থ আগমন করিতেছেন। ইহাই স্থাবরাদিতে ভগবদ্ভাবের দর্শন। আবার যখন মৃত্তক্ষণ-প্রসঙ্গে যশোদা শ্রীকৃষ্ণকে তিরস্কার করেন, তখন বাসুদেব মুখ ব্যাদান পূর্ব্বক জননীকে আপনার নির্দ্দোষিতার পরিচয় দেন; যশোদা তৎকালে শ্রীকৃষ্ণের মুখারবিন্দ মধ্যে এই বিচিত্র ব্রহ্মাণ্ড অবলোকন করিয়া, বিস্মিতা হইলেন। ইহা ভগবানে ভূতসমূহ অবলোকনের ফল। কিম্বা, যে পরাৎপর পরমেশ্বর আমার হৃদয়ে স্ফূর্ত্তি পাইতেছেন, তিনিই সকল জীবের ও স্থাবরের অন্তরে এবং বাহিরে বিরাজমান রহিয়াছেন। তরু-লতাদি পাদপগণ সেই ভগবানকে অন্তরে প্রাপ্ত হইয়াই অপার প্রেমানন্দে পুলকিত হইতেছে; এবং প্রেমের উচ্ছ্বাসে ফলপুষ্পাদি মস্তকে লইয়া, অবনত-শিরে তাঁহারই উদ্দেশে অর্পণ করিতেছে। যিনি সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া জ্ঞান ও শক্তিসহকারে সকল পদার্থকেই পুষ্ট ও প্রতিপালন করিতেছেন, তিনিই আত্মানামে অভিহিত। যেমন বর্ণাদির বিচিত্র বিন্যাসে ভিত্তির উপরেই চিত্র প্রকাশমান হয়, সেইরূপ অপূর্ব্ব মায়াশক্তির বিন্যাসে যথায় এই বিশ্ব রচিত হইয়াছে, তিনিই জনার্দ্দন বাসুদেব। তিনিই জগতের জীবন ও সত্তাস্বরূপ। ঐইরূপ ভগবৎস্বরূপের ভাব যাঁহার হৃদয়ে নিত্য উদ্ভাসিত থাকে, তিনিই শ্রেষ্ঠ ভাগবত বলিয়া কীর্ত্তিত ॥ ৪৫ ॥

প্রেম-মৈত্রী-কৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

তদ্দুঃখ-প্রহাণেচ্ছাং, দ্বিষৎসু ভগবত্তদ্ভক্তদ্বেষিষু উপেক্ষাং ঔদাসীন্যং, করোতি সঃ মধ্যমঃ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

ভাগবতঃ। এবম্ভূতস্য ভেদস্য দর্শনাৎ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

তেষ্বিতি ব্যাখ্যেয়ং। গিরয়ো মুমুচুস্তোয়ং ক্বচিন্ন মুমুচুঃ শিবমিতি গিরিদৃষ্টান্তাৎ। ভগবন্তং দ্বিষৎসু উপেক্ষাং তত্র কৃপায়া বৈফল্যদর্শনাদিতি ভাবঃ। আত্মানং দ্বিষৎসু তু বালিশত্বমননাৎ দূরতঃ স্থিত্যৈব তচ্ছুভানুধ্যানমাত্রমিতি সদাচারঃ। অত্র সর্ব্বভূতেষু ভগবদ্দর্শনযোগ্যতা যস্য কদাচিদপি ন দৃষ্টা তস্যৈবৈতল্লক্ষণচতুষ্টয়বত্ত্বে মধ্যমত্বং। যস্য তু সা দৃষ্টা তস্য তূত্তমত্বমেবেতি বিবেচনীয়ং। অতএব ভাগবতোত্তমেষু নারদাদিষ্বপি প্রেমমৈত্রীকৃপোপেক্ষা দৃশ্যন্তে এব ॥ ৪৪ ॥

এবং ঈশ্বর ও ভক্তের বিদ্বেষভাবাপন্ন ব্যক্তির প্রতি উপেক্ষা প্রদর্শন করেন, তাদৃশ ভেদদর্শী ভক্ত মধ্যম ভাগবত বলিয়া অভিহিত ॥ ৪৪ ॥

আভাস।

জীবন্মুক্ত সর্ব্বশ্রেষ্ঠ ভগবদ্ভক্তের মানসিক অবস্থার কথা বর্ণন করিয়া, মধ্যম ভক্তের চিত্তভাব বর্ণন করিয়াছেন। মধ্যম ভক্তের ভাবের অনুষ্ঠানেই উত্তম ভক্ত হওয়া যায়, সুতরাং এটী কেবল উৎকৃষ্ট ভাবের সাধন-স্থানীয়। ভগবান্ পতঞ্জলি তাঁহার যোগসূত্রের মধ্যে বলিয়াছেন, "মৈত্রীকরুণামুদিতোপেক্ষাণাং সুখদুঃখপুণ্যাপুণ্যবিষয়াণাং ভাবনাতশ্চিত্তপ্রসাদনম্"; সুখীজনে বা সুখস্বরূপ ঈশ্বরে মিত্রতা, দুঃখিত জনে করুণা, পুণ্যবান্ ব্যক্তির প্রতি (মোদন) হর্ষ এবং অপুণ্যবান্ ভগবদ্দ্বেষী বা নিজ শত্রুর প্রতি উপেক্ষা প্রদর্শন করিলে, চিত্তের প্রসন্নতা লাভ হয়। এই যোগকে শাস্ত্রে সর্ব্বশ্রেষ্ঠ রাজযোগ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। ইহার পরক্ষণেই মোক্ষপ্রদ ভগবদ্ভাব লাভে জীব জীবন্মুক্ত হইয়া থাকে। ভক্তপর্য্যায়ের এই দ্বিতীয় স্তর ॥ ৪৪ ॥

তৃতীয় বা প্রথম আরব্ধ স্তর ঈশ্বর-ভাবের সংকোচ-দৃষ্টি। গুরুমুখে বা শাস্ত্রে ঈশ্বরের অস্তিত্ব অবগত হইয়া, একটী শালগ্রাম শিলাতে বা প্রতিমাতে যে ভগবানের আবির্ভূত ভাব কল্পনা করত তথায় তাঁহার পূজা ও অর্চ্চনা করা, তাহা আস্তিকী বুদ্ধির প্রথম পরিচয় অবস্থা মাত্র। এতাদৃশ ভক্ত ভগবানের সর্ব্বান্তর্গামী ভাব বা সর্ব্বব্যাপী ভাব অবধারণে সক্ষম হন না, ইহা তাঁহাদের স্বার্থসম্বলিত ভক্তির কেবল প্রথম উন্মুখতা মাত্র। স্বার্থের অনুরোধে অগ্রসর হইয়া ক্রমশ যখন নিঃস্বার্থ হইবেন, তখন তাঁহাদের দ্বিতীয় স্তর মধ্যভাগবত ভাব এবং সর্ব্বান্তে নিঃস্বার্থ বোধেও লব্ধ যে কথঞ্চিৎ আপনার পৃথক্‌ভাব

অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে।
ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ ॥ ৪৫ ॥
গৃহীত্বাপীন্দ্রিয়ৈরর্থান্ যো ন দ্বেষ্টি ন হৃষ্যতি।

অন্বয়ঃ।

যঃ হরয়ে হরিপ্রাপ্তয়ে অর্চ্চায়াং এব (সর্ব্বত্র বিদ্যমানমপি তং অজানন্ প্রতিমায়ামেব তস্য) পূজাং শ্রদ্ধয়া ঈহতে করোতি, তদ্ভক্তেষু অন্যেষু গোব্রাহ্মণাগ্ন্যাদিষু চ ন (পূজাং করোতি) সঃ প্রাকৃতঃ (নিকৃষ্টঃ) ভক্তঃ স্মৃতঃ উক্তঃ ॥ ৪৫ ॥

ইন্দ্রিয়ৈঃ অর্থান্ শব্দাদিবিষয়ান্ গৃহীত্বা অপি (তজ্জনিতদুঃখসুখেষু) ইদং (দুঃখ-

শ্রীধরস্বামী।

অর্চ্চায়াং প্রতিমায়াং পূজামীহতে করোতি ন তদ্ভক্তেষু অন্যেষু চ সুতরাং ন করোতি প্রাকৃতঃ প্রকৃতিপারম্ভঃ অধুনৈব প্রারব্ধভক্তিঃ শনৈরুত্তমা ভবিষ্যতীত্যর্থঃ ॥ ৪৫ ॥

পুনরষ্টভিঃ শ্লোকৈরভ্যর্হিতত্বাৎ উত্তমভাগবতস্যৈব লক্ষণান্যাহ গৃহীত্বাপীতি। শ্রীবাসু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অর্চ্চায়াং প্রতিমায়াং হরয়ে হরিং প্রীণয়িতুং ন তদ্ভক্তেষ্বপি অন্যেষু চ সুতরাং প্রাকৃতঃ প্রকৃতিপারম্ভঃ অধুনৈব প্রারব্ধভক্তিঃ শনৈরুত্তমা ভবিষ্যতীত্যর্থ ইতি শ্রীস্বামিচরণাঃ। তদেবং ত্রিভিঃ গদ্ধশ্লো যাদৃশ ইতি প্রশ্নস্যোত্তরমুক্তম্ ॥ ৪৫ ॥

লক্ষিতস্যোত্তমভাগবতস্য জাতিভেদাদন্যান্যপি লক্ষণানি সম্ভবন্তীত্যাহ পুনরষ্টভিঃ।

ভগবান্ সর্ব্বব্যাপী ও অনন্ত হইলেও যে ব্যক্তি তাহা অবধারণে অসমর্থ হইয়া শালগ্রামাদি প্রতিমাতে শ্রদ্ধাসহকারে বিষ্ণুর অর্চ্চনা করিয়া থাকেন, এবং ভগবদ্ভক্ত বা জগতের অন্য পদার্থে ভগবদ্ভাব উপলব্ধি করিতে পারেন না, তাঁহাকে ভক্তপর্য্যায়ের নিকৃষ্ট স্তরে প্রাকৃত ভক্তসংজ্ঞায় গণনা করা হয় ॥ ৪৫ ॥

হে নরনাথ ! নারায়ণে সমর্পিত-চিত্ত পুরুষ ইন্দ্রিয় সমূহের দ্বারা ভোগ্য শব্দস্পর্শাদি বিষয়-নিচয় উপভোগ করিয়াও বিষয়-নিষ্ঠ সুখ বা দুঃখে আনন্দিত

আভাস।

অবস্থিতি রূপ অহম্ভাব, তাহাও বিস্মৃত হইয়া কেবল ভগবৎস্বরূপের স্ফূর্ত্তি সর্ব্বত্র অবলোকন করাই, উত্তম ভাগবতের লক্ষণ ; ইহাই এই পূর্ব্বোক্ত শ্লোকত্রয়ে বর্ণিত হইল ॥ ৪৫ ॥

পরবর্ত্তী আটটী শ্লোকদ্বারা উত্তম ভাগবতের আচরণের কথা বলা হইয়াছে। যদিও সকল ক্রিয়াই মানসিক ব্যাপারে নিষ্পন্ন, তথাপি তাহার সংস্কার দেহাদি ইন্দ্রিয়কেও স্পর্শ করে ; এইজন্য এখানে কায়িক ও মানসিক উভয় আচরণের কথাই উল্লেখ করা হইল। গীতায় উক্ত আছে, "ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোহনুবিধীয়তে। তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাব-

বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্ স বৈ ভাগবতোত্তমঃ॥ ৪৬॥
দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং যো জন্মাপায়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ।
সংসারধর্ম্মৈরবিমুহ্যমানঃ স্মৃত্যা হরের্ভাগবতঃ প্রধানঃ॥ ৪৭॥

অন্বয়ঃ।

সুখাদিকং অন্তঃকরণধর্ম্মরূপং) বিষ্ণোঃ মায়াং পশ্যন্ যঃ (দুঃখেষু) ন দ্বেষ্টি (সুখেষু) ন হৃষ্যতি সঃ বৈ ভাগবতোত্তমঃ॥ ৪৬॥

যঃ হরেঃ স্মৃত্যা দেহেন্দ্রিয়প্রাণমনোধিয়াং সংসারধর্ম্মৈঃ জন্মাপায়ক্ষুদ্ভয়তর্ষকৃচ্ছ্রৈঃ (দেহস্য জন্মাপায়ৌ, উৎপত্তিবিনাশৌ, প্রাণস্য ক্ষুৎ, মনসঃ ভয়ং, বুদ্ধেঃ তর্ষঃ তৃষ্ণা, ইন্দ্রিয়াণাং কৃচ্ছ্রং শ্রমঃ তৈঃ) অবিমুহ্যমানঃ (আত্মনি অমন্যমানঃ) সঃ ভাগবতঃপ্রধানঃ উত্তমো ভাগবতঃ জ্ঞেয়ঃ॥ ৪৭॥

শ্রীধরস্বামী

দেবাবিষ্টচিত্তো ন গৃহ্লাতি তাবদিন্দ্রিয়ৈরর্থান্ গৃহ্ণীত্বাপীত্যপি শব্দার্থঃ। ইদং বিশ্বং॥ ৪৬॥

কিঞ্চ দেহাদীনাং সংসারধর্ম্মৈর্জন্মাপায়াদিভি র্যো হরেঃ স্মৃত্যা অবিমুহ্যমানঃ তত্র দেহস্য জন্মাপায়ৌ। প্রাণস্য ক্ষুৎ; মনসো ভয়ং। বুদ্ধেস্তর্ষ তৃষ্ণা ইন্দ্রিয়াণাং কৃচ্ছ্রং, শ্রমঃ॥ ৪৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহীত্বেতি॥ ৪৬॥

দেহাদীনাং জন্মাদিভিঃ সংসারধর্ম্মৈরবিমুহ্যমানঃ তত্র দেহস্য জন্মাপায়ৌ। প্রাণস্য ক্ষুৎপিপাসে। মনসো ভয়ং। বুদ্ধেস্তর্ষ তৃষ্ণা। ইন্দ্রিয়াণাং কৃচ্ছ্রং শ্রমস্তৈঃ॥ ৪৭॥

বা বিষণ্ন হন না, যাবতীয় সুখদুঃখাদির ব্যাপার এক বিষ্ণুর মায়ারূপে নির্দ্ধারণ করত নিশ্চিন্ত থাকেন; তিনিই ভাগবতপ্রধান বলিয়া উক্ত॥৪৬॥

ভগবান্ নারায়ণকে হৃদয়-মন্দিরে অনবরত স্মরণ করত, যে ব্যক্তি দেহেন্দ্রিয়াদির ব্যাপারে বিমোহিত হন না; অর্থাৎ দেহের জন্ম নাশ, ইন্দ্রিয়ের পরিশ্রম জনিত অবসাদ, প্রাণের ক্ষুৎপিপাসা, মনের ক্ষোভ এবং বুদ্ধির আকাঙ্ক্ষাকে সংসারেরই ধর্ম্ম জানিয়া তাহাতে পরিলিপ্ত না হন, তিনিই ভাগবতশ্রেষ্ঠ বলিয়া উক্ত॥ ৪৭॥

আভাস।

মিথাস্তসি"॥ চিত্তের বেগ অনুসারে যেমন ইন্দ্রিয় আকৃষ্ট হইয়া তদনুসারে কার্য্য করে, আবার মনও ইন্দ্রিয়ের ব্যবহার অনুসারে বিষয়ে আকৃষ্ট হয়। ইহারা পরস্পরে পরস্পরের সহিত বাধ্যবাধকতা সম্বন্ধে সততই আবদ্ধ। অতএব একের নিরোধে কখন উদ্দেশ্য সফল হয় না; মন ও ইন্দ্রিয়, উভয়েরই নিগ্রহ করা প্রয়োজন। সুতরাং শাস্ত্রকার এখানে কেবল মনের ভাব বলিয়াই ক্ষান্ত হন নাই; ইন্দ্রিয়, দেহ, মন, প্রাণ ও বুদ্ধি

ন কামকর্ম্মবীজানাং যস্য চেতসি সম্ভবঃ।
বাসুদেবৈকনিলয়ঃ স বৈ ভাগবতোত্তমঃ ॥ ৪৮ ॥

অন্বয়ঃ।

যস্য চেতসি কামকর্ম্মবীজানাং (কামঃ বিষয়ভোগাভিলাষঃ ততঃ কর্ম্মাণি তত্তশ্চ বীজানি শরীরগ্রহণে হেতুভূতানি পুণ্যাপাপানি তেষাং) সম্ভবঃ উৎপত্তিঃ (ন ভবতি) বাসুদেবৈকনিলয়ঃ (বাসুদেবঃ একঃ এব নিলয়ঃ আশ্রয়ো যস্য সঃ) সঃ বৈ ভাগবতোত্তমঃ ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

কামাশ্চ কর্ম্মাণি চ বীজানি চ বাসনাস্তেষাং। বাসুদেব একো নিলয় আশ্রয়ো যস্য সঃ। এতেন গৃহীত্বাপীত্যাদি শ্লোকত্রয়েণ দ্বেষ-হর্ষ-মোহ-কামাদি-রহিতশ্চরতীতি যথা চরতীত্য-স্যোত্তরমুক্তং ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কামেতি চেতনাদৌ বীজানি বাসনা উৎপাদ্যন্তে। তত্তদ্ব্যাদিবিষয়কঃ কামস্ততঃ কর্ম্ম, ইন্দ্রিয় দ্বারা তত্তদ্ব্যাপারঃ। এতত্ত্রিতয়স্য যচ্চেতসি ন সম্ভবঃ। তদেবং গৃহীত্বাপীত্যাদি ত্রিভির্দ্বেষহর্ষমোহকামাদিরহিতশ্চ ভবতীতি যথা চরতীত্যস্যোত্তরমুক্তং। অতঃপরমধ্যায়সমাপ্তি-পর্য্যন্তং যৎকর্ম্ম ইত্যস্যোত্তরমেব প্রপঞ্চয়িষ্যতে ॥ ৪৮ ॥

একমাত্র বাসুদেবে আত্মসমর্পণ করত যাঁহার চিত্তে কামনা, তজ্জনিত কর্ম্ম এবং কর্ম্মজনিত কোন প্রকার সংসারের মূলীভূত সংস্কার স্থান পায় না, তিনিই ভাগবতোত্তম বলিয়া প্রশংসিত হন ॥ ৪৮ ॥

আভাস।

সকলেরই অবস্থার পরিচয় দিয়াছেন। অর্থাৎ দেহের জন্ম নাশ, ইন্দ্রিয়ের বিষয়ালোচনে শ্রম, প্রাণের ক্ষুধা পিপাসা, মনের ভয় এবং বুদ্ধির আকাঙ্ক্ষা এই সমস্ত মায়াময় বিষয়ে মায়ারই বিলাসজ্ঞানে তন্নিষ্ঠ বৃত্তিতে উদ্বিগ্ন না হইয়া, ভক্ত সকল কার্য্যে ভগবান্ শ্রীহরিকে স্মরণ করিয়া থাকেন ॥ ৪৬ ॥ ৪৭ ॥

যিনি সর্ব্বান্তঃকরণে বাসুদেবে চিত্ত সমর্পণ করিতে পারেন, তিনি বাহ্য দৃষ্টিতে বিবিধ কর্ম্মের অনুষ্ঠান করিলেও, তজ্জনিত দোষে দূষিত হন না। কামনার দ্বারা কর্ম্ম করিবার প্রবৃত্তি জন্মে এবং কর্ম্মের ফলভোগ হইলে পুনরায় বাসনা বা সংস্কাররূপে সেই কর্ম্মের প্রবৃত্তি চিত্তে অঙ্কিত থাকে ; সুতরাং পুনরায় বাসনা ও পুনরায় কর্ম্মের প্রবৃত্তি অনিবার্য্য। কিন্তু অগ্নিযোগে চনকাদি বীজসমূহ ভর্জ্জিত হইলে যেমন, তাহা হইতে অঙ্কুরোৎপত্তির সম্ভাবনা আর থাকে না, সেইরূপ ভগবানে চিত্ত অর্পিত থাকিবার গুণে তাহাতে সংগৃহীত যাবতীয় সংস্কার-বীজ পুনরায় কখন কামনারূপে পরিণত হইতে পারে না ॥ ৪৮ ॥

কামোদ্রেকের প্রধান কারণ অভিমান। যাহার জাত্যাভিমান ও বর্ণাভিমান প্রভৃতি

ন যস্য জন্মকর্ম্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ।
সজ্জতেঽস্মিন্নহংভাবো দেহে বৈ স হরেঃ প্রিয়ঃ॥ ৪৯॥
ন যস্য স্বঃ পর ইতি বিত্তেষ্বাত্মনি বা ভিদা।
সর্ব্বভূতসমঃ শান্তঃ স বৈ ভাগবতোত্তমঃ॥ ৫০॥

অন্বয়ঃ।

যস্য অস্মিন্ দেহে ন জন্মকর্ম্মভ্যাং ন বর্ণাশ্রমজাতিভিঃ অহম্ভাবঃ গর্ব্বঃ সজ্জতে সঃ বৈ হরেঃ প্রিয়ঃ॥ ৪৯॥

যস্য বিত্তেষু আত্মনি বা স্বঃ পরঃ ইতি ভিদা ভেদঃ ন, সর্ব্বভূতসমঃ সর্ব্বভূতেষু একাত্মদর্শী, শান্তঃ জিতেন্দ্রিয়ঃ, সঃ বৈ ভাগবতোত্তমঃ॥ ৫০॥

শ্রীধরস্বামী।

বৈলিঙ্গৈ র্ভগবৎপ্রিয় ইত্যাদেরোত্তরমাহ ন যস্যেতি। জন্ম সৎকুলং কর্ম তপ আদি; জাতয়ঃ অনুলোমজাঃ মূর্দ্ধাভিষিক্তাম্বষ্ঠাদয়ঃ। অস্মিন্ দেহেঽহঙ্কাররহিতৈঃ সৎকুলকর্মাদিলিঙ্গৈর্হরেঃ প্রিয়ো ভবতীত্যর্থঃ॥ ৪৯॥

বিত্তেষু স্বীয়ং পরকীয়মিতি॥ ৫০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জন্ম সৎকুলোদ্ভবত্বং। কর্ম্ম জপধ্যানাদি। জাতয়োঽম্বষ্ঠাদ্যাঃ। এতাভি র্যস্য দেহেঽহম্ভাবোঽহঙ্কারো ন ভবতি॥ ৪৯॥

স্বঃ স্বপক্ষঃ পরো বিপক্ষঃ বিত্তেষ্বপি স্বস্যেবেদং বিত্তং ন পরস্যেতি আত্মনি স্বশরীরে এব প্রীতি র্ন পরশরীর ইতি॥ ৫০॥

এই মনুষ্য জন্ম ধারণ করিয়া যাহার হৃদয়ে সৎকুলে জন্ম, পুণ্যোৎপাদক কর্ম্ম, উৎকৃষ্ট জাতি, শ্রেষ্ঠ আশ্রম বা উচ্চ বর্ণ নিমিত্তক অহঙ্কার-ভাবের উদয় না হয়, তিনিই শ্রীহরির একজন প্রিয়পাত্র, সন্দেহ নাই॥ ৪৯॥

ধনপুত্রাদি সম্পত্তিতে অধিক কি! দেহে পর্যন্ত যাঁহার আত্মীয় বা পর বলিয়া ভেদ-জ্ঞান না থাকে, সকল ভূতের প্রতি সমজ্ঞানে শান্তচিত্তে অবস্থিতি করিতে পারেন, তাঁহাকেই ভগবদ্ভক্ত বলিয়া জানিতে হইবে॥৫০॥

আভাস।

নানা প্রকার অভিমান হৃদয়ে সর্ব্বদা ক্রীড়া করে, তাহার অন্তরে মেঘাবৃত দিবাকরের ন্যায়, ভগবৎস্বরূপ বিদ্যমান থাকিয়াও অস্পষ্ট ও অজ্ঞাতভাবে উপেক্ষিত থাকেন। মেঘের অপগমে দিবার দোষ নষ্ট হয় এবং তপনের প্রখর কিরণে যেমন কর্দ্দমাদি সমস্ত পৃথিবীর পঙ্কিলভাব দূরে যায়, সেইরূপ এক অভিমানের বিদূরণে ভগবদ্ভক্ত সমস্ত পাপ হইতে নির্ম্মুক্ত হইয়া, জীবনের সার্থকতা লাভ করেন। ভগবানের প্রেমালোকে ভক্ত-হৃদয়ের

ত্রিভুবনবিভবহেতবেঽপ্যকুণ্ঠস্মৃতি রজিতাত্মসুরাদিভির্বিমৃগ্যাৎ।
ন চলতি ভগবৎপদারবিন্দাল্লবনিমিষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্যঃ ॥ ৫১ ॥

অন্বয়ঃ।

ত্রিভুবনবিভবহেতবে ত্রৈলোক্যরাজ্যপ্রাপ্ত্যর্থং, অপি অজিতাত্মসুরাদিভিঃ (অজিতে হরৌ এব আত্মা চিত্তং যেষাং; অজিতঃ আত্মা স্বরূপং যেষামিতি বা তৈঃ) সুরাদিভিঃ বিমৃগ্যাৎ দুর্লভাৎ ভগবৎপদারবিন্দাৎ লবার্দ্ধং অপি যঃ ন চলতি ভজনং ন ত্যজতি, অকুণ্ঠস্মৃতিঃ অকুণ্ঠা অনপগতা স্মৃতি র্যস্য সঃ বৈষ্ণবাগ্র্যঃ বৈষ্ণবশ্রেষ্ঠঃ স্মৃতঃ ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ ত্রিভুবনবিভবহেতবেঽপি ত্রৈলোক্যরাজ্যার্থমপি লবার্দ্ধমপি নিমিষার্দ্ধমপি ভগবৎপদারবিন্দভজনাদ্ যো ন চলতি স বৈষ্ণবাগ্র্যঃ। নমু লবার্দ্ধনিমিষার্দ্ধমাত্রভজনোপরমে চেত্তাবল্লাভো ভবেৎ তৎ কুতো ন চলেৎ তত্রাহ অকুণ্ঠস্মৃতিঃ ভগবৎপদতোঽন্যৎ সারং নাস্তীত্যেবংরূপা অকুণ্ঠা অনপগতা স্মৃতি র্যস্য স ভগবৎপদারবিন্দাৎ অন্যৎ সারং নাস্তীতি কুতঃ তত্ত্ব আহ অজিতে হরাবেবাত্মা যেষাং তথাভূতৈঃ সুরাদিভিরপি দুর্ল্লভাৎ। কিন্তু কেবলং বিমৃগ্যাৎ তদপেক্ষয়া সর্ব্বস্য তুচ্ছত্বং স্মরন্ যো ন চলতীত্যর্থঃ ॥ ৫১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিভুবনবিভবহেতবেঽপি ত্রৈলোক্যরাজ্যপ্রয়োজনায়াপি ন কুণ্ঠা প্রলোভয়িতুমশক্যা স্মৃতি র্যস্য সঃ। ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যমিত্যাদৌ বাঞ্ছন্তি যৎ পাদরজঃ প্রপন্না ইত্যাদিবচনাৎ। অতএব লবার্দ্ধমপি নিমেষার্দ্ধমপি ভগবচ্চরণারবিন্দাদন্যত্র ন চলতি। কীদৃশাৎ অজিতে হরাবেবাত্মা যেষাং তথাভূতৈরপি সুরাদিভি দুর্ল্লভত্বাৎ। কিন্তু কেবলং বিমৃগ্যাৎ। যদ্বা। অজিতাত্মানোঽজিতেন্দ্রিয়া যে সুরাদয়স্তৈস্তু ত্রিভুবনরাজ্যার্থং বিমৃগ্যাৎ ॥ ৫১ ॥

অধিক কি! ত্রিভুবনের রাজত্ব পাইবার নিশ্চয় প্রত্যাশা হইলেও যে ব্যক্তি কখন বিচলিত না হন, এমন কি! ক্ষণকালের জন্যও দেবেন্দ্র-বাঞ্ছিত ভগবচ্চরণারবিন্দ হইতে স্খলিত-চিত্ত না হন, তিনিই বৈষ্ণবগণের অগ্রগণনীয় ॥ ৫১ ॥

আভাস।

কোনরূপ সন্দেহ বা আপন পর ভেদবুদ্ধি থাকে না; তিনি সর্ব্বভূতে ভগবত্তার অবলোকন করিয়া শান্তচিত্তে সর্ব্বদাই বাস করিয়া থাকেন ॥ ৫৯।৫০ ॥

ভগবৎ সাক্ষাৎকার লাভ হইলেও, যে পর্য্যন্ত দেহ ত্যাগ না করা হয়, তদবধি অতি সাবধানে বাস করা কর্ত্তব্য। কারণ সরল অন্তঃকরণে কুহকের প্রশ্রয় অতি ভয়ঙ্কর হয়। তখন লোকপালগণও ত্রৈলোক্যরাজ্য ভোগ করিবার জন্য ভক্তকে আহ্বান করেন; কিন্তু ভক্ত যদি সেই সময়ে ক্ষণকালের জন্যও সেই পতিতপাবনকে স্বীয় অন্তর হইতে অন্তর্হিত

ভগবত উরুবিক্রমাঙ্ঘ্রিশাখানখমণিচন্দ্রিকয়া নিরস্ততাপে।
হৃদি কথমুপসীদতাং পুনঃ স প্রভবতি চন্দ্র ইবোদিতেঽর্কতাপঃ ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

ভগবতঃ উরুবিক্রমাঙ্ঘ্রিশাখানখমণিচন্দ্রিকয়া (উরবো বিক্রমাঃ বিন্যাসাঃ যয়োঃ তয়োঃ অঙ্ঘ্রয়োঃ শাখানাং শাখাসদৃশানাং অঙ্গুলীনাং যে নখাঃ তে এব মণয়ঃ মণিতুল্যাঃ চন্দ্রস্থানীয়াঃ তেষাং চন্দ্রিকা শীতলা দীপ্তিঃ তয়া নিরস্তঃ কামাদিতাপো যস্মিন্ তস্মিন্) উপসীদতাং ভজতাং হৃদি চন্দ্রে উদিতে সতি অর্কতাপঃ ইব সঃ সন্তাপঃ পুনঃ কথং প্রভবতি ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

অপিচ বিষয়াভিসঙ্গিনা চলনং কামেনাভিসন্তাপে সতি ভবেৎ। সতু ভগবৎসেবানির্বৃতেন সম্ভবতীত্যাহ ভগবত ইতি। উরু বিক্রমৌচ তাবঙ্ঘ্রী চ তয়োঃ শাখা অঙ্গুলয় স্তাসু নখানি তান্যেব মণয়স্তেষাং চন্দ্রিকা শীতলা দীপ্তি স্তয়া নিরস্তাঃ কামাদিতাপা যস্মিন্ তস্মিন্ উপসীদতাং ভজতাং হৃদি কথং পুনঃ স তাপঃ প্রভবতি। চন্দ্রে উদিতে সতি অর্কস্য তাপ ইব। ন যস্য স্বঃ পর ইত্যাদিনা শ্লোকত্রয়েণ যাদৃশ ইত্যস্যোত্তরমুক্তং বেদিতব্যং যদ্‌ব্রূত ইত্যস্য চ হরিনামানীতি জ্ঞাতব্যং ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপিচ বিষয়াভিসঙ্গিনা চলনং কামসন্তাপে সতি ভবেৎ। স চ কামসন্তাপো মহাভাগবতানাং ন সম্ভবেদিত্যাহ। ভগবত ইতি উরুবিক্রমৌ চ তৌ অঙ্ঘ্রী চ তয়োঃ শাখা অঙ্গুলয়স্তাসু নখানি তান্যেব মণয়স্তেষাং চন্দ্রিকা শীতলা দীপ্তি স্তয়া নিরস্তঃ কামাদিতাপো যস্মিন্ তস্মিন্নুপসীদতাং জনানাং হৃদি কথং পুনঃ স তাপঃ প্রভবতি। চন্দ্রে উদিতেঽর্কস্য তাপ ইব ॥ ৫২ ॥

উরুবিক্রম ভগবানের শ্রীপাদপদ্মের অঙ্গুলিস্থিত নখর-মণির শীতল জ্যোতিতে যাঁহাদের চিত্ত-সন্তাপ চন্দ্রোদয়ে নিদাঘ-তাপের ন্যায় নির্ব্বাপিত হয়, তাদৃশ উপাসক ভক্তের হৃদয়ে সংসার-তাপ কি আর স্থান পাইতে পারে! ৫২ ॥

আভাস।

করিয়া ভোগমদে মত্ত হন, তাহা হইলে ভস্মে আহুতি প্রদানের ন্যায়, তাঁহার এতকালের পরিশ্রম সমস্তই নিরর্থক হইবে। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "স্থান্যুপনিমন্ত্রণে সঙ্গস্ময়াকরণং পুনরনিষ্টপ্রসঙ্গাৎ" লোকপালাদির নিমন্ত্রণেও আসক্তি করা কর্ত্তব্য নহে। কারণ তাহাতেও পুনরায় অনিষ্ট ঘটিবার বিশেষ সম্ভাবনা। অতএব তাদৃশ বিপদ্ হইতে আপনাকে রক্ষা করিতে হইলে, তদপেক্ষা গুরুতর শুভ আশ্রয়কে অবলম্বন করা বিধেয়। সংসারে শ্রেষ্ঠ অবলম্বনই ভগবানের পাদপদ্ম। যখনই কোন প্রলোভনের আশঙ্কা

বিসৃজতি হৃদয়ং ন যস্য সাক্ষাদ্ধরিরবশাভিহিতোঽপ্যঘৌঘনাশঃ।

অন্বয়ঃ।

প্রণয়-রসনয়া (প্রণয়ঃ প্রেমএব রসনা রজ্জু স্তয়া) ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ (ধৃতং হৃদয়ে বদ্ধং অঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ) অঘৌঘনাশঃ (অঘৌঘং পাপসমূহং নাশয়তি যঃ সঃ) সাক্ষাৎ হরিঃ অবশাৎ (অবশেন জ্বরাদিনা বৈবশ্যমাপন্নেন) অভিহিতঃ নাম্না উচ্চারিতোঽপি যস্য হৃদয়ং

শ্রীধরস্বামী।

উক্তসমস্তলক্ষণসারমাহ বিসৃজতীতি। হরিরেব স্বয়ং সাক্ষাদ্‌যস্য হৃদয়ং ন বিসৃজতি ন মুঞ্চতি। কথম্ভূতঃ অবশেনাপ্যভিহিতমাত্রোঽপি। অঘৌঘং নাশয়তি যঃ সঃ। তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তসমস্তলক্ষণসারমাহ বিসৃজতীতি। হরিরেব স্বয়ং সাক্ষাৎ যস্য হৃদয়কন্দরং ন বিসৃজতি ন মুঞ্চতি। তত্র কন্দরকুঞ্জরাণাং কুতো বার্ত্তেত্যাহ যঃ খল্ববশেনাপি কদাচিদভিহিতমাত্রোঽপি অঘৌঘং নাশয়তি। কিং পুনঃ স্বরসাস্বাদং যেন প্রতিক্ষণমভিভাবিত ইতি ভাবঃ। এতেন যদ্‌কৃত ইত্যাদ্যোক্তরমভিব্যঞ্জিতং। নন্বু কথং তদীয়হৃদয়-মন্দিরান্ন নির্গচ্ছতি তত্রাহ প্রণয়রসনয়া ধৃতঃ হৃদয়ে বদ্ধং অঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ। যথা প্রেমবশীকৃতা যশোদয়া উদরে উদূখলে বদ্ধস্তথা সর্ব্বজীবাত্মারাশৃঙ্খলয়া নিবধ্নন্ স ভক্ত-

উপাসনার অভ্যাসে যাহার চিত্ত এতই প্রস্তুত হইয়াছে যে, অবশভাবে একবার স্মরণ করিবা মাত্র সর্ব্বপাপ-বিনাশন সাক্ষাৎ কমললোচন

আভাস।

হইবে তখনই দৃঢ়ভাবে চরণ-চিন্তনের দ্বারা সেই বিপদের হস্ত হইতে উদ্ধারের যত্ন করা কর্ত্তব্য; তাহা হইলে ভক্তকে আর বিপন্ন হইতে হয় না। ভগবান্ আপনিই সেই ভক্তের রক্ষাবিধান করিয়া থাকেন। ৫১ ॥ ৫২ ॥

ঈশ্বরচিন্তায় এতই অভ্যস্ত হওয়া উচিত যে, যে কোন অবস্থায় থাকা যাউক না, একবার ইচ্ছা করিলেই যেন, পরাৎপর পরমেশ্বরের অচিন্ত্য ভাব তৎক্ষণাৎ হৃদয়ে সন্দর্শন করিতে পারা যায়। নতুবা কিছুতেই মঙ্গল নাই। গুরুমুখে বা শাস্ত্রে শ্রবণ করা হইয়াছে, কিন্তু কার্য্যকালে যদি সে ভাব হৃদয়ে ভাবিয়া স্থির করা না যায়, তবে সে শ্রবণের ফল কি হইল! জীব মনরূপ মদমত্ত বারণের ভয়ে সততই ভীত; অতএব যদি হৃদয়-বনে হরিরূপ সিংহের আবাহন করিতে পারে, তাহা হইলে কি আর কুঞ্জরের ভয়ে উৎকণ্ঠিত হইতে হয়! ভগবান্ যেমন সুখসেব্য ভোগের প্রলোভনে জীবকে মায়াপাশে বদ্ধ করিয়াছেন, জগজ্জীবন জনার্দ্দনকেও সেইরূপ হৃদয়কুঞ্জবনের সুখসেব্যত্ব প্রদর্শন করাইয়া অমায়াময় প্রেমশৃঙ্খলে বদ্ধ করিতে হইবে। যশোদার রজ্জুতে বদ্ধ হইয়া শ্রীকৃষ্ণ যেমন যমলার্জ্জুনরূপ দুই বৃক্ষের উৎপাটনে স্থানটী পাদপশূন্য করিয়াছিলেন, সেইরূপ প্রেমশৃঙ্খলে পতিতপাবন ভগবান্ বদ্ধ হইয়া আশয় ও অভিমানরূপ

প্রণয়রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্মঃ স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে বসুদেব-নারদ-সম্বাদে জায়ন্তেয়োপাখ্যানে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ * ॥

রাজোবাচ ॥

পরস্য বিষ্ণোরীশস্য মায়িনামপি মোহিনীং ।

অন্বয়ঃ ।

ন বিসৃজতি মুঞ্চতি সঃ ভাগবতেষু প্রধানঃ মুখ্যঃ উক্তঃ কথিতঃ ॥ ৫৩ ॥

ইতি শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥

রাজা নিমিঃ উবাচ। ঈশস্য সর্ব্বান্তর্যামিনঃ পরস্য সর্ব্বকারণকারণস্য, বিষ্ণোঃ

শ্রীধরস্বামী।

কিং ন বিসৃজতি যতঃ প্রণয়রসনয়া ধৃতং হৃদয়ে বদ্ধমঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ ভাগবতপ্রধান উক্তো ভবতি ॥ ৫৩

॥ * ॥ ইত্যেকাদশে দ্বিতীয়ঃ ॥ * ॥

মায়া তত্তরণব্রহ্মকর্ম্মপ্রশ্নচতুষ্টয়ে।

তৃতীয়ে তুত্তরং দত্তমার্ষভৈর্মুনিভিঃ পৃথক্ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবৈঃ প্রেমশৃঙ্খলয়া নিবধ্যতে ইতি ভাবঃ ॥ ৫৩ ॥

॥ * ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

একাদশে দ্বিতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মায়াতত্তরণাবীশলিঙ্গকর্ম্মাণি পৃচ্ছতে।

রাজ্ঞে প্রত্যুত্তরাণ্যেষাং তৃতীয়ে দদুরার্ষভাঃ ॥ * ॥

কৃষ্ণ যেন প্রণয়রজ্জুতে বদ্ধ-চরণ হইয়া যাঁহার হৃদয়মন্দির কখন পরিত্যাগ করেন না, তিনিই ভাগবতশ্রেষ্ঠ বলিয়া পরিকীর্ত্তিত হইয়া থাকেন ॥ ৫৩ ॥

ইতি একাদশে দ্বিতীয় অধ্যায় ॥

নিমিরাজ বলিলেন, হে ভগবন্! সর্ব্বকারণকারণ সর্ব্বান্তর্যামী সর্ব্বব্যাপী

আভাস।

সংসারের মূলকারণ ভঙ্গ করিয়া জীবকে নিস্তার করেন। তাদৃশ ভক্তই সর্ব্বশ্রেষ্ঠ ও জগতে কৃতার্থ বলিয়া পরিগণিত ॥ ৫৩ ॥

ইতি একাদশে দ্বিতীয় অধ্যায় ॥

মায়াং বেদিতুমিচ্ছামো ভগবন্তো ব্রুবন্তু নঃ ॥ ১ ॥

অন্বয়ঃ ।

(সর্ব্বব্যাপিত্বাৎ ভগবন্তঃ) মায়িনাং ব্রহ্মাদীনাং অপি মোহিনীং মোহকারিণীং, মায়াং বেদিতুং ইচ্ছামঃ ; (সর্ব্বজ্ঞাঃ) ভগবন্তঃ নঃ অস্মভ্যং ব্রুবন্তু নিরূপয়ন্তু ॥ ১ ॥

শ্রীধরস্বামী ।

বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্নিত্যুক্তং অতো মায়াং পৃচ্ছতি পরস্যেতি । হে ভগবন্তঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্নিত্যুক্তমতো মায়াং পৃচ্ছতি । পরস্যেতি ॥ ১ ॥

ভগবান্ বিষ্ণুর যে অচিন্ত্যশক্তিস্বরূপা মায়া আছেন, যাঁহার প্রভাবে ব্রহ্মাদি প্রধান মায়াবিগণও সতত মোহিত হইতেছেন, আমি সেই মায়ার বিষয় অবগত হইতে বাসনা করি, আপনারা অনুগ্রহ পূর্ব্বক তদ্বিষয়ে আমাকে উপদেশ করুন ! ॥ ১ ॥

আভাস ।

তৃতীয় অধ্যায়ে মায়া, মায়ার হস্ত হইতে পরিত্রাণের উপায় এবং ব্রহ্ম ও কর্ম্ম বিষয়ক প্রশ্নের উত্তর যথাবিধি যোগেন্দ্রগণ কর্তৃক পরিকীর্ত্তিত হইয়াছে ॥

নিমিরাজ যোগিগণের মুখে যখন শ্রবণ করিলেন যে, এই দৃশ্যমান জগৎ ব্রহ্মাণ্ড সকলই বৃথা; ইহা কেবল সেই অচিন্ত্যশক্তি ভগবান্ বিষ্ণুর জগন্মোহিনী শক্তিস্বরূপা মায়ামাত্র । এক সুবর্ণের স্বরূপ পরিজ্ঞাত হইতে পারিলে, যেমন বিবিধ অলঙ্কারের স্বরূপ অবগত হইবার আর অপেক্ষা থাকে না, যাদুকরের সহিত বিশেষ পরিচিত থাকিলে, যাদু-কার্য্যে আর বিশেষ চমৎকৃত হইতে হয় না, সেইরূপ এক অচিন্ত্যশক্তি অঘটন-ঘটনা-পটীয়সী মায়ার স্বরূপ অবগত হইতে পারিলে, মায়াকার্য্য সংসারে আর আসক্ত হইতে হয় না । নিমিরাজ তখন তাদৃশ সংসারকারণ মায়াকে অবগত হইবার জন্য যোগেন্দ্রগণ সমীপে বিশেষ অনুরোধ করিলেন । তিনি বলিলেন, সংসারে জন্মগ্রহণ করা যে, বিষয় সম্ভোগে পরিতৃপ্ত হওয়াই এক মাত্র উদ্দেশ্য, তাহা নহে । কারণ ভোগ্য বিষয়ের সঙ্গে সঙ্গে সহজ সম্পর্কে আধ্যাত্মিকাদি ত্রিবিধ তাপে জীবকে এরূপ পরিতপ্ত হইতে হয় যে, ভোগলভ্য সুখের অপেক্ষা দুঃখ অনন্তগুণে অধিক । সুতরাং ভোগসুখের অপেক্ষা শান্তিসুখ মুক্তিই সর্ব্বতোভাবে প্রার্থনীয় । এখানে আশঙ্কা হইতে পারে যে, একের জ্ঞানে অন্যের প্রাপ্তি যখন কখন সম্ভব নহে, তখন মায়ার জ্ঞানে মোক্ষের প্রাপ্তি কিরূপে সঙ্গত ? তদুত্তরে বলা যায় যে, মায়ার জ্ঞানে মোক্ষ প্রাপ্তি সাক্ষাৎ সম্বন্ধে সঙ্গত না হইলেও গৌণসম্বন্ধে উপায়ভূত বটে ; কারণ মায়ার জ্ঞানে বিষয়াসক্তি অপনীত হইয়া থাকে ; সুতরাং নিত্যানন্দের স্ফুরণে উত্তরোত্তর মোক্ষপদবীতেই জীব অগ্রসর হয় । বিশেষতঃ এই মায়াপ্রশ্নে নিমিরাজের ঈশ্বরবিষয়ক প্রশ্নেরই উত্থাপন করা হইয়াছে । কারণ বৃক্ষের নির্যাস

নানুতৃপ্যে জুষন্ যুষ্মদ্বচো হরিকথামৃতং।
সংসারতাপনিস্তপ্তো মর্ত্ত্যস্তত্তাপভেষজং॥ ২॥
শ্রীঅন্তরীক্ষ উবাচ॥
এভিভূর্তানি ভূতাত্মা মহাভূতৈর্ম্মহাভুজঃ।

অন্বয়ঃ।

সংসারতাপনিস্তপ্তঃ (সংসারে যে তাপাঃ আধ্যাত্মিকাদয়ঃ তৈঃ নিতরাং তপ্তঃ, মর্ত্ত্যঃ মরণধর্ম্মশীলঃ তত্তাপভেষজং তেষাং সংসারতাপানাং ভেষজং ঔষধং হরিকথামৃতং (তৎ পূর্ণং) যুষ্মদ্বচঃ জুষন্ শৃন্বন্ ন (অহং) অনুতৃপ্যে ন তৃপ্তো ভবামি॥ ২॥

অন্তরীক্ষঃ উবাচ। আত্মঃ (সর্ব্বকারণতয়া স্বয়মেবাদাবেব বর্ত্তমানঃ) (অতএব মহাভুজঃ মহাবলপরাক্রমযুক্তঃ, ভূতাত্মা (ভূতানাং অপি উপাদানকারণতয়া আত্মা ন তত্ত দেষাঃ

শ্রীধরস্বামী।

ননূক্তলক্ষণো ভাগবতো ভূত্বা কৃতার্থঃ স্যাৎ কিং বহুপ্রশ্নৈরত আহ নানুতৃপ্য ইতি। সংসারতাপৈর্নিতরাং তপ্তোঽহং। তস্য তাপস্য ভেষজং হরিকথামৃতরূপং যুষ্মদ্বচো জুষমাণো নানুতৃপ্যামি॥ ২॥

মায়ায়াঃ স্বরূপতো নিরূপণাসম্ভবাৎ সৃষ্ট্যাদিকার্য্যদ্বারেণ নিরূপয়িতুমাহ এভিরিতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নানুতৃপ্যে ইতি। যুষ্মৎসঙ্গার্থিনো মে যুষ্মদ্বচোঽমৃতপানলোভস্য দুর্ব্বারত্বমেব প্রশ্নে কারণং জ্ঞেয়মিতি ভাবঃ॥ ২॥

গুণকার্য্যাণাং সৃষ্টিস্থিতিসংহারাণাং নিরূপণেনৈব গুণা নিরূপিতাঃ স্যুঃ। তৈশ্চ

দেখুন! দুর্ল্লভ মনুষ্যযোনি প্রাপ্ত হইয়াও আধ্যাত্মিকাদি সংসারতাপে আমি নিতান্তই পরিতপ্ত হইয়াছি; সেই সংসার রোগের অপূর্ব্ব মহৌষধি স্বরূপ হরিকথামৃতপূর্ণ ভবদীয় বচনাবলি যথেষ্ট শ্রবণ করিয়াও আমার প্রচুরবোধে তৃপ্তি হইতেছে না; যতই শ্রবণ করিতেছি, শ্রবণ-লালসা ততই উত্তরোত্তর বৃদ্ধিই পাইতেছে॥ ২॥

অন্তরীক্ষ বলিলেন, ভগবান্ বিষ্ণু অনাদি ও অনন্ত; তাঁহার পরাক্রমের

আভাস।

সংগ্রহ করিতে হইলে যেমন সেই বৃক্ষকেই সংগ্রহ করা অগ্রে প্রয়োজন; অগ্নির আলোক প্রাপ্ত হইতে হইলে, অগ্নি সংগ্রহই পূর্ব্বে আবশ্যক, সেইরূপ মায়াকে অবগত হইতে হইলে, মায়াবী জনার্দ্দনের জ্ঞান পূর্ব্বেই অবধারণ করা বিধেয়। অতএব মায়াপ্রশ্নে এখানে মায়াশক্তির প্রকাশকাধীন ভগবৎস্বরূপের কীর্ত্তন করিতে অনুরোধ করাই নিমিরাজের মনোগত অভিপ্রায়॥ ১॥ ২॥

সসর্জ্জোচ্চাবচান্যাদ্যঃ স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে ॥ ৩ ॥

অন্বয়ঃ ।

ভিরয়ং) ভগবান্ স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে (স্বস্যৈব জীবরূপেণ বিভক্তঃ, মীয়ন্তে ইতি মাত্রাঃ শব্দাদিবিষয়াঃ তেষাং প্রসিদ্ধয়ে ভোগায় তথা আত্মপ্রসিদ্ধয়ে মোক্ষায়) এভিঃ প্রত্যক্ষাদি-প্রমাণসিদ্ধৈঃ মহাভূতৈঃ পৃথিব্যাদিভিঃ উচ্চাবচানি উৎকৃষ্টাপকৃষ্টানি চ ভূতানি দেবমনুষ্যতি-র্য্যগাদিশরীরাণি সসর্জ্জ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী ।

চতুর্দ্দশভিঃ । আদ্যঃ পুরুষঃ, যয়া শক্ত্যা ভূতানামাত্মা কারণভূতঃ এভিঃ স্বসৃষ্টৈর্মহাভূতৈঃ উচ্চাবচানি সসর্জ্জ এবা মায়া ভগবত ইতি চরমশ্লোকপাদস্য প্রতিশ্লোকমনুষঙ্গঃ। কিমর্থং সসর্জ্জ স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে স্বঃ মিমীতে প্রমীয়তে য উপাস্তে স স্বমাতা তস্যাত্মনো জীবস্য প্রকৃষ্টায়ৈ সিদ্ধয়ে। যদ্বা। স্বাংশভূতানাং জীবানাং মাত্রাপ্রসিদ্ধয়ে বিষয়ভোগায়। আত্মপ্রসিদ্ধয়ে মোক্ষায় চেত্যর্থঃ। তদুক্তং বেদস্তুতৌ। বুদ্ধীন্দ্রিয়মনঃপ্রাণান্ জনানামসৃজৎ প্রভুঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনে কল্পনায় চেতি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নিরূপিতৈঃ স্বতএব গুণময়ী মায়া নিরূপিতা স্যাদিত্যভিপ্রায়েণাহ ভূতাত্মা পরমেশ্বরঃ উচ্চাবচানি ভূতানি দেবতির্য্যগাদীনি সসর্জ্জ কিমর্থং স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে। স্বীয়ানাং জীবানাং মাত্রাণাং বিষয়প্রাপ্তীনাং আত্মনঃ স্বপ্রাপ্তেশ্চ যা প্রকৃষ্টা সিদ্ধিস্তদর্থং যদুক্তং বেদস্তুতৌ বুদ্ধীন্দ্রিয়মনঃপ্রাণান্ জনানামসৃজৎ প্রভু। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনে কল্পনায় চেতি ॥ ৩ ॥

ইয়ত্তা নাই। তিনি অংশরূপে স্বয়ংই জীবদেহে প্রবিষ্ট হইয়া, জীবরূপে পরিচিত হইতেছেন। সৃষ্ট সংসারের তিনিই একমাত্র সার। তিনি তাদৃশ জীবনিচয়ের বিষয়ানুভবে ভোগ এবং বিষয়বিচারে অপবর্গ প্রদানার্থ এই পরিদৃশ্যমান পঞ্চমহাভূতের দ্বারা দেব, মনুষ্য ও তির্য্যগাদি উৎকৃষ্ট ও অপকৃষ্ট জীবদেহ রচনা করিয়াছেন ॥ ৩ ॥

আভাস ।

অন্তরীক্ষ অন্তরে অর্থাৎ মূলকারণে যিনি দৃষ্টি করিতে পারেন, তিনি সর্ব্বকারণস্বরূপা মায়ার তত্ত্ব অবগত হইতে পারেন ; অতএব মায়ার অবধারণকারীর নাম "অন্তরীক্ষ" সুসঙ্গত বটে। কিন্তু মায়ার স্বরূপ অবধারণ অসম্ভব। শব্দাদি যাবতীয় পদার্থই মায়াময় ; অতএব বিজাতীয় ব্যতীত স্বজাতীয় মায়াময় বস্তুর দ্বারা মায়ার অবধারণ সম্পূর্ণ অসম্ভব। অতএব গুণকার্য্য, সৃষ্টি, স্থিতি ও প্রলয় কার্য্যের দ্বারাই তত্তৎকারক গুণের স্বরূপ নির্ণয় হয় এবং নিরূপিত গুণের দ্বারাই গুণময়ী মায়া নিরূপিত হওয়া সঙ্গত ; এই অভিপ্রায়ে অন্তরীক্ষ সৃষ্টির স্বরূপ ও কারণ প্রথমত নির্ণয় করিলেন। তিনি বলিলেন, মায়াময় ভগবান্ জীবের ভোগ এবং প্রকৃতি দর্শন পূর্ব্বক মুক্তির অভিপ্রায়ে এই সংসার সৃষ্টি করিয়াছেন ॥ ৩ ॥

এবং সৃষ্টানি ভূতানি প্রবিষ্টঃ পঞ্চধাতুভিঃ।
একধা দশধাত্মানং বিভজন্ জুষতে গুণান্॥ ৪॥
গুণৈর্গুণান্ স ভুঞ্জান আত্মপ্রদ্যোতিতৈঃ প্রভুঃ।

অন্বয়ঃ।

এবং পঞ্চধাতুভিঃ মহাভূতৈঃ সৃষ্টানি ভূতানি (প্রত্যগাত্মতয়া) প্রবিষ্টঃ (ভগবান্ অন্তঃকরণাভিমানিতয়া) একধা, (জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াভিমানিতয়া চ) দশধা, আত্মানং বিভজন্ গুণান্ শব্দাদি বিষয়ান্ জুষতে ভুঙ্‌ক্তে ভোজয়তি বা। ৪॥

ততশ্চ সঃ প্রভুঃ দেহাভিমানী জীবঃ আত্মপ্রদ্যোতিতৈঃ (আত্মনা স্বেনৈব ঈশ্বরেণ প্রদ্যোতিতৈঃ চেতনীকৃতৈঃ গুণৈঃ গুণপরিণামভূতৈঃ ইন্দ্রিয়ৈঃ গুণান্ শব্দাদিবিষয়ান্

শ্রীধরস্বামী

এবং জীবোপকরণার্থং পঞ্চধাতুভি র্মহাভূতৈঃ সৃষ্টান্যন্তর্যামিরূপেণ প্রবিষ্টঃ একধা মনসা, দশধা বাহ্যেন্দ্রিয়রূপেণাত্মানং বিভজন্ গুণাংস্তত্ত্বিষয়ান্ জুষতে জোষয়তীত্যর্থঃ। যদ্বা। স্বমাত্মানং প্রতি গুণান্ বিভজন জুষতে প্রীণত ইত্যর্থঃ॥ ৪॥

স চ জীব আত্মনান্তর্যামিনা প্রদ্যোতিতৈ গুণৈরিন্দ্রিয়ৈ র্গুণান্ বিষয়ান্ ভুঞ্জানঃ ইদং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সৃষ্টিমুক্ত্বা স্থিতিমাহ। এবমিতি ত্রিভিঃ। পঞ্চধাতুভির্মহাভূতৈঃ সৃষ্টানি ভূতান্যন্তর্যামিতয়া প্রবিষ্টঃ সন্ একধা মনসা, দশধা বাহ্যেন্দ্রিয়রূপেণ আত্মানং বিভজন্ গুণান্ তত্তদ্বিষয়ান্ জুষতে জীবং জোষয়তে ভোজয়তীত্যর্থঃ॥ ৪॥

সচ জীব আত্মনা অন্তর্যামিণা প্রদ্যোতিতৈর্গুণৈরিন্দ্রিয়ৈর্গুণান্ বিষয়ান্ ভুঞ্জান ইদং সৃষ্টং শরীরং আত্মানং মন্যমান ইহ শরীরাদৌ সজ্জতে। প্রভু প্রকর্ষেণ দেব-

এই প্রকারে পঞ্চমহাভূত-সৃষ্ট কলেবরে স্বয়ং অন্তরাত্মারূপে প্রবিষ্ট হইয়া ভগবান্ প্রথম অন্তঃকরণের অধিষ্ঠাতারূপে একপ্রকার এবং জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ও কর্ম্মেন্দ্রিয় পঞ্চের অধিষ্ঠাতারূপে আপনাকে দশপ্রকারে বিভক্ত করিয়া শব্দাদি বিষয়প্রপঞ্চ জীবকে ভোগ করাইতেছেন॥ ৪॥

অনন্তর সেই জীব ঈশ্বরপ্রদত্ত চেতনায় চৈতন্যবিশিষ্ট প্রাকৃতিক গুণ-পরিণামোৎপন্ন ইন্দ্রিয় দ্বারা শব্দাদি বিষয়কে ভোগ করায়, এই ইন্দ্রিয়াদি-

আভাস।

ঈশ্বর মহাভূতাদি যাবতীয় ভোগ্য বস্তু ও ভোগায়তন দেহের রচনা করিয়া স্বয়ং অন্তর্যামিরূপে তন্মধ্যে প্রবেশ করিলেন, ॥ ৪॥

তাঁহার প্রবেশই জীব-ভাব; অথচ তিনি স্বয়ং পৃথক্ থাকিয়া, স্বপ্রেরিত ইন্দ্রিয়াদি ভোগোপকরণে জীবকে ভোগ এবং মোক্ষ প্রদান করিয়া থাকেন। সুতরাং দেব মনুষ্যাদি

মন্যমান ইদং সৃষ্টমাত্মানমিহ সজ্জতে ॥ ৫ ॥
কর্ম্মাণি কর্ম্মভিঃ কুর্ব্বন্ সনিমিত্তানি দেহভৃৎ।
তত্তৎ কর্ম্মফলং গৃহ্নন্ ভ্রমতীহ সুখেতরং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

ভুঞ্জানঃ ইদং দেহেন্দ্রিয়কং আত্মানং মন্যমানঃ ইহ বিষয়ভোগে সজ্জতে প্রসক্তো ভবতি ॥ ৫ ॥

দেহভৃৎ (দেহাদ্যভিমানী জীবঃ) কর্ম্মভিঃ পূর্ব্বপূর্ব্বদেহার্জ্জিতকর্ম্মবাসনাভিঃ সনিমিত্তানি উত্তরোত্তরদেহনিমিত্তপুণ্যপাপজনকানি, কর্ম্মাণি কুর্ব্বন্ সুখেতরং সুখদুঃখাত্মকং তত্তৎ কর্ম্মফলং গৃহ্নন্ অনুভবন্ ইহ সংসারে ভ্রমতি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

সৃষ্টং শরীরং আত্মানং মন্যমান ইহ শরীরাদৌ সজ্জতে ॥ ৫ ॥

অতএব সংসরতীত্যাহ কর্ম্মাণীতি। কর্ম্মভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ সনিমিত্তানি সবাসনানি কর্ম্মাণি কুর্ব্বন্ সুখেতরং দুঃখাত্মকং কর্ম্মফলং ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভোগাদিষু ভবতীতি সঃ ॥ ৫ ॥

ততশ্চ সংসরতীত্যাহ। কর্ম্মভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ সনিমিত্তানি সবাসনানি কর্ম্মাণি কুর্ব্বন্ সুখেতরং সুখদুঃখাত্মকং কর্ম্মফলং প্রাপ্নুবন্ রমতে ইতি নারকযোনাবপি রমণদর্শনাৎ ॥ ৬ ॥

বিশিষ্ট কলেবরে আত্মজ্ঞান করত ভোগে আসক্ত হইতেছে ॥ ৫ ॥

দেহধারী জীব পূর্ব্ব পূর্ব্ব দেহার্জ্জিত কর্ম্মবাসনার দ্বারা উত্তরোত্তর দেহোৎপাদক পুণ্যপাপজনক কর্ম্ম সমুদায় সম্পাদন করিয়া, সুখদুঃখপ্রদ কর্ম্মফল বহন করত অনন্ত সংসারপথে ভ্রমণ করিতেছে ॥ ৬ ॥

আভাস।

যাবতীয় দেহ ও দেহধারী জীবের স্বরূপই এক ভগবচ্ছক্তির প্রকটন মাত্র। ৫।

ভগবান্ সমস্তই সৃষ্টি করিয়াছেন এবং জীবকে ভোক্তারূপে নিয়োজিত করিয়াছেন বটে, তথাপি ভোগসংগ্রহ করা জীবের অধীন। কারণ ভোগসংগ্রহের হেতু কর্ম্মও ভগবান্ সৃষ্টি করিয়াছেন। এই কর্ম্মই বিচিত্র সংসারের প্রকৃত হেতুভূত নিদান কারণ। জীব ভগবদ্দত্ত ইন্দ্রিয়াদির দ্বারা বাসনানুরূপ কর্ম্ম সমুদায় নিষ্পাদন পূর্ব্বক তত্তৎফলানুরূপ সুখ-দুঃখাদি ভোগ করত জন্মজন্মান্তর অনুভব করিতেছে। এই কর্ম্মফলের প্রদাতা ভগবান্ হইলেও কর্ম্মকর্ত্তা কিন্তু জীব। জীব বাসনানুরূপ উৎকৃষ্ট মোক্ষপ্রদ বা অপকৃষ্ট নিরয়োৎপাদক সকল কর্ম্মই করিতে পারে। কর্ম্ম করা জীবের অধীন; সুতরাং সংসারে গমন ও মোক্ষলাভ জীবেরই আয়ত্তাধীন ॥ ৬ ॥

ইত্থং কর্ম্মগতী র্গচ্ছন্ বহ্বভদ্রবহাঃ পুমান্।
আভূতসংপ্লবাৎ সর্গপ্রলয়াবশ্নুতেঽবশঃ ॥ ৭ ॥
ধাতুপপ্লব আসন্নে ব্যক্তং দ্রব্যগুণাত্মকং।

অন্বয়ঃ।

ইত্থং বহ্বভদ্রবহাঃ (বহূনি অভদ্রাণি বহন্তি প্রাপয়ন্তি ইতি) কর্ম্মগতীঃ কর্ম্মণাং ফলভূতাঃ গতীঃ দেবমনুষ্যতির্য্যগা দযোনীঃ গচ্ছন্ অনুভবন্ অবশঃ কর্ম্মবশঃ পুমান্ আভূতসংপ্লবাৎ মহাভূতপ্রলয়পর্য্যন্তং, সর্গপ্রলয়ৌ জন্মমরণে, অশ্নুতে প্রাপ্নোতি ॥ ৭ ॥

ধাতুপপ্লবে (ধাতূনাং পঞ্চমহাভূতানাং উপপ্লবে বিনাশে) আসন্নে প্রাপ্তে সতি অনাদিনিধনঃ জন্মবিনাশশূন্যঃ, কালঃ দ্রব্যগুণাত্মকং স্থূলসূক্ষ্মাত্মকং, ব্যক্তং প্রপঞ্চং

শ্রীধরস্বামী।

বহূনি অভদ্রাণি বহন্তি ইতি তথা তাঃ সর্গপ্রলয়ৌ উৎপত্তিমরণে ॥ ৭ ॥

এবং মায়াময়ীং সৃষ্টিমুক্ত্বা প্রলয়ং নির্ণয়িতুমারভতে। ধাতূনাং মহাভূতানাং উপপ্লবে নাশহেতাবাসন্নে ব্যক্তং কার্য্যং। দ্রব্যং স্থূলং গুণঃ সূক্ষ্মঃ তদাত্মকং। অব্যক্তায় অব্যক্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতানামুদ্ভবস্তূনাঃ সংপ্লবঃ প্রলয়স্তৎপর্য্যন্তং ॥ ৭ ॥

সংহারমাহ সার্দ্ধৈরষ্টভিঃ। ধাতূনাং মহাভূতানামুপপ্লবে নাশহেতৌ প্রলয়ে আসন্নে সতি ব্যক্তং কার্য্যং দ্রব্যগুণাত্মকং দ্রব্যং স্থূলং গুণঃ সূক্ষ্মং তদাত্মকং অব্যক্তায় অব্যক্তং

এই প্রকারে বিবিধ সুখদুঃখপ্রাপক কর্ম্মের ফলভূত দেব, মনুষ্য ও তির্য্যগাদি যোনি লাভ করিয়া, জীব কর্ম্মবশে অবশের ন্যায়, ভূতসমূহের প্রলয়াবধি জন্মমরণস্রোতে ভাসমান হইতেছে ॥ ৭ ॥

পঞ্চমহাভূতের বিনাশ উপস্থিত হইবার উপক্রম হইলে, জন্মাদি বিনাশশূন্য অখণ্ড দণ্ডায়মান কাল দ্রব্যগুণস্বরূপ স্থূল ও সূক্ষ্ম ব্যক্ত প্রপঞ্চকে অব্যক্ত

আভাস।

কিন্তু জীবের এই সংসার-ভ্রমণ চিরকাল স্থায়ী নহে। যতকাল সংসারের অস্তিত্ব থাকে, তত কালই সংসারীর ভ্রমণ ঘটে। ঈশ্বরেচ্ছায় যখন সংসারের উৎপত্তি, তখন ঈশ্বরেচ্ছাতেই সংসারের নিবৃত্তি ঘটে; তখন সংসারী জীবের নিজ ইচ্ছা বা অনিচ্ছার অপেক্ষা না করিয়া সংসার ধ্বংস হইয়া যায় ॥ ৭ ॥

এই ঈশ্বরেচ্ছাই এখানে কাল নামে অভিহিত হইয়াছে। কালে উৎপত্তি এবং কালে লয় হয় ইহা কেবল লোকখ্যাতি মাত্র; ভগবানের গূঢ় অভিপ্রায়ই কাল ও সর্ব্বনিয়ন্ত্রী শক্তি যাহা অব্যক্তভাবকে পৃথক্ পৃথক্ ব্যক্তে পরিণত করত বিচিত্র সংসার করিতেছেন; আবার ব্যক্তভাব পরিবর্ত্তন পূর্ব্বক অব্যক্ত ভাবে পরিণত করিতেছেন ॥ ৮ ॥

অনাদিনিধনঃ কালো হ্যব্যক্তায়াপকর্ষতি ॥ ৮ ॥
শতবর্ষা হ্যনাবৃষ্টির্ভবিষ্যত্যুল্বণা ভুবি।
তৎকালোপচিতোষ্ণার্কো লোকাংস্ত্রীন্ প্রতপিষ্যতি ॥ ৯ ॥
পাতালতলমারভ্য সঙ্কর্ষণমুখানলঃ।
দহন্নূর্দ্ধশিখো বিষ্বগ্বর্দ্ধতে বায়ুনেরিতঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

অব্যক্তায় (প্রকৃতিং প্রতি নেতুং) অপকর্ষতি ॥ ৮ ॥

(তদা) ভুবি উল্বণা দুঃসহা, শতবর্ষা শতবর্ষব্যাপিনী অনাবৃষ্টিঃ ভবিষ্যতি। তৎকালোপচিতোষ্ণার্কঃ (তেন কালেন উপচিতঃ উষ্ণঃ উত্তাপঃ যস্য সঃ চাসৌ অর্কঃ) ত্রীন্ লোকান্ প্রতপিষ্যতি ॥ ৯ ॥

ঊর্দ্ধশিখঃ ঊর্দ্ধজ্বালঃ, সঙ্কর্ষণমুখানলঃ (সঙ্কর্ষণমুখাৎ উদ্ভূতঃ অনলঃ) বায়ুনা সহকারিণা ঈরিতঃ প্রেরিতঃ, পাতালতলং আরভ্য বিষ্বক্ সর্ব্বতঃ, দিশঃ দহন্ বর্দ্ধতে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

প্রতি নেতুমাকর্ষতি ॥ ৮ ॥

নাশহেতুমাহ শতবর্ষেতি। তস্মিন্ কালে উপচিতশ্চাসৌ উষ্ণশ্চাসাবর্কশ্চেতি বা। যেন কালেনোপচিতমুষ্ণং যস্য সঃ ॥ ৯ ॥

ঊর্দ্ধশিখঃ উচ্চজ্বালঃ বিষ্বক্ পরিতঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কারণং প্রতি নেতুমাকর্ষতি ॥ ৮ ॥

উপচিতঃ প্রবৃদ্ধঃ উষ্ণোহংশুর্যস্য ॥ ৯ ১০ ॥

প্রকৃতিতে লীন করিবার জন্য আকর্ষণ করেন ॥ ৮ ॥

সেই সময়ে প্রথমতঃ ব্রহ্মাণ্ডে শতবর্ষব্যাপী ভয়ঙ্কর অনাবৃষ্টি আরম্ভ হয়; সেই অনাবৃষ্টিতে মার্ত্তণ্ডের প্রচণ্ড কিরণে ত্রিভুবন পরিতপ্ত হইতে থাকে ॥ ৯ ॥

তৎকালে সঙ্কর্ষণের মুখ-নিঃসৃত প্রলয়ানল প্রলয়পবনে প্রণোদিত হইয়া শিখাজাল ঊর্দ্ধে উত্তোলন পূর্ব্বক পাতালতল হইতে আরম্ভ করিয়া বিশ্ব সংসার দগ্ধ করিতে থাকে ॥ ১০ ॥

আভাস।

ক্রমান্বয়ে আটটী শ্লোক দ্বারা প্রলয়ের ক্রম প্রদর্শিত হইয়াছে। ক্রমশ বিরাট্ উপাধির লয় হইলে বিরাট্ পুরুষ অব্যক্ত কারণে প্রবিষ্ট হন। এখানে অব্যক্ত কারণ-শব্দে পরম ব্রহ্মকেই লক্ষ্য হইতেছে। কারণ তাহা না হইলে সম্পূর্ণ প্রলয়ের বর্ণন করা

সম্বর্ত্তকো মেঘগণো বর্ষতিস্ম শতং সমাঃ।
ধারাভির্হস্তিহস্তাভির্লীয়তে সলিলে বিরাট্ ॥ ১১ ॥
ততো বিরাজমুৎসৃজ্য বৈরাজঃ পুরুষো নৃপ।

অন্বয়ঃ।

সংবর্ত্তকঃ নাম প্রলয়কর্ত্তা মেঘগণঃ হস্তিহস্তাভিঃ গজশুণ্ডপ্রমাণস্থূলাভিঃ ধারাভিঃ শতং সমাঃ বর্ষশতং বর্ষতি ; ততশ্চ বিরাট্ ব্রহ্মাণ্ডং সলিলে লীয়তে স্ম (ইতি নিশ্চয়ার্থে) ॥ ১১ ॥

হে নৃপ! ততঃ বৈরাজঃ পুরুষঃ সমষ্টিজীবঃ, বিরাজং উৎসৃজ্য ত্যক্ত্বা নিরিন্ধনঃ

শ্রীধরস্বামী

সম্বর্ত্তকঃ প্রলয়কর্ত্তা ধারাভি র্নতু বিন্দুভিঃ হস্তিহস্তাভিস্তৎপ্রমাণাভিঃ ॥ ১১ ॥

তত উপাধিলয়াৎ বৈরাজঃ পুরুষোঽব্যক্তং কারণং প্রবিশতি। ননু ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি হরেঃ পদমিতি স্মৃতেঃ। যাবদধিকারমবস্থিতিরাধিকারিকাণামিতি ন্যায়াচ্চ বৈরাজশব্দাভিধেয়স্য ব্রহ্মণঃ পরমভাগ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্বর্ত্তকঃ প্রলয়কর্ত্তা হস্তিশুণ্ডপ্রমাণাভিঃ ॥ ১১ ॥

ততশ্চোপাধিলয়াৎ বৈরাজঃ সমষ্টিজীবো ব্রহ্মা ব্যষ্টিজীবানাস্তু বৈরাজ এব পূর্ব্বং লয়ো জ্ঞেয়ঃ। অব্যক্তং প্রকৃতিং। অত্র ব্রহ্মণোঽপি কর্ম্মিজ্ঞানিভক্তত্বেন ত্রৈবিধ্যাৎ কস্যচিৎ পুনরাবৃত্তিঃ কস্যচিন্মুক্তিঃ কস্যচিৎ প্রেমবৎ পার্ষদত্বপ্রাপ্তিশ্চ ইতি দ্রষ্টব্যং। আব্রহ্ম-

অনন্তর সম্বর্ত্তক নামক প্রলয়কারী জলদগণ শতবর্ষ কাল হস্তিশুণ্ডধারে অবিরত বারি বর্ষণ করিবে এবং সেই জলে এই বিরাট্ বিশ্ব বিলীন হইবে ॥ ১১ ॥

এই প্রকারে উপাধির বিলয়ে তদুপহিত বিরাট্ পুরুষও বিরাট্ কলেবর পরিহার পূর্ব্বক অগ্নি যেমন কাষ্ঠ দগ্ধ করিয়া আপনার অব্যক্তরূপে উপ-

আভাস।

হইতেছে, বলা হয় না। কর্ম্মী জ্ঞানী ও ভক্তবিশেষে যেমন কাহার পুনর্জ্জন্ম, মুক্তি ও প্রেমিকোপযোগি পার্ষদপদপ্রাপ্তি ঘটে, সেইরূপ ঈশ্বরের অনন্ত সংসারে অনন্ত বিরাট্ পুরুষেরও পুনরাবৃত্তি, মুক্তিও পার্ষদত্বপ্রাপ্তি ঘটিয়া থাকে। অতএব যে ব্রহ্মা যে ব্রহ্মাণ্ডে অধিকারী, সেই ব্রহ্মাণ্ডস্থ জীবনিচয় ব্রহ্মার সহিত মিলিত হইয়া প্রলয়কালে ব্রহ্মার পদ প্রাপ্তির অনুরূপ পদ লাভ করিয়া থাকে। কিন্তু নিরবশেষ প্রলয়ে সৃষ্ট বস্তু বা ব্রহ্মাদি জীব মাত্রেই সেই সর্ব্বকারণকারণ পরমব্রহ্মে বিলীন হইয়া থাকে। এখানে সূক্ষ্ম অব্যক্তশব্দে প্রকৃতিকে লক্ষ্য করা কর্ত্তব্য নহে ; তাহা হইলে দ্বৈতের উপশম পূর্ব্বক প্রলয় হইল না। প্রকৃতি স্বয়ংসিদ্ধা বা পৃথক্ তত্ত্ববিশিষ্টা নহেন। ঈশ্বরের স্বরূপই

অব্যক্তং বিশতে সূক্ষ্মং নিরিন্ধন ইবানলঃ ॥ ১২ ॥

বায়ুনা হৃতগন্ধা ভূঃ সলিলত্বায় কল্পতে ।

অন্বয়ঃ ।

দগ্ধকাষ্ঠঃ বহ্নিঃ ইব সূক্ষ্মং অব্যক্তং কারণং বিশতে প্রবিশতি ॥ ১২ ॥

(সম্বর্ত্তকেন) বায়ুনা হৃতগন্ধা (হৃতঃ গন্ধঃ যস্যাঃ সা) ভূঃ সলিলত্বায় কল্পতে সলিলে

শ্রীধরস্বামী ।

যত্ত্বাং মোক্ষ এব সঙ্গচ্ছতে নান্যেযামিব কারণমাত্র প্রবেশঃ সত্যং অশ্বমেধাদিনা সত্যলোকং গতানামপ্যভক্তানামাবৃত্তিশ্রবণাদভক্তত্বে ব্রহ্মণোঽপি প্রকৃতৌ লয়ঃ পুনরুৎপত্তিশ্চেতি মোক্ষদৌর্লভ্যসূচনায়ৈবমুক্ত নিত্যবিরোধঃ । যদ্বা । কেনাপি প্রকারেণ ন ব্যজ্যত ইত্যব্যক্তং ব্রহ্মৈব তৎপ্রবেশেন চ মোক্ষ এবোক্ত ইতি দ্রষ্টব্যং ॥ ১২ ॥

এবং বিরাজলয়মুক্ত্বা তৎকারণানাঞ্চ মহাদাদিপৃথিব্যন্তানাং প্রাতিলোম্যেন লয়মাহ বায়ুনেতি । বায়োর্হি গন্ধরসহারিত্বং প্রসিদ্ধং । সংবর্ত্তকেন বায়ুনা হৃতগন্ধা অতএব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুনেতি বিপর্য্যয়শ্চ ভবতি ব্রহ্মস্থাবরত্বয়োরিতি । ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে । পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদমিত্যাদি-বচনেভ্যঃ ॥ ১২ ॥

এবং কার্য্যস্য সমষ্টিবিরাজে লয়মুক্ত্বা তৎকরণানাং মহদাদিপৃথিব্যন্তানাং তত্ত্বানাং প্রাতিলোম্যেন লয়মাহ বায়ুনেতি বায়োর্হি গন্ধরসহারিত্বং প্রসিদ্ধং। সম্বর্ত্তকেন বায়ুনা

শমিত হয়, সেইরূপ আপনার অব্যক্ত স্বরূপ সূক্ষ্ম কারণে প্রবেশ করেন ॥১২॥

পৃথিবী সম্বর্ত্তক বায়ুর দ্বারা হৃতগন্ধা হইয়া, জলে বিলীন হইবে, জলও

আভাস ।

তাঁহার প্রকটনের আশ্রয় এবং কার্য্যবর্গই তাঁহার অস্তিত্বের পরিচয় । সৃষ্ট কার্য্যবর্গের লোপাপত্তিতে প্রকৃতিস্বরূপেরও পৃথক্ অস্তিঃ থাকে না ; সুতরাং তাদৃশ প্রকৃতিতে প্রবেশ বা তাহাকে উপাধিরূপে গ্রহণ করা সমষ্টি জীব ব্রহ্মা বা ব্যষ্টি জীবের সম্ভব হয় না। সৃষ্টি করিবার সামর্থ্যই শক্তি বা প্রকৃতি। যখন সৃষ্টির অভাব, তখন ঈশ্বরশক্তি বা প্রকৃতির প্রকটনের অভাব নিশ্চয়ই স্বীকার্য্য। তৎকালে সচ্চিদানন্দ অখণ্ড একরস ব্রহ্মমাত্র অবস্থিত থাকেন ; এবং নদী সমূহ যেমন নামরূপাদি পরিত্যাগ পূর্ব্বক সমুদ্রে আত্মসমর্পণ করে, সেইরূপ ব্রহ্মস্বরূপাতিরিক্ত জীবের আর পৃথক্ সত্তা থাকে না। এই শ্লোকে অগ্নির উদাহরণ দ্বারা জীবের ভোগ এবং অপবর্গের তুলনা করা হইয়াছে। অর্থাৎ বহ্নি যেমন স্বাশ্রয় কাষ্ঠ সমুদায় ভস্মীভূত করত আপনাতেই আপনি উপশমিত হয়, সেইরূপ জীব ভোগান্তে ভোগ্য পরিহার পূর্ব্বক আত্মস্বরূপ পরমেশ্বরে আত্মসমর্পণ করে ॥ ৯—১২ ॥

সলিলং তদ্ধৃতরসং জ্যোতিষ্টায়োপকল্পতে ॥ ১৩ ॥
হৃতরূপন্তু তমসা বায়ৌ জ্যোতিঃ প্রলীয়তে।
হৃতস্পর্শোঽবকাশেন বায়ুর্নভসি লীয়তে ॥ ১৪ ॥
কালাত্মনা হৃতগুণং নভ আত্মনি লীয়তে ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

লীয়তে তদ্ধৃতরসং (তেন বায়ুনা হৃতরসং) সলিলং জ্যোতিষ্টায় (জ্যোতিষি স্বকারণে) উপকল্পতে লীয়তে ॥ ১৩ ॥

(সম্বর্ত্তকেন) তমসা হৃতরূপং জ্যোতিঃ তু বায়ৌ প্রলীয়তে, অবকাশেন স্বকারণেন হৃতস্পর্শঃ (হৃতঃ স্পর্শঃ যস্য সঃ) বায়ুঃ নভসি লীয়তে ॥ ১৪ ॥

কালাত্মনা কালরূপেণ ঈশ্বরেণ হৃতগুণং (হৃতঃ গুণঃ শব্দঃ যস্য তৎ) নভঃ আত্মনি তামসাহঙ্কারে লীয়তে ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

গন্ধস্য ব্যাবর্ত্তকস্য গতত্বাৎ সলিলত্বায় কল্পতে সলিলে লীয়তে ইত্যর্থঃ। তদ্ধৃতরসং তেন বায়ুনৈব হৃতো রসো যস্য তৎ ॥ ১৩ ॥

তমসশ্চ রূপতিরস্কারিত্বং প্রসিদ্ধং। সংবর্ত্তকেন তমসা। অবকাশেন স্বাবকাশেন আকাশেন স্বকারণেন ॥ ১৪ ॥

কালাত্মনা শব্দস্য হি কালত এব নাশঃ প্রসিদ্ধঃ। তদ্রূপেণাত্মনা ঈশ্বরেণ আত্মনি তামসাহঙ্কারে ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হৃতগন্ধাঃ ভূঃ পৃথিবী সলিলত্বায় কল্পতে সলিলে লীয়তে ইত্যর্থঃ। তদ্ধৃতরসস্তেন বায়ুনৈব হৃতো রসো যস্য তৎসলিলং সন্নমেব ॥ ১৩ ॥

তমসা সম্বর্ত্তকেন হৃতরূপমিতি তমসো রূপতিরস্কারিত্বং প্রসিদ্ধমেবেতি ভাবঃ। অবকাশেন আকাশেন স্বকারণেন ॥ ১৪ ॥

কালাত্মনা কালস্বরূপেণেতি শব্দস্য কালত এব নাশঃ প্রসিদ্ধঃ। আত্মনি তামসাহঙ্কারে ॥ ১৫ ॥

রসভাগ পরিত্যাগ পূর্ব্বক জ্যোতিতে পরিণত হইবে ॥ ১৩ ॥

সম্বর্ত্তক অন্ধকারে জ্যোতির রূপাংশ আহৃত হইলে, জ্যোতি বায়ুতে বিলীন হইবে এবং অবকাশ কর্ত্তৃক বায়ুর স্পর্শ গুণ সংগৃহীত হইলে বায়ুও আকাশে পরিণত হইবে ॥ ১৪ ॥

ক্রমশ কালরূপী ঈশ্বর আকাশগুণ শব্দ স্বস্বরূপে আকর্ষণ করিলে, আকাশও তামস অহঙ্কারে অনুপ্রবেশ করিবে ॥ ১৫ ॥

ইন্দ্রিয়াণি মনোবুদ্ধিঃ সহ বৈকারিকৈর্নৃপ।
প্রবিশন্তি হ্যহঙ্কারং স্বগুণৈরহমাত্মনি ॥ ১৬ ॥
এষা মায়া ভগবতঃ সর্গস্থিত্যন্তকারিণী।

অন্বয়ঃ।

অত্র ইন্দ্রিয়াণি বুদ্ধিশ্চ রাজসাহংকারে প্রবিশন্তি। বৈকারিকৈঃ সাত্ত্বিকাহঙ্কারোৎপন্নৈঃ দেবৈঃ সহ মনঃ সাত্ত্বিকাহঙ্কারে প্রবিশতি। এবং স্বগুণৈঃ ত্রিবিধৈঃ স্বকার্য্যৈঃ সহ অহঙ্কারঃ আত্মনি মহতি লীয়তে; মহান্ প্রকৃতৌ সা ব্রহ্মণি লীয়তে। ততশ্চ পুনঃ সৃষ্টাদীনি ভবন্তি ॥ ১৬ ॥

এষা সর্গস্থিত্যন্তকারিণী ত্রিবর্ণা লোহিতশুক্লকৃষ্ণবর্ণা রজঃসত্ত্বতমোময়ী, ভগবতঃ মায়া

শ্রীধরস্বামী।

ইন্দ্রিয়াণি বুদ্ধিশ্চ রাজসাহঙ্কারং। মনো বৈকারিকৈর্দেবৈঃ সহ সাত্ত্বিকাহঙ্কারং। এবং ত্রিবিধৈঃ স্বগুণৈঃ স্বকার্য্যৈঃ সহিতঃ অহঙ্কারঃ আত্মনি মহতি। স চ প্রকৃতাবিতি দ্রষ্টব্যং ॥ ১৬ ॥

ত্রিবর্ণা ত্রিগুণা। মায়াশ্রবণভীতং রাজানং তন্নিবৃত্ত্যুপায়শ্রবণে স্বয়ং ছন্দয়তি কিং ভূয়

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রিয়াণি বুদ্ধিশ্চ রাজসাহঙ্কারং মনো বৈকারিকৈর্দেবৈঃ সহ সাত্ত্বিকাহঙ্কারং এবং ত্রিবিধৈঃ স্বগুণৈঃ স্বকার্য্যৈঃ সহিতঃ। অহং অহঙ্কারঃ। আত্মনি মহতি। স চ মহান্ প্রকৃতাবিতি দ্রষ্টব্যং ॥ ১৬ ॥

এইরূপে ইন্দ্রিয় ও বুদ্ধি রাজস অহঙ্কারে, মন ও দেবতাগণ সাত্ত্বিক অহঙ্কারে এবং এই ত্রিবিধ কার্য্য সহ মূল অহঙ্কার মহত্তত্ত্বে ও মহত্তত্ত্ব মূলা প্রকৃতিতে বিলীন হইয়া থাকে ॥ ১৬ ॥

সৃষ্টি, স্থিতি ও সংহারকারিণী সত্ত্ব, রজ ও তমোগুণাত্মিকা ভগবৎশক্তি-স্বরূপা মায়ার বিষয় আমরা আপনার নিকট বর্ণন করিলাম; এক্ষণে অপর

আভাস।

শ্রুতিতে উক্ত হইয়াছে যে, "আকাশাদ্বায়ুঃ বায়োরগ্নিঃ অগ্নেরাপঃ অদ্ভ্যঃ পৃথিবী, পৃথিব্যাঃ ওষধয়ঃ" আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী এবং পৃথিবী হইতে ওষধি উৎপন্ন হইয়া থাকে; সেইরূপ প্রলয় কালেও উত্তরোত্তর বস্তু সমূহ স্ব স্ব কারণস্থানীয় উত্তরোত্তর ঊর্দ্ধ্ব তত্ত্বে বিলীন হইয়া প্রলয়কে ভজনা করে। জ্যোতির প্রতিবন্ধকই যদিও তমোনামে অভিহিত, তথাপি রূপের নিবারকই প্রকৃত তমো নামে উক্ত। সেই তমোটী বায়ুর একটী আংশিক ভাব বলিতে হইবে। রূপে যে অনু-ভূতি নিবিষ্ট ছিল, এক্ষণে তাহা স্পর্শে সঙ্গত রহিল। অন্তে তাহাও শব্দে এবং শব্দ

ত্রিবর্ণা বর্ণিতাস্মাভিঃ কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥ ১৭ ॥

রাজোবাচ ॥

যথৈতামৈশ্বরীং মায়াং দুস্তরামকৃতাত্মভিঃ।

অন্বয়ঃ।

অস্মাভিঃ বর্ণিতা; ভূয়ঃ কিং শ্রোতুং ইচ্ছসি ॥ ১৭ ॥

রাজা উবাচ। হে মহর্ষে! অকৃতাত্মভিঃ দুস্তরাং এতাং ঐশ্বরীং মায়াং স্থূলধিয়ঃ

শ্রীধরস্বামী।

ইতি ॥ ১৭ ॥

এবমনুকম্পিতস্তন্নিবৃত্ত্যুপায়মেব পৃচ্ছতি যথৈতামিতি। যদ্যপি তন্ময়য়াতো বুধ আভজেত্তমিতি ভক্তিস্তত্তারকত্বেনোক্তৈব তথাপি কিং ভক্তিরেবানোঽপি বা ভত্রো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিবর্ণা ত্রিগুণা ॥ ১৭ ॥

যদ্যপি তন্মায়য়াতো বুধ আভজেত্তমিত্যুক্তের্ভক্ত্যৈব মায়াং তরন্তীতি রাজ্ঞা নিশ্চিতমেব তদপি তত্রত্যান্ বিদ্বন্মানিনঃ কর্ম্মিণো দৃষ্ট্বা পৃচ্ছতি যথেতি। অকৃতাত্মভিরিতি যুগপর্য্যাপ্তয়োঃ কৃতমিতি পর্য্যাপ্তিঃ পরিপূর্ণতামযোক্তেরপূর্ণত্বং মন্দমতো মন্দধীভির্দুস্তরা-

কোন্ বিষয় শ্রবণার্থ আপনার কৌতূহল হইতেছে, তাহা নিবেদন করুন ॥ ১৭

তখন নিমিরাজ বলিলেন, হে মহর্ষিগণ! পুণ্যহীন অকৃতাত্মা জনগণের অনতিক্রমণীয়া তাদৃশী বৈষ্ণবী শক্তি মায়াকেও স্থূলবুদ্ধি নরগণ যেরূপে

আভাস।

তামসিক অহংতত্ত্বে বিলীন হয়; যখন ক্রমান্বয়ে সকলের বিলয়ে গুণত্রয়ের বৈষম্য ভাব পরিহৃত হয়, তখনই "মায়ামাত্রমিদং দ্বৈতং অদ্বৈতং পরমার্থতঃ" এই আচার্য্যবাক্যের প্রকৃত তাৎপর্য্য অবধারিত হয়। ইহাই ভগবানের মায়া বলিয়া বর্ণন পূর্ব্বক অন্তরীক্ষ বলিলেন, হে রাজন্! তুমি আর কি শুনিতে বাসনা করিতেছ? একথা বলায় রাজাকে মায়াতরণের উপায় সম্বন্ধে প্রশ্ন করিবার জন্যই যেন উত্তেজিত করা হইয়াছে ॥ ১৪—১৭ ॥

নিমিরাজ এই প্রকার বচনের ইঙ্গিতে অনুকম্পিত ও আশ্বস্ত হইয়া, মায়ানিবৃত্তির উপায় সম্বন্ধেই প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। "ভয়ং ইতি তন্মায়য়াতো বুধ আভজেত্তং ভক্ত্যৈকয়েশং ইতি" এই পূর্ব্বোক্ত শ্লোক অনুসারে ভগবদ্ভক্তিই মায়া নিবারণের প্রধান ও সহজ উপায় বলিয়া নির্ণীত হইয়াছে। এক্ষণে যদি তদপেক্ষা অন্য কোন সুগম উপায় থাকে, তাহাই পরিজ্ঞাত হইবার নিমিত্ত নিমিরাজের জিজ্ঞাস্য। অর্থাৎ কর্ম্মী বা জ্ঞানী ব্যক্তি যদি ভগবদ্ভক্তির প্রতি কিছুমাত্র দৃষ্টি না করিয়া, কেবল বিদ্যার অভিমানে নিমগ্ন থাকেন, তখন তাঁহাদের গতি কি হইবে? তাঁহারা কি! ইন্দ্রিয়-পরতন্ত্র ও বিষয়াসক্ত ব্যক্তির ন্যায় মায়ার কুহকে নিপতিত হইবেন না। এদিকে যদি বিচার-জ্ঞান বা কর্ম্মের দ্বারা জীব মুক্ত না হয়,

তরন্ত্যঞ্জঃ স্থূলধিয়ো মহর্ষ ইদমুচ্যতাং ॥ ১৮ ॥

প্রবুদ্ধ উবাচ ॥

কর্ম্মাণ্যারভমাণানাং দুঃখহত্যৈ সুখায় চ ।

পশ্যেৎ পাকবিপর্য্যাসং মিথুনীচারিণাং নৃণাং ॥ ১৯ ॥

অন্বয়ঃ ।

যথা অঞ্জঃ অনায়াসেন, তরন্তি তথা ইদং উচ্যতাং ॥ ১৮ ॥

প্রবুদ্ধঃ উবাচ । দুঃখহত্যৈ দুঃখনিরাসায়, সুখায় সুখপ্রাপ্তয়ে, চ কর্ম্মাণি লৌকিকালৌকিকব্যাপারান্ আরভমাণানাং মিথুনীচারিণাং (স্ত্রিয়া সহ মিথুনীভূয় বর্ত্তমানানাং নৃণাং) পাকবিপর্য্যাসং ফলবৈপরীত্যং পশ্যেৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী ।

পায়োঽন্তীতি জ্ঞাতুঃ পুনঃ প্রশ্নঃ । অকৃতাত্মভিরবশীকৃতান্তঃকরণৈঃ স্থূলধিয়ঃ স্থূলে শরীরে অহংধীর্যেষাং তে । যদ্বা । স্থূলা জড়া ধীর্বুদ্ধির্যেষাং নতু সূক্ষ্মা কার্য্যকারণাত্মিকা ॥ ১৮ ॥

ভক্তিব্যতিরেকেণ নাস্ত্যন্য উপায় ইত্যভিপ্রেত্য ভক্তিমেব সসাধনাং নিরূপয়তি । তত্র প্রথমং বৈরাগ্যদ্বারা গুরূপসত্তিমাহ চতুর্ভিঃ কর্ম্মাণীতি । দুঃখহত্যৈ দুঃখপ্রতীকারায় পাকবিপর্য্যাসঃ ফলবৈপরীত্যং । মিথুনীচারিণাং মিথুনীভূয় প্রবর্ত্তমানানাং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মপি স্থূলধিয়ঃ কর্ম্মিপ্রভৃতয়োঽঞ্জঃ সুখেনৈব যথা তরন্তি ইদমুচ্যতামিতি । ননঃ পৃচ্ছমানস্য দুস্তরমপি সমুদ্রং সুখেন যথা তরন্তি তদুচ্যতামিতি কশ্চিৎ কমপি যথা পৃচ্ছতি তথৈব তত্রত্যান্ কর্ম্মিণঃ প্রতি সকটাক্ষভঙ্গীকঃ প্রশ্নোঽয়ং রাজ্ঞো জ্ঞেয়ঃ ॥ ১৮ ॥

কর্ম্মিণো নৈব মায়াং তরন্তীতি সাক্ষাদেব বিবেকেন পশ্যেদিত্যাহ কর্ম্মাণীতি ত্রিভিঃ । পাকবিপর্য্যাসং ফলবিপর্য্যয়ং ॥ ১৯ ॥

অনায়াসে উত্তীর্ণ হইতে পারে, আপনি তাদৃশ উপায় কীর্ত্তন করিয়া আমার চিরবাঞ্ছিত জ্ঞাতব্য বিষয়ের তত্ত্ব নির্ণয় করুন ! ॥ ১৮ ॥

নিমিকৃত এই প্রশ্নের উত্তর প্রদানার্থ প্রবুদ্ধ বলিলেন, হে নরনাথ ! মনুষ্যমাত্রেই দুঃখনিবারণ পূর্ব্বক সুখপ্রাপ্তির কামনায় বিচিত্র ফলপ্রদ বিবিধ কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকে ; কিন্তু সংসার উপলক্ষে সস্ত্রীক ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান করিলেও প্রকৃত প্রস্তাবে বিপরীত ফলই ভোগ করিয়া থাকে ॥১৯॥

আভাস ।

তবে শাস্ত্রাদিতে এই সকলের বিধান নিরর্থক । এতদুত্তরে প্রবুদ্ধ তাহার মীমাংসা করিয়াছেন । নিদ্রাভঙ্গ না হইলে, জাগ্রত ব্যাপারের উপলব্ধি ও স্বপ্নের মিথ্যাত্ব প্রতীতি ঘটে না । মোহনিদ্রা ভঙ্গ না হইলে, ভোগদশার মিথ্যাত্ব প্রতীতি ও আত্মস্বরূপের

নিত্যার্ত্তিদেন বিত্তেন দুর্লভেনাত্মমৃত্যুনা।
গৃহাপত্যাপ্তপশুভিঃ কা প্রীতিঃ সাধিতৈশ্চলৈঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

নিত্যার্ত্তিদেন আত্মমৃত্যুনা মরণশঙ্কাযুক্তেন, অথচ দুর্লভেন আয়াসসাধ্যেন, বিত্তেন তথা সাধিতৈঃ চলৈঃ গৃহাপত্যাপ্তপশুভিঃ কা প্রীতিঃ স্যাৎ॥ ২০॥

শ্রীধরস্বামী।

কর্ম্মভিঃ সাধিতা অপি বিত্তাদয়ো ন সুখহেতব ইত্যাহ নিত্যার্ত্তিদেনেতি। আত্মনঃ স্বস্য মৃত্যুরূপেণ। চলৈরনিত্যৈরপায়িভিঃ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিত্তেন কা প্রীতি র্নকাপীত্যর্থঃ তথৈব তেন বিত্তেনাপি সাধিতৈর্গৃহাদিভিশ্চ কা প্রীতি র্যতশ্চলৈঃ॥ ২০॥

বিশেষ পরিশ্রম পূর্ব্বক নিজের জীবন পর্য্যন্ত ক্ষয় না করিলে, বিত্ত-সংগ্রহ হয় না; কিন্তু তাদৃশ দুর্লভ বিত্তও শান্তির পরিবর্ত্তে নিত্য ক্লেশই প্রদান করিয়া থাকে। কারণ জগতে কোন সামগ্রীই ক্ষয় বা ধ্বংসাদি দোষশূন্য নহে। অতএব বহু পরিশ্রমে অর্জ্জিত গৃহ ক্ষেত্র পুত্র স্বজন ও পশু প্রভৃতি যদি ক্ষণভঙ্গুর হয়, তবে তাহাতে কি আনন্দের প্রত্যাশা! ॥ ২০ ॥

আভাস।

সত্যর জ্ঞান হয় না। প্রবুদ্ধ মোহনিদ্রা হইতে জাগরিত; সুতরাং তাদৃশ প্রশ্নের যথার্থ উত্তর-দাতা ॥ ১৮ ॥

সুখের প্রত্যাশায় বেদোক্ত বা লৌকিক কর্ম্মের অনুষ্ঠান করিলে কর্ম্মফলের স্বকীয় ধর্ম্ম অনুসারে সুখের পরিবর্ত্তে যে দুঃখের উৎপত্তি হয়, তাহাই এই শ্লোকত্রয়ে উক্ত হইয়াছে। সুখ চিত্তের ধর্ম; বাহ্য বস্তুতে আরোপ করা হয় মাত্র। যে বস্তু দ্বারা চিত্তের অশান্তির উদয়ে মনঃক্লেশ উৎপাদন না করে, তাহাই সুখময় পদার্থ; আর যাহার সংস্রবে চিত্ত বিকৃত হইয়া নিত্য উদ্বিগ্ন হয়, তাহাই দুঃখময় পদার্থ। জাগতিক বস্তুমাত্রেই অল্প বা অধিক পরিমাণে দুঃখপ্রদ ব্যতীত কখন সুখদ নহে; লোকে যে, তাহার সুখস্বরূপ প্রত্যাশায় পশ্চাদ্ধাবন করিতেছে, সে কেবল তাহাদের পরস্পর বিরুদ্ধ স্বভাবনিবন্ধন অভিভাব্য অভিভাবক সম্বন্ধে মাত্র জানিতে হইবে। উষ্ণজনিত দুঃখে শৈত্যগুণ সুখপ্রদ হইলেও শীতার্ত্ত জনের পক্ষে দুঃখপ্রদ। যদি বস্তুর ধর্ম্মে সুখ বা দুঃখ সহজ সম্পর্কে থাকিত, তাহা হইলে সে চিরকাল এক রূপই ফল প্রদান করিত, কিন্তু তাহা করে না। যে বস্তু এক সময়ে সুখদ বলিয়া বোধ হয়, সেই পদার্থই অন্য সময়ে বিষম ক্লেশদায়ক বলিয়া প্রতীত হইয়া থাকে। অতএব সুখের প্রত্যাশায় বাহ্য বস্তুর পরিচর্য্যা সম্পূর্ণ ভ্রম

এবং লোকং পরং বিদ্যান্নশ্বরং কর্ম্মনির্ম্মিতং।
সতুল্যাতিশয়ধ্বংসং যথা মণ্ডলবর্ত্তিনাং॥ ২১॥

অন্বয়ঃ।

এবং মণ্ডলবর্ত্তিনাং বিত্তাদি ঐশ্বর্য্যং যথা কর্ম্মনির্ম্মিতং (কর্ম্মণা নির্ম্মিতং অর্জ্জিতং) পরং (স্বর্গাদি) লোকং (অপি) তথা নশ্বরং সতুল্যাতিশয়ধ্বংসং চ বিদ্যাৎ॥ ২১॥

শ্রীধরস্বামী

কর্ম্মনির্ম্মিতত্বাৎ নশ্বরং। তথাচ শ্রুতিঃ। তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি। কিঞ্চ বর্ত্তমানসময়েঽপি দুঃখযুক্তং পশ্যে-দিত্যাহ সতুল্যাতিশয়ধ্বংসং সহ তুল্যোনাতিশয়েন ধ্বংসেন চ বর্ত্তমানং তত্র তুল্যে স্পর্দ্ধা। অতিশয়েঽসূয়া। ধ্বংসালোচনে ভয়াদিকঞ্চাপরিহার্য্যমিত্যর্থঃ। যথা খণ্ডমণ্ডলপতীনাং মিথঃ স্পর্দ্ধাদি তদ্বৎ॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং লোকং পরমিতি। তথাচ শ্রুতিঃ। তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি। কিঞ্চ। ভোগসময়েঽপি দুঃখযুক্তং পশ্যে-দিত্যাহ সতুল্যাতিশয়ধ্বংসং তুল্যোনাতিশয়েন ধ্বংসেন চ সহ বর্ত্তমানং। তত্র তুল্যে স্পর্দ্ধা অতিশয়েঽসূয়া ধ্বংসে শোকঃ যথা মণ্ডলেশ্বরাণাং মিথঃ স্পর্দ্ধাদিদুঃখং॥ ২১॥

যেমন ঐহিকের সুখসেব্য পদার্থ অনিত্য ও দুঃখসঙ্কুল, সেইরূপ কাম্য-কর্ম্মার্জ্জিত পরলোক স্বর্গাদিও নশ্বর এবং ক্ষয় ও অতিশয় দোষযুক্ত ; এই জগতের সম্পত্তিতে যেমন মণ্ডলেশ্বরগণের স্পর্দ্ধা ও অসূয়াদি জন্মে, স্বর্গে গমন করিয়াও জীব সেইরূপ ভোগে স্পর্দ্ধা ও অসূয়ার হস্ত হইতে অব্যাহতি পান না॥ ২১॥

আভাস।

ও অনর্থমূলক। কারণ তাহারা যেমন পর্য্যায়ক্রমে সুখ ও দুঃখ এই উভয়ই প্রদান করিয়া থাকে, তেমনই তাহারা স্বয়ং অস্থির ও ক্ষণধ্বংসী। বিত্তাদির কোন অংশে দুঃখ ব্যতীত সুখের লেশ মাত্র উপলব্ধ হয় না। শাস্ত্রান্তরেও উক্ত আছে যে, "ধনানামর্জ্জনে ক্লেশ স্তথৈব পরিরক্ষণে। দানে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থান্ ক্লেশকারিণঃ॥" বিত্তাদির সংগ্রহ করিতে যেমন অন্তঃসার ক্ষয় করিতে হয়, তাহার রক্ষাবিধানার্থও তেমনই পরিশ্রম ও উদ্বেগ স্বীকার করিতে হয়। তাহাতেও শান্তি নাই ; বস্তুকে অন্যান্য উপদ্রব হইতে রক্ষা করিবার চেষ্টা করিলেও সে আপনা হইতেই যে ধ্বংস হইবে, তাহার আর কোন সন্দেহ নাই ; এবং সে ধ্বংসের নিবারণ কোন উপায়েই হয় না। অতএব ঐহিক সুখপ্রদ পদার্থ যতই উত্তম ও প্রচুর হউক না, কিছুকাল পরে তাহার কিছুই থাকে না। সুতরাং আপাততঃ সুখপ্রদের ন্যায় প্রতীত হইলেও, সুখপ্রদ নহে ; দুঃখপ্রদ সন্দেহ

তস্মাদ্গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমং ।

অন্বয়ঃ ।

তস্মাৎ উত্তমং শ্রেয়ঃ মায়াতরণোপায়ং, জিজ্ঞাসুঃ পুমান্ শব্দে পরে চ ব্রহ্মণি নিষ্ণাতং

শ্রীধরস্বামী ।

উত্তমং শ্রেয়ো জ্ঞাতুমিচ্ছুঃ। শাব্দে ব্রহ্মণি বেদাখ্যে ন্যায়তো ব্যাখ্যানতো নিষ্ণাতং তত্ত্বজ্ঞং অন্যথা সংশয়নিরাসকত্বাযোগাৎ। পরে চ ব্রহ্মণি অপরোক্ষানুভবেন নিষ্ণাতং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অতঃ পূর্ব্বপ্রোক্তা ভক্তিরেব সংসারতারণী সৈব বিত্রিয়তে শৃণ্বিত্যাহ তস্মাদিতি। শাব্দে ব্রহ্মণি বেদে বেদতাৎপর্য্যজ্ঞাপকে শাস্ত্রান্তরে চ নিষ্ণাতং নিপুণং। অন্যথা শিষ্যাণাং সংশয়চ্ছেদাভাবে বৈমনস্যে চ সতি কস্যচিৎ শ্রদ্ধাশৈথিল্যমপি সম্ভবেৎ। পরে ব্রহ্মণি চ

অতএব মায়া হইতে নিস্তারের উপায়স্বরূপ নিজের প্রকৃত মঙ্গল

আভাস ।

নাই ॥ ১৯—২০ ॥

দৃষ্ট সুখের ন্যায়, অদৃষ্ট পারলৌকিক স্বর্গসুখও হেয় এবং অকিঞ্চিৎকর। যেমন দৃষ্টসুখ কালক্রমে নষ্ট হয়, স্বর্গাদিও কালক্রমে বিনষ্ট হইয়া যায়। যাহা বর্ত্তমানে নাই, কিন্তু কৃতকর্ম্মের অনুরোধে কালে যাহার লাভ হইয়া থাকে এবং ভোগের অবসানে পুনরায় তাহা অন্তর্হিত হইয়া যায়। যাহা আদিতে ছিল না, মধ্যে উপস্থিত হইয়াছে, অন্তেও তাহা থাকিবে না। দ্বিতীয়তঃ সমান ঐশ্বর্য্যবান্ অনেক ভূম্যধিকারীর একত্র বাস থাকিলে, যেমন পরস্পরে স্পর্দ্ধা ও অসূয়া বশতঃ বিবিধ দুঃখ উপভোগ করে, স্বর্গেও তাদৃশ সমতুল্য বিভবশালী জীবের অস্তিত্বে দুঃখেরও যে অভাব নাই, তাহা নিঃসন্দেহ। তৃতীয়তঃ পরস্পরের উৎকর্ষ দর্শনে হীনসম্পদ পুরুষের দুঃখ প্রায় অনিবার্য্য, তাদৃশ স্বর্গে সর্ব্বশ্রেষ্ঠ ইন্দ্রত্ব ও তদধীন মাতুলিঙ্গ স্পষ্ট বিদ্যমান্ দেখিলে, আতিশয্য দুঃখ হইতে স্বর্গ যে নিস্তার পায় নাই, তাহাও প্রমাণসিদ্ধ। অতএব ঐহিক সুখের ন্যায়, বেদোক্ত কর্ম্মবিধানে লভ্য পারলৌকিক স্বর্গাদি সুখভোগও অনিত্য এবং দুঃখময়। ২১।

অতএব যদি দুঃখের হস্ত হইতে অব্যাহতির বাসনা থাকে, তাহা হইলে বিষয়ভোগে সুখী হইব এ প্রত্যাশা না করিয়া, ভোগপ্রদ মায়ার হস্ত হইতে নিষ্কৃতির প্রার্থনায় গুরুর শরণাগত হওয়া কর্ত্তব্য। সৎ গুরুর প্রসাদে জীব অনায়াসে এই ভব সংসার উত্তীর্ণ হইতে পারে। এই শ্লোকে গুরুর লক্ষণ কীর্ত্তন করিয়াছেন। অর্থাৎ তিনটী গুণ না থাকিলে লোকে প্রধান ও গুরুপদবাচ্য হইতে পারে না। প্রথম গুণ বেদার্থবোধ; দ্বিতীয় গুণ অর্থতাৎপর্য্য নির্ণয়পূর্ব্বক আস্তিকী বুদ্ধি-সহকারে প্রতিপাদ্য দেবতার উপলব্ধি; তৃতীয় বিষয়ান্তর পরিহারে ইন্দ্রিয়াদির নিরোধ করতঃ বেদপ্রতিপাদ্য দেবতার অপরোক্ষজ্ঞান

শাব্দে পরে চ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ম্ ॥ ২২ ॥

তত্র ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেদ্গুর্ব্বাত্মদৈবতঃ।

অমায়য়ানুবৃত্ত্যা যৈ স্তুষ্যেদাত্মাত্মদো হরিঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

তাত্তত্ত্বং চিন্তনপরং, উপশমাশ্রয়ং শান্তং, গুরুং প্রপদ্যেত শরণং গচ্ছেৎ। ২২।

তত্র গুর্ব্বাত্মদৈবতঃ গুরুরেব আত্মা আত্মবৎপ্রিয়ঃ দৈবতং দৈবতবৎ আদরবিষয়শ্চ যস্য সঃ) সন্ অমায়য়া নিষ্কপটয়া. অনুবৃত্ত্যা সেবয়া, ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষেৎ; যৈঃ ধর্ম্মৈঃ, আত্মা সর্ব্বাত্মা, আত্মদঃ আত্মপ্রদঃ, হরিঃ সর্ব্বদুঃখহর্ত্তা, ভগবান্ তুষ্যেৎ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

অন্যথা বোধসকারাযোগাৎ। পরব্রহ্মনিষ্ণাতত্বদ্যোতকমাহ উপশমাশ্রয়মিতি ॥ ২২ ॥

গুরুরেব আত্মা দৈবতঞ্চ যস্য সঃ। অনুবৃত্ত্যা সেবয়া যৈর্ধর্ম্মৈঃ যস্তুষ্টঃ আত্মা আত্মপ্রদশ্চ। উপাসকানাং যথা বলিপ্রভৃতীনাং ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিষ্ণাতং অপরোক্ষানুভবসমর্থং। অন্যথা তৎকৃপা সম্যক্ ফলবতী ন স্যাৎ। পরব্রহ্মনিষ্ণাতত্বদ্যোতকমাহ উপশমাশ্রয়ং ক্রোধলোভাদ্যবশীভূতঃ ॥ ২২ ॥

তুষ্যেদিত্যস্য দ্যোতকমাহ আত্মাত্মদঃ আত্মনঃ স্বস্য আত্মানং শ্রীবিগ্রহং দদাতি। দ্রষ্টুং স্প্রষ্টুং সাক্ষাৎ পরিচরিতুঞ্চেতি ভাবঃ ॥ ২৩ ॥

পরিজ্ঞাত হইবার বাসনা যদি থাকে, তাহা হইলে বেদজ্ঞ ব্রহ্মজ্ঞানী শান্তচিত্ত গুরুর শরণাগত হওয়া সর্ব্বতোভাবে বিধেয় ॥ ২২ ॥

গুরুসন্নিধানে উপস্থিত হইয়া পরমা ভক্তি সহকারে এবং অকপট আচরণে গুরুকে পরমদেবতা জ্ঞান করত শ্রদ্ধা ও ভক্তিপূর্ব্বক তাঁহার আজ্ঞা প্রতিপালন করিয়া ভগবদ্ধর্ম্ম শিক্ষা করা কর্ত্তব্য। এই ভাগবত ধর্ম্মের অনুশীলনে সর্ব্বদুঃখহারী সর্ব্বাত্মা শ্রীহরি ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ করত তাঁহাকে আপনার স্বরূপ পর্য্যন্ত সমর্পণ করিয়া থাকেন ॥ ২৩ ॥

আভাস।

সহকারে আত্মসমর্পণ। এতদ্দ্বারা শ্রবণ, মনন ও নিদিধ্যাসন এই বৈদান্তিক বাক্যের সার্থকতা প্রদর্শিত হইয়াছে। অর্থাৎ শ্রবণ, মনন ও নিদিধ্যাসন-বিশিষ্ট ব্যক্তিই গুরুপদ বাচ্য। এতদ্দ্বারা অন্যকে নিষিদ্ধগুরুর মধ্যে গণনা করা হইয়াছে ॥ ২২ ॥

এই শ্লোকে শিষ্য-লক্ষণ প্রদর্শিত হইয়াছে। গুরুকে পরীক্ষা করিবার অভিপ্রায়ে প্রতারণাদি করা কর্ত্তব্য নহে। যে ব্যক্তি গুরুকে সাক্ষাৎ দেবতার ন্যায় জ্ঞান করেন এবং অকপট চিত্তে তাঁহার সেবা করেন, সেই ব্যক্তিই যথার্থ তত্ত্বোপদেশের পাত্র। শ্রুতি বলিয়াছেন,

সর্ব্বতো মনসোঽসঙ্গমাদৌ সঙ্গঞ্চ সাধুষু।
দয়াং মৈত্রীং প্রশ্রয়ঞ্চ ভূতেষদ্ধা যথোচিতং ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

আদৌ তাবৎ সর্ব্বতঃ সর্ব্বত্র দেহাদিষু, মনসঃ অসঙ্গং অনাসক্তিং সাধুষু ভগবদ্ভক্তেষু, সঙ্গং তথা যথোচিতং (দেশকালবিত্তাদ্যনুসারেণ) ভূতেষু (তত্র হীনেষু) দয়াং (সমেষু) মৈত্রীং (উত্তমেষু) প্রশ্রয়ং বিনয়ং চ অদ্ধা সাক্ষাৎ, নিষ্কপটং শিক্ষেৎ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

যথোচিতমিতি হীনেষু দয়াং। সমেষু মৈত্রীং। উত্তমে প্রশ্রয়ঞ্চ শিক্ষেদিত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথোচিতমিতি হীনেষু দয়াং সমেষু মৈত্রীং উত্তমেষু বিনয়ং শিক্ষেদিত্যর্থঃ ॥ ২৪ ॥

ভাগবত ধর্ম্ম শিক্ষাসম্বন্ধে সর্ব্বাগ্রে দেহাদি যাবতীয় পদার্থ হইতে মনকে নিরোধ করা এবং সাধু ভগবদ্ভক্তে আসক্ত করা বিধেয়। দেশ, কাল ও বিত্তানুসারে ভূতসমূহের প্রতি দয়া মৈত্রীভাব ও বিনয় প্রদর্শন করা কর্ত্তব্য ॥ ২৪ ॥

আভাস।

"যস্য দেবে পরা ভক্তি র্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থা প্রকাশন্তে মহাত্মনঃ"। যাহার দেবতাতে ভক্তি আছে এবং যেমন দেবতায় ভক্তি সেইরূপ গুরুতেও ভক্তি, তাহাদের জন্যই মুমুক্ষুগ্রন্থের প্রচার জ্ঞাতব্য ॥ ২৩ ॥

গুরুসন্নিধানে ভাগবত ধর্ম্মের শিক্ষা প্রয়োজন। কিন্তু অষ্টাঙ্গ শিক্ষা করিতে হইলে যেমন যোগ-বিয়োগাদি আনুসঙ্গিক উপায় প্রথমেই অবলম্বন করিতে হয়, সমাধির অনুষ্ঠান করিতে হইলে, তদঙ্গ যমনিয়মাদিরও আলোচনা করিতে হয়, সেইরূপ ভাগবত ধর্ম্ম শিক্ষা করিতে হইলে, তাহার পরিকর্ম্ম চিত্তের নিরোধাদির অভ্যাস করিতে হয়। যেমন অকৃষ্ট ভূমিতে উত্তম বীজ বপন করিলেও বায়ুর হেলনে ও সূর্য্যের উত্তাপে তাদৃশ বীজও অঙ্কুরিত হয় না, সেইরূপ অবিবেকীর চিত্তে আশা-বায়ুর প্রবাহে ও কামের তীব্র উত্তাপে গুরূপদিষ্ট তত্ত্বসমূহও স্থান পায় না। সুতরাং তত্ত্বোপদেশের পূর্ব্বে চিত্তকে তত্ত্বাধানের উপযোগী করিতে হইবে। সেই উপযোগিতার প্রথম উপায় বিষয়বৈরাগ্য ও সাধুসঙ্গ। দ্বিতীয় উপায় মনের প্রসন্নতা-সাধন। এই প্রসন্নতা প্রাপ্তির জন্য ভগবান্ পতঞ্জলি তাঁহার যোগসূত্রে বলিয়াছেন, "মৈত্রীকরুণামুদিতোপেক্ষাণাং সুখদুঃখপুণ্যাপুণ্যবিষয়াণাং ভাবনাতশ্চিত্তপ্রসাদনং"। সুখী ব্যক্তি দর্শন করিলে তাঁহার সহিত মিত্রতা, দুঃখীকে দর্শন করিলে তাহার প্রতি করুণা, পুণ্যবানের পুণ্যকর্ম্মে আনন্দ ও উৎসাহ প্রদর্শন এবং অপুণ্যবান্ ব্যক্তির কার্য্যে উপেক্ষা করিলে চিত্ত আপনা হইতে প্রশান্ত হয়। এই প্রকার

শৌচং তপস্তিতিক্ষাঞ্চ মৌনং স্বাধ্যায়মার্জ্জবং ।
ব্রহ্মচর্য্যমহিংসাঞ্চ সমত্বং দ্বন্দ্বসংজ্ঞয়োঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ ।

তথা শৌচং তপঃ তিতিক্ষাং ক্ষমাং, মৌনং (বৃথালাপবর্জ্জনং, স্বাধ্যায়ং (স্বাধিকারানুরূপং বেদপাঠাদিকং) আর্জ্জবং (মনোবাক্‌কায়ব্যাপারসাবক্রতাং) ব্রহ্মচর্য্যং (ঋতুষু দারনিয়মাদিরূপং) অহিংসাং প্রাণিদ্রোহরাহিত্যং, দ্বন্দ্বসংজ্ঞয়োঃ (সুখদুঃখয়োঃ মানাপমানয়োঃ) সমত্বং হর্ষশোকাদিবিকাররাহিত্যং শিক্ষেৎ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী ।

শৌচং বাহ্যং মৃজ্জলাদিভিঃ। আভ্যন্তরঞ্চ অদম্ভমানাদি শিক্ষেৎ। তপঃ স্বধর্ম্মাচরণং তিতিক্ষাং ক্ষমাং। মৌনং বৃথাবাচামনুচ্চারণং। স্বাধ্যায়ং অধিকারানুরূপং বেদপাঠাদিকং। আর্জ্জবং স্বচ্ছতাং। ব্রহ্মচর্য্যং যস্য যাদৃশুচিতং ঋতুষু স্বদারনিয়মাদি। অহিংসাং ভূতেষদ্রোহং। দ্বন্দ্বসংজ্ঞয়োঃ শীতোষ্ণসুখদুঃখাদিরূপয়োঃ হর্ষবিষাদরাহিত্যং ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

শৌচং বাহ্যং মৃজ্জলাদিভিঃ আভ্যন্তরকাদম্ভমানাদিভিঃ শিক্ষেৎ। তপঃ কামক্রোধাদিবেগধারণং। তিতিক্ষাং ক্ষমাং। মৌনং বৃথাবাগপ্রয়োগং। স্বাধ্যায়ং ভক্তিবিধায়কশ্রীগোপালতাপন্যাদিপাঠং। আর্জ্জবং সারল্যং। ব্রহ্মচর্য্যং স্ত্রীসঙ্গত্যাগং। অহিংসামদ্রোহং দ্বন্দ্বসংজ্ঞয়োঃ মানাবমানাদ্যোঃ সমত্বং হর্ষবিষাদরাহিত্যং ॥ ২৫ ॥

শৌচ, তপস্যা, ক্ষমা, মৌন, স্বাধ্যায়, সারল্য, ব্রহ্মচর্য্য, অহিংসা এবং সুখদুঃখাদির উপস্থিতিতে হর্ষশোকাদিবর্জ্জিত হইতে শিক্ষা করিতে হইবে ॥ ২৫ ॥

আভাস ।

আচরণকে শাস্ত্রে উৎকৃষ্ট রাজযোগ বলিয়া অভিহিত করিয়াছেন। ঈশ্বর সর্ব্বভূতের হৃদয়মন্দিরে অন্তর্যামিরূপে যখন বাস করেন, তখন সর্ব্বভূতের সন্তোষ প্রতিপাদন ব্যতীত ঈশ্বরপ্রীতি লাভের প্রত্যাশা কোথায়? যে ব্যক্তি সকলের প্রীতিভাজন, সে ভগবানেরও প্রিয়পাত্র। যে সকলের দ্রোহকারী সে নারায়ণেরও বিপরীতাচারী; তাহার হৃদয়ে ভক্তবৎসলরূপে ভগবানের আবির্ভাব কোন মতে হইতে পারে না। যে হৃদয়ে নারায়ণ বাস করেন, তথায় কি আর বিষয়-কণ্টকের প্ররোহ হওয়া সম্ভব বা কাম ক্রোধাদি জন্য আক্ষেপের উদয় হইয়া থাকে? অতএব তাদৃশ নিষ্কলঙ্ক ভগবত্তত্ত্ব গ্রহণ করিতে হইলে, শান্ত ও উদারপ্রকৃতি হইতে হইবে। চিত্তকে তাদৃশ ভাবে পরিণত করিবার অভিপ্রায়ে শৌচাদি আত্মনিবেদন পর্য্যন্ত পরিকর্ম্ম সমূহ পাঁচটী শ্লোকে বর্ণন করিয়াছেন ॥ ২৫ ॥

বাহ্যাভ্যন্তর ভেদে শৌচ দুই প্রকার; মৃত্তিকা ও জলাদির দ্বারা বাহ্য দেহাদির শুদ্ধি

সর্ব্বত্রাত্মেশ্বরান্বীক্ষাং কৈবল্যমনিকেততাং।
বিবিক্তচীরবসনং সন্তোষং যেন কেনচিৎ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

সর্ব্বত্র স্থাবরজঙ্গমেষু আত্মেশ্বরান্বীক্ষাং (আত্মনঃ ঈশ্বরস্য অন্বীক্ষাং নিরন্তরং দর্শনং) কৈবল্যং একান্তচারিত্বং, অনিকেততাং গৃহাদ্যভিমানরাহিত্যং, বিবিক্তচীরবসনং (বিবিক্তানাং শুদ্ধানাং চীরাণাং বস্ত্রখণ্ডানাং বসনং পরিধানং) যেন কেনচিৎ (প্রারব্ধপ্রাপ্তেন অন্নাদিনা) সন্তোষং ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

আত্মেশ্বরান্বীক্ষাং সচ্চিদ্রূপেণ আত্মেক্ষাং নিয়ন্তৃরূপেণ ঈশ্বরান্বীক্ষাঞ্চ। কৈবল্যং একান্তশীলত্বং। অনিকেততাং গৃহাদ্যভিমানরাহিত্যং। বিবিক্তচীরবসনং বিজনপতিতানাং শুদ্ধানাং বা বল্কলাদীনাং বা পরিধানং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মেশ্বরস্য স্বেষ্টদেবস্য অন্বীক্ষামীক্ষণাভ্যাসং কৈবল্যমেকান্তচারিত্বং। অনিকেততাং গৃহাদ্যভিমানরাহিত্যং বিবিক্তানাং শুদ্ধানাং চীরবল্কলাদীনাং বসনং পরিধানং ॥ ২৬ ॥

স্থাবরজঙ্গমাদি দৃশ্যমান পদার্থমাত্রেই ভগবৎস্বরূপের প্রত্যক্ষজ্ঞান করা ভাগবত ধর্ম্মের প্রধান অঙ্গ। নির্জ্জনবাস, গৃহাদিতে অভিমান-ত্যাগ, পবিত্র চীরবসন পরিধান এবং অনায়াস-লভ্য যদৃচ্ছায় আগত অন্নের প্রাপ্তিতেই সন্তোষ অভ্যাস করিতে হয় ॥ ২৬ ॥

আভাস।

লাভ হয় এবং দম্ভাদি পরিত্যাগ পূর্ব্বক প্রাণায়ামের অনুষ্ঠানে অন্তঃশুদ্ধি হইয়া থাকে। স্বধর্ম্মের অনুষ্ঠানই তপস্যা। উপস্থসংযমের নামই ব্রহ্মচর্য্য; কিন্তু যথাবিধি ঋতুকালে পরিণীতা স্ত্রীতে গমন করিলেও ব্রহ্মচর্য্যের কোন ব্যাঘাত ঘটে না। প্রাণিবধ করিলেই যে হিংসা করা হয়, এমত নহে; যে কোন জীবকে কোনরূপ পীড়ন করিলেই হিংসা করা হয় ॥ ২৫ ॥

সচ্চিদ্রূপে ভগবানকে সর্ব্বত্র অবলোকন করাই আত্মেক্ষা। শাস্ত্রে উক্ত আছে যে, অস্তি ভাতি প্রিয়ং রূপং নাম চেত্যংশপঞ্চকং। আদ্যং ত্রয়ং ব্রহ্মরূপং জগদ্রূপং ততো দ্বয়ং ॥ বস্তুর অস্তিত্ব ও প্রকাশভাব এবং প্রিয়বোধ এই তিনটী ব্রহ্মভাব; বাকী নাম ও রূপ এই দুইটী জগদ্ভাব। কার্য্য মাত্রের নিয়ন্তারূপে ঈশ্বরকে অবলোকন করাই আত্মেক্ষা ॥ ২৬ ॥

ভগবৎপ্রতিপাদক শাস্ত্রে শ্রদ্ধা, অন্য দেবতাপ্রতিপাদক শাস্ত্রে ঘৃণা না করাই ভাগবত ধর্ম্মের বিশেষ লক্ষণ। কারণ কথিত আছে যে, "বিষ্ণুরেব সদারাধ্যঃ সর্ব্বদেবেশ্বরঃ

শ্রদ্ধাং ভাগবতে শাস্ত্রে অনিন্দামন্যত্রচাপিহি ।
মনোবাক্ কায়দণ্ডঞ্চ সত্যং শমদমাবপি ॥ ২৭ ॥
শ্রবণং কীর্ত্তনং ধ্যানং হরেরদ্ভুতকর্ম্মণঃ ।
জন্মকর্ম্মগুণানাঞ্চ তদর্থেঽখিলচেষ্টিতং ॥ ২৮ ॥

অন্বয়ঃ ।

ভাগবতে ভগবৎপ্রতিপাদকে শাস্ত্রে শ্রদ্ধাং আদরাতিশয়ং, অন্যত্র দেবতান্তর-প্রতিপাদকে শাস্ত্রে অনিন্দাং চ অপি হি; সত্যং সমদমৌ অপি ইতি মনোবাক্কায়দণ্ডং (তত্র মনসঃ শমঃ বিষয়চিন্তাপরিবর্জ্জনং, বাচঃ সত্যং, কর্ম্মণঃ দণ্ডঃ দমঃ (বিষয়েভ্যঃ বাহ্যেন্দ্রিয়াণাং নিগ্রহঃ) শিক্ষেৎ ॥ ২৭ ॥

অদ্ভুতকর্ম্মণঃ হরেঃ জন্মকর্ম্মগুণানাং শ্রবণং কীর্ত্তনং ধ্যানং তথা তদর্থে ভগবদারাধনার্থং এব অখিলচেষ্টিতং (অখিলানাং কায়বাক্মনসাং চেষ্টিতং) ব্যাপারঃ শিক্ষেৎ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

ভাগবতে ভগবৎপ্রতিপাদকে অন্যত্র শাস্ত্রাদৌ চ যা অনিন্দা তাং । মনসঃ প্রাণায়ামৈঃ । বাচো মৌনেন । কায়স্যানীহয়া দণ্ডং । সত্যং যথার্থভাষণং । শমদমৌ অন্তঃকরণবাহ্যেন্দ্রিয়নিগ্রহৌ ॥ ২৭ ॥

হরের্জ্জন্মকর্ম্মগুণানাং শ্রবণাদি তদর্থে চর্য্যদেশেন সর্ব্বং কর্ম্ম ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অন্যত্র শাস্ত্রাদৌ যা অনিন্দা তাং । মনোবাক্কায়দণ্ডং মানসবাচিককায়িকবিকর্ম্মরাহিত্যং । সত্যং যথার্থভাষণং । শমদমৌ অন্তঃকরণবাহ্যেন্দ্রিয়নিগ্রহৌ ॥ ২৭ ॥

হরের্জ্জন্মকর্ম্মগুণানাং চকারাৎ নাম্নাং তদর্থে তৎ পরিচর্য্যার্থমেব অখিলচেষ্টিতং দন্তধাবনাদিরাহ্নিকঃ সর্ব্ব এব ব্যাপারঃ ॥ ২৮ ॥

ভগবৎপ্রতিপাদক শাস্ত্রে শ্রদ্ধা প্রদর্শন করা এবং অন্যান্য শাস্ত্রে নিন্দা না করা ভাগবত ধর্ম্মাবলম্বীর একটী প্রধান চিহ্ন । সত্য, শম ও দমের অভ্যাসরূপ মন, বাক্ ও কর্ম্মের দণ্ড করা কর্ত্তব্য ॥ ২৭ ॥

সেই বিপুল-বিক্রম ভগবান্ জনার্দ্দনের অবতার-লীলা, জন্মকথা ও কর্ম্ম কলাপাদির শ্রবণ, কীর্ত্তন ও সতত ধ্যান করিতে হইবে এবং যাবতীয় দেহযাত্রা কেবল ভগবানের আরাধনার উদ্দেশ্যে মাত্র জানিতে হইবে ॥ ২৮ ॥

আভাস ।

পুমান্ । ইতরে ব্রহ্মরুদ্রাদ্যাঃ নাথজ্ঞাঃ কথং চ ন ॥" কায়িক ব্যাপারে আসক্তি না করিয়া, নিষ্কাম ভাবের দ্বারা কর্ম্মদণ্ড হয়; কারণ কথিত আছে যে, "নাকামনা ক্রিয়া কাচিদ্দৃশ্যতে নেহ কর্হিচিৎ । যদ্যদ্ধি কুরুতে জন্তু তত্তৎ কামস্য চেষ্টিতং ॥" বিনা

ইষ্টং দত্তং তপো জপ্তং বৃত্তং যচ্চাত্মনঃ প্রিয়ং ।
দারান্ সুতান্ গৃহান্ প্রাণান্ যৎপরস্মৈ নিবেদনং ॥ ২৯ ॥
এবং কৃষ্ণাত্মনাথেষু মনুষ্যেষু চ সৌহৃদং ।

অন্বয়ঃ ।

ইষ্টং বৈদিকযজ্ঞাদি, দত্তং স্মার্ত্তং দানাদি, তপঃ একাদশ্যুপবাসাদি, জপ্তং মন্ত্রজপাদি, বৃত্তং লৌকিকং কর্ম্ম, যচ্চ আত্মনঃ স্বস্য প্রিয়ং ধনাদি, দারান্ সুতান্ প্রাণান্ পরস্মৈ যৎ নিবেদনং তদীয়ত্ববুদ্ধ্যা তদারাধনপরতয়া স্থাপনং ॥ ২৯ ॥

এবং কৃষ্ণাত্মনাথেষু (কৃষ্ণঃ এব আত্মনঃ স্বস্য নাথঃ যেষাং তেষু) মনুষ্যেষু সৌহৃদং সখ্যং উভয়ত্র স্থাবরজঙ্গময়োঃ পরিচর্য্যাং পূজাং, মহৎসু ভাগবতেষু, সাধুষু নৃষু পরিচর্য্যাং

শ্রীধরস্বামী ।

বিশেষতশ্চ যজনাদি যচ্চ তৎ তদর্থে শিক্ষেৎ । ইষ্টং দত্তমিত্যাদয়ো ভাবনিষ্ঠা বৃত্তং সদাচারঃ । আত্মনঃ প্রিয়ং গন্ধপুষ্পাদি দারাদীনপ্যাত্মনঃ পরস্মৈ পরমেশ্বরায় নিবেদনং তৎ-সেবকতয়া সমর্পণং যত্তচ্ছিক্ষেৎ ॥ ২৯ ॥

কৃষ্ণ এব আত্মা নাথশ্চ যেষাং কৃষ্ণ আত্মনো জীবস্য নাথো যেষামিতি বা তেষু উভয়ত্র স্থাবরে জঙ্গমে চ যা পরিচর্য্যা তাং বিশেষতো নৃষু তত্রাপি সাধুষু ধর্ম্মশীলেষু তত্রাপি মহৎসু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ইষ্টং বিষ্ণুসম্প্রদানকো যাগঃ দত্তং বিষ্ণুবৈষ্ণবসম্প্রদানকং দানং । তপং একাদশ্যাদিক ব্রতং । জপ্তং বিষ্ণুমন্ত্রজপঃ । বৃত্তং সদাচারঃ যচ্চাত্মনঃ স্বস্য প্রিয়ং বস্তু তস্য পরস্মৈ পরমেশ্বরায় নিবেদনং তচ্চ নিবেদনং দারানিতি দারাদীন্ যৎ ব্যাপ্নুবৎ ইন্ শত্রন্তস্য রূপং দারাদীনাং তৎসেবার্থমেব নিয়োজনং যৎ তচ্ছিক্ষেদিত্যর্থঃ ॥ ২৯ ॥

কৃষ্ণ এবাত্মনাথঃ প্রাণনাথো যেষাং তেষু মনুষ্যেষু সৌহৃদং স্নেহবিশেষঃ । উভয়ত্র শ্রীভগবতি তদ্ভক্তেষু চ তেষু মহৎসু সম্মাননীয়েষু । তথা নৃষু সাধুষু সাধুলোকেষু

বৈদিক যাগযজ্ঞ স্মৃত্যুক্ত দানাদি, তপস্যা একাদশ্যাদি ব্রত, মন্ত্র জপ, বা লৌকিক আচরণ, অথবা আপনার যে কোন প্রিয় দ্রব্য ; অধিক কি ! ধন, প্রাণ, স্ত্রী পুত্র বা পরিবারবর্গ যে কিছু থাকে, সমস্তই সেই ভগবানের আরাধনার উপকরণরূপে রক্ষা ও যত্ন করা বিধেয় ॥ ২৯ ॥

যাঁহারা কৃষ্ণান্তঃপ্রাণ ভক্ত, তাদৃশ মনুষ্যগণের সহিত সখ্যতা ; উভয়বিধ স্থাবর ও জঙ্গম যাবতীয় পদার্থের পরিচর্য্যা এবং মহাজন ভক্ত ও সাধুব্যক্তির

আভাস ।

কামনায় কার্য্যের নিষ্পত্তি হয় না ; অতএব কর্ম্মের দণ্ড করিতে হইলে, কাম্যের নিরোধই সর্ব্বতোভাবে কর্ত্তব্য ॥ ২৭ ॥

পরিচর্য্যা চোভয়ত্র মহৎসু নৃষু সাধুষু ॥ ৩০ ॥
পরস্পরানুকথনং পাবনং ভগবদ্যশঃ ।
মিথোরতির্মিথস্তুষ্টির্নিবৃত্তির্মিথ আত্মনঃ ॥ ৩১ ॥
স্মরন্তঃ স্মারয়ন্তশ্চ মিথোঽঘৌঘহরং হরিং ।

অন্বয়ঃ ।

শিক্ষেৎ ॥ ৩০ ॥

(ভগবদ্ভক্তৈঃ সহ সঙ্গম্য) পাবনং অবিদ্যাদিদোষনিবর্ত্তকং যৎ ভগবদ্যশঃ (তস্য) পরস্পরানুকথনং শিক্ষেৎ ; ততঃ মিথঃ পরস্পরং রতিঃ প্রীতিঃ (ভবতি , মিথঃ তুষ্টিঃ তথা মিথঃ আত্মনঃ দেহাদ্যহংকারস্য নিবৃত্তিঃ (ভবতি) ॥ ৩১ ॥

এবং ভক্ত্যা (শ্রবণাদিসাধনভক্ত্যা) সংজাতয়া (প্রেমলক্ষণয়া) ভক্ত্যা অঘৌঘহরং ভক্তানাং অবিদ্যাদিদোষহরং, হরিং স্মরন্তঃ মিথঃ স্মারয়ন্তঃ চ উৎপুলকাং রোমোদ্গমযুক্তাং

শ্রীধরস্বামী ।

শ্রীভাগবতেষু চ ॥ ৩০ ॥

তৈঃ সহ সঙ্গম্য যৎ পাবনং ভগবদ্যশঃ তস্য পরস্পরানুকথনং শিক্ষেৎ । যদ্বা । যশঃ প্রাপ্তি তত্র সংস্পর্দ্ধাদি পরিত্যাগেন মিথো যা রতিঃ রমণং যাচ তুষ্টিঃ সুখং যাচ নিবৃত্তিঃ সমস্তদুঃখনিবৃত্তি স্তাং শিক্ষেৎ ॥ ৩১ ॥

এবং বর্ত্তমানানাং পরমানন্দ প্রাপ্তিমাহ স্মরন্ত ইতি দ্বয়েন । ভক্ত্যা সাধনভক্ত্যা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

স্বচূলাসু যথোচিতং যা পরিচর্য্যা তাং শিক্ষেদিত্যর্থঃ ॥ ৩০ ॥

পরস্পরমেবানুকথনং যত্র তথাভূতং পাবনং যৎ ভগবদ্যশস্তদালম্ব্য মিথোরতিঃ সংস্পর্দ্ধাদিপরিত্যাগেন তত্রৈব পরস্পরমেমনং মিথস্তুষ্টিঃ পরস্পরসন্তোষং সুখং আত্মনো মিথো নিবৃত্তিরতি । ভক্তি প্রতিকূলবিষয়ভোগাৎ স্বস্য স্ত্রীসম্ভোগাদিলক্ষণাৎ ত্বয়া চেন্নিবৃত্তং তর্হি মমাপ্যস্মাৎ নিবৃত্তমতো নবা ভোগনিবৃত্তিস্তাঞ্চ শিক্ষেৎ ॥ ৩১ ॥

এবং সাধনভক্ত্যা সাধ্যভক্তিপ্রাপ্তিমাহ স্মরন্ত ইতি ভক্ত্যা সাধনভক্ত্যা সংজাতয়া

পরিচর্য্যা করিতে শিক্ষা করিতে হইবে ॥ ৩০ ॥

ভগবদ্ভক্তের সংসর্গে পরম পবিত্র মায়ানিরাসন ভগবানের অমল যশোরাশি পরস্পরে শিক্ষা করিবেন ; তাহাতে স্পর্দ্ধা অসূয়াদি নাই । এই প্রকার ভগবদ্যশের পরস্পর সংলাপে পরস্পরেরই রতি, তুষ্টি ও দুঃখোপশমন পূর্ব্বক নিবৃত্তিলাভ হইয়া থাকে ॥ ৩১ ॥

সর্ব্বপাপ-বিনাশন ভগবান্ শ্রীহরিকে অনবরত হৃদয়-মন্দিরে স্বয়ং স্মরণ ও পরস্পরকে কথালাপ দ্বারা বোধন করাইয়া, সাধন-ভক্তির অনুশীলনে যে

ভক্ত্যা সংজাতয়া ভক্ত্যা বিভ্রত্যুৎপুলকাং তনুং ॥ ৩২ ॥
ক্বচিদ্রুদন্ত্যচ্যুতচিন্তয়া ক্বচিদ্ধসন্তি নন্দন্তি বদন্ত্যলৌকিকাঃ।
নৃত্যন্তি গায়ন্ত্যনুশীলয়ন্ত্যজং ভবন্তি তূষ্ণীং পরমেত্য নির্বৃতাঃ ॥ ৩৩॥

অন্বয়ঃ।

তনুং বিভ্রতি ॥ ৩২ ॥

ক্বচিৎ অচ্যুতচিন্তয়া (ভগবদ্দর্শনং বিনা ধিগ্জীবিতেন ইতি বুধ্বা রুদন্তি (শৌর্য্যা-দিলীলাঃ স্মৃত্বা) ক্বচিৎ হসন্তি, ক্বচিৎ (ভক্তাধীনং স্মৃত্বা) নন্দন্তি তথা অলৌকিকাঃ লৌকিক-জনবিলক্ষণাঃ সন্তঃ বদন্তি নৃত্যন্তি গায়ন্তি চ ক্বচিৎ অজং ভগবন্তং অনুশীলয়ন্তি তৎস্বভাবং স্বরূপাদিকং বিচিন্তয়ন্তি ক্বচিৎ চ পরং পরমপুরুষং এত্য প্রাপ্য, নির্বৃতাঃ পরমানন্দনিমগ্নাঃ সন্তঃ তূষ্ণীং ভবন্তি ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

সংজাতয়া প্রেমলক্ষণয়া ॥ ৩২ ॥

অজং হরিং অনুশীলয়ন্তি তল্লীলামভিনয়ন্তি। এবং পরমেত্য প্রাপ্য নির্বৃতাঃ সন্তস্তূষ্ণীং ভবন্তি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্ত্যা প্রেমভক্ত্যা ॥ ৩২ ॥

অদ্যাপি কৃষ্ণো ন প্রাপ্ত স্তর্হি কিং করোমি ক্ব গচ্ছামি কং পৃচ্ছামি কো মাং তং প্রাপ-য়েদিত্যেবং চিন্তয়া রুদন্তি। ক্বচিদ্ধসন্তীতি গোপবধূচৌর্য্যার্থং তামস্যাং রাত্রৌ কস্যচিদ্গোপস্য প্রাঙ্গণে কোণস্থতরুতলে নিহ্নুত্য স্থিতং কোঽসি ভোঃ রে কোঽসীতি তস্যা গুরুজনবাচা লায়িতুং প্রবৃত্তং কৃষ্ণং স্ফূর্ত্তিপ্রাপ্তমালক্ষ্যোত্তার্থং। নন্দন্তি তদপরোক্ষানুভবেনানন্দং প্রাপ্নুবন্তি। হে প্রভো এতাবন্তির্দিনৈস্ত্বামহং প্রাপ্তোঽস্মীতি বদন্তি। অলৌকিকাঃ লোকাতীতাঃ। অজং শ্রীকৃষ্ণং অনুশীলয়ন্তি স্বীয়শ্রোত্রাদীন্দ্রিয়বিষয়ীকুর্ব্বন্তি। এবং পরং পরমেশ্বরং এত্য প্রাপ্য নির্বৃতাঃ সন্তস্তূষ্ণীং ভবন্তি ॥ ৩৩ ॥

প্রেমভক্তির উদয় হয়, তাহাতে ভক্ত-কলেবর সময়ে সময়ে রোমাঞ্চিত হইয়া উঠে ॥ ৩২ ॥

অচ্যুতচিন্তায় সম্পূর্ণ নিবিষ্টচিত্ত হইয়া কখন রোদন, কখন হাস্য, কখন হর্ষ প্রকাশ এবং কখন কখন লোকাতীত আচরণের ন্যায় প্রলাপবৎ উক্তি-সমূহ প্রয়োগ করিয়া থাকে। সেই সারাৎসার হৃষীকেশের চিন্তায় তাঁহাদের চিত্ত এতই নিমগ্ন হয় যে, কখন বাতুলের ন্যায় নৃত্য, কখনও বা পরমানন্দ

আভাস।

সাধন ভক্তির অনুশীলনে ভক্তের একটী প্রেমলক্ষণা ভক্তির উদয় হয়, যাহার প্রাবল্যে ভক্তের আর আনন্দের সীমা থাকে না; প্রেমের পুলকে ভক্ত-কলেবর রোমাঞ্চিত হয়।

ইতি ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষন্ ভক্ত্যা তদুত্থয়া।
নারায়ণপরো মায়ামঞ্জস্তরতি দুস্তরাং ॥ ৩৪ ॥
রাজোবাচ ॥
নারায়ণাভিধানস্য ব্রহ্মণঃ পরমাত্মনঃ।

অন্বয়ঃ।

ইতি এবংবিধান্ ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষন্ অভ্যসন্ নারায়ণপরঃ ভগবদারাধননিষ্ঠঃ, পুমান্ তদুত্থয়া ভগবদ্ধর্ম্মানুষ্ঠানজন্যয়া ভক্ত্যা দুস্তরাং অপি মায়াং অঞ্জঃ সুখেন, তরতি। ৩৪ ॥

রাজা নিমিঃ উবাচ ; হে আর্ষভাঃ! যূয়ং হি যতঃ ব্রহ্মবিত্তমাঃ! ব্রহ্মবিদাং অতিশ্রেষ্ঠাঃ

শ্রীধরস্বামী।

উপসংহরতি ইতীতি। শ্রীভাগবতধর্ম্মোৎপন্নয়া ভক্ত্যা ॥ ৩৪ ॥
নারায়ণপরো মায়াং তরতীত্যুক্তে পৃচ্ছতি নারায়ণাভিধানস্যেতি। নিষ্ঠাং স্বরূপং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি। ধর্ম্মান্ শিক্ষন্নিতি স্মারয়ন্তঃ [illegible]দস্মানামনুষ্ঠানস্য শিক্ষণং তত্তত্ত্বেষাং পুলকিত-তনুর্ঘরোদনাদীনামভিলাষস্য শিক্ষণং কদাচিৎপুলকিততনুর্ভবেয়মিত্যেতৎপ্রকারকং তদুত্থয়া শিক্ষিতভক্তিজনিতয়া ভক্ত্যা উক্তলক্ষণপ্রেমভক্ত্যা মায়াং তরতীত্যানুষঙ্গিকং ফলমুক্তং ॥ ৩৪ ॥

নারায়ণপর ইতি শ্রুত্বা নারায়ণস্য স্বরূপং পৃচ্ছতি নারায়ণেতি। নারায়ণে তুরীয়াখ্যো ভগবচ্ছব্দশব্দিতে ইত্যুক্তে নারায়ণাভিধানো যো ভগবাংস্তস্য নিষ্ঠাং স্বরূপং নন্ন স ভবেৎ-

লাভে নিবৃত্ত হইয়া স্তম্ভিত ভাব ধারণ করেন ॥ ৩৩ ॥

এই প্রকারে ভাগবত ধর্ম্ম শিক্ষা করিলে, তদুৎপন্ন ভক্তির প্রভাবে নারায়ণ-পরায়ণ ব্যক্তি অতি সহজে এই দুস্তরা মায়াকে অতিক্রম করিতে পারেন, সন্দেহ নাই ॥ ৩৪ ॥

নিমিরাজ বলিলেন, হে ঋষভ-নন্দনগণ! আপনারা ব্রহ্মজ্ঞানীর অগ্র-

আভাস।

ভক্ত-হৃদয় ভগবৎচিন্তনে এতই উন্মনা হয় যে, বাহ্য বিষয়ে তাঁহার চিত্ত একেবারে পরিচিত থাকিতে চাহে না ; তিনি ভগবচ্চিন্তায় কখন ক্রন্দন, কখন হাস্য, কখন আনন্দ, কখন বিষাদ ইত্যাদি অপ্রাকৃতিক সম্বন্ধের ন্যায় পরিচয় দিয়া থাকেন। কেবল দেহধারণে জগতের সহিত সম্বন্ধ রাখিলেও মনে মনে কোন সম্পর্কই রাখেন না ; তিনি নারায়ণে আত্ম-সমর্পণ পূর্ব্বক সকল বৃত্তিই নারায়ণে বদ্ধ রাখেন। এই সকল ব্যক্তিই দুস্তরা মায়াকে অতিক্রম করিতে সমর্থ হয় ॥ ৩৩—৩৪ ॥

নিষ্ঠামর্হথ নো বক্তুং যূয়ং হি ব্রহ্মবিত্তমাঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

অতঃ নারায়ণাভিধানস্য পরমাত্মনঃ ব্রহ্মণঃ নিষ্ঠাং স্বরূপং, নঃ অস্মভ্যং বক্তুং অর্হথ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী

অয়ং ভাবঃ। ব্রহ্মৈব তাবন্নারায়ণ ইতি ভগবানিতি পরমাত্মেতি চোচ্যতে। তদুক্তং। বদন্তি তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ং। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ইতি। তথা নারায়ণে ভগবতি তদিদং বিশ্বমাহিতং। গৃহীতমায়োরুগুণঃ সর্গাদাবগুণঃ স্বত ইত্যাদিষু। তত্র কিমেভিঃ শব্দৈর্নির্বিশেষং তদেব বস্তূচ্যতে। অস্তি বা কোঽপি বিশেষাংশ ইতি ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেব এব ভবতি গুরূপদিষ্টধ্যানমার্গেণ তং স্বরূপং তং জানাসোবেতি তত্রাহ ব্রহ্মণ ইতি স এব নারায়ণো ব্রহ্ম স এব পরমাত্মা অত একস্বরূপস্যৈব তস্য ত্রিতয়ত্বেন কথনে কঃ প্রকার-স্তমহং জিজ্ঞাসে ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

গণনীয়; সুতরাং আপনারাই উপযুক্ত বক্তা, অতএব নারায়ণ নামে অভিব্যক্ত পরমাত্মা ব্রহ্মের স্বরূপ কীর্ত্তন করিয়া, আমার মনোবাসনা পূর্ণ করুন! ॥৩৫॥

আভাস।

নিমিরাজ আর্ষভগণের মুখে ভাগবত ধর্ম্ম শ্রবণে নিতান্ত সন্তুষ্ট হইলেন; কিন্তু তাঁহার মনে একটী সন্দেহ জন্মিয়াছিল যে, নারায়ণ, পরমব্রহ্ম ও পরমাত্মা এই তিনের কোন ভেদ আছে কি না? অর্থাৎ যোগী, জ্ঞানী ও ভক্তের উপাস্য দেবতা সম্বন্ধে কোন ভেদ আছে কি না? অথবা নারায়ণ, পরমব্রহ্ম ও পরমাত্মা এই তিনেরই স্বরূপ জিজ্ঞাসা করিয়াছেন ॥৩৫॥

নিমিরাজের প্রশ্ন শ্রবণ করিয়া, পিপ্পলায়ন অখণ্ড সচ্চিদানন্দ পরম পুরুষের তত্ত্ব নিরূপণ পূর্ব্বক নিমিরাজের সকল সন্দেহ অপনোদন করিয়াছিলেন। সাধারণ বস্তুর ন্যায়, ঈশ্বর-তত্ত্ব প্রত্যক্ষগোচর নহে; সুতরাং তদ্বিষয়ের নির্দ্ধারণ নিতান্তই দুরূহ; এবং জগতে এমন কোন উদাহরণ-স্থলও নাই, যাহার তুলনায় ভগবৎস্বরূপের মীমাংসা হইতে পারে। অতএব প্রত্যক্ষপ্রমাণে যে সকল বিষয়ের সিদ্ধি না হয়, অনুমানের দ্বারাও তাহাদের উপলব্ধি করিতে হইবে। কিন্তু অনুমানও প্রত্যক্ষাধীন। রন্ধনশালায় বহ্নির সহিত ধূমের সাহচর্য্য প্রত্যক্ষ করা হইয়াছে, সুতরাং পর্ব্বতে ধূম দেখিলেই তথায় বহ্নির অনুমান সুগম হয়। অতএব অনুমানও প্রত্যক্ষের অধীন; কিন্তু যে স্থলে এরূপ প্রত্যক্ষভাব নাই সে স্থলে সামান্যদৃষ্ট অনুমানের দ্বারা বস্তুর অস্তিত্ব নির্ণয় করিতে হইবে। যেমন ইন্দ্রিয়স্বরূপের প্রত্যক্ষজ্ঞান কুত্রাপি উপলব্ধ না হইলেও, দর্শনশ্রবণাদি কার্য্যের সামান্য-দর্শনে তাহাদের অস্তিত্ব অনুমান করা যায়, সেইরূপ ঈশ্বরতত্ত্ব প্রত্যক্ষপ্রমাণের ও বিশেষতঃ দৃষ্ট অনুমানের অতীত হইলেও, তৎসৃষ্ট ব্রহ্মাণ্ডাখ্য কার্য্যবর্গকে দর্শনরূপ সামান্য-

পিপ্পলায়ন উবাচ ॥

স্থিত্যুদ্ভবপ্রলয়হেতুরহেতুরস্য যৎ স্বপ্নজাগরসুষুপ্তিষু সদ্বহিশ্চ ।

অন্বয়ঃ ।

পিপ্পলায়নঃ উবাচ। হে নরেন্দ্র! অস্য বিশ্বস্য যঃ স্থিত্যুদ্ভবপ্রলয়হেতুঃ স্বয়ং চ অহেতুঃ হেতুরহিতঃ, স্বপ্নজাগরসুষুপ্তিষু বহিঃ চ সমাধ্যাদৌ যৎ অনুবর্ত্তমানঃ সৎ যেন

শ্রীধরস্বামী ।

অত্রোত্তরং স্থিত্যুদ্ভবেতি । অয়মর্থঃ । অস্য বিশ্বস্য স্থিত্যুদ্ভবপ্রলয়ানাং হেতুঃ স্বয়ঞ্চা-হেতুঃ হেতুরহিতঃ স নারায়ণ ইতি পরমেব তত্ত্বমবেহি । স্বপ্নজাগরসুষুপ্তিষু সদনুবর্ত্তমানং যৎ । বক্ষ্যতি চ তুরীয়ং ত্রিষু সন্ততমিতি । বহিশ্চ সমাধ্যাদৌ যৎ সৎ তদ্ব্যতিরিক্ত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রশ্নক্রমেণৈব প্রথমং নারায়ণং লক্ষয়তি স্থিতীতি । জগৃহে পৌরুষং রূপং ভগবান্ম-হদাদিভিঃ । সম্ভূতং ষোড়শকলমাদৌ লোকসিসৃক্ষয়েত্যাদ্যুক্তেঃ পুরুষরূপ এব অস্য বিশ্বস্য স্থিত্যুদ্ভবপ্রলয়ানাং হেতুঃ । স্বয়ং অহেতু হেতুশূন্যঃ শ্যামসুন্দরাকারশ্চতুর্ভুজো ভক্ত-

---

পিপ্পলায়ন বলিলেন, যিনি এই বিশ্ব সংসারের উৎপত্তি, স্থিতি এবং লয়ের একমাত্র অদ্বিতীয় কারণ, অথচ যাঁহার উৎপত্তির অন্য কোন কারণ নাই ; যিনি জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিকালে নিত্য ও সত্যরূপে বিরাজমান এবং

আভাস ।

দৃষ্ট অনুমানের দ্বারা ঈশ্বরভাব ধারণা করিতে হইবে। মৃত দেহে চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়স্থান সত্ত্বেও দর্শনাদি ক্রিয়ার নিষ্পত্তি না দেখিয়া, যেমন ইন্দ্রিয়স্থান অপেক্ষা ইন্দ্রিয়ের অধিষ্ঠান অনুমানসিদ্ধ, সেইরূপ লৌকিক কার্য্যমাত্রেরই কর্ত্তা যখন প্রত্যক্ষসিদ্ধ তখন জগদ্রচনারূপ কার্য্য দর্শনে কর্ত্তা ঈশ্বরকে সামান্যদৃষ্ট অনুমানের দ্বারা সিদ্ধান্ত করিতে হইবে। অতএব এই প্রত্যক্ষে পরিদৃশ্যমান ব্রহ্মাণ্ড যিনি রচনা করিয়াছেন, তিনিই পরমেশ্বর নারায়ণ। এতদর্থে শ্রুতি বলিয়াছেন, "যথোর্ণনাভঃ সৃজতে গৃহ্নতে চ যথা পৃথিব্যাং ওষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বং" ॥ মাকড়শা যেমন আপনার উদর হইতে লালা নির্গত করিয়া স্বয়ংই জাল প্রস্তুত করে এবং স্বয়ংই আপনাতে তাহা উপসংহার করে, পৃথিবী হইতেই বৃক্ষলতাদি সমুৎপন্ন হইয়া পৃথিবীতেই প্রলীন হয় ; জীবিত দেহেই কেশ লোমাদির বৃদ্ধি হইয়া থাকে সেইরূপ এক পূর্ণব্রহ্ম হইতে এই স্থূল সূক্ষ্মাত্মক জগৎ রচিত হইয়া, প্রলয়ে তাঁহাতেই প্রলীন হয়। জগদ্রচনার্থ ভগবানের অন্য কোন উপাদান কারণের প্রয়োজন নাই। তিনি একাই এই বিশ্ব সংসারের নিমিত্ত ও উপাদান এই উভয়বিধ কারণ ; কিন্তু তাঁহার উৎপত্তির আর অন্য হেতুন্তর নাই ; তিনি স্বয়ং সিদ্ধ নিত্য ও সনাতন। জাগ্রত, স্বপ্ন ও সুষুপ্তি এই তিন অবস্থাতে তিনি সর্ব্বসাক্ষিরূপে সদা

দেহেন্দ্রিয়াসুহৃদয়ানি চরন্তি যেন সংজীবিতানি তদবেহি পরং নরেন্দ্র ॥ ৩৬ ॥

অন্বয়ঃ

সংজীবিতানি দেহেন্দ্রিয়াসুহৃদয়ানি চরন্তি তন্নারায়ণং পরং ব্রহ্মতত্ত্বং অবেহি ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী ।

পরমেব তত্ত্বমবেহি । দেহেন্দ্রিয়প্রাণমনাংসি যেন সংজীবিতানি সন্তি চরন্তি স্বকার্য্যেষু প্রবর্ত্তন্তে তৎ পরমাত্মেতি পরমেব তত্ত্বমবেহি । এবং লক্ষণভেদৈর্নারায়ণাদিনামভিরুচ্যমানমপি পরমেকমেব তত্ত্বং জানীহি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

সহস্রভুজসচ্চিদানন্দমূর্ত্তিঃ পরব্যোমনাথ ভূম বাসুদেব-মহাবিষ্ণু-ক্ষীরোদনাথ নৃসিংহ রাম-কৃষ্ণাদি-নামা নারায়ণো যো ভগবচ্ছব্দবাচ্যঃ । স্বপ্নজাগরণসুষুপ্তিষু সৎ অন্তর্বর্তমানং বহিশ্চ সমাধৌ সৎ ব্যাপকং বস্তু যদেব ব্রহ্মশব্দবাচ্যং দেহেন্দ্রিয়প্রাণমনাংসি সঞ্জীবিতানি যেন পরমাত্মশব্দ-বাচ্যেন তৎ পরং পরমেশ্বরমেকমেব তত্ত্বমবেহি ॥ ৩৬ ॥

সমাধির ও আরাধ্যদেব বলিয়া পরিলক্ষিত, যাহার প্রভায় দেহ ইন্দ্রিয়, মন ও প্রাণ চৈতন্যবিশিষ্ট হইয়া স্ব স্ব কার্য্যে বিচরণ করিতেছে, হে নরনাথ! সেই পরম তত্ত্বকেই ব্রহ্মস্বরূপ বলিয়া নির্দ্ধারণ করুন ! ৩৬ ॥

আভাস ।

বিরাজমান । এই তিন অবস্থার অতীত সমাধিতে উপলব্ধ তুরীয়াবস্থাও এক তিনি এবং এই তিন অবস্থার অন্বেষণ না করিয়া, যাহা অহংভাবে অভিমানকারী ভোগী বা সংসারী জীবভাবও তিনি। সেই নিমিত্ত শ্রুতি বলিয়াছেন, "ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ মত্বা, সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্মমেতৎ" অর্থাৎ ভোক্তা জীব, ভোগ্য দেহ ও বিষয় এবং এতদুভয়ের যোজনাকারী, বা ফলদাতা ঈশ্বর এই তিনই ব্রহ্মস্বরূপ। অর্থাৎ যেমন তিনি ভোগায়তন দেহাদি বিষয় প্রস্তুত করিয়াছেন, আবার দেহ, ইন্দ্রিয়, প্রাণ ও চিত্তাদিকে চৈতন্য প্রদান করিয়া বিষয়াভিমুখে প্রেরণ করত স্বস্বরূপ জীবকে সংযোগ করাইতেছেন। সেই সর্ব্বশক্তিমান্ চৈতন্যঘন-বিগ্রহই নিমিরাজের জিজ্ঞাস্য পরমব্রহ্ম। ভিন্ন ভিন্ন কার্য্য বশত জীব তাঁহাকে নারায়ণ, ব্রহ্ম ও পরমাত্মা বলিয়া বিভিন্ন নামে উল্লেখ করিলেও, পরমার্থত তিনি এক ও অদ্বিতীয় ॥ ৩৬ ॥

ভগবত্ত সকলেরই উপাস্য, সুতরাং তাঁহার অভ্যাস করা প্রয়োজন; অতএব তাঁহার স্বরূপ সম্যক্ কীর্ত্তন করা বিধেয় হইলেও, সঙ্গত নহে; কারণ ব্রহ্মতত্ত্ব দুজ্ঞেয়। বিস্তার পূর্ব্বক বর্ণন করা সম্ভব নহে; ইহাই শ্লোক-চতুষ্টয়ে বিজ্ঞাত করা হইয়াছে। এই ব্রহ্মস্বরূপ ইন্দ্রিয়াদি মনের গোচরীভূত নহেন। বিস্ফুলিঙ্গাদি অর্চ্চিজাল অন্যান্য বস্তুসমূহের প্রকাশক হইলেও, স্বীয় অংশীভূত সাক্ষাৎ বহ্নিকে উজ্জ্বল্য প্রদানে প্রকাশ করে না; সেই ব্রহ্মতত্ত্ব

নৈতন্মনো বিশতি বাগুত চক্ষুরাত্মা প্রাণেন্দ্রিয়াণি চ যথানলমর্চ্চিষঃ স্বাঃ।

অন্বয়ঃ।

এতৎ ব্রহ্মাখ্যং পরং তত্ত্বং মনঃ ন বিশতি ন বিষয়ীকরোতি, বাক্ উত চক্ষুঃ আত্মা জীবঃ প্রাণেন্দ্রিয়াণি (ক্রিয়াশক্ত্যা চকারাৎ) জ্ঞানেন্দ্রিয়াণি চ (তৎ জ্ঞাতুং দ্রষ্টুং চ ন শক্নুবন্তি) যথা স্বাঃ স্বাংশভূতাঃ অর্চ্চিষঃ বিস্ফুলিঙ্গাদয়ঃ (অন্যৎ প্রকাশয়ন্তোঽপি) অনলং (ন প্রকাশয়ন্তি তথা) শব্দঃ বেদঃ অপি বোধকনিষেধতয়া (নেতি নেতীত্যাদিনা

শ্রীধরস্বামী।

অবেদ্যত্বেনেন বিষয়ত্বং প্রাপ্তং নিষেধয়তি নৈতদিতি। এতৎ পরং তত্ত্বং মনো ন বিশতি ন বিষয়ীকরোতি বাগুত বাগপি চক্ষুশ্চ আত্মা বুদ্ধিশ্চ প্রাণশ্চ ক্রিয়াশক্ত্যা ন প্রাপ্নোতি অন্যানি চেন্দ্রিয়াণি। যথানলঃ স্বাঃ স্বাংশভূতা অর্চ্চিষো বিস্ফুলিঙ্গাদয়ো ন প্রকাশয়ন্তি ন দহন্তি চ। তথা তত্রাপি মনআদিবৃত্তিষু অভিব্যজ্যমানস্যাত্মপ্রকাশস্য তত্তদ্বৃত্তিপ্রকাশকস্য ন তৎপ্রকাশবিষয়ত্বং। প্রাণস্য প্রাণ উত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রং মনসো যন্মনো বিদুরিতি। তথা চ। যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেত্যাদি শ্রুতেঃ। নন্বু তঞ্চোপনিষদং পুরুষং পৃচ্ছামীতি শ্রুতেঃ শব্দগোচরত্বং প্রতীয়তে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবত্তত্ত্বং মদুপাস্যং মদ্ভাষ্যমেবাস্তি কিন্তু ত্বজ্জ্ঞেয়ং ব্রহ্মতত্ত্বং বিস্তার্য্য কথয়েত্যপেক্ষায়াং ব্রহ্মতত্ত্বমাহ নৈতদিতি চতুর্ভিঃ। এতদ্ব্রহ্ম মনো ন বিশতি ন বিষয়ীকরোতি বাগুত বাগপি। চক্ষুশ্চ আত্মা জীবশ্চ প্রাণশ্চ ইন্দ্রিয়াণি চ যথা অনলং স্বাঃ স্বাংশভূতা অর্চ্চিষো বিস্ফুলিঙ্গাদয়ো ন প্রকাশয়ন্তি; যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেত্যাদি শ্রুতেঃ। নন্বু তঞ্চোপনিষদং পুরুষং পৃচ্ছামীতি শ্রুতেঃ শব্দগোচরত্বং প্রতীয়তে তত্রাহ।

হে রাজেন্দ্র! বিস্ফুলিঙ্গ সমূহ যেমন স্বীয় আধারশক্তি হুতাশনকে আর প্রকাশ করিতে সমর্থ নহে সেইরূপ এই পরম তত্ত্বকে মন, বাক্য, চক্ষু, জীবতত্ত্ব ও সর্ব্বপ্রকার ক্রিয়াশক্তি বা জ্ঞানেন্দ্রিয়গণ কেহই অবগত হইতে বা অবলোকন করিতে সমর্থ হয় না। বেদপ্রতিবোধিত শব্দও যখন অন্যবোধিত জ্ঞাতার অভাবে সে শব্দার্থ প্রতিপাদনে সমর্থ হয় না, তখন বেদও সেই পরমতত্ত্বকে

আভাস।

হইতে সমুৎপন্ন যাবতীয় মন, ইন্দ্রিয়, বুদ্ধি, মহত্তত্ত্ব ও অহঙ্কারাদি কোন তত্ত্বই সেই পরম তত্ত্বের উদ্ভাসক হইতে পারে না। সূর্য্যালোকে নক্ষত্রাদি সকল জ্যোতিষ্কগণই আভা প্রাপ্ত হইয়া পৃথিবীকে আলোক প্রদান করে, কিন্তু দিবাভাগে সূর্য্যসন্নিধানে তাহারা ম্লান ও হততেজের ন্যায় উপেক্ষিত হয়; ব্রহ্মতত্ত্ব সমীপে জীবের পরপ্রকাশক সকল সামর্থ্যই নিরর্থকও অসমর্থের ন্যায় উপেক্ষিত হইয়া থাকে। শ্রুতিতে উক্ত আছে যে,

শব্দোঽপি বোধকনিষেধতয়াত্মমূলমর্থোক্তমাহ যদৃতে ন নিষেধসিদ্ধিঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

শব্দোঽপি বোধকনিষেধতয়া (স্বস্যৈব বোধকনিষেধরূপত্বাৎ) আত্মমূলং (আত্মনি ব্রহ্মণি মূলং প্রমাণং সৎ অর্থোক্তম্ (অর্থাৎ তাৎপর্য্যাৎ উক্তং যথা ভবতি তথা) আহ যৎ অবধিভূতং ব্রহ্ম ঋতে বিনা (যতো বাচো নিবর্ত্তন্তে ইত্যাদি নিষেধস্য এব) সিদ্ধিঃ ন ভবেৎ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

তত্রাহ শব্দোঽপীতি। শব্দো হি আত্মমূলং আত্মনি শ্রুতিপ্রমাণং সন্ অর্থোক্তং যথা ভবতি তথাহ ন সাক্ষাৎ। কুতো বোধকনিষেধতয়া স্বস্যৈব বোধকনিষেধরূপত্বাৎ। যতো বাচো নিবর্ত্তন্তেঽপ্রাপ্য মনসা সহ। যদ্বাচা নাভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি; যন্মনো ন মনুতে; ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনং ইত্যাদি শ্রুতেঃ। নন্বু তর্হি নৈবাহ শ্রুতিঃ কিমপরমুচ্যতে অর্থোক্তমাহেতি তত্রাহ যদৃত ইতি। অথাতো আদেশো নেতি নেতি অস্থূলমনণু। যতো বাচো নিবর্ত্তন্তে; যদ্বাচা নাভ্যুদিতমিত্যাদি নিষেধস্য যদবধিভূতং ব্রহ্ম ঋতে বিনা সিদ্ধির্নাস্তি সর্ব্বস্য নিষেধস্য সাবধিত্বাৎ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শব্দোঽপি আত্মনঃ স্বস্য মূলং ব্রহ্মবোধকনিষেধতয়া আহ যস্য বোধকং কিমপি নাস্তি তদ্ব্রহ্মেত্যেবং রীত্যা বার্থাত্তক্রমর্থত এবোক্তং নতু শব্দত ইদং তদিতি নির্দ্দেশেনাহেত্যর্থঃ। যদ্বাচা নাভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি। যন্মনো ন মনুতে, ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনমিত্যাদি শ্রুতেঃ। নন্বু তর্হি নৈবাহ শ্রুতিঃ কিমিদমুচ্যতে অর্থোক্তমাহেতি তত্রাহ যদৃতে ইতি। অথাত আদেশো নেতি নেতি। অস্থূলমনণু। যতো বাচো নিবর্ত্তন্তে ইত্যাদিনিষেধস্য অবধিভূতং যদ্ব্রহ্ম ঋতে বিনা সিদ্ধির্নাস্তি সর্ব্বস্য নিষেধস্য

প্রকাশে সমর্থ নহেন। তবে তাৎপর্য্যাত ব্রহ্ম প্রতিপাদন করাই বেদের অভিপ্রায়, সাক্ষাৎ সম্বন্ধে নহে, অর্থাৎ বাঙ্মানসাদির অধিকার নিরাসন পূর্ব্বক সর্ব্বান্তে অবস্থিত সর্ব্বসাক্ষিরূপে অবশেষিত নিষেধেরও নিষেধক-রূপে অপরোক্ষে দণ্ডায়মান ব্রহ্মতত্ত্ব পরিলক্ষিত করাই বেদবাক্যের গূঢ় অভিপ্রায়। এই ব্রহ্মস্বরূপ প্রতিপাদিত হইলেই, বিধি বা নিষেধেরও প্রতিপত্তি হয়; নতুবা সর্ব্বত্রই অসাক্ষিক বোধে অনবস্থা ঘটে ॥ ৩৭ ॥

আভাস।

"তন্ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি" এই বাক্যের দ্বারা ব্রহ্ম শব্দগোচর বলিয়া প্রতিপন্ন হইলেও, প্রকৃত প্রস্তাবে তাহা নহে। শ্রুতি স্বয়ংই স্পষ্টাক্ষরে স্বীকার করিয়াছেন যে, ব্রহ্মবোধক কোন বস্তুই সৃষ্ট জগতে থাকিতে পারে না। তবে দৃশ্যমান সকল বস্তুর নিরাস করত তাৎপর্য্যত ব্রহ্মকে প্রতিপাদন করা হইয়াছে মাত্র। কারণ শ্রুতিই

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাবধিত্বাদিতি। নমু তৎ পরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজত্তে জগৎ। মমৈব তদ্ধনং তেজো জ্ঞাতুমর্হসি ভারতেতি হরিবংশোক্তেব্রহ্মজ্যোতিঃ সনাতনমিতি দশমোক্তে, যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি কোটিষশেষবসুধাদিবিভূতিভিন্নং তদ্ব্রহ্মেতি ব্রহ্মসংহিতোক্তে, ভগবদঙ্গজ্যোতিরূপং চেদ্‌ব্রহ্ম তর্হি কথং ন মন আদিকং বিষয়ীকরোতীতি উচ্যতে। ভগবদঙ্গজ্যোতির্হি মায়িকং তৃতীয়ং ভূতং কিন্তু মায়াতীতং সচ্চিদানন্দরূপমেব। বাঙ্মন আদিকন্তু মায়িকং তৎ কথং স্ববিষয়ীকর্ত্তুং শক্নোতু। শব্দং ব্রহ্ম বপুর্দ্দধদিতি। যস্মিন্নং পরমানন্দং পূর্ণং ব্রহ্মেতি তব ব্রহ্মময়স্যেশ কিমুতেক্ষাভিমর্দ্দিণ ইতি সচ্চিদানন্দবিগ্রহ ইত্যাদ্যুক্তে র্ভগবদ্বপুরপি ব্রহ্মৈব যদ্যপি তদপি তৎ কৃপাশক্ত্যা অতর্ক্যয়ৈব প্রাপঞ্চিকলোক গোচরীকৃতং অতএব নীলোৎপলদলশ্যামাদিশব্দবর্ণিতং যত্তদপ্যপ্রাকৃতনীলোৎপলদলশ্যামমপি প্রাকৃতনীলোৎপলবর্ণত্বেন ভক্তৈর্ধ্যাতমতাদৃশমপি তদ্বপুঃ কেবলমতর্ক্যয়া তৎকরুণয়ৈব ভক্তনয়নগোচরীভবতি। অতঃ প্রাপঞ্চিকলোকৈর্মনোবচোগোচরীকর্ত্তুমশক্যং কেবলং ব্রহ্মোপাসকৈরেব সাধনপরিপাকে সত্যপি ভগবদনুগ্রহপ্রাপ্ত্যৈব ব্রহ্মাকারেহন্তঃকরণেহনুভূয়ত ইত্যতো বেদেহপি, যন্মনো ন মনুতে ইত্যাদি দৃশ্যতে স্বগ্রাহ্য বুদ্ধ্যোত্যাদ্যপ্যাহেতি বিবেচনীয়ং ॥ ৩৭ ॥

আভাস।

বলিয়াছেন, "যাহা বাক্যের দ্বারা অভিব্যক্ত করা যায় না, অথচ যিনি বাক্যের সামর্থ্যদাতা, যাঁহাকে মনের দ্বারা মনন করা যায় না, অথচ মনকে যিনি মননসামর্থ্য দিয়াছেন; যাঁহাকে চক্ষুর দ্বারা দেখা যায় না, অথচ যিনি চক্ষুর চক্ষুস্বরূপ, তাঁহাকেই পরম ব্রহ্ম বলিয়া নির্দ্ধারণ করা বিধেয়। অথচ প্রমাণের অবিষয়ীভূত বলিয়া তিনি নাই, একথা বলা যায় না। তাহা হইলে নিষেধ বাক্যেরও সিদ্ধি ঘটে না। অর্থাৎ যদি কোন ব্যক্তিকে বলা যায় যে, তুমি একবার সকল বিষয়ের চিন্তা পরিত্যাগ করিয়া নির্ম্মনস্ক হও তখন তিনি একে একে দেহ, ইন্দ্রিয়, মন ও চিত্তবৃত্তি প্রভৃতি সকল বিষয়কে যে বর্জ্জন করিতে পারিয়াছেন, তাহারও জ্ঞান তাঁহাতে থাকা প্রয়োজন; নতুবা বর্জ্জন করিয়াছেন কি না, তাহা অন্যে কে অবগত হইবে? গুরূপদিষ্ট গুরুতর বিষয় শিষ্য যে, অবধারণ করিতে সমর্থ হন নাই, সে সামর্থ্য না হওয়ার জ্ঞানও শিষ্যে আছে; সে জ্ঞানের প্রতিবন্ধক কিছুতেই ঘটে না; সেই জ্ঞানভাগ্ যেমন জীবের স্বরূপ, সেইরূপ এই অনন্ত বিরাট্‌ভাবের দ্রষ্টা ও নিষেধের সর্ব্বসাক্ষিস্বরূপে নিষেধেরও জ্ঞাতারূপে অন্তে বিদ্যমান শুদ্ধিস্বরূপ ব্রহ্মভাব সর্ব্বান্তে ভাসমান আছেন। শব্দের দ্বারা তাঁহার বোধ কিছুতেই সম্ভব নহে। অন্যত্র উক্ত আছে যে, যে পরম ব্রহ্ম স্বীয় চৈতন্য ও শক্তিপ্রভাবে সমস্ত বিশ্ব ব্রহ্মাণ্ড রচনা করিতেছেন, সেই ঘনীভূত ভাবই আমার তেজ বলিয়া তুমি অবগত হও! বলিয়া ব্রহ্মাণ্ডপুরাণোক্ত বিষ্ণুর উপদেশবাক্যে ভগবৎস্বরূপের নির্ণয়

সত্ত্বং রজস্তম ইতি ত্রিবৃদেকমাদৌ সূত্রং মহানহমিতি প্রবদন্তি জীবং।

অন্বয়ঃ।

আদৌ সত্ত্বংরজস্তমঃ ইতি ত্রিবৃৎ গুণত্রয়াত্মকং (যৎ) প্রধানং (তত্তঃ) সূত্রং ক্রিয়াশক্ত্যা জাতং (জ্ঞানশক্ত্যা চ) মহান্ (উক্তঃ) অহং ইতি (জীবোপাধিভূতঃ অহঙ্কারঃ) জীবং (তদুপহিতচৈতন্যং) চ যৎ (ধীরাঃ) প্রবদন্তি,, (তথা) জ্ঞানক্রিয়ার্থফলরূপতয়া: (জ্ঞানং সাত্ত্বিকাহঙ্কারকার্য্যভূতাঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ দেবাঃ মনশ্চ, ক্রিয়াঃ রাজসাহঙ্কারকার্য্যাণি

শ্রীধরস্বামী।

নমু তর্হি প্রমাণাবিষয়ত্বান্নাস্তি ব্রহ্মেতি প্রসজ্যতে অত আহ সত্ত্বমিতি। সৎ স্থূলং কার্য্যং অসৎ সূক্ষ্মং কারণং তৎ ব্রহ্মৈব ভাতি কুতঃ যদ্ যস্মাৎ তয়োঃ সদসতোঃ পরং কারণং। নমু কথমেকং বহুবিধস্য কারণং তত্রাহ। উরুশক্তি অনেকশক্তিমৎ। উরুর্মহতী মায়ালক্ষণা শক্তির্যস্য তদিতি বা। বহুধা ভানমেব দর্শয়তি। আদৌ যদেকং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ ব্রহ্মণঃ স্বরূপানুভব এব লোকে দুর্ঘটস্তত্র প্রামাণ্যে তু নাস্তি কোঽপি সংশয়ো যতো ব্রহ্মৈবেদং সর্ব্বমিতি, যস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি, শ্রুত্যুক্তং বস্তুমাত্রমেব সর্ব্বং ব্রহ্মকার্য্যত্বাদ্ব্রহ্মৈবেতি যত্তদেব বিবৃণোতি সত্ত্বমিতি। যদেকং প্রসিদ্ধং ব্রহ্ম তদেবাদৌ মায়াশক্তিরূপং সত্ত্বরজস্তম ইতি ত্রিবৃৎ প্রধানং বদন্তি ততঃ ক্রিয়াশক্তিরূপঃ সূত্রং জ্ঞান-

সচ্চিদানন্দ পরম ব্রহ্ম প্রমাণের বিষয় নহেন, বলিয়া তাঁহার অস্তিত্ব অস্বীকার করা কর্ত্তব্য নহে; সর্ব্বরূপে ও সর্ব্বঘটে এক তিনিই বিরাজ করিতেছেন। সত্ত্ব রজঃ ও তমঃ এই গুণত্রয় একাকারে ও একরূপে যখন গুণত্রয়ের সাম্যাবস্থা প্রধান প্রকৃতিনামে অব্যক্তভাবে অবস্থিতি করিতেছিলেন পরে ক্রিয়াশক্তির উদয়ে গুণের বৈষম্যে উক্ত প্রকৃতির অবস্থান্তরে পৃথক্তত্ত্ব সূত্রাত্মা এবং জ্ঞানশক্তির উদয়ে মহত্তত্ত্ব জন্মে, সেই মহত্তত্ত্ব হইতে অহঙ্কার বা

আভাস।

করা হইয়াছে। ভগবানের জ্যোতিরূপ ব্রহ্মস্বরূপ হইলেও জীবেন্দ্রিয়ের গোচরীভূত নহেন। কারণ জীবের বাক্য ও মন প্রভৃতি করণসমূহ মায়াময়; ব্রহ্মস্বরূপ মায়াতীত। ভগবান্ যদিও রূপ ধারণে জীবের নয়নাদির বিষয়রূপে প্রতীয়মান হইয়াছিলেন, সেও কেবল তাঁহার অতর্ক্য মায়ার বৈভব মাত্র; জীবের সামর্থ্যে নহে। ভগবানের ইচ্ছায় মাত্র জানিতে হইবে। ২১।

লোকব্যবহারে ব্রহ্মস্বরূপের প্রত্যক্ষ প্রতীতি নিতান্তই দুষ্কর হইলেও তাঁহার অস্তিত্ব সম্বন্ধে কোনরূপ সন্দেহই নাই। কারণ ব্রহ্মসত্তাতেই সমগ্র জগৎ ভাসমান রহিয়াছে। শ্রুতি বলিয়াছেন, "ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভাতি কুতোঽয়-

জ্ঞানক্রিয়ার্থফলরূপতয়োরুশক্তি ব্রহ্মৈব ভাতি সদসচ্চ তয়োঃ পরং যৎ ॥ ৩৮॥

অন্বয়ঃ।

ইন্দ্রিয়াণি, অর্থাঃ, বিষয়াঃ তামসাহঙ্কারকার্য্যাণি পৃথিব্যাদিপঞ্চভূতানি, ফলং সুখদুঃখাদিক তেষাং রূপতয়া স্বরূপেণ) সৎ স্থূলং কার্য্যং, অসৎ সূক্ষ্মং কারণং (যৎ) তয়োঃ সদসতোঃ পরং উপাদানকারণং উরুশক্তি (উরুঃ মহতী মায়ালক্ষণা অনেকবিধা শক্তিঃ যস্য তৎ) একং ব্রহ্ম এব ভাতি ॥ ৩৮ ।

শ্রীধরস্বামী।

ব্রহ্ম তদেব সত্ত্বং রজস্তম ইতি ত্রিবৃৎ প্রধানং বদন্তি। ততঃ ক্রিয়াশক্ত্যা সূত্রং জ্ঞানশক্ত্যা মহানিতি তদেব প্রবদন্তি। ততঃ অহমিতি জীবং জীবোপাধিরহঙ্কারস্তদেব প্রবদন্তি ততো জ্ঞানক্রিয়ার্থফলরূপতয়া জ্ঞানশব্দেন দেবতাঃ ক্রিয়া ইন্দ্রিয়াণি অর্থা বিষয়াঃ ফলং তৎপ্রকাশঃ সুখাদি বা তদ্রূপতয়া ব্রহ্মৈব ভাতি। নহি সর্ব্বরূপেণ স্বতো ভাসমানস্য ব্রহ্মণঃ স্বসিদ্ধৌ প্রমাণাপেক্ষেতি ভাবঃ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শক্তিরূপং মহানিতি তদেব বদন্তি ততোঽহমিতি জীবং জীবোপাধিমহঙ্কারঞ্চ তদেব প্রবদন্তি ততশ্চ জ্ঞানক্রিয়ার্থফলরূপতয়া জ্ঞানশব্দেন দেবতাঃ ক্রিয়া ইন্দ্রিয়াণি অর্থা বিষয়াঃ ফলং সুখাদিতদ্রূপতয়া উরবঃ শক্তয়ো যদধিভূতাধ্যাত্মাধিভূতসংজ্ঞা যস্তস্তদ্ব্রহ্মৈব বদন্তি। তদেব সৎ স্থূলং কার্য্যং অসৎ সূক্ষ্মং কারণং তৎ সর্ব্বং ব্রহ্মৈব ভাতি। কুতঃ যদস্মাত্তয়োঃ সদসতোঃ

তাহাতে উপহিত চৈতন্য যাহাকে জ্ঞানিগণ জীবনামে অভিহিত করিয়া থাকেন এবং এতদ্ব্যতীত সাত্ত্বিকাহঙ্কারের কার্য্যভূত ইন্দ্রিয়গণের অধিষ্ঠাতা দেবগণ ও মন, রাজসিক অহঙ্কার হইতে সমুৎপন্ন দশবিধ ইন্দ্রিয়, তামসাহঙ্কারোৎপন্ন পৃথিব্যাদি পঞ্চভূত, ও তদোৎপন্ন ফলস্বরূপ সুখদুঃখাদি, অধিক কি! সদ্রূপে প্রতীয়মান যে কোন স্থূল কার্য্য এবং কারণরূপে অন্তরে বিদ্যমান যে কোন সূক্ষ্ম অসৎ বস্তু, এই সকলের উপাদান কারণরূপে বিপুলবিক্রম মায়াশক্তিশালী এক পরমব্রহ্মই বিরাজ করিতেছেন ॥ ৩৮ ।

আভাস।

যথা। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি" ॥ সূর্য্য, চন্দ্র, তারকা বিদ্যুৎ প্রভৃতি কোন জ্যোতিষ্কগণই নিজের প্রভায় প্রদীপ্ত নহেন; সকলেই সেই এক ব্রহ্মজ্যোতিতে জ্যোতিষ্মান্ হওত আলোকাদি প্রদানে সমর্থ হইয়াছেন। যেমন মাত্রই যখন ব্রহ্মস্বরূপ হইতে উৎপন্ন তখন স্বর্ণ হইতে সমুৎপন্ন অলঙ্কারাদি আকারনিষ্ঠ জ্ঞানব্যতীত উপাদান সম্বন্ধে সুবর্ণেরই যেমন পরিচয় দেয়, সেইরূপ ব্রহ্মকার্য্যভূত জগৎ নামরূপাদি পরিত্যাগে কারণস্বরূপ ব্রহ্মসত্তারই পরিচয় নিত্য নিরন্তর ভাবে প্রদান করিতেছে। এই শ্রুতির আদিতে "সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্"। এই

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরং কারণং। অতএব তৎপরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ। যদৈব তদ্ধনং তেজো ব্যাক্তমর্হসি ভারতেতি হরিবংশবাক্যং তস্য চায়মার্থঃ। তৎপরং সর্ব্বস্মাৎ পরং যৎ পরমং ব্রহ্ম সর্ব্বং জগদ্বিভজতে স্বত এব মৎসাদিরূপেণ বিভক্তং করোতি তস্মাদৈব তেজো ব্যাক্তমর্হসীত্যতো ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমিতি ভগবদুক্তেঃ সূর্য্যাস্য ঘনং তেজ ইতিবত্তস্য বপুস্তেজ এব ব্রহ্মেত্যভ্যুপগন্তব্যঃ। অতএব যস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি শ্রুতৌ যস্য কৃষ্ণস্যেতি ব্যাচক্ষতে ॥ ৩৮ ॥

আভাস।

ছান্দোগ্যমন্ত্রানুসারে প্রতীত হয় যে, এক সনাতন ব্রহ্ম মাত্র ছিলেন; কার্য্য কারণভাবে প্রতিষ্ঠিত নামরূপাত্মক জগতের কোন প্রকার ভান ছিল না। সেই ব্রহ্ম হইতে প্রথম তাঁহার অচিন্ত্যাশক্তি সত্ত্বরজস্তমোগুণাত্মিকা প্রকৃতির উদয় হয়; তখন ভগবান্ বহু হইতে ইচ্ছা করিলেন; "স ঐক্ষত বহুস্যাং প্রজায়েয়" এই শ্রুতিবাক্যে প্রতীত হয় যে, প্রকৃতিশক্তির উদয়ের সঙ্গে সঙ্গে শক্তিবিশিষ্ট ব্যক্তির শক্তিসঞ্চালনের প্রবৃত্তির ন্যায়, ভগবানে সৃষ্টি করিবার একটী ইচ্ছা প্রকটিত হইল; এই শ্লোকে তাহাই সূত্র নামে সঙ্গীত করা হইয়াছে। অর্থাৎ মৃত্তিকা থাকিলেও ঘট প্রস্তুত করিবার প্রণালী যেমন কুম্ভকারের হৃদয়ে প্রথমে আলোচিত না হইলে, ঘট প্রস্তুত হয় না; কুম্ভকারের হৃদয়স্থ ঘটসম্বন্ধীয় আলোচনাই ঘটরূপে মৃত্তিকা-সহকারে পরিণত হইয়া আইসে, সেইরূপ ব্রহ্মস্বরূপের চৈতন্যাংশে জগৎরচনার প্রণালী সূত্রিত অর্থাৎ গ্রথিত বা আলোচিত হইয়া প্রকৃতিরূপ শক্তিসহকারে প্রকটিত হইয়া বিচিত্র নামরূপাত্মক জগতে পরিণত হইয়াছে। অতএব মূলপ্রকৃতি উপাদান-স্থানীয়া হইলেও যে জ্ঞানভাগ তাঁহাকে নানারূপে বিভক্ত করিতেছেন, তিনিই সূত্রাত্মা। ঘটের মূলে মৃত্তিকা আছে বটে, কিন্তু আকারে নাই; কুম্ভকারের জ্ঞানই আকাররূপে ঘটের ঘটত্ব সম্পাদন করিয়া থাকে, সেইরূপ সৃষ্টির মূল উপাদান প্রকৃতি হইলেও সেই প্রকৃতির পরিণামকারী জ্ঞানের প্রয়োজন; যাঁহাকে সূত্র বা পুরুষ বলিয়া সর্ব্বত্র শাস্ত্রাদিতে নির্দ্দেশ করা হইয়াছে। প্রকৃতি যেমন ব্রহ্মের ক্রিয়াশক্তির মূল-স্বরূপা, সূত্রও সেইরূপ ব্রহ্মের ক্রিয়াপ্রবর্ত্তক জ্ঞানশক্তির স্বরূপ। ভগবান্ মনু তাঁহার মানব-ধর্ম্মশাস্ত্রে বলিয়াছেন, "দ্বিধা কৃত্বাত্মনো দেহমর্দ্ধেন পুরুষোঽভবৎ। অর্দ্ধেন নারী তস্যাং স বিরাজমসৃজৎ প্রভুঃ"॥ পরাৎপর পরব্রহ্ম সৃষ্টির অভিপ্রায়ে নিজ স্বরূপ হইতে দুইটী শক্তির উদ্ভব করিলেন; একটী পুরুষ ও একটী প্রকৃতি স্ত্রী। এই স্ত্রীপুরুষ স্থানীয় শক্তির সম্মীলনে জগৎ রচনা করিয়াছেন। সকল প্রকার শক্তির আকর এবং আধার ই পরব্রহ্ম; সুতরাং উরুশক্তি অনেক শক্তিমান্ বলিয়া শ্লোকে কীর্ত্তন করা হইয়াছে, তাহা অন্যথা নহে। আদি দর্শনকার কপিলদেব তাঁহার সাংখ্যদর্শনে যে প্রকৃতি পুরুষের সংযোগে সৃষ্টি ও বিয়োগে মুক্তির মীমাংসা করিয়াছেন, সেই পুং প্রকৃতির সংযোগ এবং বিয়োগও যিনি নিষ্পাদন করিতেছেন, তিনিই পরব্রহ্ম; তিনিই জ্ঞানশক্তিতে জগতের

নাত্মা জজান ন মরিষ্যতি নৈধতেঽসৌ ন ক্ষীয়তে সবনবিদ্ব্যভিচারিণাং হি।

অন্বয়ঃ।

আত্মা ন জজান ন জাতঃ (যতঃ) শশ্বৎ (সর্ব্বদা বর্ত্তমানত্বাৎ) ন এধতে ন বর্দ্ধতে (যতঃ) সর্ব্বত্র (বর্ত্ততে) ন ক্ষীয়তে (যতঃ) অনপায়ি, ন মরিষ্যতি (যতঃ) উপলব্ধিমাত্রং জ্ঞানৈক-

শ্রীধরস্বামী।

ননু সর্ব্বাত্মকত্বেন ব্রহ্ম তর্হি সর্ব্বস্য কার্য্যস্য জন্মাদিবিকারবত্ত্বাদ্‌ব্রহ্মণোঽপি তৎপ্রসঙ্গঃ স্যাৎ অত আহ নাত্মেতি। আত্মা ব্রহ্ম ন জজান ন জাতঃ জন্মাভাবাদেব অনন্তরাস্তিত্ব-লক্ষণোঽপি বিকারো নাস্তি। নৈধতে ন বর্দ্ধতে বৃদ্ধ্যভাবাদেব বিপরিণামোঽপি নিরস্তঃ। কুতো হি যস্মাৎ ব্যভিচারিণামাগমাপায়িনাং বালযুবাদিদেহানাং দেবমনুষ্যাদ্যাকারদেহা-নাঞ্চ সবনবিত্তত্তৎকালদ্রষ্টা নহ্যবস্থাবতাং দ্রষ্টা তদবস্থো ভবতীত্যর্থঃ। নির্ব্বিকারঃ কোঽসাবাত্মা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য ব্রহ্মণ স্তৎপদার্থস্যাপরোক্ষানুভবে ন সর্ব্বস্য কিন্তু শুদ্ধত্বম্পদার্থস্য জীবস্যাপরোক্ষা-নুভবানন্তরমেবেত্যতঃ শুদ্ধজীবমাহ নাত্মেতি ত্রিভিঃ। আত্মা শুদ্ধজীবো ন জজান ন জাত

ব্রহ্মশক্তির বিকাশে সমুৎপন্ন যাবতীয় পদার্থেরই জন্মাদি ছয় প্রকার বিকার ঘটিয়া থাকে; কিন্তু চিদানন্দময় পরমব্রহ্ম সকল বিকারের অতীত, কারণ তাঁহার জন্ম হয় একথা বলা যায় না, যেহেতু তাঁহার অস্তিত্বের কখন লোপ নাই। তিনি সর্ব্বব্যাপী, সুতরাং তিনি বর্দ্ধিত হন, এভাবও অসঙ্গত। তিনি এক রসময়, অতএব অবস্থান্তরের দ্বারা পরিণাম তাঁহাতে কিরূপে

আভাস।

নামরূপে ও ক্রিয়াশক্তিতে মূল সত্ত্বাবিশিষ্ট অবয়বে একাই প্রতীয়মান হইতেছেন। এই পুরুষরূপী সূত্রাত্মা জ্ঞানশক্তি হইতে প্রকৃতির সংযোগে প্রথম মহত্তত্ত্ব উৎপন্ন হয়। এই মহত্তত্ত্ব হইতে অহঙ্কারতত্ত্ব সমুৎপন্ন হয়; যাহারি ব্যষ্টি বা বিভক্ত অংশে জীবের অহঙ্কারের উদয় হইয়া, কার্য্যাকার্য্য সকল ক্রিয়ায় অভিনিবেশ পূর্ব্বক [illegible] সম্পন্ন করে। যেমন গাঢ় অন্ধকার মধ্যে একটী গৃহীতাস্ত্র আততায়ী চোরকে [illegible] তাহাকে জীবন-নাশক বলিয়া যখন [illegible] পলায়নাদির দ্বারা আত্মরক্ষা করা [illegible] প্রতিবিধানে যত্ন আইসে। অতএব [illegible] অহঙ্কারতত্ত্বে [illegible] উদ্ভাবন হয় এবং সেই কর্ত্তব্য [illegible] বলিয়াছেন, "মহতোঽহঙ্কার স্তস্মাদশশ্চ [illegible] পঞ্চভূতানি"। মহত্তত্ত্ব হইতে অহঙ্কার, অহঙ্কার [illegible] হইতে মন ও জ্ঞানেন্দ্রিয় পঞ্চ ও কর্ম্মেন্দ্রিয় পঞ্চ এবং পঞ্চতন্মাত্রা পরে এই পঞ্চতন্মাত্র, হইতে পঞ্চ মহাভূতের উৎপন্ন হইয়া পরস্পর

সর্ব্বত্র শশ্বদনপায্যুপলব্ধিমাত্রং প্রাণো যথেন্দ্রিয়বলেন বিকল্পিতং সৎ ॥৩৯॥

অন্বয়ঃ।

ননু। সৎ ব্রহ্মরূপং এব জ্ঞানং প্রাণঃ যথা ইন্দ্রিয়বলেন তথা বিকল্পিতং বিবিধং কল্পিতং হি যস্মাৎ, ব্যভিচারিণাং আগমাপায়িনাং বাল্যযুবাদিস্বপ্নজাগরাদ্যবস্থানাং চ সবনবিদ্ তত্তৎকালসাক্ষী ॥৩৯॥

শ্রীধরস্বামী।

অত আহ উপলব্ধিমাত্রমিতি। নন্বায়াতং তর্হি ক্ষণিকত্বং নেত্যাহ। সর্ব্বত্র দেশে শশ্বৎ সর্ব্বদা অনপায়ি অনুবর্ত্তমানং। ননু নীলজ্ঞানং জাতং পীতজ্ঞানং নষ্টমিতি প্রতীতেঃ ন জ্ঞানস্যানপায়িত্বং অত আহ ইন্দ্রিয়বলেনেতি। সদেব জ্ঞানং ইন্দ্রিয়বলেন বিবিধং কল্পিতং। নীলাদ্যাকারবৃত্তয় এব জায়ন্তে নশ্যন্তি চ ন জ্ঞানমিতি ভাবঃ। ব্যভিচারিষ্বনুস্থিতস্যাপ্যব্যভিচারে দৃষ্টান্তঃ প্রাণো যথেতি ॥৩৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যাদ্যো বিকারো নিষিদ্ধঃ ন যদ্বিজ্ঞভীত্যাত্তঃ ষষ্ঠঃ। জন্মাভাবাদেব তদনন্তরাস্তিতালক্ষণোঽপি বিকারো দ্বিতীয়ঃ। নৈধতে বর্দ্ধত ইতি তৃতীয়ঃ। বৃদ্ধ্যভাবাদেব পরিণামোঽপি চতুর্থঃ। ন ক্ষীয়ত ইত্যপক্ষয় ইতি পঞ্চমঃ। হি যস্মাদ্ব্যভিচারিণামাগমাপায়িনাং বাল-

ঘটিবে? সর্ব্বস্বরূপীর স্বরূপে ক্ষয়ের সম্ভাবনা নিতান্তই অসম্ভব। হ্রাস বা মৃত্যুও তাঁহার নাই; কারণ তাঁহাতে কোন প্রকার ক্রমাদি নাই; তিনি জ্ঞানৈকরস-মূর্ত্তি। প্রাণশক্তি যেমন যুগপৎ বা ক্রমশঃ সকল ইন্দ্রিয়কেই সামর্থ্য প্রদানে অবস্থিতি করে, সেইরূপ বাল্য-যৌবনাদি বা স্বপ্নজাগ্রদাদি সকল অবস্থাতেই তত্তৎকালের সাক্ষিরূপে এক জ্ঞানরূপী পরম ব্রহ্মই প্রতিষ্ঠিত রহিয়াছেন ॥৩৯॥

আভাস।

মিলনে এই বিশ্বসংসার রচিত হইয়া থাকে। পরব্রহ্ম যখন সূক্ষ্ম প্রকৃতি ও তদুপহিত পুরুষ এই উভয়েরই আকর ও আধার, তখন সেই পুরুষপ্রকৃতি হইতে যত প্রকার কার্য্যকারণভাবের উদয় হইয়া থাকে, সকলই ব্রহ্মময়। রাজা যেমন কর্ম্মচারিরূপে নিজেই সমস্ত রাজ্যের শাসনকার্য্য নির্ব্বাহ করিতেছেন, তাঁহার স্বরূপই কর্ম্মচারী, সেইরূপ এক অদ্বিতীয় অনন্ত একমাত্র সনাতন ব্রহ্মই শক্তি ও শক্তরূপে বিশ্বসংসার হইয়া রহিয়াছেন; সুবর্ণ বা মৃত্তিকা পরিত্যাগে যেমন অলঙ্কারের অলঙ্কারত্ব বা ঘটের ঘটত্ব থাকে না, সেইরূপ পরব্রহ্মের অভাবে নিত্য আত্মময় জগতের অস্তিত্বই থাকিতে পারে না। জগৎ যখন প্রতীত, তখন তত্ত্ব প্রতীত না হইলেও, পরমার্থত চিরবিদ্যমান আছেন; সন্দেহ নাই ॥৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুবাদিদেহানাং দেবমনুষ্যাদিদেহানাং বা সবনবিৎ তত্তৎকালদ্রষ্টা। নহ্বস্থাবতাং দ্রষ্টা তদবস্থো ভবতীতি ভাবঃ। তর্হি নিরবয়ঃ কোহসাবাত্মেত্যত আহ। উপলব্ধিমাত্রং জ্ঞানৈকরূপং কথম্ভূতং সর্ব্বত্র দেহে শশ্বদনপায়ি সদানুবর্ত্তমানং। নমু নীলজ্ঞানং জাতং পীতজ্ঞানং নষ্টমিতি প্রতীতের্জ্ঞানস্যানপায়িত্বং তত্রাহ ইন্দ্রিয়বলেনেতি। সদেব জ্ঞানমেকমিন্দ্রিয়বলেন বিবিধং কল্পিতং। নীলাদ্যাকারবৃত্তয় এব জায়ন্তে নশ্যন্তি চ ন জ্ঞানমিতি ভাবঃ। ব্যভিচারিত্বহিত্বগাপ্যভিচারে দৃষ্টান্তঃ প্রাণো যথেতি॥ ৩৯॥

আভাস।

"সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই প্রতীয়মান স্থাবর জঙ্গমাদি যাবতীয় পদার্থই ব্রহ্ম; "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভাব্যং" অতীত অনাগত ও বর্ত্তমান যাবতীয় সকল পদার্থই ব্রহ্মময়; ব্রহ্মাপাদানে সকলেরই সত্তা এবং তদীয় ঈক্ষণেই জগৎ জ্ঞানবান্" এই সকল শ্রুতিবাক্যের দ্বারা ব্রহ্মই যদি সর্ব্বময় হন, তাহা হইলে কার্য্যভূত জগতের জন্মাদি বিকার ব্রহ্মস্বরূপকে স্পর্শ করিবে, এই সন্দেহ নিরাসার্থ এই শ্লোকের অবতারণা হইয়াছে। ইহাতে ব্রহ্মস্বরূপের বর্ণন পূর্ব্বক জগৎ ধর্ম্মের সহিত অনৈক্যভাব বর্ণিত হইয়াছে। এখানে ব্রহ্মস্বরূপ বর্ণনার্থ সর্ব্বত্র, শশ্বদ্, অনপায়ি, উপলব্ধিমাত্রং এই চারীটী পদ প্রয়োগ করিয়া পরমেশ্বরে সংসারের বিরুদ্ধ ধর্ম্ম প্রকাশ করিয়াছেন। পরমাত্মার জন্ম হয় না; কারণ তিনি নিত্য (শাশ্বৎ) বস্তু। যাহা জন্মে, তাহা জন্মের পর জন্মজাতীয় অস্তিত্ব ভোগ করে; সুতরাং যাঁহার জন্মরূপ বিকার নাই, তাঁহার জন্মানন্তর জন্মজাতীয় অস্তিত্ব-লক্ষণ বিকারেরও থাকা সম্ভব নহে। তিনি কালক্রমে পরিবর্দ্ধিত হন না; কারণ যিনি সর্ব্বব্যাপী তাঁহার আর বৃদ্ধির স্থান কোথায়? এবং যিনি একরূপ তাঁহার অবস্থান্তরে পরিবর্ত্তনও ঘটে না। দেব মনুষ্যাদি দেহের বাল্যযুবাদি অবস্থা আছে এবং কালবশে সেই সকল দেহের জন্ম জরাদি ছয় প্রকার বিকার পরিলক্ষিত হয়; কিন্তু যিনি সেই দেহের অন্তর্যামিরূপে তত্তৎ অবস্থা ও কালের সাক্ষিরূপে বিদ্যমান থাকেন, তাঁহার আর সেই অবস্থা দ্বারা কোন বিক্রিয়া ঘটিবার সম্ভাবনা নাই। উপলব্ধিমাত্র স্বরূপই পরমাত্মলক্ষণ, এই মতে ক্ষণিকবাদীর অপসিদ্ধান্ত স্পর্শ করে না। কারণ সচ্চিদানন্দ পরম ব্রহ্ম সর্ব্বত্র দেশে (শশ্বৎ) সর্ব্বদা অবিনাশিভাবে অনুস্যূত আছেন। ক্ষণিকবাদীর মতানুসারে ঘটজ্ঞান বিনষ্ট হইয়া যে বস্ত্রজ্ঞান হয়, বলিয়া সিদ্ধান্ত আছে, তাহা সম্পূর্ণ যুক্তিযুক্ত নহে। এস্থলে ঘটাদি বৃত্তিমাত্রের নাশ স্বীকার করিলেও, জ্ঞানের নাশ কখনই স্বীকার্য্য নহে। যেমন গৃহস্থিত দীপসমীপে যে কোন ব্যক্তিই উপস্থিত হয়, প্রদীপ জ্যোতি প্রসারণে তাহাকেই আলোকিত করে এবং তাহার প্রস্থানে আর আলোকিত করে না, কেবল আপনিই প্রদীপ্ত থাকে, সেইরূপ নিত্য বিরাজমান এক জ্ঞান যখন যে বস্তু ইন্দ্রিয় প্রণালীকা দ্বারা অভ্যন্তরে প্রবেশ করে তখন তাহাকেই ব্যাপৃত হইয়া প্রকাশ করে;

অণ্ডেষু পেশিষু তরুষ্বনিশ্চিতেষু প্রাণো হি জীবমুপধাবতি তত্র তত্র।

অন্বয়ঃ।

অণ্ডেষু অণ্ডজেষু, পেশিষু জরায়ুজেষু, তরুষু উদ্ভিজ্জেষু, অবিনিশ্চিতেষু স্বেদজেষু জীবোপাধিষু, তত্র তত্র সর্ব্বত্র প্রাণঃ প্রাণবায়ুঃ হি, যথা তথা পরমাত্মা জীবং উপধাবতি (অবিকৃত এব অনুবর্ত্ততে) ইন্দ্রিয়গণে অহমি অহঙ্কারতত্ত্বে, সন্নে লীনে সতি, তথা অহঙ্কারে

শ্রীধরস্বামী।

দৃষ্টান্তং বিবৃণ্বন্নিন্দ্রিয়াদিলয়েন নির্ব্বিকারাত্মোপলব্ধিং দর্শয়তি অণ্ডেম্বিতি। পেশিষু জরায়ুজেষু তরুষু উদ্ভিজ্জেষু অবিনিশ্চিতেষু স্বেদজেষু উপধাবতি অনুবর্ত্ততে এবং দৃষ্টান্তে নির্ব্বিকারত্বং প্রদর্শ্য দার্ষ্টান্তিকেঽপি দর্শয়তি সন্ন ইতি। কথং তর্হি আত্মা সবিকার ইব প্রতীয়তে যদা জাগরে ইন্দ্রিয়গণঃ যদা চ স্বপ্নে তৎসংস্কারবান্ অহঙ্কারঃ যদা তু প্রসুপ্তং তদা তস্মিন্ প্রসুপ্তে ইন্দ্রিয়গণে সন্নে লীনে অহমি অহঙ্কারে সন্নে কূটস্থো নির্ব্বিকার এবাত্মা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃষ্টান্তং বিবৃণ্বন্ ইন্দ্রিয়াদিলয়েন নির্ব্বিকারাত্মোপলব্ধিং দর্শয়তি অণ্ডেম্বিতি। পেশিষু জরায়ুজেষু। তরুষু উদ্ভিজ্জেষু। অবিনিশ্চিতেষু। স্বেদজেষু উপধাবতি জীবমাদদান এব জীবং অনুবর্ত্ততে। এবং দৃষ্টান্তে নির্ব্বিকারত্বং প্রদর্শ্য দার্ষ্টান্তিকেঽপি দর্শয়তে। সন্নে ইতি। অয়মর্থঃ। জাগরে ইন্দ্রিয়গণ এবাত্মনঃ সবিকারত্বপ্রয়োজকঃ। স্বপ্নে তু তৎসংস্কারবানহঙ্কার এব। যদা তু সুষুপ্তং তদা ন কোঽপ্যস্তদা নির্ব্বিকার এবাত্মেতি। প্রসুপ্তে সুষুপ্তাবস্থায়াং ইন্দ্রিয়গণে সন্নে অহমি লীনে সতি অহঙ্কারে চ সন্নে কূটস্থো নির্ব্বিকার এবাত্মা।

জরায়ু, অণ্ড, উদ্ভিদ্ ও স্বেদাদি হইতে উৎপন্ন যে কোন জীবদেহে প্রাণবায়ু যেমন জীবানুকূলে প্রসৃত হয়, সেইরূপ পরমাত্মা অন্তর্যামিরূপে সর্ব্বত্র অনুগমন করিয়া থাকেন; অথচ কোনরূপে কিছুতেই লিপ্ত নহেন। কিন্তু প্রতিগমন কালে ইন্দ্রিয়নিচয় অহঙ্কারতত্ত্ব-স্বরূপে লীন হইলে, সংস্কারাদির

আভাস।

তদভাবে স্বয়ং বিশুদ্ধ ভাবেই অবস্থিত থাকে। প্রাণবায়ু অর্থাৎ জীবনশক্তি দেহের সর্ব্বত্র পরিপূর্ণভাবে অবস্থিতি পূর্ব্বক ইন্দ্রিয়গণকে কার্য্যে প্রবৃত্তি প্রদান করে এবং বহুবিধ ইন্দ্রিয়ের কার্য্যে এক প্রাণই বহুরূপে প্রতীত হয়, অথচ ইন্দ্রিয়ের কার্য্য নিরস্ত থাকিলেও, প্রাণবায়ুর অস্তিত্ব লোপ হয় না; সেইরূপ এক জ্ঞানসন্নিধানে বৃত্তির উদয় বা অস্ত ঘটিলেও, সাক্ষিভাবের কখন অপলোপ হয় না। ব্যষ্টি সাক্ষী জীব; সমষ্টি সাক্ষী পরাৎপর পরমেশ্বর সচ্চিদানন্দ পরম ব্রহ্ম। ৩৯।

ইন্দ্রিয়াদির বিলয়ে নির্ব্বিকার এক আত্মারই যে উপলব্ধি হয়, তাহাই এই শ্লোকে উপবর্ণিত হইয়াছে। অর্থাৎ অনুলোম পন্থা অবলম্বনে সৃষ্টির ক্রমানুসারে যেমন এক

মগ্নে যদেন্দ্রিয়গণেঽহমিচ প্রসুপ্তে কূটস্থ আশয়মৃতে তদনুস্মৃতি র্নঃ ॥ ৪০ ॥

অন্বয়ঃ ।

চ প্রসুপ্তে লীনে সতি আশয়ং সংস্কারাদিকং, ঋতে বিনা কূটস্থ আত্মা, (নির্বিকারঃ এব অবতিষ্ঠতে তস্য অবস্থানে) নঃ অস্মাকং, তদনুস্মৃতিঃ (তস্য অনুভূতস্য ভাবস্য অনুস্মৃতিঃ স্মরণং (ভবতি) ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী ।

কুত আশয়মৃতে লিঙ্গশরীরমুপাধিং বিনা বিকারহেতোরুপাধেরভাবাদিত্যর্থঃ । নমু অহঙ্কারপর্য্যন্তস্য সর্ব্বস্য লয়ে শূন্যমেবাবশিষ্যেত ক তদা কূটস্থ আত্মা অত আহ তদনুস্মৃতি র্নঃ তস্য বিশেষজ্ঞানশূন্যস্য সুখাত্মনঃ সুষুপ্তিসাক্ষিণঃ স্মৃতির্নোঽস্মাকং ভবতি এতাবন্তং কালং সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি । অতোঽননুভূতস্যাস্মরণাৎ অস্ত্যেব সুষুপ্তাবাত্মানুভবঃ । বিষয়সম্বন্ধাভাবান্ন স্পষ্ট ইতি ভাবঃ । তথাচ শ্রুতিঃ । যদ্বৈ তন্ন পশ্যতি পশ্যন্নেতদ্দ্রষ্টব্যং ন পশ্যতি নহি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যত ইত্যাদি ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

কুতঃ আশয়মৃতে লিঙ্গশরীরমুপাধিং বিনা বিকারহেতোরুপাধেরভাবাদিত্যর্থঃ । নম্বহঙ্কারপর্য্যন্তস্য সর্ব্বস্য লয়ে শূন্যমেবাবশিষ্যেতে ক তদা কূটস্থ আত্মা তত্রাহ তদনুস্মৃতি র্নঃ তস্য বিশেষজ্ঞানশূন্যস্য সুখাত্মনঃ সুষুপ্তিসাক্ষিণঃ স্মৃতিরস্মাকং ভবতি । এতাবন্তং কালং সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি । অতোঽননুভূতস্যাস্মরণাদস্ত্যেব সুষুপ্তাবাত্মানুভবঃ । বিষয়সম্বন্ধাভাবাত্তু ন স্পষ্ট ইতি ভাবঃ । তথাচ শ্রুতিঃ যদ্বৈতং ন পশ্যতি পশ্যন্ বৈ দ্রষ্টব্যং পশ্যতি । নহি দ্রষ্টুর্দৃষ্টে র্বিপরিলোপো বিদ্যত ইতি ॥ ৪০ ॥

অতএব নির্ব্বিকার ও নির্ব্বিকল্পভাবে এক কূটস্থ চৈতন্যই অবস্থান করেন । গাঢ়নিদ্রাতে কূটস্থচৈতন্যের অস্তিত্ব আমাদের স্মৃতি দ্বারাই বিলক্ষণ অনুভূত হইয়া থাকে ; কারণ নিদ্রাকালে সকল সংস্কারের অভাববোধও নিত্যবিদ্যমান কূটস্থচৈতন্যের দ্বারা না হইলে, পরে তাহার অনুভূতি কি প্রকারে সম্ভব ? ৪০ ॥

আভাস ।

পরমাত্মাই সমগ্র জগদ্রূপে ভাসমান হন, আবার প্রতিলোম পন্থা অবলম্বনে প্রতিসর্গ অর্থাৎ লয়ানুসারে সর্ব্বান্তে এক পরমাত্মামাত্রই অবস্থিত থাকেন । আমাদের নিদ্রাই ব্যবহারিক দশায় ইহার প্রধান দৃষ্টান্তস্থল । জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ (দংশ মশকাদি) এবং উদ্ভিজ্জ জীবমাত্রেই এক প্রাণই চৈতন্যের অভিব্যঞ্জক ; চৈতন্যই প্রাণরূপে সর্ব্বত্র প্রসৃত হইয়া ইন্দ্রিয়াদিকে কার্য্যে পরিচালিত করেন । জাগ্রৎকালে ইন্দ্রিয়ই চৈতন্যের বিকারি ভাবের পরিচায়ক, কিন্তু স্বপ্নে ইন্দ্রিয়গণ অহঙ্কারতত্ত্বে বিলীন হইলে, জীবচৈতন্য সংস্কারবিশিষ্ট অহঙ্কারবিকারে তন্ময়ভাবাপন্ন প্রতীত হয়েন । কিন্তু গাঢ় নিদ্রাকালে

যর্হ্যব্জনাভচরণৈষণয়োরুভক্ত্যা চেতোমলানি বিধমেদ্গুণ-কর্ম্মজানি।

অন্বয়ঃ।

অব্জনাভচরণৈষণয়া (অব্জনাভস্য সর্ব্বকারণস্য ভগবতঃ চরণয়োঃ এষণয়া লাভেচ্ছয়া জাতয়া) উরুভক্ত্যা গুণকর্ম্মজানি (গুণাঃ সত্ত্বাদয়ঃ তৎপ্রযুক্তানি কর্ম্মাণি ততো জাতানি)

শ্রীধরস্বামী।

নম্ন যদি সুষুপ্তৌ কূটস্থাত্মানুভবো ভবেৎ কথং পুনরপি সংসারঃ স্যাৎ। অবিদ্যা তৎসংস্কারাণাং বিদ্যমানত্বাদিতি চেৎ কদা তর্হি তন্নিবর্ত্তকোঽনুভবো ভবেদত আহ যর্হীতি। বিত্তৈষণাদি বিহায় কেবলমব্জনাভস্য এব চরণেচ্ছয়া যা উরুভক্তিস্তয়া পুমান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্ন যদি সুষুপ্তৌ নির্ব্বিকারাত্মানুভবো ভবেৎ কথং পুনরপি সংসারঃ স্যাৎ। অবিদ্যা তৎসংস্কারাণাং বিদ্যমানত্বাদিতি চেৎ কদা তর্হি তদ্রহিতশুদ্ধাত্মানুভবো ভবেৎ তত্র ভক্তি-মিশ্রজ্ঞানপরিপাকেণ প্রথমং শুদ্ধজীবানুভবঃ স্যাৎ ততো ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি

নিদ্রাতে কূটস্থচৈতন্যের উপলব্ধি হইলেও সংসার বিনিবৃত্ত হয় না। কিন্তু সর্ব্বকারণকারণ পদ্মনাভ ভগবানের চরণলাভের উৎকৃষ্ট ইচ্ছায় যে অহৈতুকী ভক্তি জন্মে; সেই ভক্তির প্রভাবে সত্ত্বাদি গুণনিষ্ঠ কর্ম্মসংস্কাররূপ

আভাস।

অহঙ্কারের বিলয় হইলে, সংস্কারের অভাবে সর্ব্বশূন্যময় অবস্থাতে কূটস্থ নির্ব্বিকারী আত্মা-মাত্রেরই উপলব্ধি হইতে থাকে। কারণ অহঙ্কারই জীবের জীবত্বের পরিচায়ক ও সংসার-গমনের কারণ; নিদ্রাকালে যখন অহঙ্কার থাকে না, তখন অহঙ্কারের সম্পত্তি সংস্কারও প্রতিক্রিয়ার অনুরোধে ভ্রমপ্রভাবে লুপ্তপ্রায় হইয়া থাকে, সুতরাং জীবত্বের উপহিত ভাব ক্ষণকালের জন্যও নিরস্ত হয়। এক্ষণে অহঙ্কারের লয়ে সম্বন্ধাভাব বশত সকলই শূন্য হইয়া যায়। কূটস্থের আর অস্তিত্ব কোথায়? এরূপ বিবেচনা করা, কর্ত্তব্য নহে। কারণ তাৎকালিক বিষয়বিশেষের জ্ঞানশূন্য সুখস্বরূপ সুষুপ্তিসাক্ষীর স্মৃতি আমাদের হইয়া থাকে। যে হেতুক নিদ্রা হইতে উত্থিত হইলে, এই নিদ্রাকালে আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, কোন বিষয়ের জ্ঞান আমার ছিল না, এই অভাববোধ এবং সুখরূপতার স্মৃতিও কখন অসাক্ষিক হইতে পারে না। তবে বিষয়সম্বন্ধে আমাদের উপলব্ধি যেরূপ স্পষ্ট হয়, এস্থলে তম ব্যতীত অন্য বিষয়ের অভাবে, কিছু অস্পষ্ট; কিন্তু অমিশ্রিত ॥ ৪০ ॥

এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, যদি সুষুপ্তিকালে নিত্য নির্ব্বিকারী নিরঞ্জন আত্মারই অনুভব হয়, তবে জীবের আর সংসার বন্ধন থাকে কেন? যদি বলা যায় যে, তৎকালে অনুভব বিশুদ্ধ নহে; অবিদ্যা ও তৎসংস্কার বিদ্যমান থাকায়, আত্মসাক্ষাৎকার হইয়াও হয় না। সমপাঠী অন্যান্য বালকের অধ্যয়ন-ধ্বনির সহিত নিজপুত্রের কণ্ঠধ্বনি শ্রুত-

তস্মিন্ বিশুদ্ধ উপলভ্যত আত্মতত্ত্বং সাক্ষাদ্যথাঽমলদৃশোঃ সবিতৃপ্রকাশঃ ॥৪১॥

অন্বয়ঃ।

চেতোমলানি (পুণ্যপাপরাগলোভাদীনি, যর্হি বিধমেৎ বিনাশয়েৎ, তদা তস্মিন্ বিশুদ্ধে নির্মলে, চেতসি অমলদৃশোঃ (অমলয়োঃ দৃশোঃ ন তু অন্ধস্য) সবিতৃপ্রকাশঃ ইব আত্মতত্ত্বং সাক্ষাৎ অব্যবধানেন, উপলভ্যতে ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

চেতসো মলানি বিধমেৎ নাশয়েৎ। চেত এব বা কর্তৃ। স্বগতানি মলানি তয়া ভক্ত্যা ক্ষালয়েৎ তদা তস্মিন্ বিশুদ্ধে চেতসি সতি সাক্ষাদব্যবধানেন আত্মতত্ত্বমুপলভ্যতে। অমলয়োর্দৃশোঃ সতোর্যথা পূর্ব্বমেব সিদ্ধঃ সবিতৃপ্রকাশ ইতি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরমিতি ভগবদুক্ত্যা ভক্ত্যুত্থজ্ঞানেন তৎপদার্থস্য ব্রহ্মণোঽপরোক্ষানুভবস্ততো ব্রহ্মসাযুজ্যমিতি ক্রমঃ। যদি

চিত্তমালিন্য যখন অপনোদিত হয় এবং নির্ম্মল দর্পণের ন্যায় চিত্ত স্বচ্ছভাব ধারণ করে, তখন চক্ষুষ্মান্ ব্যক্তির নির্ব্বাধে সবিতৃদর্শনের ন্যায়, তাদৃশ নির্ম্মলহৃদয়ে অমলদৃষ্টি ভক্ত জগজ্জীবন পরমাত্মতত্ত্ব নির্ব্বাধে উপলব্ধি করিয়া থাকেন ॥ ৪১ ॥

আভাস।

হইলেও যেমন স্পষ্ট নহে, অপর বালকের ধ্বনিতে অভিভূত থাকে, সেইরূপ যে পর্য্যন্ত বিষয়বিচার দ্বারা জগতের অনিত্যতা ও মিথ্যাত্ব প্রতিপাদনপূর্ব্বক ঈশ্বরের অস্তিত্ব প্রতীয়মান না হয়, সে পর্য্যন্ত মুক্তিলাভের কোন সম্ভাবনা নাই। কিন্তু বিষয়াসক্তি অতিশয় তীব্র; সে বিষয়ের দোষ দর্শন করিতে দেয় না; সামান্য সুখের জন্য অনন্ত দুঃখ-সঙ্কুল পুত্র-বিত্তাদি বিষয়ে বিশেষ যত্ন করায়। অতএব তাদৃশ আসক্তিকে পরিত্যাগ পূর্ব্বক মুক্তির উপায় কিরূপে সাধিত হইতে পারে? এতদুত্তরে মুনিগণ বলিলেন, আসক্তি সংসারের কারণ হইলেও লক্ষ্যবিশেষে নিয়োজিত হইলে, মুক্তিরই কারণ হইয়া উঠে। আসক্তি স্থূলদৃষ্টিতে বিবেকীর ত্যাজ্য হইলেও কুশলীর পক্ষে ত্যাজ্য নহে। কারণ আসক্তিই জীবকে আকর্ষণ করিয়া পরমার্থে প্রবিষ্ট করায়। আসক্তি বস্তুত কোন রূপ অনিষ্টকারী বৃত্তি নহে, তবে লক্ষ্যের দোষে বা গুণে দুষ্ট বা শিষ্টরূপের পরিচয় দেয় মাত্র। ভূত-ভাবন ভগবান্ জগৎ ও জীবের রচনা করিয়া তন্মধ্যে পরস্পরে মিলিত হইবার জন্য একটী আকাঙ্ক্ষাভাবের উদয় করিয়াছেন, যাহার প্রভাবে কেবল জীব কেন, জড় জগৎ পর্য্যন্ত পরস্পরের সহিত সম্বন্ধ হইবার জন্য সর্ব্বদা চেষ্টা করিতেছে। এমন কি সূর্য্য চন্দ্রাদি বৃহত্তম পদার্থ হইতে পরমাণু পর্য্যন্ত প্রত্যেক পদার্থ অন্যোন্যের সহিত মিলিত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তু যৎ কর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যদিতি বাক্যবলাৎ ব্রহ্মানুবুভূষুঃ কেবলামেব ভক্তিং কুর্য্যাত্তদা সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিতি ন্যায়েন ব্রহ্মানুভবং প্রাপ্য ভগবদনুভবমপি প্রাপ্নোতীত্যাহ যর্হীতি। যদা উরুঃ কেবলা ভক্তিস্তয়া চেতসো মলানি গুণকর্ম্মজানি বিধমেৎ নাশয়েৎ। ত্রৈগুণ্যাপগমে নৈষ্কর্ম্ম্যং যদা ভবেদিত্যর্থঃ। কীদৃশ্যা অব্জনাভস্য চরণাৎ চরণোপাসনাদেব এষণা কামনা ধ্রুবাদীনামিবাস্তকামনাপি ভবেদ্যস্তস্য়া তদা তস্মিন্ বিশুদ্ধে চেতসি আত্মনস্তৎপদার্থস্য ব্রহ্মণস্তৎপ্রতিষ্ঠারূপস্য ভগবতোঽপি তত্ত্বমুপলভ্যতে। যথা অমলদৃশোর্দৃশোঃ পটলাপগমে সতি নির্ম্মলয়োঃ সতোঃ সবিতুঃ সূর্য্যস্য প্রকাশঃ। সাক্ষাদিতি পদেন ভক্তিমহিম্না তৎপ্রতিষ্ঠারূপঃ সবিতাপি সবিতৃভক্তেন স্বদৃগ্ভ্যাং পাণিপাদাদিবিশিষ্টো বাহনাদিপরিকরসহিতোঽপ্যুপলভ্যতে ॥ ৪১ ॥

আভাস।

হইবার জন্য বিশেষ যত্ন করিতেছে। এক পদার্থে মিলিত হইলেও যেন তাহাদের সে আশা পূর্ণ হয় না, তদপেক্ষা প্রিয় পদার্থের উপস্থিতিতে উৎকণ্ঠিত হইয়া আবার পূর্ব্বপদার্থ ত্যাগে বা তৎসহই সেই প্রিয়তে সংযোজিত হইতেছে। এই আকাঙ্ক্ষা বা তৃষ্ণাভাবের ইচ্ছাই জগৎকে জগদ্রূপে রক্ষা করিতেছে, জীবকে সংসারী করিতেছে ও মুক্তিপ্রদানার্থ মুক্তহস্তে দণ্ডায়মান রহিয়াছে। অতএব ঐ আকাঙ্ক্ষাস্বরূপের গতিকে লক্ষ্য করত, পাত্রাপাত্র বিবেচনায় প্রবর্ত্তিত করাই বুদ্ধিমানের বুদ্ধির একমাত্র পরিচয়। সংসর্গের দ্বারা পদার্থের দোষ বা গুণ সংসর্গীকে স্পর্শ করে; সুতরাং আকাঙ্ক্ষার লক্ষ্য যাহার যেমন উৎকৃষ্ট বা নিকৃষ্ট, সংসর্গী জীব তদনুসারে উৎকৃষ্ট বা নিকৃষ্ট গতি লাভ করে; সন্দেহ নাই। এই শ্লোকে ভগবানকে অব্জনাভ বলিয়া প্রকাশ করা হইল যে, বিষয়াসক্ত জীবের পক্ষে তদ্রূপ বিষয় আর দ্বিতীয় নাই। বিষয় অনন্ত; একে একে সকলকে পরীক্ষা করিতে হইলে, অনন্তকালেও তাহার সম্ভোগ সমাপন হইবে না। অতএব যে স্থান হইতে এই সকল বিষয় উৎপন্ন হইয়াছে, সেই সকলের আকরস্থানীয় ভগবানকেই আকাঙ্ক্ষা বা আসক্তির বিষয় করিতে পারিলে আর কোন ভোগের অপেক্ষা থাকিবে না। ভগবচ্চরণে তাদৃশ অনুরক্তি বিশেষের অভাবে জীবকে ভীত হইতে হইবে না; কারণ উপকারিতার মৃদুতা ও তীব্রতা অনুসারে পদার্থে চিত্ত তদ্রূপেই অনুরক্ত হয়। যে যেমন হিতৈষী, সে সেই পরিমাণেই চিত্তকে প্রিয়বেশে আকর্ষণ করে। কিন্তু যখন সেই ভগবানের নাভিকমল হইতে সমগ্র বিশ্ব মধুকরগণের ন্যায় প্রকাশ হইতেছে, তখন সেই পদ্মপলাশলোচন ব্যতীত অন্য কে অধিক প্রিয় হইবে? এখানে আশঙ্কা হইতে পারে যে, যদি ভগবানই সর্ব্বাপেক্ষা প্রিয় হন, তবে জীবমাত্রেরই চিত্ত অন্য বিষয়ের পরীক্ষা না করিয়া একেবারে ভগবানেই আসক্ত হয় না কেন? তাহার উত্তরে প্রকাশ করা হইয়াছে "গুণকর্ম্মজানি চেতোমলানি" অর্থাৎ অজ্ঞান-তরঙ্গে নিপতিত জীব সত্ত্বাদি গুণজনিত কর্ম্মের ক্লেশে চিত্তচক্ষু বিকৃত

রাজোবাচ ॥

কর্ম্মযোগং বদত নঃ পুরুষো যেন সংস্কৃতঃ।

অন্বয়ঃ।

রাজা নিমিঃ উবাচ। যেন অনুষ্ঠিতেন কর্ম্মযোগেন, পুরুষঃ ইহ এব জন্মনি আশু শীঘ্রং এব কর্ম্মাণি মোক্ষপ্রতিবন্ধকভূতানি পাপানি, বিধূয় নিরস্য, সংস্কৃতঃ মোক্ষোপযোগী

শ্রীধরস্বামী।

ভক্তেঃ কর্ম্মযোগাধীনত্বাৎ তং পৃচ্ছতি কর্ম্মযোগমিতি। নৈষ্কর্ম্ম্যং কর্ম্মনিবৃত্তিলক্ষণং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণকর্ম্মজানি বিধমেদিতি শ্রদ্ধয়া ভক্ত্যা জ্ঞানেন মচ নৈষ্কর্ম্ম্যং স্যাদিতি ময়া জ্ঞায়ত

নিমিরাজ তখন যোগেন্দ্রগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে অমল-দর্শিগণ! যে কর্ম্মযোগের অনুষ্ঠানে মানব এই জন্মেই মোক্ষ প্রতিবন্ধক-

আভাস।

করিয়া ফেলায় ভগবানকে স্পষ্ট দর্শন করিতে পারিতেছে না; সুতরাং স্বরূপদর্শনের অভাবে জীবের প্রেম সুস্পষ্ট হইতেছে না। কিন্তু এ দোষ নিবারণের উপায় ভগবানেই আছে; তাহার পরিচয়ার্থ "অব্জনাভ" শব্দটীর প্রয়োগ করা হইয়াছে। অর্থাৎ চক্ষুতে যদি দৃষ্টিদোষ জন্মে, তাহা হইলে কমলের মধুই চক্ষুদোষ নিবারণের প্রধান ঔষধ। অতএব যদি প্রথমত ক্লেশস্বীকার করত কমলমধু একবার আহরণ করিতে পারা যায়, তখন তাহার প্রয়োগে নয়নরোগ নিবারিত হইয়া কমল ও কমলহ্রদ যেমন প্রত্যক্ষে প্রতীয়মান করায়, সেইরূপ গুরুমুখে সেই গুণাকরের গুণমাধুর্য্য অনুভব করিলে, অজ্ঞানজনিত বিষয়াসক্তিরূপ চিত্তরোগ নিবারিত হইয়া গুণাকরের সৌন্দর্য্যরাশি জ্ঞানচক্ষুতে নির্ব্বাধে প্রকাশিত করে। তখন ঘনঘটার অপসারণে সূর্য্যদেবের প্রকাশের ন্যায়, বিমল হৃদয়ে আত্মতত্ত্বরূপ ভগবন্মূর্ত্তি সাক্ষাৎ সম্বন্ধে প্রকাশমান জীব উপলব্ধি করে। তখন বিষয়ের আকাঙ্ক্ষা বা আসক্তি শুষ্ক হইয়া ভগবৎপ্রাপ্তির আকাঙ্ক্ষা বা ভক্তি উত্তরোত্তর বর্দ্ধিত হয়। ভক্তিমিশ্র জ্ঞানের পরিপাকে আত্মতত্ত্বের সাক্ষাৎকার ঘটে, অনন্তর ব্রহ্মভাব উপলব্ধ হয়। গীতাতেও উক্ত হইয়াছে, "ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরং"॥ এক ভক্তি দ্বারাই জীব ভগবানকে স্বরূপত অবগত হইতে পারে, এবং অন্যান্য সকল প্রকার বিষয়বাসনা পরিহার পূর্ব্বক ভগবানে বিলীন হইতে পারে, সন্দেহ নাই। ভক্তিই জ্ঞানকে প্রকটিত করত তৎপদার্থ ব্রহ্মস্বরূপকে অপরোক্ষভাবে প্রতীত করাইয়া ত্বংপদ বাচ্য জীবকে অভেদে তৎস্বরূপে বিলীন করায়। কর্ম্ম, তপস্যা, জ্ঞান ও বৈরাগ্যের দ্বারা তাদৃশ ফল লাভ হয় না, যাদৃশ ফল এক ভক্তিতে জীব লাভ করিয়া থাকে। প্রার্থনাকারীর প্রার্থনা অনুসারেই যখন প্রার্থয়িতা নর প্রার্থনা

বেদস্য চেশ্বরাত্মত্বাত্তত্র মুহ্যন্তি সূরয়ঃ ॥ ৪৪ ॥

অন্বয়ঃ ।

ইতি ত্রিবিধঃ বেদবাদঃ বেদপ্রতিপাদিতঃ ব্যবহারঃ, ন লৌকিকঃ লোকব্যবহারিকঃ, বেদস্য চ ঈশ্বরাত্মত্বাৎ অপৌরুষেয়ত্বাৎ, তত্র বিচারে সূরয়ঃ বিদ্বাংসোঽপি মুহ্যন্তি ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী ।

অপৌরুষেয়ত্বাদিত্যর্থঃ । পুংবাক্যে হি বক্তুরভিপ্রায়তোঽর্থজ্ঞানং শক্যং অপৌরুষেয়ে তু কেবলং বাক্যপৌর্ব্বাপর্য্যেণ এব তাৎপর্য্যাবধারণং তচ্চ দুষ্করমিতি তত্র কর্ম্মাদৌ বিদ্বাংসোঽপি মুহ্যন্তি কিমুতান্যে অতএব তদা বালত্বান্নৈবাব্রুবমিতি ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বাক্যত্বাদিত্যর্থঃ । তত্র মুহ্যন্তীতি, পুংবাক্যে হি বক্তুরভিপ্রায়তোঽর্থজ্ঞানং সুশক্যং । অপৌরুষেয়ে হি কেবলং বাক্যপৌর্ব্বাপর্য্যেণৈব তাৎপর্য্যাবধারণং তচ্চ দুষ্করমিতি । তত্র কর্ম্মাদৌ বিদ্বাংসোঽপি মুহ্যন্তি কিমুতান্যে অতএব বালত্বাত্তদা তে নাব্রুবন্ । ৪৪ ॥

লৌকিকব্যবহারে নহে । বেদ সাক্ষাৎ পরমেশ্বর হইতে আগমন করিয়াছেন, সুতরাং তাদৃশ অপৌরুষের বেদবচনে বিশেষ জ্ঞানী ব্যক্তির বুদ্ধিও সম্যক্ প্রবেশে অসমর্থ । অতএব তাঁহারা তোমাকে বালক বলিয়াই উপেক্ষা করিয়া থাকিবেন ॥ ৪৪ ॥

আভাস ।

হইবে । আর যে কর্ম্মের নিষেধ করা হইয়াছে, যেমন "একাদশ্যাং অন্নং ন ভুঞ্জীত" একাদশীতে (হরিবাসরে) অন্ন ভোজন করিবে না । এই বেদবোধিত নিষেধশাস্ত্রকে উল্লঙ্ঘন পূর্ব্বক যে ব্যক্তি উক্ত দিবসে অন্নভোজন করে, সে নিষিদ্ধ বিকর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকে । অধিকারী বিশেষে এই কর্ম্মযোগ কিরূপ মীমাংসিত হইয়াছে, তাহা সাধারণতঃ বেদবাক্য দর্শনে বা শ্রবণে স্পষ্ট বুঝা যায় না । আবশ্যক মত জিজ্ঞাসা করিলে বক্তা শ্রোতার অভিপ্রায়ানুরূপ উত্তরই প্রদান করিয়া থাকেন ; কিন্তু বেদ অপৌরুষেয় ; সাক্ষাৎ পরাৎপর পরব্রহ্ম হইতেই উৎপন্ন হইয়াছে । "তস্য নিঃশ্বসিতং এব বেদঃ" সেই ভগবানের নিঃশ্বাস হইতেই বেদ উৎপন্ন । ইহার বক্তা মানব নহে । সুতরাং কোন্ অধিকারীকে, কোন্ সময়, কোন্ কর্ম্মের বিধান করা হইয়াছে, তাহা সাধারণ বুদ্ধিতে অবধারণ করা নিতান্তই দুষ্কর । কেবল পৌর্ব্বাপর্য্য বাক্যের তাৎপর্য্য অবধারণেই যুক্তি স্থির করিতে হইবে । সুতরাং যখন বিদ্বান্ ব্যক্তিগণেরও ভ্রম উৎপন্ন হয়, তখন সাধারণ বালকবুদ্ধিতে তাহার তাৎপর্য্য অবধারণ সম্পূর্ণ অসম্ভব । ৪৪ ।

বেদতাৎপর্য্যের দুর্জ্ঞেয়ত্ব সম্বন্ধে পরোক্ষবাদই প্রধান কারণ । প্রকৃত উদ্দেশ্যকে প্রচ্ছন্ন রাখিয়া অপর বিষয় প্রচারের নাম পরোক্ষবাদ । পরোক্ষ কথনে উদ্দেশ্য যেমন সহজে সিদ্ধ হয়, স্পষ্ট কথনে সেরূপ হয় না । যেমন বালকের রোগ উপশমন করাই

পরোক্ষবাদো বেদোঽয়ং বালানামনুশাসনং।
কর্ম্মমোক্ষায় কর্ম্মাণি বিধত্তে হ্যগদং যথা॥ ৪৫॥

অন্বয়ঃ।

অয়ং বেদঃ পরোক্ষবাদঃ বালানাং মন্দবুদ্ধীনাং অনুশাসনং (প্রবৃত্তিঃ যথা ভবতি) পিতা লড্ডুকাদিকং দত্বা যথা হি রোগোপশমনার্থং বালান্ অগদং ঔষধং পায়য়তি তথা কর্ম্মমোক্ষায় (কর্ম্মণাং মোক্ষায় নিবৃত্ত্যর্থং) কর্ম্মাণি বিধত্তে ন স্বর্গাদি সুখার্থং)॥ ৪৫॥

শ্রীধরস্বামী।

দুর্জ্ঞেয়ং বেদতাৎপর্য্যমিত্যাহ পরোক্ষবাদ ইতি। যত্রান্যথা স্থিতোঽর্থঃ সংগোপয়িতুমন্যথা কথ্যতে স পরোক্ষবাদঃ। তথাচ শ্রুতিঃ। তং বা এতং, চতুর্হূতং সন্তং চতুর্হোতেত্যাচক্ষতে পরোক্ষেণ পরোক্ষপ্রিয়া এব হি দেবা ইতি। পরোক্ষবাদত্বমেবাহ কর্ম্মমোক্ষায়েতি। নমু স্বর্গাদ্যর্থং কর্ম্মাণি বিধত্তে ন মোক্ষার্থং তত্রাহ বালানামনুশাসনং যথা ভবতি তথা। অত্র দৃষ্টান্তঃ। অগদং ঔষধং যথা পিতা বালমগদং পায়য়ন্ খণ্ড-লড্ডুকাদিভিঃ প্রলোভয়ন্ পায়য়তি দদাতি চ তানি লড্ডুকাদীনি। নৈতাবতাং অগদপানস্য তল্লাভঃ প্রয়োজনং অপি ত্বারোগ্যং তথা বেদোঽপাবান্তরফলৈঃ প্রলোভয়ন্ কর্ম্মমোক্ষায়ৈব কর্ম্মাণি বিধত্তে॥ ৪৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুর্জ্ঞেয়ং বেদতাৎপর্য্যমিত্যাহ পরোক্ষবাদ ইতি। যত্রান্যথা স্থিতোঽর্থো ভগবদ্ভক্তি-প্রায়াভিজ্ঞৈ ঋষিভিঃ সঙ্গোপয়িতুমন্যথাকৃত্বোচ্যতে সপরোক্ষবাদঃ। যদুক্তং ভগবতা পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষঞ্চ মম প্রিয়মিতি। পরোক্ষবাদত্বমেবাহ কর্ম্মমোক্ষায়েতি। নমু স্বর্গাদ্যর্থং কর্ম্মাণি বিধত্তে ন কর্ম্মমোক্ষার্থং তত্রাহ। যথা অগদং ঔষধং। বালানাং অনুশাসনং আজ্ঞাপনং যেন তৎ। তথাহি যদ্যেতদৌষধং পিবসি তদা তে খণ্ডলড্ডুকং দাস্যামীতি প্রলোভ্য পিতা বালান্ নিম্বরসং পায়য়তি। লড্ডুকঞ্চ তেভ্যো দদাত্যন্যথা পুনস্তৎপানাশক্তেঃ কিন্ত্বগদপানস্য ন তল্লাভ এব প্রয়োজনং অপি ত্বারোগ্যং। এবং বেদোঽপি ফলৈঃ প্রলোভয়ন্ এব কর্ম্মমোক্ষায়ৈব কর্ম্মাণি বিধত্তে॥ ৪৫॥

বেদের উদ্দেশ্য গভীর; আপাতত যে ফলের প্রত্যাশা দেখাইয়া পুরুষকে কার্য্যে প্রবৃত্তি দিতেছেন, কার্য্যকারীকে পরে তদপেক্ষা অনেক উৎকৃষ্টতম অন্যতম ফলের উপযোগী করিয়া দেন। ইহা মন্দবুদ্ধি বালকের অনুশাসন বাক্য মাত্র। পিতা যেমন প্রলোভনের দ্রব্য লড্ডুকাদি প্রদানে রোগগ্রস্ত

আভাস।

পিতার লক্ষ্য হইলেও তিনি মিষ্টান্নাদির দ্বারা পুত্রকে না ভুলাইয়া কুটুতিক্তরসবিশিষ্ট ঔষধ খাওয়াইতে পারেন না; অজ্ঞানী মানবকেও আপাতত মনোরম স্বর্গাদি সুখময় ফল প্রদান ব্যতীত শ্রুতিও কর্ম্মক্ষয়কারি কর্ম্মের অনুষ্ঠান করাইতে পারেন না। বালক

নাচরেদ্‌যস্তু বেদোক্তং স্বয়মজ্ঞোঽজিতেন্দ্রিয়ঃ ।
বিকর্ম্মণা হ্যধর্ম্মেণ মৃত্যোর্ম্মৃত্যুমুপৈতি সঃ ॥ ৪৬ ॥

অন্বয়ঃ ।

স্বয়ং অজ্ঞঃ স্বরূপানভিজ্ঞঃ অতএব অজিতেন্দ্রিয়ঃ যঃ তু বেদোক্তং কর্ম্ম ন আচরেৎ সঃ বিকর্ম্মণা স্বাভাবিক-নিষিদ্ধ-কারিকাদিব্যাপারলক্ষণেন অধর্ম্মেণ মৃত্যোঃ অনন্তরং মৃত্যুং এব উপৈতি প্রাপ্নোতি ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী ।

নন্থ কর্ম্মমোক্ষশ্চেৎ পুরুষার্থঃ তর্হি প্রথমমেব কর্ম্ম ত্যাজ্যতাং অত আহ নাচরেদিতি। অজিতেন্দ্রিয়ত্বাদজ্ঞঃ স্বয়ং যদি নাচরেৎ । তর্হি বিকর্ম্মণা বিহিতকর্ম্মানাচরণলক্ষণেনাধর্ম্মেণ মৃত্যোরনন্তরং মৃত্যুমেব প্রাপ্নোতি । তথাচ শ্রুতিঃ । মৃত্বা পুনর্মৃত্যুমাপদ্যন্তে অর্দ্যমানাঃ স্বকর্ম্মভিরিত্যাদি ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নন্থ কর্ম্মমোক্ষশ্চেৎ পুরুষার্থস্তর্হি প্রথমমেব কর্ম্ম ত্যাজ্যতামত আহ নাচরেদিতি । যদি বেদোক্তং প্রাতঃস্নানসন্ধ্যাবন্দনাদিকং কর্ম্ম নাচরেত্তদা নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্য-কর্ম্মকৃদিতি ভগবদুক্তের্দৈহিকব্যাপারং বিনা স্থাতুমশক্যত্বাদজিতেন্দ্রিয় ইতীন্দ্রিয়জয়াভাবাৎ পশুরিব প্রাতরারভ্যানিয়তভোজনস্ত্রীসঙ্গাদিবিবিধপাপনিরত এব স্যাৎ যতোঽজ্ঞঃ বিবেক-শূন্যঃ ততশ্চ বিকর্ম্মণা নিষিদ্ধাচরণলক্ষণেনাধর্ম্মেণ মৃত্যোর্যমাৎ সকাশাৎ মৃত্যুং নরকমেব প্রাপ্নোতি । তথাচ শ্রুতিঃ । মৃত্বা পুনর্মৃত্যুমাপদ্যন্তে অর্দ্যমানাঃ স্বকর্ম্মভিরিতি ॥ ৪৬ ॥

পুত্রকে ঔষধ খাওয়াই প্রাণনাশক রোগ হইতে মুক্ত করান, হিতকারিণী জননীস্থানীয়া শ্রুতিও সংসাররোগগ্রস্ত জীবকে সংসারপ্রদ কর্ম্মবন্ধন হইতে মুক্ত করিবার অভিপ্রায়ে আপাতত মনোরম স্বর্গাদি সুখপ্রদ কর্ম্মসমূহের বিধান করিয়াছেন ॥ ৪৫ ॥

আত্মজ্ঞানে অনভিজ্ঞ ইন্দ্রিয় পরতন্ত্র মানব যদি স্বয়ং বেদবোধিত কর্ম্মের অনুষ্ঠান না করে, তাহা হইলে নিষিদ্ধ কর্ম্মের আচরণ জনিত মহা-পাপে লিপ্ত হইয়া তাহাকে জন্ম জন্মান্তর ভোগ করিতে হয় ॥ ৪৬ ॥

আভাস ।

যেমন মিষ্টান্ন পাইবার লোভে ঔষধ সেবন করে, জীবও সেইরূপ স্বর্গাদি সুখময় ভোগ পাইবার প্রত্যাশায় বহুকাল ও আয়াসসাধ্য চিত্তশোধক কর্ম্মে অগ্রসর হইয়া থাকে। ঔষধির গুণ না জানিলেও তাহার স্বতঃসিদ্ধ ধর্ম্মেই যেমন ঔষধি বালকের রোগ উপশমিত করে, বেদোক্ত বিহিত কর্ম্মকলাপও পুরুষের বহুজন্মার্জ্জিত সংস্কারের ক্ষয়ে চিত্তকে ভগবদাভিমুখী করিয়া দেয়। অতএব ঔষধ-সেবনের ফল মিষ্টান্নপ্রাপ্তি কেবল নহে, আরোগ্যলাভই মোক্ষ-উদ্দেশ্য, সেইরূপ অবান্তর ফললাভই কেবল কর্ম্মযোগের অভিপ্রায় নহে, কর্ম্মজনিত সংস্কারত্যাগই প্রধান উদ্দেশ্য ॥ ৪৫ ॥

বেদোক্তমেব কুর্ব্বাণো নিঃসঙ্গোঽর্পিতমীশ্বরে।

অন্বয়ঃ।

নিঃসঙ্গঃ ফলাসক্তিরহিতঃ, ঈশ্বরে ভগবতি, অর্পিতং যথা ভবতি তথা বেদোক্তং এব

শ্রীধরস্বামী।

তস্মাদ্বেদোক্তমেব কুর্ব্বাণঃ নতু নিষিদ্ধং। নমু কর্ম্মাণি ক্রিয়মাণে তস্মিন্নাসক্তিঃ তৎ-ফলং চ স্যাৎ নতু নৈষ্কর্ম্ম্যরূপা সিদ্ধিরত আহ নিঃসঙ্গঃ অনভিনিবেশবান্ ঈশ্বরে অর্পিতং নতু ফলোদ্দেশেন। নমু ফলস্য শ্রুতত্বাৎ কর্ম্মণি কৃতে ফল ভবেদেব ন রোচনার্থেতি। কর্ম্মনি রুচ্যুৎপাদনার্থা অগদপানে খণ্ডলড্ডুকাদিবৎ। ততশ্চ কর্ম্মাভিরুচ্যা বেদার্থং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতএব পরমকারুণিকো বেদো ভক্তিবিমুখানাং নরাণাং পশূনামিবেন্দ্রিয়ারামত্বাত্তি শয়বারণায়ৈব তানুদ্দিশ্য কর্ম্মাণি ফলদর্শনয়া রোচয়ংস্তথা বিধত্তে যথা প্রাতরারভ্য স্নানা-দিভির্বিহিতানুষ্ঠানৈর্বিকর্ম্মণ্যবসরমেব তে ন প্রাপ্নুবন্তি। অনিষিদ্ধভোজনব্যবায়াদিষু প্রবর্ত্তাব পাপেভ্যো ভীষয়মাণঃ স্বদত্তাঃ ভীষণাস্তাম্রানয়ন্তান্তথা তদাজ্ঞাপালনাসামর্থ্যাদেব তে নামানরিয়ন্নিত্যেবং বেদতাৎপর্য্যমবধার্য্য স্বস্যাজিতেন্দ্রিয়ত্বং দুর্ব্বারমালক্ষ্য বিবেকী কর্ম্মৈব কর্ত্তুমর্হতীত্যাহ বেদোক্তমেব। নমু কর্ম্মণি ক্রিয়মাণে তস্মিংস্তৎফলে চাসক্তিস্তৎ ফলঞ্চ

অনাসক্তভাবে বেদোক্ত কর্ম্মকলাপের অনুষ্ঠান করত, যে ব্যক্তি যাবতীয় কর্ম্মফল পরমগুরু ঈশ্বরে সমর্পণ করেন, তিনিই অকর্ম্মস্বরূপ নিরাময়

আভাস।

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, যাহা কর্ম্ম হইতে উৎপন্ন হইয়াছে, তাহাকে পরিত্যাগ করিতে হইলে পুনরায় কর্ম্মের অনুষ্ঠান অপেক্ষা কর্ম্মত্যাগই শ্রেয়ঃ। তাহা হইলে অকর্ম্ম-স্বরূপ পুরুষার্থকে অক্লেশে পাওয়া যাইবে, এই মীমাংসা ভ্রান্তিমূলক। যেমন ভোজন হেতু রোগের উৎপত্তি হইলে পরিমাণ ও প্রয়োজন মত বালকের ঔষধ খাওয়া আবশ্যক, নতুবা অনিষ্টই ঘটে; সেইরূপ বালকের ন্যায় আত্মতত্ত্বানভিজ্ঞ অতএব ইন্দ্রিয়-পরতন্ত্র ব্যক্তি যদি বেদোক্ত কর্ম্মের অনুষ্ঠান না করেন, তাহা হইলে তৎকালে অবিহিত বা নিষিদ্ধ কর্ম্মের আচরণে অধর্ম্মেরই অনুষ্ঠান করিবেন এবং এই প্রকারে স্বকীয় কর্ম্মের দ্বারাই নিতান্ত ক্লিষ্ট হইয়া জন্ম জন্মান্তর ভোগ করিবেন। অতএব বিহিতানুষ্ঠান যে কেবল উন্নতিদাতা তাহা নহে, অবনতিস্বরূপ নরককে নিবারণ করাই তাহার প্রধান উদ্দেশ্য। ৪৬॥

অতএব কর্ম্মত্যাগই মৃত্যুর হেতু এবং কর্ম্ম করাই অমরত্ব লাভের সরল উপায়। পরম কারুণিক বেদ ভক্তিবিমুখ পশুবৎ ইন্দ্রিয় পরতন্ত্র মানবগণের অনাচরণের নিবারণার্থই সুখময় ফলের উল্লেখ পূর্ব্বক বিহিত কর্ম্মের অনুষ্ঠানে প্রবৃত্তি প্রদান করিয়াছেন। প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া নানাবিধ বিহিত কর্ম্মের অনুষ্ঠানে চিত্ত সর্ব্বদা আসক্ত থাকিলে নিষিদ্ধ কর্ম্ম করিবার অবসর পায় না; নিষিদ্ধ কর্ম্ম যথা, অকালে স্ত্রী-

নৈষ্কর্ম্ম্যং লভতে সিদ্ধিং রোচনার্থা ফলশ্রুতিঃ ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

কর্ম্ম কুর্ব্বাণঃ (জনঃ) নৈষ্কর্ম্ম্যং সর্ব্বকর্ম্মনিবর্ত্তকং আত্মতত্ত্বজ্ঞানং ততঃ সিদ্ধিং চ লভতে। ফলশ্রুতিঃ ফলস্য শ্রুতিঃ শ্রবণং) রোচনার্থা কর্ম্মণি রুচ্যুৎপাদনার্থা এব ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

অথাবিচারয়তি। তথাচ যো বা এতদক্ষরমবিদিত্বা গার্গ্যস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণ ইত্যনাত্মজ্ঞস্য কৃপণতাং। তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেনেত্যাদিনা যজ্ঞাদীনাং জ্ঞানশেষতাকাবধার্য্য নিষ্কামেষু কর্ম্মসু প্রবর্ত্তন্তে। ততশ্চ স্বর্গকামো যজেতেত্যাদিভিঃ কামিতত্ত্ব এব স্বর্গাদেঃ ফলত্বেনাবগমাৎ অকামিতোহসৌ ন ভবতীতি নৈষ্কর্ম্ম্যসিদ্ধিরেব ভবতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাং মন্ত্রু নৈষ্কর্ম্ম্যরূপা সিদ্ধিমপি আহ। নিঃসঙ্গঃ কর্ম্মণি ফলে চানভিনিবেশবান্ ঈশ্বরেঽর্পিতমেব। নমু ফলস্য শ্রুতত্বাৎ কর্ম্মণি কৃতে ফলং ভবেদেব ন রোচনার্থেতি কর্ম্মণি রুচ্যুৎপাদনার্থৈব। অগদপানে খণ্ডলড্ডুকাদিবৎ। ততশ্চ তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি ব্রহ্মচর্য্যেণ তপসা শ্রদ্ধয়া যজ্ঞেনানাশকেন চেতি যজ্ঞাদীনাং জ্ঞানশেষতাকাবধার্য্য নিষ্কামে কর্ম্মণি প্রবর্ত্তন্তে ততশ্চ স্বর্গকামো যজেতেত্যাদিভিঃ কামিতস্যৈব স্বর্গাদেঃ ফলত্বেনাবগমাদকামিতোহসৌ ন ভবতীতি পরমেশ্বরে কর্ম্মার্পণমহিম্না ভক্তিমিশ্র-জ্ঞানজনকেন কর্ম্মণাপি নৈষ্কর্ম্ম্যসিদ্ধির্ভবেদিতি ভাবঃ ॥ ৪৭ ॥

ব্রহ্মপদবী লাভে সমর্থ হন, সন্দেহ নাই। কর্ম্মনিমিত্তক ফলের উল্লেখ কেবল কর্ম্মপ্রবৃত্তির উত্তেজনার্থ মাত্র ॥ ৪৭ ॥

আভাস।

যখন বাঁ অভক্ত্য তৎক্ষণে প্রবৃত্তি হইবা মাত্র বেদোক্ত পাপভয়ে চিত্ত ভীত হইলে, তৎক্ষণাৎ তাহা হইতে নিবৃত্তি আসে; সুতরাং বিকর্ম্মের ইচ্ছা সত্বেও বহুফলোপধায়ক কর্ম্মের ব্যাঘাতভয়ে মন দুষ্কর্ম হইতে অনায়াসে পরিত্রাণ পায়। অতএব বলবান্ ইন্দ্রিয়গ্রাম বিদ্বান্ ব্যক্তিরও চিত্তকে যখন অসৎপথে অনায়াসে আকর্ষণ করে, তখন জিতেন্দ্রিয় হইতে হইলে ইন্দ্রিয়কে নিরোধ করা অপেক্ষা সৎবিষয়ে সর্ব্বদা এরূপ ভাবে ব্যাপৃত রাখা কর্ত্তব্য, যাহাতে দুষ্কর্ম্মে প্রবৃত্ত হইবার অবসরও না ঘটে। বেদবিহিত কর্ম্মে সতত নিযুক্ত থাকাই চিত্তসংযমের উত্তম উপায়। যদিও বিহিতানুষ্ঠানেও ফল আছে, এবং তৎফলেও চিত্তের আসক্তি জন্মে, তথাপি সে আসক্তি তত গুরুতর নহে; কারণ আসক্তির সঙ্গে সঙ্গে ফলদাতা ঈশ্বরের প্রতি একটী ভক্তি জন্মে, যে ভক্তিবলে কালক্রমে ঐরূপ আসক্তিরও হ্রাস হইয়া যায়। কর্ম্মানুষ্ঠান কালে ফলের প্রতি লক্ষ্য না করিয়া ফলদাতা ঈশ্বরে সকল প্রার্থনা বিসর্জ্জন করত নিরভিমানে কর্ম্ম করাই কর্ত্তব্য। কর্ম্ম

য আশু হৃদয়গ্রন্থিং নির্জ্জিহীর্ষুঃ পরাত্মনঃ ।
বিধিনোপচরেদ্দেবং তন্ত্রোক্তেন চ কেশবং ॥ ৪৮ ॥
লব্ধানুগ্রহ আচার্য্যাত্তেন সন্দর্শিতাগমঃ ।
মহাপুরুষমভ্যর্চ্চেন্মূর্ত্ত্যাভিমতয়াত্মনঃ ॥ ৪৯ ॥

অন্বয়ঃ ।

যঃ পুমান্ পরাত্মনঃ দেহাদিবিলক্ষণস্য স্বস্য, আশু শীঘ্রং এব হৃদয়গ্রন্থিং (অহং মমাধ্যাসঃ) নির্জ্জিহীর্ষুঃ নিরাকরণেচ্ছুঃ, সঃ তন্ত্রোক্তেন চ বিধিনা প্রকারেণ, কেশবং (কঃ ব্রহ্মা, ঈশঃ রুদ্রঃ, তয়োঃ বং সুখং যস্মাৎ তয়োরারাধ্যং বিষ্ণুং) দেবং (নানাবতারৈঃ নানাবিধক্রিড়াপরং) উপচরেৎ পূজয়েৎ ॥ ৪৮ ॥

আচার্য্যাৎ (শিষ্যমুপনীয় বেদাধ্যাপনকর্ত্তুঃ সকাশাৎ) লব্ধানুগ্রহঃ (লব্ধঃ অনুগ্রহো যেন সঃ) তথা তেন আচার্য্যেণ সন্দর্শিতাগমঃ (সন্দর্শিতঃ আগমঃ আগমোক্তজপপূজাদি-প্রকারো যস্য সঃ) আত্মনঃ স্বস্য অভিমতয়া মূর্ত্ত্যা মহাপুরুষং ভগবন্তং আর্চ্চয়েৎ ॥ ৪৯ ॥

শ্রীধরস্বামী ।

বৈদিকং কর্ম্মযোগমুক্ত্বা তান্ত্রিকমাহ য আশ্বিতি । পরাত্মনঃ পরস্যৈব সতঃ আত্মনো জীবস্য হৃদয়গ্রন্থিমহঙ্কারবন্ধং নির্হর্তুমিচ্ছুঃ স তন্ত্রোক্তেন চ বিধিনা প্রকারেণ ভজেৎ । তন্ত্রং আগমঃ । চকারাদ্বৈদিকেন সহ সমুচ্চয়মাহ ॥ ৪৮ ॥

তমেব বিধিমাহ লব্ধানুগ্রহ ইত্যাদিনা তেনাচার্য্যেণ সন্দর্শিত আগমোহর্চ্চনপ্রকারো যস্য সঃ ॥ ৪৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তদেবমপি বালান্ প্রত্যোবোক্তং বিজ্ঞান্ প্রতি তু প্ররতামিতি শ্রীভগবদর্চ্চনবিগ্রাহ-বিষয়াহ য আশ্বিতি । পরাত্মনঃ বস্তুতো দেহাৎ পরস্যাপ্যাত্মা জীবস্যেতি তস্য হৃদয়গ্রন্থি-মহঙ্কারং নির্হর্তুমিচ্ছুর্ভবেৎ । তত্র আগমস্তন্ত্রক্তেন চকারাদ্বৈদিকেন চ ॥ ৪৮ ॥

তং বিধিমাহ লব্ধেতি সন্দর্শিত আগমোহর্চ্চনপ্রকারো যস্মৈ সঃ ॥ ৪৯ ॥

যিনি দেহাদি ইন্দ্রিয়ের অতীত আত্মস্বরূপ জীবতত্ত্বের বন্ধনকারী অহঙ্কারবৃত্তিকে আশু ছেদনের বাসনা করেন, বেদোক্ত বিধানের সহিত তন্ত্রোক্ত বিধির সমবায়ে তাঁহার কেশবের আরাধনা করাই বিধেয় ॥৪৮॥

প্রথমত আচার্য্যের আজ্ঞানুবর্ত্তী হইয়া তাঁহার প্রিয়পাত্র হওয়া প্রয়োজন; পরে তৎপ্রদর্শিত সুগম উপদেশ অনুসারে আপনার উপযোগী ও অভিপ্রেত

আভাস ।

ফল জন্মে বলিয়াই যে কর্ম্ম শ্রেয়, তাহা নহে। মিষ্টান্নপ্রাপ্তি হইলেও ঔষধ যেমন নিজগুণে বালককে নিরোগ করে, সেইরূপ ঈশ্বরার্পিত কর্ম প্রচুর ফল পরিণামে প্রদান করিলেও

শুচিঃ সম্মুখমাসীনঃ প্রাণসংযমনাদিভিঃ।
পিণ্ডং বিশোধ্য সংন্যাসকৃতরক্ষোঽর্চ্চয়েদ্ধরিং ॥ ৫০ ॥
অর্চ্চাদৌ হৃদয়ে বাপি যথালব্ধোপচারকৈঃ।
দ্রব্যক্ষিত্যাত্মলিঙ্গানি নিষ্পাদ্য প্রোক্ষ্য চাসনং ॥ ৫১ ॥

অন্বয়ঃ।

(স্নানাদিনা) শুচিঃ মূর্ত্তেঃ সম্মুখং আসীনঃ (উপাসকঃ) প্রাণসংযমনাদিভিঃ (প্রাণসংযমঃ প্রাণায়ামঃ ভূতশুদ্ধ্যাদিভিঃ পিণ্ডং দেহং, বিশোধ্য সংন্যাসকৃতরক্ষঃ (সংন্যাসৈঃ করাঙ্গন্যাসাদ্যৈঃ কৃতা রক্ষা যেন সঃ তাদৃশঃ সন্) হরিং অর্চ্চয়েৎ ॥ ৫০ ॥

যথালব্ধোপচারকৈঃ (যথালব্ধৈঃ দেশকালাদ্যানুকূল্যেন লব্ধৈঃ পূজাযোগ্যৈঃ সাধনৈঃ দ্রব্যক্ষিত্যাত্মলিঙ্গানি (দ্রব্যাণি পুষ্পাদীনি ক্ষিতিং পূজাস্থানং, আত্মানং চিত্তং, লিঙ্গং মূর্ত্তিং নিষ্পাদ্য পূজাযোগ্যানি কৃত্বা, আসনং চ (জলেন) প্রোক্ষ্য ॥ ৫১ ॥

শ্রীধরস্বামী।

মূর্ত্তেঃ সম্মুখমাসীনঃ। আদিশব্দেন ভূতশুদ্ধ্যাদি। পিণ্ডং দেহং বিশোধ্য। সন্তির্ন্যাসৈঃ কৃতা রক্ষা যেন সঃ ॥ ৫০ ॥

আদাবেব দ্রব্যাণি পুষ্পাদীনি জন্ত্বাদিশোধনেন, ক্ষিতিং সংমার্জ্জনাদিনা, আত্মানমব্যগ্রতয়া, লিঙ্গং মূর্ত্তিং অনুলেপক্ষালনাদিনা নিষ্পাদ্য যোগ্যানি কৃত্বা ॥ ৫১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাণসংযমনং প্রাণায়ামঃ। আদিশব্দাৎ ভূতশুদ্ধ্যাদি। পিণ্ডং দেহং। সন্তির্ন্যাসৈঃ কৃতা রক্ষা যেন সঃ ॥ ৫০ ॥

যথা যথাবদ্দ্রব্যাণি পুষ্পাণি জন্ত্বাদিশোধনেন। ক্ষিতিং মার্জ্জনাদিনা। আত্মানং

মূর্ত্তি চিন্তনে মহাপুরুষ ভগবানের অর্চ্চনা করা কর্ত্তব্য ॥ ৪৯ ॥

অর্চ্চনাকালে বিষ্ণুপ্রতিমার সম্মুখে উপবেশন পূর্ব্বক প্রাণায়াম ও ভূতশুদ্ধির দ্বারা রক্ষাবিধান করত শ্রীহরির অর্চ্চনা করিবে ॥ ৫০ ॥

অর্চ্চনার পূর্ব্বে যথাসংগৃহীত ফল ও পুষ্পাদি পূজার উপচার দ্রব্য কীটাদি হইতে বিশুদ্ধ করা কর্ত্তব্য। পূজার স্থান সংমার্জ্জিত ও প্রতিমা জলাদি দ্বারা পরিষ্কৃত ও সুগঠিত করিয়া আপনার চিত্তকে সংযত করিবে এবং জলের প্রোক্ষণে আসন পবিত্র করিয়া উপবেশন করিবে ॥ ৫১ ॥

আভাস।

জীবের আসক্তিরোগ অতি সহজে অপনোদিত করে, সন্দেহ নাই; সুতরাং অকর্ম্মরত অজ্ঞানাচ্ছন্ন জীবের পক্ষে দুঃসাধ্য নহে ॥ ৩৭ ॥

পাদ্যাদীনুপকল্প্যাথ সন্নিধাপ্য সমাহিতঃ ।
হৃদয়াদি-কৃতন্যাসো মূলমন্ত্রেণ চার্চ্চয়েৎ ॥ ৫২ ॥
সাঙ্গোপাঙ্গাং সপার্ষদাং তাং তাং মূর্ত্তিং স্বমন্ত্রতঃ ।

অন্বয়ঃ ।

তথা পাদ্যাদীন্ উপকল্প্য সংপাদ্য, (আসনে) সমাহিতঃ একাগ্রচিত্তঃ সন্ (ভগবন্তং) সন্নিধাপ্য (ধ্যানপূর্ব্বকং মন্ত্রেণ আবাহ্য) মূলমন্ত্রেণ হৃদয়াদিকৃতন্যাসঃ (হৃদয়াদিভিঃ মন্ত্রৈঃ কৃতঃ ন্যাসঃ যেন সঃ) (হরিং) অর্চ্চয়েৎ ॥ ৫২ ॥

সাঙ্গোপাঙ্গাং (অঙ্গানি চরণাদীনি, উপাঙ্গানি সুদর্শনাদীনি তৈঃ সহিতাং) সপার্ষদাং (পার্ষদাঃ সুনন্দাদয়ঃ তৈঃ সহিতাং তাং তাং স্ব স্বাভিষ্টাং মূর্ত্তিং পাদ্যার্ঘ্যাচমনীয়াদ্যৈঃ

শ্রীধরস্বামী

পাদ্যাদি পাত্রাণ্যুপকল্প্য সন্নিধাপ্য হৃদি সংপূজিতং শ্রীমূর্ত্তৌ ধ্যাত্বা । হৃদয়াদিভিঃ হৃদয়-শিরঃ-শিখা-কবচ-নেত্রাস্ত্র মন্ত্রৈ মূলমন্ত্রেণ চ দেহে কৃতো ন্যাসো মূলমন্ত্রেণ চার্চ্চয়েৎ ॥ ৫২ ॥

অঙ্গানি হৃদয়াদীনি উপাঙ্গানি সুদর্শনাদীনি তৎসহিতাং সপার্ষদাং সপরিবারাং ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অব্যগ্রতয়া । লিঙ্গং মূর্ত্তিং অনুলেপক্ষালনাদিনা নিষ্পাদ্য যোগ্যানি কৃত্বা পাদ্যাদিপাত্রাণ্যুপকল্প্য হৃদাদিভির্হৃদয়শিরঃশিখাকবচনেত্রাস্ত্রমন্ত্রৈ মূলমন্ত্রেণ চ কৃতন্যাসঃ ॥ ৫১ ॥ ৫২ ॥

অঙ্গানি হৃদয়াদীনি উপাঙ্গানি সুদর্শনাদীনি তৎসহিতাং । মালানি স্বর্ণমুক্তাদিহারাঃ । নাক্ষতৈরর্চ্চয়েদ্বিষ্ণুং ন কেতক্যা মহেশ্বরমিতি নিষেধাৎ অক্ষতা অনুপহতাঃ । স্রগ্‌ঃ

পরে পাদ্যাদির পাত্র কল্পনা পূর্ব্বক সম্মুখে রাখিয়া সমাহিত-চিত্তে ভগবানের ধ্যান করিবে । অনন্তর মূল মন্ত্রের দ্বারা হৃদয়, শিরঃ, শিখা, কবচ, নেত্র ও করতলাদি স্থানে অস্ত্রায় ফট্‌মন্ত্রের দ্বারা ন্যাস করিয়া পূজা করিবে ॥ ৫২ ॥

পরে হৃদয়াদি অঙ্গ এবং সুদর্শনাদি উপাঙ্গ ও সনন্দাদি পার্ষদ সহ স্বীয় অভিপ্রেত সেই সেই মূর্ত্তিকে অবলম্বন করত স্ব স্ব মন্ত্রের দ্বারা পাদ্য, অর্ঘ্য,

তত্র ওঁ বিষ্ণবে নমঃ ইতি মন্ত্রস্য প্রণবসম্পুটিতস্য একৈকাক্ষরস্য হৃদয়াদিষু । ন্যাসে বোধ্যঃ । যথোক্তং নারায়ণকবচে । ন্যসেদ্ধৃদয়মোঙ্কারং বিকারমনু মূর্দ্ধনি । ষকারং তু ভ্রুবোর্মধ্যে ণকারং শিখয়াদিশেৎ ॥ বেকারং নেত্রয়োর্যুঞ্জ্যান্নকারং সর্ব্বসন্ধিষু । মকারমস্ত্রমুদ্দিশ্য মন্ত্রমূর্ত্তি র্ভবেদ্বুধঃ । সবিসর্গফড়ন্তং তৎ সর্ব্বদিক্ষু বিনির্দ্দিশেৎ ইতি । মূলমন্ত্রশ্চ "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" ইতি দ্বাদশাক্ষরাত্মকো বোধ্যঃ ॥ ৫২ ॥

পাদ্যার্ঘ্যাচমনীয়াদ্যৈঃ স্নানবাসোবিভূষণৈঃ ॥ ৫৩ ॥
গন্ধমাল্যাক্ষতস্রগ্‌ভির্ধূপদীপোপহারকৈঃ।
সাঙ্গং সংপূজ্য বিধিবৎ স্তবৈঃ স্তুত্বা নমেদ্ধরিং ॥ ৫৪ ॥
আত্মানং তন্ময়ং ধ্যায়ন্ মূর্ত্তিং সংপূজয়েদ্ধরেঃ।
শেষামাধায় শিরসা স্বধাম্ন্যুদ্বাস্য সৎকৃতং ॥ ৫৫ ॥

অন্বয়ঃ।

স্নানবাসোবিভূষণৈঃ ॥ ৫৩ ॥

গন্ধমাল্যাক্ষতস্রগ্‌ভিঃ ধূপদীপোপহারকৈঃ বিধিবৎ সাঙ্গং হরিং সংপূজ্য স্তবৈঃ স্তুত্বা নমেৎ ॥ ৫৪ ॥

আত্মানং তন্ময়ং ভগবদ্রূপং, ধ্যায়ন্ হরেঃ মূর্ত্তিং সংপূজয়েৎ (এবং) শেষাং নির্মাল্যং, স্বশিরসা আধায় সৎকৃতং ভগবন্তং স্বধাম্নি স্বহৃদয়ে তন্মন্দিরে বা উদ্বাস্য স্থাপয়িত্বা পূজাবিধিং সমাপয়েৎ। ৫৫ ॥

শ্রীধরস্বামী।

কৈরুপচারৈরর্চ্চয়েত্তদাহ পাদ্যেতি। আদ্যশব্দেন মধুপর্ক আচমনঞ্চ ॥ ৫৩ ॥

অক্ষতাস্তিলকালঙ্কারে নতু পূজায়াং। নাক্ষতৈরর্চ্চয়েদ্বিষ্ণুং ন কেতক্যা মহেশ্বরমিতি নিষেধাৎ। উপহারো নৈবেদ্যং ॥ ৫৪ ॥

শেষাং নির্মাল্যং স্বধাম্নি স্বস্থানে দেবং হৃদি মূর্ত্তিং করণ্ডকে উদ্বাস্য স্থাপয়িত্বা পূজাবিধিং সমাপয়েদিতিশেষঃ ॥ ৫৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুষ্পমালাঃ ॥ ৫৩ ॥ ৫৪ ॥

তন্ময়মুপাস্য ভগবদাকারমিত্যহংগ্রহোপাসনোক্তা। শেষং নির্ম্মাল্যং। সৎকৃতং দেবং। স্বধাম্নি উদ্বাস্য স্থাপয়িত্বা পূজাবিধিং সমাপয়েদিতি শেষঃ ॥ ৫৫ ॥

আচমনীয়, স্নানীয়, বস্ত্র, অলঙ্কার ॥ ৫৩ ॥

গন্ধ, মাল্য, অক্ষত-তণ্ডুল, পুষ্প, ধূপ দীপ এবং অন্যান্য উপচার দ্বারা আবরণ দেবতার সহ বিধিপূর্ব্বক ভগবানের অর্চ্চনা ও স্তব করিয়া প্রণাম করিবে ॥ ৫৪ ॥

পূজা কালে আপনার অস্তিত্ব অনুভূত হইবে না; পূজ্য পূজক এক হইয়া যায় এরূপ হরিময় আত্মস্বরূপ চিন্তা করিয়া স্বীয় দেহ-মন্দিরেই ভগবানের পূজা করিতেছি এইরূপই ধারণা করা কর্ত্তব্য; পরে নির্ম্মাল্য লইয়া স্বীয় মস্তকে স্পর্শ করিয়া নিক্ষেপ করিবে এবং ইষ্টদেবকে হৃদয়মন্দিরে স্থাপন পূর্ব্বক পূজা সমাপন করিবে ॥ ৫৫ ॥

এবমগ্ন্যর্কতোয়াদাবতিথৌ হৃদয়ে চ যঃ।
যজেদীশ্বরমাত্মানমচিরান্মুচ্যতে হি সঃ ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে জায়ন্তেয়োপাখ্যানে বিদেহপ্রশ্নস্তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥

অন্বয়ঃ।

যঃ এবং অগ্ন্যর্কতোয়াদৌ অতিথৌ হৃদয়ে চ আত্মানং ঈশ্বরং বন্ধমোচনে সমর্থং, ভগবন্তং যজেৎ পূজয়েৎ, সঃ অচিরাৎ শীঘ্রং, হি এব (সংসারবন্ধাৎ) মুচ্যতে ॥ ৫৬ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

তান্ত্রিকং কর্ম্মযোগমুপসংহরতি এবমিতি ॥ ৫৬ ॥

॥ * ॥ ইত্যেকাদশে তৃতীয়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অচিরাদিতি পূর্ব্বপ্রোক্তাৎ কর্ম্মযোগাদয়মংগ্রহোপাসনাভক্তিময়স্তান্ত্রিকঃ কর্ম্মযোগঃ শ্রেষ্ঠঃ। কিন্তু যেনৈব ভগবতা প্রোক্তঃ ইত্যনন্তরঃ। তত্র ভগবতান্ ধর্মান্ শিক্ষেদিত্যনন্তরঞ্চ শুদ্ধএব ভক্তিযোগঃ প্রোক্তো জ্ঞেয়ঃ ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশে তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

যে ব্যক্তি এইরূপ তান্ত্রিক বিধানানুসারে কর্ম্মযোগ দ্বারা অগ্নি, সূর্য্য, জল, অতিথি ও স্বীয় হৃদয়ে পরমাত্মা শ্রীহরির অর্চ্চনা করেন, তিনি মুক্তি লাভ করিবেন, সন্দেহ নাই ॥ ৫৬ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃত তৃতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

বৈদিক কর্ম্মযোগের কথা বলিয়া অতি গুহ্য বিজ্ঞগণের আচরণীয় নারদ-পঞ্চরাত্রাদিতে অভিহিত, সাক্ষাৎ ভক্তিনিষ্ঠ ভগবদর্চ্চনার বিষয় ও প্রণালী অধ্যায়সমাপ্তি পর্য্যন্ত বর্ণিত হইয়াছে ॥ ৪৮—৫৫ ॥

বাহ্য ও অন্তরভেদে পূজার প্রণালী দুই প্রকার বর্ণিত হইয়াছে। অর্থাৎ প্রতিমাদিতে ভগবানের অধিষ্ঠান অপেক্ষা, চিত্তে অধিষ্ঠানবোধের কিছু বিশেষ মাহাত্ম্য আছে। আত্মভাবের সমর্পণে অভেদ-চিন্তায় যখন ভগবান্ মাত্র প্রতীত থাকেন, তখনই ভক্তের পূজার সমাপ্তি। ইহার আয়োজনার্থ অগ্নি, সূর্য্য, জল ও অতিথিতে ভগবানের আবির্ভাব চিন্তা করা কর্ত্তব্য ; তাহাতে চিত্তের প্রসন্নতা লাভ হয় ও ভক্তির উদয় হয় ॥ ৫৬ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রিকৃত তৃতীয় অধ্যায়ের আভাস সমাপ্ত।

রাজোবাচ ॥

যানি যানীহ কর্ম্মাণি যৈর্যৈঃ স্বচ্ছন্দজন্মভিঃ।

চক্রে করোতি কর্ত্তা বা হরি স্তানি ব্রুবন্তু নঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

রাজা উবাচ। যৈঃ যৈঃ স্বচ্ছন্দজন্মভিঃ (যেষাং তজ্জানাং স্বস্য বা ছন্দঃ ইচ্ছা তেন জন্মভিঃ) তত্তদবতারৈঃ. ইহ লোকে হরিঃ যানি যানি কর্ম্মাণি চক্রে করোতি, কর্ত্তা করিষ্যতি, চ তানি কালত্রয়াবতারসম্বন্ধীনি কর্ম্মাণি নঃ অস্মভ্যং ব্রুবন্তু ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

চতুর্থে ত্ববতারেহাপ্রশ্নস্যোত্তরমুক্তবান্।

জয়ন্তীনন্দনো নাম্না দ্রুমিলো নরসত্তমঃ ॥ * ॥

মূর্ত্ত্যাভিমতয়াত্মন ইত্যনেনাত্মনঃ প্রিয়মবতারং পূজয়েদিত্যুক্তেহবতারজ্ঞানমপেক্ষিতং। তথা স্তবৈঃ স্তব্যা নমেদ্ধরিমিত্যুক্তে গুণকর্ম্মজ্ঞানঞ্চাপেক্ষিতং। অতঃ পৃচ্ছতি যানি যানীতি। কর্ত্তা করিষ্যতি ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চতুর্থে দ্রুমিলঃ প্রাধ্যাবতারান্ হরেগুর্ণান্।

লীলাশ্চ তেষু বিস্তার্য্য নারায়ণমবর্ণয়ৎ ॥ * ॥

মূর্ত্ত্যাভিমতয়াত্মন ইতি শ্রুতেঃ ভগবতঃ কিয়ত্যো মূর্ত্তয় ইত্যবতারজিজ্ঞাসা। তথা স্তবৈঃ স্তব্যা নমেদ্ধরিমিতি শ্রুতেঃ তস্য কিয়ন্তি গুণচরিতানি স্তব্যানীতি চরিতেষ্বপি জিজ্ঞাসেত্যতঃ পৃচ্ছতি যানীতি। কর্ত্তা করিষ্যতি ॥ ১ ॥

অনন্তর নিমিরাজ বলিলেন, হে ঋষিগণ! ভগবান্ শ্রীহরি যে যে স্বেচ্ছাধীন বিগ্রহ পরিগ্রহে অবতীর্ণ হইয়া যে সকল অলৌকিক কর্ম্ম সম্পাদন করিয়াছেন, করিতেছেন বা পরে করিবেন, আপনারা অনুগ্রহ প্রকাশে সেই সমস্ত আমার নিকট কীর্ত্তন করুন ॥ ১ ॥

আভাস।

চতুর্থ অধ্যায়ে নিমিরাজের প্রশ্নানুসারে দ্রুমিল ভগবান্ শ্রীহরির অবতার-সম্বন্ধীয় লীলাসমূহের বিস্তারিত বর্ণনা করিয়াছেন ॥

পূর্ব্বাধ্যায়ের অন্তে প্রকাশ করা হইয়াছে যে, সাধক নিজের অভিমত ভগবন্মূর্ত্তির পূজা করিবেন; সুতরাং ভগবন্মূর্ত্তির পরিচয়ার্থ অবতারসমূহ ও লীলাবিশেষের জ্ঞান থাকা প্রয়োজন; এই নিমিত্ত বিদেহপতি ঋষিগণের সমীপে ভগবানের অবতার ও লীলাবিষয়ক প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন ॥ ১ ॥

রাজাকৃত প্রশ্নের উত্তর প্রদানার্থ সপ্তম ভ্রাতা দ্রুমিল তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! আপনি যে, কালত্রয়-সম্বন্ধীয় যাবতীয় অবতারের সমস্ত গুণ ও কর্ম্ম

দ্রুমিল উবাচ ।

যো বা অনন্তস্য গুণানমনন্তাননুক্রমিষ্যন্ স তু বালবুদ্ধিঃ ।
রজাংসি ভূমের্গণয়েৎ কথঞ্চিৎ কালেন নৈবাখিলশক্তিধাম্নঃ ॥২॥

অন্বয়ঃ ।

দ্রুমিল উবাচ। যঃ বা অনন্তস্য অনন্তগুণস্য অনন্তান্ গুণান্ অনুক্রমিষ্যন্ সাকল্যেন বর্ণয়িতুং ইচ্ছন্ ভবতি সঃ তু বালবুদ্ধিঃ মন্দবুদ্ধিঃ এব। (যতঃ বহুনা) কালেন ভূমেঃ রজাংসি রেণূন্ অপি কথঞ্চিৎ যোগাদিপ্রযত্নেন (পুমান্) গণয়েৎ তথাপি অখিলশক্তিধাম্নঃ অচিন্ত্যানন্তশক্ত্যাশ্রয়স্য ভগবতো গুণান্ তু নৈব কথঞ্চিৎ অপি গণয়েৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী ।

ত্বয়া পৃষ্টানি কালত্রয়সম্বন্ধিসকলাবতারগুণকর্ম্মাণি কথয়িতুমশক্যানি সংক্ষেপতস্তু কানিচিৎ কথয়িষ্যামীত্যাহ যো বেত্যাদিনা। অনুক্রমিষ্যন্ গণয়িতুমিচ্ছতি যঃ স তু বালানামিব বুদ্ধির্যস্য সঃ মন্দমতিঃ। যদ্বা বালেব বালা অদীর্ঘদর্শিনী বুদ্ধির্যস্য ক্ষুদ্রবুদ্ধিঃ। কালেন মহতা কোঽপি মহামতিঃ রজাংসি গণয়েদপি। অখিলশক্তিধাম্নঃ সর্ব্বশক্ত্যাশ্রয়স্য ভগবতো গুণাংস্তু নৈব গণয়েৎ। তথাচ শ্রুতিঃ। বিষ্ণোর্নু কং বীর্য্যাণি প্রাবোচং যঃ পার্থিবান্যপি বিমমে রজাংসি যোঽস্তভ্নাদুত্তরং সধস্থং বিচক্রমাণস্ত্রেধা উরুগায়ো বিষ্ণবে ইতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তস্যাবতারগুণকর্ম্মণাং সংখ্যাতীতত্বাৎ যথাশক্ত্যেব কথয়িষ্যামীত্যাহ য ইতি। অনুক্রমিষ্যন্ ক্রমেণ গণয়িতুমিচ্ছতীত্যর্থঃ ॥ ২ ॥

দ্রুমিল বলিলেন, হে রাজেন্দ্র! ভগবানের যাবতীয় গুণের বর্ণন করা নিতান্তই দুঃসাধ্য। যে সেই অনন্তদেবের অনন্তমহিমার আনুপূর্ব্বিক বর্ণন করিতে ইচ্ছা করে, সে ব্যক্তি নিতান্ত মন্দবুদ্ধি বালক। বহুকালে ও বহু যোগবলে পৃথিবীর পরমাণুকণার গণনাও বরং সম্ভব, তথাপি সেই অচিন্ত্য ও অনন্তশক্তি ভগবানের গুণগ্রাম গণনা করা নিতান্তই অসম্ভব ॥ ২ ॥

আভাস।

অবগত হইবার জন্য প্রশ্ন করিয়াছেন, তাহা আমাদের ন্যায় মানবের পক্ষে বলা দুঃসাধ্য। সাক্ষাৎ কমললোচন হৃষীকেশ স্বয়ং যদি বর্ণনে প্রবৃত্ত হন, তাহা হইলেও আমাদের তাহা শ্রবণেরও সামর্থ্য আছে কি না, সন্দেহ। তবে আমি সংক্ষেপে তাহার কথঞ্চিৎ বর্ণন করিতেছি; শ্রবণ করুন। যদি কেহ বর্ণন করিব বলিয়া মনেও কল্পনা করে, তাহা হইলে তাহাকে অদীর্ঘদর্শী বিবেকহীন বালক বলিয়াই জ্ঞান করা উচিত। গণনা জানিবার কথা দূরে থাকুক, অনন্তদেবের কোন লীলার আভাস তাহার হৃদয়ে সে ধারণা করে কি না,

ভূতৈর্যদা পঞ্চভিরাত্মসৃষ্টৈঃ পুরং বিরাজং বিরচয্য তস্মিন্।
স্বাংশেন বিষ্টঃ পুরুষাভিধানমবাপ নারায়ণ আদিদেবঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

আত্মসৃষ্টৈঃ আত্মনা স্বেনৈব সৃষ্টৈঃ উৎপাদিতৈঃ চতুর্ব্বিংশতিভিঃ তত্ত্বৈঃ (স্থূলদৃষ্ট্যাতু) পঞ্চভিঃ ক্ষিত্যাদিভিঃ ভূতৈঃ বিরাজং (বিবিধং রাজমানং) ব্রহ্মাণ্ডাখ্যং পুরং শরীরং বিরচয্য নির্ম্মায়, আদিদেবঃ সর্ব্বকারণভূতঃ নারায়ণঃ যদা তস্মিন্ স্বাংশেন অন্তর্যামিরূপেণ, বিষ্টঃ প্রবিষ্টঃ, তদা পুরুষাভিধানং পুরুষাখ্যাং অবাপ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

তত্রাদৌ পুরুষাবতারমাহ ভূতৈরিতি। যদা স্বসৃষ্টৈর্ভূতৈর্বিরাজং ব্রহ্মাণ্ডং পুরং নির্ম্মায় তস্মিন্ লীলয়া প্রবিষ্টো নতু ভোক্তৃত্বেন। প্রভূতপুণ্যস্য জীবস্য তত্র ভোক্তৃত্বাৎ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাদৌ পুরুষাবতারমাহ ভূতৈরিতি দ্বাভ্যাং। আদিদেবো নারায়ণঃ শ্রীভগবান্ যদা মহৎস্রষ্টৃত্বেন পুরুষাভিধানমবাপ তদা ভূতৈর্বিরাজং বিরচয্য তস্মিন্ স্বাংশেনান্তর্যামিতয়া প্রবিষ্টোঽভূৎ ॥ ৩ ॥

সেই সর্ব্বকারণকারণ গুণসাগর নারায়ণ নিজসৃষ্ট ক্ষিত্যাদি পঞ্চ মহাভূত দ্বারা বিশ্ব ব্রহ্মাণ্ডরূপ নিজ দেহ নির্ম্মাণ করত স্বয়ং যখন তাহাতে অন্তর্যামিরূপে প্রবিষ্ট হন, তখনই তিনি পুরুষ নামে অভিহিত ॥ ৩ ॥

আভাস।

সঙ্কেত। বিষ্ণুগুণের অনন্তত্বপক্ষে, শ্রুতিই বলিয়াছেন, "যঃ কবিঃ পার্থিবান্যপি রজাংসি বিমমে গণিতবান্ সোঽপি বিষ্ণোর্বীর্য্যাণি কং কঃ প্রাবোচঃ প্রাবোচৎ ॥" পৃথিবীর ধূলিকণার গণনা করা বরং সম্ভব, বিষ্ণুর বীর্য্যগণনা নিতান্তই অসম্ভব। অন্যান্য ভ্রাতার মধ্যে দ্রুমিল যে লীলা বর্ণনে অগ্রসর হইয়াছিলেন, তাহার কারণ তাঁহার নামেই প্রকাশ আছে। অর্থাৎ দ্রু শব্দে দ্রুত স্ফূর্ত্তিপ্রাপ্ত অবতারে মন ও প্রাণের সহিত মিলিত হইতে যিনি পারিতেন, তিনিই অবশ্য অবতার সম্বন্ধীয় গুণ ও কর্ম্মাদির যাথার্থ্য জ্ঞান অবধারণে সক্ষম। সুতরাং দ্রুমিলই উত্তর প্রদানের উপযুক্ত পাত্র ॥ ২ ॥

প্রথম পুরুষাবতারের কথা বর্ণিত হইয়াছে। এই পুরুষাবতারে ভগবান্ ভোক্তৃত্বশূন্য হইয়া কেবল অন্তর্যামিভাবে বিরাট্‌দেহে প্রবিষ্ট হন। ব্রহ্মা যে প্রবেশ করেন, তাহাতে তাঁহা ভোক্তৃত্ব আছে। শ্রুতিও বলিয়াছেন, "তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তি অনশ্নন্নন্যো অভিচাকশীতি" সকল দেহেই দ্বিবিধ চৈতন্যের আবির্ভাব থাকে, একটী নিয়ম্য ও একটী নিয়ামক। ব্রহ্মা বিরাট দেহে নিয়ম্য; পরমাত্মা সাক্ষীভূত অন্তর্যামী নিয়ামক। এই অবস্থায় পরমাত্মা পুরুষ নামে অভিহিত হইয়া থাকেন ॥ ৩ ॥

যৎকায় এব ভুবনত্রয়সন্নিবেশো যস্যেন্দ্রিয়ৈস্তনুভৃতামুভয়েন্দ্রিয়াণি ।
জ্ঞানং স্বতঃ শ্বসনতো বলমোজ ঈহা সত্ত্বাদিভিঃ স্থিতিলয়োদ্ভব আদিকর্ত্তা ॥৪॥

অন্বয়ঃ ।

যৎকায়ে (যস্ত বৈরাজঃ পুরুষস্য কায়ে শরীরে) এব ভুবনত্রয়সন্নিবেশঃ (ভুবনত্রয়স সন্নিবেশঃ রচনাবিশেষঃ) যস্য ইন্দ্রিয়ৈঃ এব তনুভৃতাং ব্যষ্টিসমষ্টিজীবানাং, উভয়েন্দ্রিয়াণি জ্ঞানকর্ম্মসাধনানি ইন্দ্রিয়াণি স্বতঃ এব যস্য জ্ঞানং, যস্য শ্বসনতঃ প্রাণাৎ (তনুভৃতাং) বলং দেহশক্তিঃ, ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ, ঈহা চেষ্টা (ভবন্তি) সত্ত্বাদিভিঃ গুণৈঃ (যশ্চ) স্থিতিলয়োদ্ভবঃ আদিকর্ত্তা ॥ ৪ ॥

শ্রীধরস্বামী ।

অস্য গুণকর্ম্মাণ্যাহ দ্বয়েন যৎ কায় ইতি । যস্যাধিষ্ঠে যঃ কায় এব যৎকায় ইতি সপ্তমী বা । তনুভৃতং সমষ্টিব্যষ্টিজীবানাং জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণি যস্য স্বতঃ স্বস্বরূপভূতাৎ সত্ত্বাৎ তনুভৃতাং জ্ঞানং যস্য স্বতঃসিদ্ধং জ্ঞানমিতি বা যস্য শ্বসনতঃ প্রাণাদ্বলং দেহশক্তিঃ ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ ঈহা ক্রিয়া, যশ্চ সত্ত্বাদিভিঃ বিশ্বস্থিতিলয়োদ্ভবে আদিকর্ত্তা ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অস্য গুণকর্ম্মাণ্যাহ যস্য মহাবিষ্ণোঃ কায়ে ভুবনত্রয়াণামূর্দ্ধাধোমধ্যভুবনময়ানাং কোটিকোটিব্রহ্মাণ্ডানাং প্রতিরোমকূপগতত্বেন সন্নিবেশো ভবতি । তনুভৃতাং সমষ্টিব্যষ্টি-জীবানাং জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণি যস্য স্বতঃ স্বাংশভূতাদতএব তনুভৃতাং জ্ঞানং । যস্য শ্বসনতঃ প্রাণাৎ তনুভৃতাং বলং দেহশক্তিঃ । ওজঃ ইন্দ্রিয়শক্তিঃ । ঈহা ক্রিয়া । যশ্চ সত্ত্বাদিভিঃ স্থিতিলয়োদ্ভবে কর্ম্মণ্যাদিকর্ত্তা ॥ ৪ ॥

যাঁহার কলেবরেই এই ভুবনত্রয় সন্নিবিষ্ট রহিয়াছে, ব্যষ্টি বা সমষ্টি প্রাণিবৃন্দ যাহার অপূর্ব্ব ইন্দ্রিয়ে উভয়বিধ জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় লাভে ইন্দ্রিয়বান্ হইয়াছে, যিনি সর্ব্বদেহে স্বতঃসিদ্ধ জ্ঞানবান্ থাকিয়া সকল ভাব প্রত্যক্ষে অনুভব করিতেছেন, যাঁহার নিঃশ্বাসপবনে জীবের দেহ ও ইন্দ্রিয়ের বলাধান হইয়া ক্রিয়াশক্তি উদ্দীপিত হইতেছে, যে আদিকর্ত্তা সত্ত্বাদি গুণত্রয়ের সঞ্চালনে এই অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও লয়কার্য্য সমাধা করিতেছেন ॥ ৪ ॥

আভাস ।

এই পুরুষাবতারের গুণ ও কর্ম্মের কথা বলা হইল যে, তাঁহার দেহে এই ভুবন ত্রয়াত্মক ব্রহ্মাণ্ড প্রকাশ হইয়াছে । সমষ্টি জীব ব্রহ্মাদি এবং ব্যষ্টি জীব প্রাণিবর্গ তাঁহার স্বরূপ-ভূত সত্তা হইতে জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় লাভে বিষয়ানুভব করিতেছে । ইন্দ্রিয়ের ইন্দ্রিয় এক তিনি; অথচ ইন্দ্রিয়-ব্যতীত তিনি সকল বিষয়ই অবগত আছেন । তিনি

আদাবভূচ্ছতধৃতী রজসাস্য সর্গে বিষ্ণুঃ স্থিতৌ ক্রতুপতির্দ্বিজধর্ম্মসেতুঃ।
রুদ্রোঽপ্যয়ায় তমসা পুরুষঃ স আদ্য ইত্যুদ্ভবস্থিতিলয়াঃ সততং প্রজাসু॥ ৫॥

অন্বয়ঃ।

অস্য জগতঃ সর্গে (নিমিত্তে) আদৌ (বাষ্টিসৃষ্টেঃ পূর্ব্বং) রজসা গুণেন শতধৃতিঃ ব্রহ্মা অভূৎ, স্থিতৌ (সত্ত্বগুণেন) দ্বিজধর্ম্মসেতুঃ (দ্বিজানাং ত্রৈবর্ণিকানাং ধর্ম্মাণাং চ সেতুঃ পালকঃ) ক্রতুপতিঃ যজ্ঞাধিষ্ঠাতা বিষ্ণুঃ, তথা অপায়ায় সংহারায়, তমসা গুণেন রুদ্রঃ অভূৎ; ইতি এবং অতঃ এব সততং প্রতিকল্পং প্রজাসু উদ্ভবস্থিতিলয়াঃ ভবন্তি সঃ এব আদ্যঃ পুরুষঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

আদিকর্ত্তৃত্বেনেন তৎপূর্ব্বকং কর্ত্তৃত্বমপি সূচিতং তদ্দর্শয়িতুং গুণাবতারদ্বারা চরাচরসৃষ্ট্যাদিকর্তৃত্বমাহ আদাবিতি। যদোক্তানুষঙ্গঃ। যস্য রজসা অস্য জগতঃ সর্গে কার্য্যে শতধৃতি ব্রহ্মাঽভূৎ স্থিতৌ চ বিষ্ণুর্যস্য সত্ত্বেনেতি শেষঃ। ক্রতুপতিস্তৎফলদাতা দ্বিজানাং ধর্ম্মাণাঞ্চ সেতুঃ পালক ইত্যর্থঃ। যস্য তমসাঽস্যাপায়ায় রুদ্রোঽভূৎ। ইতোহৈতৈ ব্রহ্মাদিভি নিমিত্তভূতৈঃ প্রজাসু উদ্ভবাদয়ো যতো ভবন্তি স আদ্যঃ পুরুষ ইত্যর্থঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণাবতারানাহ আদাবিতি। রজসা রজোগুণেন সর্গে সৃষ্টৌ কর্ম্মণি শতধৃতি ব্রহ্মা অভূৎ। স্থিতৌ পালনে কর্ম্মণি বিষ্ণুঃ দ্বিজানাং ধর্ম্মাণাঞ্চ সেতুঃ পালক ইত্যর্থঃ। অপ্যয়ায় সংহারার্থং। ইত্যেবং প্রকারেণ॥ ৫॥

এই জগতের সৃষ্টিকার্য্যের নিমিত্ত যিনি রজোগুণে ব্রহ্মা, পালনার্থ সত্ত্বগুণে দ্বিজধর্ম্মপালক যজ্ঞফলদাতা বিষ্ণু এবং সংহারের নিমিত্ত তমোগুণে ত্রিলোচন মূর্ত্তিতে আবির্ভূত হইয়াছেন এবং এই ক্রমানুসারে বারংবার প্রজার সৃষ্টি, পালন ও সংহার যাঁহা হইতেই সতত হইয়া থাকে, তিনিই আদিভূত সনাতন পুরুষ॥ ৫॥

আভাস।

অলুপ্তচৈতন্য। জীবের নিজের কোন বল বিক্রম নাই; তাঁহার বলেই ইন্দ্রিয়, প্রাণ, মন ও দেহাদির বলজাতে বলীয়ান্ হইয়াছে। বলস্বরূপই তিনি এবং কর্ত্তৃত্বিক্রিয়াদি যাবতীয় ক্রিয়াই তাঁহার শক্তি॥ ৪॥

তিনি ব্রহ্মাণ্ডরচনায় আদিকর্ত্তা বলায় সৃষ্টির সঙ্গে সঙ্গে অন্যান্য কর্ত্তারও সৃষ্টি হইয়াছে, স্বীকার করা হয়; তাহাদের নাম উল্লেখার্থ গুণাবতার দ্বারা সৃষ্টি, স্থিতি ও সংহারকারী ব্রহ্মা, বিষ্ণু ও মহাদেবের নাম উল্লেখ করা হইয়াছে। সত্ত্ব, রজঃ ও তমঃ এই এক একটী গুণে তিনিই প্রবেশ পূর্ব্বক অবান্তর ক্রিয়া নিত্যস্থিত্যাদি কার্য্যসাধনের অভি-

ধর্ম্মস্য দক্ষদুহিতর্য্যজনিষ্ট মূর্ত্ত্যাং নারায়ণো নর ঋষিপ্রবরঃ প্রশান্তঃ ।
নৈষ্কর্ম্ম্যলক্ষণমুবাচ চচার কর্ম্ম যোঽদ্যাপি চাস্ত ঋষিবর্য্যনিষেবিতাঙ্ঘ্রিঃ ॥ ৬ ॥
ইন্দ্রো বিশঙ্ক্য মম ধাম জিঘৃক্ষতীতি কামং ন্যযুঙ্‌ক্ত সগণং সবদর্য্যুপাখ্যং ।

অন্বয়ঃ ।

ধর্ম্মস্য ভার্য্যায়াং দক্ষদুহিতরি মূর্ত্ত্যাং মূর্ত্তিসংজ্ঞায়াং নারায়ণঃ নরঃ চ ইতি মূর্ত্তিদ্বয়েন প্রশান্তঃ ঋষিপ্রবরঃ অজনিষ্ট অবতীর্ণঃ, (সঃ চ) ঋষিবর্য্যনিষেবিতাঙ্ঘ্রিঃ (ঋষিবর্য্যৈঃ নারদাদিভিঃ নিষেবিতৌ অঙ্ঘ্রী যস্য তথাবিধঃ সঃ নৈষ্কর্ম্ম্যলক্ষণং (নৈষ্কর্ম্ম্যং মোক্ষপ্রতিবন্ধকর্ম্ম নিবর্ত্তকং লক্ষণং যস্য তৎ) কর্ম্ম (নারদাদিভ্যঃ) উবাচ উপদিদেশ, (লোকপ্রবৃত্ত্যর্থং স্বয়ং) চচার ; সঃ ঋষিঃ অদ্যাপি আস্তে ॥ ৬ ॥

(অয়ং তপসা) মম ধাম স্বর্গং জিঘৃক্ষতি গ্রহীতুং ইচ্ছতি ইতি এবং ইন্দ্রঃ বিশঙ্ক্য (তত্তপোনাশায়) সগণং স্ত্রীবসন্তাদিসহিতং কামং ন্যযুঙ্‌ক্ত প্রেরয়ামাস । অতন্মহিজ্ঞঃ তস্য মহিমানভিজ্ঞঃ সঃ কামোঽপি বদর্য্যুপাখ্যং (বদরীতি উপাখ্যায়তে কথ্যতে ইতি

শ্রীধরস্বামী ।

ধর্ম্মস্য ভার্য্যায়াং দক্ষস্য দুহিতরি মূর্ত্তিসংজ্ঞায়াং নারায়ণো নর ইতি মূর্ত্তিদ্বয়েনাজনিষ্ট জাতঃ । তচ্চরিতমাহ নৈষ্কর্ম্ম্যমাত্মস্বরূপং লক্ষ্যতে যেন তৎ । কর্ম্মনির্হারকং বা । উবাচ নারদাদিভ্যঃ স্বয়ং চ চচার যোঽদ্যাপি কর্ম্মাচরন্নাস্তে । ঋষিবর্য্যনিষেবিতাবঙ্ঘ্রী যস্য সঃ ॥ ৬ ॥

ভগবদবতারপ্রস্তোতকং পরমোপশমং দর্শয়িতুমিতিহাসমাহ ইন্দ্র ইতি দশভিঃ । ধাম স্থানং তপসা গ্রহীতুমিচ্ছতীতি বিশঙ্ক্য তপোনাশায় কামং সপরিবারং প্রেষয়ামাস স

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নারায়ণো নর ইতি ঋষিপ্রবরঃ সমজনিষ্ট নৈষ্কর্ম্ম্যলক্ষণং কর্ম্ম উবাচ চচার চ ॥ ৬ ॥

স কামঃ বদর্য্যুপাখ্যং অপ্সরোগণাদিভিঃ সহ বদরিকাশ্রমং গত্বা । স্ত্রীপ্রেক্ষণাদ্যৈব

ধর্ম্মপত্নী দক্ষদুহিতা মূর্ত্তির গর্ভে নর নারায়ণ এই মূর্ত্তিদ্বয়ে প্রশান্তাত্মা ঋষিশ্রেষ্ঠরূপে তিনি আবির্ভূত হইয়াছেন । তিনি নারদাদি ভক্তগণকে অকর্ম্মস্বরূপ আত্মতত্ত্বের উপদেশ দিয়াছেন এবং লোক-শিক্ষার্থ স্বয়ংই তাহার অনুশীলনে এযাবৎ উক্ত কর্ম্মেরই অনুষ্ঠানে রত রহিয়াছেন ॥ ৬ ॥

স্বর্গরাজ ইন্দ্র তাঁহার তপশ্চরণে তাঁহাকে ইন্দ্রত্ব-পদবীর অভিকাঙ্ক্ষী জ্ঞানে ভীত হইয়া তপোবিঘ্নার্থ কামানুচর সহ কামদেবকে তৎসমীপে প্রেরণ আত্মাস ।

তিনিই উক্ত তিনরূপে আবির্ভূত হইয়াছেন । এই তিন ভগবানের গুণাবতার । তিনি স্বরূপে কিন্তু আদিভূত সনাতন পুরুষ ॥ ৫ ॥

গত্বাপ্সরোগণবসন্তসুমন্দবাতৈঃ স্ত্রীপ্রেক্ষণেষুভিরবিধ্যদতন্মহিজ্ঞঃ ॥ ৭ ॥
বিজ্ঞায় শক্রকৃতমক্রমমাদিদেবঃ প্রাহ প্রহস্য গতবিস্ময় এজমানান্।

অন্বয়ঃ।

বদর্য্যাখ্যাঃ তং) তস্যাশ্রমং অপ্সরোগণ বসন্ত-সুমন্দবাতৈঃ সহ গত্বা স্ত্রীপ্রেক্ষণেষুভিঃ (স্ত্রী-প্রেক্ষণানি এব ইষবঃ তৈঃ) তং অবিধ্যৎ সংক্ষোভয়িতুং প্রবৃত্তঃ ॥ ৭ ॥

আদিদেবঃ ভগবান্ নারায়ণঃ শক্রকৃতং অক্রমং অপরাধং, বিজ্ঞায় (তস্য মোহস্মরণেন) প্রহস্য গতস্ময়ঃ গর্ব্বরহিতঃ, এব এজমানান্ যোদ্যোগস্য নষ্টত্বাৎ ভয়েন কম্পমানান্ মদনাদীন্ প্রাহ ভোঃ বিভো! মদন মারুত দেববধ্বঃ! (যুষ্মাকং ন কশ্চিদপরাধঃ) অতঃ

শ্রীধরস্বামী।

কামঃ বদরীত্যুপাখ্যায়তে যঃ তস্যাশ্রমঃ অপ্সরোগণাদিভিঃ সহ গত্বা স্ত্রীণাং প্রেক্ষণান্যেব ইষবো বাণাস্তৈর্ন তস্য মহিমানং জানাতীত্যতন্মহিজ্ঞঃ ॥ ৭ ॥

অক্রমমপরাধং অহো অহং ধীর ইতি বিস্ময়ো গর্ব্বস্তদ্রহিতঃ। এজমানান্ শাপভিয়া কম্পমানান্। ভো বিভো সমর্থ! হে দেববধ্বঃ মা ভৈষ্ট বলিমাভিথ্যং। তান্ প্রার্থয়ন্তে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইষবো বাণাস্তৈরবিধ্যৎ। ন তস্য মহিমানং জানাতীত্যতন্মহিজ্ঞঃ ॥ ৭ ॥

অক্রমমপরাধং। গতবিস্ময়ঃ। অহো অহং ধীর ইতি বিশিষ্টঃ স্ময়ো গর্ব্বস্তদ্রহিত ইত্যর্থঃ। এজমানান্ শাপভিয়া কম্পমানান্। ভো বিভো সমর্থ হে দেববধ্বশ্চ মা ভৈষ্ট। বলিং পূজোপহারং শাকপত্রাদিকমস্মদাতিথ্যং গৃহ্নীত। বয়ং সম্পন্না এব ভবেমেতি

করিলেন। নরনারায়ণ ঋষির ঐশ্বর্য্যে সম্পূর্ণ অনভিজ্ঞ কামদেবও বসন্তঋতু, সুমন্দ বন্ধবহ অপ্সরাগণে পরিবৃত হইয়া উক্ত ঋষির যোগস্থান বদরীকাশ্রমে প্রবিষ্ট হইলেন এবং নারীগণের নয়নবাণে তাঁহাকে ব্যথিত করিতে আরম্ভ করিলেন ॥ ৭ ॥

কিন্তু আদিদেব ভগবান্ ঋষি কামদেবের কার্য্যে কিছুমাত্র বিরক্ত হইলেন না; তিনি এই সমস্ত পুরন্দরেরই প্ররোচনা বলিয়া অবগত হইলেন, এবং শাপভয়ে কম্পিত-কলেবর মদন মারুত ও দেবাঙ্গনাগণকে সহাস্যবদনে

আভাস।

এই শ্লোকে নরনারায়ণ ঋষিরূপে অবতারের কথা দ্বারা ভগবানের লীলাবতারের বিষয়ই বর্ণিত হইয়াছে। এই ঋষির অবতারে ভগবান্ ভগবদারাধনার লীলা প্রকটন করিয়াছেন। এই ঋষিরূপে যে তিনিই অবতীর্ণ হইয়াছিলেন, তাহা প্রতিপন্ন করিবার জন্য অলৌকিক উপশমের পরিচয়ে দশটী শ্লোকের দ্বারা ইন্দ্র-সম্বন্ধীয় ইতিহাস বর্ণন করা হইয়াছে ॥ ৭ ॥

মা ভৈষ্ট বিভো মদনমারুতদেববধ্বো গৃহ্নীত নো বলিমশূন্যমিমং কুরুধ্বং ॥৮॥
ইত্থং ব্রুবত্যভয়দে নরদেব দেবাঃ সব্রীড়নম্রশিরসঃ সঘৃণং তমূচুঃ ।
নৈতদ্বিভো ত্বয়ি পরেঽবিকৃতে বিচিত্রং স্বারামধীরনিকরানতপাদপদ্মে ॥ ৯ ॥

অন্বয়ঃ ।

মা ভৈষ্ট নঃ অস্মাকং বলিং কন্দমূলাদিকং আতিথ্যং গৃহ্নীত। ইমং আশ্রমং অশূন্যং কুরুধ্বম্ ॥ ৮ ॥

হে নরদেব! অভয়দে (অভয়ং দদাতীতি তস্মিন্) ইত্থং ব্রুবতি সতি সব্রীড়নম্রশিরসঃ (সব্রীড়ানি অতএব নম্রাণি শিরাংসি যেষাং তে, লজ্জাভরেণাবনতশিরস্কাঃ) দেবাঃ কামাদয়ঃ, সঘৃণং কৃপাযুক্তং তং নারায়ণং ঊচুঃ হে বিভো! স্বারামধীরনিকরানতপাদপদ্মে (স্বস্মিন্ আত্মনি রমন্তে ইতি স্বারামাঃ তে ধীরাঃ জিতেন্দ্রিয়াঃ তেষাং নিকরৈঃ সমূহৈঃ আনতে বন্দিতে পাদপদ্মে যস্য তস্মিন্) অবিকৃতে কামক্রোধাদিবিকাররহিতে, (প্রকৃতেঃ) পরে ত্বয়ি মহাপুরুষে, এতৎ (কৃতাপরাধেষু অস্মাসু অনুগ্রহাদিকং ন বিচিত্রং আশ্চর্য্যং ভবতি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী ।

ইমমস্মাকং আশ্রমং। আতিথ্যাভাবে শূন্যপ্রায়ঃ স্যাদিত্যর্থঃ ॥ ৮ ॥

হে নরদেব অভয়দে শ্রীনারায়ণে ইত্থং ব্রুবতি সতি। দেবাঃ কামাদয়ঃ সব্রীড়ানি নম্রাণি শিরাংসি যেষাং তে লজ্জাভরেণৈবানতশিরস্কা ইত্যর্থঃ। সঘৃণং যথা ভবতি কৃপাং জনয়ন্ত ইত্যর্থঃ। কৃপাযুক্তং তমিতি বা। মায়াতঃ পরেঽতোঽবিকৃতে। স্বারামাশ্চ তে ধীরাশ্চেতি তেষাং নিকরৈরানতঃ পাদপদ্মং, যস্য তস্মিন্ ত্বয়ি এতদক্ষোভানুকম্পাদি ন চিত্রং ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

চেৎ ইমং আশ্রমং অশূন্যং কুরুধ্বং। আতিথ্যাভাবে আশ্রমঃ শূন্যতুল্যঃ স্যাদিতি ভাবঃ ॥ ৮ ॥

হে নরদেব অভয়দে শ্রীনারায়ণে ইত্থং ব্রুবতি সতি দেবাঃ কামাদয়ঃ পরে পরমে নির্ব্বিকারে। স্বারামাঃ আত্মারামাঃ ॥ ৯ ॥

সম্বোধন পূর্ব্বক বলিলেন. দেখ! তোমরা নিরপরাধী; তোমাদের কোন ভয় নাই; এই আশ্রমে বিশ্রাম করত আতিথ্য গ্রহণ কর; চলিয়া যাইও না ॥ ৮

হে নরনাথ! সেই দেবগণ অভয়প্রদ নারায়ণ কর্তৃক এইরূপ অভিহিত হইয়া লজ্জায় অধোবদন হইলেন এবং অতি বিনম্রবচনে কৃপালু ভগবানকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে সর্ব্বসম্পাদনকারি বিভো ভগবন্! আপনি মায়াবিকারের অতীত; আত্মারাম ধীর ব্যক্তিগণ নিরন্তর আপনার চরণ:

ত্বাং সেবতাং সুরকৃতা বহবোঽন্তরায়াঃ স্বৌকো বিলঙ্ঘ্য পরমং ব্রজতাং পদং তে
নান্যস্য বর্হিষি বলীন্দদতঃ স্বভাগান্ ধত্তে পদং ত্বমবিতা যদি বিঘ্নমূর্দ্ধ্নি ॥১০॥

অন্বয়ঃ।

ত্বাং সেবতাং সেবমানানাং, সুরকৃতাঃ (সুরৈঃ ইন্দ্রাদিভিঃ কৃতাঃ) বহবঃ অন্তরায়াঃ বিঘ্নাঃ ভবন্তি (অতএব) স্বৌকঃ (স্বেষাং দেবানাং ওকঃ স্থানং স্বর্গং) বিলঙ্ঘ্য অতিক্রম্য পরমং সর্ব্বোত্তমং তে তব পদং স্থানং ব্রজতাং গচ্ছতাং সুরকৃতাঃ (সুরৈঃ ইন্দ্রাদিভিঃ কৃতাঃ) বহবঃ অন্তরায়াঃ বিঘ্নাঃ ভবন্তি। অন্যস্য ত্বদারাধনবিমুখস্য. বর্হিষি যজ্ঞে, স্বভাগান্ পুরোডাশাদীন্ বলীন্ দদতঃ (বিঘ্নাঃ ন ভবন্তি) যদি ত্বং অবিতা রক্ষকঃ তদাসৌ বিঘ্নমূর্দ্ধ্নি (বিঘ্নানাং মূর্দ্ধনি) পদং অঙ্ঘ্রিং ধত্তে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অস্মাককাপরাধাচরণং স্বভাবসিদ্ধত্বান্ন চিত্রমিত্যাহুঃ ত্বামিতি ত্বাং সেবমানানাং সুরৈরিন্দ্রাদিভিঃ কৃতা অন্তরায়া বিঘ্না ভবন্তি কস্মাদিত্যত আহুঃ স্বৌক ইতি। স্বস্থানং স্বর্গমতিক্রম্য পরমং তব স্থানং ব্রজতাং নান্যস্য ত্বামসেবমানস্য কুতো বর্হিষি যজ্ঞে স্বভাগান্ পুরোডাশাদীন্ বলীন্ করান্ কৃষক ইব রাজ্ঞে ইন্দ্রাদিভ্যো দদতঃ প্রযচ্ছতঃ। তর্হি মদ্ভক্তাঃ কিং বিঘ্নৈ র্নশ্যন্তি নেত্যাহুর্ধত্ত ইতি। যদীতি নিশ্চয়ে। যতস্ত্বং সুরাধীশোঽবিতা রক্ষকঃ অতোঽসৌ বিঘ্নানাং মূর্দ্ধ্নি পদমঙ্ঘ্রিং ধত্তে। কুতঃ পুনস্ত্বয়ি বিশন্তেতি ভাবঃ। ১০।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদ্ভক্তা অপি ত্বৎপ্রসাদাদস্মান্ ন গণয়ন্তি। কুতঃ পুনস্ত্বং গণয়িষ্যসীত্যাহুঃ। ত্বাং সেবমানানাং জনানাং সুরৈরিন্দ্রাদিভিঃ কৃতা অন্তরায়া অস্মদাদয়ো বিঘ্না বহবো ভবন্তি। ইন্দ্রাদৌ বিঘ্নাঃ কথং ক্রিয়ন্তে অত্রাহুঃ স্বৌক ইতি। স্বস্থানং স্বর্গং অতিক্রম্য পরমং তব স্থানং ব্রজতাং বিঘ্নকরণং খলু মাৎসর্য্যহেতুকমিবেতি ভাবঃ। নান্যস্য কর্ম্মিপ্রভৃতেঃ। কুতঃ বর্হিষি যজ্ঞে বলীন্ পুরোডাশাদীন্ তত্তদ্ভাগান্ ইন্দ্রাদিভ্যঃ করান্ রাজ্ঞে কর্ষকস্যেব দদতঃ। তর্হি মদ্ভক্তো বিঘ্নৈ র্ভ্রশ্যতি নেত্যাহুর্ধত্ত ইতি। যদীতি নিশ্চয়ে। যতস্ত্বং সর্ব্বসুরাধীশ্বরোঽবিতা রক্ষকঃ। অতোঽসৌ বিঘ্নানাং মূর্দ্ধ্নি পদং অঙ্ঘ্রিং ধত্তে। কুতঃ পুনস্ত্বয়ি বিঘ্নশঙ্কেতি ভাব ॥ ১০ ॥

পল্লবের সেবায় নিযুক্ত থাকেন। আপনি যখন প্রকৃতির অতীত, আপনার নিকট এতদাচরণের কিছুই বিচিত্র নহে ॥ ৯ ॥

হে দেব! যাঁহারা অনন্যশরণে আপনার সেবা করিয়া থাকেন, তাঁহারা যে অমরলোক অতিক্রম করিয়া ভবদীয় পরমপদে আরোহণ করিবেন, সে বিষয়ে আর সন্দেহ নাই, সুতরাং ঈর্ষাপরতন্ত্র অমরবৃন্দের দ্বারা তাঁহাদের

ক্ষুত্তৃট্ত্রিকালগুণমারুতজৈহ্ব্যশৈশ্নানস্মানপারজলধীনতিতীর্য্য কেচিৎ।
ক্রোধস্য যান্তি বিফলস্য বশং পদে গো র্মজ্জন্তি দুশ্চরতপশ্চ বৃথোৎসৃজন্তি॥১১॥

অন্বয়ঃ।

ক্ষুত্তৃট্ত্রিকালগুণমারুতজৈহ্ব্যশৈশ্নান্ (ক্ষুৎ অশনায়া, তৃট্ পিপাসা, চ ত্রিকালগুণাঃ শীতোষ্ণবর্ষাণি, চ মারুতঃ বাহ্যো বায়ুঃ, জৈহ্ব্যাঃ জিহ্বোপভোগাঃ, শৈশ্নাঃ শিশ্নোপভোগাশ্চ তান্ এতান্ অস্মান্ অপারজলধিবদতিদুস্তরান্ অতিতীর্য্য বিলঙ্ঘ্য, (অস্মদ্বশবর্ত্তিনঃ অভূত্বাপি) কেচিৎ গোঃ পদে গোখুরখাতগর্ত্তবদতিতুচ্ছে নিমজ্জন্তি বিফলস্য ক্রোধস্য বশং যান্তি ; দুশ্চরতপশ্চ বৃথা উৎসৃজন্তি নাশয়ন্তি॥ ১১॥

শ্রীধরস্বামী।

অনন্তকামাস্ত কেবলং তপশ্চরতাং ন্বয়ী গতিঃ। অস্মাকং বা বশং যান্তি ক্রোধস্য বা। তত্রাস্মদ্বশাঃ কামোপভোগমপি তাবদনুভবন্তি। ক্রোধবশাঃ পুনরতিমন্দা ইত্যাহুঃ ক্ষুত্তৃড়িতি। ক্ষুচ্চ তৃট্ চ ত্রিকালগুণাশ্চ শীতোষ্ণবর্ষাণি মারুতশ্চ প্রাণো বাহ্যো বা জৈহ্ব্যা জিহ্বাভোগাশ্চ শৈশ্না গুহ্যোপভোগাশ্চ। এতান্ অস্মান্ অপারজলধিরূপান্ অতিতীর্য্য বিলঙ্ঘ্য গোষ্পদে মজ্জন্তি, কুতঃ যতঃ ক্রোধস্য বিফলস্য বশং যান্তি গচ্ছন্তি। কিঞ্চ জলে মজ্জন্তো যথা বিবশাঃ সন্তো মস্তকারোপিতং ভারমুৎসৃজন্তি তথা বৃথা ন মোক্ষায় নচ ভোগায় শাপাদিনা দুশ্চরং তপ উৎসৃজন্তি॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিবিমুখানাং তপশ্চরতান্ত দ্বয়ী গতিঃ। অস্মাকং বা বশা ভবন্তি ক্রোধস্য বা। তত্রাস্মদ্বশাঃ কামোপভোগমপি তাবদনুভবন্তি ক্রোধস্য বশাঃ পুনরতিমন্দা ইত্যাহুঃ। ক্ষুত্তৃড়িতি। ক্ষুচ্চ তৃট্ চ ত্রিকালগুণাঃ শীতোষ্ণবর্ষাণি চ মারুতস্তগিন্দ্রিয়ভোগ্যা মলয়ানিলশ্চ জৈহ্ব্যঃ জিহ্বাভোগ্যাশ্চ শৈশ্নঃ শিশ্নভোগ্যাশ্চ এতান্ অস্মান্ অপারজলধিরূপান্ অতিতীর্য্য বিলঙ্ঘ্য গোষ্পদে মজ্জন্তি। কিঞ্চ জলে মজ্জন্তো যথা বিবশীভূয় মস্তকারোপিতং ধনভারমুৎসৃজন্তি তথা বৃথা ন মোক্ষায় ন ভোগায় শাপাদিনা দুশ্চরং তপশ্চ বিসৃজন্তি॥ ১১॥

বিবিধ বিঘ্ন ঘটিবার বিশেষ সম্ভাবনা। যাহারা যজ্ঞের অনুষ্ঠান দ্বারা লোকপালাদি দেবতার উদ্দেশ্যে বলি প্রদান করেন, তাঁহাদের তাদৃশ দেবনিগ্রহের কোন সম্ভাবনা হয় না বটে ; কিন্তু যাঁহাদিগের রক্ষক স্বয়ং আপনি, তাঁহারা দেবতাগণকে উপেক্ষা করিলেও কোন বিপদের আশঙ্কা প্রকৃত ঘটে না ; আপনার রক্ষিত ব্যক্তিগণ বিঘ্নের মস্তকে পদার্পণ করিয়া অনায়াসে অগ্রসর হন, সন্দেহ নাই॥ ১০॥

যাহারা আপনার সেবক নহে, তাহারা অতি কষ্টে অপার জলধিস্বরূপ অনন্ত ক্ষুধা, পিপাসা, শীত উষ্ণ ও বর্ষাদি কালগুণ, প্রাণবায়ু, জিহ্বার

ইতি প্রগৃণতাং তেষাং স্ত্রিয়োঽত্যদ্ভুতদর্শনাঃ।
দর্শয়ামাস শুশ্রূষাং স্বর্চ্চিতাঃ কুর্ব্বতীর্বিভুঃ ॥ ১২ ॥
তে দেবানুচরা দৃষ্ট্বা স্ত্রিয়ঃ শ্রীরিব রূপিণীঃ।
গন্ধেন মুমুহুস্তাসাং রূপৌদার্য্যহতশ্রিয়ঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

ইতি এবং প্রগৃণতাং স্তুবতাং তেষাং কামাদীনাং (স্বলাবণ্যগর্ব্বোপশমায়) বিভুঃ ভগবান্ (অত্যদ্ভুতদর্শনাঃ স্বর্চ্চিতাঃ শুশ্রূষাং কুর্ব্বতীঃ স্ত্রিয়ঃ দর্শয়ামাসঃ ॥ ১২ ॥

শ্রীঃ ইব রূপিণীঃ স্ত্রিয়ঃ দৃষ্ট্বা রূপৌদার্য্যহতশ্রিয়ঃ (রূপসৌন্দর্য্যাতিশয়েন হতশ্রীং কান্তির্যেষাং তে) তে দেবানুচরাঃ কামাদয়ঃ তাসাং স্ত্রীণাং গন্ধেন পদ্মকিঞ্জল্কবৎ শরীরসুগন্ধেন মুমুহুঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

স্ত্রিয়ঃ যোগনির্ম্মিতাঃ স্ত্রীঃ শুশ্রূষাং কুর্ব্বতীঃ স্বর্চ্চিতাঃ সুষ্ঠু অলঙ্কৃতাঃ তেষাং স্বলাবণ্যাদিদর্পোপশমায় দর্শয়ামাস ॥ ১২ ॥

রূপিণী মূর্ত্তিমতীঃ শ্রিয় ইব তাঃ স্ত্রী দৃষ্ট্বা তাসাং রূপসৌদার্য্যেণ মহত্ত্বেন হতা শ্রীঃ কান্তির্যেষাং তে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রগৃণতাং স্তুবতস্তানাদৃত্য ; স্ত্রিয়ঃ যোগনির্ম্মিতাঃ স্ত্রীঃ। শুশ্রূষাং স্বসেবাং কুর্ব্বতীব প্রাকৃতীরিত্যর্থঃ। তেষাং স্বলাবণ্যাদিদর্পোপশমায় দর্শয়ামাস ॥ ১২ ॥ ১৩ ॥

ভোগ্য ও শিশ্নাদি ইন্দ্রিয়ের ভোগ্য পদার্থ ও আমাদের ন্যায় বিঘ্নোৎপাদক দেবতার হস্ত অতিক্রম করিয়াও নিস্তার পায় না ; পরিণামে এক বিফল ক্রোধের বশীভূত হইয়া দুশ্চর তপস্যাদিও বৃথায় পরিত্যাগে গোষ্পদস্থ বারিতে জীবন পরিত্যাগ করে ॥ ১১ ॥

দেবতাগণ যখন এই প্রকারে সেই বিভু নারায়ণের স্তব করিতেছিলেন, ইত্যবসরে ভগবান্ সেই দেবগণের পরমরমণীয় স্ব স্ব লাবণ্যের দর্প খর্ব্ব করিবার অভিপ্রায়ে যোগবলে অলৌকিক রূপলাবণ্যসম্পন্ন পরমরমণীয় কতগুলি সুন্দরী নারীর আনয়ন করিলেন ; এবং ঐ সকল যুবতীগণ তৎকালে তাঁহার শুশ্রূষা করিতেছিলেন, এই প্রকার দেবগণ অবলোকন করিলেন ॥১২॥

বিগ্রহ পরিগ্রহে অবতীর্ণা সাক্ষাৎ কমলার ন্যায় রূপলাবণ্যসম্পন্না সেই কামিনীগণকে নিরীক্ষণ করিয়া দেবতাদের সৌন্দর্য্যগর্ব্ব নিঃশেষে বিনষ্ট হইল ; পদ্মকিঞ্জল্কের সুমধুর সৌরভের ন্যায় তাদৃশ বনিতাগণের গাত্রগন্ধে উপস্থিত দেবতাগণ বিমোহিত হইয়া পড়িলেন ॥ ১৩ ॥

তানাহ দেবদেবেশঃ প্রণতান্ প্রহসন্নিব ;
আসামেকতরাং বৃঙ্‌ধ্বং সবর্ণাং স্বর্গভূষণাং ॥ ১৪ ॥
ওমিত্যাদেশমাদায় নত্বা তং সুরবন্দিনঃ ।
উর্ব্বশীমপ্সরশ্রেষ্ঠাং পুরস্কৃত্য দিবং যযুঃ ॥ ১৫ ॥
ইন্দ্রায়ানম্য সদসি শৃণ্বতাং ত্রিদিবৌকসাং ।

অন্বয়ঃ ।

দেবদেবেশঃ (দেবানাং ইন্দ্রাদীনাং অধীশঃ ভগবান্) নারায়ণঃ প্রহসন্ ইব প্রণতান্ তান্ কামাদীন্ আহ (যৎ) আসাং স্ত্রীণাং মধ্যে সবর্ণাং স্বসমানবর্ণাং স্বর্গভূষণাং স্বর্গশোভাসম্পাদনীং একতরাং বৃঙ্‌ধ্বং বৃণীধ্বং ॥ ১৪ ॥

সুরবন্দিনঃ দেবযশোবিবর্দ্ধনাঃ কামাদয়ঃ আদেশং ভগবদাজ্ঞাং, ওমিতি আদায় অঙ্গীকৃত্য তং ভগবন্তং নত্বা অপ্সরশ্রেষ্ঠাং উর্ব্বশীং পুরস্কৃত্য (আদরেণ অগ্রতঃ কৃত্বা) দিবং স্বর্গং যযুঃ ॥ ১৫ ॥

(তত্র গত্বা) শৃণ্বতাং সতাং ত্রিদিবৌকসাং দেবানাং, সদসি সভায়াং, ইন্দ্রায় ইন্দ্রং

শ্রীধরস্বামী

বৃঙ্‌ধ্বং বৃণীধ্বং ক বয়ং বরাকাঃ কচেমা ইতি চেত্তত্রাহ সবর্ণাং সমানরূপাং । নৈকাপ্যস্মদনুরূপেতি চেৎ মা ভবতু তথাপি স্বর্গস্য ভূষণরূপাং ॥ ১৪ ॥

সুরবন্দিনো দেবভৃত্যাঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তেষাং পরাভবদর্শনেন প্রহসন্ ইবেত্যতিগাম্ভীর্য্যেণ প্রহাসবোধো ব্যঞ্জিতঃ । বৃঙ্‌ধ্বং বৃণীধ্বং । ক বয়ং বরাকাঃ কচেমা ইতি চেত্তত্রাহ সবর্ণাং সমানবর্ণাং স্বতুল্যামেতাসাং বিভূতিরূপাং প্রাকৃতীমপি কাঞ্চিদিত্যর্থঃ । তথাপি স্বর্গস্য ভূষৈব ভবিষ্যতীত্যাহ স্বর্গেতি ॥ ১৪ ॥

আদেশমাদায় আজ্ঞাং গৃহীত্বা । সুরবন্দিনো দেবভৃত্যাঃ ॥ ১৫ ॥

দেব নারায়ণ কামদেবাদি দেববৃন্দের তাদৃশ মোহিতদশা অবলোকন করিয়া, ঈষৎ হাস্যসহকারে তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, স্বর্গ রাজ্যের ভূষণস্বরূপা এই সবর্ণা কামিনীর মধ্যে যে কোনটীকে তোমরা প্রার্থনা কর, আমি তোমাদিগকে প্রদান করিতে পারি ॥ ১৪ ॥

অনন্তর সেই দেবভৃত্যগণ দেবপূজিত ভগবান্ নারায়ণের অভিপ্রায়ানুসারে স্বীকৃত হইয়া প্রার্থনাপূর্ব্বক অপ্সরাশ্রেষ্ঠ উর্ব্বসীকে গ্রহণ করত তাঁহাকে প্রণাম করিয়া স্বকীয় আশ্রম স্বর্গপুরে গমন করিলেন ॥ ১৫ ॥

তথায় দেবসভায় উপনীত হইয়া অমরগণে পরিবেষ্টিত দেবরাজকে

উচুর্নারায়ণবলং শক্রস্তত্রাস বিস্মিতঃ ॥ ১৬ ॥

হংসস্বরূপ্যবদদচ্যুত আত্মযোগং দত্তঃ কুমার ঋষভো ভগবান্ পিতা নঃ।
বিষ্ণুঃ শিবায় জগতাং কলয়াবতীর্ণস্তেনাহৃতা মধুভিদা শ্রুতয়ো হয়াস্যে ॥১৭॥

অন্বয়ঃ।

আনম্য প্রণম্য নরোণবলং উচুঃ। শক্রশ্চ (ব্রহ্মা) তত্র দেবসভায়াং বিস্মিতঃ আস আশ্চর্য্যং প্রাপ ॥ ১৬ ॥

জগতাং জঙ্গমানাং প্রাণিনাং শিবায় মঙ্গলায়, ভগবান্ ঐশ্বর্য্যাদিগুণপূর্ণঃ অচ্যুতঃ স্বরূপতঃ গুণতশ্চ চ্যুতিরহিতঃ বিষ্ণুঃ এব হংসরূপী, দত্তঃ দত্তাত্রেয়ঃ, কুমারঃ সনৎকুমারঃ, তথা নঃ অস্মাকং কব্যাদীনাং পিতা ঋষভঃ ইতি কলয়া মূর্ত্ত্যা অবতীর্ণঃ সন্ আত্মযোগং আত্মতত্ত্বং, অবদৎ উপদিষ্টবান্। (তথা) তেন মধুভিদা (মধুনামানং অসুরং ভিনত্তি ইতি তেন) বিষ্ণুনা হয়াস্যে শ্রুতয়ঃ বেদাঃ, তত্তঃ আহৃতাঃ আনীতাঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ইন্দ্রায় ইন্দ্রং প্রতি নারায়ণবলমূচুঃ। তত্রাস ত্রাসং প্রাপ্তো বিস্মিতশ্চ। তত্র বিস্মিত আসেতি বা ॥ ১৬ ॥

অন্যান্যপ্যবতারাংস্তচ্চরিতানি চাহ হংসস্বরূপীতি। দত্তঃ দত্তাত্রেয়ঃ কুমারঃ সনকাদিঃ নঃ পিতা ঋষভশ্চ বিষ্ণুরেব কলয়াবতীর্ণঃ সন্ আত্মযোগমবদৎ। তেন বিষ্ণুনা হয়াস্যে হয়গ্রীবাবতারে মধুভিদা সতা তত্র পাতালতঃ শ্রুতয়ঃ আহৃতাঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাস অহো ময়া অপরাদ্ধমিতি ত্রাসং প্রাপ্তঃ ॥ ১৬ ॥

হংসস্বরূপী হংসাকারঃ দত্তো দত্তাত্রেয়ঃ কুমারঃ নঃ পিতা ঋষভশ্চ। বিষ্ণুরেব কলয়াবতীর্ণঃ সন্নাত্মযোগমবদৎ। তেন হয়াস্যে হয়গ্রীবাবতারে মধুভিদা সতা ততঃ শ্রুতয় আহৃতাঃ ॥ ১৭ ॥

প্রণাম করত ভগবান্ নারায়ণের বিক্রমসমূহের পরিচয় প্রদান করিলেন। সভামন্দিরে সমাসীন দেবরাজ এতচ্ছ্রবণে অতীব বিস্ময়াপন্ন হইলেন ॥১৬॥

সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবানের স্বরূপত ও গুণত কোনরূপ চ্যুতি না হইলেও তিনি এই জঙ্গমাত্মক প্রাণিবর্গের মঙ্গলবিধানার্থ হংস, দত্তাত্রেয় সনৎকুমার ও আমাদের পিতা ঋষভাদি মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া আত্মতত্ত্বের উপদেশ প্রদান করিয়াছেন। সেই মধুকৈটভহারী বিষ্ণুই আত্মস্বরূপ হইতে এই বেদচতুষ্টয় আনয়ন করিয়াছেন ॥ ১৭ ॥

প্রলয়কালে যখন সমগ্র ধরণী জলে প্রলীন হইল, তখন সেই ভূতভাবন জনার্দ্দনই মৎস্যরূপে অবতীর্ণ হইয়া সত্যব্রতনামক মনুকে রক্ষা করিয়াছেন

গুপ্তোঽপ্যয়ে মনুরিলৌষধয়শ্চ মাৎস্যে ক্রোড়ে হতো দিতিজ উদ্ধরতাম্ভসঃ ক্ষ্মাং
কৌর্ম্মে ধৃতোঽদ্রিরমৃতোন্মথনে স্বপৃষ্ঠে গ্রাহাৎ প্রপন্নমিভরাজমমুঞ্চদার্ত্তং ॥১৮॥
সংস্তুবতো নিপতিতান্ শ্রমণানৃষীংশ্চ শক্রঞ্চ বৃত্রবধতস্তমসি প্রবিষ্টং।

অন্বয়ঃ।

তথা মাৎস্যে (অবতারে) তেন এব অপায়ে প্রলয়ে, মনুঃ সত্যব্রতাখ্যঃ, গুপ্তঃ রক্ষিতঃ। তথা ইলা পৃথ্বী, ওষধয়ঃ যবব্রীহ্যাদিবীজানি চকারাৎ ঋষয়শ্চ গুপ্তাঃ। ক্রোড়ে বরাহাবতারে, তেন এব অম্ভসঃ সকাশাৎ ক্ষ্মাং ভূমিং, উদ্ধরতা তথা আর্ত্তং পীড়িতং অতএব প্রপন্নং শরণমাগতং ইভরাজং গজেন্দ্রং গ্রাহাৎ অমুঞ্চৎ অমোচয়ৎ ॥ ১৮ ॥

এবমাদৌ যত্রাবতারনাম ন দৃশ্যতে তত্র ভগবান্ বিষ্ণুঃ শিবায় যথা কৃতবান্ তথা বর্ণয়তি। কশ্যপার্থং সমিদাহরণে গতান্ তত্র চ অভিপতিতান্ অঙ্গুষ্ঠপরিমিতাকারত্ব গোষ্পদপর্ক্তে এব সমুদ্রপতনবন্নিমগ্নান্ ইন্দ্রেণ উপহসিতান্ অতএব আত্মানং সংস্তুবতঃ স্তুতিং কুর্ব্বাণান্ শ্রমণান্ ঋষীন্ বালিখিল্যান্ ততঃ আপদঃ অমোচয়ৎ।

শ্রীধরস্বামী।

ইলা পৃথ্বী ওষধয়শ্চ গুপ্তাঃ ক্রোড়ে বরাহাবতারে গ্রাহাৎ গজেন্দ্রমমুঞ্চৎ মোচয়ামাস। এবমাদৌ যত্রাবতারে নাম নাস্তি তত্র বিষ্ণুঃ শিবায় জগতাং কলয়াবতীর্ণ ইত্যনুবর্ত্তনীয়ং ॥ ১৮ ॥

সংস্তুবতঃ স্তুতিং কুর্ব্বাণান্ ঋষীন্ বালিখিল্যান্ কশ্যপার্থং সমিদাহরণে গোষ্পদে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপায়ে প্রলয়ে মনুঃ সত্যব্রতঃ ইলা পৃথ্বী ওষধয়শ্চ গুপ্তাঃ। ক্রোড়ে বরাহাবতারে। ইভরাজং গজেন্দ্রং অমুঞ্চৎ মোচয়ামাস ॥ ১৮ ॥

সংস্তুবতঃ সংস্তুবতঃ ঋষীন্ বালিখিল্যান্ কশ্যপার্থং সমিদাহরণে গোষ্পদে নিমগ্নান্

এবং পৃথিবী, ওষধিসমূহ ও ঋষিগণের রক্ষা বিধান করেন। পরে বরাহরূপে কারণবারি হইতে ক্ষৌণীকে উদ্ধার করত আদিদৈত্য হিরণ্যাক্ষের নিধন সাধন করেন। অমৃতলাভার্থ দেবাসুরে যখন সমুদ্রমন্থন করেন, তখন এই ভগবানই কূর্ম্মমূর্ত্তি ধারণ করত তাঁহাদিগের মন্থনদণ্ড মন্দরাচল স্বীয় পৃষ্ঠে ধারণ করিয়াছিলেন। এই বিষ্ণুই প্রপীড়িত ও শরণাগত গজেন্দ্রকে নক্রহস্ত হইতে মুক্ত করত রক্ষা করিয়াছেন ॥ ১৮ ॥

এই প্রকার পূর্ব্বে পূর্ব্বে যেখানে কোন অবতারের নাম উল্লেখ নাই, সেই স্থলে ভগবান্ বিষ্ণুই অব্যক্ত শক্তিসঞ্চারে যে সমস্ত মঙ্গলপ্রদ কার্য্যের সম্পাদন করিয়াছেন, তাহাও অনেকাংশে বর্ণিত হইয়াছে যথা; কশ্যপের আজ্ঞানুসারে তাঁহার সমিধ আহরণার্থ বালিখিল্য ঋষিগণ যখন বনে গমন

দেবস্ত্রিয়োঽসুরগৃহে পিহিতা অনাথা জঘ্নেঽসুরেন্দ্রমভয়ায় সতাং নৃসিংহে ॥১৯॥
দেবাসুরে যুধি চ দৈত্যপতীন্ সুরার্থে হত্বান্তরেষু ভুবনান্যদধাৎ কলাভিঃ।

অন্বয়ঃ।

তথা বৃত্রাসুরবধাদ্ধেতোঃ তমসি ব্রহ্মহত্যায়াং, প্রবিষ্টং শক্রং চ মোচয়ামাস। তথা অসুরগৃহে পিহিতাঃ (দেবেষু পলায়িতেষু সৎসু অসুরৈঃ তৎস্ত্রিয়ঃ স্বগৃহমানীয় নিরুদ্ধাঃ) অতএব অনাথাঃ রক্ষকহীনাঃ, তাঃ ভগবান্ অমোচয়ৎ। তথা নৃসিংহে অবতারে, সতাং প্রহ্লাদাদিভক্তানাং অভয়ায় ভয়নিরাসায়, অসুরেন্দ্রং হিরণ্যকশিপুং, জঘ্নে হতবান্ ॥ ১৯ ॥

দেবাসুরে যুধি যুদ্ধে সুরার্থে ইন্দ্রাদিকার্য্যসাধনার্থং দৈত্যপতীন্ হত্বা তথা অন্তরেষু অন্যেষু অপি সর্ব্বমন্বন্তরেষু কলাভিঃ স্বস্বঅবতারৈঃ ভুবনানি অধাৎ। অথ ব মনঃ ভূত্বা

শ্রীধরস্বামী।

নিমগ্নানিন্দ্রেণোপহসিতান্ উরুস্তাপদোঽমোচয়ৎ। তমসি ব্রহ্মহত্যায়াং প্রবিষ্টং মোচয়ামাস। অসুরগৃহে পিহিতাঃ নিরুদ্ধা যা দেবস্ত্রিয়ঃ তাশ্চামুচৎ। অনেকাবতারৈঃ ॥ ১৯ ॥

অন্তরেষু সর্ব্বমন্বন্তরেষু কলাভি মূর্ত্তিভি ভুবনানি অদধাৎ অপালয়ৎ ইমাঃ পৃথ্বীঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রেণোপহসিতান্মুখাপ্যামোচয়ৎ। শক্রঞ্চ তমসি ব্রহ্মহত্যায়াং প্রবিষ্টমমোচয়ৎ। পিহিতা নিরুদ্ধা দেবস্ত্রিয়শ্চামোচয়ৎ অনেকাবতারৈরিতি শেষঃ ॥ ১৯ ॥

করেন, তথায় সামান্য গোষ্পদতুল্য খাদ-জলে নিপতিত হইয়াই সমুদ্র পতনের ন্যায় নিতান্ত বিপন্ন সেই ঋষিগণকে অবলোকন করিয়া, ইন্দ্ররাজ উপহাস করিতে লাগিলেন। কিন্তু সেই সংযমী ঋষিগণ যখন একাগ্রতা সহকারে জগৎপতি পরমাত্মার স্তব করিয়াছিলেন, তখনই তিনি তাঁহাদিগকে সেই বিপদ্ হইতে উদ্ধার করিয়াছিলেন। বৃত্রাসুরের বধ-নিবন্ধন যখন ব্রহ্মহত্যা পাপে দেবেন্দ্র নিপতিত হন, তখন সেই কমলাপতি বিষ্ণুই তাঁহাকে তাদৃশ পাপ হইতে বিমুক্ত করিয়াছেন। অসুরসংগ্রামে দেবগণ পরাজিত হইয়া পলায়ন করিলে, দেববনিতাগণ সকলেই অসুর করে নিপতিত হইয়া রক্ষকহীনা অনাথার ন্যায় অসুরগৃহে নিরুদ্ধা থাকেন। ভগবানই তাহাদের রক্ষা বিধান করেন। আবার প্রহ্লাদের ন্যায় স্বকীয় সাধু ভক্তগণের ভয় নিবারণার্থ নৃসিংহ মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া, অসুররাজ হিরণ্যকশিপুর প্রাণ বিনাশ করেন ॥ ১৯ ॥

দেবাসুর সংগ্রামে ইন্দ্রাদি দেবগণের কার্য্যসিদ্ধির নিমিত্ত দৈত্যপতি-দিগকে নিহত করিয়াছেন এবং অন্যান্য মন্বন্তরেও সেই সেই অবতারে

ভুত্বাথ বামন ইমামহরদ্বলেঃ ক্ষ্মাং যাচ্ঞাচ্ছলেন সমদাদদিতেঃ সুতেভ্যঃ ॥ ২০
নিঃক্ষত্রিয়ামকৃত গাঞ্চ ত্রিসপ্তকৃত্বো রামস্তু হৈহয়কুলাপ্যয়ভার্গবাগ্নিঃ ।
সোঽব্ধিং ববন্ধ দশবক্ত্রমহন্ সলঙ্কং সীতাপতির্জয়তি লোকমলঘ্নকীর্ত্তিঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ ।

যাচ্ঞাচ্ছলেন বলেঃ সকাশাৎ ইমাং ক্ষ্মাং ভূমিং অহরৎ ; তাং চ অদিতেঃ সুতেভ্যঃ ইন্দ্রাদিভ্যঃ সমদাৎ প্রাযচ্ছৎ ॥ ২০ ॥

হৈহয়কুলাপ্যয়ভার্গবাগ্নিঃ (হৈহয়ানাং কুলস্য অপায়ায় বিনাশায় ভার্গবাগ্নিঃ ভৃগুবংশে অবতীর্ণঃ অগ্নিবৎ অতিতেজস্বী রামঃ ত্রিসপ্তকৃত্বঃ একবিংশতিবারান্ গাং পৃথ্বীং নিঃক্ষত্রিয়াং অকৃত চকার। লোকমলঘ্নকীর্ত্তিঃ) লোকানাং মলানি পাপানি হন্তি ইতি তথাভূতা কীর্ত্তি র্যস্য সঃ সীতাপতিঃ শ্রীরামঃ অব্ধিং ববন্ধ ততশ্চ সলঙ্কং লঙ্কাসহিতং দশবক্ত্রং রাবণং অহন্ সঃ জয়তি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী ।

সমদাৎ দদৌ ॥ ২০ ॥

হৈহয়ানাং কুলস্যাপায়ায় ভার্গবরূপোঽগ্নিঃ। স রামো দাশরথিঃ সন্ সলঙ্কঃ লঙ্কায়াং স্থিতং। সচ জয়তি বর্ত্তমানকালীনোঽবতার ইত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অন্যেষ্বপি সর্ব্বমন্বন্তরেষু অদদাৎ অপালয়ৎ । কলাভির্মন্বন্তরাবতারৈঃ ॥ ২০ ॥

সলঙ্কঃ লঙ্কাস্থসন্নিধীরসহিতমিত্যর্থঃ। জয়তীতি কথায়া অন্যান্যংশাবতারানুসন্ধানাদরবিশেষো ব্যক্তঃ ॥ ২১ ॥

অবতীর্ণ হইয়া এই ভুবনসমূহকে রক্ষা করিয়াছেন। পরে বামনরূপে বলির যজ্ঞে উপস্থিত হইয়া ত্রিপাদভূমি যাচ্ঞাচ্ছলে এই ত্রিভুবন তৎসন্নিধান হইতে হরণ করত অদিতিনন্দন ইন্দ্রাদিকে প্রদান করিয়াছেন ॥ ২০ ॥

হৈহয়কুলান্তক ভৃগুবংশাবতংস পরশুরামরূপে অবতীর্ণ হইয়া এই ধরণীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়াছেন ; অনন্তর লোকপবিত্রকারী শ্রীরামরূপে অবতীর্ণ হইয়া সীতাপতি সমুদ্রবন্ধন করেন এবং লঙ্কাপতি দশাননকে সবংশে নিধন করিয়াছেন। সেই শ্রীরামচন্দ্রের কীর্ত্তি জগতে দেদীপ্যমান হউক ॥ ২১ ॥

জন্মকর্ম্মাদির অতীত ভূতভাবন হৃষীকেশ কেবল দৈত্যভাবে স্যাতিশয় প্রপীড়িতা ধরণীর ভার হরণার্থ নিজ ইচ্ছাক্রমে যদুবংশে অবতীর্ণ হইয়া দেবগণের দুঃসাধ্য দৈত্যবধ ও গোবর্দ্ধনাদি ধারণরূপ অলোকসামান্য দুষ্কর কর্ম্ম সমুদায় সম্পাদন করিবেন। পরে বুদ্ধরূপে অবতীর্ণ হইয়া যজ্ঞানুষ্ঠানে সম্পূর্ণ অযোগ্য অথচ যজ্ঞসম্পাদনে তৎপর দৈত্যাংশে সমুৎপন্ন ব্যক্তিগণকে

ভূমের্ভরাবতরণায় যদুষজন্মা জাতঃ করিষ্যতি সুরৈরপি দুষ্করাণি ।
বাদৈর্বিমোহয়তি যজ্ঞকৃতোঽতদর্হান্, শূদ্রান্ কলৌ ক্ষিতিভুজো ন্যহনিষ্যদন্তে ॥
এবম্বিধানি জন্মানি কর্ম্মাণি চ জগৎপতেঃ ।
ভূরীণি ভূরিযশসো বর্ণিতানি মহাভুজ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে নিমিজায়ন্তেয়োপাখ্যানে চতুর্থোঽধ্যায়ঃ ॥ * ॥ ৪ ॥ * ॥

অন্বয়ঃ ।

অজন্মা কর্ম্মাধীনজন্মরহিতঃ, ভগবান্ ভূমেঃ ভারাবতরণায় যদুষু জাতঃ স্বেচ্ছয়াবতীর্ণঃ, সন্ সুরৈঃ অপি দুষ্করাণি কর্ত্তুমশক্যানি দৈত্যবধগোবর্দ্ধনোদ্ধরণাদীনি করিষ্যতি । (তথা বুদ্ধরূপেণ অবতীর্ণঃ সন্) অতদর্হান্ যজ্ঞানুষ্ঠানাযোগ্যান্ অপি যজ্ঞকৃতঃ (যজ্ঞান্ কুর্ব্বাণান্ দৈত্যান্ বাদৈঃ বেদবিরুদ্ধতর্কৈঃ বিমোহয়িষ্যতি যজ্ঞানুষ্ঠানাৎ নিবারয়িষ্যতি । (তথা) কলৌ কলিযুগস্যান্তে কল্কিরূপেণ অবতীর্ণঃ সন্ শূদ্রান্ রাজ্যানর্হান্ ক্ষিতিভুজঃ রাজ্ঞঃ অহনিষ্যৎ হনিষ্যতি ॥

হে মহাভুজ ! ভূরিযশসঃ (ভূরি যশো যস্য তস্য) জগৎপতেঃ ভগবতঃ এবম্বিধানি ভূরীণি জন্মানি কর্ম্মাণি চ বর্ণিতানি ॥ ২২ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রি কৃতেঽন্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী

ভাবিনং রামকৃষ্ণাবতারমাহ ভূমেরিতি । বুদ্ধাবতারমাহ বাদৈরিতি । অতদর্হান্ দৈত্যান্ বিমোহয়িষ্যতি । বাদৈরহিংসাবাদৈর্হিংসাপ্রতিপাদকবেদনিন্দাপরৈর্বচনৈরিতি ভাবঃ । কল্ক্যবতারমাহ শূদ্রানিতি । ন্যহনিষ্যৎ নিহনিষ্যতি শূদ্রান্ অসচ্ছূদ্রান্ যবনপ্রায়ানিত্যর্থঃ ॥ ২২ ॥ ॥ * ॥ ইত্যেকাদশে চতুর্থঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বিমোহয়তি বিমোহয়িষ্যতি বুদ্ধঃ । ন্যহনিষ্যৎ নিহনিষ্যতি কল্কিঃ ॥ ২২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
একাদশে চতুর্থোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বেদবিরুদ্ধ বিতর্কের দ্বারা যজ্ঞানুষ্ঠান হইতে নিরস্ত করিবেন । অনন্তর কলিযুগের অন্তে কল্কিরূপে বিগ্রহধারণ করিয়া রাজকার্য্যের অনুপযোগী ম্লেচ্ছ ক্ষিতিপালগণকে নিধন করিবেন ॥

হে মহাপ্রতাপশালিন্ ! অতুলবিক্রমসম্পন্ন প্রভূতকীর্ত্তি জগৎপতি ভগবানের এই প্রকার বিবিধ জন্ম ও কর্ম্মের বিষয় সর্ব্বত্র বর্ণিত আছে ॥ ২২ ॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥

রাজোবাচ ॥

ভগবন্তং হরিং প্রায়ো ন ভজন্ত্যাত্মবিত্তমাঃ।

তেষামশান্তকামানাং কা নিষ্ঠাঽবিজিতাত্মনাং ॥ ১ ॥

অন্বয়ঃ।

রাজা উবাচ। হে আত্মবিত্তমাঃ! যে ভগবন্তং হরিং (ভক্তানাং সংসারদুঃখহরণশীলং) ন ভজন্তি অশান্তকামানাং অনিবৃত্তবিষয়ভোগতৃষ্ণানাং, অবিজিতাত্মনাং অবশীকৃতেন্দ্রিয়ান্তঃকরণানাং তেষাং কা নিষ্ঠা কিং প্রাপ্যং ইতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চমে ভক্তিহীনানাং কা নিষ্ঠা কো যুগে যুগে।

বিষ্ণোঃ পূজাবিধিরিতি প্রশ্নস্যোত্তরমুচ্যতে ॥ * ॥

ত্বাং সেবতাং সুরকৃতা বহবোঽন্তরায়া ইত্যানেন শ্রীহরিভক্তা বিঘ্নমূর্দ্ধ্নি পদং দত্ত্বা পরাং গতিং যান্তি অভক্তানান্তু বিঘ্না ভবন্তীত্যুক্তে তর্হি তেষাং কা গতির্ভবতীতি পৃচ্ছতি ভগবন্তমিতি। হে আত্মবিত্তমাঃ অবিজিতাত্মনাং অতএবাশান্তকামনাং কা নিষ্ঠা কিং প্রাপ্যমিত্যর্থঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চমে চমসো বিষ্ণুবিমুখানাং সুদুর্গতিং।

যুগধর্ম্মাবতারাংস্ত প্রোবাচ করভাজনঃ ॥ * ॥

এবং কৃপয়াবতারৈঃ খ্যাপিতযশস্যপি ভগবতি বিমুখীভূয় কিং নিষ্পন্ন ইত্যদ্ভুতবিস্ময়ং পৃচ্ছতি হে আত্মবিত্তমাঃ কা নিষ্ঠা কিং প্রাপ্যমিত্যর্থঃ ॥ ১ ॥

নিমিরাজ বলিলেন, হে জ্ঞানিশ্রেষ্ঠগণ! জগতে জীবগণের মধ্যে প্রায় অনেকেই সেই ভগবান্ শ্রীহরিকে ভজনা করে না, তাদৃশ অজিতেন্দ্রিয় ভোগপরতন্ত্র অশান্তচেতা মানবগণের পরিণামে কিরূপ গতি লাভ হইবে, তাহা আপনারা বর্ণন করুন ॥ ১ ॥

আভাস।

পঞ্চমাধ্যায়ে ভগবদ্ভক্তিবিমুখ ব্যক্তিগণের দুর্গতি ও যুগধর্ম্মানুসারে বিষ্ণুপূজার বিধি বর্ণিত হইয়াছে ॥

পূর্ব্বাধ্যায়ে বর্ণিত হইয়াছে যে, ভগবান্ জীবগণের কল্যাণকামনায় বিগ্রহবিশেষ পরিগ্রহে জগতে আবির্ভূত হইলেও যাহারা তদীয় ভক্তিতে মনোনিবেশ করে না, তাদৃশ অজিতাত্মা বিষয়পরতন্ত্র মানবের অন্তে কি গতি হইবে? ইহাই নিমিরাজের বিশেষ জিজ্ঞাস্য। কারণ তিনি শুনিয়াছিলেন যে, ভক্তিমান ব্যক্তির বিপক্ষে বিঘ্ন সমুদায় কোনরূপ বিপ্রিয়াচরণে সমর্থ হয় না, বরং পদাবনত হইয়াই অবস্থিতি করে ॥ ১ ॥

চমস উবাচ ॥

মুখবাহূরুপাদেভ্যঃ পুরুষস্যাশ্রমৈঃ সহ।

চত্বারো জজ্ঞিরে বর্ণা গুণৈর্বিপ্রাদয়ঃ পৃথক্ ॥ ২ ॥

অন্বয়ঃ।

চমসঃ উবাচ। পুরুষস্য ভগবতঃ মুখবাহূরুপাদেভ্যঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ সাধনৈঃ, আশ্রমৈঃ ব্রহ্মচর্য্যাদিভিঃ, সহ বিপ্রাদয়ঃ চত্বারঃ পৃথক্ বর্ণাঃ জজ্ঞিরে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অভজনকস্য গুরোর্ভগবতোঽভজনাদরাৎ গুরুদ্রোহেণ দুর্গতিং যাতীতি বক্তুং ভগবতঃ শকাশাৎ বর্ণাশ্রমাণাং উৎপত্তিমাহ মুখেতি। গুণৈঃ সত্ত্বেন বিপ্রঃ, সত্ত্বরজোভ্যাং ক্ষত্রিয়ঃ। রজস্তমোভ্যাং বৈশ্যঃ। তমসা শূদ্র ইতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভজনীয়স্য ভগবতোঽভজনাদ্দুর্গতিরেবেতি বক্তুং প্রথমং ভজনীয়ত্বে যুক্তিমাহ মুখেতি। গুণৈঃ সত্ত্বেন বিপ্রাঃ সত্ত্বরজোভ্যাং ক্ষত্রিয়া রজস্তমোভ্যাং বৈশ্যাস্তমসা শূদ্রাঃ। অত্র মুখাদিভ্য আশ্রমৈঃ সহ চত্বারো বর্ণা জজ্ঞির ইত্যন্বয়ে আশ্রমাণামপি মুখাদিভ্য এবোৎপত্তিঃ প্রসজ্জেত সাচ ন তথা। যদ্বক্ষ্যতে। গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্য্যং হৃদো মম বক্ষঃস্থলাদ্বনে বাসো ন্যাসঃ শীর্ষণি চ স্থিত ইতি তস্মান্মুখবাহূরুপাদেভ্য ইত্যস্যঃ প্রাগ্ জঘনহৃদ্বক্ষো মস্তকাদিভ্যশ্চাধ্যাহার্য্যং। ততশ্চ জঘনাদিভ্যো মুখাদিভ্যশ্চ আশ্রমৈঃ সহ ক্রমেণ বর্ণা জজ্ঞিরে ইতি সঙ্গতম্ ॥ ২ ॥

যোগীন্দ্রগণের মধ্যে চমসনামক ভ্রাতা এতদুত্তরে বলিলেন, ভগবান্ পরম পুরুষের মুখ, বাহু, উরু ও পাদদেশ হইতে যথাক্রমে সত্ত্বাদিগুণের তারতম্যে ব্রহ্মচর্য্যাদি আশ্রমসহ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই বর্ণচতুষ্টয় পৃথক্‌ভাবে সমুৎপন্ন হইয়াছে ॥ ২ ॥

আভাস।

ভগবানকে ভজনা না করিলে দুর্গতি যে অবশ্যম্ভাবী ইহারই পরিচর্য্যার্থ চমস নামক ভ্রাতা বর্ণাশ্রমাদিবিশিষ্ট মানবগণের সাক্ষাৎ উৎপাদক এক ভগবান্ বলিয়াই নির্ণয় করিয়াছেন। গীতাবাক্যে প্রকাশ আছে যে, "চাতুর্বর্ণং ময়া সৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।" গুণ ও কর্ম্মের অনুসারে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই বর্ণচতুষ্টয়ের পার্থক্য নির্ণীত হইয়াছে। সত্ত্বগুণের প্রাধান্যে ব্রাহ্মণ, সত্ত্ব ও রজঃ সমপরিমাণে ক্ষত্রিয়, রজ ও তমঃ-প্রাধান্যে বৈশ্য এবং কেবল তমোগুণের আধিক্যে শূদ্রজাতির উৎপত্তি হইয়াছে। ইহাদিগের স্ব স্ব উত্তমাধম তারতম্যে উৎপত্তিস্থানার্থ মহাপুরুষের উত্তমাধম অবয়বস্থানও নির্ণীত হইয়াছে এখানে মুখ, বাহু, উরু ও পাদদেশ হইতে যথাক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয়,

য এষাং পুরুষং সাক্ষাদাত্মপ্রভবমীশ্বরং।
ন ভজন্ত্যবজানন্তি স্থানাদ্‌ভ্রষ্টাঃ পতন্ত্যধঃ ॥ ৩ ॥
দূরে হরিকথাঃ কেচিৎ দূরে চাচ্যুতকীর্ত্তনাঃ।

অন্বয়ঃ।

এষাং বর্ণাশ্রমবতাং মধ্যে যে আত্মপ্রভবং (আত্মনঃ স্বস্য প্রভবঃ উৎপত্তিঃ যস্মাৎ তং) ঈশ্বরং সর্ব্বসামর্থ্যবিশিষ্টং সাক্ষাৎ পুরুষং পুরুষোত্তমং (অজ্ঞানাৎ) ন ভজন্তি (জ্ঞাত্বাপি) অবজানন্তি তে স্থানাৎ বর্ণাশ্রমাধিকারাৎ, ভ্রষ্টাঃ সন্তঃ অধঃ নরকে, পতন্তি ॥ ৩ ।

তথাচ দূরে হরিকথাঃ (হরিকথাশ্রবণং যেষাং তে) অতএব দূরে অচ্যুতকীর্ত্তনাঃ

শ্রীধরস্বামী।

এষাং মধ্যে যেঽজ্ঞতয়া ন ভজন্তি যেচ জ্ঞাত্বাপি অবজানন্তি আত্মনঃ প্রভবো জন্ম যস্মাত্তং। তদভজনে কৃতঘ্নতামপ্যাহ ঈশ্বরমিতি। স্থানাদ্বর্ণাদাশ্রমাচ্চ ভ্রষ্টাঃ ॥ ৩ ॥

তত্র যেঽজ্ঞাস্তে ভবদ্বিধানামনুগ্রাহ্যা ইত্যাহ দূরে ইতি। দূরে হরিকথাশ্রবণং যেষাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এষাং মধ্যে যে ন ভজন্তি আত্মনঃ প্রভবো যস্মাত্তং আদিপিতরমিত্যর্থঃ। ন ভজন্ত্যেব এবাবজানন্তি অবশ্যভজনীয়স্য গুরোরভজনমেবাবজ্ঞেতি ভাবঃ। স্থানাদ্বর্ণাশ্রমলক্ষণাৎ ॥ ৩ ॥

তত্র যেঽজ্ঞাস্তে ভবদ্বিধানামনুগ্রাহ্যা এবেত্যাহ দূরে ইতি। দূরে হরিকথা যেষাং তে।

ইহাদের মধ্যে যে সকল ব্যক্তি মোহবশতঃ নিজেদের উৎপাদনকারী সাক্ষাৎ পরমপুরুষকে ভজনা না করেন, কিম্বা তাঁহাকে পরিজ্ঞাত হইয়াও উপেক্ষা করেন, তাঁহারা কৃতঘ্নতাদোষে দূষিত হইয়া স্ব স্ব বর্ণ ও আশ্রম হইতে ভ্রষ্ট হইয়া অধঃপতিত হন ; সন্দেহ নাই ॥ ৩ ॥

যাহাদের অদৃষ্টে হরিকথা শ্রবণ বা তৎকীর্ত্তন ঘটে না, তাদৃশ দূরস্থিত

আভাস।

বৈশ্য ও শূদ্র এই বর্ণচতুষ্টয় আশ্রমচতুষ্টয়সহ উৎপন্ন হইয়াছে বলিলে, ব্রহ্মচর্য্যাদি আশ্রমচতুষ্টয়ও যেন মুখাদি হইতে উৎপন্ন হইয়াছে বুঝায় ; কিন্তু তাহা নহে। কারণ পরে প্রকাশ করা হইবে যে, ভগবানের জঘনদেশ হইতে গৃহাশ্রম, হৃদয় হইতে ব্রহ্মচর্য্য, বক্ষঃস্থল হইতে বানপ্রস্থ এবং মস্তক হইতে সন্ন্যাসাশ্রম সৃজিত হইয়াছে ॥ ২ ॥

যে সকল অকৃতজ্ঞ মানব এইরূপে স্বকীয় সৃষ্টিকর্ত্তা জগজ্জীবন পরমেশ্বরকে কায়মনোবাক্যে ভজনা না করে, অতএব অবজ্ঞা এবং উপেক্ষা করে, তাহারা কৃতঘ্নতাদোষে দূষিত হয় এবং স্ব স্ব বর্ণ ও আশ্রমাদিরূপ উন্নতিসোপান হইতে পরিভ্রষ্ট হইয়া নীচ যোনি প্রভৃতি মধ্যে গতি লাভ করে, সন্দেহ নাই ॥ ৩ ॥

স্ত্রিয়ঃ শূদ্রাদয়শ্চৈব তেঽনুকম্প্যা ভবাদৃশাং ॥ ৪ ॥
বিপ্রো রাজন্যবৈশ্যৌ বা হরেঃ প্রাপ্তাঃ পদান্তিকং।

অন্বয়ঃ।

(অচ্যুতকীর্ত্তনং যেষাং তে) যে কেচিৎ ব্রাহ্মণাদয়ঃ তথা স্ত্রিয়ঃ শূদ্রাদয়ঃ চ যে তে সর্ব্বে ভবাদৃশাং ভগবদ্ভক্তানাং প্রাপ্তাধিকারাণাং রাজ্ঞাং অনুকম্প্যাঃ যথোচিতং সামদানাদ্যুপায়ৈঃ কৃপয়া শিক্ষণীয়াঃ এব ॥ ৪ ॥

অথ বিপ্রঃ রাজন্যবৈশ্যৌ বা শ্রৌতেন উপনয়নাদিনা, জন্মনা বা হরেঃ পদান্তিকং আরাধনেন চরণপ্রাপ্তিযোগ্যত্বং প্রাপ্তাঃ অপি আম্নায়বাদিনঃ (আম্নায়েষু বেদেষু বাদাঃ

শ্রীধরস্বামী।

তে অতএব দূরে চাচ্যুতকীর্ত্তনং যেষাং তে দূরে অচ্যুতকীর্ত্তনাশ্চ যেষামিতি বা ॥ ৪ ॥

জ্ঞানলবদুর্বিদগ্ধানচিকিৎসিতত্বাৎ উপেক্ষ্য ইত্যাশয়েনাহ বিপ্র ইতি। শ্রৌতেনোপনয়নাখ্যেন। উপলক্ষণমেতৎ অধ্যয়নাদিনাপি হরেঃ পদান্তিকং তদ্ভজনোত্তমাধিকারং প্রাপ্তা অপি মুহ্যন্তি কর্ম্মফলেষু সজ্জন্তে। কুত আম্নায়েষু যে বাদা অর্থবাদাস্তৈ র্মোহকত্বাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যে সাধুসঙ্গভাগ্যহীনা ইত্যর্থঃ। দূরেহচ্যুতস্য কীর্ত্তনং যেষাং তে ইতি চেৎ বধিরা ইত্যর্থঃ। তে অনুকম্প্যা ইতি তত্রান্ধা ভক্ত্যুপদেশেন দ্বিতীয়া মূর্খা চরণধূলিদানেন চ কৃতার্থীকর্ত্তব্যা ইত্যর্থঃ ॥ ৪ ॥

জ্ঞানলবদুর্বিদগ্ধানচিকিৎস্যত্বাদুপেক্ষ্যা এবেত্যাশয়েনাহ বিপ্র ইতি শ্রৌতেন উপনয়নাখ্যেন উপলক্ষণমেতৎ। অধ্যয়নাদিনাপি। হরেঃ পদান্তিকং তদ্ভজনোত্তমাধিকারং প্রাপ্তা অপি মুহ্যন্তি। কর্ম্মফলেষু সজ্জন্তি। কুতঃ আম্নায়েষু যে বাদা অর্থবাদা-

---

ব্যক্তি ও বিবেকহীনা স্ত্রীজাতি এবং সংস্কারবিহীন শূদ্রগণের প্রতি আপনাদের ন্যায় সামর্থ্যবান পরমভক্তের বিশেষ অনুকম্পা করা নিতান্ত প্রয়োজন ॥ ৪ ॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যজাতি উত্তম কুলে জন্মগ্রহণ করিয়া উপনয়নাদি সংস্কার ও বেদাধ্যয়নাদির দ্বারা ভগবদ্ভজনের শ্রেষ্ঠ অধিকারী হইলেও,

আভাস।

দুর্ভাগ্যবশতঃ সাধুসংসর্গে বঞ্চিত অতএব অজ্ঞানতানিবন্ধন ভগবদ্গুণানুকীর্ত্তনে ও শ্রবণে যাহারা অসমর্থ, কিম্বা ইন্দ্রিয়াদির বিকলতা হেতু তাদৃশ উপযোগিতা প্রাপ্ত হয় নাই, তাহারা ভক্তগণের কৃপাপাত্র। ভগবদ্ভক্তগণ তাদৃশ উপায়হীন ব্যক্তিগণকে অন্ততঃ চরণধূলিদানেও যেন কৃতার্থ করেন। জ্ঞানকৃত পাপের অনুষ্ঠান করিলে বা উপায় থাকিতে তৎপ্রতীকারে উদাসীন হইলে, মানবের পরিণাম অতীব মন্দ ॥ ৪ ॥

শ্রোত্রেণ জন্মনাথাপি মুহ্যন্ত্যাম্নায়বাদিনঃ ॥ ৫ ॥
কর্ম্মণ্যকোবিদাস্তব্ধা মূর্খাঃ পণ্ডিতমানিনঃ।

অন্বয়ঃ।

অর্থবাদাঃ বিস্মৃত্তে যেষাং তে তথাভূতাঃ সন্তঃ) মুহ্যন্তি (তদারাধনং বিহায় স্বর্গাদিফলাসক্ত্যা কর্ম্মাণি কুর্ব্বন্তি) ॥ ৫ ॥

কর্ম্মণি অকোবিদাঃ (যথা কর্ম্ম বন্ধায় ন ভবতি তথা কর্ত্তুমজ্ঞাঃ) স্তব্ধাঃ অনম্রাঃ, যতো মূর্খাঃ অপি পণ্ডিতমানিনঃ (আত্মনঃ পণ্ডিতান্ মন্যন্তে) যয়া বেদোক্তয়া, মাধ্বা শ্রোত্র-

শ্রীধরস্বামী।

বিস্মৃতে যেষাং তে। তদুক্তং গীতাসু। যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ। বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতি বাদিন ইত্যাদিনা ॥ ৫ ॥

ভক্তিমার্গদার্ঢ্যায় তেষাং মোহং প্রপঞ্চয়ন্নিন্দন্তি কর্ম্মণীত্যাদিনা। অকোবিদা যথা বন্ধকং কর্ম্ম ন ভবতি তথা কর্ত্তুমজ্ঞাঃ নচাভিজ্ঞান্ পৃচ্ছন্তি যতঃ স্তব্ধাঃ অনম্রাঃ স্তব্ধত্বে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তেমোহকত্বয়া বিস্মৃতে যেষাং তে। তদুক্তং গীতাসু। যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ ; বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতি বাদিন ইতি ॥ ৫ ॥

অকোবিদাঃ কর্ম্ম যথা বন্ধকং ন ভবতি তথা কর্ত্তুমজ্ঞাঃ। নচাভিজ্ঞান্ পৃচ্ছন্তি। যতঃ স্তব্ধা অনম্রাঃ। যতো মূর্খা অপি পণ্ডিতাঃ বয়মিতি মন্যমানাঃ। অপাম সোমমমৃতা অভূম, অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতি। যত্র নোষ্ণং নচ শীতং স্যান্ন

বেদোক্ত কর্ম্মকলাপের আপাতত মধুর ফলপ্রসবের ভাবে আসক্ত হইয়াই তৎপ্রাপ্তির আশয়ে নিরাকাঙ্ক্ষভাব ভগবানের অর্চ্চনা না করিয়া কর্ম্মের অনুষ্ঠানে পূর্ব্বাপেক্ষা দৃঢ়রূপে বদ্ধ হয় ॥ ৫ ॥

কোন্ উপায়ে অনুষ্ঠান করিলে কর্ম্ম পুনরায় বন্ধনের কারণ না হয়, ইহা যখন পরিজ্ঞাত নহে এবং নিজের অনভিজ্ঞতা বশত সামান্য পাণ্ডিত্যের

আভাস।

খদ্যোতের ক্ষণিক আভার ন্যায় শ্রোত্রাদিজনিত অতি তুচ্ছ অকিঞ্চিৎকর জ্ঞানলাভেই যাহারা প্রমত্ত হইয়া উঠে, কুপথ্যাশী রোগীর ন্যায় তাদৃশ উচ্ছৃঙ্খল ও অপরিণামদর্শী ব্যক্তিকে সৎপথে আনিবার যত্ন করাও নিরর্থক। যে সকল দ্বিজাতিগণ ঈশ্বরারাধনার উপযোগী জন্মলাভে ও বেদাধ্যয়ন দ্বারা অজ্ঞানবিনাশে সমর্থ হইয়াও কেবল বেদোক্ত বহুজসাধ্য যজ্ঞাদি কর্ম্মে আসক্ত হন, বা কর্ম্মফলকেই শ্রেষ্ঠ ও শ্রেয়স্কর জ্ঞানে উপাসনার উপেক্ষা করেন, তাহারা স্বর্গাদি সুখসেব্য ফলাতিরিক্ত মুক্তি প্রভৃতিতে প্রায় সন্দিহান হইয়া জন্ম জন্মান্তর ভোগ করিয়া থাকেন ॥ ৫ ॥

লোকে ব্যবায়ামিষমদ্যসেবা নিত্যা হি জন্তোর্নহি তত্র চোদনা।

অন্বয়ঃ।

লোকে ব্যবায়ামিষমদ্যসেবাঃ (স্ত্রীসম্ভোগঃ মাংসমদ্যয়োঃ ভক্ষণং চ) নিত্যাঃ (রাগতঃ এব নিত্যপ্রাপ্তাঃ ইতি) তত্র তাসু জন্তোঃ প্রাণিমাত্রস্য চোদনা প্রেরণাবিধিঃ, হি ন অস্তি।

শ্রীধরস্বামী।

ননু ব্যবায়াদীনামপি শ্রুতৌ ভার্য্যামুপেয়াৎ হুতশেষং ভক্ষয়েৎ ইত্যাদিনা বিহিতত্বাৎ কিমেবং নিন্দ্যতে অত আহ লোক ইতি। ব্যবায়ঃ স্ত্রীসঙ্গঃ। নিত্যা রাগত এব নিত্য-প্রাপ্তা জন্তোঃ প্রাণিমাত্রস্য অতস্তত্র তাসু চোদনাবিধির্নাস্তি। ননু ঋতাবুপেয়াৎ ইত্যাদি বিধিদর্শিতঃ সত্যং ন অয়মপূর্ব্ববিধিঃ রাগতঃ প্রাপ্তত্বাৎ। কিন্তু নিয়মবিধিরূপেণ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু ব্যবায়াদীনামপি শ্রুতৌ ভার্য্যামুপেয়াৎ হুতশেষং ভক্ষয়েদিত্যাদিনা বিহিতত্বাৎ কিমিতি তে নিন্দ্যন্তে তত্রাহ লোক ইতি। ব্যবায়ঃ স্ত্রীসঙ্গঃ। আমিষমদ্যয়োর্মাংস-মদিরয়োঃ সেবা ভক্ষণানি নিত্যা রাগত এব নিত্যপ্রাপ্তাঃ তত্র ব্যবায়ঃ স্বভাবত এব আমিষ-মদ্যসেবা মানুষস্য কুলপরম্পরা প্রাপ্তত্বাদিতি জ্ঞেয়ং। অতস্তত্র তাসু চোদনা শাস্ত্রবিধি-র্নাস্তি। অপ্রাপ্তপ্রাপণস্যৈব বিধিত্বাৎ। ননু শ্রুতৌ ভার্য্যামুপেয়াদিত্যাদির্বিধিদৃষ্টঃ

হে রাজেন্দ্র! স্ত্রীসম্ভোগ, আমিষভোজন ও মদ্যপানের ব্যবস্থা শাস্ত্রে বর্ণিত আছে বটে, কিন্তু আসক্তিবশতঃ যথেচ্ছাচরণের বিধি কোথায়ও পরি-লক্ষিত হয় না; তবে বিবাহের দ্বারা পত্নীসম্ভোগ, যজ্ঞে আমিষভোজন ও

অভাস।

তাহাকে অসার চিন্তার কল্পলতা বোধে উপেক্ষা করিয়া থাকে। শাস্ত্র ও যুক্তি দ্বারায় জীব-হৃদয়ে ভগবৎস্বরূপের অস্তিত্ব প্রত্যক্ষ উপলব্ধ হইলেও মাংসাশী ব্যক্তি জগজ্জীবনের আবাস-মন্দির জীবদেহ হননে কিছুমাত্র ভীত বা উৎকণ্ঠিত হয় না। তাহারা মাংসভোজনের অনুরোধে কেবল জীবের দ্বেষ করা হইল এমত নহে, তদ্বস্থ ভগবানের যে অপ্রিয়াচরণ করা হইল, বলিয়া মনে করে না। যাহারা সাধারণ জীবের তৃপ্তিসাধন করিতে পারে, তাহারাই ঈশ্বরের প্রসন্নতা লাভ করে, সন্দেহ নাই। বিষয়পরতন্ত্র দাম্ভিকগণ সাম্প্রদায়িক বা সামাজিক ব্যবহারে সেইরূপই আত্মপরিচয় দিন, কালক্রমে নিরীশ্বরভাব তাঁহার মনে যে সতত ক্রীড়া করে, সে বিষয়ে আর সন্দেহ নাই। কারণ বিষয় সেবায় সন্তুষ্ট হইয়া চিন্তকের চিত্তদর্পণ ক্রমশ এমনই অধিকার করে যে, ঈশ্বরভাবের গন্ধমাত্রও তথায় থাকে না। যেমন ঈশ্বরচিন্তায় বিষয়গন্ধ বা তৎসংস্কার পর্য্যন্ত লুপ্ত হয়, সেইরূপ বিষয়-চিন্তায় ঈশ্বরগন্ধও বিলুপ্ত হয়, সন্দেহ নাই। কামুকের সমীপে স্ত্রীসম্ভোগ, মাংসভোজন ও মদ্যসেবাই প্রধান উপাদেয় রূপে পরিগণিত হইয়া থাকে॥ ১০॥

ব্যবস্থিতিস্তেষু বিবাহযজ্ঞসুরাগ্রহৈরাসু নিবৃত্তিরিষ্টা ॥ ১১ ॥

অন্বয়ঃ।

তেষু ব্যবায়াদিষু বিবাহযজ্ঞসুরাগ্রহৈঃ ব্যবস্থিতিঃ নিয়মঃ এব ক্রিয়তে (বর্ত্ততে)। আসু ব্যবায়ামিষমদ্যসেবাসু নিবৃত্তিরেব ইষ্টা ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

রাগিণামভ্যনুজ্ঞামাত্রং ক্রিয়তে তদাহ ব্যবস্থিতিরিতি। তেষু ব্যবায়াদিষু কৈ বিবাহযজ্ঞসুরাগ্রহৈর্বিবাহবিধয় এব ব্যবায়ঃ কার্য্যঃ যজ্ঞ এবামিষসেবা। সৌত্রামণ্যাং সুরাগ্রহান্ গৃহ্ণাতীতি শ্রুতেঃ তত্রৈব মদ্যসেবেতি নিয়মঃ ক্রিয়তে। ননু নিয়মপক্ষেঽপ্যাবশ্যকত্বাৎ ন নিন্দা যুক্তা অত আহ আসু নিবৃত্তিরিষ্টেতি। অয়ং ভাবঃ। নায়ং নিয়মবিধিরপি নিত্যপ্রাপ্তত্বাৎ। অতো নিবৃত্তিঃ। পরিসংখ্যৈব আসু ব্যবায়ামিষমদ্যসেবাসু নিবৃত্তিরিষ্টা। কথং তর্হি ব্যবস্থিতিরিত্যুক্তং উচ্যতে। ন তাবৎ পরিসংখ্যাবিধিনা শ্রুত্যা নিবৃত্তিরুচ্যতে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবেতি তত্রাহ ব্যবস্থিতিরিতি। তেষু ব্যবায়াদিষু। বিবাহযজ্ঞসুরাগ্রহৈর্ব্যবস্থৈব কৃতা যদি স্ত্রীমাংসমদ্যাদিকং বিনা স্থাতুং ন শক্যতে তদা বিবাহবিধয় এব ব্যবায়ঃ কার্য্যঃ যজ্ঞ এবামিষসেবা সৌত্রামণ্যাং সুরাগ্রহান্ গৃহ্ণাতীতি শ্রুতেস্তত্রৈব মদ্যসেবা কার্য্যেতি তত্র তত্রৈবাভ্যনুজ্ঞা দত্তা নতু বস্তুতো বিধিঃ। অত আসু ব্যবায়াদিসেবাসু নিবৃত্তিরেবেষ্টা নিবৃত্তাবেব শাস্ত্রস্য তাৎপর্য্যমিতি। তথাহি ভার্য্যামেবোপেয়ান্ন স্ত্রীমাত্রং। ঋতাবেবোপেয়ান্নান্যত্র। তত্রাপি পঞ্চপর্ব্বাতিরিক্তসময় এব রাত্রাবেব পুত্রকামনয়ৈবেতি ক্রমক্রমতো নিবৃত্তিরেবাভিপ্রেতা। অথ বিধিরত্যন্তমপ্রাপ্তৌ নিয়মঃ পাক্ষিকে সতি। তত্র চান্যত্র

সৌত্রামণি প্রভৃতি যাগে মদ্যের ব্যবস্থা করিয়া নিতান্ত আসক্তিশীল পুরুষের পক্ষে নিয়মবিধানে নিবৃত্তিরই বিধান করা হইয়াছে ॥ ১১ ॥

আভাস।

এক্ষণে বিচার করিতে হইবে যে, (ব্যবায়) স্ত্রীসম্ভোগ, মাংসভোজন ও মদ্যসেবার বিধি যখন শাস্ত্রেই বর্ণিত আছে, তখন তাহাকে ঘৃণার চক্ষে পরিত্যাগ করা কিরূপে সঙ্গত? এতদুত্তরে এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, উপরোক্ত আচরণত্রয়ের অনুশীলনার্থ শাস্ত্র উপদেশ দেন নাই; তবে বিধিনিয়মের দ্বারা যথেচ্ছাচরণের নিবৃত্তিই দেখাইয়াছেন। অপরিচিত বা অপ্রাপ্ত বিষয়ের প্রাপ্তির উপায় বর্ণন করিলে বিধি করা হয়; কিন্তু স্বভাবসিদ্ধ প্রাপ্ত বিষয়ের সংকোচের দ্বারা নিবৃত্তিরই পথ প্রদর্শিত হয়। মনু বলিয়াছেন, "ন মদ্যভক্ষণে দোষো ন মাংসে ন চ মৈথুনে। প্রবৃত্তি রেষা ভূতানাং নিবৃত্তিস্তু মহাফলা"॥ স্ত্রীসম্ভোগ, মাংসভোজন বা মদ্যপান জীবের স্বভাবসিদ্ধ ধর্ম্মের সহিত সুবদ্ধ! তৎ তৎ কর্ম্মের প্রবৃত্তি জীবের দেহধর্ম্মেই আসিয়া থাকে; তৎপ্রতি আসক্তির

শ্রীধরস্বামী।

তথা সতি সার্থত্যাগঃ পরার্থকল্পনা প্রাপ্তবাধশ্চেতি দোষত্রয়ং স্যাৎ অতঃ কচিৎ প্রাপ্যমানোহপ্যর্থস্য প্রাপণমনর্থকমিত্যপূর্ববিধিবারণান্নিবৃত্তিঃ ফলতো ভবতি। তদ্বথা ইমামগৃভ্ণন্ রশনামৃতস্যেত্যশ্বাভিধানীমাদত্তে ইত্যত্র রশনালিঙ্গতো গর্দ্দভাশ্বাভিধানী

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চ প্রাপ্তৌ পরিসংখ্যা বিধীয়তে ইত্যাশয়ঃ প্রবৃত্তিকার্য্যকনিষ্ঠানাং মতে যথা। অত্যন্তম-প্রাপ্তৌ বিধিঃ। যত্র রাগতো বিধান্তরতো বা সর্ব্বথৈব প্রাপ্তির্নাস্তি স বিধিরুচ্যতে। যথা অহরহঃ সন্ধ্যামুপাসীতেতি মাঘস্নানং প্রকুর্ব্বীতেতি, নিশি ন স্নায়াৎ চন্দ্রগ্রহে স্নায়াদিতি। অত্যন্তাপ্রাপ্তিরহিতস্থলেষু বিধি র্ন ভবতি কিন্তু নিয়মঃ পরিসংখ্যা বা তত্র কুত্র বা নিয়মঃ কুত্র বা পরিসংখ্যেত্যত আহ। পাক্ষিকে অসতি নিয়মঃ। পাক্ষিকে অংশে অসতি নিন্দা প্রায়শ্চিত্তার্হে সতি নিয়মঃ। যথা ঋতৌ ভার্য্যামুপেয়াদিতি। ঋতুসময়ে হি ভার্য্যায়াং গমনং রাগপ্রাপ্তং। তত্রাগমনাংশে নিন্দিতঃ যথা ঋতুস্নাতাং যো ভার্য্যাং সন্নিধৌ নোপগচ্ছতি।

আভাস।

জন্য শিক্ষা বা উপদেশের প্রয়োজন নাই; সংসর্গই তাহার সর্ব্বোদয়-বিধায়ক। শাস্ত্র কেবল বিধি ব্যবস্থার দ্বারা উক্ত যথেষ্টাচরণের সংকোচ করিয়াছেন মাত্র। ঐ স্থিতী যদিও সৃষ্টির মর্য্যাদা রক্ষা করিতেছে বটে, কিন্তু অনিয়ত আচরণে তাদৃশ মর্য্যাদার ত্রুটিও হইবে, এই নিমিত্ত পরিমিত ব্যবহারে জীবকে পরিণত রাখিবার অভিপ্রায়ে ভগবান্ ইতর প্রাণীকে পরিমিত জ্ঞান ও শক্তি প্রদান করিয়াছেন; যাহাতে আর উপদেশ বা শাসনের অপেক্ষা না করিয়া প্রাণীবর্গ স্ব স্ব জাতীয় কর্ম্মের অনুষ্ঠান করে। মানবের জ্ঞান ও শক্তির সীমা নাই; সুতরাং সৃষ্টি মর্য্যাদার অনিষ্টকারী আচরণ হইতে তাহাদিগকে প্রতিনিবৃত্ত রাখিবার জন্য বেদমার্গের দ্বারা অনন্ত, অসীম পরমাত্মস্বরূপের প্রাপ্তির উপায় যেমন প্রতিবোধিত করিয়াছেন, তেমনই উন্নতির প্রতিবন্ধক যথেচ্ছাচরণের নিষেধ পূর্ব্বক পরিমিতাচরণের ব্যবস্থা করিয়াছেন। মদ্য, মাংস ও মৈথুনের ব্যবস্থা শাস্ত্রে পরিদৃষ্ট হইলেও সর্ব্ববাদি সম্মত ও আদরণীয় নহে; বরং সর্ব্বতোভাবে বর্জ্জন করিতে পারিলেই শ্রেয়ো লাভ হয়। কারণ এই তিনের অনুষ্ঠানের জন্য শাস্ত্রে কোন বিধি নাই; যাহা বিহিত, তাহার আচরণে অপূর্ব্ব জন্মে এবং অননুষ্ঠানে প্রত্যবায় ঘটে। যাহার অননুষ্ঠানে কোন প্রত্যবায় হয় না, বরং অনুষ্ঠানের তারতম্যে নিন্দা বা পাপ স্পর্শ করে, তদনুষ্ঠানার্থ উপদেশকে বিধি বলা যায় না। এখানে প্রবৃত্তি ও স্বভাবসিদ্ধ আসক্তির অনুরোধে জীব যে কর্ম্মে স্বতঃপ্রবৃত্ত হয়, সেই কর্ম্মের অনুষ্ঠানার্থ যে নিয়ম, তাহাকে কখন শাস্ত্রপ্রেরণা বিধি বলিয়া স্বীকার করা যায় না। অবশ্য ঋতুকালে স্ত্রীতে উপগত হইবে, ইত্যাদি বিধি যদিও লোকবুদ্ধিতে প্রদর্শিত হইয়াছে বটে, কিন্তু প্রকৃত প্রস্তাবে ইহা বিধি নহে; অনুরাগী ব্যক্তির অনুরাগত আচরণের সংকোচ করা মাত্র। অনুরূপ বশতঃ যে স্ত্রীসম্ভোগে

শ্রীধরস্বামী।

রমণাদ্বয়ে প্রাপ্তত্বাত্তো যজ্ঞস্থাপূর্ব্ববিধি দ্বারা পরিসংখ্যোচ্যতে। যথোক্তং তন্ত্রবার্ত্তিকে। অপ্রাপ্তবিধিরেবায়মতো যজ্ঞশ্চ নিশ্চিতঃ। পরিসংখ্যা ফলেনোক্তা ন বিশেষঃ পুনঃ শ্রুতি-রিতি। ক্বচিত্তু রাগতো নিত্যপ্রাপ্তস্যাপ্রাপ্তাংশপূরণলক্ষণস্য নিয়মফলস্যাভাবাৎ নিয়ম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঘোরায়াং ভ্রূণহত্যায়াং পচ্যতে নাত্র সংশয় ইতি স্মৃতেঃ। অতএব নিয়ম এব ঋতৌ ভার্য্যা-মুপেয়াদেবেতি ঋতৌ ভার্য্যাগমনাযোগো ন কর্ত্তব্য ইতি ফলিতার্থঃ। অথ তত্র চ তন্মধ্য ইত্যর্থঃ। অন্যত্র চ অন্যত্র তু অন্যস্মিন্ ভাগে অসক্তি সতি। পরিসংখ্যা যথা। পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যা ইতি। অত্র রাগপ্রাপ্তে পঞ্চ পঞ্চনখা ভক্ষণেচ নিন্দা ন শ্রূয়তে কিন্তু তদিতরভক্ষণ এব। অতঃ পঞ্চৈব পঞ্চনখা ভক্ষ্যা নান্যে ইতি। পরিসংখ্যার অভ্যনুজ্ঞা-দানমাত্রমতো মাংসমাত্রস্যাপ্যভক্ষণে নাস্তি দোষ ইত্যায়াতং। অথ নিবৃত্তকর্ম্মৈকনিষ্ঠানাং মতে হর্থো যথা। অত্যন্তঃ সর্ব্বথা প্রাপ্তৌ বিধিঃ। যথা অহরহঃ সন্ধ্যামুপাসীতেত্যাদি।

আভাস।

অনবরত লোকের প্রবৃত্তি হয়, বিবাহের প্রথা দ্বারা শাস্ত্র পরিসংখ্যা নিয়মের অভ্যনুজ্ঞা করিয়াছেন মাত্র। এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, দারপরিগ্রহাদির ব্যবস্থা যদি বিধি না হয়, কেবল পরিসংখ্যা বাক্যমাত্র; তাহা হইলে কেবল পরিসংখ্যা বাক্যের অন্যথাচরণে কেন দোষের উল্লেখ থাকিবে? যেমন যে ব্যক্তি ঋতুস্নাতা পত্নীর সন্নিধানে গমন না করে, সে ঘোর ভ্রূণহত্যার পাপে লিপ্ত হইবে, সন্দেহ নাই। এই শাস্ত্রানুমোদিত অবশ্য অনুষ্ঠেয় ব্যবস্থার অননুষ্ঠানে দোষের কীর্ত্তন থাকায়, বিধিমধ্যে অবশ্য গণনীয়। এতদুত্তরে বলা যায় যে, তথাপি উহা বিধি নহে। যাহার কোন অংশে কোনরূপ প্রাপ্তির সম্ভাবনা নাই, তাহার প্রাপ্তির ব্যবস্থাই বিধি। যেমন অহরহঃ সন্ধ্যা করা কর্ত্তব্য। স্বর্গকামনায় যজ্ঞ করিবে। এখানে সন্ধ্যা করিবার লৌকিক বা ব্যবহারিক এমন কোন কারণ নাই, যাহাতে ব্রাহ্মণকে স্বতঃপ্রবৃত্ত হইয়া তদনুষ্ঠানে বাধ্য হইতে হইবে; বরং না করিলেই নিশ্চিন্ত। স্বর্গাদি সুখভোগের প্রার্থনায় সুখসেব্য দ্রব্যসামগ্রীর পরিত্যাগে যজ্ঞ করা মানবের স্বাভাবিক ধর্ম্ম নহে; বরং যত্নপূর্ব্বক রক্ষা করিয়া ধনাদির সঞ্চয়ই প্রকৃতির কর্ম্ম। এমন স্থলে সন্ধ্যা করিবার বা যজ্ঞ করিবার বিধান করাই শাস্ত্রোক্ত বিধি। এই বিধির উল্লঙ্ঘন কারণে অধিকারীকে প্রত্যবায়গ্রস্ত হইতে হইবে। অর্থাৎ ব্রাহ্মণ সন্ধ্যা না করিলে ব্রাহ্মণত্ব হইতে বিচ্যুত হইবেন, যজ্ঞ না করিলে স্বর্গভোগে বঞ্চিত হইবেন; কিন্তু যে ব্যক্তি রাগাভাব বশতঃ বিবাহ করে নাই, তাহার পক্ষে ঋতুস্নাতা পত্নীতে আসক্ত হইবার বিধি উল্লঙ্ঘন করাতেও কোন দোষ স্পর্শ করিবে না। তবে যাহাদের মনে রমণেচ্ছা অতীব প্রবল, তাহাদের সেই ইচ্ছার নিবৃত্তির জন্য প্রথমতঃ সাধারণ স্ত্রী হইতে নিবৃত্ত করিয়া এক বিবাহিতা পত্নীতে আবদ্ধ থাকিতে আদেশ

শ্রীধরস্বামী।

বিধিস্তরা ফলতঃ পরিসংখ্যা ভবতি যথা পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যা ইতি। তথাত্র রাগতো নিত্য-প্রাপ্তস্য ব্যবায়াদেবিবাহাদিনিয়মেনাত্মজ্ঞাস্বারা পরিসংখ্যৈব ইতি। নমু যদ্যত্রানু-জ্ঞামাত্রমেতৎ ভবেত্তর্হি ঋতুস্নাতাং তু যো ভার্য্যাং সন্নিধৌ নোপগচ্ছতি। ঘোরায়াং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাক্ষিকে প্রাপণে সতি বিধিস্তএব একত্র কোটৌ প্রাপ্তৌ সত্যামন্যত্রাপ্রাপ্তৌচ সত্যাং নিয়ম ইত্যর্থঃ। যথা ইমামগৃভ্নন্‌রসনামৃতস্যেতি মন্ত্রেণ অশ্বস্য গর্দ্দভস্য বা রসনাং রজ্জু-মগৃহ্ণন্নিত্যামিতোকবচনেন গর্দ্দভাশ্বাভিধানোয়রশনয়োরেকতরস্যাঃ প্রাপ্তির্বিধত্তে। তত্র কিমশ্বাভিধান্যামুত গর্দ্দভাভিধান্যামিতি সংশয়ে নিয়মাতে অশ্বাভিধানীমাদত্ত ইতি অশ্বাভি-ধানীমেবাদদ্যান্ন গর্দ্দভাভিধানীমিতি নিয়মে নিষেধো বাক্যার্থঃ। তদেবং অপূর্ব্ববিধিরিতি নিয়মবিধিরিতি দ্বাবপ্যেতৌ বিধী এব। কা খলু পরিসংখ্যেত্যপেক্ষায়ামাহ। তত্র চ অন্যদোষিত্তার্থঃ। অন্যত্র বিধিত ইতরত্র রাগস্থলে প্রাপ্তৌ সত্যাং যা পরিসংখ্যা বিধীয়তে।

আভাস।

করিলেন। আবার বিবাহিতাতেও সর্ব্বদা রমণ করা কর্ত্তব্য নহে; অতএব সেই রতি ক্রিয়ায় সংকোচার্থ কেবল ঋতুস্নাতাতে; তাহাও অষ্টমী, চতুর্দ্দশী, পূর্ণিমা, অমাবস্যা ও সংক্রান্তি এই পঞ্চ পর্ব্বদিন ব্যতীত; দিবাভাগে নহে, রাত্রিতে; তাহাও অন্তিরাত্রে নহে, পূর্ব্বার্দ্ধ মধ্যে, ইত্যাদি ব্যবস্থার দ্বারা কালের সংকোচ করিয়াছেন। ওদিকে ঋতুস্নাতাতে গমন না করিলে যেমন নিন্দা করিয়াছেন, এদিকে কামনা সত্ত্বেও রুচির বিরুদ্ধে বা দেশ বশতঃ ঋতুস্নাতাতে গমন করিলেও দোষের উল্লেখ আছে। অতএব অনুরাগীর পক্ষেই ব্যবস্থা; সাধারণের পক্ষে এ বিধি নহে। তাহা হইবে বিধির বৈলক্ষণ্যে ভিন্ন বিষয়ের উৎপত্তিতে ও উদ্দেশ্যের ব্যাঘাতে প্রত্যবায় ঘটিত। যেমন মাংসমাত্রেরই ভোজন নিষিদ্ধ; যদি স্বভাব বশতঃ নিতান্ত মাংসভোজনে প্রবৃত্তি জন্মে তবে যজ্ঞের নিমিত্ত পশু হনন করিয়া যজ্ঞাবশিষ্ট মাংসভোজন বিধেয়; তাহাতেও যদি চিত্ত শান্ত না হয়, তবে পাঁচ প্রকার পঞ্চনখ অর্থাৎ গোধি, কূর্ম্ম, শশক, শল্লক ও গণ্ডার ভোজন করিতে পারা যায়; তদ্ব্যতীত অন্য কোন পঞ্চনখ পশুভোজন বিধেয় নহে। এতদ্দ্বারা আসক্তি বশতঃ ভোজনব্যাপার ভোজ্যমাংসের পরিসংখ্যা করা হইল মাত্র। অর্থাৎ এই ভোজ্য পশুর নির্ণয়ও বিধি নহে; যাহারা পশুভোজন একেবারে করেন না, তাঁহাদের ঐ ব্যবস্থার উল্লঙ্ঘন জনিত দোষ ঘটিবে না; বরং যাহারা মাংস ভোজনে উৎসুক তাহাদিগকে উক্ত পঞ্চ পঞ্চনখের উল্লেখ করিয়া সাধারণতঃ মাংসভোজন রূপ গুরুতর পাপ হইতে রক্ষা করিয়াছেন মাত্র। আরও প্রকাশ করিয়াছেন যে, সর্ব্বমাংস ভোজনে যাদৃশ দেহের অনিষ্ট হয় ও পাপ জন্মে, এই পঞ্চনখ ভোজনে তাদৃশ অনিষ্ট নাই; কিন্তু জীবহিংসা জনিত পাপের অব্যাহতি ঘটিবে না। অতএব মাংসভোজনে জীবহিংসা-

শ্রীধরস্বামী

ভ্রূণহত্যায়াং পচ্যতে নাত্র সংশয় ইত্যাদিদোষশ্রবণং ন স্যাৎ। নৈষ দোষঃ। যদপি কামে সত্যপি তস্যামরুচ্যা দ্বেষাদিনা বা তামনুগচ্ছতো দোষশ্রবণোপপত্তেরিতি সর্ব্বমনবদ্যং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা রাগতঃ সর্ব্বমাংসভক্ষণপ্রাপ্তৌ পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যা ইতি। পঞ্চ পঞ্চনখেতরমাংসানি সর্ব্বাণ্যেবাভক্ষ্যাণি ভোক্তুঃ প্রত্যবায়জনকানীত্যর্থঃ। মাংসভক্ষণে পঞ্চ পঞ্চনখমাংসান্যেব পরিসংখ্যাতানি অভ্যনুজ্ঞাতানীতি তত্রৈব ন প্রত্যবায়ঃ পরিসংখ্যায়া অভ্যনুজ্ঞাদানমাত্রার্থত্বাৎ সর্ব্বমাংসভক্ষণ এব শাস্ত্রতাৎপর্য্যং। এবমেব ভার্য্যামেবাভিগচ্ছেন্ন পরকীয়ং ঋতাবেব গচ্ছেন্নানৃতাবিত্যভ্যনুজ্ঞামাত্রদানাৎ স্ত্রীমাত্রানভিগমন এব শাস্ত্রতাৎপর্য্যং ঋতুস্নাতায়াং ভার্য্যায়ামগমনদোষশ্রবণন্তু ন বিধ্যতিক্রমাৎ বিধ্যনুপপত্তেরিতি সন্দর্ভঃ। তস্যামরুচ্যা দ্বেষাদিনা বা তদনভিগমন এব দোষশ্রবণমিতি স্বামিচরণাঃ ॥ ১১ ॥

আভাস।

নিমিত্তক সামান্য পাপ স্বীকার করিয়াও দেহের রক্ষাধানার্থ কেবল এই পঞ্চনখ পঞ্চপশু ভোজনের ব্যবস্থা শাস্ত্র করিয়াছেন। যদি কোনরূপ মাংস না খাইয়া দেহ-রক্ষার ব্যবস্থা করিতে পারা যায়, তবে কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি বৃথায় হিংসাপাপ স্বীকার করিতে চায়? এবং শাস্ত্রেও তদ্বিষয়ক নিবৃত্তি প্রদর্শিত হইয়াছে। এই প্রকার পূর্ব্বোক্ত ব্যবস্থায়, আমিষ ও মদ্যসেবাদি প্রত্যেক কার্য্যেই একটী সাধারণ অনিষ্ট স্বীকার করিয়াও তদপেক্ষা গুরুতর অনিষ্ট হইতে রক্ষা করিবার জন্য শাস্ত্র অনুমতি দিয়াছেন মাত্র; বিধি করেন নাই। যেমন স্ত্রীসংসর্গে সাধারণ অনিষ্ট বীর্য্যপ্রদ ব্রহ্মচর্য্যের ক্ষতি, কিন্তু সাধারণত ও সর্ব্বসময়ে কামিনীসেবা করিলে যে, ঘোর অনিষ্ট হইবার সম্ভাবনা, সেই স্থলে বিবাহাদির নিয়ম করিয়া তাদৃশ অনিষ্ট হইতে রক্ষা করিয়াছেন মাত্র। অতএব যে কার্য্যে কর্ত্তার ইষ্টানিষ্টের আসক্তি বশত কোনরূপ প্রবৃত্তি প্রভৃতির হেতু পরিদৃষ্ট না হয়, তাদৃশ কর্ম্মের অনুষ্ঠানার্থ শাস্ত্রের প্রেরণার নাম বিধি; এবং যে কার্য্যে কর্ত্তার কারণান্তর হেতু স্বত:সিদ্ধ প্রবৃত্তির নিয়মন বা সংকোচ করা হইয়াছে, তাহাকে পরিসংখ্যা বা নিয়মবিধি বলা যায়। সুতরাং শাস্ত্রবিধি "অহরহঃ সন্ধ্যামুপাসীত" এই বিধির উল্লঙ্ঘন করিলে, প্রত্যবায় হইবে; কিন্তু "অগ্নিসোমীয়ং পশুমালভত" যজ্ঞাংশের বিধিবাক্য হইলেও অত্যাশ্রমীর অনাবশ্যক স্বর্গকামীর নিয়মবিধির উল্লঙ্ঘনে কোন প্রত্যবায় ঘটিল না বটে, তবে স্বর্গপ্রাপক কর্ম্মের অপ্রাপ্তি ঘটিল মাত্র। অতএব প্রবৃত্তিনিষ্ঠ ব্যক্তির পক্ষে ঐরূপ নিয়মন বাক্যের দ্বারা পরিণামে নিবৃত্তিনিষ্ঠ করাই শাস্ত্রের অভিপ্রায় ॥ ১১ ॥

এক্ষণে যোগীন্দ্র চমস প্রাচীন্ নীতি "বিদ্যা দদাতি বিনয়ং বিনয়াৎ যাতি পাত্রতাং।

ধনঞ্চ ধর্ম্মৈকফলং যতো বৈ জ্ঞানং সবিজ্ঞানমনুপ্রশান্তি ।
গৃহেষু যুঞ্জন্তি কলেবরস্য মৃত্যুং ন পশ্যন্তি দুরন্তবীর্য্যং ॥ ১২ ॥

অন্বয়ঃ ।

যতঃ (যস্মাৎ নিষ্কামভগবদারাধনরূপাৎ ধর্ম্মাৎ) বৈ প্রসিদ্ধৌ সবিজ্ঞানং অপরোক্ষ-জ্ঞানসহিতং জ্ঞানং (দৃঢ়ং পরোক্ষজ্ঞানং) অনুপ্রশান্তি (অনু অনন্তরং এব প্রকৃষ্টা শান্তিঃ মোক্ষলক্ষণা যস্য তৎ) ভবতি তৎ ধর্ম্মৈকফলং (ধর্ম্মঃ এব একঃ ফলং যস্য তৎ) ধনং চ গৃহেষু দেহাদ্যর্থং যুঞ্জন্তি (অহো অন্ধাঃ তে) কলেবরস্য দুরন্তবীর্য্যং (দুরন্তং অপ্রতিহতং বীর্য্যং বলং যস্য তং) মৃত্যুং ন পশ্যন্তি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী ।

তদেবং ব্যবায়াদিমনোরথাকুলিতত্বাৎ অভীষ্টমাত্মানং ন শৃণ্বন্তীত্যুক্তং । ইদানীং ধনস্যাপি ধর্ম্মদ্বারা পরমার্থপ্রাপকস্য দৃষ্টোপভোগার্থং বিনিয়োগাদাত্মজ্ঞানগন্ধোঽপীত্যাহ ধনঞ্চেতি । ধর্ম্ম এবৈকং ফলং যস্য তৎ যতো ধর্ম্মাৎ সবিজ্ঞানং অপরোক্ষজ্ঞানসহিতং দৃঢ়ং পরোক্ষজ্ঞানং ভবতি কথম্ভূতং অনুপ্রশান্তি অনু অনন্তরমেব প্রকৃষ্টা শান্তির্নির্ব্বাণলক্ষণা যস্মাৎ তৎ এবম্ভূতং ধনং গৃহেষু দেহাদ্যর্থং যুঞ্জন্তি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তথা ধনস্যাপি দৃষ্টোপভোগার্থমেব বিনিয়োগাদন্ধা এব তে ইত্যাহ ধনঞ্চেতি । ধর্ম্ম এব একমুৎকৃষ্টং ফলং যস্য তৎ । যতো ধর্ম্মাৎ সবিজ্ঞানমপরোক্ষজ্ঞানসহিতং পরোক্ষজ্ঞানং ভবেৎ । অনু অনন্তরমেব প্রশান্তির্মোক্ষো যস্মাত্তৎ । এবম্ভূতং ধনং গৃহেষু দেহাদার্থং যুঞ্জন্তি ॥ ১২ ॥

অহো ! যে নিষ্কাম ভগবদারাধনারূপ ধর্ম্মের অনুষ্ঠান করিলে অপরোক্ষ জ্ঞান সহ পরোক্ষ জ্ঞান হৃদয়ে সংবদ্ধ হয় এবং তৎপরক্ষণেই জীব মোক্ষ-লক্ষণা শান্তিলাভে নিবৃত্ত হয়, সেই ধর্ম্ম যে ধনের একমাত্র ফলস্বরূপ, তাদৃশ ধন ও কামী ব্যক্তিগণ কেবল দেহাদির নিমিত্ত সাংসারিক ব্যবহারে নিয়োগ করিয়া থাকে । অহো ! চক্ষু থাকিতেও তাদৃশ অন্ধপ্রায় বিবেকহীন মানবগণ নিজ কলেবরের অনতিক্রমণীয় মৃত্যুর প্রতি কিছুমাত্র দৃষ্টি করে না ॥ ১২ ॥

আভাস ।

পাত্রত্বাদ্ধনমাপ্নোতি ধনাদ্ধর্ম্ম ততঃ সুখং" ॥ অনুসরণ করিয়াছেন ; অর্থাৎ বিদ্যা দ্বারা জগতে সাক্ষাৎ সম্বন্ধে কেবল বিনয়টাই অর্জ্জিত হয় । বিনয় শব্দে বি বিশেষেণ নী নয়নম্ প্রবেশনম্ নম্রতা বা ইতি বিনয় । সর্ব্বাবধারণের যোগ্যতা ও সর্ব্বসহিষ্ণুতা এক বিদ্যার দ্বারা লাভ হয় । তৎপরে ধনের আগম ঘটে । কেবল ইন্দ্রিয় চরিতার্থতা ধনের ফল নহে । কারণ ধনহীন ইতর প্রাণীও ইন্দ্রিয়সুখ ধন ব্যতীত ভোগ করিয়া থাকে ।

যদ্‌ঘ্রাণভক্ষো বিহিতঃ সুরায়াস্তথা পশোরালভনং ন হিংসা।

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ সুরায়াঃ ঘ্রাণভক্ষঃ অবঘ্রাণং এব বিহিতঃ ন পানং তথা পশোঃ আলভনং (দেবতোদ্দেশেন যৎ পশুহননং এব বিহিতং) ন হিংসা (ইতি কীর্ত্ত্যতে) এবং বাবায়ঃ

শ্রীধরস্বামী।

কিঞ্চ ব্যবস্থয়াপি ব্যবায়াদ্যভ্যনুজ্ঞানং ন যথেষ্টমপি তু স্বল্পতৈবেত্যাহ যদিতি। যস্মাৎ সুরায়া ঘ্রাণং ভক্ষঃ অবঘ্রাণং সএব বিহিতঃ ন পানং তথা পশোরপি আলম্ভনমেব বিহিতং নতু হিংসা। অয়মর্থঃ। দেবতোদ্দেশেন যৎ পশুহননং তদালম্ভনং। বায়ব্যং শ্বেতছাগল মালভেতেতি শ্রুতেঃ। নতু হিংসা। যা বেদবিহিতা হিংসা ন সা হিংসেতি কীর্ত্ত্যতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ ব্যবস্থয়াপি ব্যবায়াদ্যভ্যনুজ্ঞানং ন যথেষ্টং অপি তু স্বল্পতৈবেত্যাহ। যস্মাৎ সুরায়াঃ ঘ্রাণং ভক্ষঃ অবঘ্রাণমেব ভক্ষো বিহিতঃ নতু যথেষ্টং পানং। তথা পশোরালম্ভনং

যজ্ঞে যে মদ্যপানের ব্যবস্থা আছে, তাহা প্রকৃত প্রস্তাবে পান না করিয়া তাহার ঘ্রাণ লইলেও বিহিত পানের সিদ্ধি হয়; দেবতার উদ্দেশে পশু-হননের ব্যব[illegible]য় হিংসাজনিত বিশেষ দোষের স্পর্শ না হইলেও, অপর যে

আভাস।

তবে ধর্ম্ম[illegible] মাত্র ফল। সংগৃহীত ধনের দ্বারা যদি ধর্ম্মের সঞ্চয় করা না হয়, তা[illegible] বৃষের ন্যায় ধনোপার্জ্জনের ক্লেশ মাত্র সহ্য করা হইল; ফল লাভ [illegible]পার্জ্জনে অর্থ সাধিত হইলেই তাহার যথার্থ সদ্ব্যবহার ও ফল ভোগ করা[illegible] দ্বারা আত্মজ্ঞানপূর্ব্বক পরমাত্ম-সাক্ষাৎকার লাভ হয় ও অন্তে চরম নি[illegible] সহজেই ঘটিয়া থাকে। যাহারা তাদৃশ পরম শান্তিপ্রদ ধর্ম্মার্জ্জনের ব্যয়ে [illegible] করিয়া কেবল দেহ গেহাদির জন্য ব্যয় করে, তাহারা পরিণামে যে, অনন্ত [illegible]ব, তাহাতে আর সন্দেহ কি! ॥ ১২ ॥

[illegible]ণ, মাংসভোজন ও সুরাপানের ব্যবস্থা দেখিয়াই যে, তাহাতেই ক্রমাগত [illegible] হইবে, এমত নহে। অবশ্য পত্নীগ্রহণ করিলে যে, মৃত্যু পর্যন্ত সেই [illegible]ক্ষা করিতে হইবে এমত নহে, "পুত্রার্থে ক্রিয়তে ভার্য্যা, পুত্রপিণ্ড-[illegible]দত্ত পিণ্ডের দ্বারা জীবের পরকালে সদ্গতি লাভ হয়; সুতরাং [illegible]র্য্যাগ্রহণ করা আবশ্যক। অতএব পুত্রজনন কালাবধিই পত্নীর [illegible]ধর্ম্মকর্ম্মের সাহায্যকারিণী মাত্র। দেবতার উদ্দেশে যাজ্ঞিক পশু বধ [illegible]ত তাদৃশ দোষ স্পর্শ করে না বলিয়াই যে, মাংস ভোজনাভিপ্রায়ে [illegible]রিতে হইবে এবং মদ্যপানাভিপ্রায়ে সৌত্রামণি যজ্ঞ করিতে হইবে, অবশিষ্ট কিঞ্চিন্মাত্র মাংসভোজন করা বা সুরার ঘ্রাণ গ্রহণ করিলেও

এবং ব্যবায়ঃ প্রজয়া ন রত্যৈ ইমং বিশুদ্ধং ন বিদুঃ স্বধর্ম্মং ॥ ১৩ ॥

যে ত্বনেবম্বিদোঽসন্তঃ স্তব্ধাঃ সদভিমানিনঃ ।

অন্বয়ঃ।

প্রজয়া (পুত্রোৎপত্তি নিমিত্তেন এব বিহিতঃ) ন রত্যৈ রতিসুখার্থং। (অতো মনোরথবাদিনঃ) ইমং বিশুদ্ধং ধর্ম্মং ন বিদুঃ জানন্তি স্ম ॥ ১৩ ॥

যে তু অনেবম্বিদঃ (ন এবং বিধঃ ধর্ম্মঃ বিদন্তি তে) স্তব্ধাঃ অবিনীতাঃ যতঃ সদভিমানিনঃ (সন্তঃ এব বয়ং ইত্যভিমানবন্তঃ) অতঃ অসন্তঃ পাপবাসিতান্তঃকরণাঃ, বিশ্রব্ধাঃ

শ্রীধরস্বামী।

ক্ষাত্ বচনাৎ। ভক্ষণোদ্দেশেন তু ক্রিয়মাণং লৌকিকহননং যত্তদ্ভিঃসৈব অত্র ঘ্রাণভনমেব বিহিতঃ নতু হিংসা। অতো ন যথেষ্ট-ভক্ষণাভ্যনুজ্ঞেত্যর্থঃ ব্যবায়োঽপি প্রজয়া নিমিত্তভূতয়া নতু রত্যৈ অতো মনোরথবাদিন ইমং বিশুদ্ধং স্বধর্ম্মং ন বিদুরিতি ॥ ১৩ ॥

এবং ভগবৎপরাঙ্মুখানাং বহুদোষতাং প্রপঞ্চ তরিষ্ঠাং প্রপঞ্চয়ন্তি যে ত্বিতি পঞ্চভিঃ। অনেবংবিদঃ ন এবং ধর্ম্মং বিদন্তি যে তে। বিশ্রব্ধাঃ নিঃশঙ্কাঃ। অমেন মনোরথো ভবিষ্যতীতি বিশ্বস্তা বা। তদানীন্তনপোষণেন বা তৈঃ পশুভির্বিশ্বস্তাস্তে চ পশবঃ প্রেত্যামুত্র

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চিদঙ্গচ্ছেদনমেব নতু হিংসা বধঃ। ব্যবায়োঽপি প্রজয়া হেতুভূ[illegible] ॥ ১৩ ॥

এবমুক্তলক্ষণং ধর্ম্মং ন বিদন্তীতি তে। যা শাস্ত্রবিহিতা [illegible] হিংসেতি কথ্যত ইত্যাদিবাক্যার্থতাৎপর্য্যমবুদ্ধা যে পশূন্ প্রাণত এব [illegible] বিশ্রব্ধাঃ বধকালেঽপ্যেতেঽস্মৎপালকা অস্মান্ হনিষ্যন্তি কিন্তু শস্ত্রদর্শনয়া [illegible] সহ খেলন্ত্যেবেতি পালিতৈঃ পশুভিঃ কৃতবিশ্বাসাঃ তান্ দ্রুহ্যন্তি মৃতো[illegible] পশবঃ প্রেত্য অমুত্র তাংশ্চ স্বঘাতকান্ খাদন্তি। মাংসভক্ষয়িতামুত্র য[illegible]ং। এতন্মাংসস্য মাংসত্বং প্রবদন্তি মনীষিণ ইতি বচনাৎ। যথাচ যোগবলেন [illegible] প্রদর্শ্য প্রাচীনবর্হিষং প্রত্যুক্তং শ্রীনারদেন। ভো ভো প্রজাপতে রাজ[illegible]

কোন কারণে বধ করিলে দোষ ঘটিবে; এবং কেবল পুত্রোৎপাদ[illegible] ব্যতীত কামত স্ত্রীসম্ভোগ অবিধেয়। বিলাসী ব্যক্তিগণ শা[illegible] উদ্দেশ্য অবধারণে সক্ষম না হওয়ায়, বিশুদ্ধ ধর্ম্ম জানিতে পারে [illegible]

যাহারা শাস্ত্রের গভীর তত্ত্ব অবগত নহে, তাদৃশ অবিনীত প[illegible]ী পাপমনা আত্মম্ভরী ব্যক্তিগণ যেমন অসন্দিগ্ধ-চিত্তে পশুগণকে [illegible]ন,

আভাস।

দুষ্কার পূর্ণত্বের কোন ব্যাঘাত ঘটিবে না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় [illegible]কে ধর্ম্ম বিশুদ্ধ ভাব পরিদর্শন না করিয়া, কেবল মনোরথ পূরণেই ব্যতিব্যস্ত [illegible]

পশূন্ দ্রুহ্যন্তি বিস্রব্ধাঃ প্রেত্য খাদন্তি তে চ তান্ ॥ ১৪ ॥
দ্বিষন্তঃ পরকায়েষু চাত্মানং হরিমীশ্বরং।
মৃতকে সানুবন্ধেঽস্মিন্ বদ্ধস্নেহাঃ পতন্ত্যধঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

(অনেন মনোরথাঃ ভবিষ্যন্তি ইতি বিশ্বস্তাঃ) পশূন্ দ্রুহ্যন্তি ঘ্নন্তি তান্ চ তে পশবঃ প্রেত্য যমপুরঃ প্রত্যা খাদন্তি ॥ ১৪ ॥

যে তু পরকায়েষু (স্থিতান্ জীবান) দ্বিষন্তঃ বর্ত্তন্তে তে (জীবানাং ভগবদংশত্বাৎ) আত্মানং হরিং ঈশ্বরং এব দ্বিষন্তঃ সানুবন্ধে পুত্রকলত্রাদিসহিতে মৃতকে শবতুল্যে স্বদেহে বদ্ধস্নেহাঃ (বদ্ধঃ স্নেহঃ যৈঃ তে তথাবিধাঃ সন্তঃ) অধঃ পতন্তি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তান্ খাদন্তি। মাংসভক্ষয়িতামূত্র যস্য মাংসমিহাদ্ম্যহং। এতন্মাংসস্য মাংসত্বং প্রবদন্তি মনীষিণ ইতি বচনাৎ ॥ ১৪ ॥

অভিচারাদিনা দ্বিষন্তঃ। মৃতকে দেহে। সানুবন্ধে পুত্রাদি-সহিতে ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যাধ্বরে। সংজ্ঞপিতান্ জীবসঙ্ঘান্ নির্ঘৃণেন সহস্রশঃ। এতে ত্বাং সংপ্রতীক্ষন্তে স্মরন্তো বৈশসং তব। সম্পরেতময়ঃকূটৈশ্ছিন্দন্ত্যুত্থিতমন্যব ইতি ॥ ১৪ ॥

দ্বিষন্ত ইতি। মাংসার্থং পশূন্ হিংসন্তি লোকান্ বা যদ্দ্বিষন্তি তৎ আত্মানং হরিমেব দ্বিষন্তি ইত্যর্থঃ। মৃতকে স্বদেহে ॥ ১৫ ॥

মৃত্যুর পর যমপুরে গমন করিলে, সেই পশুগণ আবার সেই সকল ব্যক্তির মাংস ভোজন করিয়া থাকে ॥ ১৪ ॥

যাহারা এই প্রকারে পরদেহের দ্বেষ করে, তাহারা প্রকৃত প্রস্তাবে তত্রস্থ সর্ব্বান্তর্যামী জগজ্জীবন শ্রীহরিকেই বিদ্বেষ করিয়া থাকেন, সন্দেহ নাই। এবং পুত্র কলত্রাদি সহ শবতুল্য স্বীয় দেহে আসক্তি বশত নরকে নিপতিত হয় ॥ ১৫ ॥

আভাস।

অহো! মাংসভোজী মানবের গতি অতি ভয়ঙ্কর হয়, সন্দেহ নাই। তাহারা ধর্ম্মের সূক্ষ্ম গতি অবগত না হইয়া, আপাততঃ মনোরথ-ফলের প্রতি ধাবিত হয় বটে, কিন্তু পরিণামে যে অনিবার্য্য মনস্তাপ ঘটিবে তৎপ্রতি কিছুমাত্র দৃষ্টি করে না। ভোজনাদি প্রদানে বিশ্বস্ত পশুগণকে তাহারা বিশ্বাস-ঘাতকের ন্যায়, অনায়াসে নিহত করে; কিন্তু জানে না যে, এ জীবনে যাহাদের মাংসভোজনে রসনেন্দ্রিয়ের চরিতার্থতা সাধন করা হইতেছে, যমলোকে গমন করিয়া ঐ সকল পশুগণ লৌহময় শাণিত অস্ত্রপ্রহারে তাহাদের

যে কৈবল্যমসংপ্রাপ্তা যে চাতীতাশ্চ মূঢ়তাং।
ত্রৈবর্গিক হ্যক্ষণিকা আত্মানং ঘাতয়ন্তি তে॥ ১৬॥
এত আত্মহনোঽশান্তা অজ্ঞানে জ্ঞানমানিনঃ।

অন্বয়ঃ।

যেতু কৈবল্যং তত্ত্বজ্ঞানং অসংপ্রাপ্তাঃ মূঢ়তাং চ অতীতাঃ (অতো নাত্যন্তমজ্ঞাঃ কিন্তু বিজ্ঞাভিমানিনঃ স্তব্ধাঃ) যতঃ অক্ষণিকাঃ শ্রবণাদ্যবসররহিতাঃ, যতঃ ত্রৈবর্গিকাঃ ত্রৈবর্গার্থে ব্যাপৃতাঃ, তে আত্মানং ঘাতয়ন্তি হি॥ ১৬॥

কালধ্বস্তমনোরথাঃ (কালেন ধ্বস্তঃ নাশিতঃ মনোরথঃ যেষাং তে) অজ্ঞানে (লৌকিকা-

শ্রীধরস্বামী।

অজ্ঞাস্তত্ত্বজ্ঞৈরনুকম্পিতাঃ স্থবন্তি তত্ত্বজ্ঞাস্তু স্বতঃ। যেচ নাত্যন্তমজ্ঞা নচ তত্ত্বজ্ঞাঃ তেত্ত্বন্তরালবর্ত্তিনঃ পতন্তীত্যাহ য ইতি। কৈবল্যং তত্ত্বজ্ঞানমসংপ্রাপ্তাঃ। অত্র হেতুঃ। ত্রিবর্গপ্রধানাঃ। অক্ষণিকা উপশান্তিক্ষণরহিতা দেহাদিস্থৈর্য্যবুদ্ধয়ো বা স্বয়মেবাত্মানং ঘাতয়ন্তি॥ ১৬॥

তদাহ এত ইতি আত্মহনঃ আত্মাপহ্নবকর্ত্তারঃ। অজ্ঞানে কর্ম্মণি। তথাচ শ্রুতিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অজ্ঞাস্তত্ত্বজ্ঞৈরনুকম্পিতাস্তরন্তি তত্ত্বজ্ঞাস্তু স্বতঃ। যে তু নাত্যন্তমজ্ঞা নচ তত্ত্বজ্ঞাস্তে-ত্বন্তরালবর্ত্তিনঃ পতন্তীত্যাহ যে ইতি। অসংপ্রাপ্তাঃ কৈবল্যপ্রাপকজ্ঞানশূন্যা ইত্যর্থঃ। নাপি পশ্বাদিবন্মূঢ়াঃ। তর্হি কিং জ্ঞানার্থিনো ভক্ত্যর্থিনো বা ন। ত্রৈবর্গিকাঃ ধর্ম্মার্থকামপরা ভবন্তু তদপি কদাপ্যবসরং প্রাপ্য হরিকথাং শ্রোষ্যন্তি ন অক্ষণিকাস্তত্র ক্ষণমাত্রমপ্যবকাশং ন লভন্তে তর্হি তে আত্মানমেব ঘাতয়ন্তি॥ ১৬॥

অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে

যাহারা সম্পূর্ণ তত্ত্বজ্ঞানে অধিকারী হয় নাই, অথচ নিতান্ত মূর্খও নহে, কেবল বিজ্ঞাভিমানী দাম্ভিক মাত্র, তাহারা ত্রিবর্গসাধক ব্যাপারে এতই ব্যাপৃত হয় যে, উপদেশ গ্রহণ বা শ্রবণের কিছুমাত্র অবকাশও তাহাদের নাই; তাহারাই প্রকৃত আত্মঘাতী সন্দেহ নাই॥ ১৬॥

আভাস।

কলেবর খণ্ড বিখণ্ড করিয়া মাংসভোজনের প্রতিশোধ গ্রহণ করিবে। দেবর্ষি নারদ যোগ-বলে প্রাচীন বর্হিষের সমীপে তদীয় যজ্ঞনিহত পশুগণকে প্রত্যক্ষে প্রদর্শন করাইয়া বলিয়াছিলেন, হে প্রজাপতে রাজন্! আপনি নির্দ্দয়তা পূর্ব্বক যে সহস্র সহস্র পশু যজ্ঞে বধ করিয়াছেন, এক্ষণে ঐ দেখুন! আপনার নির্দ্দয়তা স্মরণ করত আপনার মাংস ভোজনার্থ ক্রোধাক্তলোচনে ও উন্মত্তায় হইয়া অপেক্ষা করিতেছে॥ ১৫॥

সীদন্ত্যকৃতকৃত্যা বৈ কালধ্বস্তমনোরথাঃ ॥

হিত্বাত্মমায়ারচিতা গৃহাপত্যসুহৃৎস্ত্রিয়ঃ।

তমোবিশন্ত্যনিচ্ছন্তো বাসুদেবপরাঙ্মুখাঃ ॥ ১৭ ॥

রাজোবাচ ॥

কস্মিন্ কালে স ভগবান্ কিং বর্ণঃ কীদৃশো নৃভিঃ।

নাম্না বা কেন বিধিনা পূজ্যতে তদিহোচ্যতাম্ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

লৌকিকসুখোপায়কল্পনায়াং জ্ঞানমানিনঃ ভ্রান্তাঃ এতে আত্মহনঃ স্বশত্রবঃ অশান্তাঃ রাগলোভাদ্যাকুলচিত্তাঃ অকৃতকৃত্যাঃ (ন কৃতং কৃত্যং শ্রবণাদিসাধনং যৈঃ তে জনাঃ) সীদন্তি নরকাদৌ ক্লিশ্যন্তি ॥

বাসুদেবপরাঙ্মুখাঃ জনাঃ আত্মমায়ারচিতাঃ আত্মায়াসেন রচিতাঃ বা গৃহাপত্যসুহৃৎস্ত্রিয়ঃ অনিচ্ছন্তঃ এব ইহৈব হিত্বা তমঃ নরকং বিশন্তি ॥ ১৭ ॥

রাজা উবাচ। ভগবান্ কস্মিন্ কালে কিং বর্ণঃ কীদৃগ্বর্ণবান্, কীদৃশঃ কীদৃগাকারঃ, কেন বা নাম্না কেন বা বিধিনা, নৃভিঃ পূজ্যতে তদ্ ইহ অস্মদগ্রে উচ্যতাং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অসূর্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ ইতি শ্রুতেঃ গৃহাপত্যসুহৃৎস্ত্রিয়ঃ তু হিত্বা ॥ ১৭ ॥

তদেবং ভক্তিরেব কর্ত্তব্যেতি স্থিতে তত্র বিশেষং পৃচ্ছতি কস্মিন্ কাল ইতি। কিং বর্ণঃ কীদৃগ্বর্ণবান্ কীদৃশঃ কীদৃশাকারঃ কেন বা নাম্না কেন বা বিধিনা ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চাত্মহনো জনা ইতি শ্রুতেস্তেষামধোগতিরেবেত্যাহ। হিত্বেতি যা গৃহাপত্যসুহৃৎস্ত্রিয় স্তা হিত্বা ত্যক্ত্বা ॥ ১৭ ॥

ঐহিক ও আমুষ্মিক সুখোপায়ের কল্পনায় ভ্রান্ত অভিমানী আশন্তচেতা ব্যক্তিগণ এ জীবনে কোনরূপ শ্রবণাদি ভক্তিসাধনে বিমুখ হইয়া কালের কুটিল স্রোতে ভগ্নমনোরথ হইয়া নিপতিত হয়, এবং অন্তে নিরাশার অকূল গর্ত্তে পতিত হইয়া, বিবিধ নরক-যাতনা ভোগ করে ॥

ঈশ্বরবিমুখ ব্যক্তিগণ বহু যত্নে ও বহু পরিশ্রমে ও বহু কালের সঞ্চিত মায়ার কুহকে যে গৃহ, অপত্য, কলত্র, ও সুহৃদ্বর্গের সংগ্রহ করে, অনিচ্ছা সত্ত্বেও পুনরায় তাহা এই স্থানেই পরিত্যাগ করিয়া ঘোর নরকেই প্রবেশ করে ॥ ১৭ ॥

করভাজন উবাচ ॥

কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিরিত্যেষু কেশবঃ।

নানাবর্ণাভিধাকারো নানৈব বিধিনেজ্যতে ॥ ১৯ ॥

কৃতে শুক্লশ্চতুর্ব্বাহু র্জটিলো বল্কলাম্বরঃ।

কৃষ্ণাজিনোপবীতাক্ষান্ বিভ্রদ্দণ্ডং কমণ্ডলুং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

করভাজনঃ উবাচ। কৃতং ত্রেতা দ্বাপরঃ কলিঃ চ ইতি এষু কালেষু নানাবর্ণাভিধাকারঃ (নানাপ্রকারাঃ বর্ণাঃ অভিধাঃ আকারাঃ চ যস্য সঃ) কেশবঃ নানা এব বিধিনা বিবিধেনৈব প্রকারেণ ইজ্যতে পূজ্যতে ॥ ১৯ ॥

কৃতে সত্যযুগে, ভগবান্ কৃষ্ণাজিনোপবীতাক্ষান্ (কৃষ্ণাজিনং কৃষ্ণমৃগচর্ম্ম, অক্ষং কমলাক্ষং) দণ্ডং কমণ্ডলুং চ বিভ্রদ্ বল্কলাম্বরঃ জটিলঃ শুক্লঃ চতুর্ব্বাহুঃ স্মৃতঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

এষু কৃতাদিকালেষু নানাপ্রকারা বর্ণাভিধাকারা যস্য সঃ। নানৈব বিধিনা বিবিধেনৈব মার্গেণ ॥ ১৯ ॥

তদেব বর্ণাদিচতুষ্টয়মাহ কৃত ইত্যাদিনা কৃষ্ণাজিনাদীন্ বিভ্রদিতি ব্রহ্মচারিবেশো দর্শিতঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতাদৃশানামুদ্ধারো ভগবদবতারং বিনা ন সম্ভবেদিতি মনসি কৃত্বা পৃচ্ছতি। কস্মিন্নিতি কীদৃশঃ কৃদৃশাকারঃ ॥ ১৮ ॥ ১৯ ॥

শুক্ল ইতি শুক্লবর্ণঃ শুক্লনামা চ। কৃষ্ণাজিনং কৃষ্ণসারচর্ম্ম উপবীতং যজ্ঞসূত্রং। অক্ষো-হকারাদি ক্ষকারান্ত বর্ণময়মালা তান্ দণ্ডং কমণ্ডলুঞ্চ বিভ্রদিতি ব্রহ্মচারিবেশো দর্শিতঃ ॥ ২০ ॥

বিদেহপতি বলিলেন, হে ভগবন্! জগদীশ্বর কোন্ সময়ে কি কি বিগ্রহ, বর্ণ ও নাম গ্রহণে আবির্ভূত হন এবং কিরূপ বিধানে বা জগতে আরাধিত হন, তাহা আপনি আমার নিকট কীর্ত্তন করুন! ॥ ১৮ ॥

করভাজন বলিলেন সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই যুগচতুষ্টয়ে ভগবান্ ক্রমান্বয়ে নানা প্রকার বর্ণ, নাম ও আকার ধারণে আবির্ভূত হইয়া থাকেন এবং বিবিধ প্রকারে পূজিত হন ॥ ১৯ ॥

সত্যযুগে তিনি উপবীতরূপে কৃষ্ণসার মৃগের চর্ম্ম, অক্ষমালা, দণ্ড ও কমণ্ডলু ধারণে ব্রহ্মচারিবেশে পরিলক্ষিত হন; তৎকালে তাঁহার পরিধেয় বল্কল, মস্তকে জটাভার, চতুর্ভুজ মূর্ত্তি ও শুক্লবর্ণরূপ কীর্ত্তিত আছে ॥ ২০ ॥

মনুষ্যাস্তু তদা শান্তা নির্ব্বৈরাঃ সুহৃদঃ সমাঃ।
যজন্তি তপসা দেবং শমেন চ দমেন চ॥
হংসঃ সুপর্ণো বৈকুণ্ঠো ধর্ম্মো যোগেশ্বরোঽমলঃ।
ঈশ্বরঃ পুরুষোঽব্যক্তঃ পরমাত্মেতি গীয়তে॥ ২১॥
ত্রেতায়াং রক্তবর্ণোঽসৌ চতুর্ব্বাহুস্ত্রিমেখলঃ।
হিরণ্যকেশস্ত্রয্যাত্মা স্রুক্ স্রুবাদ্যুপলক্ষণঃ॥ ২২॥

অন্বয়ঃ।

তদা কৃতযুগে, মনুষ্যাঃ ভগবদারাধকাঃ পুরুষাঃ, সমাঃ সর্ব্বত্র সুখদুঃখাদিসমদর্শিনঃ, নির্ব্বৈরাঃ শান্তাঃ রাগলোভাদিদোষরহিতাঃ, সুহৃদঃ বিশুদ্ধান্তঃকরণতয়া সর্ব্বোপকারিণঃ, শমেন অন্তঃকরণনিগ্রহেণ, দমেন বাহ্যেন্দ্রিয়নিগ্রহেণ চ তপসা ধ্যানযোগেন চ দেবং ভগবন্তং যজন্তি আরাধয়ন্তি॥

(কৃতযুগে ভগবান্) হংসঃ সুপর্ণঃ বৈকুণ্ঠঃ ধর্ম্মঃ যোগেশ্বরঃ অমলঃ ঈশ্বরঃ পুরুষঃ অব্যক্তঃ পরমাত্মা চ ইতি গীয়তে ব্যবহ্রিয়তে॥ ২১॥

ত্রেতায়াং অসৌ ভগবান্ রক্তবর্ণঃ চতুর্ব্বাহুঃ, ত্রিমেখলঃ (ত্রিগুণা দীক্ষাঙ্গভূতা মেখলা কটিসূত্রং যস্য সঃ) হিরণ্যকেশঃ পিশঙ্গকেশঃ, ত্রয্যাত্মা (ঋগাদিবেদত্রয়প্রতিপাদিতঃ আত্মা মূর্ত্তির্যস্য সঃ) স্রুক্স্রুবাদ্যুপলক্ষণঃ (স্রুক্স্রুবাদ্যুপলক্ষণং চিহ্নং যস্য সঃ)॥ ২২॥

শ্রীধরস্বামী

তপসা ধ্যানেন॥ ২১॥

ত্রিগুণা দীক্ষাঙ্গভূতা মেখলা যস্য সঃ। ত্রয্যাত্মা যজ্ঞমূর্ত্তিঃ। হিরণ্যকেশঃ পিশঙ্গকেশঃ॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তপসা ধ্যানেনেতি তদা তদা তেন ধ্যানমেব বিনীয়তে।
গীয়তে ইতি এতানি নামানি তদা জ্ঞেয়ানি॥ ২১॥
রক্তবর্ণো রক্তনামা চ॥

সত্যযুগে ভগবদুপাসক পুরুষগণ সমগুণাবলম্বী রাগলোভাদিবর্জ্জিত এবং জীবমাত্রেরই উপকারী হন; তাঁহারা কাহারও অনিষ্টাচরণ করেন না। তাঁহারা আভ্যন্তরিক ও বাহ্যিক ইন্দ্রিয়ের নিগ্রহ করিয়া তপস্যারূপ ধ্যানযোগের দ্বারা দেবদেব ভগবানের আরাধনা করিয়া থাকেন॥

উক্ত যুগে ভগবান্ হংস, সুপর্ণ, বৈকুণ্ঠ, ধর্ম্ম, যোগেশ্বর, অমল, ঈশ্বর, পুরুষ, অব্যক্ত ও পরমাত্মা ইত্যাদি নামে কীর্ত্তিত হন॥ ২১॥

উৎপাদন করিতে পারেন। "কারণ সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ" ইত্যাদি গীতোক্ত শ্লোক দ্বারা উক্ত হইয়াছে যে, ব্রহ্মা সৃষ্টির প্রক্রমে যজ্ঞ ও প্রজা উভয়কে একত্র সৃষ্টি করিয়া প্রজাকে বলিলেন যে, "যজ্ঞের দ্বারা তোমরা দেবলোকের অর্চ্চনা করিবে এবং দেবগণ তোমাদের অর্চ্চনায় পুষ্ট ও তুষ্ট হইয়া তোমাদের প্রয়োজন মত দ্রব্যসামগ্রী প্রদান করিবেন। যজ্ঞই তোমাদের আদান-প্রদানের উপায়। এই যজ্ঞের অনুষ্ঠান না করিলে, পরস্পরের তৃপ্তি ও পুষ্টির অভাবে ক্লেশেরই উপস্থিতি হইবে। অতএব অকর্ম্মী ব্যক্তি অবশ্যই দেবলোকের নিগ্রহভাজন হইবেন, সন্দেহ নাই। ইহার উত্তরে প্রকাশ করা হইল যে, ভোগীর কর্ম্মের প্রয়োজন; নতুবা ভোগসিদ্ধি হয় না। কিন্তু জ্ঞানবিজ্ঞানসম্পন্ন যোগীর আর কর্ম্মের প্রয়োজন নাই। বেদবাক্যের তাৎপর্য্যসংগ্রহের নাম জ্ঞান এবং তাৎপর্য্য অবধারণ পূর্ব্বক উদ্দেশ্য বিষয়ে অভিনিবেশের নাম বিজ্ঞান। এই বিজ্ঞান-বলে যোগী সর্ব্বান্তর্যামী ভগবানে আত্মসমর্পণ করিতে সমর্থ হওয়ায় কি সাধারণ জীব, কি দেবতা? সকলেই আত্মভাব নিজ আত্মাতে উপলব্ধি করেন এবং দেবতাও যোগীর আত্মা আপনাতে উপলব্ধি করেন। সুতরাং তখন পরস্পরে একভাবাপন্ন হওয়া, কে কাহার নিগ্রহ বা অনুগ্রহ করিতে পারে? অতএব দেবগণ, আত্মভূত হওয়ায় যোগীর প্রীতিপ্রদই হন; কখনই বিদ্বেষাচরণ করেন না ॥ ৮ ॥

বিহিতাচরণের অভাব ঘটিলেও জ্ঞানবান্ যোগী কখন যথেচ্ছাচারী ক্রূরকারী হন না। কারণ তাঁহার যখন কোন পদার্থের প্রতি দ্বেষ বা আসক্তি থাকে না, তখন পূর্ব্বসংস্কার-

দোষবুদ্ধ্যোভয়াতীতো নিষেধান্ন নিবর্ত্ততে।
গুণবুদ্ধ্যা চ বিহিতং ন করোতি যথার্ভকঃ ॥ ৯ ॥
সর্ব্বভূতসুহৃচ্ছান্তো জ্ঞানবিজ্ঞাননিশ্চয়ঃ।
পশ্যন্ মদাত্মকং বিশ্বং ন বিপদ্যেত বৈ পুনঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

উভয়াতীতঃ গুণদোষবুদ্ধ্যাতীতঃ, দোষবুদ্ধ্যা নিষেধাৎ ন নিবর্ত্ততে অর্ভকঃ বালকঃ যথা তথা গুণবুদ্ধ্যা চ বিহিতং ন করোতি ॥ ৯ ॥

সর্ব্বভূতসুহৃৎ শান্তঃ জ্ঞানবিজ্ঞাননিশ্চয়ঃ বৈ (জনঃ) বিশ্বং মদাত্মকং পশ্যন্ পুনঃ ন বিপদ্যেত সংসারবিপত্তিং নৈব প্রাপ্নুয়াৎ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

নচোৎপন্নজ্ঞানস্যাপি যথেষ্টাচরণপ্রসঙ্গ ইত্যাহ দোষবুদ্ধ্যেতি। গুণদোষবুদ্ধ্যাতীতোঽপি প্রাক্তনসংস্কারান্নিষেধান্নিবর্ত্তত এব কিন্তু ন দোষবুদ্ধ্যা। বিহিতঞ্চ প্রায়শঃ করোতি নতু গুণবুদ্ধ্যা। যথার্ভকঃ সংকল্পবিকল্পরহিতঃ কিঞ্চিৎ করোতি কুতশ্চিন্নিবর্ত্ততে তদ্বৎ ॥ ৯
এবংভূতস্য ন পুনঃ সংসার ইত্যাহ সর্ব্বভূতেতি ন বিপদ্যেত ন পুনঃ সংসরেৎ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চোৎপন্নজ্ঞানোঽপি ন যথেষ্টাচরণো ভবতীত্যাহ দোষেতি। গুণদোষবুদ্ধ্যাতীতোঽপি জ্ঞানী প্রাক্তনসংস্কারতো নিষেধান্নিবর্ত্তত এব কিন্তু ন দোষবুদ্ধ্যা বিহিতঞ্চ প্রায়শঃ করোতি নতু গুণবুদ্ধ্যা যথার্ভকঃ সঙ্কল্পবিকল্পরহিতঃ কিঞ্চিৎ করোতি কুতশ্চিন্নিবর্ত্ততে চ তদ্বদিতি ॥ ৯ ॥ ১০ ॥

বালক যেমন বস্তুর দোষ বা গুণের প্রতি লক্ষ্য করে না, সেইরূপ দ্বন্দ্বাতীত মুক্ত পুরুষ বস্তুর গুণে আসক্ত হইয়াই যে প্রবৃত্ত হন এবং দোষ দর্শনে বীতস্পৃহ হইয়াই যে নিবৃত্ত হন, এমত নহে ॥ ৯ ॥

তাঁহারা উভয়বিধ ইন্দ্রিয়গ্রামকে নিগ্রহ করায়, সকল ভূতের প্রতি সমান দৃষ্টি রাখেন এবং জ্ঞান ও বিজ্ঞানে বিশেষ পারদর্শিতা বশত বিশ্বসংসার এক সারাৎসার পরমেশ্বর আমাতে অবলোকন করিয়া ঘোর সংসার আপদে পুনরায় বিপন্ন হন না ॥ ১০ ॥

আভাস।

বশত বরং দুষ্কর্ম্ম হইতে তাঁহার সতত নিবৃত্তি আসারই সম্ভব: অনাসক্তি বশত কখন প্রবৃত্তি আসিবার সম্ভাবনা নাই। তবে বালকের ন্যায় উদ্দেশ্য বা সংকল্পবিহীন হইয়া কেবল দেহযাত্রা নির্ব্বাহার্থ তদুপযোগী কর্ম্মে প্রবৃত্ত হন ॥ ৯ ॥

বরং সকল ভূতে যোগীর সমান জ্ঞান থাকায় কাহারও প্রতি তাঁহার দ্বারা অত্যাচার ঘটিবার সম্ভাবনা নাই। তিনি অদ্বিতীয় পরম ব্রহ্মে জীবমাত্রের সন্নিবেশ অবলোকন

শ্রীশুক উবাচ ॥
ইত্যাদিষ্টো ভগবতা মহাভাগবতো নৃপ।
উদ্ধব প্রণিপত্যাহ তত্ত্বং জিজ্ঞাসুরচ্যুতং ॥
উদ্ধব উবাচ ॥
যোগেশ যোগবিন্যাস যোগাত্মন্ যোগসম্ভব।
নিঃশ্রেয়সায় মে প্রোক্তস্ত্যাগঃ সন্ন্যাসলক্ষণঃ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! ইতি এবং ভগবতা শ্রীকৃষ্ণেন আদিষ্টঃ মহাভাগবতঃ উদ্ধবঃ তত্ত্বং জিজ্ঞাসুঃ সন্ অচ্যুতং প্রণিপত্য আহ ॥

উদ্ধবঃ উবাচ। "হে যোগেশ যোগফলদায়িন্, যোগবিন্যাস (যোগাঃ কর্ম্মভক্তিজ্ঞান-রূপাঃ উপায়াঃ তেষাং বিন্যাসঃ বিশেষেণ নিক্ষেপঃ সমর্পণযোগ্যতা যস্মিন্ তৎসম্বোধনে) যোগাত্মন্ (যোগে আত্মা প্রকটো ভবতি যস্য) সঃ যোগসম্ভব (যোগানাং সম্ভবঃ প্রবৃত্তিঃ যস্মাৎ) অয়ং সন্ন্যাসলক্ষণঃ ত্যাগঃ মে নিঃশ্রেয়সায় মোক্ষায় (ত্বয়া) প্রোক্তঃ ॥

শ্রীধরস্বামী।

ত্বক্ত সর্ব্বং পরিত্যজ্য ইত্যাদ্যুপদেশমাত্মনোঽযোগ্যং মন্বানঃ পৃচ্ছতি যোগেশেতি। যোগফলদায়িন্ যোগবিদাং বিন্যাসঃ ন্যাসো নামাতিগোপ্যো নিঃক্ষেপবিশেষঃ। যদ্বা।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে যোগেশ যোগানাং কর্ম্মযোগ-জ্ঞানযোগ-ভক্তিযোগানাং ঈশ্বর অতএব যোগবিন্যাস অনধিকারিণ্যপি ময়ি যোগং জ্ঞানং সম্প্রতি স্বপ্রভাবাদেব বিন্যস্যসীত্যর্থঃ যোগাত্মন্

শুকদেব বলিলেন, হে নরপাল! ভক্তশ্রেষ্ঠ উদ্ধব ভগবান্ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই প্রকারে আদিষ্ট হইয়া তত্ত্বাবধারণের অভিপ্রায়ে অচ্যুত গোবিন্দকে প্রণিপাত পূর্ব্বক বলিতে লাগিলেন ॥

উদ্ধব বলিলেন, হে যোগফলদাতা গোবিন্দ! জীব যে যোগানুষ্ঠানের জন্য যত্নবান্ হয়, সে প্রবৃত্তিও তাহাদের হৃদয়ে আপনি উদয় করিয়া দেন; যোগসাধনের উপায়ভূত কর্ম্ম, ভক্তি ও জ্ঞান আপনিই যোগীর হৃদয়ে সমর্পণ করেন; এবং যোগসাধনে যোগীর হৃদয়ে যে পরমার্থভাবের প্রকটন হয়, তাহাও আপনারই স্বরূপমাত্র। অতএব মুক্তিলাভের নিমিত্ত এই সন্ন্যাস-লক্ষণ ত্যাগের বিষয় আপনি আমাকে উপদেশ দিলেন বটে কিন্তু ॥

আভাস।

করিয়া পুনরায় সংসার-প্রবাহে পতিত হন না ॥ ১০ ॥

উদ্ধব তখন ভগবান্ শ্রীকৃষ্ণের যথাযথ উপদেশের উপযুক্ত পাত্র আপনাকে বিবেচনা না করিয়া, তত্ত্বনিরূপণার্থ তাঁহাকে অনুনয় করত বলিলেন, হে যোগেশ! অর্থাৎ যোগের

ত্যাগোঽয়ং দুষ্করো ভূমন্ কামানাং বিষয়াত্মভিঃ।
সুতরাং ত্বয়ি সর্ব্বাত্মন্নভক্তৈরিতি মে মতিঃ॥ ১১ ॥

অন্বয়ঃ।

হে সর্ব্বাত্মন্ ভূমন্! কামানাং বিষয়াণাং অয়ং ত্যাগঃ বিষয়াত্মভিঃ বিষয়াসক্তচিত্তৈঃ সুতরাং ত্বয়ি অভক্তৈঃ দুষ্করঃ কর্ত্তুং অশক্যঃ ইতি মে মম মতিঃ নিশ্চয়ঃ॥ ১১॥

শ্রীধরস্বামী।

যোগো বিন্যস্যতে ক্রিয়তে যস্মিন্। যোগে আত্মা প্রকটো ভবতি যস্য যোগস্বরূপেতি বা যোগস্য সম্ভবো যস্মাৎ। চতুর্ভিরেতৈঃ সম্বোধনৈঃ স্বমহিম্না কেবলং ত্বয়োপদিষ্টং নতু মদধিকারং পর্য্যালোচ্যেতি দ্যোতিতং তদাহ নিঃশ্রেয়সায়েতি। নচারোগ্যাদ্যর্থং সর্ব্বস্ব-দানাদিবদয়ং ত্যাগঃ কিন্তু সন্ন্যাসলক্ষণঃ অপ্রত্যাসক্তিরূপঃ॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগস্বরূপ যদি ত্বং ময়া প্রাপ্তস্তর্হি সর্ব্বে যোগাঃ প্রাপ্তা এবেতি ভাবঃ কিঞ্চ যোগাদ্ভক্তি-যোগাদেব ত্বং সম্ভবসি ভক্তেষ্বাবির্ভবসীতি মহৎ ভক্তিযোগো বিশেষতো দেয় ইতি ভাবঃ॥

বিষয়াত্মভির্বিষয়াবিষ্টচিত্তৈ স্বদভক্তৈরপি দুষ্করঃ অভক্তৈস্তু সুতরাং॥ ১১॥

হে সর্ব্বান্তর্যামি সর্ব্বশ্রেষ্ঠ দেব ভগবন্! বিষয়ব্যাপারে যাহাদের চিত্ত নিরন্তর ব্যাপৃত থাকে, সুতরাং আপনার প্রতি তাহাদের লক্ষ্য থাকে না, তাদৃশ জনগণের পক্ষে কাম্যবিষয়ের পরিহার যে, নিতান্তই অসম্ভব তাহা আমার মনের অটল বিশ্বাস। ১১ ॥

আভাস।

ফল এক আপনিই যোগীকে প্রদান করিয়া থাকেন। যোগাভ্যাসে প্রবৃত্ত যোগীকে ভগবানই যোগপথ জানাইয়া দেন, এই নিমিত্ত যোগবিন্যাস বলিয়া সম্বোধন করা হইয়াছে। যোগী যাহা যোগে উপলব্ধি করেন, তাহাও সেই ভগবান্; অতএব "যোগাত্মন্।" এবং যোগের প্রবৃত্তিও সেই ভগবৎকৃপায় উদিত হয়, এই নিমিত্ত তিনি যোগসম্ভব। এই বিশেষণ চতুষ্টয়ের দ্বারা উদ্ধব আপনার অনুপযোগীতার পরিচয় দিয়া তত্তৎ কার্য্যে ভগবানের অনুগ্রহেরই প্রার্থনা করিয়াছেন। কারণ তিনি বুঝিয়াছিলেন যে, আরোগ্যাদির কামনায় ধনাদি পদার্থের উৎসর্গের নাম ত্যাগ নহে; কারণ তাহাতে একটী প্রত্যাশা থাকে। কিন্তু সন্ন্যাসলক্ষণ ত্যাগে কোন উদ্দেশ্য থাকে না। ইহার অনুষ্ঠান যে প্রকার চিত্তে করিতে হয়, তাহার বিশেষ উপদেশ সাক্ষাৎ ভগবানের দ্বারা ব্যতীত সামান্য বিচার বা বৈরাগ্যের দ্বারা ঘটিবে না; ইহাই উদ্ধবের মনোগত অভিপ্রায়। সেই নিমিত্ত উদ্ধবের এত আগ্রহ॥ ১১॥

মৌখিক ত্যাগ ত্যাগ নহে; এবং বিষয়াবিষ্টচিত্ত জনগণ আসক্তির অভ্যাসে এতই

সোঽহং মমাহমিতি মূঢ়মতির্বিগাঢ়স্ত্বন্মায়য়া বিরচিতাত্মনি সানুবন্ধে।
তত্ত্বঞ্জসা নিগদিতং ভবতা যথাহং সংসাধয়ামি ভগবন্ননুশাধি ভৃত্যং ॥ ১২ ॥
সত্যস্য তে সদৃশ আত্মন আত্মনোঽন্যং বক্তারমীশ বিবুধেষ্বপি নানুচক্ষে।

অন্বয়ঃ।

সঃ (তথা উপদিষ্টঃ) অহং মূঢ়মতিঃ মোহিতচিত্তঃ যতঃ ত্বন্মায়য়া প্রকৃত্যা বিরচিতাত্মনি দেহে সানুবন্ধে পুত্রকলত্রাদিসহিতে মমাহং ইতি বিগাঢ়ঃ নিমগ্নঃ আসক্তঃ। অতঃ হে ভগবন্! ভবতা যৎ নিগদিতং তৎ তু যথা অহং অঞ্জসা সুখেন, সংসাধয়ামি তথা ত্বং ভৃত্যং মাং অনুশাধি শনৈঃ শিক্ষয় ॥ ১২ ॥

হে ঈশ! সত্যস্য পরমার্থভূতস্য আত্মনঃ পরমাত্মনঃ (তে তব আত্মনঃ ত্বত্তঃ অন্যং

শ্রীধরস্বামী।

যং প্রতি ত্যাগাদ্যুপদিষ্টং সোঽহং মূঢ়মতিঃ। কুতো মমেতি অহমিতি চ সানুবন্ধে পুত্রাদিসহিতে ত্বন্মায়য়া বিরচিতে আত্মনি দেহে বিগাঢ়ো নিমগ্নঃ অতস্তত্ত্ব ভবতা নিগদিতং যথাহমঞ্জসা সংসাধয়ামি তথা ভৃত্যং মামনুশাধি শনৈঃ শিক্ষয় ॥ ১২ ॥

ময়া সংক্ষেপত উক্তং বিস্তরতস্ত্বন্যান্ পৃচ্ছ ইতি চেত্তত আহ সত্যস্যেতি। স্বদৃশঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সচ বিষয়াবিষ্টচিত্তোঽহমেব যতস্ত্বন্মায়য়া বিরচিতে আত্মনি দেহে সানুবন্ধে পুত্রকলত্রাদিসহিতে বিগাঢ়ো নিমগ্ন ইতি দেহস্যান্ধকূপত্বমারোপিতং। তেন তদাবেশত্যাজনমেব, তস্মাদুদ্ধারঃ প্রথমং কার্য্যস্তদনন্তরমেব জ্ঞানাদ্যুপদেশ ইতি ধ্বনিঃ। তত্তস্মাৎ ॥ ১২ ॥

সত্যস্যেতি ষষ্ঠী আর্ষী। সত্যাং সর্ব্বকালদেশসত্তাকাৎসন্ত্যোহি তত্ত্বা। তে ত্বত্তঃ

অতএব আপনি যাহাকে এই ত্যাগের সম্বন্ধে উপদেশ দিতেছেন, সেই আমি ঘোর সংসারে সম্পূর্ণ আসক্তচিত্ত; তোমারই মায়ার দ্বারা রচিত দেহ, গেহ, পুত্র ও কলত্রাদিতে "আমি ও আমার" জ্ঞান করিয়া বিশেষরূপে বিমোহিত ও অবসন্নপ্রায় হইয়া আছি; সুতরাং ভবদীয় উপদেশভাগ আমি যেরূপে সহজে কার্য্যে পরিণত করিতে পারি, তদ্বিষয়ে আমাকে উপদেশ প্রদান করুন! আমি আপনার নিতান্ত শরণাগত ভৃত্য এবং সর্ব্বতোভাবে শিক্ষণীয় ॥ ১২ ॥

হে সর্ব্বস্বামিন্! ব্রহ্মাদি যে কোন দেহধারী এই সৃষ্ট জগতে বিরাজ করিতেছেন, সকলেই আপনার মহামায়ার প্রভাবে মোহিত হইয়া বাহ্য-

আভাস।

অন্ধ হয় যে, প্রকৃত ত্যাগের ভাব তাহাদের হৃদয়ে স্থান পায় না। তাহারা যতই নিঃস্বার্থ ত্যাগের কল্পনা করুক্ না, স্বার্থ যেন অলক্ষিত ভাবে তাহাদের অন্তরে পূর্ব্বেই প্রবিষ্ট হইয়া আধিপত্য বিস্তারপূর্ব্বক অবস্থিতি করিতেছে। ভগবানই সকলের অন্তর্যামী ও হৃদয়-

সর্ব্বে বিমোহিতধিয় স্তবমায়য়েমে ব্রহ্মাদয়স্তনুভৃতো বহিরর্থভাবাঃ ॥ ১৩ ॥
তস্মাদ্ভবন্তমনবদ্যমনন্তপারং সর্ব্বজ্ঞমীশ্বরমকুণ্ঠবিকুণ্ঠধিষ্ণ্যং।

অন্বয়ঃ।

বক্তারং বিবুধেষু দেবেষু অপি ন অনুচক্ষে পশ্যামি; যতঃ তব মায়য়া বহিরর্থভাবাঃ (বহিরর্থেষু দেহপুত্রাদিপদার্থেষু ভাবোহহংমমেত্যধ্যাসো যেষাং তে) তনুভৃতঃ ইমে ব্রহ্মাদয়ঃ সর্ব্বে বিমোহিতধিয়ঃ এব ॥ ১৩ ॥

তস্মাৎ বৃজিনাভিতপ্তঃ (বৃজিনৈঃ দুঃখৈঃ অভিতঃ তপ্তঃ) নির্ব্বিন্নধীঃ (নির্ব্বিন্না সর্ব্বতো বিরক্তা ধী র্যস্য সঃ অহং উ হে ভগবন্! হ স্ফুটং, অনবদ্যং মোহাদিদোষরহিতং, অনন্ত-

শ্রীধরস্বামী।

স্বপ্রকাশস্য সত্যস্যাত্মনো আত্মনো মাং প্রতি বক্তারং তে ত্বত্তঃ অন্যং নানুচক্ষে ন পশ্যামি ঈদৃশঃ স্বতঃসিদ্ধজ্ঞানাৎ ত্বত্তোহন্যমিতি বা। কুত ইত্যত আহ সর্ব্ব ইতি। বহিরর্থভাবা বিষয়েষু অর্থবুদ্ধয়ঃ ॥ ১৩ ॥

কেচিৎ দুঃশীলা ভবন্তি কেচিৎ সেবিতাঃ ফলকালে নশ্যন্তি। কেচিদজ্ঞাঃ। কেচিৎ রক্ষণেঽসমর্থাঃ কেচিত্তু স্থানভ্রষ্টাঃ তদ্ব্যাবৃত্ত্যর্থমনবদ্যমিত্যাদীনি পঞ্চ বিশেষণানি ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বস্য মম দৃক্ জ্ঞানং যতস্তস্মাৎ আত্মনো মম আত্মনঃ পরমাত্মনস্ত্বত্তঃ সকাশাদন্যং ॥ ১৩ ॥

তস্মাদ্ভবন্তমেবাহং প্রপদ্যে। তত্র কশ্চিৎ সর্ব্বগুণমণ্ডিতোঽপি দুরাচারো ভবতীতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ অনবদ্যং। কশ্চিৎ সেবিতঃ ফলকালে বিনশ্যতীতি তদ্ব্যাবৃত্ত্যর্থমাহ

বিষয়াভিমুখে প্রবৃত্ত হইয়াছেন এবং দেহ ও পুত্রাদি পদার্থে অহঙ্কার ও মমাকারের অধ্যাসে বিমোহিত আছেন; অতএব আপনার অপেক্ষা অন্য কোন দেবতার মধ্যে ঈদৃশ তত্ত্বের উপযুক্ত বক্তা আমি নয়নগোচর করি না ॥ ১৩ ॥

আমি সংসারের সকল বিষয়ে নিরন্তর পরিতাপ ও অনন্ত দুঃখে একান্ত অভিসন্তপ্ত হইয়া সর্ব্বতোভাবে বিরক্ত হইয়াছি। হে ভগবন্! আপনাতে

আভাস।

সখা। অতএব তিনি যাহাতে উদ্ধবের প্রতি নিতান্ত দয়া প্রকাশে তাঁহার কার্য্যে সুবিধার বিধানে নিজ উপদেশভাগ কার্য্যে পরিণত করান, ইহাই উদ্ধবের একান্ত প্রার্থনা ॥ ১২ ॥ ১৩ ॥

সৃষ্ট জগতের মধ্যে সকলেই যে, সেবানুরূপ ফলপ্রদানে সমর্থ হয়, এরূপ নহে। দেবতাগণ জগতে সৃষ্ট হইয়াছেন, সুতরাং তাহারাও সৃষ্টির উপকরণ গুণের অধীন থাকিয়া সংসারধর্ম্ম ভোগ করিতেছেন। অতএব কোন দেবতা সকল ঐশ্বর্য্যে ভূষিত হইয়াও দুঃশীলতা প্রযুক্ত সেবানুরূপ ফল সেবককে প্রদান করেন না। কিন্তু ভগবান্ সকল

নির্ব্বিন্নধীরহমু হ বৃজিনাভিতপ্তো নারায়ণং নরসখং শরণং প্রপদ্যে ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

পারং (ন অন্তঃ কালতঃ পারং চ দেশতঃ যস্য তং) সর্ব্বজ্ঞং ঈশ্বরং অকুণ্ঠবিকুণ্ঠধিষ্ণ্যং (কালাদিভিরকুণ্ঠঃ বিকুণ্ঠঃ লোকঃ ধিষ্ণ্যং স্থানং যস্য তং) নরসখং (নরস্য জীবস্য সখায়ং হিতকর্ত্তারং) নারায়ণং ত্বাং শরণং প্রপদ্যে সদুপদেশেন রক্ষিতারং অধ্যবস্যামি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

অন্তঃ কালতঃ পারং দেশতশ্চ যস্য তং কালাদিভিরকুণ্ঠো বিকুণ্ঠলোকো ধিষ্ণ্যং স্থানং যস্য তং উ হে ভগবন্ হ স্ফুটং নির্ব্বেদে হেতুঃ বৃজিনৈর্দুঃখৈরভিতপ্তঃ। হকার গৌরবায় বৃকারো যুক্ত ইব পঠনীয়ঃ। নন্বনবদ্যত্বাদীনি কুতো মম তদাহ নারায়ণমিতি অনুকম্পিতামাহ নরো জীবস্তস্য সখায়ং ভবন্তং শরণং প্রপদ্যে ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনন্তপারং ন বিদ্যতেঽন্তঃ কালতো নচ পারং দেশতশ্চ যস্য তং। কশ্চিদকৃতজ্ঞো ভবতি নচ ত্বমিত্যাহ সর্ব্বজ্ঞং। কশ্চিদসমর্থো রক্ষণে নচ ত্বমিত্যাহ ঈশ্বরং। কশ্চিদভদ্রাস্পদো নচ ত্বমিত্যাহ কালাদিভিরকুণ্ঠো বিকুণ্ঠো লোকোধিষ্ণ্যং স্থানং যস্য তং। উ হে ভগবন্ নির্ব্বেদে হেতুঃ বৃজিনৈর্দুঃখৈরভিতপ্তঃ। অত্র হকার গৌরবায় বৃকারোযুক্ত ইব পঠনীয়ঃ। পরমং সর্ব্বোৎকর্ষমাহ নারায়ণং নারস্য মহৎস্রষ্ট্রাদিপুরুষসমূহস্যাপি পরমাশ্রয়ং। পরমকৃপালুত্বমাহ নরসখং নরমাত্রানুগ্রহায়াবতীর্ণমিত্যর্থঃ ॥ ১৪ ॥

মোহাদি কোন দোষজালের স্পর্শ হয় না; আপনি দেশত ও কালত অনন্ত এবং অপার। আপনি সর্ব্বজ্ঞানবান্ ও সর্বৈশ্বর্য্যসম্পন্ন। কালক্রমে যাহার কখন লোপ হয় না, তাদৃশ সঙ্কোচশূন্য বৈকুণ্ঠলোক আপনার নিত্যবাসের মন্দির হইলেও মানবগণের উদ্ধারার্থ এই মদনমোহন সখামূর্ত্তি ধারণে অবতীর্ণ হইয়াছেন। হে নারায়ণ! সর্ব্বান্তে যখন আপনিই সকলের আশ্রয়, তখন সময় থাকিতে আপনারই শরণাগত হইলাম! সদুপদেশ প্রদানে আপনিই সর্ব্বরক্ষক; এবং আপনিই আপনার প্রধান অবলম্বন ॥ ১৪ ॥

আভাস।

দোষের অতীত ও অনবদ্য; "স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ" তিনি সেবার অপেক্ষা না করিয়াও অতি সামান্যভাবে ভাগবতধর্ম্মের অনুশীলনকারীকেও মহাভয় হইতে নিবারণ করেন। কোন দেবতা সেবাসুখ সম্ভোগ করিলেন বটে, কিন্তু ফলপ্রদানের উপযুক্ত কাল উপস্থিত হইবার পূর্ব্বেই স্বয়ং বিনষ্ট হইয়া যান, সুতরাং সেবকের আশা তাদৃশ দেবতার ভজনে পূর্ণ হয় না। কিন্তু ভগবানের কখন অন্ত হয় না। যত কালই অপেক্ষা করা যাউক এবং যে কোন নিভৃত স্থানে বাস করা হউক, তাঁহার তীক্ষ্ণ

শ্রীভগবানুবাচ ॥
প্রায়েণ মনুজা লোকে লোকতত্ত্ববিচক্ষণাঃ।
সমুদ্ধরন্তি হ্যাত্মানমাত্মনৈবাশুভাশয়াৎ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। লোকে যে লোকতত্ত্ববিচক্ষণাঃ (লোকতত্ত্বস্য পরমার্থস্য বিচক্ষণাঃ পরীক্ষকাঃ তে) মনুজাঃ আত্মনা বিবেকবুদ্ধ্যা, এব আত্মানং অশুভাশয়াৎ বিষয়বাসনাতঃ, প্রায়েণ সমুদ্ধরন্তি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তদেবমসম্ভাবনা-বিপরীতভাবনাভ্যামুপদিষ্টং তত্ত্বমনবগাহমানং প্রতি তন্নিবৃত্তয়ে গুরূপদেশং বিনাপি স্বয়মেব সান্বয়ব্যতিরেকাভ্যামেব তত্ত্বপ্রতিপত্তির্ভবতীতি দর্শয়িতুমাহ প্রায়েণেতি। লোকতত্ত্বস্য বিচক্ষণাঃ পরীক্ষকাঃ। অশুভাশয়াৎ বিষয়বাসনাতঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো উদ্ধব ত্বমাত্মানং মূঢ়মতিং মন্যসে অহন্তু ত্বাদৃশং সুধিয়ং বিবুধেষপি নাবলোকে। লোকেঽপ্যত্র ত্বত্তো নিকৃষ্টা অপি গুরূপদেশং বিনাপি স্বীয়বুদ্ধি বলাদেব তত্ত্বং জানন্তো দৃশ্যন্তে কিং পুনস্ত্বং সর্ব্বসুধীমুকুটমণির্মাদৃশগুরূপদিষ্টনিখিলতত্ত্ব ইত্যাহ। প্রায়েণেতি। লোকতত্ত্ববিচক্ষণা দৃশ্যমানলোকভদ্রাভদ্রহেতুবিচারপ্রবীণাঃ। অশুভাশয়াৎ বিষয়-বাসনাতঃ ॥ ১৫ ॥

ভগবান্ বলিলেন, ইহলোকে পরমতত্ত্বের অনুসন্ধানকারী বিচক্ষণ ব্যক্তিগণ স্বীয় বিবেকবুদ্ধির দ্বারাই অশুভ বিষয়বাসনা হইতে আপনাকে সকল সময় রক্ষা করিয়া থাকেন, সন্দেহ নাই। ১৫ ॥

আভাস।

দৃষ্টি ও কারুণ্যরসের ভাব কখনই লোপ পায় না। জ্ঞানহীন বালকের শুশ্রূষা করিলে তাহার পরিণত বয়সে অপরিজ্ঞাততা নিবন্ধন কোন প্রত্যুপকারের প্রত্যাশা থাকে না; কিন্তু ভগবান সর্ব্বজ্ঞ। সূর্য্য যেমন তমোগুণে জড়িত বা তমসাচ্ছন্ন কখনই নহেন, সেইরূপ নারায়ণ কখন জ্ঞানী কখনও বা অজ্ঞানী এরূপ ভাবেরই উপপত্তি হওয়া নিতান্ত সম্ভব নহে। যিনি যে ফল প্রদানে সমর্থ নহেন, তাঁহার নিকট তাদৃশ ফল প্রত্যাশায় যত্ন করা নিষ্প্রয়োজন; কিন্তু শ্রীহরি ঈশ্বর; অর্থাৎ ইচ্ছাশক্তির শ্রেষ্ঠত্ব এক তাঁহাতেই আছে; অতএব প্রাকৃতিক ফলপ্রদানে কল্পতরুর ন্যায়, ভগবান্ ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ এই চতুর্ব্বর্গ ফলই প্রদান করিয়া ভক্তের সকল সাধ পূরণ করিয়া থাকেন। যে দেবতা যেমন উপযোগী, তিনি তাদৃশ লোকেই অধিকার করিয়া থাকেন। গীতায় উক্ত হইয়াছে, "আব্রহ্ম ভুবনা লোকা পুনরাবর্ত্তিনোঽর্জুন" ব্রহ্মাদি যাবতীয় ভুবনই সংসারাবর্ত্তে পরিভ্রমণ করিতেছে; এক নিত্য ও সত্যস্বরূপে বৈকুণ্ঠধামই বিরাজমান

আত্মনো গুরুরাত্মৈব পুরুষস্য বিশেষতঃ ।
যৎ প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রেয়োঽসাবনুবিন্দতে ॥ ১৬ ॥

অন্বয়ঃ ।

আত্মনঃ জীবসাধারণস্য, বিশেষতঃ পুরুষস্য মনুষ্যস্য, আত্মা এব গুরুঃ হিতাহিত-চিন্তকঃ যৎ যস্মাৎ অসৌ আত্মা প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রেয়ঃ (পরমপুরুষার্থভূতং আত্মানং) অনুবিন্দতে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী ।

তদুপপাদয়তি আত্মনঃ পশ্বাদিশরীরেঽপ্যাত্মৈব হিতাহিতজ্ঞানে গুরুঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

য আত্মা কঞ্চিৎ শ্রেয়ঃ প্রত্যক্ষেণ বিন্দতে কিঞ্চিৎ পরামৃশ্যানুমানেনাপি ॥ ১৬ ॥

মনুষ্যদেহধারী পুরুষের কথা দূরে থাকুক, সাধারণত জীবমাত্রের আত্মাই হিতাহিত-বিচারে প্রধান গুরু; কারণ এই সত্যপক্ষপাতী বিবেকবুদ্ধিই প্রত্যক্ষ ও অনুমানাদির প্রয়োগে জীবকে পরমপুরুষার্থস্বরূপ জীবতত্ত্বকে উপলব্ধি করায় ।। ১৬ ।।

আভাস ।

থাকে; কারণ ইহা ভগবানের নিত্য আবাস স্থান। কোন প্রকার কুণ্ঠিত ভাব ইহাকে দেশত বা কালত স্পর্শ করে না। সকল দেবতাই স্বপ্রয়োজন অনুসারে সেবকের উপকার করেন; কিন্তু ভগবান্ নারায়ণ আরাধনা বা সেবার অপেক্ষা না করিয়া কেবল জীবের উদ্ধারার্থই নরবেশ ধারণ করিয়া জগতে নরসখারূপে আবির্ভূত হন। অতএব এমন পরম কারুণিক ভগবানকে প্রত্যক্ষে দর্শন করিয়া কোন্ নির্ব্বোধ ব্যক্তি তাঁহার শরণ লইতে কুণ্ঠিত হয় ॥ ১৪ ॥

উদ্ধবোক্ত বচনে প্রকাশ হইয়াছিল যে, তিনি ভগবানের উপদেশবাক্য বিশেষরূপে প্রণিধান করিতে পারেন নাই। তাঁহার ধারণা ছিল যে, গুরূপদেশ ব্যতীত তাদৃশ গূঢ় রহস্য সকল কখনই হৃদয়ে স্থান পাইবে না; এই নিমিত্ত সম্পূর্ণ কাতরপ্রাণে শ্রীকৃষ্ণের শরণাগত হইয়াছিলেন। কিন্তু শ্রীহরি তাঁহাকে অসম্ভাবনা ও বিপরীতভাবনা হইতে নিবারণ করত উৎসাহ প্রদান পূর্ব্বক বলিলেন, হে উদ্ধব! তুমি আপনাকে যেরূপ নির্ব্বোধ মনে করিতেছ, আমি কিন্তু সেরূপ মনে করি না। অধিক কি! স্বর্গবাসী অমরবৃন্দের মধ্যেও তোমার ন্যায় বুদ্ধিমান ব্যক্তি অতি বিরল জ্ঞান করি। তুমি বিবেচনা করিয়াছ যে, গুরুর বিশেষ কৃপাপূর্ণ উপদেশ ব্যতীত সংসারাসক্ত তাদৃশ মন্দমতি জীবের কখনই তত্ত্বজ্ঞান উদয় হয় না; তাহা নহে। আত্মবিবেকের বিশেষ প্রয়োজন। বিবিধ পুষ্টিকারক ভোজনদ্রব্যের ব্যবস্থা পিতা করিলেও বালকের ক্ষুধার অভাবে যেমন সেই সমস্ত দ্রব্যে তাহার কোন উপকার ঘটে না, বরং পীড়ারই উদ্রেক হয়; সেইরূপ যাহার নিজের

পুরুষত্বেচ মাং ধীরাঃ সাংখ্যযোগবিশারদাঃ।
আবিস্তরাং প্রপশ্যন্তি সর্ব্বশক্ত্যুপবৃংহিতং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

পুরুষত্বে পুরুষজন্মনি সাংখ্যযোগবিশারদাঃ (সাংখ্যং চিদচিদ্বিবেচকং শাস্ত্রং, যোগো ভগবদুপাসনং তাভ্যাং বিশারদাঃ নিপুণবুদ্ধয়ঃ) অত ধীরাঃ (নির্জ্জিতদেহেন্দ্রিয়াদিসংঘাতাঃ পুরুষাঃ) সর্ব্বশক্ত্যুপবৃংহিতং (সর্ব্বাভিঃ জ্ঞানৈশ্বর্য্যাদিশক্তিভিঃ উপবৃংহিতং পূর্ণং আত্মানং) মাং আবিস্তরাং প্রপশ্যন্তি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তত্র প্রত্যক্ষং দর্শয়তি পুরুষত্বেচেতি। তথাচ শ্রুতিঃ পুরুষত্বে চাবিস্তরামাত্মা সহি প্রজ্ঞানেন সম্পন্নতমো বিজ্ঞানং বদতি বিজ্ঞাতং পশ্যতি বেদ শ্বস্তনং বেদলোকালোকৌ মর্ত্ত্যেনামৃতমীপ্সত্যেবং সম্পন্নোঽথেতরেষাং পশূনামশনাপিপাসে এবাভিজ্ঞানমিতি হীত্যাদি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপি মনুষ্যদেহগতা এব জীবাঃ প্রায়ো মাং জ্ঞাতুং প্রভবন্তীত্যাহ। পুরুষত্বেচেতি। তত্রাপি ধীরাঃ নির্মৎসরাস্তত্রাপি সাংখ্যং জ্ঞানযোগোভক্তিযোগস্তয়ো বিচক্ষণাঃ। তথাচ শ্রুতিঃ। পুরুষত্বেচাবিস্তরামাত্মাসহিতপ্রজ্ঞানেন সম্পন্নতমো বিজ্ঞাতং বদতি বিজ্ঞাতং পশ্যতি। বেদ শ্বস্তনং বেদ লোকালোকৌ মর্ত্ত্যেনামৃতমীপ্সত্যেবং সম্পন্নোঽথেতরেষাং পশূনামশনাপিপাসে এবাভিজ্ঞানমিতি ॥ ১৭ ॥

মানবযোনিতে জন্ম পরিগ্রহ করিয়া জীব আত্মানাত্মবিচারক সাংখ্য জ্ঞান ও ভগবদুপাসনারূপ যোগমার্গে বিশেষ নৈপুণ্য লাভ করত যখন দেহাদি ইন্দ্রিয়গ্রামকে বিশেষরূপে বশীভূত করিতে সক্ষম হয়, তখনই সর্ব্বশক্তিমান্ সর্ব্বেশ্বর আমাকে সর্ব্বতোভাবে অবগত হইতে পারে, সন্দেহ নাই ॥ ১৭ ॥

আভাস।

প্রজ্ঞা নাই, তাহার পক্ষে গুরুর উপদেশবাক্যে কোন বিশেষ উপকার জন্মে না। বরং অভিমানেরই উদ্রেক হইয়া থাকে। হিতকার্য্যে প্রবৃত্তি (অন্বয়) ও অহিত কার্য্য হইতে নিবৃত্তি (ব্যতিরেক); তাহা যে কেবল গুরুর উপদেশেই হয় এমত নহে; বিচক্ষণ ব্যক্তিরা নিজের প্রজ্ঞা ও অনুসন্ধানাত্মিকা বুদ্ধির বলেই ভাল মন্দ বিচার পূর্ব্বক তত্তৎ কার্য্যে প্রবৃত্ত বা নিবৃত্ত হইয়া থাকেন। প্রজ্ঞাই জীবের পরম বন্ধু ও হিতাহিত বিচারে পরম গুরু। গুরুর উপদেশ অনুসরণ পূর্ব্বক সাংখ্যযোগাদি বিবিধ শাস্ত্রের মর্ম্মে প্রবেশও এক প্রজ্ঞার প্রভাবে ঘটে; জ্ঞান, যোগ বা ভক্তি ইহার কোনটী প্রজ্ঞাবিহীন ব্যক্তির অদৃষ্টে কখন সম্ভব হয় না। শ্রুতি স্পষ্টাক্ষরে প্রকাশ করিয়াছেন যে, মনুষ্য কেবল প্রজ্ঞার বলে হৃদয়স্থ পরম পুরুষকে অবধারণে সক্ষম হয়; কর্ত্তব্যাকর্ত্তব্য যাবতীয় বোধ এক প্রজ্ঞাই উদয় করিয়া

এক দ্বি ত্রি চতুষ্পাদো বহুপাদস্তথাপদঃ।
বহ্ব্যঃ সন্তি পুরঃ সৃষ্টাস্তাসাং মে পৌরুষী প্রিয়াঃ॥ ১৮॥
অত্র মাং মৃগয়ন্ত্যদ্ধা যুক্তা হেতুভিরীশ্বরং।

অন্বয়ঃ।

একদ্বিত্রিচতুষ্পাদঃ (দ্বন্দ্বান্তেপ্রযুক্তস্য পাৎশব্দস্য একাদিভিঃ প্রত্যেকং সম্বন্ধঃ) বহুপাদঃ তথা অপদঃ বহ্ব্যঃ পুরঃ শরীরাণি সৃষ্টাঃ সন্তি তাসাং মধ্যে পৌরুষী মানুষী তনুঃ মে প্রিয়া॥ ১৮॥

অত্র পৌরুষ্যাং পুরি যুক্তাঃ অপ্রমত্তাঃ পুরুষাঃ (চক্ষুষা) অগ্রাহ্যং ঈশ্বরং মাং গৃহ্যমাণৈঃ গুণৈঃ বুদ্ধ্যাদিভিঃ হেতুভিঃ (জড়ানাং বুদ্ধ্যাদীনাং প্রকাশঃ স্বপ্রকাশং চৈতন্যং বিনা ন

শ্রীধরস্বামী।

অতঃ পুরুষত্বং স্তৌতি একেতি॥ ১৮॥

অনুমানমাহ অত্রেতি। পৌরুষ্যাং পুরি যুক্তা অপ্রমত্তাঃ অগ্রাহ্যং গ্রাহেভ্যোঽহঙ্কারাদিভ্যো ব্যতিরিক্তং মাং অদ্ধা সাক্ষাম্মৃগয়ন্তে মার্গনে প্রকারমাহ গৃহ্যমাণৈ বুদ্ধ্যাদিভিগুণৈর্হেতুভিঃ জড়ানাং প্রকাশঃ স্বপ্রকাশমেকং বিনা ন ঘটত ইতি অনুপপত্তিমুখেন লক্ষকৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতঃ পুরুষত্বং স্তৌতি। একেতি॥ ১৮॥

অত্র পৌরুষ্যাং পুরিস্থিতা অদ্ধা সাক্ষান্মাং কৃষ্ণরূপিণমপীশ্বরং মার্গয়ন্তি যুক্তা ভক্তিযোগবন্তঃ। হেতুভিঃ শ্রবণকীর্ত্তনাদ্যৈঃ। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি মদুক্তেঃ। নন্বু বুদ্ধ্যাদিপ্রবর্ত্তকং ত্বামনুমানেন মার্গয়ন্তো দৃশ্যন্ত ইত্যত আহ গৃহ্যমাণৈর্বুদ্ধ্যাদিভির্গুণৈ-

একপদ, দ্বিপদ, ত্রিপদ, চতুষ্পদ এবং বহুপদ ও অপদ প্রভৃতি বহুবিধ প্রাণিদেহ এই জগতে সৃষ্ট হইয়াছে; কিন্তু সেই সকলের মধ্যে এক মনুষ্যদেহই আমার নিতান্ত প্রিয়॥ ১৮॥

বুদ্ধি প্রভৃতি ত্রয়োবিংশতি তত্ত্বই জড়; চৈতন্যস্বরূপের অনুগ্রহ ব্যতীত কখন বুদ্ধ্যাদি জড়পদার্থে প্রকাশভাব বা জ্ঞানের অভিব্যক্তি হয় না, ইত্যাদি

আভাস।

দেয়। এমন কি! ভোজনাদি ব্যাপারও প্রজ্ঞা ব্যতীত সুসম্পন্ন হয় না॥ ১৫॥ ১৬॥ ১৭॥

ধীমান্ ব্যক্তিগণ স্বীয় হৃদয়মন্দিরে ভগবান্‌কে যে অনুমানের দ্বারা নির্ণয় করেন, তাহাও প্রজ্ঞার প্রসাদে মাত্র। ইন্দ্রিয়াদি বাহ্য ও বুদ্ধ্যাদি আভ্যন্তরিক করণযোগে কেবল বিষয় ও তন্নিষ্ঠ ভাবেরই প্রতীতি হয়; তবে যিনি মনকে মননশক্তি প্রদানে সতত হৃদয়মন্দিরে বিরাজ করিতেছেন, তাঁহাকে উপলব্ধি করা কেবল শব্দজ্ঞানে হয় না; সেটীও প্রজ্ঞার পরিচয়, সন্দেহ নাই। যেমন বাস্যাদিতে ছেদনের যোগ্যতা সত্ত্বেও

গৃহ্যমাণৈর্গুণৈর্লিঙ্গৈরগ্রাহ্যমনুমানতঃ ॥ ১৯ ॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনং।

অন্বয়ঃ।

ঘটতে ইত্যাদিযুক্তিভিঃ) তথা তৈঃ এব লিঙ্গৈঃ অনুমানতঃ ঈশ্বরং প্রবর্ত্তকং মাং মৃগয়ন্তি ॥ ১৯ ॥

অত্র (অন্বয়ব্যতিরেকাভ্যাং অসম্ভাবনাদি নিবার্য্য আত্মনৈব আত্মনঃ সমুদ্ধারে) অব-

শ্রীধরস্বামী।

তথা তৈরেব লিঙ্গৈর্ব্যাপ্তিমুখেনানুমানত ঈশ্বরং প্রবর্ত্তকং মৃগয়ন্তে বুদ্ধ্যাদিকরণানি কর্ত্তৃপ্রযোজ্যানি করণত্বাৎ বাস্যাদিবৎ ইতি তদুক্তং ভগবান্ সর্ব্বভূতেষু লক্ষিতঃ স্বাত্মনা হরিঃ। দৃশ্যৈ র্বুদ্ধ্যাদিভি র্দ্রষ্টা লক্ষণৈরনুমাপকৈরিতি। নচৈতাবতা আনুমানিক আত্মেতি মন্তব্যং দেহাদিব্যতিরিক্ত ত্বংপদার্থশুদ্ধমাত্রস্যৈবানুমানেন বিবক্ষিতত্বাৎ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লিঙ্গৈর্ব্যাপ্তিমুখেন যদনুমানং তস্মাদগ্রাহ্যং বুদ্ধ্যাদিকরণানি কর্ত্তৃপ্রযোজ্যানি করণত্বা-দ্বাস্যাদিবদিত্যনুমানেনাস্বতন্ত্রঃ কর্ত্তা জীবোঽনুমীয়তে তথা প্রযোজকঃ স্বতন্ত্রোঽন্তর্যামী চ কথঞ্চিদনুমীয়তে নতু কৃষ্ণঃ স্বয়ং ভগবানহং মম তর্কাতীতস্বাম্যদ্রূপগুণলীলৈশ্বর্য্যাণামপ্যত-র্ক্যত্বাদিতি ॥ ১৯ ॥

যুক্তি ও অনুমান দ্বারা ইন্দ্রিয়াদির অগোচর সর্ব্বেশ্বর আমিই যে সকলের প্রবর্ত্তক, তাহা অপ্রমত্ত সমাহিতচেতা ব্যক্তিগণ এই পুরুষদেহেই বিশেষরূপে নির্ণয় করিয়া থাকেন ॥ ১৯ ॥

এস্থলে অনুকূল ও প্রতিকূল বিচারে আত্মবিবেকই যে আত্মোদ্ধারের উপায়, তাহা এই অমিততেজা অবধূত ও পরমবিবেকী যদুরাজের সংবাদ-নামক পুরাতন ইতিহাস বৃদ্ধগণ যাহা বর্ণন করিয়া থাকেন, তাহাই আমি

আভাস।

বাস্যাদিপ্রয়োগের কর্ত্তার প্রয়োজন হয়, নতুবা অচেতন বাস নিরর্থক পতিত থাকে, সেইরূপ ইন্দ্রিয়াদি যাবতীয় বিষয়-পরিমাপক পদার্থই জড়; এক চেতন তিনি মাত্র। তাঁহার অধিষ্ঠানেই সকলে কার্য্য করে; নতুবা জড়ের ন্যায় নিরর্থক পতিত থাকে। এতদর্থে শ্রুতিও বলিয়াছেন, "যন্মনসা ন মনুতে যেনাহুর্মনো মতং তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে। যচ্চক্ষুষা ন পশ্যন্তি যেন চক্ষূংষি পশ্যতি" ইত্যাদি অতএব যাঁহার বিদ্যমানতাগুণে সকলের স্ব স্ব সামর্থ্যের পরিচয় হয়, তিনিই ব্রহ্মস্বরূপ; এ জ্ঞানও বিজ্ঞানবলে জন্মে। এতদ্দ্বারা দেহাদি প্রপঞ্চভাগ হইতে শুদ্ধ ত্বংপদার্থের নির্ণয়েই ব্রহ্মজ্ঞান জন্মে ॥ ১৯ ॥

অবধূতস্য সম্বাদং যদোরমিততেজসঃ ॥
অবধূতং দ্বিজং কঞ্চিচ্চরন্তমকুতোভয়ং ।
কবিং নিরীক্ষ্য তরুণং যদুঃ পপ্রচ্ছ ধর্ম্মবিৎ ॥ ২০ ॥
যদুরুবাচ ॥
কুতো বুদ্ধিরিয়ং ব্রহ্মন্নকর্ত্তুঃ সুবিশারদা ।
যামাসাদ্য ভবাল্লোকং বিদ্বাংশ্চরতি বালবৎ ॥ ২১ ॥

অন্বয়ঃ ।

ধূতস্য অমিততেজসঃ পরমবিবেকিনঃ যদোঃ চ সম্বাদং ইমং পুরাতনং ইতিহাসং অপি উদাহরন্তি ॥

হে উদ্ধব ! ধর্ম্মবিৎ যদুঃ কঞ্চিৎ তরুণং যুবানং, কবিং বিবেকিনং, (অতএব) অকুতোভয়ং নির্ভয়ং, চরন্তং, অবধূতং অভ্যঙ্গাদিসংস্কাররহিতদেহং, দ্বিজং নিরীক্ষ্য পপ্রচ্ছ ॥ ২০ ॥

যদুঃ উবাচ। হে ব্রহ্মন্! অকর্ত্তুঃ (ইন্দ্রিয়প্রীতয়ে কর্ম্মাণি অকুর্ব্বতঃ তব) ইয়ং সুবিশারদা অতিনিপুণা বুদ্ধিঃ কুতঃ (জাতা) ; যাং বুদ্ধিং আসাদ্য, বিদ্বান্ অপি ভবান্ বালবৎ লোকং চরতি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

ভূয়োঽন্বয়ব্যতিরেকাভ্যামসম্ভাবনাদিনিবৃত্তাবিতিহাসমাহ অত্রাপীতি ॥ ২০ ॥
সুবিশারদা অতিনিপুণা সর্ব্বলোকবিলক্ষণা ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্রাপি অনুমানগম্যত্বেঽপ্যন্তর্যামিস্বরূপস্য মম প্রাপ্তাবিমং ॥ ২০ ॥ ২১ ॥

উদাহরণ-চ্ছলে বর্ণন করিতেছি, শ্রবণ কর ॥

এক দিবস পরমধার্ম্মিক যদু একটী তরুণবয়স্ক পরমবিবেকী ব্রাহ্মণকে নির্ভয়-চিত্তে ইতস্তত বিচরণ করিতে অবলোকন করিলেন ; সেই ব্রাহ্মণের দেহাদিসংস্কারে সম্পূর্ণ উপেক্ষাবিশিষ্ট অবধূত ভাব নিরীক্ষণ করিয়া তাঁহাকে জিজ্ঞাসা করত বলিলেন ॥ ২০ ॥

হে ব্রহ্মন্ ! আপনি ইন্দ্রিয়-চরিতার্থের নিমিত্ত কোন কর্ম্মই করিতেছেন না, অথচ আপনার এরূপ সুনিপুণ ও বিচক্ষণা বুদ্ধি কোথা হইতে উৎপন্ন হইল, যাহার আশ্রয়ে বিশেষ জ্ঞানবান্ হইয়াও আপনি বালকের ন্যায় জগতে বিচরণ করিতেছেন ? ॥ ২১ ॥

হে দ্বিজোত্তম ! মানবগণ প্রায় সকলেই আয়ুঃ, শ্রীঃ ও যশেরই প্রার্থনায়

প্রায়ো ধর্ম্মার্থকামেষু বিবিৎসায়াঞ্চ মানবাঃ।
হেতুনৈব সমীহন্তে আয়ুষো যশসঃ শ্রিয়ঃ ॥ ২২ ॥
ত্বন্তু কল্পঃ কবির্দক্ষঃ সুভগো মিতভাষণঃ।
ন কর্ত্তা নেহসে কিঞ্চিজ্জড়োন্মত্তপিশাচবৎ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে দ্বিজ! প্রায়ঃ মানবাঃ আয়ুষঃ, যশসঃ, তথা শ্রিয়ঃ এব হেতুনা ধর্ম্মার্থকামেষু (তথা) বিবিৎসায়াং তত্তৎসাধনবিচারে চ সমীহন্তে প্রবর্ত্তন্তে ॥ ২২ ॥

ত্বং তু কল্পঃ সমর্থঃ, কবিঃ জ্ঞানী, দক্ষঃ নিপুণঃ, সুভগঃ সুন্দরঃ, মিতভাষণঃ সন্ অপি জড়োন্মত্তপিশাচবৎ (বর্ত্তমানঃ) ন কিঞ্চিৎ ঈহসে ইচ্ছসি (অতঃ কস্যাপি কর্ম্মণঃ) কর্ত্তা ন ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

বৈলক্ষণ্যমেবাহ প্রায় ইতি। ধর্ম্মাদিষু বিবিৎসায়ামাত্মবিচারেচ মানবাঃ সমীহন্তে বর্ত্তন্তে তত্রাপি আয়ুরাদের্হেতুনা কামনয়ৈব ॥ ২২ ॥

ত্বন্তু ন কস্যচিৎ কর্ম্মণঃ কর্ত্তা ভবসি নচ কিঞ্চিদীহসে ইচ্ছসি ননু অশক্ত্যা বা অজ্ঞানেন বা অনৈপুণ্যেন বা বিরূপত্বেন বা অবাগ্মিতয়া বা ঔদাসীন্যং ঘটত এব নেত্যাহ কল্প ইত্যাদিনা ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মার্থকামেষু বিবিৎসায়াং বিবিদিষায়ামাত্মবিচারে চ আয়ুরাদের্হেতুনা কামনয়ৈব সমীহন্তে প্রবর্ত্তন্তে ॥ ২২ ॥

ত্বন্তু ন কস্যচিৎ কর্ম্মণঃ কর্ত্তা নচ কিমপীহসে তত্র কল্প ইতি ন ত্বসামর্থ্যেনেত্যর্থঃ। কবিরিতি নাজ্ঞানেন দক্ষ ইতি নত্বনৈপুণ্যেন সুভগ ইতি নতু কৌরূপ্যেণ হেতুনা বনিতাদিকমিচ্ছসীত্যর্থঃ। মিতভাষণ ইতি নত্ববাগ্মিতয়া কেনাপি সহ সংলাপমিচ্ছসীত্যর্থঃ। কিন্ত্বেতাদৃশোঽপি জড়াদিবদ্বর্ত্তসে ॥ ২৩ ॥

ধর্ম্মার্থকামাদির অনুষ্ঠানে বা তত্তৎসাধনের বিচারে প্রবৃত্ত হয়, দেখা যায় ॥ ২২ ॥

কিন্তু আপনি এক জন অল্পবয়স্ক, সামর্থ্যবান্, জ্ঞানী, কার্য্যদক্ষ, শ্রীসম্পন্ন ও মিতভাষী হইয়াও জড়, উন্মত্ত ও পিশাচের ন্যায় আচরণ করিতেছেন; জগতের কোন পদার্থের প্রতিই আপনার আকাঙ্ক্ষা নাই; সম্পূর্ণ নির্লিপ্তের ন্যায় ব্যবহার করিতেছেন ॥ ২৩ ॥

জনগণ কামলোভাদির ঘোর দাবানলে নিরন্তর পরিদগ্ধ হইলেও সুরতরঙ্গিণীর সুবিমল সলিলাবগাহনে সচ্ছন্দচারী কুঞ্জরের ন্যায়, আপনি

জনেষু দহ্যমানেষু কামলোভদবাগ্নিনা।
ন তপ্যসেঽগ্নিনা মুক্তো গঙ্গাম্ভস্থ ইব দ্বিপঃ ॥ ২৪ ॥
ত্বং হি নঃ পৃচ্ছতাং ব্রহ্মন্নাত্মন্যানন্দকারণং।
ব্রূহি স্পর্শবিহীনস্য ভবতঃ কেবলাত্মনঃ ॥

অন্বয়ঃ।

কামলোভদবাগ্নিনা জনেষু দহ্যমানেষু অপি ত্বং গঙ্গাম্ভস্থঃ দ্বিপঃ ইব অগ্নিনা কামাদ্যগ্নিনা মুক্তঃ সন্ ন তপ্যসে ॥ ২৪ ॥

হে ব্রহ্মন্! স্পর্শবিহীনস্য বিষয়ভোগরহিতস্য (অতএব) কেবলাত্মনঃ বিশুদ্ধান্তঃকরণস্য ভবতঃ আত্মনি মনসি, আনন্দকারণং পৃচ্ছতাং নঃ অস্মাকং হি ব্রূহি ॥

শ্রীধরস্বামী।

মহানানন্দশ্চ তব কুত ইতি পৃচ্ছতি জনেষ্বিতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ তরুণস্যাপি তব কামাদিসন্তাপো ন কুত ইতি পৃচ্ছতি জনেষ্বিতি ॥ ২৫ ॥

মুখ্যমেব বার্ত্তাং কথয়তীতি ভাবেন দৃশ্যমান এতাবানানন্দশ্চ তব কুত ইতি পৃচ্ছতি ত্বং হীতি। স্পর্শো বিষয়ভোগঃ কেবলাত্মন একাকিনঃ ॥

কামাদি সর্ব্ববাসনায় নির্ম্মুক্ত হইয়া শান্তিপ্রস্রবণে নিরন্তর ভাসমান লক্ষিত হইতেছেন ॥ ২৪ ॥

হে ব্রহ্মন্! বিষয়ভোগে জলাঞ্জলি দিয়া সম্পূর্ণ অনাসক্তচিত্তে সর্ব্বক্ষণ যে পরমানন্দ নিজহৃদয়ে উপভোগ করিতেছেন, তাহার কারণ জানিবার জন্য আমার সাতিশয় উৎসুক জন্মিয়াছে; অনুগ্রহ পূর্ব্বক তাহা বর্ণন করুন ॥

আভাস।

বিনয়াবনত ব্রাহ্মণসেবী ধার্ম্মিকচূড়ামণি মহারাজ যদুর প্রশ্নে নিতান্ত সন্তুষ্ট হইয়া অবধূত ব্রাহ্মণ তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহারাজ! জ্ঞানদাতা গুরুর অন্বেষণে যাঁহারা বৃথায় কালাতিপাত করেন, তাঁহাদিগকে কখন বিচক্ষণ ও সুপণ্ডিত বলিয়া স্বীকার করা যায় না। কারণ শিষ্যের অভাব ও অধিকার অনুসারে উপদেশ প্রদান করিতে পারেন, এরূপ গুরু নিতান্তই বিরল; তাদৃশ গুরু থাকিলেও তাঁহার দ্বারা শিষ্যের তাদৃশ উপকার সাধনের সেরূপ সম্ভাবনা ঘটে না, যাদৃশ উপকার অন্তরের গুরুর নিকট জীব লাভ করিয়া থাকে। যদি প্রকৃত জ্ঞানের জন্য চিত্তে আকাঙ্ক্ষার উদয় হয়; ভগবান্ স্বয়ং গুরুরূপে উপস্থিত হইয়া সেই মুমুক্ষু জীবকে উদ্ধার করিয়া থাকেন; তিনি কাহারও সেবার অপেক্ষা করেন না, অথচ উপদেশ প্রদানার্থ জগতে অনন্ত বস্তুর রচনা করত অনন্ত ভাবে উপদেশ প্রদান করিতেছেন। যাহার যে বিষয়ের অভাব, তিনি তাহাই এই স্বভাবের

শ্রীভগবানুবাচ ॥

যদুনৈবং মহাভাগো ব্রহ্মণ্যেন সুমেধসা।
পৃষ্টঃ সভাজিতঃ প্রাহ প্রশ্রয়াবনতং নৃপং ॥ ২৫ ॥

ব্রাহ্মণ উবাচ ॥

সন্তি মে গুরবো রাজন্ বহবো বুদ্ধ্যুপাশ্রিতাঃ।
যতো বুদ্ধিমুপাদায় মুক্তোঽটামীহ তান্ শৃণু ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। ব্রাহ্মণভক্তেন, সুমেধসা বুদ্ধিমতা, যদুনা এবং সভাজিতঃ সৎকৃতঃ পূজিতঃ, পৃষ্টঃ চ মহাভাগঃ ভগবদুপাসনাদিতেজোযুক্তঃ, দ্বিজঃ প্রশ্রয়াবনতং (প্রশ্রয়েন বিনয়েন অবনতং) নৃপং প্রাহ ॥ ২৫ ॥

ব্রাহ্মণঃ উবাচ। হে রাজন্! বুদ্ধ্যুপাশ্রিতাঃ (বুদ্ধ্যা এব উপাশ্রিতাঃ স্বীকৃতাঃ) মে বহবঃ গুরবঃ সন্তি; যতঃ যেভ্যঃ গুরুভ্যঃ বুদ্ধিং উপাদায় শিক্ষিত্বা (তাপত্রয়াৎ) মুক্তঃ ইহ ভূলোকে পর্য্যটামি তান্ গুরূন্ শৃণু ॥

শ্রীধরস্বামী।

স্পর্শবিহীনস্য বিষয়ভোগরহিতস্য অত্র হেতুঃ কেবলাত্মনঃ কলত্রাদিশূন্যস্য ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মণ্যেনেতি তৎপরিচর্য্যয়ৈব তদ্বশীকরিষ্ণুনেত্যর্থঃ। সুমেধসেতি স্ববুদ্ধিপ্রণীতত্বমন-স্কেনেতি তৎপ্রতিবচনে হেতুঃ ॥ ২৫ ॥

ভগবান্ বলিলেন, হে উদ্ধব! ব্রাহ্মণভক্ত ধীমান্ যদুকর্ত্তৃক এইপ্রকারে অভিহিত ও পূজিত হইয়া সেই তেজঃপুঞ্জ-কলেবর অবধূত ব্রাহ্মণ বিনয়াবনত মহারাজ যদুকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২৫ ॥

হে রাজেন্দ্র! আমি কেবল নিজের বুদ্ধিবলে যাহাদের নিকট হইতে উপদেশ শিক্ষা করিয়াছি, এরূপ গুরু আমার অনেকগুলি আছে। সেই সকল গুরুগণের নিকট হইতে জ্ঞান উপার্জ্জন করত এই সংসারের ত্রিতাপ হইতে মুক্তিলাভে আমি নিঃশঙ্কের ন্যায় সর্ব্বত্র বিচরণ করিতেছি; একে একে তাঁহাদের সকলের নাম উল্লেখ করিতেছি শ্রবণ কর।

আভাস।

হট্ট হইতে সংগ্রহ করিতে পারেন। অন্য লোকের সাহায্যে নিজের রুচি ও অভাবের অনুসারে ব্যবহারোপযোগী বস্তু সংগ্রহ করা যত সঙ্গত, স্বয়ং পণ্যস্থলে গমন করত দোষ ও গুণ বিচারপূর্ব্বক পদার্থসংগ্রহ তদপেক্ষা অনেক শ্রেষ্ঠ। অতএব যাঁহারা স্বভাবের প্রতি তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া দোষগুণ বিচার পূর্ব্বক কার্য্যে অগ্রসর হইতে পারেন, তাঁহারা এক জন

পৃথিবী বায়ুরাকাশমাপোঽগ্নিশ্চন্দ্রমা রবিঃ।
কপোতোঽজগরঃ সিন্ধুঃ পতঙ্গো মধুকৃদ্গজঃ॥ ২৬॥
মধুহা হরিণো মীনঃ পিঙ্গলা কুররোঽর্ভকঃ।
কুমারী শরকৃৎ সর্প ঊর্ণনাভিঃ সুপেশকৃৎ॥ ২৭॥

অন্বয়ঃ।

তত্র পৃথিবী প্রথমঃ, বায়ুঃ দ্বিতীয়ঃ, আকাশং তৃতীয়ঃ, আপঃ চতুর্থঃ, অগ্নিঃ পঞ্চমঃ, চন্দ্রঃ ষষ্ঠঃ, রবিঃ সপ্তমঃ, কপোতঃ অষ্টমঃ, অজগরঃ নবমঃ, সিন্ধুঃ দশমঃ, পতঙ্গঃ একাদশঃ, মধুকৃৎ দ্বাদশঃ, গজঃ ত্রয়োদশঃ॥ ২৬॥

মধুহা চতুর্দ্দশঃ, হরিণঃ পঞ্চদশঃ, মীনঃ ষোড়শঃ, পিঙ্গলা সপ্তদশঃ, কুররঃ অষ্টাদশঃ, অর্ভকঃ একোনবিংশঃ, কুমারী বিংশঃ, শরকৃৎ একবিংশঃ, সর্পঃ দ্বাবিংশঃ, ঊর্ণনাভিঃ ত্রয়োবিংশঃ, সুপেশকৃৎ চতুর্ব্বিংশঃ॥ ২৭॥

শ্রীধরস্বামী।

বুদ্ধ্যোবোপাশ্রিতাঃ স্বীকৃতা নতূপদেশেন অটামি পর্য্যটামি॥ ২৬॥

শোভনং রূপং কীটকস্য করোতীতি সুপেশকৃৎ॥ ২৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বুদ্ধ্যোবোপাশ্রিতাঃ নতূপদেশেন সাংসারিকসন্তাপামুক্তঃ॥ ২৬॥ ২৭॥

পৃথিবী, অনিল, আকাশ, জল, অগ্নি, চন্দ্র, সূর্য্য, পারাবত, অজগর, সমুদ্র, পতঙ্গ, মধুমক্ষিকা এবং হস্তী এই ত্রয়োদশ॥ ২৬॥

এবং ভ্রমর, হরিণ, মীন, পিঙ্গলা বেশ্যা, কুরর পক্ষী, বালক, কুমারী, শরনির্ম্মাতা, সর্প, ঊর্ণনাভি ও সুপেশকৃৎ কীট এই সর্ব্বসমেত চতুর্ব্বিংশতি জন॥ ২৭॥

আভাস।

সমানজাতি বা সধর্ম্মী গুরু সংগ্রহ করা অপেক্ষা জগদ্গুরু সাক্ষাৎ ভগবানের ক্রিয়া কলাপ পরিদর্শনে বিশেষ পাণ্ডিত্য ও বিচক্ষণতা লাভ করিতে পারেন, সন্দেহ নাই। ভগবান্ তাঁহার সৃষ্ট জগতের সর্ব্বত্র উন্নতি বা অবনতি লাভের প্রশস্ত পথ ও উপায় প্রদর্শিত করিয়া রাখিয়াছেন। সেই জাগতিক পদার্থকে ঈশ্বরের নিয়মবাহী অতএব ঈশ্বরস্থানীয় গুরুরূপে জ্ঞান করত যাঁহারা সংসার-পথে যাত্রা করিতে পারেন, তাঁহারাই সুশৃঙ্খলা পূর্ব্বক এই অনন্ত ও অপার সংসারপথকে যে অনায়াসে উত্তীর্ণ হইতে পারেন, সে বিষয়ে আর সন্দেহ নাই। এই নিমিত্ত অবধূত ব্রাহ্মণ লৌকিক গুরুর কথা উল্লেখ না করিয়া, প্রকৃতিনিষ্ঠ উপদেশপ্রদ গুরুর নাম উল্লেখ করত যদুরাজকে সংযতচিত্তে ভগবানের নিয়মের অনুসরণ করিতে উপদেশ দিয়াছিলেন॥

তাঁহার দ্বিতীয় গুরু বুদ্ধি; অর্থাৎ অনন্ত জগতে অনন্ত উপদেশ পাইলেও যদি বিবেক

এতে মে গুরবো রাজংশ্চতুর্বিংশতিরাশ্রিতাঃ।
শিক্ষাবৃত্তিভিরেতেষামন্বশিক্ষমিহাত্মনঃ ॥ ২৮ ॥
যতো যদনুশিক্ষামি যথা বা নাহুষাত্মজ।
তত্তথা পুরুষব্যাঘ্র নিবোধ কথয়ামি তে ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

এতে চতুর্বিংশতিঃ গুরবঃ মে ময়া আশ্রিতাঃ; এতেষাং বৃত্তিভিঃ আত্মনঃ স্বস্য ইহ শিক্ষাঃ শিক্ষণীয়ান্ অর্থান্ অন্বশিক্ষং জ্ঞাতবান্ অস্মি ॥ ২৮ ॥

হে পুরুষব্যাঘ্র নাহুষাত্মজ (নাহুষঃ যযাতিঃ তস্য আত্মজ পুত্র) যতঃ যস্মাৎ গুরোঃ যৎ যৎ হেয়মুপাদেয়ং বা অর্থং অনুশিক্ষামি তৎ তথা কথয়ামি ত্বং নিবোধ শৃণু ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

মে ময়া আশ্রিতাঃ তদাহ এতেষাং বৃত্তিভিরাত্মনঃ শিক্ষাঃ শিক্ষণীয়ান্ অর্থান্ হেয়োপাদেয়াদীন্ অন্বশিক্ষং অনুশিক্ষিতবানস্মি ॥ ২৮ ॥

নাহুষো যযাতিঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতেষাং বৃত্তিভিরেবাত্মনঃ শিক্ষাঃ শিক্ষণীয়ানর্থান্ অন্বশিক্ষং ॥ ২৮ ॥ ২৯ ॥

এই চতুর্ব্বিংশতি গুরুকে অবলম্বন করিয়া আমি ইহাদের আচরণ দ্বারা নিজের শিক্ষণীয় বিষয়সমূহ অবধারণে অবগত হইয়াছি ॥ ২৮ ॥

হে পুরুষশ্রেষ্ঠ যযাতিনন্দন! এই সকল গুরুর মধ্যে যাহার নিকট হইতে যেরূপ জ্ঞান সংগ্রহ করিয়াছি, তাহা তোমার নিকট আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি, শ্রবণ কর ॥ ২৯ ॥

আভাস।

বুদ্ধিকে স্বীয় অধীনে রাখা না যায়, তাহা হইলে সকলই অনর্থক। কারণ রাজা মহাপ্রতাপশালী ও বলবিক্রমসম্পন্ন হইলেও যেমন এক মন্ত্রণার দোষে সর্ব্বতোভাবে বিপন্ন হইয়া পড়েন, সেইরূপ বিবেকহীন বুদ্ধির প্রভাবে জীব নরকের অতলগর্ত্তে পতিত হয়, সন্দেহ নাই। শ্রুতিও বলিয়াছে, "আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেবতু, বুদ্ধিং তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেবচ। ইন্দ্রিয়াণি হয়ানাহুর্বিষয়াংস্তেষু গোচরানাত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহু র্মনীষিণঃ॥" দেহরূপ রথে জীবাত্মা রথিরূপে অবস্থান পূর্ব্বক বুদ্ধিরূপ সারথির দ্বারা রথ চালাইতেছেন। বুদ্ধি ইন্দ্রিয়গ্রামরূপ অশ্বগণকে মনরূপ বল্গা ধারণে বিষয়পথে বিচরণ করাইতেছেন। এক্ষণে সারথি যদি অসাবধানী হন, তাহা হইলে রথীর আর কোনমতে মঙ্গলের সম্ভাবনা থাকে না, বিপথে পতিত হইয়া রথভঙ্গেরই বিশেষ সম্ভবনা। অতএব সর্ব্বপ্রযত্নে বুদ্ধিকে বিচারে নিযুক্ত রাখিয়া এক জন বিচক্ষণ

ভূতৈরাক্রম্যমাণোঽপি ধীরো দৈববশানুগৈঃ।
তদ্বিদ্বান্নচলেন্মার্গাদন্বশিক্ষং ক্ষিতেব্র তম্ ॥ ৩০ ॥
শশ্বৎ পরার্থসর্ব্বেহঃ পরার্থৈকান্তসম্ভবঃ।

অন্বয়ঃ।

দৈবশানুগৈঃ স্বপ্রারব্ধপ্রেরিতৈঃ প্রাণিভিঃ আক্রম্যমাণঃ পীড্যমানঃ অপি ধীরঃ অনুদ্বিগ্নচিত্তঃ জনঃ তৎ দৈববশানুগতত্বং বিদ্বান্ জানন্ মার্গাৎ ধর্ম্মমার্গাৎ ন চলেৎ ইতি ক্ষিতেঃ ব্রতং অহং অন্বশিক্ষং ॥ ৩০ ॥

শশ্বৎপরার্থসর্ব্বেহঃ (সর্ব্বদা পরার্থাঃ এব সর্ব্বাঃ ঈহাঃ চেষ্টাঃ যস্য সঃ) পরার্থৈকান্তসম্ভবঃ

শ্রীধরস্বামী।

ক্ষিতেঃ ক্ষমাং শিক্ষিতবান্ ইত্যাহ ভূতৈরিতি। আক্রম্যমাণঃ পীড্যমানঃ তদ্বিদ্বান্ ভূতানাং দৈববশবর্ত্তিত্বং বিদ্বান্ ব্রতং নিয়মং ॥ ৩০ ॥

পর্ব্বতরূপা বৃক্ষরূপাচ যা পৃথিবী তস্যাঃ শিক্ষিতমাহ শশ্বদিতি। সর্ব্বদা পরার্থাঃ পরোপকারার্থাঃ সর্ব্বা ঈহা যস্য সঃ পরার্থ এব একান্ততঃ সম্ভবো যস্য সঃ। ভূভৃত্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষিতেঃ ক্ষমাং শিক্ষিতবানিত্যাহ ভূতৈরিতি দৈববশাঃ পিত্রাদয়স্তেষাং অনুগৈঃ। তদ্বিদ্বান্ ভূতানাং দৈববশবর্ত্তিত্বং জানন্ ॥ ৩০ ॥

পর্ব্বতরূপা বৃক্ষরূপা চ যা পৃথিবী তস্যাঃ শিক্ষিতং ক্রমেণাহ শশ্বদিতি পরার্থাঃ সর্ব্বা ঈহাঃ ভূধারণনির্ঝরোৎক্রমণস্বোৎপন্নরত্নাদিপ্রদানরূপাশ্চেষ্টা যস্য সঃ। ভূভৃত্তঃ শিক্ষেৎ শিক্ষয়া চ এবম্ভূতো ভবেদিত্যন্বয়ঃ। নগস্য বৃক্ষস্য শিষ্যঃ সন্ পরাত্মতাং শিক্ষেৎ। পরে-

প্রথম ক্ষিতির সহিষ্ণুতা দর্শনে বুঝিতে পারিলাম যে, প্রারব্ধবশে প্রেরিত প্রচুর প্রাণিবর্গাদি ভূতসমূহে প্রপীড়িত হইলেও জ্ঞানবান্ ব্যক্তির কখন সদাচার হইতে পরিভ্রষ্ট হওয়া কর্ত্তব্য নহে; কারণ দৈব তুল্যরূপে উভয় সুখ ও দুঃখের অনুসরণ করিয়া থাকেন ॥ ৩০ ॥

পৃথিবীর অংশসম্ভূত পর্ব্বত ও পাদপের জন্ম যেমন কেবল পরের উপ-

আভাস।

বন্ধু বা গুরুতে পরিণত করিতে হইবে। বুদ্ধিকে অবলম্বন পূর্ব্বক উপদেশ প্রথার অনুসরণ করিলে, নিশ্চয়ই শান্তি লাভ হইয়া থাকে ॥ ২৪—২৯ ॥

অবধূত ব্রাহ্মণ যে যে পদার্থের নিকট হইতে যে যে উপদেশ প্রাপ্ত হইয়াছিলেন, একে একে তাহারই উল্লেখ করিয়াছেন। প্রথম ক্ষিতির নিকট হইতে ক্ষমাগুণ শিক্ষা করিয়াছেন। সর্ব্বংসহা ধরণী সকলের ভার সহ্য করিতেছেন, হিরণ্যকশিপু প্রভৃতি দুর্দ্দান্ত অসুরাংশসম্ভূত ভূতাপকারীর উৎপীড়নে কোনরূপ অসহ্য বোধ করেন নাই।

সাধুঃ শিক্ষেত ভূভৃত্তো নগশিষ্যঃ পরাত্মতাং ॥ ৩১ ॥
প্রাণবৃত্ত্যৈব সন্তুষ্যেন্মুনির্নৈবেন্দ্রিয়প্রিয়ৈঃ।

অন্বয়ঃ।

(পরার্থে এব একান্তঃ সম্ভবঃ জন্ম যস্য তস্য সঃ) সাধুঃ নগশিষ্যঃ (নগস্য বৃক্ষস্য শিষ্যঃ সন্) ভূভৃত্তঃ পর্ব্বতাৎ পরাত্মতাং পরাধীনতাং শিক্ষেত ॥ ৩১ ॥

মুনিঃ প্রাণবৃত্ত্যা প্রাণধারণোপযুক্তবৃত্ত্যা আজীবিকয়া সন্তুষ্যেৎ ন তু ইন্দ্রিয়প্রিয়ৈঃ শব্দাদিবিষয়ৈঃ (ইন্দ্রিয়াণি লালয়েৎ তথা প্রাণবৃত্তি কর্ত্তব্যা) যথা জ্ঞানং ন নশ্যেত বাঙ্মনঃ

শ্রীধরস্বামী।

পর্ব্বতাৎ তস্যাহি বৃক্ষতৃণনির্ঝরপ্রসরক্রিয়াঃ পরার্থা এব যথা তদ্বৎ তথা নগশিষ্যঃ বৃক্ষশিষ্যঃ সন্ পরাত্মতাং পরাধীনাত্মতাং বৃক্ষো যথা পরৈরবখণ্ড্য উৎপাট্য বা নয়নমনুমন্যতে তদ্বৎ ॥ ৩১ ॥

বায়ুরপি দ্বিবিধঃ প্রাণো বাহ্যশ্চ তত্র প্রাণস্য গুরুত্বমাহ প্রাণবৃত্ত্যেতি প্রাণোহ্যাহারাদিমাত্রেণ বর্ত্ততে রূপরসাদীন্ ইন্দ্রিয়বিষয়াংস্তু নাপেক্ষতে তথা মুনিরপি ভবেদিত্যর্থঃ। প্রাণ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেবার্পিত আত্মা যেন তস্য ভাবস্তত্তা তাং। বৃক্ষং খলু স্থানাৎ স্থানান্তরং নীত্বা যদারোপয়তি সেচনাদিকঞ্চ করোতি তত্র সোহনুমন্যত এব নতু বিপ্রতিপদ্যতে ইতি। তথা যোগী ভবেদিতি। পর্ব্বতাদত্র বিশেষো দ্রষ্টব্যঃ ॥ ৩১ ॥

বায়ুরপি দ্বিবিধঃ প্রাণো বাহ্যশ্চ তত্র প্রাণাচ্ছিক্ষিতমাহ প্রাণবৃত্ত্যেতি। প্রাণোহ্যাহারাদিমাত্রেণ প্রবর্ত্ততে রূপরসাদীনিন্দ্রিয়বিষয়াংস্তু নাপেক্ষত ইত্যাহ ইন্দ্রিয়প্রিয়ৈর্বিষয়ৈঃ তথা

কারার্থ মাত্র, সেইরূপ পরোপকারার্থ যাঁহাদের জীবন, তাদৃশ সাধু ব্যক্তিগণের পাদপাদির বৃত্তি অনুসারে স্বীয় আচরণ শিক্ষা করা কর্ত্তব্য ॥ ৩১ ॥

কেবল প্রাণধারণোপযোগী জীবিকা অবলম্বনেই মুনির সন্তুষ্ট হওয়া

আভাস।

তাহার ফলে অতি অল্পকাল মধ্যেই সেই সকল পীড়াদায়ক অশান্তিকর লোকের ক্ষয় হইয়া গিয়াছে, কিন্তু ধরণী এক ধৈর্য্যের গুণে অক্ষুণ্ণভাবে চিরবিদ্যমান রহিয়াছেন। অতএব উপস্থিত বিপদে উদ্বিগ্ন না হইয়া ধৈর্য্য অবলম্বন করিলেই পরিণামে শান্তিলাভ হয়, সন্দেহ নাই। ধরণীর ন্যায় পর্ব্বত ও পাদপাদির নিকটেও পরোপকারী বৃত্তিবিশেষের শিক্ষা পাওয়া যায়। বৃক্ষ বা পর্ব্বত কেবল পরের উপকারার্থ ফল ও জলাদি ধারণে জগতের তুষ্টি সাধন করিয়া থাকে। অবশ্য তাহার বিপরীত আচরণ দেখিলেও তাহারা কখন নিজের ব্রত হইতে যেমন স্খলিত হয় না, সেইরূপ পরিণামে শান্তকামী ব্যক্তি যেন কদাচ পরোপকার-বৃত্তি হইতে বিচ্যুত না হন ॥ ৩০ ॥ ৩১ ॥

জ্ঞানং যথা ন নশ্যেত নাবকীর্য্যেত বাঙ্মনঃ ॥ ৩২ ॥
বিষয়েষ্বাবিশন্ যোগী নানাধর্ম্মেষু সর্ব্বতঃ।

অন্বয়ঃ।

চ (ইন্দ্রিয়সুখার্থং) ন অবকীর্য্যেত বিক্ষিপ্যেত (তদ্বিক্ষেপাভাবার্থং বিষয়সেবাং বর্জ্জয়েৎ ইতি প্রাণাচ্ছিক্ষণীয়ম্) ॥ ৩২ ॥

(বাহ্যাৎ বায়োঃ শিক্ষণমাহ) বায়ুবৎ (বায়ুর্যথা সর্ব্বত্র প্রবিশন্নপি ন কাপি বিষজ্জতে এবং) গুণদোষব্যপেতাত্মা সুখদুঃখাদিচিন্তাশূন্যচিত্তঃ, সন্ যোগী নানাধর্ম্মেষু বিষয়েষু হেয়োপাদেয়নানাবিধরূপরসাদিধর্ম্মযুক্তেষু আবিশন্ ভুঞ্জানোঽপি ন বিষজ্জেত আসক্তিং ন

শ্রীধরস্বামী।

বৃত্তেরকরণে মনো বৈকল্যেন জ্ঞাননাশঃ স্যাৎ। অতো দেহাদিনির্ব্বাহঃ কার্য্যঃ। গুণলিপ্সায়াস্তু বাঙ্মনশ্চ বিক্ষিপ্যেত অতো নাধিকং লিপ্সেদিত্যাহ জ্ঞানমিতি নাবকীর্য্যেত ন বিক্ষিপ্যেত ॥ ৩২ ॥

বিষয়ান্ সেবমানোঽপি তেষ্বনাসক্তিং বাহ্যাদ্বায়োঃ শিক্ষেত ইত্যাহ বিষয়েষ্বিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুনিরপি ভবেদিত্যর্থঃ। প্রাণবৃত্তেরকরণে মনোবৈকল্যেন জ্ঞাননাশঃ স্যাদতো দেহনির্ব্বাহঃ কার্য্যঃ। কিন্তু বাঙ্মনো যথা নাবকীর্য্যেত ন বিক্ষিপ্যেতেত্যতিরিক্তেনাসংস্কৃতেনাহারেণ বাঙ্মনঃ নিঃসরেৎ মনোঽপি বিক্ষিপ্তং স্যাদেবমতিস্নিগ্ধেনাপ্যালস্যশুক্রাদিবৃদ্ধ্যা বাঙ্মনসয়োর্বিক্ষোভ ইতি তথা ন কুর্য্যাৎ ॥ ৩২ ॥

বিষয়ান্ সেবমানোঽপি তেষ্বনাসক্তিং বাহ্যাদ্বায়োঃ শিক্ষেদিত্যাহ বিষয়েষ্বিতি নানা-

---

উচিত; শব্দাদি বিষয়সম্ভোগে ইন্দ্রিয়ের তৃপ্তিসাধন করা কখনই কর্ত্তব্য নহে। কারণ, তাহা হইলে প্রচুর বিষয়সেবায় মন ও ইন্দ্রিয় অসৎপথেই গমন করে এবং জীবিকার পরিত্যাগেও চিত্ত বিহ্বল হইয়া পড়ে। অতএব প্রাণবায়ুর ন্যায়, উভয় পক্ষে সমান দৃষ্টি রাখা সর্ব্বতোভাবে কর্ত্তব্য ॥ ৩২ ॥

বায়ু যেমন সর্ব্বত্র গমন করিয়া এবং সকলের সংসর্গ করিয়া কোথাও আসক্ত হয় না, সুখদুঃখাদি যাবতীয় চিন্তা পরিত্যাগ পূর্ব্বক সেইরূপ যোগীরও হেয়োপাদেয়াদি বিবিধ ধর্ম্মসংযুক্ত বিষয় ভোগ করিতে হইলেও

আভাস।

বাহ্যাভ্যন্তর-ভেদে বায়ু দ্বিবিধ; দেহাভ্যন্তরে যে বায়ু ক্রিয়া করে, তাহার নাম প্রাণ এবং বাহ্যক্রিয়াকারীকে সামান্যত বায়ু নামে অভিহিত করা হইয়াছে। প্রাণবায়ু কেবল ভোজন চায়; ভোজ্য পদার্থের সুখসেব্যত্বের প্রতি কোন অপেক্ষা করে না। ভোজনমাত্র পাইলেই প্রাণের অবস্থিতিতে জীবন রক্ষা হয়, অথচ বিলাসদ্রব্যের

গুণদোষব্যপেতাত্মা ন বিষজ্জেত বায়ুবৎ ॥ ৩৩ ।
পার্থিবেষ্বিহ দেহেষু প্রবিষ্টস্তদ্গুণাশ্রয়ঃ ।
গুণৈর্ন যুজ্যতে যোগী গন্ধৈর্বায়ুরিবাত্মদৃক্ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

কুর্য্যাৎ ॥ ৩৩ ॥

(তথা) বায়ুঃ (যথা সুরভ্যাদিগন্ধাশ্রয়তয়া প্রতীয়মানোঽপি বস্তুতঃ) গন্ধৈঃ (ন যুজ্যতে) এবং আত্মদৃক্ দেহাদিভিন্নাত্মদর্শী যোগী পার্থিবেষু ইহ দেহেষু প্রবিষ্টঃ তদ্গুণাশ্রয়ঃ (দেবত্বমনুষ্যত্বস্থূলত্বকৃশত্বাদিদেহধর্ম্মযোগিতয়া প্রতীয়মানোঽপি তৈঃ) গুণৈঃ ন যুজ্যতে মনুষ্যোঽহমিতি নাভিমন্যতে ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

নানাধর্ম্মেষু শীতোষ্ণাদিধর্ম্মকেষু নহি বায়ুর্জলে দহনে বা সজ্জতে তদ্বৎ ॥ ৩৩ ॥

যথা বায়ুর্গন্ধাদিধর্ম্মযোগেন প্রতীয়মানোঽপি বস্তুতো ন তদ্যোগী এবং দেহাদিধর্ম্ম-যোগেনাহংপ্রত্যয়েন প্রতীয়মানোঽপ্যাত্মা বস্তুতো ন তদ্ধর্ম্মবানিতি সংভাবিতমিতি বায়োরেব শিক্ষিতমিত্যাহ পার্থিবেষ্বিতি। তদ্গুণাশ্রয়ঃ দেহধর্ম্মান্ বাল্যাদীনাশ্রিত্য বর্ত্তমানঃ গুণৈস্তৈরেব ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মেষু লঘুত্বগুরুত্বোৎকর্ষনিকর্ষাদিমৎসু। নহি বায়ুর্গহনে দহনে বা সজ্জেৎ তদ্বৎ ॥ ৩৩ ॥

এবং দেহধর্ম্মানাসক্তিমপি তস্মাদেব শিক্ষেদিত্যাহ পার্থিবেষ্বিতি সুগন্ধোদুর্গন্ধোঽয়মিতি তত্তদ্যোগিত্বেন প্রতীয়মানোঽপি বায়ুর্যথা ন তত্তদ্যোগী এবং দেহধর্ম্মযোগেনাহংপ্রত্যয়েন প্রতীয়মানোঽপি যোগী ন তদ্ধর্ম্মা যত আত্মদৃক্ আত্মানং ততঃ পৃথক্তয়া পশ্যতীতি সঃ ॥ ৩৪ ॥

কিছুতেই আসক্ত হওয়া অবিধেয় ॥ ৩৩ ॥

বায়ু যেমন সৌরভাদি বিবিধ গন্ধের আশ্রয়রূপে প্রতিপন্ন হইলেও কিছুতেই লিপ্ত থাকে না, আত্মজ্ঞানসম্পন্ন যোগীরও দেবমনুষ্যাদি দেহ এবং তদীয় ধর্ম্মের আশ্রয়রূপে প্রতীয়মান হইলেও তন্নিষ্ঠ গুণে অভিমানী হওয়া অনুচিত ॥ ৩৪ ॥

আভাস।

সংসর্গে ইন্দ্রিয়াদি বিপথগামী হয় না। যোগীরও সংকল্পশূন্য হইয়া কর্ত্তব্যানুষ্ঠানে যত্নবান থাকা বিধেয় ॥ ৩২ ॥ ৩৩ ॥

বায়ু এক পদার্থের গন্ধ গ্রহণ করত অন্যত্র বিকীরণ করে, নিজের জন্য কিছুই রাখে না, যোগীরও পরোপকারার্থ বস্তু সংগ্রহ করিয়া অন্যকে অর্পণ করা উচিত; তাহাতে আসক্ত হওয়া কর্ত্তব্য নহে ॥ ৩৪ ॥

অন্তর্হিতশ্চ স্থিরজঙ্গমেষু ব্রহ্মাত্মভাবেন সমন্বয়েন।
ব্যাপ্ত্যাব্যবচ্ছেদমসঙ্গমাত্মনো মুনির্নভস্ত্বং বিততস্য ভাবয়েৎ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

অন্তর্হিতঃ চ দেহান্তর্গতোঽপি, মুনিঃ বিততস্য সর্ব্বগতস্য, আত্মনঃ ব্রহ্মাত্মভাবেন ব্রহ্মস্বরূপভাবনয়া, স্থিরজঙ্গমেষু সমন্বয়েন ব্যাপ্ত্যা নভস্ত্বং আকাশতুল্যত্বং, অব্যবচ্ছেদং অবিয়োগং (অন্তর্বহির্ভাবেন বর্ত্তমানত্বং) অসঙ্গং অলিপ্তত্বং চ ভাবয়েৎ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

একস্যৈবাত্মস্যাত্মনঃ অন্তর্ব্বহির্ভাবেন বর্ত্তমানত্বমসঙ্গত্বঞ্চেতি। আকাশাচ্ছিক্ষিতং সম্ভাবনাদ্বয়মাহ অন্তর্হিতশ্চেতি দ্বয়েন অন্তর্হিতশ্চ দেহান্তর্গতোঽপি মুনিরাত্মনো দেহাদ্যসঙ্গং অতএবাব্যবচ্ছেদঞ্চ ভাবয়েৎ। কুতঃ স্থিরজঙ্গমেষু সমন্বয়েন যা ব্যাপ্তিস্তয়া। কিং মণিষু সূত্রস্যেব ব্যাপ্তিঃ ন বিততস্য সর্ব্বগতস্য। তৎ কুতঃ ব্রহ্মাত্মভাবেন ব্রহ্মস্বরূপভাবনয়া তত্ত্বমসীতি শ্রুতেঃ। নন্বেতৎ সর্ব্বং কথং সম্ভবতি তত্রাহ নভস্ত্বং তত্তুল্যত্বং সম্ভাবয়েৎ। যথা নভসঃ সর্ব্বগতস্য ন ঘটাদিভিঃ সঙ্গঃ পরিচ্ছেদো বা এবমাত্মনোঽপি সম্ভবতীতি ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমাত্মনোহন্তর্বহিরপি বর্ত্তমানত্বমসঙ্গত্বঞ্চাকাশস্যেবেত্যাকাশদৃষ্টান্ত শিক্ষেদিত্যাহ অন্তরিতি দ্বয়েন। অন্তর্হিতশ্চ দেহান্তর্গতোঽপি মুনির্যোগী বিবেকেন আত্মনঃ পরমাত্মনো বিততস্য সর্ব্বব্যাপকস্য নভস্ত্বমাকাশসাদৃশ্যং ভাবয়েৎ তদেবাহ স্থিরজঙ্গমেষু ব্রহ্মাত্মভাবেন ব্রহ্মস্বরূপত্বেন যা সমন্বয়েন ব্যাপ্তিস্তয়া অব্যবচ্ছেদং অনবচ্ছিন্নত্বং যথা নভসঃ সর্ব্বগতত্বাদ্ঘটতো ন ঘটাদিভিঃ সঙ্গঃ পরিচ্ছেদো বা এবমাত্মনোঽপি ॥ ৩৫ ॥

দেহের অন্তর্গত হইলেও স্থির-জঙ্গমাদি যাবতীয় পদার্থনিচয়ের বাহ্যাভ্যন্তর-ভেদে অবস্থিত আকাশের যেমন ছেদ, ভেদও সংসর্গ ভাবের পরিচয় হয় না, মুনিও ব্রহ্মস্বরূপ চিন্তনের দ্বারা আত্মার সেইরূপ সর্ব্বব্যাপিত্ব অনবচ্ছিন্নত্ব ও অসঙ্গিত্ব ভাব বিচার দ্বারা নিশ্চয় করিবেন ॥ ৩৫ ॥

আভাস।

আকাশদৃষ্টান্তে পরমাত্মার বাহ্যাভ্যন্তরে অবস্থিতি ও অসঙ্গভাবের পরিচয় প্রদান করিয়াছেন। আকাশ দেহাদির অভ্যন্তরে ও বাহিরে সর্ব্বত্র ব্যাপ্ত আছে, অথচ তাহার আত্মনিষ্ঠ কোন ভেদ পরিদৃষ্ট হয় না; এবং ঘটমঠাদি দ্বারা পরিচ্ছিন্নের ন্যায় প্রতীত হইলেও প্রকৃতপ্রস্তাবে ঘটাদির আবরণে পরিচ্ছিন্ন বা ঘটের সহিত মিলিত বলিয়া যেমন অনুমান হয় না, সেইরূপ পরমাত্মা চৈতন্যপ্রদানে দেহের অন্তরে বিরাজ করিলেও দেহধর্ম্মে মিলিত বা পরিচ্ছিন্ন কখনই হন না। তিনি চরাচর সর্ব্বপদার্থে সৎস্বরূপে পরিব্যাপ্ত আছেন। যেমন ঘটাদি মৃণ্ময় পদার্থে মৃত্তিকার অস্তিত্ব আছে, সেইরূপ এই সদ্রূপে বিদ্যমান

তেজোঽবন্নময়ৈর্ভাবৈর্মেঘাদ্যৈর্বায়ুনেরিতৈঃ।
ন স্পৃশ্যতে নভস্তদ্বৎ কালসৃষ্টৈর্গুণৈঃ পুমান্ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

বায়ুনা ঈরিতৈঃ প্রেরিতৈঃ মেঘাদ্যৈঃ যথা নভঃ ন স্পৃশ্যতে তদ্বৎ কালসৃষ্টৈঃ (কালেন সৃষ্টৈঃ) গুণৈঃ গুণকার্য্যৈঃ তেজোঽবন্নময়ৈঃ (তেজশ্চ আপশ্চ অন্নং পৃথিবীচ তন্ময়ৈঃ দেহেন্দ্রিয়াদিভিঃ) পুমান্ জীবঃ অপি ন স্পৃশ্যতে ন লিপ্যতে ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ কূটস্যাত্মনো নাগমাপায়িদেহাদিষ্ সম্বন্ধ ইত্যাহ তেজোঽবন্নময়ৈঃ তেজশ্চ আপশ্চ অন্নং পৃথিবীচ তন্ময়ৈঃ কালসৃষ্টৈর্গুণৈ দেহাদিভিঃ পুমান্ ন স্পৃশ্যত ইতি নভোবৎ সম্ভবতীতি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেজশ্চ আপশ্চ অন্নং পৃথিবী চ তন্ময়ৈঃ কালসৃষ্টৈর্গুণৈর্দেহাদিভিঃ পুমান্ন স্পৃশ্যতে। যদ্বদ্বায়ুনেরিতৈর্মেঘাদ্যৈর্নভো ন স্পৃশ্যতে তদ্বৎ ॥ ৩৬ ॥

বায়ুকর্ত্তৃক প্রেরিত ঘনপ্রবাহে নভোমণ্ডল যেমন কখন সংস্পৃষ্ট হয় না, সেইরূপ কালসহকারে প্রচলিত গুণোৎপন্ন তেজ, জল ও অন্নের সংহতিরূপ দেহেন্দ্রিয়াদির ব্যাপারে তদধিষ্টানকারী পুরুষ কখন তন্নিষ্ঠ গুণে বা তাহার স্বরূপে লিপ্ত হন না ॥ ৩৬ ॥

আভাস।

পদার্থ নিচয়ে রূপাদির সত্তারূপে এক পরমাত্মাই আছেন। যেমন সুবর্ণ থাকিলে কর্ম্মকারের চেষ্টায় তাহার নানাগঠন উৎপন্ন হইতে পারে, সেইরূপ এক সত্তার উপর নির্ভর দিয়া এই নামরূপাদিবিশিষ্ট জগৎ উৎপন্ন হইতেছে। সুবর্ণ সত্য; গঠন মিথ্যা। উহা কেবল কর্ম্মকারের মনঃকল্পিত মাত্র; সেইরূপ এই জগৎ মিথ্যা হইলেও সত্তার মিথ্যাত্ব কখন সম্ভব হয় না। অলঙ্কারে সুবর্ণের ন্যায়, চিত্রে আশ্রয়বস্ত্রের ন্যায়, সৎস্বরূপ পরমাত্মা জগতের মূলে ভিত্তিস্বরূপে নিত্য বিরাজমান রহিয়াছেন। ব্রহ্মাত্মভাবে চিন্তনেই জীব তাঁহাকে অবধারণ করিতে পারে। অর্থাৎ জড়পদার্থে যেমন তিনি সদ্রূপে বিদ্যমান আছেন, চৈতন্যবিশিষ্ট জ্ঞানবান্ জীবেও তিনি অধিষ্টাতা চিদ্রূপে বিরাজ করিতেছেন। দেহের ক্ষয়, ব্যয় বা নাশে তাঁহার ক্ষয়, ব্যয় বা নাশ কিছুই হয় না। শ্রুতিও "তত্ত্বমসি" এই মহাবাক্যের মীমাংসায় জীব ও পরমাত্মার একত্ব প্রতিপাদন করিয়াছেন ॥ ৩৫ ॥

ছান্দোগ্য উপনিষদে উক্ত আছে যে, পরমাত্মা সৃষ্টির অভিপ্রায়ে প্রথম তিনটী পদার্থ উৎপাদন করিলেন; রস, অন্ন ও তেজঃ। এই তিনের ন্যূনাতিরিক্তভাবে পরস্পরের মিলনেই এই জগৎ রচিত হইয়াছে। কিন্তু বায়ুপ্রবাহে আনিত মেঘজালের সহিত যেমন আকাশের কোন সংস্পর্শ ঘটে না, সেইরূপ কালনির্ম্মিত গুণময় দেহাদিতে চৈতন্য

স্বচ্ছঃ প্রকৃতিতঃ স্নিগ্ধো মাধুর্য্যস্তীর্থভূর্নৃপ ।
মুনিঃ পুনাত্যপাং মিত্রমীক্ষোপস্পর্শকীর্ত্তনৈঃ ॥ ৩৭ ॥
তেজস্বী তপসা দীপ্তো দুর্দ্ধর্ষোদরভাজনঃ ।

অন্বয়ঃ ।

স্বচ্ছঃ নির্ম্মলাত্মা, প্রকৃতিতঃ স্বভাবতঃ স্নিগ্ধঃ জনেষু স্নেহেন উপকারকঃ, মাধুর্য্যঃ মধুরালাপী, তীর্থভূঃ পাবিত্র্যস্থানং, অপাং মিত্রং উদকতুল্যঃ মুনিঃ ; হে নৃপ ! ঈক্ষোপস্পর্শকীর্ত্তনৈঃ জনং পুনাতি ॥ ৩৭ ॥

অগ্নিবৎ (অগ্নির্যথা দহন্ অপি ন তদ্দোষভাগ্ভবতি তথা) তপসা দীপ্তঃ তেজস্বী

শ্রীধরস্বামী ।

স্বচ্ছত্বাদিভির্গুণৈরুদকং জগৎ পুনাতীতি তদ্গুণা ময়া শিক্ষিতা ইত্যাহ স্বচ্ছো নির্ম্মলঃ প্রকৃতিতঃ স্বভাবতঃ স্নিগ্ধঃ জনেষনুরাগবান্ মাধুর্য্যঃ মধুরালাপী তীর্থস্থানং অপাং মিত্রমুদকতুল্যঃ । অম্বাদিতি পাঠে মিত্রং সখায়ং পাপাৎ পুনাতি স্বচ্ছত্বাদিভির্গুণৈরর্থাদুদকসাদৃশ্যং জ্ঞাতব্যং ॥ ৩৭ ॥

অগ্নেঃ শিক্ষিতমাহ তেজস্বীতি জ্ঞানাতিশয়াৎ বিশেষতস্তপসা দীপ্তঃ দুর্দ্ধর্ষঃ অক্ষোভ্যঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

জলাচ্ছিক্ষিতমাহ স্বচ্ছো নির্ম্মলঃ প্রকৃতিতঃ স্বভাবতঃ স্নিগ্ধঃ জনেষু স্নেহকৃৎ মাধুর্য্যো মধুরালাপী তীর্থভূঃ ভক্ত্যুপদেশেন লোকপাবনঃ অপাং মিত্রং জলতুল্যঃ । অম্বাদিতি পাঠে মিত্রং সখায়ং পুনাতি স্বচ্ছত্বাদিগুণৈরর্থাজ্জলসাদৃশ্যাৎ জ্ঞেয়ং ॥ ৩৭ ॥

স্বচ্ছ সলিল যেমন সকলের মলা অপনোদন করে, সেইরূপ স্বভাবত সকলের উপকারী মধুরালাপী পবিত্রাত্মা মুনি দর্শন, স্পর্শ ও কীর্ত্তনের দ্বারা মনুষ্যকে পবিত্র ও পাপনির্ম্মুক্ত করিয়া থাকেন ।। ৩৭ ।।

সর্ব্বভুক্ হুতাশন যেমন নিজের তেজস্বীতার বলে কবলিত কোন পদার্থের দোষে দূষিত হন না, সেইরূপ তপোদীপ্তচিত্ত ধ্যানপরায়ণ অক্ষুব্ধ-

আভাস ।

রূপে সর্ব্বত্র ব্যাপ্ত জীবাত্মার কোন স্পর্শদোষ ঘটে না ॥ ৩৬ ॥

নিজে পবিত্র না হইলে অন্যকে পবিত্র করা যায় না । জল স্বয়ং স্বচ্ছ বলিয়াই অন্যের মলা বিদূরিত করে, সেইরূপ অন্তরের বিষয়মালিন্য পরিত্যাগে স্বয়ং পবিত্র হইলে, যোগী অপরকেও পবিত্র করেন ॥ ৩৭ ॥

• অগ্নি সর্ব্বভুক্ হইয়াও সভুক্ত অন্নের দোষ বা গুণে লিপ্ত হন না । কারণ বহ্নি এতই তেজস্বী যে, তিনি নামরূপ ভোজন করিয়াও ক্ষান্ত হন না, বস্তুর ধর্ম্ম যাহা ভোজনকারীর উপর প্রতিপত্তি করে, তাহাকে পর্য্যন্ত দগ্ধ করিয়া ফেলেন । সেই নিমিত্তই শাস্ত্রে কথিত

সর্ব্বভক্ষোঽপি যুক্তাত্মা নাদত্তে মলমগ্নিবৎ ॥ ৩৮ ॥
ক্বচিচ্ছন্নঃ ক্বচিৎ স্পষ্ট উপাস্যঃ শ্রেয় ইচ্ছতাং।
ভুঙ্‌ক্তে সর্ব্বত্র দাতৃণাং দহন্ প্রাগুত্তরাশুভং॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

যুক্তাত্মা পরমেশ্বরধ্যানপরঃ, দুর্দ্ধর্ষঃ অক্ষোভ্যঃ, উদরভাজনঃ অপরিগ্রহঃ, মুনিঃ সর্ব্বভক্ষঃ অপি মলং অগ্নিবৎ তং পাপং ন আদত্তে প্রাপ্নোতি ॥ ৩৮ ॥

ক্বচিৎ (কাষ্ঠভস্মাদিষু) ছন্নঃ ক্বচি (কাষ্ঠাদিষু আরূঢ়ঃ) স্পষ্টঃ বহ্নিঃ শ্রেয়ঃ ইচ্ছতাং উপাস্যঃ সন্ দাতৃণাং হোমাদিকর্ত্তৃণাং প্রাগুত্তরাশুভং ভূত-ভবিষ্যৎপাপং দহন্ সর্ব্বত্র হুতং ভুঙ্‌ক্তে তথৈব মুনিঃ অপি ভবতি) ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

স চাসাবুদরভাজনশ্চ অপরিগ্রহঃ যুক্তাত্মা মুনিঃ ॥ ৩৮ ॥

অগ্নেরেব শিক্ষিতান্তরমাহ ক্বচিদিতি। যথাগ্নিঃ পরেচ্ছয়ৈব হবির্গৃহ্ণাতি তথা মুনিরিত্যাহ দাতৃণামিতি প্রাগুত্তরাশুভং ভূতংভবিষ্যচ্চ পাপং॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বহ্নেঃ শিক্ষিতমাহ তেজস্বীতি ত্রিভিঃ দুর্দ্ধর্ষঃ ক্ষোভয়িতুমশক্যঃ সচাসাবুদরভাজনশ্চ যুক্তাত্মা যোগী এবং ভবেদিত্যর্থঃ ॥ ৩৮ ॥ ৩৯ ॥

হৃদয় যোগী ইন্দ্রিয়নিগ্রহ করত সর্ব্বভক্ষ হইলেও ভোজনজনিত পাপে লিপ্ত হন না ॥ ৩৮ ॥

কখন কাষ্ঠাদির অন্তরে নিহিত, কখন বা স্পষ্ট প্রকাশমান বহ্নি শ্রেয়স্কামিগণের উপাস্য হইয়া যাজ্ঞিক পুরুষগণের আহুতি গ্রহণ করেন এবং তদ্বিনিময়ে তাহাদের অতীত ও অনাগত পাপরাশিকে প্রদগ্ধ করেন, সেইরূপ মুনিগণ প্রচ্ছন্ন থাকিলেও সময়ে সময়ে আত্মপ্রকাশে আগমন করত দানাদি গ্রহণে জীবের অমঙ্গল নিবারণ করেন, সন্দেহ নাই ॥ ৩৯ ॥

আভাস।

আছে "তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা"। জ্ঞান ও যোগের অনুষ্ঠানে যদি এরূপ তেজ ও বল সংগ্রহ করা হইয়া থাকে যে, তাহার প্রভাবে সভুক্ত অন্নাদির শারীরিক ও মানসিক দোষ সমস্ত বিনষ্ট হইয়া যায়, তখন আর যথেচ্ছ ভোজনের বা উপভোগের পাপ স্পর্শ করে না। যদবধি বস্তুর ধর্ম্মে নিয়মিত হইতে হইবে, তাবৎ কাল সে বস্তুর সংস্রব করা অবিধেয়; যখন বস্তুর উপর নিজ প্রতিপত্তি স্থাপনে সমর্থ হওয়া যায়, তখনই তাহার গ্রহণে কোন দোষ বা অনিষ্ট নাই। অতএব হুতাশনের ন্যায় স্বকীয় তেজঃ বৃদ্ধি করা যোগীর অবশ্য কর্ত্তব্য; অকালে তেজোহানি দ্বারা বিশেষ অনিষ্ট জন্মে ॥ ৩৮ ॥

স্বমায়য়া সৃষ্টমিদং সদসল্লক্ষণং বিভুঃ।
প্রবিষ্ট ঈয়তে তত্তৎ স্বরূপোঽগ্নিরিবৈধসি॥ ৪০॥

অন্বয়ঃ।

অগ্নিঃ যথা (স্বতঃ আকারবিশেষরহিতোঽপি) এধসি কাষ্ঠে, স্থিতঃ তত্তৎস্বরূপঃ ঈয়তে প্রতীয়তে এবং বিভুঃ আত্মা (স্বত আকারবিশেষরহিতোঽপি) স্বমায়য়া প্রকৃত্যা সৃষ্টং সদসল্লক্ষণং দেবতির্য্যগাদিশরীরং প্রবিষ্টঃ সন্ তথা প্রতীয়তে॥ ৪০॥

শ্রীধরস্বামী।

আত্মনো দেহোপাধিকমেব উচ্চনীচত্বাদি ন স্বাভাবিকমিত্যপ্যগ্নিদৃষ্টান্তেন সম্ভাবিতমিত্যাহ স্বমায়য়া স্বাবিদ্যয়া সৃষ্টং সদসল্লক্ষণং দেবতির্য্যগাদিরূপং বিপ্রশূদ্রাদিরূপং বা॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অগ্নির্যথা এধসি প্রবিষ্ট ঈয়তে মন্থনাত্ প্রকটীভবতি তথৈব ভগবানিদং জগৎ প্রবিষ্ট ঈয়তে শ্রবণকীর্ত্তনাদিভক্ত্যভ্যাসাৎ প্রত্যক্ষীভবতি॥ ৪০॥

অগ্নির নিজের কোন আকার না থাকিলেও যেরূপ কাষ্ঠ অবলম্বনে প্রকাশ হয়, সেই কাষ্ঠাদির আকারেই আকারিত লক্ষিত হয়, সেইরূপ সর্ব্বময় আত্মা নিরাকার হইলেও প্রকৃতির দ্বারা প্রস্তুত দেবতির্য্যগাদি যে কোন শরীরে প্রবেশ করেন, সেই আকারেই আকারবিশিষ্ট অনুমিত হইয়া থাকেন॥ ৪০॥

আভাস।

উপকৃত হইলেই যে প্রত্যুপকার করিতে হয়, তাহা হুতাশনের আহুতিলাভে যাজ্ঞিকের পারলৌকিক প্রচুর স্বর্গাদি সুখময় ফলপ্রদান কার্য্যেই তাহার বিলক্ষণ পরিচয়॥ ৩৯॥

কাষ্ঠের অন্তরে বহ্নি চিরবিদ্যমান থাকিলেও কাষ্ঠকে বিনষ্ট করে না; কিন্তু উভয় কাষ্ঠ লইয়া পরস্পরকে ঘর্ষণ করিলে, সেই অন্তরস্থ বহ্নি যেমন বাহিরে প্রকাশ হইয়া সেই কাষ্ঠকে এবং তন্নিকটবর্ত্তী অন্য কাষ্ঠকেও দগ্ধ করে, সেইরূপ পরমাত্মা জীবমাত্রেরই হৃদয়ে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত থাকিলেও সংসার-কারণ অজ্ঞান বিনিবৃত্ত হয় না। কিন্তু দেহ মন্থনের প্রয়োজন; তাহা হইলেই অন্তরের হরিকে বাহিরে দেখিতে পাওয়া যায়। শ্রুতি বলিয়াছেন, "স্বদেহমরণিং কৃত্বা প্রণবঞ্চোত্তরারণিং। ধ্যাননির্ম্মথনাভ্যাসাদ্দেবং পশ্যেৎ নিগূঢ়বৎ॥ অর্থাৎ প্রণব বা ইষ্টমন্ত্র এবং দেহ এই উভয়কে দুইখানি মন্থন দণ্ডরূপে গ্রহণ করিয়া পরস্পরকে যখন এরূপ সংঘর্ষণ করা হইবে যে, কাষ্ঠের ন্যায় উষ্ণভাব ধারণ করে, তখনই অন্তরের পরমাত্মা বাহিরে প্রকাশ পাইয়া যোগীকে কৃতার্থ করেন; এবং প্রারব্ধ বা সঞ্চিত সকল কর্ম্ম বিনাশে সংসার-কারণ ভ্রম অপনোদিত হয়॥ ৪০॥

এই শ্লোকে চন্দ্রদৃষ্টান্তের দ্বারা আত্মার ষড়্‌বিধ বিকারভাব বিদূরিত করিয়াছেন। অর্থাৎ পৌর্ণমাসী প্রভৃতি তিথির অনুসারে চন্দ্রকলার হ্রাসবৃদ্ধি এবং উদয় ও নাশ

বিসর্গাদ্যাঃ শ্মশানান্তা ভাবা দেহস্য নাত্মনঃ।

অন্বয়ঃ।

যথা কলানাং (এব উৎপত্ত্যাদয়ো ভবন্তি) ন চন্দ্রস্য তথা অব্যক্তবর্ত্মনা অলক্ষিত-

শ্রীধরস্বামী।

আত্মনো জন্মাদিষড়্বিকারাভাবঃ চন্দ্রদৃষ্টান্তেন সম্ভাবিত ইত্যাহ বিসর্গাদ্যা ইতি। বিসর্গো জন্ম, শ্মশানং নাশঃ অত্রেয়ং জ্যোতিঃশাস্ত্রপ্রক্রিয়া আপ্যমণ্ডলং চন্দ্রঃ তেজোময়-মণ্ডলমাদিত্যঃ। তয়োরেকনক্ষত্রাবস্থানে চন্দ্রো ন দৃশ্যতে চক্ষুষা আদিত্যমণ্ডলেন সম-দেশস্থিতেন ব্যবধানাৎ সা অমাবাস্যা অথ ষষ্টিঘটিকাভিশ্চন্দ্রো নক্ষত্রান্তরং গচ্ছতি আদিত্যস্তু ত্রয়োদশভিঃ অহোরাত্রৈঃ। অতঃ প্রতিপদমারভ্য বিষমস্থিতস্য আদিত্য-মণ্ডলস্য পঞ্চদশঃ পঞ্চদশো ভাগ আপ্যমণ্ডলে প্রতিবিম্বিতো দৃশ্যতে সা কলেত্যুচ্যতে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চন্দ্রাচ্ছিন্ক্ষিতমাহ বিসর্গো জন্ম শ্মশানং মৃত্যুস্তদন্তা দশা দেহস্যৈব নাত্মনঃ চন্দ্রস্য

যেমন দর্শনযোগ্য স্থানে অবস্থিতি বা অনবস্থিতি-নিবন্ধন চন্দ্রকলার হ্রাসবৃদ্ধি ঘটে, কিন্তু তাহাতে চন্দ্রের কোন ব্যতিক্রম হয় না, সেইরূপ অব্যক্ত

আভাস।

পরিদর্শন করিলেও যেমন মূল চন্দ্রে হ্রাসবৃদ্ধি প্রভৃতি তিথিক্রিয়া স্পর্শ করে না, কলার দর্শন ও অদর্শনে পৃথিবীস্থ লোকের নিকটই ঐরূপ প্রতীতি মাত্র; চন্দ্র এক ভাবে ও এক রূপেই নিয়ত বিচরণ করিতেছেন, সেইরূপ দেহধর্ম্মে আত্মাকে বিকারগ্রস্ত প্রতীত হইলেও প্রকৃতপ্রস্তাবে তিনি নির্ব্বিকারী ও নিরঞ্জন। দর্শনকার ও আত্মাকে "অসঙ্গোহয়ং পুরুষঃ" বলিয়া নির্ব্বাচন করিয়াছেন। জ্যোতিঃ শাস্ত্রে উক্ত হইয়াছে যে, সোমমণ্ডল চন্দ্র এবং তেজোময়মণ্ডল সূর্য্য; রসময় সোমমণ্ডল সূর্য্যের প্রতিবিম্বেই চন্দ্ররূপে প্রতীত হয়। সূর্য্য এক স্থানে অবস্থিত আছেন এবং চতুর্দ্দিকে মণ্ডলাকারে অবস্থিত সাতাইসটী অশ্বিনি প্রভৃতি নক্ষত্র ও মেষাদি রাশিচক্রই জ্যোতিশ্চক্র নামে অভিহিত হয়। এই জ্যোতি-শ্চক্র মেষাদি দ্বাদশ মাসে সূর্য্য মণ্ডল পরিভ্রমণ করিয়া থাকে। পৃথিবী অহোরাত্রে চক্রের ন্যায় আপন ব্যাসে পরিভ্রমণ করিয়া ত্রিংশৎ দিবসে এই এক এক রাশিকে অতিক্রম করে। সূর্য্যাভিমুখে প্রতীত পৃথিবীর ভাগে দিবা এবং তদ্বিপরীতে রাত্রি। এইরূপে দ্বাদশ রাশি অতিক্রম করিয়া দ্বাদশ মাসে পৃথিবী একবার সূর্য্য মণ্ডলের চতুর্দ্দিকে পরি-বেষ্টন করে। এদিকে আপ্যমণ্ডল চন্দ্রও এক মাস বা ত্রিংশৎ দিবসে পৃথিবীকে বেষ্টন করিয়া থাকে। যে সময় সূর্য্য ও পৃথিবীর অন্তরে আপ্যমণ্ডল সমসূত্র রেখায় এক রাশিতে অবস্থান করে, তখন সূর্য্যাভিমুখে অবস্থিত আপ্যমণ্ডলের ভাগই প্রতিবিম্বিত হয়; পৃথিবীর অভিমুখে অবস্থিত প্রতিবিম্বিতাংশের বিপরীত ভাগ আলোকহীনতা নিবন্ধন আর পৃথিবীর নিকট প্রতীত হয় না। পরে প্রতিপদাদি আরম্ভ করিয়া আপ্য-

কলানামিব চন্দ্রস্য কালেনাব্যক্তবর্ত্মনা ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

বেগেন, কালেন দেহস্য এব বিসর্গাদ্যাঃ জন্মাদ্যাঃ, শ্মশানান্তাঃ মরণান্তঃ ভাবাঃ ভবন্তি, ন আত্মনঃ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

এবং পঞ্চদশেঽহ্নি ত্রয়োদশভির্নক্ষত্রৈরন্তরমিতি রাশিচক্রস্য সপ্তবিংশতিনক্ষত্রাত্মকস্য মধ্যে সম্মুখৌ যদা চন্দ্রাদিত্যৌ তিষ্ঠতঃ তদা সম্পূর্ণ প্রতিবিম্বং ভূচ্ছায়ালাঞ্ছিতং দৃশ্যতে সা পূর্ণিমা। তস্যামাবাস্যা প্রতিবিম্বেন সহ ষোড়শকলশ্চন্দ্র উপচর্য্যতে। ততঃ পুনঃ প্রতিপদমারভ্য মণ্ডলয়োর্বিষমাভাবাৎ কলাহ্রাসঃ। তত্র যথা কলানামেবোৎপত্ত্যাদয়ো নাপ্যমণ্ডলস্য তথাত্মনোঽপীত্যাহ কলানামিবেতি ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চদশকলানামেব যথা উৎপত্ত্যাদয়ঃ নতু ষোড়শস্যামাকলারূপস্য চন্দ্রস্য ॥ ৪১ ॥

শক্তিবিশিষ্ট কালের গতিতে বিঘূর্ণিত জন্মমরণাদি ভাবসমূহ কেবল দেহেতেই বিকাশ পায়; তজ্জন্য আত্মাতে তাহার কোন সম্বন্ধ থাকে না ॥ ৪১ ॥

আভাস।

মণ্ডল পৃথিবীর চতুর্দ্দিকে পরিভ্রমণ করিতে গিয়া যেমন সমরাশি হইতে বিচ্যুত হইয়া বিষম রাশিতে অবস্থান করে, অর্থাৎ সূর্য্য, আপ্যমণ্ডল ও পৃথিবী ত্রিভুজের ত্রিকোণস্থানীয় হয়, সেই সময় সূর্য্য প্রতিবিম্বিত আপ্যমণ্ডলের আংশিক ভাগ পৃথিবীর নিকট পরিদৃষ্ট হয়; এবং ক্রমশ সূর্য্যসন্নিধান হইতে আপ্যমণ্ডল পৃথিবী বেষ্টনার্থ যতই দূরে যাইতে থাকে, ততই তাহার সূর্য্য প্রতিবিম্বিত ভাগ পরিবর্দ্ধিতভাবে পৃথিবীর নিকট পরিদৃষ্ট হয়; এই এক এক দিবসের প্রতিবিম্বিত পরিদৃষ্ট আপ্যমণ্ডলের অংশকে এক এক কলানামে অভিহিত করা হয়। এইরূপে পঞ্চদশ দিবসে আপ্যমণ্ডল পরিভ্রমণ করিতে করিতে নিজ গতিতে যখন সূর্য্য ও পৃথিবীর সম্পূর্ণ দূরে অবস্থান করে, অর্থাৎ পৃথিবী যখন সূর্য্য ও আপ্যমণ্ডলের মধ্যবর্ত্তী হইয়া সমসূত্র-রেখায় এক রাশিতে অবস্থান করে, তখন সূর্য্য প্রতিবিম্বিত আপ্যমণ্ডলের ভাগ পূর্ণমাত্রায় পৃথিবীর অভিমুখেই পরিদৃষ্ট হয়। সুতরাং আপ্য মণ্ডলে সূর্য্যের সম্পূর্ণ প্রতিবিম্ব যাহা পৃথিবী হইতে লক্ষিত হয়, তাহারই নাম পঞ্চদশ কলার সমাবেশে পূর্ণচন্দ্র। আবার চন্দ্র এক এক দিবসে যতই সূর্য্যের নিকটবর্ত্তী হইতে থাকে প্রত্যহ তাঁহার যে প্রতিবিম্বিতাংশ পৃথিবীর দৃষ্টির বহির্ভূত হইতে লাগিল, সেই অংশের নাম কলা; সেই কলাহ্রাসে কৃষ্ণপক্ষের আরম্ভ হইয়া পুনরায় যখন আপ্যমণ্ডল সূর্য্য ও পৃথিবীর অন্তরালে সমসূত্র রেখায় এক রাশিতে অবস্থান করে, তখনই অমাবস্যা হয়। অতএব আপ্য মণ্ডল যে স্থানেই অবস্থান করুক না, সূর্য্যের সম্পূর্ণ প্রতিবিম্ব গ্রহণে তাহার কখন প্রতিবন্ধক ঘটে না; সুতরাং পূর্ণচন্দ্ররূপেরও কোন ব্যাঘাত নাই; কেবল পৃথিবী

কালেন হ্যোঘবেগেন ভূতানাং প্রভবাপ্যয়ৌ।
নিত্যাবপি ন দৃশ্যেতে আত্মনোঽগ্নির্যথার্চ্চিষাং ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

ওঘবেগেন (ওঘবৎ জলপ্রবাহবৎ বেগো যস্য তেন) কালেন আত্মনঃ ভূতানাং আত্ম-সম্বন্ধিনাং দেহানাং, প্রভবাপ্যয়ৌ উৎপত্তিবিনাশৌ, হি নিত্যৌ অপি অগ্নেঃ অর্চ্চিষাং জ্বালানাং যথা তথা প্রতিক্ষণং ভবন্তৌ অপি ন দৃশ্যেতে ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

সিংহাবলোকনেনাগ্নিদৃষ্টান্তেনৈব দেহানাং ক্ষণভঙ্গুরতয়া বৈরাগ্যং শিক্ষিতমিত্যাহ কালেনেতি। ওঘবদ্বেগো যস্য তেনাত্মনঃ সম্বন্ধিনাং ভূতানাং দেহানামিত্যর্থঃ। অর্চ্চিষাং জ্বালানাং ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সিংহাবলোকন্যায়েন পুনরপ্যগ্নেঃ সকাশাদ্বৈরাগ্যং শিক্ষিতমাহ কালেনেতি ওঘবেগেন ওঘবতাং মারুতাদীনামিব বেগো যস্য তেন। আত্মনঃ সম্বন্ধিনাং ভূতানাং দেহানা-মিত্যর্থঃ। অর্চ্চিষাং জ্বালানাং ॥ ৪২ ॥

বহ্নিতে জ্বলনভাবের নিত্য বিদ্যমানতা থাকিলেও কখন তাহার প্রকাশ, কখন অপ্রকাশ থাকে তাহাতেই বহ্নির সত্তা বা অসত্তার ভ্রম হয়, সেইরূপ জীবসম্বন্ধি দেহের উৎপত্তি ও বিনাশ নিরন্তর বিদ্যমান থাকিলেও কেবল প্রকাশের অভাবে সর্ব্বদা প্রতিত হয় না ॥ ৪২ ॥

আভাস।

সম্পর্কে, তাহার ন্যূনাতিরেক দৃষ্টির তারতম্যে কলাক্ষয় ও কলাবৃদ্ধি এবং পূর্ণচন্দ্র বা অমাবস্যা। কারণ পৃথিবীর নিকট অমাবস্যা ঘটিলেও তদ্বিপরীতে পূর্ণচন্দ্র আছে, কেবল গতির ইতর বিশেষ মাত্র; সেইরূপ জীবাত্মার জন্ম নাশাদি ষট্ প্রকার বিকার কেবল দেহের ভাবে মাত্র। আত্মা পূর্ণচন্দ্রের ন্যায় অক্ষয়, অজর ও অমরভাবেই চিরবিদ্যমান আছেন; দেহধর্ম্ম আত্মাতে আরোপ করত বিকৃত ভাবের পরিচয় তাঁহাতে হয় মাত্র ॥ ৪১ ॥

উৎপত্তি ও বিনাশ ভূতদেহের স্বভাবনিষ্ঠ ধর্ম্ম; উক্ত দুই ভাবকে পরিত্যাগ করিয়া ভূতদেহ ক্ষণমাত্রও অবস্থান করে না; তবে কোন সময়ে উৎপত্তিভাবের বিশেষ প্রকটন, বিনাশভাবের স্বল্পতা, কখনও বা বিনাশভাবের প্রচুর পরিচয় এবং উৎপত্তিভাবের ন্যূনতা। যেমন বহ্নি আছে বলিলে, তাহাতেই জ্বলনভাবের উল্লেখ করা হইল; কারণ জ্বলন ব্যতীত বহ্নির বহ্নিত্বই থাকে না; তবে কখন বিশেষ, কখন সামান্য মাত্র, সেইরূপ উৎপত্তি ও বিনাশ ধর্ম্ম-বিশিষ্টত্বই দেহত্ব; তদ্ব্যতীত দেহত্বেরই পরিচয় থাকিতে পারে না। সভুক্ত অন্ন পরি-পাচিত হইয়া দেহে যেমন শোণিতের উৎপত্তি হয়, আবার শোণিতের অংশে মাংস পরিবর্দ্ধিত হইয়া শোনিতাংশ ক্ষীণ হইয়া পড়ে। এইরূপে শরীরের সকল পদার্থই স্বয়ং বিনষ্ট

গুণৈর্গুণানুপাদত্তে যথাকালং বিমুঞ্চতি।
ন তেষু যুজ্যতে যোগী গোভির্গা ইব গোপতিঃ ॥ ৪৩ ॥
বুধ্যতে স্বেন ভেদেন ব্যক্তিস্থ ইব তদ্গতঃ।

অন্বয়ঃ।

গোপতিঃ সূর্য্যঃ, যথা গোভিঃ রশ্মিভিঃ, গাঃ জলানি, যথাকালং গ্রীষ্মাদিকালে, উপাদত্তে (বর্ষাকালে চ) বিমুঞ্চতি এবং যোগী গুণৈঃ ইন্দ্রিয়ৈঃ, গুণান্ শব্দাদিবিষয়ান্, উপাদত্তে স্বীকরোতি, যথাকালং (অর্থিন্যাগতে দদাতি চ পরং তু) তেষু ন যুজ্যতে ॥ ৪৩ ॥

তত্রস্থঃ তত্র প্রতিবিম্বিত ব্যক্তিস্থঃ (ব্যনক্তি ইতি ব্যক্তিঃ উপাধিঃ জলাদিঃ, অর্কঃ যথা

শ্রীধরস্বামী।

আদিত্যাচ্ছিক্ষিতমাহ গুণৈরিতি দ্বয়েন। গুণৈরিন্দ্রিয়ৈর্গুণান্ বিষয়ান্ উপাদত্তে যথাকালং অর্থিন্যাগতে সতি বিমুঞ্চতি নচ তেষু যুজ্যতে লব্ধমিতি দত্তমিতি অভিনিবেশং ন করোতি। গোভিরশ্মিভিঃ গা জলানি গোপতিঃ সূর্য্যো যথা ॥ ৪৩ ॥

স্বতো ভেদশূন্যস্যাপি আত্মনো ভেদপ্রতীতিরুপাধিবশাদিত্যাদিত্যদৃষ্টান্তেনৈব সস্থা-বিতমিত্যাহ বুধ্যত ইতি। স্বে স্বরূপেঽবস্থিত আত্মা ভেদেন ন বুধ্যতে। ব্যনক্তীতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূর্য্যাচ্ছিক্ষিতমাহ দ্বাভ্যাং গুণৈরিন্দ্রিয়ৈ গুণান্ বিষয়ান্ উপাদত্তে। যথাকালমর্থি-ন্যাগতে সতি বিমুঞ্চতি দদাতি চ। ন তেষু যুজ্যতে। ময়া লব্ধা ময়া দত্তা ইতি বাভি-নিবেশং ন করোতি। গোভিঃ রশ্মিভিঃ গা জলানি গোপতিঃ সূর্য্যো যথা ॥ ৪৩ ॥

আত্মা পরমাত্মা স্বেন ভেদেন স্বরূপশক্তি মায়াশক্তি জীবশক্ত্যাত্মকেনাবস্থিতোঽর্ক-বদ্বুধ্যতে। অর্কো যথা স্বমণ্ডলমেঘকিরণাত্মকেন ভেদেনাবস্থিতো বুধ্যত ইত্যর্থঃ স্থূল-

দিবাকর কিরণজালরূপ হস্ত প্রসারণে পৃথিবীর রসাদি যেমন কালক্রমে গ্রহণ করেন এবং বর্ষাদিকালে বর্ষণ করিয়া থাকেন, সেইরূপ যোগী কাল-ক্রমে ইন্দ্রিয়ের দ্বারা বিষয়াদি গ্রহণ করিলেও উপযুক্ত পাত্রের উপস্থিতিতে প্রদান করিয়া থাকেন; তাহাতে আসক্ত হন না ॥ ৪৩ ॥

এক প্রভাকর যেমন জলবিশিষ্ট ভিন্ন ভিন্ন পাত্রে প্রতিবিম্বিত হইয়া বালকবুদ্ধি ব্যক্তির নিকট বহুরূপে প্রতীয়মান হন, সেইরূপ এক পরমাত্মা

আভাস।

হইয়া অপরের পুষ্টিসাধন করিয়া থাকে। অতএব উৎপত্তি এবং ক্ষয় এই উভয়ের একত্র মিলনে অবস্থিতিই দেহধর্ম্ম ॥ ৪২ ॥

সূর্য্য ও তৎপ্রতিবিম্ব দৃষ্টান্তে প্রদর্শিত হইয়াছে যে, স্বগতভেদ না থাকিলেও উপাধির দ্বারা ভেদের কল্পনা হইয়া থাকে। সূর্য্য একও অদ্বিতীয় হইলেও যেমন জলাদিবিশিষ্ট

লক্ষ্যতে স্থূলমতিভিরাত্মাচাবস্থিতোঽর্কবৎ ॥ ৪৪ ॥

নাতিস্নেহঃ প্রসঙ্গো বা কর্ত্তব্যঃ ক্বাপি কেনচিৎ।
কুর্ব্বন্ বিন্দেত সন্তাপং কপোত ইব দীনধীঃ ॥ ৪৫ ॥

কপোতঃ কশ্চনারণ্যে কৃতনীড়ো বনস্পতৌ।
কপোত্যা ভার্য্যয়া সার্দ্ধমুবাস কতিচিৎ সমাঃ ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

(বস্তুতঃ একোঽপি) স্থূলমতিভিঃ তদ্গতঃ ইব ভেদেন লক্ষ্যতে তথা) দেহাদ্যুপাধিপ্রবিষ্টঃ স্বেন রূপেণ একোঽপি আত্মা স্থূলমতিভিঃ ভেদেন এব বুধ্যতে ॥ ৪৪ ॥

অতি স্নেহঃ অতিপ্রীতিঃ, প্রসঙ্গঃ উপলালনাদ্যাসক্তিঃ বা ক্বাপি বিষয়ে, কেনচিৎ সহ ন কর্ত্তব্যঃ। তৎ কুর্ব্বন্ হি দীনধীঃ বিবেকহীনঃ সন্ কপোতঃ ইব সন্তাপং বিন্দেত ॥ ৪৫ ॥

বনস্পতৌ কৃতনীড়ঃ (কৃতং নীড়ং কুলায়ঃ যেন সঃ) কশ্চন কপোতঃ ভার্য্যয়া কপোত্যা সার্দ্ধং অরণ্যে কতিচিৎসমাঃ সংবৎসরান্ উবাস ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

ব্যক্তিরূপাধিঃ ব্যক্তিস্থ উপাধৌ প্রতিবিম্বিতঃ তদ্গত ইব উপাধি প্রবিষ্ট ইব ভেদেন স্থূলমতিভির্লক্ষ্যতে অর্কবদিত্যন্বয়ঃ ॥ ৪৪ ॥

কপোতাচ্ছিক্ষিতমাহ নাতিস্নেহ ইতি। স্নেহঃ প্রীতিঃ। প্রসঙ্গ উপলালনাদ্যাসক্তিঃ ॥ ৪৫ ॥

দৃষ্টান্তং প্রপঞ্চয়তি কপোতঃ কশ্চনেতি ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মতিভিস্তু ব্যক্তিস্থো জাতি পদার্থ ইব তদ্গতঃ। ব্যক্তিগতঃ উপাধ্যবচ্ছিন্ন আত্মা লক্ষ্যতে অর্কবৎ অর্কো যথা জলাদি পরিচ্ছিন্নঃ ॥ ৪৪ ॥

বহুদেহে অধিষ্ঠিত থাকায় মূর্খজনগণ তাঁহাকে বহুরূপে প্রতীত করিয়া থাকে ॥ ৪৪ ॥

কোন বিষয়ে নিরতিশয় আসক্তি, প্রীতি বা উপলালনাদিজনিত সন্তোষের উপলব্ধি করা কর্ত্তব্য নহে; তাহা হইলে বিবেকহীন কপোতের ন্যায় নিতান্ত ক্লেশ ভোগ করিতে হয়, সন্দেহ নাই। ॥ ৪৫ ॥

কোন বনে এক পারাবত একটী বৃক্ষের উপর কুলায় নির্ম্মাণ করত একটী ভার্য্যা পারাবতীর সহিত কয়েক বৎসর বাস করিয়াছিল ॥ ৪৬ ॥

আভাস।

শরাবাদির ভেদে ভিন্ন রূপে প্রতীয়মান হয়, সেই পরমাত্মা এক, অদ্বিতীয় ও অনন্ত হইলেও দেহাদি উপাধির ভেদে বহুরূপে ও বহু নামে প্রতীত হইতেছেন ॥ ৪৪ ॥

কপোতৌ স্নেহগুণিতহৃদয়ৌ গৃহধর্ম্মিণৌ ।
দৃষ্টিং দৃষ্ট্যাঙ্গসঙ্গেন বুদ্ধিং বুদ্ধ্যা ববন্ধতুঃ ॥ ৪৭ ॥
শয্যাসনাটনস্থানবার্ত্তাক্রীড়াশনাদিষু ।
মিথুনীভূয় বিশ্রব্ধৌ চেরতুর্বনরাজিষু ॥ ৪৮ ॥
যং যং বাঞ্ছতি সা রাজংস্তর্পয়ন্ত্যনুকম্পিতা ।
তং তং সমানয়ৎ কামং কৃচ্ছ্রেণাপ্যজিতেন্দ্রিয়ঃ ॥

অন্বয়ঃ ।

কপোতৌ (কপোতী কপোতঃ) দ্বৌ অঙ্গসঙ্গেন স্নেহগুণিতহৃদয়ৌ (স্নেহেন গুণিতং বদ্ধং হৃদয়ং যয়োস্তৌ) যতঃ গৃহধর্ম্মিণৌ মৈথুন্যসুখনিরতৌ, দৃষ্ট্যা দৃষ্টিং বুদ্ধ্যা বুদ্ধিং ববন্ধতুঃ সংযোজিতবন্তৌ ॥ ৪৭ ॥

শয্যাসনাটনস্থানবার্ত্তাক্রীড়াশনাদিষু মিথুনীভূয় অবিয়োগেন বর্ত্তমানৌ, বিশ্রব্ধৌ নিঃশঙ্কৌ বনরাজিষু চেরতুঃ ॥ ৪৮ ॥

হে রাজন্ ! সা কপোতী, (তেন) অনুকম্পিতা কৃপাপূর্ব্বকং প্রচোদিতা যং যং কামং বাঞ্ছতি অজিতেন্দ্রিয়ঃ (সঃ কপোতঃ) কৃচ্ছ্রেণাপি তং তং কামং সমানয়ৎ প্রাপয়ৎ ॥

শ্রীধরস্বামী ।

তয়োর্মিথঃ স্নেহপ্রসঙ্গৌ দর্শয়তি কপোতাবিতি ত্রয়েণ। স্নেহেন গুণিতং নিবদ্ধং হৃদয়ং যয়োস্তৌ ॥ ৪৭ ॥

বিশ্রব্ধৌ নিঃশঙ্কৌ ॥ ৪৮ ॥

সা কপোতী তর্পয়ন্তী সহাসবীক্ষিতালাপাদিভিঃ প্রীণয়ন্তী অতএব তেনানুকম্পিতা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

কপোতাচ্ছিক্ষিতমাহ নাতীতি। প্রসঙ্গ উপলালনাদি ॥ ৪৫—৪৮ ॥

দম্পতী কপোত-কপোতী সঙ্গসুখে নিবৃত্ত হইয়া, গৃহধর্ম্মে চরিতার্থবোধে উভয়ে একপ্রাণ ও একদেহের অনুমানে বহুকাল অনুপম গার্হস্থ্য সুখে দিন-যামিনী অতিবাহিত করিয়াছিল ॥ ৪৭ ॥

তাহারা নিঃশঙ্কচিত্তে মিলিত হইয়া উভয়ে এক শয্যায় শয়ন, একত্র উপবেশন, এক সঙ্গে বিচরণ, পরস্পরে কথোপকথন, ক্রীড়া ও ভোজনাদি করত সেই বনমধ্যে সচ্ছন্দে বিহার করিতে লাগিল ॥ ৪৮ ॥

হে রাজেন্দ্র ! কপোতীর প্রেমে কপোত এতই প্রসন্ন হইয়াছিল যে, কপোতী যখন যে কোন সামগ্রীর প্রার্থনা করিত, প্রেমান্ধ কপোত অতি কষ্ট-সাধ্য হইলেও তাহা তৎক্ষণাৎ আনয়ন করত কপোতীর সাধ পূরণ করিত ॥

কপোতী প্রথমং গর্ভং গৃহ্নতী কাল আগতে।
অণ্ডানি সুষুবে নীড়ে স্বপত্যুঃ সন্নিধৌ সতী ॥ ৪৯ ॥
তেষু কালে ব্যজায়ন্ত রচিতাবয়বা হরেঃ।
শক্তিভির্দুর্বিভাব্যাভিঃ কোমলাঙ্গতনূরুহাঃ ॥
প্রজাঃ পুপুষতুঃ প্রীতৌ দম্পতী পুত্রবৎসলৌ।
শৃণ্বন্তৌ কূজিতং তাসাং নির্বৃতৌ কলভাষিতৈঃ ॥ ৫০ ॥

অন্বয়ঃ।

প্রথমং গর্ভং গৃহ্নতী সতী কপোতী কালে (প্রসূতিকালে) আগতে স্বপত্যুঃ সন্নিধৌ নীড়ে অণ্ডানি সুষুবে ॥ ৪৯ ॥

তেষু জলভরিতেষু অণ্ডেষু হরেঃ দুর্বিভাব্যাভিঃ অতর্ক্যাভিঃ শক্তিভিঃ (কালকর্ম্ম স্বভাবাদিভিঃ) রচিতাবয়বাঃ (রচিতাঃ অবয়বাঃ যেষাং তে) কোমলাঙ্গতনূরুহাঃ (কোমলানি অঙ্গানি তনূরুহাঃ রোমাণি চ যেষাং তে) শিশবঃ কালে তৎপরিপাককালে ব্যজায়ন্ত ॥

তাসাং প্রজানাং কূজিতং শৃণ্বন্তৌ কলভাষিতৈঃ মধুরস্বনৈঃ, নির্বৃতৌ সুখিনৌ, অতএব প্রীতৌ পুত্রবৎসলৌ দম্পতী প্রজাঃ শিশূন্ পুপুষতুঃ ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

সতী যং যং বাঞ্ছতি তং তং কামং সমানয়ং সম্পাদয়ামাস রাজন্নিতি ত্বং যথেতি সূচিতং ॥ ৪৯ ॥

তেষু জলভরিতেম্বণ্ডেষু হরেঃ স্বভাবকর্ম্মাদিশক্তিভিঃ রচিতাবয়বাঃ পক্ষিণঃ কোমলান্যঙ্গানি তনূরুহাশ্চ যেষাং তে ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্পয়ন্তি সুরতালাপবীক্ষিতাদিভিঃ প্রীণয়ন্তী ॥ ৪৯ ॥
প্রজাঃ ব্যজায়ন্ত ॥ ৫০ ॥

এই প্রকারে কিছুদিন অতীত হইলে কপোতী প্রথম গর্ভধারণ করিল এবং সেই পতি-সোহাগিনী কপোতী পতির সমক্ষে যথাকালে সেই নীড়মধ্যে কয়েকটী অণ্ড প্রসব করিল ॥ ৪৯ ॥

পরে উপযুক্তকাল উপস্থিত হইলে ভগবানের অচিন্ত্যশক্তিপ্রভাবে সেই সমস্ত অণ্ড হইতে সুকোমল রোমপরিব্যাপ্ত শোভন অবয়ববিশিষ্ট শাবক সকল উৎপন্ন হইল ॥

অনন্তর পুত্রবৎসল কপোতমিথুন অতি প্রসন্নচিত্তে পুত্রগণকে লালন পালন করিতে লাগিল; শাবকগণের মধুর কূজন ধ্বনি শ্রবণে তাহারা মনে মনে কতই আনন্দ অনুভব করিত! ॥ ৫০ ॥

তাসাং পতত্রৈঃ সুস্পর্শৈঃ কূজিতৈর্মুগ্ধচেষ্টিতৈঃ ।
প্রত্যুদ্গমৈরদীনানাং পিতরৌ মুদমাপতুঃ ॥ ৫১ ॥
স্নেহানুবদ্ধ-হৃদয়াবন্যোন্যং বিষ্ণুমায়য়া ।
বিমোহিতৌ দীনধিয়ৌ শিশূন্ পুপুষতুঃ প্রজাঃ ॥
একদা জগ্মতুস্তাসামশনার্থং কুটুম্বিনৌ ।
পিতরৌ কাননে তস্মিন্নর্থিনৌ চেরতুশ্চিরং ॥ ৫২ ॥
দৃষ্ট্বা তান্ লুব্ধকঃ কশ্চিদ্‌যদৃচ্ছাতো বনেচরঃ ।

অন্বয়ঃ ।

অদীনানাং হৃষ্টানাং, তাসাং, প্রজানাং প্রত্যুদ্গমৈঃ সুস্পর্শৈঃ সুখস্পর্শৈঃ, পতত্রৈঃ পক্ষৈঃ, মুগ্ধচেষ্টিতৈঃ কূজিতৈঃ পিতরৌ মুদং হর্ষং আপতুঃ ॥ ৫১ ॥

বিষ্ণুমায়য়া বিমোহিতৌ অন্যোন্যং স্নেহানুবন্ধহৃদয়ৌ দীনধিয়ৌ তৎপোষণপ্রবণতয়া আকুলচিত্তৌ তৌ শিশূন, বালান্ প্রজাঃ পুত্রান্ পুপুষতুঃ ॥

তাসাং অশনার্থং অন্নার্থিনৌ অন্নমাকাঙ্ক্ষমাণৌ, কুটুম্বিনৌ পিতরৌ একদা তস্মিন্ অরণ্যে জগ্মতুঃ তথা চিরং বহুক্ষণং চরতুঃ ॥ ৫২ ॥

তদা যদৃচ্ছাতঃ (যদৃচ্ছয়া অকস্মাদেব তত্রাগতঃ) বনেচরঃ কশ্চিৎ লুব্ধকঃ ব্যাধঃ স্বালয়ান্তিকে (স্বস্য আলয়স্য নীড়স্য অন্তিকে সমীপে) চরতঃ ক্রীড়তঃ তান্ কপোতপুত্রান্

শ্রীধরস্বামী ।

পতত্রৈঃ পক্ষৈঃ অদীনানাং হৃষ্টানাং ॥ ৫১ ॥

শিশূন্ বালান্ প্রজাঃ পুত্রান্ ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অদীনানাং হৃষ্টানাং ॥ ৫১ ॥

শিশূন্ বালান্ প্রজা অপত্যানি ॥ ৫২ ॥

বালকগণের নবোদ্গত পক্ষদ্বয়ের সুখস্পর্শে, মধুর কূজনধ্বনি শ্রবণে পিতা মাতার আর আনন্দের পরিসীমা থাকিত না ॥ ৫১ ॥

কপোতকপোতী ভগবন্মায়ায় পরস্পরের স্নেহানুবন্ধনে এতই আবদ্ধ হইয়াছিল যে, পরস্পরে বিমোহিতের ন্যায় অতি আগ্রহসহকারে পুত্রগণকে প্রতিপালন করিতে লাগিল ॥

এক দিন সেই জনক-জননী পুত্রগণের আহারসংগ্রহার্থ সেই কাননের কিঞ্চিৎ দূরে বিচরণ করিতে গিয়াছিল ॥ ৫২ ॥

ইতিমধ্যে এক বনচর ব্যাধ যদৃচ্ছাক্রমে পর্য্যটন করিতে করিতে সেই কপোতশাবকগণকে নীড়সমীপে বিচরণ করিতে দেখিতে পাইল এবং তৎ-

স্বগৃহে জালমাতত্য চরতঃ স্বালয়ান্তিকে।। ৫৩ ।।
কপোতশ্চ কপোতীচ প্রজাপোষে সমুৎসুকৌ।
গতৌ পোষণমাদায় স্বনীড়মুপজগ্মতুঃ ।।
কপোতী স্বাত্মজান্ বীক্ষ্য বালকান্ জালসম্বৃতান্।
তানভ্যধাবৎ ক্রোশন্তী ক্রোশতো ভৃশদুঃখিতা।। ৫৪ ।।
সাসকৃৎস্নেহগুণিতা দীনচিত্তাজমায়য়া।

অন্বয়ঃ।

দৃষ্ট্বা জালং পাশং, আতত্য প্রসার্য্য, স্বগৃহে ॥ ৫৩ ॥

প্রজাপোষে সমুৎসুকৌ (অতস্তদাহারার্থং) গতৌ কপোতীকপোতৌ পোষণং অন্নং, আদায় স্বনীড়ং উপজগ্মতুঃ ॥

কপোতী স্বাত্মজান্ বালকান্ জালসম্বৃতান্ (জালেন সম্বৃতান্ বদ্ধান্ অতএব) ক্রোশতঃ বীক্ষ্য ভৃশদুঃখিতা সতী (স্বয়মপি) ক্রোশন্তী তান্ প্রতি অভ্যধাবৎ ॥ ৫৪ ॥

অজমায়য়া (অজস্য ভগবতঃ মায়য়া, তেষু) অসকৃৎস্নেহগুণিতা (অসকৃৎ পুনঃ পুনঃ স্নেহঃ তেষু গুণিতা বদ্ধা) অতএব দীনচিত্তা (দীনং চিত্তং যস্যাঃ সা) তথা অপস্মৃতিঃ (অপগতা স্মৃতি র্যস্যাঃ) সা কপোতী তান্ বালকান্ বদ্ধান্ পশ্যন্তী অপি স্বয়ং চ শিচা

শ্রীধরস্বামী।

স্বালয়ান্তিকে চরতঃ ক্রীড়তঃ তান্ কপোতপুত্রান্। আতত্য প্রসার্য্য ॥ ৫৩ ॥
উৎসুকত্বাদেব তৎপোষণার্থং গতৌ সন্তৌ। পোষণং ভক্ষ্যং ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বালয়ান্তিকে স্বনীড়তলনিকটে চরতস্তান্ জগ্রাহ ॥ ৫৩ ॥
পোষণং ভক্ষ্যং ॥ ৫৪ ॥

ক্ষণাৎ জাল বিস্তার পূর্ব্বক তাহাদিগকে পাশবদ্ধ করিল।। ৫৩।।

এদিকে কপোতমিথুন পুত্রগণের ভোজনার্থ খাদ্যসংগ্রহ করিয়া নিতান্ত উৎসুকচিত্তে নীড়াভিমুখে উপস্থিত হইল।।

এবং তথায় জালনিবদ্ধ সন্তানগণকে প্রাণভয়ে রোদন করিতে নিরীক্ষণ করিয়া, কপোতী শোকে ও দুঃখে নিতান্ত কাতর হইয়া পড়িল এবং বিলাপ করত তাহাদের নিকটেই অগ্রসর হইতে লাগিল।। ৫৪ ।।

মহামায়ার অচিন্ত্যমায়া প্রভাবে মোহিতচিত্তা কপোতী পুত্রপ্রেমের উত্তরোত্তর বন্ধনে এতই আকৃষ্ট হইয়া পড়িল যে, তাহার আত্মজ্ঞান বিলুপ্ত হইয়া গেল ; সে বৎসগণের তাদৃশ বিষম দুরবস্থা স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াও

স্বয়ঞ্চাবধ্যত শিচা বদ্ধান্ পশ্যন্ত্যপস্মৃতিঃ ॥ ৫৫ ॥
কপোতঃ স্বাত্মজান্ বদ্ধানাত্মনোঽভ্যধিকান্ প্রিয়ান্।
ভার্য্যাঞ্চাত্মসমাং দীনাং বিললাপাতিদুঃখিতঃ ॥ ৫৬ ॥
অহো মে পশ্যতাপায়মল্পপুণ্যস্য দুর্ম্মতেঃ।
অতৃপ্তস্যাকৃতার্থস্য গৃহস্ত্রৈবর্গিকো হতঃ ॥
অনুরূপানুকূলা চ যস্য মে পতিদেবতা।
শূন্যে গৃহে মাং সংত্যজ্য পুত্রৈঃ স্বর্যাতি সাধুভিঃ ॥

অন্বয়ঃ।

জালেন, অবধ্যত (জালে অপতৎ) ॥ ৫৫ ॥

কপোতঃ তু আত্মনঃ শরীরাৎ অপি অভ্যধিকান্ প্রিয়ান্, স্বাত্মজান্ বদ্ধান্ তথা আত্ম-সমাং (আত্মনা শরীরেণ সমাং তুল্যাং ভার্য্যাং দীনাং বদ্ধাং দৃষ্ট্বা অতিদুঃখিতঃ সন্ বিললাপ শুশোচ ॥ ৫৬ ॥

অহো (হে জনাঃ) মে মম অপায়ং বিনাশং, পশ্যত। (যতঃ) অল্পপুণ্যস্য (অতঃ) দুর্ম্মতেঃ অকৃতার্থস্য (যতঃ দৃষ্টসুখেন) অতৃপ্তস্য মম ত্রৈবর্গিকঃ (ধর্ম্মার্থকামরূপঃ ত্রিবর্গ-সাধনভূতঃ) গৃহঃ গৃহাশ্রমঃ, হতঃ বিনষ্টঃ ॥

পতিদেবতা (পতিরহমেব দেবতা যস্যাঃ সা) অতএব অনুকূলা চিত্তানুকারিণী অনুরূপা রূপযৌবনাভ্যাং মনোহারিণী চ) যস্য মে ভার্য্যা শূন্যে গৃহে মাং সংত্যজ্য সাধুভিঃ পুত্রৈঃ সহ স্বঃ স্বর্গং যাতি ॥

শ্রীধরস্বামী।

শিচা জালেন ॥ ৫৫ ॥

আত্মানুরূপাং ভার্য্যাঞ্চ। বিললাপ শুশোচ ॥ ৫৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বদ্ধান্ স্ববালান্ পশ্যন্তী অপস্মৃতিঃ শোকেনাচেতনা সতী পতন্তী শিচা জালেনা-বধ্যত ॥ ৫৫ ॥

স্বয়ং সেই জালে নিপতিত হইল ॥ ৫৫ ॥

এদিকে কপোত প্রাণাধিক পুত্রগণকে ও দেহার্দ্ধভাগিনী ভার্য্যাকে তাদৃশ অবস্থায় জালে নিবদ্ধ অবলোকন করিয়া দুঃখে নিতান্ত কাতর হইয়া পড়িল এবং একান্ত কাতরস্বরে এইরূপ বিলাপ করিতে আরম্ভ করিল ॥ ৫৬ ॥

অহো! আমার কি দুর্ভাগ্য! আমার কোন পুণ্যের সঞ্চয় নাই, সেই নিমিত্ত আমার বুদ্ধিও মন্দ; আমার ধর্ম্ম, অর্থ ও কামের সাধনভূত গৃহাশ্রমও বিনষ্ট হইয়া গেল ॥

রূপযৌবনসম্পন্না চিত্তানুকারিণী পতিপরায়ণা ভার্য্যা আমাকে শূন্যগৃহে

সোঽহং শূন্যগৃহে দীনো মৃতদারো মৃতপ্রজঃ।
জিজীবিষে কিমর্থং বা বিধুরো দুঃখজীবিতঃ॥ ৫৭॥
তাংস্তথৈবাবৃতাঞ্ছিগভি র্মৃত্যুগ্রস্তান্ বিচেষ্টতঃ।
স্বয়ঞ্চ কৃপণঃ শিক্ষু পশ্যন্নপ্যবুধোঽপতৎ॥
তং লব্ধ্বা লুব্ধকঃ ক্রূরঃ কপোতং গৃহমেধিনং।
কপোতকান্ কপোতীঞ্চ সিদ্ধার্থঃ প্রযযৌ গৃহং॥ ৫৮॥

অন্বয়ঃ।

মৃতদারঃ মৃতপ্রজঃ সঃ দীনঃ অহং বিধুরঃ ভার্য্যাহীনঃ, দুঃখজীবিতঃ (দুঃখেন জীবিতং যস্য তথাবিধঃ সন্) কিমর্থং বা শূন্যগৃহে জিজীবিষে জীবিতুং ইচ্ছামি॥ ৫৭॥

শিগ্‌ভিঃ জালৈঃ আবৃতান্ অতএব মৃত্যুগ্রস্তান্ আরব্ধমরণান্ বিচেষ্টতঃ চেষ্টাশূন্যান্, শিশূন্ পশ্যন্ কৃপণঃ (দীনধীঃ মোহেন তত্রাসক্তঃ) যতঃ অবুধঃ অজ্ঞঃ, স কপোতঃ স্বয়মপি শিক্ষু জালেষু অপতৎ॥

ক্রূরঃ নিষ্ঠুরঃ, লুব্ধকঃ তং গৃহমেধিনং কপোতং কপোতকান্ তৎপুত্রান্, কপোতীং চ লব্ধা সিদ্ধার্থঃ লব্ধমনোরথঃ সন্ গৃহং প্রযযৌ॥ ৫৮॥

শ্রীধরস্বামী।

বিলাপমাহ ত্রয়েণ অহো ইতি। অতৃপ্তস্য দৃষ্টসুখেঽকৃতার্থস্য মে অদৃষ্টসুখসম্পাদয়তঃ॥ ৫৭॥

তান্ আবৃতান্ পশ্যন্নপি শিক্ষু জালেষু॥ ৫৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চকারাৎ শুশোচ॥ ৫৬॥ ৫৭॥

একাকী পরিত্যাগ করিয়া তাহার সাধু পুত্রগণের সহিত স্বর্গে গমন করিতেছে॥

অহো! আমার পুত্রগণও পত্নী সকলেই কালকবলে কবলিত হইতেছে; কেবল একাকী আমি অবশিষ্ট রহিলাম! এক্ষণে এই দারুণ দুঃখের ভার সহ্য করিয়া একাকী শূন্যগৃহে জীবন ধারণ করিবার যে কি ফল, তাহা আমি স্থির করিতে পারিতেছি না!॥ ৫৭॥

অনন্তর সন্তানগণ মৃত্যুর গ্রাসে নিশ্চেষ্টের ন্যায় নিপতিত ও জালবদ্ধ নিরীক্ষণ করিয়া, কপোত আত্মহারা হইল এবং শাবকদের তাদৃশ দশা অবলোকন করিয়াও মূঢ়ের ন্যায় জালে নিপতিত হইল॥

এদিকে সেই ক্রূরকর্ম্মা ব্যাধ গৃহাশ্রমী কপোত, কপোতী ও তাহাদের শাবকগণকে সংগ্রহ করিয়া সফলচিত্তে গৃহাভিমুখে প্রস্থান করিল॥ ৫৮॥

এবং কুটুম্ব্যশান্তাত্মা দ্বন্দ্বারামঃ পতত্রিবৎ।
পুষ্ণন্ কুটুম্বং কৃপণঃ সানুবন্ধোঽবসীদতি॥ ৫৯॥
যঃ প্রাপ্য মানুষং লোকং মুক্তিদ্বারমপাবৃতং।
গৃহেষু খগবৎ সক্তস্তমারূঢ়চ্যুতং বিদুঃ॥ ৬০॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে ভগবদুদ্ধবসম্বাদে সপ্তমোঽধ্যায়ঃ॥ * ॥ ৭ ॥ * ॥

অন্বয়ঃ।

এবং পতত্রিবৎ কপোতবৎ (অন্যোঽপি) দ্বন্দ্বারামঃ (দ্বন্দ্বেষু সুখদুঃখাদিষু আসমন্তাৎ রমতে যঃ সঃ) অশান্তাত্মা রাগলোভাদ্যভিভূতচিত্তঃ কুটুম্বী কুটুম্বং পুষ্ণন্ সানুবন্ধঃ পুত্রকলত্রাদিসহিতঃ কৃপণঃ সন্ অবসীদতি দুঃখেন বিনশ্যতি॥ ৫৯॥

অপাবৃতং নিরাবরণং মুক্তেঃ দ্বারং সাধনভূতং, মানুষং লোকং দেহং, প্রাপ্য যঃ খগবৎ কপোতবৎ, গৃহেষু সক্তঃ ভবতি তং আরূঢ়চ্যুতং শ্রেয়োমার্গসোপানং আরুহ্য চ্যুতং স্খলিতপদং (ইতি বিবেকিনঃ) বিদুঃ॥ ৬০॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তমোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

দার্ষ্টান্তিকে যোজয়তি এবমিতি॥ ৫৯॥

এবং গৃহাসক্তিস্তিরশ্চামপি অনর্থহেতুঃ। মনুষ্যস্য তু অতিনিন্দিতেত্যাহ যঃ প্রাপ্যেতি॥ ৬০

॥ * ॥ ইত্যেকাদশে সপ্তমঃ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিচেষ্টমানান্ পশ্যন্নপতৎ॥ ৫৮—৬০॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশে সপ্তমোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং॥ * ॥

অতএব এই পারাবতের ন্যায়, যে সকল অশান্তচিত্ত মানব বিষয়সম্ভোগই জীবনের একমাত্র সারজ্ঞানে পুত্রকলত্রাদির ভরণপোষণে নিরত থাকে, তাহারা বংশপরম্পরায় দুঃখের হস্ত হইতে কখনই অতিক্রম করিতে পারে না; সততই অবসাদগ্রস্ত হয়, সন্দেহ নাই॥ ৫৯॥

মুক্তির প্রশস্ত দ্বারস্বরূপ মানবযোনি লাভ করিয়া যে সকল ব্যক্তি এই বিহঙ্গমের ন্যায়, কেবল বিষয়সম্ভোগেই আসক্ত থাকে, সে ব্যক্তি উন্নতির উচ্চ সোপানে আরোহণ করিলেও অধঃপতিত বলিয়া জ্ঞানিগণ তাহাকে নির্দ্দেশ করিয়া থাকেন॥ ৬০॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তমাধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

শ্রীব্রাহ্মণ উবাচ।।

সুখমৈন্দ্রিয়কং রাজন্ স্বর্গে নরক এব বা।

দেহিনাং যদ্‌যথা দুঃখং তস্মান্নেচ্ছেত তদ্‌বুধঃ।। ১।।

অন্বয়ঃ।

ব্রাহ্মণঃ উবাচ। হে রাজন্! দেহিনাং ঐন্দ্রিয়কং ইন্দ্রিয়প্রভবং সুখং যং যথা স্বর্গে (ভবতি) তথা নরকে এব বা (ভবতি) যথা দুঃখং (প্রারব্ধবশেন অবশ্যম্ভাবিত্বাৎ)। তস্মাৎ বুধঃ বিবেকী তৎ ঐন্দ্রিয়কং সুখং ন ইচ্ছেৎ॥ ১॥

শ্রীধরস্বামী।

অষ্টমেঽজগরাদিভ্যো নবভ্যঃ শিক্ষিতং হরিঃ।

অবধূতগিরা প্রাহ বিবেকায়োদ্ধবং প্রতি॥ *॥

প্রারব্ধকর্ম্মভোগস্যাবশ্যম্ভাবিত্বাৎ তদর্থোদ্যমৈর্নায়ুর্ব্যয়ো বৃথা কর্ত্তব্য ইতি অজগরাচ্ছিক্ষিতমিত্যাহ সুখমিত্যাদিনা। যদৈন্দ্রিয়কং সুখং তৎ স্বর্গে নরকে চ ভবত্যেব যথা দুঃখং তস্মাদ্‌বুধস্তন্নেচ্ছেত॥ ১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অষ্টমেঽজগরাদ্যাশ্চ গুরবো নববর্ণিতাঃ।

পিঙ্গলায়াঃ কথা যত্র নৈরাশ্যসুখদোদিতা॥ *॥

স্বদেহনির্ব্বাহার্থং বৃথা নাতিচেষ্টিতব্যমিত্যজগর এব গুরুরিত্যাহ সুখমিতি চতুর্ভিঃ। যথা দুঃখমবাঞ্ছিতমপি স্যাৎ তথা সুখমপি ভবেদেবেতি কিং তদিচ্ছয়েত্যর্থঃ॥ ১॥

অনন্তর সেই অবধূত ব্রাহ্মণ রাজা যদুকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে নরনাথ! ইন্দ্রিয়জনিত সুখ জীবের পক্ষে বিশেষ দুর্ঘট নহে; কারণ স্বর্গ বা নরক যে স্থানেই জীব বাস করুক না, ইন্দ্রিয় থাকিলেই প্রারব্ধানুসারে যেমন দুঃখের উপস্থিতি হয়, তজ্জাতীয় সুখেরও সেইরূপ যোগাযোগ ঘটিয়া থাকে। অতএব প্রারব্ধের প্রতি লক্ষ্য করিয়া, বিচক্ষণ ব্যক্তিগণ ইন্দ্রিয়-সুখের জন্য বিশেষ লালায়িত হন না।। ১।।

আভাস।

অজগরাদি নয় জন গুরুর নিকট অবধূত ব্রাহ্মণ যাহা শিক্ষা করিয়াছিলেন, ভগবান্ শ্রীকৃষ্ণ এই অষ্টমাধ্যায়ে সেই সকল কথার উল্লেখ পূর্ব্বক উদ্ধবকে উপদেশ প্রদান করিয়াছেন॥

প্রথম অজগরের বৃত্তি দর্শনে প্রারব্ধকর্ম্মের উপর নির্ভর দিতে শিক্ষা প্রদান করিয়াছেন। অজগর নিজের জীবিকার্থ কোন উদ্যমই করে না; সম্মুখে যাহা উপস্থিত হয়, তাহাই খাইয়া জীবন ধারণ করিয়া থাকে; অথচ ভোজনের অভাবে তাহাকে প্রাণ ত্যাগ করিতেও হয় না; সে যেথানেই বাস করুক্, সর্ব্বপোষণকর্ত্তা ভগবান্ সেই স্থানেই

গ্রাসং সুমৃষ্টং বিরসং মহান্তং স্তোকমেব বা।
যদৃচ্ছয়ৈবাপতিতং গ্রসেদাজগরোঽক্রিয়ঃ ॥ ২ ॥
শয়ীতাহানি ভূরীণি নিরাহারোঽনুপক্রমঃ।
যদি নোপনয়েদ্গ্রাসো মহাহিরিব দিষ্টভুক্ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

গ্রাসং আহারং, সুমৃষ্টং স্বাদু, বিরসং, মহান্তং উদরপূর্ত্তিপর্য্যাপ্তং, স্তোকং অল্পং এব বা যদৃচ্ছয়া (দৈবাদেব প্রযত্নং বিনা) এব আপতিতং লব্ধং, অক্রিয়ঃ উদাসীনঃ, আজগরঃ অজগরবৃত্তিমান্, গ্রসেৎ অদ্যাৎ ॥ ২ ॥

গ্রাসঃ আহারঃ, যদি ন উপনয়েৎ উপগমেৎ তদা মহাহিঃ অজগরঃ ইব দিষ্টভুক্ (প্রারব্ধমেব আহারপ্রতিবন্ধকং অনুভবন্) অনুপক্রমঃ নিরুদ্যমঃ, এব নিরাহারঃ সন্ ভূরীণি অহানি (তূষ্ণীং) শয়ীত ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

শরীরনির্ব্বাহমাত্রন্তু যথালব্ধেন কর্ত্তব্যমিত্যাহ গ্রাসমিতি। আজগরোঽজগরবৃত্তিঃ। অক্রিয় উদাসীনঃ ॥ ২ ॥

যদা নাপততি তদা কিং কর্ত্তব্যং তত্রাহ শয়ীতেতি অনুপক্রমো নিরুদ্যমঃ দিষ্টভুক্ দৈবমেব প্রাপকমিতি ধৈর্য্যবান্ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আজগরঃ অজগরবৃত্তিঃ। অক্রিয়ঃ অল্পচেষ্টঃ ॥ ২ ॥ ৩ ॥

অজগর মহাসর্প যেমন যদৃচ্ছাক্রমে সমীপে উপস্থিত যে কোনরূপ ভোজন দ্রব্য পাইয়াই নির্বৃতের ন্যায় ভোজন করিয়া নিশ্চিন্ত থাকে, পর্য্যাপ্ত পরিমাণে আহার অন্বেষণার্থ কোথায়ও বিচরণ করে না, সেইরূপ ধীর বিবেকী ব্যক্তিগণ দৈবের উপর নির্ভর করত যদৃচ্ছাক্রমে উপনীত সুস্বাদু বা স্বাদহীন, পর্য্যাপ্ত বা অল্প, যখন যে কোন রূপ আহার প্রাপ্ত হইলে, তাহাই ভোজন করত পরিতৃপ্ত হন; তজ্জনিত উৎকণ্ঠিত বা ব্যতিব্যস্ত হন না ॥ ২ ॥

খাদ্য যদি আপনা হইতে সম্মুখে উপস্থিত না হয়, তাহা হইলে মহাসর্প যেমন তূষ্ণীম্ভাব অবলম্বনেই বহুদিবস স্বস্থানেই পড়িয়া থাকে, আহার

আভাস।

তাহার ভোজনদ্রব্য আনয়ন করিয়া তাহার মুখে তুলিয়া দেন। কারণ যে কর্ম্মফলে তাঁহাকে অজগর দেহ ধারণ করিতে হইয়াছে, সেই কর্ম্মই তাদৃশ দেহযাত্রা নির্ব্বাহার্থ ছায়ার ন্যায় তাহার অনুসরণ করিতেছে। অতএব যেরূপ দেহ লইয়া জীবকে জন্ম গ্রহণ করিতে হয়, প্রারব্ধ কর্ম্মানুরূপ ভোগও তাহাকে অনুভব করিতে হয়, সন্দেহ নাই। এবং

ওজঃ সহো বলযুতং বিভ্রদ্দেহমকর্ম্মকং।
শয়ানো বীতনিদ্রশ্চ নেহেতৈন্দ্রিয়বানপি ॥ ৪ ॥

অন্বয়ঃ।

ওজঃ ইন্দ্রিয়সামর্থ্যং, সহঃ মনঃসামর্থ্যং, বলং শরীরসামর্থ্যং তৈঃ যুতং তদ্যুক্তং অকর্ম্মকং নির্ব্যাপারং এব দেহং বিভ্রং শয়ানঃ এব ভবেৎ বীতনিদ্রঃ পরমাত্মচিন্তাপরঃ চ ভবেৎ। তথা ইন্দ্রিয়বান্ অপি ন ঈহেত দর্শনাদিব্যাপারপরশ্চ ন ভবেৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

নহু সমর্থোঽপি শয়ীতৈব কিং ওমিত্যাহ ওজ ইতি। ওজ ইন্দ্রিয়বলং সহো মনোবলং বলং শারীরমেব তদ্যুক্তমপি দেহমকর্ম্মকমেব বিভ্রচ্ছয়ান এব ভবেৎ। বীতনিদ্রঃ স্বার্থে দত্তদৃষ্টিশ্চ ভবেৎ ন পুনরীহেত ইন্দ্রিয়বানপীতি দর্শনাদিব্যাপারমপি নিবারয়তি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বীতনিদ্র ইতি স্বার্থে ভগবচ্চিন্তনাদৌ তু সর্ব্বদা সাবধান এব ভবেৎ যস্মাৎ দেহনির্ব্বাহার্থোদ্যমেন সময়ো মা বৃথা যাত্বিত্যেতদর্থমেবাজগরী বৃত্তিরাশ্রিতা ন পুনঃ সৈব স্বার্থো জ্ঞেয় ইতি ভাবঃ ॥ ৪ ॥

সংগ্রহার্থ অন্যত্র কোথায়ও গমন করে না, সেইরূপ উদাসীন যোগিগণও এক প্রারব্ধকে মাত্র আহারের প্রতিবন্ধক জ্ঞান করত অনাহারেই দিনসমূহ অতিবাহিত করিয়া থাকেন; আহারার্থ কোন চেষ্টা বা উদ্যম কখন করেন না ॥ ৩ ॥

ইন্দ্রিয়ের সামর্থ্য, মনের সামর্থ্য এবং দেহের সামর্থ্য সত্ত্বেও কোন সামর্থ্যের প্রতি লক্ষ্য না করিয়া যেন সর্ব্বপ্রকারে অসমর্থ দেহ ধারণেই শয়ান থাকিবে; অথচ যেন নিদ্রিত না হন; কেবল পরমাত্মার চিন্তাতেই চিত্তকে অভিনিবিষ্ট রাখিতে হইবে এবং ইন্দ্রিয় থাকিতেও বিকলেন্দ্রিয়ের ন্যায় যাবতীয় ইন্দ্রিয়ব্যাপার হইতে তৎকালে প্রতিনিবৃত্ত থাকা বিশেষ প্রয়োজন ॥ ৪ ॥

আভাস।

দেহধারণ সম্বন্ধে যেমন জীবের কোন কর্তৃত্ব নাই, প্রারব্ধই তাহার প্রধান নিয়ামক, সেই দেহনিষ্ঠ জাতি, আয়ু ও ভোগের উপরও জীবের কোন কর্তৃত্ব নাই; প্রারব্ধই তাহার প্রধান প্রযোজক। জীব ইচ্ছা করুক্ বা নাই করুক্, অবশ্যম্ভাবী প্রারব্ধফল তাহাকে অবশ্যই ভোগ করিতে হইবে; অতএব তাহার নিবৃত্তি বা প্রাপ্তির জন্য পরিশ্রম কেবল পণ্ডশ্রম মাত্র। শাস্ত্রান্তরে উক্ত আছে যে, "অবশ্যম্ভাবিভাবানাং প্রতীকারো ভবেদ্‌যদি। তদা দুঃখৈ র্নলিপ্যেরন্ নলরামযুধিষ্ঠিরাঃ" ॥ অবশ্যম্ভাবী প্রারব্ধচক্রের যদি খণ্ডন হওয়া সম্ভব

মুনিঃ প্রসন্নগম্ভীরো দুর্ব্বিগাহ্যো দুরত্যয়ঃ।
অনন্তপারো হ্যক্ষোভ্যঃ স্তিমিতোদ ইবার্ণবঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

স্তিমিতোদঃ নিশ্চলোদকঃ, অর্ণবঃ ইব মুনিঃ প্রসন্নগম্ভীরঃ, (বহিঃ প্রসন্নঃ অন্তর্গম্ভীরঃ চ) দুর্বিগাহ্যঃ (এবম্ভূত ইতি পরিকলয়িতুমশক্যঃ) দুরত্যয়ঃ অনতিক্রমণীয়ঃ, অনন্তপারঃ উভয়ত্রাপরিচ্ছেদ্যঃ, অক্ষোভ্যঃ (রাগাদ্যভাবাৎ অবিকার্য্যঃ) হি ভবেৎ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

সমুদ্রাচ্ছিক্ষিতমাহ মুনিরিতি বহিঃ প্রসন্নশ্চাসাবন্তর্গম্ভীরশ্চেতি। দুর্ব্বিগাহশ্চ এবংভূত ইতি পরিকলয়িতুমশক্যঃ অলক্ষ্যাভিপ্রায়ত্বাৎ দুরত্যয়োঽনতিক্রমণীয়ঃ তেজস্বিত্বাৎ। অনন্তপারঃ কালতো দেশতশ্চাপরিচ্ছেদ্যঃ স্বরূপাবির্ভাবাদক্ষোভ্যঃ অবিকার্য্যো রাগাদ্যভাবাৎ। স্তিমিতোদো নিশ্চলোদকোঽর্ণবো যথা তদ্বদেতৈস্তু গুণৈর্ভবেদিত্যর্থঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমুদ্রাচ্ছিক্ষিতমাহ মুনিরিতি দ্বাভ্যাং। গম্ভীরোঽপি পুরুষঃ সুসমর্থধিয়া কেনাপি নাবগতাভিপ্রায়ো ভবেৎ তস্মাৎ যোগী দুর্বিগাহঃ সর্ব্বৈরেবালক্ষ্যমানেঽস্তস্তত্ত্বঃ স্যাৎ। দুরত্যয়ঃ তেজস্বিত্বাদনতিক্রম্যঃ অনন্তপারঃ কদাপ্যসম্যসময়েঽপি কাপ্যাতিকষ্টদেশেঽপি বৈবশ্যারাহিত্যাদেবানুপলব্ধপর্য্যন্তো স্যাদিত্যর্থঃ। বিজিতকামাদিত্বাদক্ষোভ্যঃ ॥ ৫ ॥

নিশ্চলোদক গভীর ও প্রশান্ত মহসমুদ্রের নিকট হইতে মুনির গাম্ভীর্য্যপূর্ণ প্রশান্ত ভাবের শিক্ষা করা কর্ত্তব্য; এবং অন্যের উত্তেজনায় বা আসক্তির কুহকে নিপতিত হইয়া কোনক্রমে উত্তেজিত বা ব্যাকুল হওয়া তাঁহার কর্ত্তব্য নহে ॥ ৫ ॥

আভাস।

হইত, তাহা হইলে সর্ব্বগুণে অলঙ্কৃত ধৈর্য্যের আকর ধর্ম্মের সাগর নলরাজা, শ্রীরামচন্দ্র ও ধর্ম্মনন্দন যুধিষ্ঠির কখন দুঃখের অনন্তসাগরে নিপতিত হইতেন না। অজগরের ন্যায় যথালব্ধ দ্রব্যের দ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়াই নিশ্চিন্ত থাকা কর্ত্তব্য; অধিক আশা বা প্রয়াসে দুঃখেরই উপস্থিতি হইবে, সন্দেহ নাই। যদি অভিলষিত ভোজনাদি দ্রব্য উপস্থিত না হয়, তখন নিজের পুরুষকার বা অন্যের সাহায্যে দোষারোপ না করিয়া নিজ প্রারব্ধের উপর দোষারোপ করত নিশ্চিন্তমনে অপেক্ষা করা কর্ত্তব্য; এবং তাহার খণ্ডনার্থ বা পুরুষকারের পরিচয়ার্থ ভগবান্ নারায়ণকেই সতত চিন্তা করা বিধেয়। তিনি প্রারব্ধেরও প্রারম্ভণকারী। প্রাপ্তব্য বিষয়ের প্রাপ্তির প্রয়াসে বৃথা কালাতিপাত না করিয়া ঈশ্বরচিন্তায় জীবনযাপন করাই সর্ব্বতোভাবে শ্রেয়ঃ ॥ ১—৪ ॥

সমুদ্রের নিকট হইতে শিক্ষার বিষয় বর্ণন করিলেন যে, সমুদ্র উপরে প্রশান্ত হইলেও যেমন অতলস্পর্শ, যোগীরও সেইরূপ সর্ব্ববিষয়ে প্রশান্তভাবের পরিচয় থাকিলেও

সমৃদ্ধকামো হীনো বা নারায়ণপরো মুনিঃ।
নোৎসর্পেত ন শুষ্যেত সরিদ্ভিরিব সাগরঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

সরিদ্ভিঃ (সমৃদ্ধঃ বর্দ্ধিতজলঃ তদ্বিহীনো বা) সাগরঃ ইব যথা ন উৎসর্পেত নাপি শুষ্যেত চ তথা সমৃদ্ধকামঃ সংপ্রাপ্তসম্ভোগঃ, তদ্বিহীনঃ সম্ভোগবিহীনঃ বা নারায়ণপরঃ নারায়ণৈকনিষ্ঠঃ মুনিঃ ন হৃষ্যেৎ ন বা শোচেৎ ইতি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ বর্ষাসু সরিদ্ভিঃ সমৃদ্ধোঽপি সাগরো যথা নোৎসর্পেৎ। গ্রীষ্মে তদ্বিহীনোঽপি ন শুষ্যেৎ। তথা সমৃদ্ধকামঃ তদ্বিহীনো বা ন হৃষ্যেৎ নচ শোচেদিত্যর্থঃ। তত্র হেতুঃ নারায়ণপরঃ নতু বিষয়পরঃ ইতি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ বর্ষাসু সরিদ্ভিঃ সমৃদ্ধোঽপি সাগরো যথা নোৎসর্পতে গ্রীষ্মে তদ্বিহীনোঽপি ন শুষ্যেৎ। তথা সমৃদ্ধকামঃ সম্পূর্ণকামোঽপি মুনি র্ন কামেন হৃষ্যেৎ দীনোঽপি ন দৈন্যেন শোচেৎ। যতো নারায়ণপরস্তন্মাধুর্য্যানুভবলাভালাভাভ্যামেবাস্য হর্ষশোকৌ স্যাতাং ॥৬॥

বর্ষার প্রারম্ভে স্রোতস্বতীগণ বিপুল জলরাশি বহন করত সাগরে মিলিত হইলেও সমুদ্র যেমন জলসম্পদে উন্মত্ত হইয়া তীরভূমিকে অতিক্রম করে না এবং গ্রীষ্মের প্রাদুর্ভাবে শুষ্কতোয়া নদীর আকর্ষণেও জলধি জলাভাবে বিশীর্ণ হয় না, তদ্রূপ সম্পদের সমাগমে বা বিয়োগে মুনিরও হৃষ্ট বা ক্ষুব্ধ হওয়া কখনই উচিত নহে; নারায়ণে মনোনিবেশ পূর্ব্বক নিশ্চিন্ত মনে দিনাতিপাত করাই নিতান্ত কর্ত্তব্য ॥ ৬॥

আভাস।

নিজহৃদয়ের ভাব প্রচ্ছন্ন করত গাম্ভীর্য্য অবলম্বন করা কর্ত্তব্য। সমুদ্র রত্নাকর; কিন্তু রত্ন সমূহের নির্ণয় করা সকলেরই দুঃসাধ্য; যোগীরও কোন বিষয়ে লক্ষ্যের পরিচয় দিয়া অভিপ্রায় প্রকাশ করা কর্ত্তব্য নহে। যোগীর অন্তরের তত্ত্ব যোগীই জানেন; অন্য কেহ তাহা পরিদর্শনে সক্ষম হয় না। সমুদ্র অতি বিস্তীর্ণ; সুতরাং অলঙ্ঘনীয়। যোগীর এরূপ তেজস্বীতার সংগ্রহ করা কর্ত্তব্য, যেন তাঁহাকে কেহ পরাভব করিতে না পারে। সমুদ্র অপার; যোগীও অসুস্থ কালে বা কষ্টপ্রদ স্থানে অবস্থিতি করিলেও বিহ্বল না হওয়ায়, তাঁহার মনের ভাব ব্যক্ত হইয়া পড়ে না; এবং কামাদিকে পরাজয় করায় নিশ্চল বারিধির ন্যায়, কেহ তাঁহার হৃদয়ে চাঞ্চল্যের উদয় করিতে পারে না। নদীসমূহের সমাগমে বা অপগমে যেমন সমুদ্রের কিছু যায় আসে না, সেইরূপ লাভালাভেও যোগীর কোন ভাবান্তর ঘটে না। তিনি পরমগুরু নারায়ণে চিত্ত সমর্পণ পূর্ব্বক তাঁহার প্রেমানন্দে সতত নিমগ্ন থাকেন; বাহ্যবিষয়ের ভাবে তাঁহার চিত্ত দোলায়িত হয় না ॥ ৫ ॥ ৬ ॥

দৃষ্ট্বা স্ত্রিয়ং দেবমায়াং তদ্ভাবৈরজিতেন্দ্রিয়ঃ ।
প্রলোভিতঃ পতত্যন্ধে তমস্যগ্নৌ পতঙ্গবৎ ॥ ৭ ॥
যোষিদ্ধিরণ্যাভরণাম্বরাদিদ্রব্যেষু মায়ারচিতেষু মূর্খঃ ।

অন্বয়ঃ ।

দেবমায়াং (দেবস্য ভগবতো মায়ারূপাং) স্ত্রিয়ং দৃষ্ট্বা তদ্ভাবৈঃ (তস্যাঃ স্ত্রিয়ঃ ভাবৈঃ) বিভ্রমাদিভিঃ প্রলোভিতঃ যতঃ অজিতেন্দ্রিয়ঃ জনঃ অগ্নৌ পতঙ্গবৎ অন্ধে তমসি ঘোরনরকে পততি ॥ ৭ ॥

মায়ারচিতেষু (মায়য়া প্রকৃত্যা রচিতেষু) যোষিদ্ধিরণ্যাভরণাম্বরাদিদ্রব্যেষু উপভোগ-বুদ্ধ্যা প্রলোভিতাত্মা আসক্তচিত্তঃ, নষ্টদৃষ্টিঃ লুপ্তবিবেকঃ, মূর্খঃ মূঢ়ঃ, জনঃ পতঙ্গবৎ

শ্রীধরস্বামী ।

রূপ গন্ধ স্পর্শ শব্দ রসৈঃ পঞ্চভির্বিষয়ৈ র্মোহিতাঃ পতঙ্গমধুকরগজহরিণমীনা হতাঃ। অতস্তেষ্বনাসক্তৌ পঞ্চৈতে গুরবঃ। তদুক্তং। পতঙ্গ-মাতঙ্গ-কুরঙ্গ-ভৃঙ্গ-মীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ। একঃ প্রমাদী স কথং ন হন্যতে যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ। তত্র রূপবিলাসমোহিতো নশ্যতি। পতঙ্গাচ্ছিক্ষিতমিত্যাহ দৃষ্ট্বেতি। তস্যা ভাবৈঃ প্রলোভিতঃ॥ ৭

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

রূপাসক্তির্নাশহেতুরিতি পতঙ্গাচ্ছিক্ষিতমাহ দৃষ্ট্বেতি দ্বাভ্যাং ॥ ৭ ॥

যদ্যপি স্ত্রীহিরণ্যাদিষু মধ্যে স্ত্রিয়াং পঞ্চাপি বিষয়াঃ সন্তি তদপি যোষিতাদিষু প্রথমং

যে ব্যক্তি সাক্ষাৎ ভগবানের মায়াস্বরূপা কুহকিনী কামিনীকে দর্শন করিয়া অজিতেন্দ্রিয়ের ন্যায় তাহার হাব, ভাব ও বিভ্রমাদিতে প্রলোভিত হয়, সে ব্যক্তি প্রজ্জ্বলিত অনলের জ্বালায় নিপতিত পতঙ্গের ন্যায়, ভয়ানক নরকার্ণবে নিপতিত হয়, সন্দেহ নাই ॥ ৭ ॥

কেবল নারী কেন! কামিনী, কাঞ্চন, দিব্যাভরণ ও দিব্যাম্বরাদি প্রলোভনের যে কোন মায়ারচিত বিষয়ে যে ব্যক্তি উপভোগ-বুদ্ধিতে আসক্ত হয়,

আভাস ।

শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পদার্থপঞ্চকের এক একটীতে এক এক জনে আসক্ত হইয়া হরিণ, গজ, পতঙ্গ, মীন ও মধুকর এই পাঁচ জনকেই যখন জীবন হারাইতে দেখা যায়, তখন এই পঞ্চ পদার্থের আসক্তি পরিহারার্থ এই পাঁচজনকে উপদেষ্টা গুরুরূপে গ্রহণীয়। এবং শাস্ত্রে উক্ত আছে যে, এক এক জনে এক একটী বিষয়ে আসক্ত হইয়া যখন জীবনের লীলা সম্বরণ করিয়াছে, তখন প্রমাদ বশত যদি কেহ একত্র এই পাঁচটীতে চিত্ত সমর্পণ করে, তাহার যে মৃত্যু অলঙ্ঘনীয় তাহা আর বলিয়া ব্যক্ত করিতে হয় না। প্রথম রূপ বিলাসে মোহিত পতঙ্গ জ্বলন্ত অনলে প্রাণ বিসর্জ্জন করিয়া থাকে ॥ ৭ ॥

প্রলোভিতাত্মা হ্যুপভোগবুদ্ধ্যা পতঙ্গবন্নশ্যতি নষ্টদৃষ্টিঃ ॥ ৮ ॥
স্তোকং স্তোকং গ্রসেদ্গ্রাসং দেহো বর্ত্তেত যাবতা।
গৃহানহিংসন্নাতিষ্ঠেদ্বৃত্তিং মাধুকরীং মুনিঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

নশ্যতি ॥ ৮ ॥

যাবতা গ্রাসেন আহারেণ, দেহঃ বর্ত্তেত তাবন্তং এব গ্রাসং গৃহান্ গৃহস্থান্, অহিংসন্ অপীড়য়ন্, স্তোকং স্তোকং অল্পং অল্পং গ্রসন সংগ্রহয়ন্, মুনিঃ মাধুকরীং বৃত্তিং আতিষ্ঠেৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

স্ত্রিয়মুপলক্ষণীকৃত্যৈতৎ প্রপঞ্চয়তি যোষিদিতি ॥ ৮ ॥

মধুকরাচ্ছিক্ষিতমাহ স্তোকমিতি গৃহান্ গৃহস্থান্ অহিংসন্ অপীড়য়ন্। অয়ং ভাবঃ। যথা মধুকরো বিশিষ্টগন্ধলোভেন একস্মিন্নেব পদ্মে বসন্ অস্তসময়ে মুকুলিতে তস্মিন্ নিবধ্যতে এবং মুনিরপি গুণলোভেনৈকমেব গৃহমাশ্রিতঃ তন্মোহেন বধ্যত ইতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃষ্টিরেব পততীতি রূপস্যৈব প্রাধান্যং ॥ ৮ ॥

মধুকরাচ্ছিক্ষিতমাহ দ্বাভ্যাং মধুকরো যথা বিশিষ্টগন্ধলোভেনৈকস্মিন্নেব পদ্মে বসন্নস্তসময়ে তস্মিন্ মুকুলিতে সতি বধ্যতে। এবং মুনিরপি গুণলোভেনৈকমেব গৃহমাশ্রিতস্তন্মোহেন বধ্যতে। তস্মাৎ স্তোকং স্তোকমল্পমল্পং গ্রাসং গৃহাদ্গৃহীত্বা গ্রসেৎ যাবতা দেহো বর্ত্তেতেতি গ্রাসানামাধিক্যন্যূনত্বে সিদ্ধে গৃহান্ গৃহস্থান্ অহিংসন্ অপীড়য়ন্ ॥ ৯ ॥

সে মানবের হিতাহিতজ্ঞান তিরোহিত হয় এবং নিতান্ত বিমুগ্ধ হইয়া পতঙ্গের ন্যায় পতনের নিম্নপথে নিপতিত হয়, সন্দেহ নাই ॥ ৮ ॥

যে পরিমাণে অন্ন ভোজন করিলে দেহরক্ষা হইবে, সেই পরিমাণের অন্ন সংগ্রহ করা কর্ত্তব্য। এবং মধুকর যেমন অনেক পুষ্প হইতে অতি অল্প অল্প করিয়া মধু সংগ্রহে নিজের উদর পূর্ণ করে, এক পুষ্পের নিকট সমগ্রের প্রার্থনা করে না, যোগীরও সেইরূপ এক গৃহস্থকে উৎপীড়ন না করিয়া অনেক গৃহস্থের মন্দির হইতে অল্প অল্প করিয়া নিজের আবশ্যকীয় ভোজন সংগ্রহ করা বিধেয় ॥ ৯ ॥

আভাস।

নারীতে পূর্ব্বোক্ত পাঁচ বিষয়েরই পরিচয় আছে বটে, কিন্তু প্রথম আকর্ষণের বিষয় রূপ; এই নিমিত্ত এই শ্লোকে নারী, হিরণ্য আভরণ ও দিব্য বস্ত্রের উল্লেখ করিয়া এক রূপমোহিতেরই পরিণামের পরিচয় পতঙ্গ দৃষ্টান্তে প্রদর্শিত হইয়াছে ॥ ৮ ॥

এক স্থান হইতে অধিক পরিমাণে লাভের চেষ্টা পরিত্যাগার্থ মধুকরের দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে। মধুকর পদ্মের মধুর গন্ধে বিমোহিত হইয়া অনন্যমনে যদি কেবল মধুপানেই

অণুভ্যশ্চ মহদ্ভ্যশ্চ শাস্ত্রেভ্য কুশলো নরঃ।
সর্ব্বতঃ সারমাদদ্যাৎ পুষ্পেভ্য ইব ষট্‌পদঃ॥ ১০॥
সায়ন্তনং শ্বস্তনং বা ন সংগৃহ্নীত ভিক্ষিতং।

অন্বয়ঃ।

ষট্‌পদঃ পুষ্পেভ্যঃ ইব (যথা সারং মধু এব গৃহ্লাতি তথা) কুশলঃ বিবেকী নরঃ অণুভ্যঃ মহদ্ভ্যঃ সর্ব্বেভ্যঃ শাস্ত্রেভ্যঃ সর্ব্বতঃ সারং এব আদদ্যাৎ॥ ১০॥

সায়ন্তনং (ভোজনার্থমিদং) শ্বস্তনং (ভোজনং ইদং ইতি) ভিক্ষিতং অন্নং ন সংগৃহ্নীত কিন্তু পাণিপাত্রোদরামত্রঃ (পাণিঃ এব ভোজনপাত্রং তথা উদরং এব আমত্রং অন্ননিধান-

শ্রীধরস্বামী।

কিঞ্চাঽণুভ্যশ্চেতি॥ ১০॥

দ্বিবিধো মধুকৃৎ। মধু কৃন্তুতি পুষ্পাদ্যাচ্ছিদ্য গৃহ্লাতীতি মধুকৃদ্ ভ্রমরঃ। মধু করোতি আহারত্বেন স্বরূপেণ চেতি মধুমক্ষিকা চ তত্র প্রথমাচ্ছিক্ষিতমুক্তং দ্বিতীয়াচ্ছিক্ষিতমাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মধুকরাৎ সারগ্রাহিত্বমপি ধর্ম্মং শিক্ষেদিত্যাহ অণুভ্যশ্চেতি॥ ১০॥

মধুকরোতীতি মধুকরশব্দেন মক্ষিকাপ্যুচ্যত ইতি। ততঃ শিক্ষিতমাহ সায়মিদং ভোক্ষ্যে শ্ব ইদং ভোক্ষ্যে ইতি ভিক্ষিতমন্নাদি ন সংগৃহ্নীতেতি কিং পুনর্হ্যস্তনং পৌক্ষ-মাসিকং পৌর্ব্বরাকং বেতি ভাবঃ। অত্র সায়ং শ্বো বা ভবিষ্যতি যদ্বস্তু দৃশ্যমন্নাদি তস্য

ভ্রমর যেমন পুষ্পের সৌন্দর্য্যাদি রূপের প্রতি দৃষ্টি না করিয়া তাহার সার-ধন মধুমাত্র সংগ্রহ করিয়াই উড়িয়া যায়, বিচক্ষণ ব্যক্তিরও সেইরূপ ক্ষুদ্র বা বৃহৎ সকল শাস্ত্র হইতে তাহার সার উদ্দেশ্যমাত্র সংগ্রহ করিয়াই প্রতি নিবৃত্ত হওয়া কর্ত্তব্য॥ ১০॥

সন্ন্যাসীর আর সঞ্চয়ী হওয়া উচিত নহে; তিনি যে ভিক্ষান্ন এক দিনের উপযুক্ত গ্রহণ করিয়া আবার পর দিবসের জন্য সঞ্চয় রাখিবেন, তাহা যেন

আভাস।

নিমগ্ন থাকে, তাহা হইলে সূর্য্যদেবের অস্তগমনকালে পদ্মিনী যখন মুদিত হয়, তখন মকরন্দে অন্ধ মধুকরও তদন্তরে বদ্ধ হইয়া পড়ে। যোগীও সেইরূপ যদি প্রতি গৃহস্থের দ্বারে মুষ্টি ভিক্ষার পরিবর্ত্তে এক স্থান হইতেই নিজের জীবিকার্থ যত্নবান্ থাকেন, তাহা হইলে সেই গৃহস্থের গৃহকেই নিজগৃহই জ্ঞানে আসক্তি বশত আবদ্ধ হইয়া পড়েন। তিনি আপন গৃহ ত্যাগ করিলেও পরগৃহের স্বামী হইয়া পড়েন; অতএব বন্ধন হইতে দূরে থাকিবার জন্য প্রতিগ্রহও অতি অল্প পরিমাণে ও অনির্দ্দেশ্যভাবে করা কর্ত্তব্য; তাহাতে কেবল সন্ন্যাসীর কেন গৃহস্থেরও কোন দানজনিত ক্লেশের সম্ভাবনা হয় না॥ ৯॥

পাণিপাত্রোদরামত্রো মক্ষিকেব ন সংগ্রহী ॥ ১১ ॥
সায়ন্তনং শ্বস্তনং বা ন সংগৃহ্ণীত ভিক্ষুকঃ।
মক্ষিকা ইব সংগৃহ্নন্ সহ তেন বিনশ্যতি ॥ ১২ ॥

অন্বয়ঃ।

পাত্রং যস্য তথাবিধঃ ভবেৎ) ; সংগ্রহী (চেৎ ভবেৎ) মক্ষিকা ইব ন ভবেৎ নশ্যেৎ। মধুলোভেন মধুজীবিভির্মক্ষিকা যথা হন্যতে তথা অন্যৈ র্হতো ভবেৎ ॥ ১১ ॥

ভিক্ষুকঃ সায়ন্তনং শ্বস্তনং বা ন সংগৃহ্ণীত, সংগৃহ্নন্, হি মক্ষিকা ইব তেন সংগ্রহ-দ্রব্যেন সহ বিনশ্যতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সায়ন্তনমিতি। সায়মিদং ভোক্ষ্যে শ্ব ইদং ভোক্ষ্য ইতি ভিক্ষিতমন্নাদি ন সংগৃহ্ণীত। কিন্তু পাণিপাত্র স্তন্মাত্রগ্রাহী। যদ্বা। উদরমেবামত্রং পাত্রং যস্য সঃ একভিক্ষায়ামুদর-পাত্রগ্রাহী ভবেৎ। সংগ্রহী তু মক্ষিকেব ন ভবতি ন জীবতীত্যর্থঃ ॥ ১১ ॥

এতদ্বিবৃণোতি পুনঃ সায়ন্তনমিতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংগ্রহো ন সম্ভবেদতঃ সায়ন্তনং শ্বস্তনং বা নিমন্ত্রণং সংগৃহ্ণীয়াদিতি কেচিদাহুঃ। কেন পাত্রেণ গৃহে গৃহে ভিক্ষাং কুর্য্যাদিত্যত আহ পাণিপাত্র ইতি সর্ব্বতো ভিক্ষিতগ্রাসানানীয় কুত্র স্থাপয়েদিত্যত আহ উদরামত্র ইতি উদরমেব আমত্রং ভিক্ষানিধানভাণ্ডং যস্য সচ সচ সঃ ॥ ১১ ॥

সংগ্রহে কৃতে সতি কিং ভবেদিত্যত আহ সায়ন্তনমিতি ॥ ১২ ॥

কখনই না করেন ; হস্তই তাঁহার ভোজন-পাত্র এবং উদরই তাঁহার সঞ্চয়-স্থালী ; পৃথক্ সঞ্চয়-ভাণ্ডের আর আবশ্যক করে না। সন্ন্যাসী সঞ্চয়ী হইলে মধুমক্ষিকার ন্যায় বিনষ্ট হইবেন, সন্দেহ নাই ॥ ১১ ॥

মধুজীবী মানব যেমন মধুর অন্বেষণে বিচরণ করত মধুমক্ষিকাকে বিনষ্ট করে এবং মধুচক্র হইতে মধু সংগ্রহ করে, সেইরূপ দুই এক দিবসের অন্ন সংগ্রহকারী ভিক্ষুকও প্রবল শত্রুর হস্তে বিনষ্ট হন, সন্দেহ নাই ॥ ১২ ॥

আভাস।

মধুকরের সারগ্রাহিত্বই দ্বিতীয় উপদেশ। মধুকরশব্দে মধুমক্ষিকাকেও বুঝায়। মধু-মক্ষিকা ভবিষ্যতে আহারার্থ মধুচক্রে মধুসংগ্রহ করে বলিয়া মধুজীবী মানব মধুর লোভে মক্ষিকাকেও বধ করে ; অতএব আত্মোন্নতির কামনা থাকিলে, যোগীর কখন সঞ্চয়ী হওয়া বিধেয় নহে। তাহা হইলে মক্ষিকার ন্যায় তাঁহাকে কোন সময়ে বিনষ্ট হইতে হইবে, সন্দেহ নাই। তিনি প্রাত্যহিক আহারার্থ প্রত্যহ দ্রব্যসংগ্রহ করিবেন ; একত্র দুই দিবসের

পদাপি যুবতীং ভিক্ষুর্ন স্পৃশেদ্দারবীমপি।
স্পৃশন্ করীব বধ্যেত করিণ্যা অঙ্গসঙ্গতঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

ভিক্ষুঃ সংন্যাসী দারবীং কাষ্ঠনির্ম্মিতাং অপি যুবতীং পদা পাদেনাপি ন স্পৃশেৎ; স্পৃশন্ হি করিণ্যা অঙ্গসঙ্গতঃ মোহিতঃ করী হস্তী ইব তজ্জীবিভিঃ বধ্যেত পুনঃ সংসারবন্ধনং প্রাপ্নুয়াৎ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

স্পর্শাসক্তির্নাশহেতুরিতি গজাচ্ছিক্ষিতমিত্যাহ পদাপীতি। পাদেনাপি দারবীং দারুময়ীমপি। গজোহি করিণীং প্রদর্শ্য নিখাততৃণাদিপিহিতগর্ত্তে নিপাত্য বধ্যতে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্পর্শাসক্তির্নাশহেতুরিতি গজাচ্ছিক্ষিতমিত্যাহ দ্বাভ্যাং পদা পাদেনাপি দারবীং দারুময়ীমপি গজোহি করিণীং প্রদর্শ্য তৃণাদিপিহিতগর্ত্তে নিপাত্য বধ্যতে ॥ ১৩ ॥

সন্ন্যাসীর পক্ষে রমণীসংস্রব অতীব দূষণীয়। সামান্য মাংসময়ী যুবতীর কথা দূরে থাকুক, দারুময়ী যুবতীর মূর্ত্তিকে চরণের দ্বারাও স্পর্শ করা কর্ত্তব্য নহে। যদি কখন রমণীর সঙ্গকে প্রীতিকর বিবেচনা করেন, তাহা হইলে করিণীর সংসর্গে বিমোহিত হস্তীর বন্ধনলাভের ন্যায়, তাঁহারও সংসারবন্ধন অনিবার্য্য হইবে সন্দেহ নাই ॥ ১৩ ॥

আভাস।

আহার এক দিবসে সংগ্রহ করিবেন না; তবে পর দিবসের জন্য নিমন্ত্রণ মাত্র পূর্ব্ব দিবসে স্বীকার করিতে পারিবেন। পর দিনের ভোজনসামগ্রী পূর্ব্ব দিনে যেন সংগ্রহ না করেন। সন্ন্যাসীর ভিক্ষা করিবার বা অন্ন সংগ্রহ রাখিবার কোন পাত্র নাই; পাণিপাত্র সহায়ে ভিক্ষান্ন গ্রহণ করিবেন এবং অন্য কোন পাত্রাদিতে তাহা রক্ষা না করিয়া কেবল উদরে মাত্র স্থাপিত করিবেন। মক্ষিকা দুই জাতি: প্রথম জাতি কেবল পুষ্পে পর্য্যটন করিয়া আহার মাত্র করে; সংগ্রহ করে না। দ্বিতীয় জাতি আহার এবং সংগ্রহ উভয় কার্য্যেই রত থাকে। এক এক অংশে এই উভয় জাতিই অবধূতের উপদেষ্টা ॥ ১০—১২ ॥

স্পর্শগুণে আসক্ত হইলে যে বিনষ্ট হইতে হয়, কুঞ্জরই তাহার জলন্ত দৃষ্টান্ত। ওরূপ বিপুল বিক্রমশালী হস্তীকে হীনবল মানবের অধীনস্থ করা স্বপ্নেরও অগোচর। কিন্তু হস্তী এক স্পর্শাসক্তির অনুরোধে নিজেই বদ্ধ হয়। হস্তিজীবিগণ হস্তী ধরিবার অভিপ্রায়ে অরণ্যমধ্যে তৃণাচ্ছাদিত প্রকাণ্ড নিখাতে পরিবেষ্টিত একটী স্থান প্রস্তুত করে; তাহার মধ্যবর্ত্তী উচ্চ ভূমিতে একটী শিক্ষিতা করিণীকে রাখিয়া দেয়। পরে মাতঙ্গযূথ যখন নিবিড় অরণ্য হইতে নির্গত হয়, সেই সময় ঐ করিণী চিৎকার ধ্বনি করত মিলিত হইবার ইঙ্গিত করে। তখন মাতঙ্গযূথ করিণীর প্রেমে আকৃষ্ট হইয়া যেমন তাহার

নাধিগচ্ছেৎ স্ত্রিয়ং প্রাজ্ঞঃ কর্হিচিন্মৃত্যুমাত্মনঃ।
বলাধিকৈঃ স হন্যেত গজৈরন্যৈর্গজো যথা॥ ১৪॥
ন দেয়ং নোপভোগ্যঞ্চ লুব্ধৈর্যদ্দুঃখসঞ্চিতং।

অন্বয়ঃ।

প্রাজ্ঞঃ বিবেকী জনঃ কর্হিচিৎ স্ত্রিয়ং ন অধিগচ্ছেৎ ভোগ্যবুদ্ধ্যা ন আসক্তো ভবেৎ ; কিন্তু আত্মনঃ স্বস্য মৃত্যুং মৃত্যুরূপাং এব পশ্যেৎ। (তত্রাসক্তশ্চেৎ) বলাধিকৈঃ অন্যৈঃ গজৈঃ যথা (করিণ্যামাসক্তঃ) গজঃ হন্যতে তথা বলাধিকৈঃ অন্যৈঃ পুরুষৈঃ সঃ পুরুষঃ হন্যেত॥ ১৪॥
লুব্ধৈঃ দুঃখসঞ্চিতং (দুঃখেন সঞ্চিতং) ন দেয়ং নোপভোগ্যং চ যদ্ধনং তৎ তৎ চ

শ্রীধরস্বামী।

কঞ্চনাধিগচ্ছেদিতি নোপগচ্ছেৎ॥ ১৪॥
ত্যাগভোগবিহীনো ধনসঞ্চয়ঃ পরগামী ভবতীত্যত্র মধুহা গুরুরিত্যাহ ন দেয়মিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইয়ং মমৈব ভোগ্যেতি স্ত্রিয়ং নাধিগচ্ছেৎ ন বিশ্বস্তঃ স্যাৎ। যতস্তয়া আনীতৈর্বলাধিকৈর্জারৈঃ স কিল হন্যেত॥ ১৪॥
ত্যাগভোগহীনো ধনসঞ্চয়ঃ পরগামী ভবতীত্যত্র মধুহা মে গুরুরিত্যাহ ন দেয়মিতি

প্রজ্ঞাবান্ ব্যক্তিমাত্রেরই ভোগ্যবুদ্ধিতে নারীতে আসক্ত হওয়া অবিধেয় ; বরং তাহাকে আপনার মৃত্যুরূপেই পরিদর্শন করা উচিত ; কারণ যদি বিমোহিতের ন্যায় নারীতে আত্মসমর্পণ করা হয়, তাহা হইলে অন্য বলবান্ হস্তীর দ্বারা একটী স্ত্রৈণ হস্তীর নিধনের ন্যায়, স্ত্রীসম্ভোগে দুর্ব্বলচিত্ত পুরুষ প্রবল ব্যক্তি কর্ত্তৃক সহজে বিনষ্ট হয়, সন্দেহ নাই॥ ১৪॥

লোভী ব্যক্তিগণ অতি দুঃখে যে ধন সংগ্রহ করে, তাহারা তাহার সদ্ব্যয় করিতে পারে না এবং ক্ষয় হইবার ভয়ে নিজেও ভোগ করে না ; কিন্তু

আভাস।

অভিমুখে অগ্রসর হইতে থাকে, অমনি তৃণাচ্ছাদিত নিখাতের গভীর পঙ্কে নিপতিত ও অন্নাভাবে জীর্ণ কলেবর হইয়া মানব কর্ত্তৃক কঠিন নিগড়ে নিবদ্ধ হয়। অতএব স্পর্শ সুখ অনুভব করিবার পূর্ব্বেই কেবল তচ্চিন্তনেই যখন করিরাজ বন্ধনগ্রস্ত হয়, তখন সন্ন্যাসীর নারীসম্পর্ক নিতান্তই অবিধেয়। মাংসময়ী যোষিতের কথা দূরে থাকুক, কাষ্ঠময়ী স্ত্রীরূপ চিন্তা বা স্পর্শ করিলেও প্রকৃত নারীতে প্রবৃত্তির উদয় হইতে পারে এবং নারীসংসর্গে ব্রহ্মতেজের হ্রাস হইয়া সামান্যবুদ্ধি নাস্তিকাদির কুহকবচনে ভ্রান্ত ও বিপর্য্যস্ত হইয়া মূলতত্ত্ব বিস্মৃত হইবেন ; অতএব সন্ন্যাসীর পক্ষে নারীসংসর্গ নিতান্তই দূষণীয় এবং সাক্ষাৎ মৃত্যুর স্বরূপ বলিয়া জানিতে হইবে॥ ১৩॥ ১৪॥

ভুঙ্‌ক্তে তদপি তচ্চান্যো মধুহেবার্থবিন্মধু ॥ ১৫ ॥
সুদুঃখোপার্জিতৈর্বিত্তৈরাশাসানাং গৃহাশিষঃ।

অন্বয়ঃ।

অন্যো ভুঙক্তে ; যদি তেনাপি অবিনিযুক্তং তর্হি ততোঽপি তৎ অন্যো বলবান্ (মক্ষিকাভিঃ সঞ্চিতং) মধু অর্থবিৎ (লিঙ্গৈঃ অর্থং ধনং তৎ প্রাপ্ত্যুপায়ঞ্চ বেত্তি ইতি) মধুহা হরতি তদ্বৎ ॥ ১৫ ॥

সুদুঃখোপার্জ্জিতৈঃ (অতিদুঃখেন উপার্জ্জিতৈঃ বিত্তৈঃ ধনৈঃ গৃহাশিষঃ (গৃহেষু আশিষঃ বিষয়ভোগসুখানি আশাসানাং আশাসানানাং কাময়মানানাং, গৃহমেধিনাং গৃহস্থানাং,

শ্রীধরস্বামী।

তদন্যো বলবান্ ভুঙ্‌ক্তে তদপ্যন্যঃ। তচ্চান্যঃ। মধুহা মক্ষিকাভিঃ সঞ্চিতং মধু যথা ভুঙ্‌ক্তে তদ্বৎ। ননু গুপ্তং ধনং কথমন্যো জ্ঞাস্যতি হরিষ্যতি বেত্তি তত্রাহ অর্থবিৎ লিঙ্গৈরর্থং তদুপায়ঞ্চ বেত্তীত্যর্থবিৎ। যথা মধুহা তরুকোটরাদিগতং মধু বেত্তি হরতি চ ॥ ১৫

উদ্যমং বিনাপি ভোগঃ সম্ভবতীত্যত্রাপি স এব গুরুরিত্যাহ সুদুঃখেতি। আশা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদন্যো বলী ভুঙ্‌ক্তে তেনাপি সঞ্চিতমন্যঃ মধুহা মক্ষিকাভিঃ সঞ্চিতং মধু যথা ভুঙ্‌ক্তে তদ্বৎ। ননু সুগুপ্তং ধনং কথমন্যো জ্ঞাত্বা হরেদিত্যত আহ। অর্থবিৎ লিঙ্গৈরর্থং তদুপায়ঞ্চ বেত্তীত্যর্থবিৎ। যথা মধুহা তরুকোটরাদিগতমপি মধু মক্ষিকানুগমনেন বেত্তি ॥ ১৫ ॥

স্বোদ্যমং বিনাপি ভোগঃ সম্ভবেদিত্যত্রাপি স এব গুরুরিত্যাহ সুদুঃখেতি। আশাসানানামিতি বক্তব্যে বর্ণলোপ আর্ষঃ। যতিশ্চ ব্রহ্মচারী চ পক্কান্নস্বামিনাবুভৌ। তয়ো-

দুঃখের বিষয় এই যে, মধুজীবী মানব যেমন মধুমক্ষিকার অনুসরণ পূর্ব্বক মধুচক্রের অনুসন্ধান করে এবং তাহার সঞ্চিত মধু অনায়াসে আহরণ করে, সেইরূপ প্রবল ব্যক্তিগণ সেই কৃপণের পূর্ব্বসঞ্চিত সর্ব্বস্বধন অবলীলাক্রমে আহরণ করে ; সন্দেহ নাই ॥ ১৫ ॥

গৃহস্থ সুখসচ্ছন্দ লাভার্থ যে ধন অতি কষ্টে সংগ্রহ করে, যতির সুভাগমন

আভাস।

ধনেরই সংগ্রহ বা উপার্জ্জন করিলেই যে কৃতার্থতা জন্মে, তাহা নহে। ধনের উচিত ব্যয় ও দান করাই ধনোপার্জ্জনের সার্থকতা ; নতুবা তাহা নিষ্ফল ও নিরর্থক। কারণ যে ধন সৎপাত্রে ন্যস্ত করা যায়, পরজীবনে তাহাই ভোগার্থ সঞ্চিত থাকে ; যাহা দান করা না হইল, তাহা বৃথা চৌরাদি প্রবল শত্রুর হস্তেই পরিণামে ন্যস্ত হইয়া থাকে। উপার্জ্জকের কোন ফল তাহাতে ঘটে না ॥ ১৫ ॥

মধুহেবাগ্রতো ভুঙ্‌ক্তে যতি র্বৈ গৃহমেধিনাং ॥ ১৬ ॥
গ্রাম্যগীতং ন শৃণুয়াদ্ যতি র্বনচরঃ ক্বচিৎ।
শিক্ষেত হরিণাদ্বদ্ধান্মৃগয়োর্গীতমোহিতাৎ ॥ ১৭ ॥
নৃত্যবাদিত্রগীতানি জুষন্ গ্রাম্যাণি যোষিতাং।
আসাং ক্রীড়নকো বশ্য ঋষ্যশৃঙ্গো মৃগীসুতঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

(অন্নাদিভোগান্) যতিঃ বৈ মধুহা ইব অগ্রতঃ ভুঙ্‌ক্তে ॥ ১৬ ॥

বনচরঃ যতিঃ ক্বচিৎ কদাপি গ্রাম্যগীতং (গ্রাম্যাণাং গীতং) ন শৃণুয়াৎ ইতি মৃগয়োঃ লুব্ধকস্য, গীতমোহিতাৎ (গীতেন মোহিতাৎ) অতএব বদ্ধাৎ হরিণাৎ শিক্ষেত ॥ ১৭ ॥

যোষিতাং গ্রাম্যাণি নৃতবাদিত্রগীতানি জুষন্ (নরঃ) আসাং ক্রীড়নকঃ মৃগীসুতঃ ঋষ্য-শৃঙ্গঃ ইব বশ্যঃ ভবতি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

সানানামিতি বক্তব্যে বর্ণলোপ আর্ষঃ। যতিশ্চ ব্রহ্মচারী চ পক্বান্নস্বামিনাবুভৌ। তয়োরন্নমদত্ত্বা তু ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেদিতি গৃহিণামাবশ্যকত্বেন দানবিধানাৎ ॥ ১৬ ॥

হরিণাচ্ছিক্ষিতমাহ গ্রাম্যেতি। ভগবদ্গীতন্তু শৃণুয়াদেব। মৃগয়োর্লুব্ধকস্য ॥ ১৭ ॥

হরিণশব্দাদেব হরিণীসুত ঋষ্যশৃঙ্গোঽপি গুরুর্জ্ঞাতব্য ইত্যাহ নৃত্যেতি। বশ্যো বভূবেতি শেষঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রন্নমদত্ত্বাতু ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেদিতি ॥ ১৬ ॥

প্রাকৃতগানমাধুর্য্যাসক্তিরনর্থহেতুরিতি হরিণাচ্ছিক্ষিতমাহ গ্রাম্যগীতমিতি তেন ভগবদ্গীতং শৃণুয়াদেব ॥ ১৭ ॥

গ্রাম্যগীতাসক্তেরুদাহরণমাহ নৃত্যেতি ॥ ১৮ ॥

হইলে অনায়াসে তাহার অগ্রভাগ তাহাকে প্রদান করে। ॥ ১৬ ॥

বনবাসী যতির কখন গ্রাম্যগীত শ্রবণ করা কর্ত্তব্য নহে; তাহা হইলে ব্যাধের বংশীধ্বনি শ্রবণে বিমোহিত চিত্ত হরিণ যেমন মৃত্যুমুখে নিপতিত হয়, সেইরূপ গ্রাম্যগীতেও যোগীর চিত্ত আসক্ত হইয়া সংসারস্রোতে নিবদ্ধ হইয়া পড়ে ॥ ১৭ ॥

নারীগণের গ্রাম্যগীত, নৃত্য ও বাদিত্রাদি শ্রবণে ও দর্শনে হরিণীতনয় ঋষ্যশৃঙ্গ যেমন নারীর ক্রীড়া-পুত্তলিকা হইয়া তাহাদেরই বশীভূত হইয়াছিলেন, সেইরূপ যে কোন ব্যক্তি নারীর ভাবে বিমোহিত হয়, সেই তাহাদের বশীভূত হয়, সন্দেহ নাই ॥ ১৮ ॥

জিহ্বয়াতিপ্রমাথিন্যা জনো রসবিমোহিতঃ।
মৃত্যুমৃচ্ছত্যসদ্বুদ্ধির্মীনস্তু বড়িশৈর্যথা॥ ১৯॥
ইন্দ্রিয়াণি জয়ন্ত্যাশু নিরাহারা মনীষিণঃ।
বর্জয়িত্বা তু রসনং তন্নিরন্নস্য বর্দ্ধতে॥

অন্বয়ঃ।

অতিপ্রমাথিন্যা দুর্জ্জয়য়া, জিহ্বয়া রসবিমোহিতঃ (রসে বিষয়ে বিমোহিতঃ আসক্তঃ অসদ্বুদ্ধিঃ দুর্বুদ্ধিঃ জনঃ বড়িশৈঃ আমিষলিপ্তলোহকণ্টকৈঃ তু মীনঃ যথা তথা মৃত্যুং ঋচ্ছতি গচ্ছতি প্রাপ্নোতি॥ ১৯॥

মনীষিণঃ ধীমন্তঃ জনাঃ নিরাহারাঃ সন্তঃ (আহারং হিত্বা) রসনং বর্জ্জয়িত্বা ইতরাণি ইন্দ্রিয়াণি আশু জয়ন্তি রসনং জেতুং ন শক্নুবন্তি যতঃ নিরন্নস্য তৎরসনং বর্দ্ধতে॥

শ্রীধরস্বামী।

রসাসক্তির্নাশহেতুরিতি মীনাচ্ছিক্ষিতমিত্যাহ জিহ্বয়েতি। অতিপ্রমাথিন্যা অতি-ক্ষোভিকয়া দুর্জয়য়া। ঋচ্ছতি প্রাপ্নোতি বড়িশৈরামিষলিপ্তৈ লোহকণ্টকৈঃ॥ ১৯।

দুর্জয়ত্বমুপপাদয়তি ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাং। অয়ং ভাবঃ। যদ্যাহারস্ত্যজ্যতে তহ্যন্যেন্দ্রিয়জয়ঃ কেবলং ভবতি রসনেন্দ্রিয়ন্তু বর্দ্ধতে যদিতু ভুজ্যতে তর্হি পুনশ্চ রসাসক্ত্যা সর্ব্বেন্দ্রিয়ক্ষোভঃ স্যাৎ অতো রসাসক্তিং পরিত্যজ্য ঔষধবৎ ভুঞ্জীতেতি। প্রাণবৃত্ত্যৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাকৃতরসাসক্তিরনর্থহেতুরিতি মীনাচ্ছিক্ষিতমাহ জিহ্বয়েতি। বড়িশৈরামিষলিপ্তৈঃ॥১৯

তদেবং রূপগন্ধস্পর্শশব্দরসৈঃ পঞ্চভির্বিষয়ৈঃ পতঙ্গ-মধুকর-গজ-হরিণ-মীনাঃ পঞ্চ মোহিতা হতাঃ। তদুক্তং। কুরঙ্গ-মাতঙ্গ-পতঙ্গ-ভৃঙ্গ-মীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ। একঃ প্রমাদী স কথং ন হন্যতে যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ ইতি। কিন্ত্বন্যেন্দ্রিয়াণাং বৃত্তিপ্রদং রসনেন্দ্রিয়মেবানর্থকারীত্যতস্তস্য জয়ে প্রযত্নং কুর্ব্বীতেত্যাহ ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাং। অয়ং ভাবঃ। যদ্যাহারস্ত্যজ্যতে তহ্যন্যেন্দ্রিয়জয়ঃ কেবলং ভবতি রসনেন্দ্রিয়ন্তু বর্দ্ধতে। যদিতু ভুজ্যতে তর্হি পুনশ্চ রসাসক্ত্যা সর্ব্বেন্দ্রিয়ক্ষোভঃ স্যাত্তস্মাত্তথা রসনেন্দ্রিয়ং জেতব্যং যথা তদনুবর্ত্তীন্যন্যান্যপীন্দ্রিয়াণি জিতানি স্যুস্তাদৃশো রসনেন্দ্রিয়স্য জয়স্তু রসনয়ৈব ভগবদুচ্ছি-

আমিষলোভে মীন যেমন বড়িশবিদ্ধ হইয়া যমসদনে গমন করে, সেইরূপ যে ব্যক্তি দুর্জ্জয় রসনার রসে বিমোহিত হয়, সে অচিরাৎ কালসদনে গমন করে, সন্দেহ নাই॥ ১৯॥

ধীমান্ ব্যক্তিগণ কেবল আহার পরিত্যাগ করিলে প্রায় সকল ইন্দ্রিয়কেই সত্বর বশীভূত করিতে পারেন বটে, কিন্তু রসনেন্দ্রিয়ের রসানুরাগ বরং উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়াই থাকে॥

এবং দুরাশয়া ধ্বস্তনিদ্রা দ্বার্য্যবলম্বতী।
নির্গচ্ছন্তী প্রবিশতী নিশীথং সমপদ্যতে ॥ ২৫ ॥
তস্যা বিত্তাশয়া শুষ্যদ্বক্ত্রায়া দীনচেতসঃ।
নির্ব্বেদঃ পরমো জজ্ঞে চিন্তাহেতুঃ সুখাবহঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

এবংবিধয়া দুরাশয়া ধ্বস্তনিদ্রা (ধ্বস্তা নিদ্রা যস্যাঃ সা) দ্বারি অবলম্ববতী সা পুনঃ পুনঃ নির্গচ্ছন্তী (অন্তঃ) প্রবিশতী সতী নিশীথং অর্দ্ধরাত্রং সমপদ্যত প্রাপ ॥ ২৫ ॥

বিত্তাশয়া শুষ্যদ্বক্ত্রায়াঃ (শুষ্যৎ বক্ত্রং বদনং যস্যাঃ তস্যাঃ) দীনচেতসঃ (দীনং মলিনং চেতো যস্যাঃ) তস্যাঃ পিঙ্গলায়াঃ চিন্তাহেতুঃ (চিন্তায়াঃ বক্ষ্যমানবিচারস্য হেতুঃ) সুখাবহঃ পরমনির্ব্বেদঃ বৈরাগ্যং জজ্ঞে জাতঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

দ্বার্য্যবলম্বমানা পুনঃ প্রবিশতি পুনর্নির্গচ্ছতি এবং কুর্ব্বতী নিশীথং অর্দ্ধরাত্রং প্রাপ ॥ ২৫ ॥

নির্ব্বেদঃ অলং বুদ্ধিঃ। বিত্তচিন্তৈব হেতুর্যস্য সঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিশীথং অর্দ্ধরাত্রং প্রাপ ॥ ২৫ ॥
বিত্তচিন্তৈব হেতুর্যস্য সঃ ॥ ২৬ ॥

এই প্রকার দুরাশার উৎকণ্ঠায় তাহার আর নিদ্রা হইল না; এবং এই প্রকারে বারংবার দ্বারদেশে আগমন ও গৃহাভ্যন্তরে প্রবেশ করত সে নিশীথ-কাল পর্য্যন্ত উপপতির অভাবে অতি কষ্টে কালাতিপাত করিল ॥ ২৫ ॥

পরে ধনপ্রাপ্তির আশায় জলাঞ্জলি দিয়া, সে দীনমনে ও মলিনবদনে নানারূপ চিন্তায় নিমগ্ন হইল; এবং সেই চিন্তা স্রোতে ভাসিতে ভাসিতে পিঙ্গলার হৃদয়ে পরম সুখপ্রদ বৈরাগ্যভাবের উদয় হইল ॥ ২৬ ॥

আভাস।

উন্মত্ত করে, কখন বা অতলস্পর্শ পাতালের গভীর গহ্বরে নিপাতিত করিয়া ঘোর নিরাশায় নিক্ষেপ করে। বশিষ্ঠদেব শ্রীরামচন্দ্রকে বলিয়াছিলেন, "ক্বচিদায়াতি পাতালং ক্বচিৎ যাতি নভস্থলং। ক্বচিদ্ভ্রমতি দিক্কুঞ্জে তৃষ্ণা হৃৎপদ্মষট্‌পদী" ॥ ভ্রমর যেমন কমলের মধু সংগ্রহ করত আনন্দে উন্মত্ত হইয়া কখন নভোমণ্ডলের উচ্চস্তরে আরোহণ করে, কখন বা অতিনিম্ন জলৈকপ্রদেশে যেন নিরাশ্বস্তের ন্যায় পদ্মে পদ্মে মধু যাচ্ঞা করিতে থাকে এবং কখনও বা কুঞ্জবনাদিতে প্রবেশ পূর্ব্বক ঝঙ্কার রবে দিক্‌দিগন্ত পরিব্যাপ্ত করিয়া মধুর অন্বেষণ করিতে থাকে, সেইরূপ মানবের আশাভৃঙ্গ হৃদয়ের সারধন আনন্দ-মকরন্দ

তস্যা নির্ব্বিণ্ণচিত্তায়া গীতং শৃণু যথা মম ।। ২৭ ।।
নির্ব্বেদ আশাপাশানাং পুরুষস্য যথা হ্যসিঃ ।
ন হ্যঙ্গাজাতনির্ব্বেদো দেহবন্ধং জিহাসতি ।। ২৮ ।।

অন্বয়ঃ ।

তস্যাঃ নির্ব্বিণ্ণচিত্তায়াঃ গীতং যথা যথাবৎ মম মত্তঃ শৃণু ॥ ২৭ ॥

হি যস্মাৎ পুরুষস্য আশাপাশানাং নির্ব্বেদঃ এব যথা অসিঃ ছেত্তা, হে অঙ্গ ! অজাত-নির্ব্বেদঃ (ন জাতো নির্ব্বেদঃ বৈরাগ্যং যস্য সঃ জনঃ) দেহবন্ধং (দেহং বধ্নাতি রচয়তীতি তৎ) আশাপাশং ন জিহাসতি ত্যক্তুমিচ্ছতি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

যথা যথাবৎ মম মত্তঃ শৃণু ॥ ২৭ ॥

নমু কিং নির্ব্বিণ্ণয়া গীতশ্রবণেন তত্রাহ হি যস্মাৎ পুরুষস্য আশাপাশানাং নির্ব্বেদো অসির্যথা তথা ছেত্তা। তত্র হেতু র্নহীতি। অঙ্গ হে রাজন্ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যথা মম যথাবন্মত্তঃ ॥ ২৭ ॥

আশাএব সংসারবন্ধস্য পাশাঃ স্যুস্তাসাং ছেদনে নির্ব্বেদএব অসির্ভবেৎ। তস্যা-বশ্যোপাদেয়ত্বমাহ নহীতি ॥ ২৮ ॥

সেই বিষণ্ণহৃদয়া মনে মনে হৃদয়ের ভাব যেরূপ পর্য্যালোচনা করিয়াছিল, আমি তাহা সবিশেষ বর্ণন করিতেছি, শ্রবণ করুন ।। ২৭ ।।

কারণ বৈরাগ্যই পুরুষের আশাপাশ ছেদনের প্রধান অসিস্থানীয়। হে শোভন ! যে ব্যক্তির হৃদয়ে বৈরাগ্যের উদয় হয় নাই, সে কখন দেহরচনার প্রধান কারণ আশাপাশকে পরিত্যাগ করিতে বাসনা করে না ।। ২৮ ।।

আভাস ।

অপহরণ পূর্ব্বক কখন স্বর্গধামে, কখন নরকার্ণবে, কখনও বা মর্ত্তধামের সাংসারিক স্ত্রী পুত্র গৃহক্ষেত্রাদি বিষয়বনে বিচরণ করত কতই উচ্ছ্বাসের আলাপন করিতে থাকে। এদিকে কমলিনী মকরন্দের অভাবে ম্লানমুখী হইয়া যেমন ক্রমশ বিশীর্ণ হইতে থাকে, সেইরূপ আত্মানন্দে পূর্ণকাম মানবের হৃদয়পদ্ম আশার কুহকে অন্তরের সার পরমতত্ত্ব বিস্মৃত হইয়া আপন ধনে বঞ্চিত ও পরোপজীবীর ন্যায় বিষণ্ণ হইতে থাকে। আশাকেই সংসারের মূল বন্ধন বলিয়া বীতরাগ মুনিগণ কীর্ত্তন করিয়া থাকেন। অতএব আশাকে ছেদন না করিলে সংসারবন্ধন হইতে কোন মতে অব্যাহতি পাওয়া যায় না। কিন্তু আশা ! তুমি নিবৃত্ত হও ! বলিলে, আশা কখন নিবৃত্ত হয় না ; বরং আশার পূরণ হইলে, আশা কামুকের অজ্ঞাতসারে ক্রমশই পরিবর্দ্ধিত হইয়া এতই পুষ্টকায় হয় যে, কামীর হৃদয়াকাশ আশাময় হইয়া যায় ; বৃক্ষভুক্ (পরগাছার) প্ররোহে যেমন মূল বৃক্ষ ক্রমশই ক্ষয় প্রাপ্ত হয়,

পিঙ্গলোবাচ ॥

অহো মে মোহবিততিং পশ্যতাবিজিতাত্মনঃ।

যা কান্তাদসতঃ কামং কাময়ে যেন বালিশা ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

পিঙ্গলা উবাচ। অহো! অবিজিতাত্মনঃ (অবিজিতং আত্মা মনো যয়া তস্যাঃ) মে মম, মোহবিততিং মোহবিস্তরং পশ্যত; যেন মোহেন অহং বালিশা বিবেকশূন্যা সতী অসতঃ কান্তাৎ তুচ্ছাৎ পুরুষাৎ কামং ভোগধনাদিকং কাময়ে ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

অবিজিতাত্মত্বে হেতুঃ। যাহং বালিশা বিবেকশূন্যা। তৎ কুতঃ। যেন কারণেন অসতস্তুচ্ছাৎ নরাৎ কামং কাময়ে ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামং কন্দর্পং কাময়ে। যেন কামেন হেতুনা অহং বালিশা মূঢ়া ॥ ২৯ ॥

পিঙ্গলা মনে মনে ভাবিতে লাগিল, হায়! আমি কেবল চিত্তের চাঞ্চল্য ও বৈবশ্যের নিমিত্ত কি বিষম মোহেই নিপতিত হইয়াছি! আমি এতই মোহিতা ও বিবেকহীনা যে, অনিত্য মায়াপুত্তলিকা সামান্য মানবের নিকট হইতে ধনাদিভোগের কামনা করিতেছি ॥ ২৯ ॥

আভাস।

সেইরূপ আশালতার ক্রমিক বিস্তারে হৃদয়ের মূলতত্ত্ব ক্রমশই বিলুপ্ত হইয়া যায়। সংসারী মানব সমস্ত সংসার আশাময় নিরীক্ষণ করিতে থাকে; আশার আশা করিতেই সতত অভ্যস্ত হয়; নিরাশায় যে কি আনন্দ, তাহা তাহারা স্বপ্নেও কখন ধারণা করিতে পারে না। কিন্তু আশালতা যতই বৃন্তবিস্তারে প্রসৃত হয়, ততই আশ্রয়স্থান প্রার্থনা করে। আশ্রয়স্থান প্রাপ্তে যেমন কথঞ্চিৎ আনন্দোদয়ের সম্ভাবনা ঘটে বটে, কিন্তু পুনঃ প্ররোহের উদ্যমে তদপেক্ষা অধিক গ্লানির উদয় হয়; আশার পদার্থ প্রাপ্তে আশা কখন পূর্ণ হইয়াছে, বলিয়া ক্ষান্ত হয় না; বরং উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়াই থাকে। মহাভারতে উক্ত আছে; "ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে" ॥ অভিলষিত বিষয়ের উপভোগেই যে অভিলাষ পূর্ণ হয়, তাহা নহে; বরং ঘৃতাহুতিতে যেমন হুতাশন অধিকতর প্রজ্বলিত হইয়া থাকে, সেইরূপ কামচরিতার্থে কামনা উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়াই থাকে, সন্দেহ নাই। অতএব কামপূরণে কামনার নিবৃত্তি না হইয়া আশাভঙ্গেই কামপ্রবৃত্তি বিনষ্ট হইয়া থাকে। এস্থলে একটু বিশেষ ভাবের প্রতি আমাদের লক্ষ্য করা কর্ত্তব্য। অর্থাৎ প্রকৃতপ্রস্তাবে জীবের কামনার নিবৃত্তি হয় কি না, ইহাই প্রধান বিবেচ্য বিষয়। যদি কামের বা আশার নিবৃত্তি হয়,

সন্তং সমীপে রমণং রতিপ্রদং বিত্তপ্রদং নিত্যমিমং বিহায়।
অকামদং দুঃখভয়াধিশোকমোহপ্রদং তুচ্ছমহং ভজেঽজ্ঞা ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

রমণং ক্রীড়াপ্রদং, রতিপ্রদং সুখদং, বিত্তপ্রদং লক্ষ্মীপতিং, নিত্যং বিনাশরহিতং, ইমং অপরোক্ষতয়া সমীপে হৃদয়ে, সন্তং বর্ত্তমানং, ভগবন্তং বিহায় পরিত্যজ্য অকামদং অভীষ্টভোগদানে অসমর্থং, দুঃখভয়াধিশোকমোহপ্রদং তুচ্ছং অহং অজ্ঞা এব ভজে ভজামি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

বালিশত্বং প্রপঞ্চয়তি সন্তমিতি চতুর্ভিঃ। সমীপে সন্তমন্তর্য্যামিত্বাৎ ইমমপরোক্ষমীশ্বরং ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমীপে মমান্তর্হৃদয়ে এব সন্তং। রমণমিতি। ইমমেব কথমহং ন রময়ামীতি ভাবঃ। রতিপ্রদমিতি অয়মেব কথং মাং ন রময়তু কিমন্যেন পাপিষ্ঠপুরুষেণেতি ভাবঃ। বিত্তপ্রদমিতি মদন্তরতিতুষ্টোঽয়ং বিত্তমপি প্রচুরং দাস্যত্যেবেতি ভাবঃ। অকামদং কামপূর্ত্তিং দাতুমসমর্থং। ভগবত্যেতাদৃশী মতিরস্যাস্তদা তস্যাং রজন্যাং তদঙ্গনে যদৃচ্ছয়াগতশয়িতস্য শ্রীদত্তাত্রেয়স্য কৃপাভরাদভূদিতি প্রাহুঃ ॥ ৩০ ॥

কিন্তু যিনি প্রকৃত শান্তি ও সুখের দাতা ও সাক্ষাৎ লক্ষ্মীর পতি, সেই নিত্য নিরঞ্জন ভগবান্ পতিতপাবনকে অপরোক্ষভাবে আমার হৃদয়মন্দিরে নিরন্তর অবস্থান করিতে প্রতীত করিয়া ভ্রমে ক্রমে একবারও তাঁহার নিকট গমন করি নাই; অথচ যাহারা প্রকৃত সম্ভোগপ্রদানে সম্পূর্ণ অসমর্থ, দুঃখ, ভয়, শোক ও মোহাদিতে স্বয়ং অভিভূত, তাদৃশ অতি তুচ্ছ মনুষ্যের পরিচর্য্যার নিমিত্ত আমি নিতান্ত মূর্খের ন্যায় সতত উদ্‌গ্র রহিয়াছি ॥ ৩০ ॥

আভাস।

এরূপ স্বীকার করা যায়, তাহা হইলে ভগবানের প্রদত্ত একটী প্রধান বৃত্তি হইতে আমরা বঞ্চিত হইলাম, স্বীকার করিতে হইবে; এবং উন্নত হইবার একটী প্রধান অবলম্বন বিনষ্ট হইল বলিতে হইবে। আমাদের যদি আশা বা কামনা না থাকে, তাহা হইলে ইহ জগতে আমাদের উন্নতির কথা দূরে থাকুক্, জ্ঞানানুশীলনে মুক্ত হইবার প্রবৃত্তিও সুদূরপরাহত, সন্দেহ নাই। আশার অভাবে আমরা সকলকে উপেক্ষা করিয়া সকলের যখন পরিত্যক্ত, তখন ঈশ্বরাসক্তিতেও বিমুখ হইয়া তাঁহারও পরিত্যক্ত হইব সন্দেহ নাই। ভূতভাবন ভগবান্ এক অমপুরোবর্ত্তী আশালতার বেষ্টনে এই সমগ্র বিশ্বব্রহ্মাণ্ড বন্ধন করিয়াছেন; কেবল জীবের হৃদয়ে কেন! পরমাণু হইতে পরম মহত্তত্ত্ব পর্য্যন্ত এক আশার স্রোত প্রবাহিত করাইয়া সকলকেই সরস করিয়াছেন। আশার অভাবে সকলই শুষ্ক কঠিন

অহো ময়াত্মা পরিতাপিতা বৃথা সাঙ্কেত্যবৃত্ত্যাতিবিগর্হ্যবার্ত্তয়া।
স্ত্রৈণান্নরাদ্যার্থতৃষোঽনুশোচ্যাৎ ক্রীতেন বিত্তং রতিমাত্মনেচ্ছতী ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

যা অহং স্ত্রৈণাৎ স্ত্রীলম্পটাৎ, অর্থতৃষঃ ধনাদিতৃষ্ণাযুক্তাৎ, অনুশোচ্যাৎ নরাৎ ক্রীতেন স্বয়ং বিক্রীতেন আত্মনা দেহেন রতিং বিত্তং চ ইচ্ছতী সতী অতিবিগর্হ্যবার্ত্তয়া (অতি-বিগর্হ্যা বিনিন্দ্যা যা বার্ত্তা জীবিকা তয়া) সাঙ্কেত্যবৃত্ত্যা (সাঙ্কেত্যেন পরপুরুষসঙ্গেন যা বৃত্তিঃ তয়া) অহো! ময়া আত্মা বৃথা পরিতাপিতঃ সন্তাপং প্রাপিতঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

অতিবিগর্হ্যা বিনিন্দ্যা যা বার্ত্তা জীবিকা তয়া। কুতঃ সাঙ্কেত্যেন যা বৃত্তিস্তয়া বহু-ব্রীহিণা বিশেষণং বা। পরিতাপং প্রপঞ্চয়তি স্ত্রৈণাৎ স্ত্রীলম্পটাৎ অথ চার্থতৃষো লুব্ধাৎ অতএবানুশোচ্যান্নরাৎ যাহং বিত্তং রতিঞ্চেচ্ছতী তয়া বৃথাত্মা পরিতাপিতঃ। কেন বিত্ত-মিচ্ছতী তেন নরেণ ক্রীতেন স্বয়ং বিক্রীতেনাত্মনা দেহেন ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যা অহং ক্রীতেন বিক্রীতেনাত্মনা স্বদেহেন স্ত্রৈণাৎ স্ত্রীলম্পটান্নরাৎ বিত্তং রতিঞ্চ ইচ্ছন্তী অভূবং। যদ্বা। নরেণ ক্রীতো য আত্মা মদ্দেহস্তেন ॥ ৩১ ॥

যাহারা স্ত্রৈণ ও অর্থলোলুপ তাহারাই পরমার্থ দৃষ্টিতে শোকার্হ, সন্দেহ নাই। কিন্তু আমি আবার অতিনিকৃষ্ট! কারণ সকলের নিন্দনীয় বেশ্যাবৃত্তি অবলম্বনে তাদৃশ পরপুরুষের নিকট নিজে বিক্রীত হইয়া ধন ও ভোগের জন্য যখন ইচ্ছা করিতেছি, তখন আমার অপেক্ষা নিকৃষ্ট জগতে আর কে আছে? অহো! আমি নিজের দোষে নিজেকে বৃথায় পরিতাপযুক্ত করিতেছি ॥ ৩১ ॥

আভাস।

ও পাষাণ সদৃশ হইয়া যায়। আশাই পরস্পরকে পরস্পরে মিলিত করে। আশা ক্ষুদ্র বা বৃহতের অপেক্ষা না করিয়া সকলের প্রতি সমানভাবে প্রধাবিত হয়; একটী সামান্য তৃণের প্রতি প্রধাবিত হইয়া জীবহৃদয়কে যেমন তৎপ্রতি আকৃষ্ট করে, পরাৎপর পরম-ব্রহ্মের প্রতি ধাবিত হইয়াও মর্ত্তের মানবকেও ব্রহ্মপদবীতে আকর্ষণ করে। কিন্তু আশা প্রসরণের স্থান পাইলে আর প্রতিনিবৃত্ত হয় না; যে দিকেই তাহাকে প্রেরণ করা যাউক না, সেই দিকেই অগ্রসর হইতে থাকে। আশার প্রবাহে ঘোর সংসারে অভিভূত হওয়া যায় এবং উন্নতির উচ্চ সোপান মুক্তিপদেও আরোহণ করা যায়। আশা যে পথে ভগ্নোৎসাহ হয়, সেই পথ পরিত্যাগ করে; সংসারপথে বিঘ্ন দেখিলে, মুক্তিপথে এবং মুক্তিপথে বিড়ম্বনা দেখিলে, সংসারপথে অগ্রসর হইতে থাকে। এই বিঘ্ন বা বিপত্তি আমাদের উন্নতি বা অবনতির হেতু। আশার কোন দোষ নাই; বরং গুণই আছে।

যদস্থিভির্নির্মিতবংশবংশ্যস্থূণং ত্বচা রোমনখৈঃ পিনদ্ধং।
ক্ষরন্নবদ্বারমগারমেতদ্বিণ্মূত্রপূর্ণং মদুপৈতি কান্যা ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

কিঞ্চ অস্থিভিঃ এব নির্ম্মিতবংশ্যবংশস্থূণং (নির্ম্মিতঃ বংশঃ বংশ্যাঃ স্থূলাশ্চ যস্মিন্ তৎ) ত্বচা চর্ম্মণা, রোমনখৈঃ পিনধ্বং চ্ছাদিতং, ক্ষরন্নবদ্বারং (ক্ষরন্তি নবদ্বারাণি যস্মিন্ তৎ) বিন্মূত্রপূর্ণং এতৎ অগারং ভূতাবাসং নরশরীরং যৎ যস্মাৎ মৎ মত্তঃ অন্যা কা বা স্ত্রী কান্তবুদ্ধ্যা উপৈতি সেবতে ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

অহো ধিঙ্মাং যাহমতিবীভৎসিতং ন জানামীত্যাহ যদিতি। বংশো নাম স্থূণাসু নিহিতস্তির্য্যক্ বেণুঃ-বংশ্যাস্তস্মিন্নুভয়তো নিহিতা বেণবঃ। অস্থিভিরেব নির্ম্মিতা বংশাদয়ো যস্মিন্ তৎ। তত্র পৃষ্ঠে দীর্ঘমস্থি যৎ স বংশঃ পার্শ্বাস্থীনি বংশ্যানি স্থূণা হস্তপাদাস্থীনি। তথা ত্বচা রোমভির্নখৈশ্চ পিনদ্ধং চ্ছাদিতং। তথাপি ক্ষরন্তি নবদ্বারাণি যস্মিন্ তৎ এবম্ভূতাগাররূপং নরশরীরমেতৎ মত্তোহন্যা কা বা কান্তবুদ্ধ্যা উপৈতি সেবতে ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহো অতিবীভৎসং বিষ্ঠাগৃহমেবাহং শৃঙ্গাররসং স্বভোগ্যমবিদমিত্যাহ। যদগারং অস্থিভিরেব নির্ম্মিতো বংশো বংশ্যাঃ স্থূণাশ্চ যস্মিংস্তৎ। তত্র পৃষ্ঠে দীর্ঘমস্থি যৎ স বংশঃ। পার্শ্বাস্থীনি বংশ্যানি হস্তপাদাদীনি স্থূণাঃ। মৎ মত্তোহন্যা কা উপৈতি ॥ ৩২ ॥

পর্ব্ববিশিষ্ট বংশ ও শঙ্কুসমূহের সমাবেশের ন্যায়, পৃষ্ঠদেশস্থ মেরুদণ্ড, পার্শ্ব ও হস্তপদাদির অস্থিসমূহের সন্নিবেশে রচিত এবং চর্ম্ম, রোম ও নখরাদিতে আবৃত যে ভূতাবাস নরশরীর প্রস্তুত হইয়াছে, তাহাতে আবার নয়টী ক্ষরণদ্বার বিদ্যমান রহিয়াছে; অহো! এতাদৃশ মলমূত্রে পরিপূর্ণ নরশরীরের লালসায় আমি ব্যতীত কোন্ কামিনী কান্তবুদ্ধিতে সেবা করিয়া থাকে? ॥ ৩২ ॥

আভাস।

আশা আছে বলিয়াই আমরা সংসারী বা মুক্ত হইতে পারি। অতএব আশা আমাদের ত্যাজ্য নহে; সর্ব্বতোভাবে গ্রাহ্য। তবে যেমন অশ্বের মুখ ফিরাইয়া সৎপথে চালাইলেই আমরা উত্তম স্থানে গমন করিতে পারি, সেইরূপ এক আশার বলে আমরা যেমন সংসারের কীট হইতে পারি, তেমনই মোক্ষপদও লাভ করিতে পারি, সন্দেহ নাই। পিঙ্গলার উপপতিপ্রাপ্তির আশা যখন আশ্রয় না পাইয়া ভগ্ন হইল, তখনই আশাভঙ্গের কারণ অনুসন্ধানার্থ তাহার আশা অগ্রসর হইতে লাগিল। সে দেখিল ঐহিকের চেষ্টায় আশার পূরণ হয় না; কোন একটী অব্যক্ত ও অচিন্ত্য কারণ আছে, যাহা আপন প্রবৃত্তি বা গতি

বিদেহানাং পুরে হ্যস্মিন্নহমেকৈব মূঢ়ধীঃ।
যান্যমিচ্ছন্ত্যসত্যস্মাদাত্মদাৎ কামমচ্যুতাৎ ॥ ৩৩ ॥
সুহৃৎ প্রেষ্ঠতমো নাথ আত্মা চায়ং শরীরিণাং।

অন্বয়ঃ।

বিদেহানাং মৈথিলানাং জ্ঞানিনাং অস্মিন্ পুরে মূঢ়ধীঃ মোহিতচিত্তা একা অহং এব! হি যস্মাৎ যা অহং অসতী দুষ্টা অস্মাৎ অচ্যুতাৎ চ্যুতিরহিতাৎ, আত্মদাৎ পরমানন্দস্বরূপ-প্রদাৎ ভগবতঃ অন্যং কামং ভোগং ইচ্ছতী ভবামি ॥ ৩৩ ॥

যতঃ অয়ং অচ্যুতঃ শরীরিণাং প্রেষ্ঠতমঃ নাথঃ স্বামী, সুহৃৎ হিতকর্ত্তা, আত্মা চ; অতঃ

শ্রীধরস্বামী।

তৎসঙ্গতো সত্যামপ্যহো মম মোহ ইত্যাহ বিদেহানামিতি। যাহমসতী অচ্যুতাদন্যং কামং ভোগমিচ্ছতী সা ॥ ৩৩ ॥

সা এবং নির্ব্বিণ্ণা সতী অতঃপরমেবং করিষ্যামীত্যাহ সুহৃদিতি। অয়মীশ্বর আত্মনৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যা অহমসতী অচ্যুতাদস্মাৎ তৃষ্ণা আত্মপ্রদাদপ্যন্যং পুরুষং কামং ভোগমিচ্ছন্তী যাচমানা ॥ ৩৩ ॥

তর্হি কিমতঃ পরং চিকির্ষসীতি চেদেবং করোমীত্যাহ সুহৃদিতি। আত্মনা স্বদেহে-

---

জ্ঞানবান্ বিদেহগণের এই মিথিলাপুরে একা আমিই কেবল মূর্খা ও বিবেকহীনা; কারণ পরমানন্দস্বরূপ সর্ব্বভোগপ্রদ ভগবান্ অচ্যুতকে বিস্মৃত হইয়া সামান্য ভোগের লালসায় বৃথায় ভ্রমণ করিতেছি ॥ ৩৩ ॥

ভগবান্ নারায়ণ দেহধারীমাত্রেরই পরমপ্রিয় হিতকারী হৃদয়স্বামী ও আত্মা! অতএব দেহাদির সমর্পণে আত্মবিনিময় দ্বারা তাঁহাকে বশীভূত

আভাস।

অনুসারে আশার পূরণ বা ভঙ্গ করিয়া দেয়। এবং সে কারণও সম্প্রতি একজন সর্ব্বজ্ঞের হস্তে বিন্যস্ত রহিয়াছে; যিনি উপযুক্ত কাল ও উপযোগিতা অনুসারে সেই কারণকে কার্য্যে পরিণত করান। পিঙ্গলা তখন জড় কারণ বা অস্বতন্ত্র জাগতিক ভোগ্যের প্রতি লক্ষ্য না করিয়া, সর্ব্বকারণকারণ সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন পরমকারুণিক বিশ্বমঙ্গল ভগবানকে পাইবার জন্য আশার প্রসার করিল। আশা না থাকিলে, তাহাকে ভগবানের প্রতি কে আকৃষ্ট করিত। সে জগতের আনন্দকে ব্রহ্মানন্দের সহিত তুলনায় নিতান্ত তুচ্ছ জ্ঞান করত সেই পরমেশের প্রেমলাভার্থ বিশেষ অগ্রসর হইয়া সাংসারিক বিষয়ের দোষ ও পরমার্থতত্ত্বের গুণ গণনা করিতে লাগিল ॥ ২২—৩৩ ॥

পিঙ্গলা মানব পতির হেয়ত্ব অনুভব করিয়া স্বীয় কর্ত্তব্যবুদ্ধির আলোচনা পূর্ব্বক

তং বিক্রীয়াত্মনৈবাহং রমেঽনেন যথা রমা ॥ ৩৪ ॥
কিয়ৎ প্রিয়ং তে ব্যভজন্ কামা যে কামদা নরাঃ ।
আদ্যন্তবন্তো ভার্য্যায়া দেবা বা কালবিদ্রুতাঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ ।

তং এব আত্মনা বিক্রীয় দেহাদিসমর্পণেন স্ববশীকৃত্য অনেন সহ রমা যথা তথা রমে ॥ ৩৪ ॥

যে কামাঃ বিষয়াঃ, যে চ কামদাঃ নরাঃ দেবাঃ বা তে ভার্য্যায়াঃ কিয়ৎ প্রিয়ং ব্যভজন্ কৃতবন্তঃ ; যতঃ স্বয়মেব তে কালবিদ্রুতাঃ আদ্যন্তবন্তঃ উৎপত্তিবিনাশবন্তঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী ।

আত্মানমেব নিবেদ্য তং বিক্রীয় বিশেষেণ ক্রীত্বা অনেনৈব সহ রমে রমা লক্ষ্মীর্যথা ॥ ৩৪ ॥

অন্যস্যা সেব্যত্বং দর্শয়তি কিয়দিতি। আদ্যন্তবন্তো যে কামা বিষয়াঃ কামদা নরা বা দেবা বা কালকলিতা ভার্য্যায়াঃ কিয়ৎ প্রিয়ং কৃতবন্তো ন কিঞ্চিৎ অতো নেহামুত্রচ তদ্ব্যতিরিক্তঃ কোঽপি সেব্যোঽস্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নানেন দত্তেন তং বিক্রীয় বিশেষেণ ক্রীত্বা অহং প্রাপ্তেন তেন শ্রেষ্ঠতমেন সহ রমে ॥ ৩৪ ॥

যে কামা বিষয়াঃ যে কামদা বা নরাঃ দেবা বা তে সর্ব্বে আদ্যন্তবন্তঃ কালেনৈব বিদ্রুতাঃ অতো ভার্য্যায়াঃ কিয়ৎ প্রিয়ং ব্যভজন্ কৃতবন্তঃ। ন কিঞ্চিৎ। অত ইহামুত্র চ তদ্ব্যতিরিক্তঃ কোঽপি ময়া ন সেব্য ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

করিয়া ঐশ্বর্য্যস্বরূপা কমলার ন্যায়, তাঁহার সহিত বিহার করিব ! ॥ ৩৪ ॥

কাম্য বিষয় এবং কামদ মনুষ্য বা দেবতার দ্বারা বনিতার কবে কি সুখোদয় হইয়াছে ! কারণ সকলেই উৎপত্তি ও বিনাশের অন্তর্গত হইয়া কালের দ্বারা সতত বিধ্বস্ত হইয়া থাকে ॥ ৩৫ ॥

আভাস ।

ভাবিল যে, জগতে প্রায় সকলেই স্বার্থপর ; স্ব স্ব অভিলষিত সাধনের জন্য পরের নিকট অগ্রসর হয় এবং ঐহিক বা পারমার্থিক স্বার্থসাধনের অনুরোধে যে পরিমাণে উপকার পাইতে পারে, তদনুরূপ প্রত্যুপকারই করিয়া থাকে। পরের উপকারার্থ নিঃস্বার্থে অগ্রসর হয়, এরূপ লোক সম্পূর্ণ বিরল। কিন্তু ভগবানে তাহা নাই। তিনি স্বার্থের অনুরোধে যে জীবের মঙ্গল করেন, এরূপ নহে ; তিনি মঙ্গলময়। যে কোন উপায়ে ও অভিপ্রায়ে সেই ভগবানের নিকট অগ্রসর হইতে পারিলেই জীবের মঙ্গল হয়, সন্দেহ নাই। সে মঙ্গল ক্ষণস্থায়ী নহে ; অনন্ত ও অপার। সামান্য ক্ষণধ্বংসী মানবের নিকট যে প্রেম ও ভোগের প্রত্যাশায় যে পরিমাণে ক্লেশ সহ্য করিয়াছি, তাহার শতাংশের একাংশ ক্লেশ স্বীকার করিয়াও যদি নারায়ণে প্রাণসমর্পণ করিতে পারি, তাহা হইলে আর এরূপ দারুণ যাতনা

নূনং মে ভগবান্ প্রীতো বিষ্ণুঃ কেনাপি কর্ম্মণা।
নির্ব্বেদোঽয়ং দুরাশায়া যন্মে জাতঃ সুখাবহঃ।। ৩৬।।
মৈবং স্যু র্মন্দভাগ্যায়া ক্লেশা নির্ব্বেদহেতবঃ।
যেনানুবন্ধং নির্হৃত্য পুরুষঃ শমমৃচ্ছতি।। ৩৭।।

অন্বয়ঃ।

অতো নূনং নিশ্চিতং মে মম কেনাপি কর্ম্মণা ভগবান্ বিষ্ণুঃ প্রীতঃ যৎ যস্মাৎ দুরাশায়াঃ দুষ্টচিন্তায়াঃ মে অয়ং সুখাবহঃ নির্ব্বেদঃ জাতঃ॥ ৩৬॥

(তৎ প্রসাদং বিনা) মন্দভাগ্যায়াঃ মম নির্ব্বেদহেতবঃ (নির্ব্বেদস্য হেতবঃ) ক্লেশাঃ এবং মা স্যুঃ ভবেয়ুঃ; যেন নির্ব্বেদেন পুরুষঃ অনুবন্ধং দেহগেহাদিষু অহংমমাভিমানরূপপাশং, নির্হৃত্য পরিত্যজ্য, শমং শান্ত্যাত্মকং মোক্ষং ঋচ্ছতি প্রাপ্নোতি॥ ৩৭॥

শ্রীধরস্বামী।

এবং নিশ্চিত্য স্বভাগ্যমভিনন্দতি নূনমিতি। দুষ্টা আশা যস্যাস্তস্যা মে॥ ৩৬॥

নমু ধনাপ্রাপ্ত্যা ক্লিষ্টাসি কথং বিষ্ণুঃ প্রীতস্তত্রাহ মৈবমিতি। মন্দভাগ্যা চেদহং স্যাং তর্হ্যেবং নির্ব্বেদহেতবঃ ক্লেশা ন স্যুরিত্যর্থঃ যেন নির্ব্বেদেনানুবন্ধং গৃহাদিকং নির্হৃত্য পরিত্যজ্য॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং নিশ্চিত্য স্বভাগ্যমভিনন্দতি নূনমিতি। কেনাপি কর্ম্মণেতি। ভো বিরক্তবর্য্য কৃপয়া অদ্য মদন্নমেব সফলীকুরু। অত্রৈবাস্য শেষ কিঞ্চিদ্ভুক্ত্বা পিব চেতি যদৃচ্ছয়ৈবাগতং শ্রীদত্তাত্রেয়মুক্ত্বা তৎস্থানসংস্কারমার্জ্জনলেপনাদিকং সায়ংকালে ত্বয়া কৃতমিতি প্রাঞ্চঃ॥ ৩৬॥

নমু ধনাপ্রাপ্ত্যা ক্লিষ্টাসি কথন্তে বিষ্ণুঃ প্রীতস্তত্রাহ মৈবমিতি। যদি মে বিষ্ণুর্ন প্রীতস্তদা মে মন্দভাগ্যায়া বেশ্যায়াঃ ক্লেশা নির্ব্বেদহেতবো ন স্যুঃ। যেন নির্ব্বেদেন অনুবন্ধং গৃহাদিকং নির্হৃত্য পরিত্যজ্য॥ ৩৭॥

আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, আমার পূর্ব্বসঞ্চিত কোন কর্ম্মের দ্বারা ভগবান্ আমার প্রতি সুপ্রসন্ন হইয়াছেন; নতুবা আমার ন্যায় এতাদৃশ দুঃশীলার হৃদয়ে এরূপ সুখাবহ বৈরাগ্যের কেন উদয় হইবে?॥ ৩৬॥

সেই জগজ্জীবনের প্রসন্নভাব ব্যতীত, আমার ন্যায় হতভাগিনীর ভাগ্যে এতাদৃশ বৈরাগ্যের কারণীভূত ক্লেশরাশির কেন উদয় হইবে? এই নির্ব্বেদের

আভাস।

ভোগ করিতে হয় না। লক্ষ্মীর এমন কোন নিজের গুণ নাই, যাহাতে তিনি হৃষীকেশের হৃদয়ে নিত্য নিবাসস্থল প্রাপ্ত হইয়াছেন। ভগবানই সেই গুণের আধার; লক্ষ্মী কেবল

তেনোপকৃতমাদায় শিরসা গ্রাম্যসঙ্গতাঃ।
ত্যক্ত্বা দুরাশাঃ শরণং ব্রজামি তমধীশ্বরং ॥ ৩৮॥
সন্তুষ্টা শ্রদ্দধত্যেতদ্ যথালাভেন জীবতী।

অন্বয়ঃ।

অতঃ তেন বিষ্ণুনা, উপকৃতং উপকাররূপং নির্ব্বেদং শিরসা আদায় গ্রাম্যসঙ্গতাঃ (গ্রাম্যেষু বিষয়েষু সংগতাঃ সংলগ্নাঃ) দুরাশাঃ ত্যক্ত্বা তমেব অধীশ্বরং সর্ব্বনিয়ন্তারং শরণং ব্রজামি ॥ ৩৮ ॥

যথালাভেন সন্তুষ্টা, তেনৈব জীবতী, এতৎ পরমাত্মতত্বং শ্রদ্দধতী, তত্রৈব বিশ্বাসং

শ্রীধরস্বামী।

অতস্তেন শ্রীবিষ্ণুনা উপকৃতং কৃতমুপকারং নির্ব্বেদলক্ষণং গ্রাম্যেষু নরেষু বিষয়েষু বা সঙ্গতা ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতস্তেন বিষ্ণুনা উপকৃতং কৃতমুপকারমিমং নির্ব্বেদলক্ষণং শিরসা গৃহীত্বা গ্রাম্যেষু বিষয়েষু সঙ্গতাপ্যহং ॥ ৩৮ ॥

শরণং গতা সতী কীদৃশী বুভূষসীত্যত আহ সন্তুষ্টেতি। এতৎ শ্রদ্দধতী বিশ্বসতী।

বলে পুরুষগণ দেহগেহাদিতে অহঙ্কার ও মমাকাররূপ সংসারপাশ নিকৃন্তন করত শান্তিস্বরূপ মোক্ষপদবীতে গমন করিয়া থাকেন ॥ ৩৭ ॥

অতএব সেই ভগবান্ নারায়ণই আমার এই উপকার করিয়াছেন; আমি এক্ষণে তাঁহার প্রদত্ত বৈরাগ্যকে শিরোধার্য্য করত গ্রাম্যবিষয় সম্বন্ধীয় দুরাশা দূরে নিক্ষেপ পূর্ব্বক সেই সর্ব্বনিয়ন্তা সর্ব্বেশ্বর ভগবানেরই আশ্রয় গ্রহণ করিব ॥ ৩৮ ॥

আমি যথালব্ধ দ্রব্যের দ্বারা সন্তুষ্টচিত্তে জীবনযাত্রা নির্ব্বাহ করিব; এবং

আভাস।

আত্মসমর্পণ করিতে শিখিয়াছেন; সেই আত্মসমর্পণের ফলে ভগবান্ তাঁহার প্রতি প্রসন্ন হইয়াই ওরূপ সুখ তাঁহাকে প্রদান করিয়াছেন এবং লক্ষ্মীরূপে পরিণত করিয়াছেন। আমিও যদি সেরূপ আত্মসমর্পণ করিতে পারি, কেন লক্ষ্মীর ন্যায় সুখী হইব না? জগতের সুখ অনিত্য ও অকিঞ্চিৎকর! কেহ কখন জাগতিক সুখে নিবৃত্তি লাভ করিয়াছেন, এরূপত কভু দেখা যায় নাই। অতএব জগতের সুখে বিদ্বেষ উপস্থিত হইয়া তৎপ্রতি উক্তের আশা যে নিবৃত্ত হইয়াছে, ইহাও সেই পরমমঙ্গলময়ের মঙ্গলকণার বিস্তার মাত্র। নতুবা মাদৃশ পাপাত্মার হৃদয়ে এরূপ বৈরাগ্য কেন উদিত হইবে? তিনিই অন্তর্যামিরূপে আমার হৃদয়ে অধিষ্ঠান করত স্বয়ংই এই বৈরাগ্যের উদয় করিয়া দিয়াছেন।

বিহরাম্যমুনৈবাহমাত্মনা রমণেন বৈ ॥ ৩৯ ॥
সংসারকূপে পতিতং বিষয়ৈর্মুষিতেক্ষণং।
গ্রস্তং কালাহিনাত্মানং কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

কুর্ব্বতী, অমুনৈব আত্মনা স্বরূপভূতেন প্রিয়েণ রমণেন পত্যা সহ বৈ অহং বিহরামি ॥ ৩৯ ॥

সংসারকূপে (সংসারঃ এব কূপঃ তস্মিন্) পতিতং, বিষয়ৈঃ মুষিতেক্ষণং (মুষিতং অন্ধীকৃতং ঈক্ষণং বিবেকো যস্য তং) কালাহিনা (কাল এব অহিঃ সর্পঃ তেন) গ্রস্তং কবলিতং আত্মানং (ভগবন্তঃ) অন্যঃ কঃ ত্রাতুং অধীশ্বরঃ সমর্থঃ স্যাৎ ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

কথং ব্রজসি তদাহ সন্তুষ্টেতি ॥ ৩৯ ॥

ননু ব্রহ্মাদীন্ হিত্বা অমুনৈবেতি কোঽয়ং নিয়মস্তত্রাহ সংসারেতি। মুষিতেক্ষণং উপহৃতবিবেকং ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদেব কিং তত্রাহ বিহরামীতি ॥ ৩৯ ॥

ননু ব্রহ্মাদীন্ হিত্বা অমুনৈবেতি কোঽয়মাগ্রহস্তত্রাহ সংসারেতি ॥ ৪০ ॥

সেই পরমতত্ত্বে দৃঢ়বিশ্বাস করত পরমাত্মস্বরূপ প্রাণরমণে আত্মসমর্পণ পূর্ব্বক জগতে বিচরণ করিব ॥ ৩৯ ॥

এই ঘোর সংসারকূপে নিপতিত, বিষয়বাসনারূপ বিষমমোহে বিনষ্ট-বিবেক এবং কালরূপ মহাসর্পের করাল কবলে কবলিত জীবগণকে সেই জনার্দ্দন ব্যতীত অন্য কে পরিত্রাণ করিতে পারেন! ॥ ৪০ ॥

আভাস।

অতএব এই বিষম অবস্থায় তাঁহার আজ্ঞা কখন উল্লঙ্ঘন করিব না। তিনি গুরুরূপে সতত আমার হৃদয়ে বাস করিতেছেন; আমাকে যখন যে ভাবেই রাখিবেন, সেই ভাবেই আমি সন্তুষ্ট থাকিব এবং তাঁহার ভাবে অবস্থিতি পূর্ব্বক নিরন্তর সেই প্রেমানন্দ অনুভব করিব ॥ ৩৪—৩৯ ॥

যদি কেহ বিচারাদি বলের প্রয়োগে সংসার হইতে অতিক্রমণের বাসনা করেন, তিনি ভ্রান্ত! কারণ এই সংসার একটী অন্ধকূপ সদৃশ। রোগ, শোক, ভয় ও অনর্থাদির ঘোর আবরণে এতই সমাচ্ছন্ন যে, দূরবর্ত্তী জ্ঞানালোকের কিরণ কিছুতেই তাহার মধ্যে প্রবিষ্ট হয় না; বিশেষত তথায় পতিত জীব বিষয়ের ধূমে এতই অন্ধ হইয়া পড়ে যে, জ্ঞানালোকের ক্ষণিকজ্যোতি তাহাদের নয়নসঙ্গত হইয়াও, হয় না। যদি বিশেষ যত্নাতিশয় ধৈর্য্যের সহিত জ্ঞানলাভার্থ চেষ্টা করে, কালরূপ মহাসর্প তাহাকে কোন সাবকাশ না দিয়াই গ্রাস করিয়া ফেলে; সুতরাং যত্ন নিরর্থক। অতএব সেই কালেরও নিয়মকারী

আত্মৈব হ্যাত্মনো গোপ্তা নির্ব্বিদ্যেত যদাখিলাৎ ।
অপ্রমত্ত ইদং পশ্যেৎ গ্রস্তং কালাহিনা জগৎ ॥ ৪১ ॥
ব্রাহ্মণ উবাচ ॥
এবং ব্যবসিতমতি দু্রাশাং কান্তর্ষজাং ।
ছিত্ত্বোপশমমাস্থায় শয্যামুপবিবেশ সা ॥ ৪২ ॥

অন্বয়ঃ ।

যদা অপ্রমত্তঃ সাবধানঃ, সন্ ইদং জগৎ কালাহিনা গ্রস্তং পশ্যেৎ ততঃ হি অখিলাৎ প্রপঞ্চাৎ নির্ব্বিদ্যেত তদা আত্মনঃ গোপ্তা রক্ষিতা আত্মা এব ভবেৎ (অত্রাত্মপরমাত্মনোর-ভেদে বিবক্ষিতং) ॥ ৪১ ॥

ব্রাহ্মণঃ উবাচ । এবং ব্যবসিতমতিঃ (ব্যবসিতা কৃতনিশ্চয়া মতিঃ যস্যাঃ) সা পিঙ্গলা কান্তর্ষজাং (কান্তে য স্তর্ষঃ অভিলাষঃ ততো জাতাং) দুরাশাং ছিত্ত্বা উপশমং শান্তিং, আস্থায় আশ্রিত্য, শয্যাং উপবিবেশ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী ।

তর্হি কিমাত্মত্রাণোপাধিনা ভজিষ্যসি স সর্ব্বতো নির্ব্বিদ্য ভগবদ্ভজনে প্রবৃত্তস্যাত্মন এব সমর্থত্বাদিত্যাহ আত্মৈবেতি । যদা এবং জগৎ পশ্যেৎ ততশ্চাপ্রমত্তঃ সন্ নিখিলাদি-হামুত্রচ ভোগান্নির্ব্বিদ্যেত তদাহি আত্মৈব হ্যাত্মনো গোপ্তা ইত্যন্বয়ঃ । অতঃ কেবলং প্রেম্ণৈব ভজামীতি ভাবঃ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তর্হি কিমাত্মত্রাণোপাধিনা ভজিষ্যসীতি তত্র নৈবেত্যাহ আত্মৈবেতি । যদা হ্যাত্মা অখিলাদ্ভোগান্নির্ব্বিদ্যেত তত্র হেতুঃ ইদং জগৎ কালাহিনা গ্রস্তং পশ্যেৎ তদা আত্মৈব

যখন ভ্রমপ্রমাদাদি পরিহার পূর্ব্বক সমগ্র ব্রহ্মাণ্ডকে কালকবলে কবলিত নিরীক্ষণ করিবার সামর্থ্য জন্মে, তখনই এই প্রপঞ্চ পদার্থসমূহের আকর্ষণ বিনষ্ট হয় ; এবং আত্মাই আপনার রক্ষকরূপে দণ্ডায়মান হন ॥ ৪১ ॥

তখন সেই অবধূত ব্রাহ্মণ বলিলেন, হে নরনাথ ! তখন সেই বারবনিতা পিঙ্গলা মনে মনে এইরূপ নিশ্চয় করিয়া উপপতির সমাগমরূপ প্রচণ্ড দুরাশা সম্পূর্ণ পরিত্যাগ পূর্ব্বক শান্তি অবলম্বনে শয্যায় শয়ন করিল ॥ ৪২ ॥

আভাস ।

নারায়ণ ব্যতীত জীবকে উদ্ধার করেন, এমন কোন ব্যক্তিই এই স্বষ্ট ব্রহ্মাণ্ডে নয়নগোচর হয় না ॥ ৩০ ॥

ভগবানের নিকট উদ্ধারের পাত্র কে ? ইহারই নির্ণয়ার্থ শ্লোকে প্রকাশ করিয়াছেন যে, যাঁহারা অনিত্যবোধে সংসারে আসক্তি পরিত্যাগ করিয়াছেন, তাঁহারাই মোক্ষপ্রাপ্তির

আশা হি পরম দুঃখং নৈরাশ্যং পরমং সুখং।
যথা সংছিদ্য কান্তাশাং সুখং সুষ্বাপ পিঙ্গলা ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে পিঙ্গলাগীতমষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

হি নিশ্চিতং, আশা এব পরমং দুঃখং নৈরাশ্যং এব পরমং সুখং; যথা কান্তাশাং (কান্তস্য আশাং) সংছিদ্য পিঙ্গলা সুখং যথা তথা সুষ্বাপ ॥ ৪৩ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

কান্তস্য ভর্ত্তোঽভিলাষস্ততো জাতাং ॥ ৪২ ॥

ফলিতমাহ আশা হীতি ॥ ৪৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশেঽষ্টমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনঃ স্বস্য গোপ্তা সংসারাদ্রক্ষিতা ভবেৎ যথাত্মা চ সংপ্রত্যেতাদৃশ এবাভূদতোঽহং স্বতএব নিস্তীর্ণসংসারা অভূবমেব। তেনাতঃ পরং কেবলং প্রেম্ণৈব তং ভজিষ্যে ইতি ভাবঃ ॥ ৪১—৪৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশেঽষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অতএব ইহা স্পষ্টই দেখা যায় যে, আশাই পরম দুঃখের মূল এবং নিরাশাই পরমসুখের কারণ; পিঙ্গলা কান্তের আশা পরিত্যাগ করিয়াই সুখে নিদ্রা উপভোগ করিয়াছিল ॥ ৪৩ ॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের অষ্টম অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

উপযুক্ত পাত্র। এই অনাসক্তি ভাব আড়ম্বরের দ্বারা প্রকাশ করিতে হইবে না; অন্তরের ভাব সেই অন্তর্যামীই অবলীলাক্রমে অবগত হন। তিনি জীবের সার ও সর্ব্বস্বধনরূপে অন্তরেই অবস্থান করিতেছেন। শ্রুতি বলিয়াছেন, "দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি" ॥ একটী বৃক্ষে দুইটী পক্ষী বাস করে; তন্মধ্যে একটী বৃক্ষের ফল ভোজন করে, অপরটী তাহার সঙ্গী সাক্ষীভাবে প্রতীক্ষা করে মাত্র। যিনি সাক্ষী, তিনিই অন্তর্যামী ঈশ্বর; এবং যিনি ফল ভোগ করেন, তিনিই জীব। কিন্তু ভোক্তৃভাব ও নিয়ন্তৃভাব দুই এক ভোগেই থাকে; ভোগের অভাবে একেই পরিণত হয়। শ্রুতিও বলিয়াছেন, "ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ

ব্রাহ্মণ উবাচ ॥

পরিগ্রহো হি দুঃখায় যদ্‌যৎ প্রিয়তমং নৃণাং।
অনন্তসুখমাপ্নোতি তদ্বিদ্বান্ যস্ত্বকিঞ্চনঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

ব্রাহ্মণঃ উবাচ। হে যদো ! নৃণাং যৎ যৎ প্রিয়তমং (বস্তু তস্য তস্য) পরিগ্রহঃ হি দুঃখায় ভবতি অতঃ যঃ তু তদ্বিদ্বান (তস্য পরিগ্রহস্য দুঃখহেতুত্বং জানন্) অকিঞ্চনঃ নিষ্পরিগ্রহঃ স্যাৎ সঃ অনন্তসুখং আপ্নোতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

নবমে কুররাদিভ্যো দেহতশ্চোপশিক্ষিতং।
শ্রুত্বা যদুঃ কৃতার্থোঽভূদিতি কৃষ্ণেন বর্ণিতং ॥ * ॥

কুররাচ্ছিক্ষিতমাহ পরিগ্রহো হীতি। যদ্‌যৎ প্রিয়তমং তস্য তস্য পরিগ্রহঃ তদ্বিদ্বান্ পরিগ্রহো দুঃখায়েতি বিদ্বান্। যস্ত্বকিঞ্চনঃ ত্যক্তপরিগ্রহো নতু দরিদ্রঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নবমে সপ্ত গুরবঃ কুররাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
দেহোঽষ্টমস্তদেবং স্যুর্গুরবঃ পঞ্চবিংশতিঃ ॥ * ॥

কুররাচ্ছিক্ষিতমাহ পরিগ্রহ ইতি দ্বাভ্যাং। যৎ যৎ প্রিয়তমং বস্তু তস্য তস্য পরিগ্রহ ত্বত্তস্মাৎ যস্ত্বকিঞ্চনো নিস্পৃহঃ স এব বিদ্বান্ ন তৎ সুখমাপ্নোতি ॥ ১ ॥

ব্রাহ্মণ বলিলেন, হে যদো ! লোকে যে যেবস্তুকে প্রিয় বলিয়া বোধ করে, সেই সেই বস্তুর সংশ্রবেই তাহার দুঃখের উপচয় হয়, সন্দেহ নাই। যে ব্যক্তি বিষয়-সংস্রবকে দুঃখের নিদান কারণ বলিয়া অবগত হইয়াছেন, তিনিই বিষয়গ্রহণ বিসর্জ্জন পূর্ব্বক অনন্ত সুখ লাভ করেন, সন্দেহ নাই ॥ ১ ॥

আভাস।

মত্বা সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্মমেতৎ" ॥ ভোক্তা জীব, ভোগ্য জগৎ এবং ভোগদাতা শিব এই তিনই অনন্ত এক ব্রহ্মস্বরূপে পর্য্যবসিত হইয়া থাকে। এই শ্লোকে জীবব্রহ্মের একত্ব প্রতিপাদিত হইয়াছে। সংসারে আশার নিবৃত্তি হয় না; উত্তরোত্তর পরিবর্দ্ধিত হয়; সুতরাং আশাই সংসারে দুঃখের কারণ। ঈশ্বরাভিমুখে অগ্রসর হইলে বাঞ্ছিত ফললাভে আশার সমাপ্তি হয়; সুতরাং আশাই আবার সুখের মূল। কিন্তু এ অবস্থায় আশার স্বরূপ থাকে না; সেই নিমিত্ত মোক্ষের আশাকেই নৈরাশ্যনামে অভিহিত করা হইয়াছে ॥ ৪১—৪৩ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতাভাসে অষ্টমোঽধ্যায়ঃ ॥

নবম অধ্যায়ে কুররাদি সপ্ত ও দেহ এই অষ্ট জন গুরুর নিকট হইতে অবধূতোক্ত উপদেশ লাভে যদুরাজ যে কৃতার্থ হইয়াছিলেন, তাহাই শ্রীকৃষ্ণ কর্তৃক বর্ণিত হইয়াছে ॥

সামিষং কুররং জঘ্নুর্বলিনোঽন্যে নিরামিষাঃ।
তদামিষং পরিত্যজ্য স সুখং সমবিন্দত ॥ ২ ॥

অন্বয়ঃ।

সামিষং পরিগৃহীতামিষমুখং কুররং কুররাখ্যং পক্ষিবিশেষং নিরামিষাঃ ততঃ অন্যে বলিনঃ শ্যেনগৃধ্রাদয়ঃ জঘ্নুঃ। তদাচ সঃ কুররঃ আমিষং পরিত্যজ্য সুখং সমবিন্দত প্রাপ্তবান্ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

তদাহ সামিষমিতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদাহ সামিষং মাংসগ্রাহিণং। স কুররঃ ॥ ২ ॥

একটী কুরর পক্ষী যখন এক খণ্ড আমিষ মুখে লইয়া গমন করে, তখন সেই আমিষ-খণ্ডের প্রাপ্তি-কামনায় তদপেক্ষা অধিক বলবান্ শ্যেন গৃধ্রাদি পক্ষিসমূহ কুররের প্রাণবধার্থ উদ্যোগী হয়; কিন্তু কুরর যেমনই সেই আমিষ পরিত্যাগ করে, অমনি তাহার বিপদ্ দূরে যায়, সে নিশ্চিন্ত হইয়া সুখে অবস্থান করিতে পারে ॥ ২ ॥

আভাস।

এই জগতে তৃপ্তি বা সন্তোষ লাভার্থ যতই ধনাদি বিষয় সম্পত্তির সংগ্রহ করা হয়, ততই তৃপ্তি বা সন্তোষের পরিবর্ত্তে দুঃখ, ক্লেশ ও অশান্তিরই উৎপত্তি হয়, সন্দেহ নাই। যাদৃশ বস্তুর প্রাপ্তিতে তজ্জাতীয় অভাব পূরণ হয় এবং অভাবনিমিত্ত দুঃখেরও বিমোচন হয় বটে, কিন্তু যে বস্তুর মিলনে সেই দুঃখ নিবারিত হইল, সেই বস্তুর অর্জ্জন এবং রক্ষণাদিতে তদপেক্ষা শতগুণ অন্য দুঃখের উপস্থিতি হয়, সন্দেহ নাই। অতএব দুঃখ নিবৃত্তির চেষ্টায় পুরুষকারে যত্নবান হইলে যে দুঃখ নিবৃত্ত হয়, তাহা নহে। নিজ কর্ম্মদোষে রাজদণ্ডে দণ্ডিত ও কারারুদ্ধ হইয়া যে ব্যক্তি বলবিক্রমাদির প্রকাশে দণ্ড হইতে অব্যাহতি বা কারাবিমুক্তির জন্য প্রয়াস করে, সে যেমন রাজনিয়মে তদপেক্ষা গুরুতর দণ্ড ও অধিককালব্যাপী কারারোধে নিবদ্ধ হয়; তাহার সামান্য দুঃখ গুরুতর বেশে পরিণত হওয়া ব্যতীত দুঃখ বিনাশের কোন সম্ভাবনা থাকে না; বরং অবশভাবে রাজদণ্ড সহ্য করত রাজপ্রতিনিধিগণের মনোরঞ্জন পূর্ব্বক যদি রাজার গোচরে বা লক্ষ্যের মধ্যে যাইতে পারে, তবেই দণ্ডের লঘুতা ও কারারুদ্ধ কালের অল্পতা ঘটে, সেইরূপ পূর্ব্ব-সঞ্চিত কর্ম্মের জন্য দুঃখের হ্রাসার্থ উৎকট পরিশ্রম বা প্রয়াসে বরং পূর্ব্বাপেক্ষা দুঃখের বৃদ্ধিই হইয়া থাকে, হ্রাস কখন ঘটে না। তবে এক জাতীয় অভাবে নিপতিত থাকিয়া যে অবশ্যম্ভাবী দুঃখফল উপভুক্ত হইতেছিল, ঈশ্বরবিমুখ ব্যক্তির পুরুষকারের ফলে সেই দুঃখ শত শত বিষয়রূপ সূত্র অবলম্বনে শত সহস্র রূপধারণে সেই ব্যক্তিকে ক্লেশ দেয়,

ন মে মানাবমানৌ স্তো ন চিন্তা গেহপুত্রিণাং।
আত্মক্রীড় আত্মরতি র্বিচরামীহ বালবৎ ॥ ৩ ॥
দ্বাবেবচিন্তয়া মুক্তৌ পরমানন্দ আপ্লুতৌ।

অন্বয়ঃ।

মে মম মানাবমানৌ লোককৃতমানাপমানজনিতসুখদুঃখে ন স্তঃ; তথা যা গেহ-পুত্রিনাং গৃহপুত্রবতাং চিন্তা চ ন, অহংতু আত্মক্রীড়ঃ (আত্মনা পরমাত্মনা সহ ক্রীড়া যস্য সঃ) আত্মরতিঃ (আত্মনি এব রতিঃ প্রীতিঃ যস্য সঃ) তথাবিধঃ সন্ ইহ লোকে বালবৎ সুখং বিচরামি ॥ ৩ ॥

কিন্তু অত্র লোকে চিন্তয়া মুক্তৌ পরমানন্দে আপ্লুতৌ দ্বৌ এব; যঃ বিমুগ্ধঃ অজ্ঞঃ মানাপ-মানানভিজ্ঞঃ, জড়ঃ অনুদ্যমঃ, বালঃ যশ্চ গুণেভ্যঃ পরং তন্নিয়ন্তারং পরমেশ্বরং গতঃ তদেক-

শ্রীধরস্বামী।

অর্ভকাচ্ছিক্ষিতমাহ ন মে ইতি গেহপুত্রিণাং তদ্বতাং যা ভবতি সা চিন্তা চ মে নাস্তি। আত্মনৈব ক্রীড়া যস্য আত্মনি রতিঃ প্রীতির্যস্য সঃ ॥ ৩ ॥

নব্যজ্ঞসর্বজ্ঞয়োঃ কিং সাদৃশ্যং নৈশ্চিন্ত্যং পরমং সুখমিত্যাহ দ্বাবিতি। বিমুগ্ধোঽজ্ঞঃ

দেখ! সামাজিক মানাপমানে আমার কোন সুখদুঃখ বোধ হয় না; পুত্র-কলত্রাদিবিশিষ্ট গৃহস্থের ন্যায়, আমার কোন সাংসারিক চিন্তা নাই; আমি সেই পরমাত্মাতে আত্মসমর্পণ করত তদীয় প্রেমানন্দে নিরন্তর ভাসমান থাকিয়া নিরীহ বালকের ন্যায় সর্ব্বত্র সুখে বিচরণ করিতেছি ॥ ৩ ॥

এই জগতে দুই জাতীয় ব্যক্তি চিন্তামুক্ত ও পরমানন্দে নিমগ্ন স্বীকার করিতে হইবে; এক জন সম্পূর্ণ অনভিজ্ঞ উদ্যমহীন বালক, অন্য জন যিনি

আভাস।

সন্দেহ নাই। তুলাদণ্ডে তুলনা করিলে অবশভাবে ভোক্তব্য অবশ্যম্ভাবী পূর্ব্বসঞ্চিত কর্ম্মফলোৎপন্ন দুঃখ অপেক্ষা ঐহিকের পুরুষকারসঞ্চিত দুঃখনিবারণের উপায়ে সংগৃহীত দুঃখের পরিমাণ অনেকাংশে অধিক। অতএব সন্ন্যাসীর পক্ষে সঞ্চয়ী না হইয়া, যথালব্ধ দ্রব্যে জীবনযাত্রা নির্ব্বাহ করিয়াই ক্ষান্ত হওয়া প্রয়োজন; নতুবা মাংসসঞ্চয়ী কুরর পক্ষীর ন্যায়, অন্য বলবান্ জীবের নিকট হইতে ক্লেশ পাইবার সম্ভাবনা। ধন থাকিলে প্রবল তস্করাদির হস্তে জীবনের আশঙ্কা হয়, কিন্তু তদভাবে তজ্জনিত কোন শঙ্কা হইবার কারণ নাই ॥ ১ ॥ ২ ॥

• সম্পূর্ণ অনভিজ্ঞ মূর্খ ব্যক্তি হিতাহিত বিবেচনার অভাবে কোন বিষয়ে সন্দেহ করে না; এবং সম্পূর্ণ জ্ঞানবান্ পণ্ডিত ব্যক্তিও সর্ব্বদর্শীত্বগুণে কোন বিষয়ে সন্দিহান হন না। নিঃসন্দিগ্ধতা সম্বন্ধে উভয়ই সমান; অতএব ইহারা উভয়েই কোনরূপ মানসিক গ্লানি ভোগ

যো বিমুক্তো জড়ো বালো যো গুণেভ্যঃ পরং গতঃ ॥ ৪ ॥
ক্বচিৎ কুমারী ত্বাত্মানং বৃণানান্ গৃহমাগতান্।
স্বয়ং তানর্হয়ামাস ক্বাপি যাতেষু বন্ধুষু ॥ ৫ ॥
তেষামভ্যবহারার্থং শালীন্ রহসি পার্থিব।
অবঘ্নন্ত্যাঃ প্রকোষ্ঠস্থাশ্চক্রুঃ শঙ্খাঃ স্বনং মহৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

ভাবং প্রাপ্তঃ ॥ ৪ ॥

ক্বচিৎ দেশে কাচিৎ কুমারী তু আত্মানং বৃণানান্ বরয়িতুং গৃহং আগতান্ (জনান্ বীক্ষ্য) বন্ধুষু পিত্রাদিষু ক্বাপি কার্য্যান্তরে, যাতেষু সৎসু স্বয়ং এব তান্ অর্হয়ামাস আতিথ্যেন সৎকৃতবতী ॥ ৫ ॥

তেষাং আগতানাং অভ্যবহারার্থং ভোজনার্থং, রহসি একান্তে শালীন্ ধান্যানি, অবঘ্নন্ত্যাঃ তস্যাঃ প্রকোটস্থাঃ শংখাঃ শংখবলয়াঃ মহৎ স্বনং চক্রুঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

জড়ঃ অনুদ্যমঃ এবম্ভূতো যো বালকঃ যশ্চ প্রকৃতেঃ পরং ঈশ্বরং প্রাপ্তঃ তৌ দ্বৌ ॥ ৪ ॥

কুমার্য্যাঃ শিক্ষিতং বক্তুমাখ্যায়িকামাহ ক্বচিদিত্যাদিনা। বৃণানান্ স্ববরণায়াগতান্। বন্ধুষু পিত্রাদিষু ॥ ৫ ॥

শঙ্খাঃ শঙ্খবলয়া মহদ্‌যথা ভবতি তথা স্বনং চক্রুঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বালকাচ্ছিক্ষিতমাহ নেতি ॥ ৩ ॥ ৪ ॥

কুমার্য্যাঃ শিক্ষিতমাহ তদাখ্যানেন ক্বচিদিতি। অর্হয়ামাস আবৃতসর্ব্বাঙ্গৈব গেহান্নিষ্ক্রম্য দর্ভাসনজলাদিভিরাতিথ্যং চক্রে। বন্ধুষু পিতৃমাত্রাদিষু ॥ ৫ ॥

কদা তে আয়াস্যন্তি কদা তণ্ডুলান্ করিষ্যন্তীতি মনসি কুর্ব্বত্যাস্তস্যা শ্চেষ্টিতমাহ তেষামিতি। শঙ্খাঃ শঙ্খবলয়াঃ ॥ ৬ ॥

গুণের অতীত সর্ব্বনিয়ন্তা পরমেশ্বরকে অভেদচিন্তনে লাভ করিয়াছেন ॥ ৪ ॥

কোন স্থানে একটী কুমারীকে বিবাহ করিবার নিমিত্ত একজন ব্যক্তি বান্ধবগণে মিলিত হইয়া সেই কুমারীর ভবনে উপস্থিত হন; কিন্তু সেই সময়ে কুমারীর পিত্রাদি স্বজনগণ কার্য্যানুরোধে স্থানান্তরে গমন করায়, কুমারী স্বয়ংই তাঁহাদের আতিথ্যসৎকার করিয়াছিলেন ॥ ৫ ॥

তাঁহাদিগের ভোজনার্থ তণ্ডুল প্রস্তুত করিবার মানসে উদূখলে শালিধান্য

আভাস।

করে না। কেবল মধ্যবর্ত্তী অল্পজ্ঞানী ব্যক্তিই সংশয়-সাগরে নিপতিত থাকিয়া চিরকাল মনঃগ্লানি ভোগ করে ॥ ৩ ॥ ৪ ॥

সা তজ্জুগুপ্সিতং মত্বা মহতী ব্রীড়িতা ততঃ।
বভঞ্জৈকৈকশঃ শঙ্খান্ দ্বৌ দ্বৌ পাণ্যোরশেষয়ৎ॥ ৭॥
উভয়োরপ্যভূদ্ঘোষো হ্যবঘ্নন্ত্যাঃ স্বশঙ্খয়োঃ।
তত্রাপ্যেকং নিরভিদদেকস্মান্নাভবদ্ধ্বনিঃ॥ ৮॥

অন্বয়ঃ।

তদা হে পার্থিব! সা মহতী মহৎকুলোৎপন্না বুদ্ধিমতী কুমারী তৎ (অহো ইয়ং স্বয়মেব তণ্ডুলান্ অবহন্তি কিং অস্যাঃ গৃহে পরিচারিকা নাস্তি? নূনং ইয়ং দরিদ্রা, ইত্যেবং শংখ-শব্দেন এতে মন্যেরন্ ইতি শাল্যবহননং) জুগুপ্সিতং নিন্দিতং মত্বা ব্রীড়িতা সতী তত একৈকশঃ ক্রমেণ একৈকং শংখং বভঞ্জ করাৎ অপসারিতবতী দ্বৌ দ্বৌ শংখৌ পাণ্যোঃ অশেষয়ৎ॥ ৭॥

ততশ্চ অবঘ্নন্ত্যাঃ তস্যাঃ স্বশঙ্খয়োঃ উভয়োঃ দ্বয়োঃ অপি (পরস্পরসংঘর্ষজঃ) ঘোষঃ অভূৎ ততঃ তত্রাপি একং একং নিরভিদৎ পৃথক্ কৃতবতী; তদা একস্মাৎ শংখাৎ ধ্বনিঃ ন অভবৎ॥ ৮॥

শ্রীধরস্বামী।

সা মহতী বুদ্ধিমতী তৎ স্বয়ং শাল্যবহননং জুগুপ্সিতং দরিদ্রতাদ্যোতকং। একৈকশঃ ক্রমেণৈকৈকং বভঞ্জ করাদপসারিতবতী॥ ৭॥

নিরভিদৎ পৃথক্ কৃতবতী॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তং শাল্যবহননং দারিদ্র্যদ্যোতকত্বাৎ জুগুপ্সিতং। মহতী বুদ্ধিমতী॥ ৭॥ ৮॥

নিক্ষেপ পূর্ব্বক মুষলের দ্বারা যখন সেই কুমারী অবঘাত করিতে লাগিল, তখন তাহার হস্তস্থিত শঙ্খবলয় সমূহের বিষম ঝণৎকার ধ্বনি হইতে লাগিল॥ ৬॥

হে রাজেন্দ্র! তখন সেই সৎকুলসম্ভূতা বালিকা, পাছে সেই কঙ্কণধ্বনিতে আগন্তুকগণ মনে মনে বিবেচনা করেন যে, বালিকা যখন স্বয়ং তণ্ডুল প্রস্তুত করিতেছে, তখন ইহার কোন পরিচারিকা নাই; অতএব ইহারা নিতান্তই দরিদ্র, এই নিন্দাভয়ে নিতান্ত সঙ্কুচিতা ও লজ্জিতা হইয়া সে আপনার উভয় হস্ত হইতে একগাছি করিয়া শংখবলয় খুলিয়া ফেলিল॥ ৭॥

অনন্তর পুনরায় অবঘাতের চেষ্টায় দেখিল যে, হস্তস্থিত পরস্পর দুই গাছির সংঘর্ষণেও শব্দ কিছু কম হইতেছে না; তখন সেই কুমারী আরও একগাছি করিয়া খুলিয়া ফেলিল; অবশিষ্ট একগাছি করিয়া যে দুই হস্তে রহিল, তাহার আর কোন ধ্বনি হইল না॥ ৮॥

হে শক্রনিসূদন! লোকতত্ত্বের অনুসন্ধানে সর্ব্বত্র বিচরণ করিতে করিতে

অন্বশিক্ষমিমং তস্যা উপদেশমরিন্দম।
লোকাননুচরন্নেতান্ লোকতত্ত্ববিবিৎসয়া॥ ৯॥
বাসে বহূনাং কলহো ভবেদ্বার্ত্তা দ্বয়োরপি।
এক এব বসেত্তস্মাৎ কুমার্য্যা ইব কঙ্কণঃ॥ ১০॥

অন্বয়ঃ।

হে অরিন্দম! লোকতত্ত্ববিবিৎসয়া (লোকানাং তত্ত্বং বেদিতুমিচ্ছয়া) এতান্ লোকান্ অনুচরন্ অহং ইমং উপদেশং তস্যাঃ কুমার্য্যাঃ অন্বশিক্ষং॥ ৯॥

(যৎ) এবং বহূনাং বাসে কলহঃ ভবেৎ, দ্বয়োরপি বাসে বার্ত্তা মিথঃ সংলাপঃ, ভবেৎ; যতঃ এবং তস্মাৎ কুমার্য্যাঃ কঙ্কণঃ ইব (একাকী) বসেৎ॥ ১০॥

শ্রীধরস্বামী।

ননু কুমার্য্যাস্তবচ কথং সঙ্গতিস্তত্রাহ লোকানিতি॥ ৯॥

বাস ইতি। প্রথমান্তপাঠে কলহঃ কলহহেতুঃ। বার্ত্তা গোষ্ঠী হেতুর্ভবেদিত্যর্থঃ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকাননুচরন্নিতি তদ্দিনে ময়া তত্রৈব স্থিতমিতি সর্ব্বেপ্যেতে গুরবো ময়া স্বচক্ষুষৈব দৃষ্টা নতু সর্ব্বজ্ঞত্বাজ্‌জ্ঞাতা ইতি ভাবঃ॥ ৯॥

বাসো বাসে ইতি চ দ্বৌ পাঠৌ। অত্র দরিদ্রকুমারী অপ্রাপ্তপতিকা ঝণৎকারাভাবার্থং যথা কঙ্কণান্ দূরীকরোতি। তথৈব জ্ঞানযোগঃ স্বাশ্রিতান্ মুনীন্ নিঃসঙ্গানেব করোতি। যথা চ রাজকুমারী পতিমতী পতিমভিসরন্তী ঝণৎকারসিদ্ধ্যর্থং কঙ্কণান্ পরিধত্তে তথৈব শ্রীমতী ভক্তিদেবী স্বাশ্রিতান্ বৈষ্ণবান্ মধুমধুরতরনামকীর্ত্তনধ্বনিরসার্থং তান্ পরস্পর-সঙ্গিন এব বিধত্তে নত্বসঙ্গিনো ইতি জ্ঞেয়ং॥ ১০॥

সেই কুমারীর নিকট হইতে এই শিক্ষা করিয়াছি যে,॥ ৯॥

একত্র অনেকে বসতি করিলেই কলহ জন্মে এবং দুই জনে বাস করিলেও বৃথা কথালাপে কালাতিপাত হইয়া থাকে; অতএব কুমারীর কঙ্কণের ন্যায়, একাকী অবস্থান করিলে কলহ বা বৃথা জল্পনায় কালাতিপাতের সম্ভাবনা থাকে না॥ ১০॥

আভাস।

একত্র অনেকে বাস করিলে পরস্পরের মধ্যে বিবাদ বিসম্বাদাদি হওয়ার বিশেষ সম্ভাবনা; সুতরাং তজ্জনিত চিত্তচাঞ্চল্য পরিহারার্থ সন্ন্যাসীর নির্জ্জনবাসই বিধেয়। এদিকে অপ্রাপ্তপতি কুমারীর অলঙ্কারাদির ধ্বনি নিষ্প্রয়োজন, সুতরাং সে যেমন বহু কঙ্কণ দূরে নিক্ষেপ করিয়াছিল, সেইরূপ জ্ঞানযোগ নিজ আশ্রিত সাধকগণকে নিঃসঙ্গ করিয়া থাকেন। কিন্তু পতিবিশিষ্টা রাজকুমারী পতিসমীপে গমনকালে অলঙ্কারাদির ঝনৎকার শব্দ উদ্দীপনার্থ যে বিবিধ কঙ্কণাদি অলঙ্কার পরিধান করেন, সেইরূপ

মন একত্র সংযুঞ্জ্যাজ্জিতশ্বাসো জিতাসনঃ।
বৈরাগ্যাভ্যাসযোগেন ধ্রিয়মাণমতন্দ্রিতঃ॥ ১১॥

অন্বয়ঃ।

অতন্দ্রিতঃ আলস্যাদিরহিতঃ, জিতাসনঃ জিতশ্বাসঃ সন্ বৈরাগ্যাভ্যাসযোগেন ধ্রিয়মাণং মনঃ একত্র লক্ষ্যে সংযুঞ্জ্যাৎ॥ ১১॥

শ্রীধরস্বামী।

চিত্তৈকাগ্রতা দ্বৈতাস্ফূর্ত্তিলক্ষণসমাধিহেতুরিতি শরকারাচ্ছিক্ষিতমিত্যাহ মন ইতি। তত্রোপায়মাহ জিতেতি। আসনজয়ে শ্বাসজয়স্তস্য চ জয়ে স্বাধীনং মনো নিশ্চলং ভবতি। নমু ক্ষণং নিশ্চলং সদপি মনো বিষয়বাসনয়া যদি বিক্ষিপ্যেত সুষুপ্তাবিব সর্ব্বথা লীয়েত বা তদা কিং তত্রাহ বৈরাগ্যেতি। বৈরাগ্যেণাবিক্ষিপ্যমাণং অভ্যাসযোগেন লক্ষ্যে ধ্রিয়মাণং স্থিরীক্রিয়মাণং॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিত্তৈকাগ্র্যং শরকারাচ্ছিক্ষিতমিত্যাহ মন ইতি ত্রিভিঃ। রাগবলাদেব মন ইতস্ততশ্চলতীত্যত আহ বৈরাগ্যেতি ধ্রিয়মাণং ভগবত্যেব॥ ১১॥

প্রথম আলস্যাদি পরিত্যাগ পূর্ব্বক আসন ও প্রাণকে জয় করা কর্ত্তব্য; তাহাতে মনের বৃত্তি স্বতঃই নিবৃত্ত হইয়া আইসে; কিন্তু পাছে পুনরায় বিষয়ান্তরে অগ্রসর হয়, এই নিমিত্ত বৈরাগ্যের অভ্যাস করত সমাহিতচিত্তে মনকে কোন একটী লক্ষ্য বস্তুতে আবদ্ধ রাখা কর্ত্তব্য॥ ১১॥

আভাস।

ভক্তিদেবী ভক্ত বৈষ্ণবগণকে মধুব্রতর ভানলয়াদি বিশিষ্ট ভগবদ্গানানুরাগী সাধকগণে পরিবৃত করান। ভক্তের নির্জ্জনবাস নিষ্প্রয়োজন॥ ১০॥

শরনির্ম্মাতার সমীপে যে প্রকারে চিত্তের একাগ্রতা শিক্ষা করিয়াছিলেন, তাহাই শ্লোকত্রয়ে বর্ণিত হইয়াছে। বিষয়ান্তর পরিহার পূর্ব্বক চিত্ত যখন এক বস্তুতে সর্ব্বতোভাবে আকৃষ্ট থাকে, তখনই তাহার একাগ্রতা জন্মে। তাহার প্রথম উপায় প্রাণায়াম। প্রাণায়াম করিতে হইলে কোনরূপ ক্লেশাদির অনুভব না করিয়া একরূপ আসনে অভিমত কালাবধি উপবেশনের সামর্থ্য লাভ করা প্রয়োজন; তাহা কেবল অভ্যাস ও বৈরাগ্য বলেই ঘটিয়া থাকে। বৈরাগ্যের দ্বারা চিত্ত সকল বিষয় হইতে বিনির্মুক্ত হয় এবং অভ্যাসগুণে যে স্থানেই মনকে নিবদ্ধ রাখা যায়, সেই বিষয়েই অচলভাবে প্রতিষ্ঠিত থাকে॥ ১১॥

অভ্যাস ও বৈরাগ্যগুণে মনকে কোন একটী অভিলষিত বিষয়ে ক্রমশ অভ্যস্ত করিয়া একাগ্রতা শিক্ষার পর যখন সকল বিষয় পরিত্যাগ পূর্ব্বক সম্পূর্ণ অবিষয় ব্রহ্মস্বরূপে নিমগ্ন রাখিতে পারা যায়, তখন সেই পরমানন্দরসে নিবৃত্ত হইয়া চিত্ত বিষয়বাসনা

যস্মিন্মনো লব্ধপদং যদেতচ্ছনৈঃ শনৈর্মুঞ্চতি কর্ম্মরেণূন্।
সত্ত্বেন বৃদ্ধেন রজস্তমশ্চ বিধূয় নির্ব্বাণমুপৈত্যনিন্ধনং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

যৎ এতৎ লয়বিক্ষেপাত্মকং মনঃ যস্মিন্ পরমানন্দস্বরূপে ভগবতি লব্ধাস্পদং সৎ শনৈঃ শনৈঃ কর্ম্মরেণূন্ কর্ম্মবাসনাঃ মুঞ্চতি তদা বৃদ্ধেন সত্ত্বেন রজস্তমশ্চ বিধূয় অনিন্ধনং অগ্নিবৎ নির্ব্বাণং উপৈতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

একত্রেতি। কুত্র তদাহ যস্মিন্নিতি। যল্লয়বিক্ষেপাত্মকং মন এতদ্‌যস্মিন্ পরমানন্দরূপে ভগবতি লব্ধাস্পদং সৎ কর্ম্মরেণূন্ কর্ম্মবাসনা মুঞ্চতি ত্যজতি তস্মিন্। নমু কর্ম্মবাসনাত্যাগেঽপি সুষুপ্তিবল্লয়ো দুর্ব্বারঃ ন সত্ত্বেনেতি। বৃদ্ধেন উপশমাত্মকেন রজস্তমসোরভাবে বিক্ষেপলয়াভাবাৎ নির্ব্বাণং অবৃত্তিকং ধ্যেয়াকারেণাবস্থানমুপৈতি। কুতোঽনিন্ধনং ইন্ধনং গুণাস্তৎকার্য্যঞ্চ তদ্রহিতং। তদুক্তং যোগশাস্ত্রে। মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যাঽসংপ্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়ত ইতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মিন্ নয়মনো লব্ধপদং ভবতি তত্রস্থং এতন্মনঃ কর্ম্মরেণূন্ কর্ম্মবাসনা মুঞ্চতি। ততশ্চ সত্ত্বেন বৃদ্ধেন সতা রজস্তমশ্চ বিধূয়েতি রজস্তমসোরভাবে বিক্ষেপলয়শূন্যং মনোবৃত্ত্যন্তরশূন্যং ভগবন্ময়ীভবৎ নির্ব্বাণং সত্ত্বস্যাপি ক্ষীণীভূতত্বাৎ নির্ব্বাণং পরমানন্দমুপৈতি। ইন্ধনং গুণাস্তৎকার্য্যঞ্চ তদ্রহিতং ॥ ১২ ॥

মন সহজেই বিলীন ও বিক্ষিপ্ত হইয়া থাকে; কিন্তু পরমানন্দ স্বরূপ ভগবানে সেই মনকে যখন সংলগ্ন করা হয়, তখন সে কর্ম্মবাসনা ধীরে ধীরে পরিত্যাগ করিয়া থাকে। সেই সময়ে সত্ত্বগুণ ক্রমশ পরিবর্দ্ধিত হইয়া রজ ও তমোগুণকে নিবারণ করে এবং প্রদগ্ধকাষ্ঠ বহ্নির ন্যায়, চিত্ত আপনিই আপনাতে উপশমিত হয় ॥ ১২ ॥

আভাস।

পরিত্যাগ করে। এ ত্যাগ সুষুপ্তিকালীন ত্যাগের ন্যায় নহে। সুসুপ্তিকালে জাগ্রত কালের পরিশ্রম হইতে বিশ্রামার্থ চিত্ত যেন বিষয়কে পরিহার করে; প্রকৃত প্রস্তাবে কিন্তু ত্যাগ করে না। অসমর্থতা নিবন্ধন বিষয় বা তন্নিষ্ঠ বাসনায় অভিনিবিষ্ট হয় না মাত্র। কিন্তু যখন সেই অসমর্থতা সরিয়া যায়, তখনই আবার ইন্দ্রিয়ের বিষয়ব্যাপৃতির ন্যায়, চিত্তও বিষয়রসে বিমুগ্ধ হয়। কিন্তু সমাধিতে ব্রহ্মানন্দের তরঙ্গে চিত্ত এত তরঙ্গায়িত হয় যে, তৎসন্নিধানে অন্য বিষয়রস তুচ্ছ ও অকিঞ্চিৎকর বোধে বিসর্জ্জিত হইয়া থাকে। বিষয়রস আর আনন্দের বিষয় বলিয়াই সমাহিতচেতা যোগীর নিকট প্রতীত থাকে না। রজোগুণে বিক্ষেপ এবং তমোগুণে অসমর্থতা বা লীনভাব উপস্থিত হয়।

তদৈবমাত্মন্যবরুদ্ধচিত্তো ন বেদ কিঞ্চিদ্বহিরন্তরং বা।
যথেষুকারো নৃপতিং ব্রজন্তমিষৌ গতাত্মা ন বিবেদ পার্শ্বে ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

এবং আত্মনি সর্ব্বাত্মকে পরমেশ্বরে অবরুদ্ধচিত্তঃ (অবরুদ্ধং স্থিরীকৃতং চিত্তং যেন সঃ) তদা (তস্যাং অবস্থায়াং বহিঃ দর্শনাদিনা) (স্মরণেন) অন্তরং বা ন কিঞ্চিৎ বেদ। যথা ইষৌ গতাত্মা দত্তচিত্তঃ ইষুকারঃ পার্শ্বে ব্রজন্তং গচ্ছন্তং নৃপতিং অপি ন বিবেদ দদর্শ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

ততশ্চ ন দ্বৈতস্ফূর্ত্তিরিত্যাহ তদেতি। বহির্দর্শনাদিনাঽন্তরং স্মৃত্যা ইষৌ গতাত্মা তস্য ঋজুকরণে দত্তচিত্তঃ ভেরীঘোষৈরন্তিকে ব্রজন্তং নৃপতিমপি ন বেদ তদ্বৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনি ভগবতি। ইষৌ গতাত্মা তস্য ঋজুকরণার্থং তদেকাগ্রচিত্তত্বাত্তন্ময়ীভবন্মনাঃ ভেরীভাঙ্কারঘোষৈরন্তিকে ব্রজন্তমপি নৃপতিং ন বেদ ॥ ১৩ ॥

এই প্রকারে সর্ব্বাত্মক পরমেশ্বরে চিত্ত স্থির করিলে, বাহ্যবিষয়ে দৃষ্টি বা আন্তরিক বিষয়ের স্মরণ যেরূপে হয় না, তাহা একজন শরনির্ম্মাতার আচরণে বিলক্ষণ উপলব্ধ হইয়াছে। সে ব্যক্তি শর-নির্ম্মাণকালে শরের ঋজুতার প্রতি লক্ষ্য করত এত নিমগ্নচিত্ত হইয়াছিল যে, বিশেষ সমারোহের সহিত একজন রাজা তাহার নিতান্ত নিকট দিয়া চলিয়া গেলেন, অথচ তাহার কিছুমাত্র তৎসম্বন্ধীয় বোধ জন্মিল না ॥ ১৩ ॥

আভাস।

কিন্তু অভ্যাসের গুণে উভয় রজ ও তমোভাব অভিভূত হইয়া এক সত্ত্বগুণেরই উদ্রেক থাকে; সুতরাং সত্ত্ববহুলচিত্ত নির্ম্মল দর্পণের ন্যায়, ধ্যেয়বিষয়ের আকারিতভাব বৃত্তিহীন নির্ব্বাণস্বরূপে অবস্থান করে। বহ্নি যেমন ইন্ধন দগ্ধ করিয়া ধূমাদির অভাবে কেবল বহ্নিমাত্ররূপে অবস্থিতি করে, মনও বৃত্তিশূন্য হইয়া ব্রহ্মাকারে আকারিত থাকে। এইরূপ অবস্থানই অসম্প্রজ্ঞাত সমাধিনামে যোগসূত্রে অভিহিত হইয়াছে ॥ ১২ ॥

এইরূপ চিত্তের একাগ্রতা জীবের সর্ব্বদা সকল বিষয়েই হইতে পারে; এবং যে কোন বস্তুতে একাগ্রতা যে পর্য্যন্ত না জন্মে, তদবধি সে বস্তুর প্রকৃত গ্রহণ ঘটে না; ইহাই শর-নির্ম্মাতার দৃষ্টান্তে প্রদর্শিত হইয়াছে। যে ব্যক্তি শরনির্ম্মানকালে শরের ঋজুতার প্রতি এরূপ একাগ্রচিত্ত ছিল যে, তৎকালে তাহার সন্নিধানে মহা সমারোহের সহিত একজন রাজা চলিয়া গেলেন, তথাপি তাহার তাহা দর্শনে অভিলাষ জন্মে নাই; বা একাগ্রতার ভ্রষ্ট হয় নাই। অতএব যখন সামান্য শরপ্রস্তুত করিতে হইলে, যদি এরূপ একাগ্রতার প্রয়োজন হয়, তবে জগতের জীবন পরমানন্দমূর্ত্তি ভগবানকে লাভ করিতে হইলে, কখন বহুব্যাপারী হইলে কোন মতে যে চলিবে না, তাহার আর বক্তব্য কি? ॥ ১৩ ॥

একচার্য্যনিকেতঃ স্যাদপ্রমত্তো গুহাশয়ঃ।
অলক্ষ্যমাণ আচারৈর্মুনিরেকোঽল্পভাষণঃ॥ ১৪॥
গৃহারম্ভো হি দুঃখায় বিফলশ্চাধ্রুবাত্মনঃ।

অন্বয়ঃ।

মুনিঃ (সর্পইব সততং) একচারী, অনিকেতঃ নিয়তনিকেতরহিতঃ, অপ্রমত্তঃ গুহাশয়ঃ একান্তবাসীচ, আচারৈঃ গতিভিঃ অলক্ষ্যমাণঃ একঃ অসহায়ঃ, অল্পভাষণঃ মিতভাষীচ স্যাৎ॥ ১৪॥

অধ্রুবাত্মনঃ অনিশ্চিতদেহস্য, গৃহারম্ভঃ গৃহনির্ম্মাণং হি দুঃখায় ভবতি তথা বিফলঃ চ

শ্রীধরস্বামী।

সর্পাচ্ছিক্ষিতমাহ একচারীতি। যোগিসংসর্গস্যাপি ত্যাগে কুমারী গুরুঃ। জনসঙ্গত্যাগে সর্পঃ। স যথা জনাচ্ছঙ্কমান একাকী বিচরতি নিকেতরহিতঃ সদা অপ্রমত্তশ্চ একান্তবাসীচ আচারৈর্গত্যাদিভিঃ সবিষো নির্ব্বিষো বেতি ন লক্ষ্যতে তথা অসহায়শ্চ মিতভাষীচ তদ্বন্মুনির্বর্ত্তেত ইত্যর্থঃ॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্পাচ্ছিক্ষিতমাহ একচারীতি। যোগিসংসর্গস্যাপি ত্যাগে কুমারী গুরুঃ। জনসঙ্গত্যাগে সর্পঃ। স যথা জনাচ্ছঙ্কমান একাকী চরতি নিয়তনিকেতরহিতশ্চ সদা অপ্রমত্তশ্চ

সর্পের ন্যায়, মুনির সতত একাকী বিচরণ করত অনির্দ্দিষ্টভাবে একান্তে বাস করা কর্ত্তব্য; আচারাদির দ্বারা আভ্যন্তরীণ ভাব যেন প্রকাশ না পায়, এরূপভাবে মিতভাষী হইয়া অন্যের অসংস্রবে যেন তিনি অবস্থিতি করেন॥ ১৪॥

যখন নিজ দেহেরই স্থিরতা নাই, তখন আর তাহার বাস করিবার নিমিত্ত গৃহাদি নির্ম্মাণার্থ অনর্থক ক্লেশবৃদ্ধি করিবার প্রয়োজন নাই; সর্প যেমন

আভাস।

সংসর্গত্যাগে কুমারী যেমন যোগীর গুরু, সমাজ পরিত্যাগার্থ সর্পও সেইরূপ একজন গুরু। সর্ব্বদা নির্জ্জনে গহ্বরে বাস করিলে সর্প সবিষ বা নির্বিষ ইহার কোন পরিচয়ই প্রকাশ পায় না, সেইরূপ একান্তে বাস করিলে জনসংঘর্ষণ-জনিত যোগীর কোন বৃত্তিরই স্ফূর্ত্তি পাইবার অবসর থাকে না; সকল সংসারবৃত্তিই আলোচনার অভাবে ক্রমশই আপনাতে বিলীন হইয়া যায়॥ ১৪॥

ঊর্ণনাভি দৃষ্টান্তে বিশ্বসংসার এক সারাৎসার পরাৎপর ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে ইহাই প্রতিপাদন করিয়াছেন। শ্রুতিও বলিয়াছেন যে, "যথোর্ণনাভঃ সৃজতে গৃহ্নতে চ যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি। যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি তথাক্ষরাৎ সম্ভবতীহ

সর্পঃ পরকৃতং বেশ্ম প্রবিশ্য সুখমেধতে ॥ ১৫ ॥
একো নারায়ণো দেবঃ পূর্ব্বসৃষ্টং স্বমায়য়া।
সংহৃত্য কালকলয়া কল্পান্ত ইদমীশ্বরঃ ॥
এক এবাদ্বিতীয়োঽভূদাত্মাধারোঽখিলাশ্রয়ঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

অতঃ যথা সর্পঃ পরকৃতং বেশ্ম প্রবিশ্য সুখং এধতে বর্ত্ততে ॥ ১৫ ॥

যঃ একঃ ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা, দেবঃ সৃষ্ট্যাদি ক্রীড়াপরঃ, সঃ স্বমায়য়া প্রকৃত্যা পূর্ব্বসৃষ্টং ইদং বিশ্বং কালকলয়া কালশক্ত্যা সংহৃত্য কল্পান্তে অখিলাশ্রয়ঃ (সর্ব্বস্য প্রপঞ্চস্য আত্মনি লয়াৎ) আত্মাধারঃ একঃএব স্বজাতীয়-বিজাতীয়-ভেদশূন্যঃ, অদ্বিতীয়ঃ নারায়ণঃ অভূৎ ॥১৬॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ গৃহারম্ভ ইতি। অল্পায়ুষো নশ্বরদেহস্য সুখং যথা ভবতি তথা বর্দ্ধতে ॥ ১৫ ॥

কারকসামগ্রীনিরপেক্ষাৎ কেবলাদীশ্বরাদ্বিশ্বসৃষ্টিসংহারাবূর্ণনাভিদৃষ্টান্তেন ময়া সম্ভাবিতা-বিতি বক্তুং প্রথমং সংহারপ্রকারমাহ এক ইতি সার্দ্ধত্রয়েণ। একঃ কারকনিরপেক্ষঃ পূর্ব্বসৃষ্টমিদং জগৎ কালকলয়া কালশক্ত্যা সংহৃত্য এক এবাদ্বিতীয়ঃ সজাতীয়বিজাতীয়-ভেদশূন্যোঽভূৎ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একান্তবাসী চ আচারৈর্গত্যাদিভিঃ সবিষো নির্ব্বিষো বেতি জনালক্ষ্যশ্চ অসহায়শ্চ মিতভাষী চ তদ্বন্মুনির্বর্ত্তেতেত্যর্থঃ ॥ ১৪ ॥ ১৫ ॥

ঈশ্বরঃ কেন প্রকারেণ বিশ্বসৃষ্ট্যাদিকং করোতীত্যেতন্ময়া ঊর্ণনাভেঃ সকাশাজ্জ্ঞাত-মিত্যাহ সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। একঃ স্বশক্তিব্যতিরিক্ত-কারকান্তরশূন্যঃ। নারায়ণঃ কারণার্ণ-বশায়ী কালকলয়া কালশক্ত্যা সংহৃত্য এক এবেতি ঈশ্বরান্তরাভাবাদেকঃ সদৈব। তদা-নীন্তু মহাসমষ্টিব্যষ্টীনাং নাশাদদ্বিতীয়োঽভূৎ। আত্মৈবাত্মাধারো যস্য সঃ। অখিলানাং শক্তীনাং আশ্রয়ঃ ॥ ১৬ ॥

চিরকাল পরগৃহে বাস করিয়াই জীবন অতিবাহিত করে, মুনিরও সেইরূপ পরের আবাসে বাস করত নির্ব্বিবাদে কালাতিপাত করাই বিধেয় ॥ ১৫ ॥

সর্ব্বনিয়ন্তা সর্ব্বশক্তিসম্পন্ন ভগবান্ ঈশ্বর স্বীয় প্রকৃতিশক্তির দ্বারা পূর্ব্ব-সৃষ্ট এই বিশ্ব ব্রহ্মাণ্ডকে স্বকীয় কালশক্তি সহকারে আত্মস্বরূপে উপসংহার

আভাস।

বিশ্বং" ॥ ভগবান্ এক ও অদ্বিতীয়। তাঁহার অচিন্ত্যশক্তি মায়ার পরিণামেই এই জগৎ সংসার রচিত হইয়াছে; এবং প্রলয়কালে স্থূল ব্যক্ত বিশ্ব বিপরীত পরিণামে ক্রমান্বয়ে মূল প্রকৃতিতে বিলীন হইলে এবং সেই প্রকৃতিনামক ভগবানের ইচ্ছাশক্তি ইচ্ছাময় নারায়ণে সঙ্গত হইলে, এক পরমানন্দস্বরূপ পরব্রহ্মই অবসানে অবস্থিত থাকেন ॥ ১৪ ॥

কালেনাত্মানুভাবেন সাম্যং নীতাসু শক্তিষু।
সত্ত্বাদিম্বাদিপুরুষঃ প্রধানপুরুষেশ্বরঃ।
পরাবরাণাং পরম আস্তে কৈবল্যসংজ্ঞিতঃ॥ ১৭॥
কেবলানুভবানন্দসন্দোহো নিরুপাধিকঃ॥ ১৮॥

অন্বয়ঃ।

আত্মানুভাবেন (আত্মনঃ অনুভাবেন শক্তিবিশেষেণ) কালেন (কারণভূতাসু) সত্ত্বাদিষু শক্তিষু সাম্যং প্রধানং (প্রতি) নীতাসু সতীষু প্রধানপুরুষেশ্বরঃ (প্রধানপুরুষয়োঃ ঈশ্বরঃ নিয়ন্তা) পরাবরাণাং (পরে ব্রহ্মাদয়ঃ অবরে জীবাঃ তেষাং) পরমঃ প্রাপ্যঃ ফলভূতঃ নিরুপাধিকঃ সত্ত্বাদ্যুপাধিরহিতঃ, কেবলানুভবানন্দসন্দোহঃ (কেবলঃ নির্বিষয়ঃ স্বপ্রকাশঃ অনুভবঃ জ্ঞানং আনন্দশ্চ তেষাং সন্দোহঃ সমূহঃ) চিদানন্দরূপঃ আদিপুরুষঃ কৈবল্যসংজ্ঞিতঃ মোক্ষশব্দাভিধেয়ঃ, আস্তে॥ ১৭॥ ১৮॥

শ্রীধরস্বামী।

কারণভূতাসু সত্ত্বাদিষু শক্তিষ্বপি সাম্যং নীতাসু সতীষু। গুণসাম্যং প্রধানং তদুপাধিঃ পুরুষঃ তয়োরীশ্বরঃ। পরাবরাণাং পরে ব্রহ্মাদয়ঃ অবরেঽন্যে চ মুক্তা জীবাঃ তেষাং পরমঃ প্রাপ্য আস্তে কুতঃ কৈবল্যসংজ্ঞিতঃ মোক্ষশব্দাভিধেয়ঃ॥ ১৭॥

তত্র হেতুঃ কেবলেতি। কেবলঃ নির্বিষয়ঃ অনুভবঃ স্বপ্রকাশঃ আনন্দানাং সন্দোহঃ সমূহঃ পরমানন্দ ইত্যর্থঃ। কুতো নিরুপাধিকঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মানুভাবেন স্বপ্রভাবরূপেণ কালেন শক্তিষু সত্ত্বাদিষু সাম্যং নীতাসু সতীষু। প্রধানস্য মায়ায়াঃ পুরুষাণাং জীবানাঞ্চ নিয়ন্তা পরাবরেষাং মুক্তবদ্ধজীবানাং পরমারাধ্যঃ। কেবল এব কৈবল্যঃ স্বার্থে ষ্যঞ্। কৈবল্যসংজ্ঞা জাতা যস্য সঃ॥ ১৭॥

জগৎপালনাদিব্যাপারাভাবাৎ কেবলশ্চানুভবানন্দসন্দোহরূপশ্চ সঃ। উপাধির্মায়া তস্যাস্তদানীং সুপ্তত্বান্নিরুপাধিকঃ। তদুক্তং তৃতীয়ে। সুপ্তশক্তিরসুপ্তদৃগিতি॥ ১৮॥

করত কল্পান্তে সকলের কারণ ও আশ্রয়রূপে একাকী ও অদ্বিতীয়ভাবে ভগবান্ নারায়ণ স্বরূপেই বিরাজ করেন। ১৬॥

পরমাত্মার অনুভবশক্তিস্বরূপ কালের প্রভাবে প্রপঞ্চ জগতের কারণস্থানীয় সত্ত্বাদি গুণত্রয় সাম্যভাব অবলম্বনে মূলপ্রকৃতি প্রধানে বিলীন হইলে, প্রকৃতিপুরুষের নিয়ন্তা, ব্রহ্মাদি শ্রেষ্ঠ এবং জীবাদি নিকৃষ্টগণের ফলরূপে প্রাপ্য, সত্ত্বাদি উপাধিরহিত মোক্ষস্বরূপ সচ্চিদানন্দময় আদিপুরুষ তৎকালে কৈবল্যনামে অভিহিত হন॥ ১৭॥ ১৮॥

হে শত্রুনিসূদন! অনন্তর সেই চিদানন্দময় ভগবানই আবার কেবল

কেবলাত্মানুভাবেন স্বমায়াং ত্রিগুণাত্মিকাং।
সংক্ষোভয়ন্ সৃজত্যাদৌ তয়া সূত্রমরিন্দম ॥ ১৯ ॥
তামাহু স্ত্রিগুণব্যক্তিং সৃজতীং বিশ্বতোমুখং।

অন্বয়ঃ।

হে অরিন্দম! (অরীন্ কামক্রোধাদীন্ দময়িতুং সমর্থঃ যতঃ তেষাং জয়েনৈব পুরুষার্থ-সিদ্ধির্ন পুরুষমাত্রজয়েন) কেবলাত্মানুভাবেন (কেবলেন আত্মানুভাবেন কালেন) ত্রিগুণাত্মিকাং স্বমায়াং প্রকৃতিং সংক্ষোভয়ন্ তয়া প্রকৃত্যা আদৌ সূত্রং ক্রিয়াশক্তিপ্রধানং মহত্তত্ত্বং সৃজতি ॥ ১৯ ॥

(অতএব) বিশ্বতোমুখং (নানাবিধং ত্রিগুণাত্মকং বিশ্বং অহঙ্কারদ্বারেণ) সৃজতীং তাং ত্রিগুণব্যক্তিং গুণত্রয়স্য কার্য্যং আহু। যস্মিন্ কারণভূতে সমষ্টিপ্রাণরূপে সূত্রে ইদং

শ্রীধরস্বামী।

তত্ত কেবলাদেব সৃষ্টিং দর্শয়তি। কেবলেনাত্মানুভাবেন কালেন সূত্রং ক্রিয়াশক্তি-প্রধানং মহত্তত্ত্বং জীবসংসারহেতুভূতে সূত্রে সৃষ্টেঽপি ত্বং মা ভৈরিতি সংবোধয়ত্যরিন্দমেতি। অরীন্ রাগাদীন্ দময়িতুং সমর্থ ॥ ১৯ ॥

সূত্রস্যৈব ব্যক্তিশব্দেনোচ্যমানস্য তামিতি স্ত্রীলিঙ্গেন পরামর্শঃ। ত্রিগুণব্যক্তিং গুণ-ত্রয়স্য কার্য্যং অতএব বিশ্বতোমুখং নানাবিধং ত্রিগুণাত্মকং বিশ্বং অহঙ্কারদ্বারেণ সৃজতীং। ত্রিগুণকার্যস্য সূত্রসংজ্ঞায়াং কারণমাহ যস্মিন্নিতি। কারণভূতে সমষ্টিরূপে যস্মিন্নিদং বিশ্বং প্রোতং গ্রথিতং। বায়ুর্বৈ গৌতম তৎ সূত্রং বায়ুনা বৈ গোতমসূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংহারং দর্শয়িত্বা সৃষ্টিং দর্শয়তি। কেবলেন আত্মানুভাবেন চিচ্ছক্তিপ্রভাবেণ স্বমায়াং প্রধানং প্রবোধ্য স্বেক্ষণেন সংক্ষোভয়ন্ সূত্রং ক্রিয়াশক্তিপ্রধানং মহত্তত্ত্বং সৃজতি ॥ ১৯ ॥

তামিতি স্ত্রীলিঙ্গেন সূত্রস্যৈব পরামর্শঃ। তৎ সূত্রমেব ত্রিগুণব্যক্তিং গুণত্রয়কার্য্য-মাহুরিত্যর্থঃ। কীদৃশীং বিশ্বতোমুখং নানাবিধং ত্রিগুণাত্মকং বিশ্বমহঙ্কারেণ দ্বারেণ সৃজতীং। ত্রিগুণকার্য্যস্য মহত্তত্ত্বস্য তস্য সূত্রসংজ্ঞায়াং কারণমাহ যস্মিন্ কারণভূতে সূত্রে সমষ্টিরূপপ্রাণে বিশ্বমিদং প্রোতং। তথাচ শ্রুতিঃ। বায়ুর্বৈ গৌতম তৎসূত্রং বায়ুনা বৈ গোতমসূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি ভূতানি সংদৃব্ধানীতি। যেন

আত্মানুভবরূপ কালশক্তি সহকারেই পুনরায় ত্রিগুণাত্মকা স্বকীয়া মায়াকে সংক্ষোভিত করত প্রথম ক্রিয়াশক্তিপ্রধান সূত্রসংজ্ঞক মহত্তত্ত্বের উৎপত্তি করিলেন ॥ ১৯ ॥

পরে এই বিচিত্র ত্রিগুণাত্মক বিশ্ব সংসারের উৎপত্তির কারণভূত অহ-ঙ্কারতত্ত্ব উৎপাদন করিলেন, যাহাতে এই বিশ্ব গ্রথিত রহিয়াছে এবং যাহাকে

যস্মিন্ প্রোতমিদং বিশ্বং যেন সংসরতে পুমান্ ॥ ২০ ॥
যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণাং সংতত্য বক্ত্রতঃ।
তয়া বিহৃত্য ভূয়স্তাং গ্রসত্যেবং মহেশ্বরঃ ॥ ২১ ॥
যত্র যত্র মনো দেহী ধারয়েৎ সকলং ধিয়া।

অন্বয়ঃ।

বিশ্বং প্রোতং গ্রথিতং ; যেন প্রাণরূপেণ, পুমান্ জীবঃ সংসরতি ॥ ২০ ॥

যথা ঊর্ণনাভিঃ (ঊর্ণা তন্তুসন্তানপ্রকৃতিঃ নাভৌ যস্য স কীটবিশেষঃ) হৃদয়াৎ (উদ্গতাং) ঊর্ণাং বক্ত্রতঃ সংতত্য প্রসার্য্য, তয়া ঊর্ণয়া, বিহৃত্য ক্রীড়িত্বা, ভূয়ঃ পুনঃ তাং ঊর্ণাং গ্রসতি এবং মহেশ্বরঃ (স্বতঃ এব বিশ্বং প্রসার্য্য তত্র বিহৃত্য স্বস্মিন্ এব উপসংহরতি) ॥ ২১ ॥

দেহী ধিয়া নিশ্চয়াত্মিকয়া বুদ্ধ্যা, যত্র যত্র বিষয়ে মনঃ (সঙ্কল্পবিকল্পাত্মকং) সকলং নিশ্চলং, যথা স্যাৎ তথা স্নেহাৎ দ্বেষাৎ ভয়াৎ বাপি ধারয়েৎ সঃ তত্তৎস্বরূপতাং সমান-

শ্রীধরস্বামী।

লোকঃ সর্ব্বাণি ভূতানি সংসৃষ্টানীত্যাদি শ্রুতেঃ। যেন চাধ্যাত্মপ্রাণরূপেণ জীবঃ সংসরতি ॥ ২০ ॥

তদেবং শিক্ষিতমর্থমুক্ত্বা দৃষ্টান্তমাহ যথেতি। হৃদয়াদুদ্গতাং বক্ত্রতো বক্ত্রেণ সংতত্য প্রসার্য্য বিহৃত্য ক্রীড়িত্বা ॥ ২১ ॥

ভগবদ্ধ্যানপরাণাং তৎসারূপ্যং ন চিত্রমিতি। পেশস্কৃতো ভ্রমরবিশেষাজ্জাতমিত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চাধ্যাত্মরূপেণ প্রাণেন জীবঃ সংসরতি ॥ ২০ ॥

ঊর্ণনাভির্মাকড়ীতি খ্যাতঃ কীটবিশেষঃ। হৃদয়াদুদ্গতাং বক্ত্রতঃ বক্ত্রেণ সংতত্য প্রসার্য্য বিহৃত্য ক্রীড়িত্বা ॥ ২১ ॥

ভগবৎধ্যানপরাণাং তৎসারূপ্যং ন চিত্রমিতি পেশস্কৃতো ভ্রমরবিশেষাজ্জাতমিত্যাহ

প্রাণরূপে প্রাপ্ত হইয়া জীব সংসারে বিচরণ করিতেছে ॥ ২০ ॥

যেমন ঊর্ণনাভি (মাকড়শা) স্বীয় হৃদয়ে উৎপন্ন ঊর্ণা মুখদ্বারা প্রসারণ করত জাল বিস্তার করে এবং স্বয়ং সেই জালোপরি বিহার করত পুনরায় সেই জালকে স্বয়ংই নিজমুখে সংগ্রহ করিয়া লয়, সেইরূপ মহামহেশ্বর নারায়ণ আপনা হইতে এই বিশ্বের রচনা করিয়া, ক্রীড়ান্তে আত্মস্বরূপেই তাহা উপসংহৃত করিয়া লন ॥ ২১ ॥

দেহধারী জীব নিশ্চয়াত্মিকা বুদ্ধিযোগে স্নেহ, দ্বেষ বা ভয়াদি যে কোন কারণ বশত এই সংকল্পবিকল্পাত্মক মনকে যে কোন বিষয়ে নিরবচ্ছিন্নভাবে

স্নেহাদ্দ্বেষাদ্ভয়াদ্বাপি যাতি তত্তৎস্বরূপতাং ॥ ২২ ॥
কীটঃ পেশস্কৃতং ধ্যায়ন্ কুড্যাং তেন প্রবেশিতঃ।
যাতি তৎসাত্মতাং রাজন্ পূর্ব্বরূপমসংত্যজন্ ॥ ২৩ ॥
এবং গুরুভ্য এতেভ্য এষা মে শিক্ষিতা মতিঃ।

অন্বয়ঃ।

রূপতাং যাতি প্রাপ্নোতি ॥ ২২ ॥

হে রাজন্! কুড্যাং প্রবেশিতঃ কীটঃ পেশস্কৃতং ধ্যায়ন যদা পূর্ব্বরূপং অসংত্যজন্ তেন এব দেহেন তৎসাত্মতাং (তস্য পেশস্কৃতস্য) সাত্মতাং সারূপ্যং যাতি (তদা দেহান্তরেণ সারূপ্যলাভে কিং বক্তব্যং) ॥ ২৩ ॥

এতেভ্যঃ গুরুভ্যঃ মে ময়া এষা মতিঃ এবং শিক্ষিতা; হে প্রভো! বদতঃ মে সাত্মোপ-

শ্রীধরস্বামী।

যত্র যত্রেতি। সকলমেকাগ্রং ॥ ২২ ॥

কুড্যাং প্রবেশিতো নিরুদ্ধঃ ভয়েন ধ্যায়ন্। সাত্মতাং সারূপ্যং। সাম্যতামিতি পাঠে স্বার্থতা। পূর্ব্বরূপমসংত্যজন্নিতি। অস্যায়মভিপ্রায়ঃ। যদা তেনৈব দেহেনান্যসারূপ্যং দৃশ্যতে তদা কিং বক্তব্যং দেহান্তরেণ সারূপ্যং ঘটত ইতি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্রেতি দ্বাভ্যাং। সকলমিতি মনস একস্যা অপি বৃত্তের্যদাহন্যগামিত্বং ন স্যাত্তদৈব দেহী ধ্যেয়সারূপ্যং লভতে নানাথেত্যর্থঃ ॥ ২২ ॥

কীট ইতি। তেন পেশস্কৃতা। তৎসাত্মতাং তৎসমানরূপতাং। সাম্যতামিতি পাঠে আর্ষঃ। পূর্ব্বরূপং পূর্ব্বদেহং অসংত্যজন্নিতি ধ্যাতৃদেহ এব ধ্যেয়তুল্যাকারঃ স্যাৎ যথা ধ্রুবাদীনাং ক্বচিত্তথা ধ্যাতৄণাং ভক্তানাং দৃশ্যমানো দেহত্যাগস্তু ভক্তিযোগস্য রহস্যত্ব-রক্ষার্থং মতান্তরোৎখাতাভাবার্থঞ্চ ভগবতৈব মায়য়া দর্শ্যতে যথা ক্বচিৎ সচ্চিদানন্দময়স্বদেহ-ত্যাগোহপি। তদা চ তৎপ্রমাণবাক্যঞ্চ মুনিদ্বারা তথৈব মায়য়া প্রকাশ্যতে। যথা প্রারব্ধকর্ম্মনির্ব্বাণো ন্যপতৎ পাঞ্চভৌতিক ইতি দেহত্যাগঞ্চ তস্যোবমিতি চ ॥ ২৩ ॥

করাইতে পারে, পরিণামে তাহারই স্বরূপ লাভ করিতে পারে, সন্দেহ নাই ॥ ২২ ॥

হে নরনাথ! পেশস্কৃত বলবান্ কীটকে চিন্তা করিতে করিতে যেমন অন্য দুর্ব্বল কুড্যানীত কীট জীবদ্দশাতেই সেই দেহেই পেশস্কৃত কীটের সমান রূপতা লাভ করে, তখন দেহান্তে যে, ধ্যেয়সারূপ্য লাভ হইবে, সে বিষয়ে আর সন্দেহ কি? ॥ ২৩ ॥

এই সমস্ত গুরুগণের নিকট হইতে আমি যে সকল উপদেশ প্রাপ্ত হইয়াছি, তাহা তোমার নিকট প্রকাশ করিলাম, এক্ষণে হে প্রভো! দেহ বিচারে

স্বাত্মোপশিক্ষিতাং বুদ্ধিং শৃণু মে বদতঃ প্রভো ॥ ২৪ ॥
এতদ্ব্যতীত স্রক্চন্দনাদি বিষয়বর্গের অবস্থিতি যদি প্রবাহের চিরন্তন ধারায় নিত্য বলিয়াই অবধারিত হয়, তাহা হইলে আর তাহাদের অন্য কোন বিশেষ সৃষ্টিকর্ত্তার নিরূপণের প্রয়োজন হয় না; এবং আত্মার স্বরূপভূত নিত্য নিরতিশয় অখণ্ড অদ্বিতীয় জ্ঞানস্বরূপেরও স্বীকার করিবার প্রয়োজন হয় না; কেবল ঘট পটাদির আকৃতি ও প্রয়োজন অনুসারে বুদ্ধির জন্ম ও ভেদ স্বীকার করিলেই চলিতে পারে ॥ ১৪ ॥

আভাস।

নহেন। এবং শাস্ত্র যে বারংবার বৈরাগ্যের সম্বন্ধে উপদেশ দেন, তাহাও অসঙ্গত; কারণ ভোগ্য বস্তু বা ভোগের স্থানের অনিত্যতাদি দোষ থাকিলে, তাহাকে পরিত্যাগের বাসনা জন্মে; কিন্তু ভোগকাল বা তদুপায় কর্ম্মবোধক শাস্ত্র বা ভোক্তার অনিত্যত্ব কখনই নহে; এবং ভোগ্য বিষয়ও মায়াময়বোধে অনিত্য নহে; সুতরাং পরম্পরের বিচ্ছেদ কখনই হইতে পারে না। স্রক্চন্দনাদি যাবতীয় ভোগ্য পদার্থই ধারাবাহিরূপে নিত্য। শ্রুতিও

এবমপ্যঙ্গ সর্ব্বেষাং দেহিনাং দেহযোগতঃ।
কালাবয়বতঃ সন্তি ভাবা জন্মাদয়োঽসকৃৎ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! এবং (অঙ্গীকারে অপি) সর্ব্বেষাং দেহিনাং দেহযোগতঃ দেহসম্বন্ধাৎ, কালাবয়বতঃ লবনিমেষাদিসম্বৎসরান্তেভ্যঃ কালাবয়বেভ্যঃ, অসকৃৎ পুনঃ পুনঃ, জন্মাদয়ঃ ভাবাঃ বিকারাঃ সন্তি ভবন্তি (অতো দুঃখং অবর্জ্জনীয়ং) ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তত্র তাবত্তদুক্তমঙ্গীকৃত্য বৈরাগ্যোপপাদনায় প্রবৃত্তিমার্গস্যানর্থহেতুত্বং প্রপঞ্চয়তি এবমপীত্যাদিনা লোকানাং লোকপালানামিত্যন্তঃ প্রাক্তনেন গ্রন্থেন। অঙ্গ হে উদ্ধব কালাবয়বতঃ সম্বৎসরাদিরূপাৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র তাবত্তদুক্তমঙ্গীকৃত্য বৈরাগ্যমুপপাদয়িতুং প্রবৃত্তিমার্গস্যানর্থহেতুত্বং প্রপঞ্চয়তি। এবমপীত্যাদিনা লোকানাং লোকপালানামিত্যন্তঃ প্রাক্তনেন গ্রন্থেন। অঙ্গ হে উদ্ধব কালাবয়বতঃ সম্বৎসরাদিরূপাৎ জন্মাদয় ইতি তত্রাপি জন্মমরণয়োরতিকষ্টপ্রদত্বং সার্ব্বত্রিকং প্রসিদ্ধমেবেতি ভাবঃ ॥ ১৫ ॥

কিন্তু হে শোভন! এরূপ স্বীকার করিলেও কেবল দেহসম্বন্ধেই জীবকে অনন্ত কালস্রোতে যে বারংবার জন্মাদি বিচিত্র বিকার সহ্য করিতে হয়, সে বিষয়ে আর সন্দেহ নাই; সুতরাং সুখ ও দুঃখ অপরিহার্য্য ॥ ১৫ ॥

আভাস।

বলিয়াছেন, "ন কদাচিদনীদৃশং জগৎ"; জগৎ যে কখন এরূপ থাকিবে না, এরূপ নহে। বাল্য, যৌবন ও জরা যেমন এক দেহেরই ধর্ম্ম, সেইরূপ এক পরিণামের স্রোতে অবস্থান্তর-প্রাপ্তিও জগতেরই ধর্ম্ম; অবস্থান্তর-প্রাপ্তি-বিশিষ্ট জগতের বৈলক্ষণ্য কখন হইবে না। এই পরিণাম-স্রোতশীলত্বই জগতের স্বভাব; সুতরাং ইহার সৃষ্টি সংহারাদির জন্য অন্য ঈশ্বরেরও প্রয়োজন নাই। এইরূপে বিদ্যমানতাই জগতের স্বরূপ; ইহা মায়াময় নহে। এতদ্ব্যতীত স্বরূপভূত নিত্য এক জ্ঞানস্বরূপভূত আত্মা আছেন, ইহাও স্বীকার্য্য নহে। কারণ, বাহ্য বস্তু ঘটপটাদির উপলব্ধিতেই জীব আত্মস্বরূপের অস্তিত্ব অনুমান করে। যদি বাহ্য জ্ঞান না হয়, আত্ম স্বরূপেরও উপলব্ধি হয় না। অতএব বাহ্য বস্তুই আত্মস্বরূপকে প্রতীত করায়; বাহিরের ভাবই বুদ্ধিরূপে পরিণত হইয়া আত্মভাবে ভাবিত হয়। অতএব বাহ্যভাব অনুসারে যেমন বুদ্ধির ভেদ ও অস্থায়িত্ব স্বীকার্য্য, সেইরূপ তৎসঙ্গে আত্মারও ক্ষণস্থায়িত্ব ও ভিন্নভাব অবশ্যই স্বীকার্য্য। শ্লোকটীর গূঢ় অভিপ্রায় এই যে, আত্মা নিত্য জ্ঞানরূপ নহে; জ্ঞানপরিণাম মাত্র; কিন্তু বিকারিবোধে অনিত্যও নহে। শাস্ত্রেও উক্ত আছে যে, জ্ঞানরূপ বিক্রিয়াতে আত্মার নিত্যত্ব সম্বন্ধে কোন ব্যাঘাত জন্মে না।

তত্রাপি কর্ম্মণাং কর্ত্তুরস্বাতন্ত্র্যঞ্চ লক্ষ্যতে।
ভোক্তুশ্চ দুঃখসুখয়োঃ কোহন্বর্থো বিবশং ভজেৎ॥ ১৬॥

অন্বয়ঃ।

তত্রাপি তদুক্তমঙ্গীকৃতপক্ষেহপি, কর্ম্মণাং কর্ত্তুঃ দুঃখসুখয়োঃ চ ভোক্তুঃ চ অস্বাতন্ত্র্যং চ লক্ষ্যতে (অনিচ্ছতোহপি দুষ্কর্ম্মসু প্রবৃত্তিদর্শনাৎ; স্বাতন্ত্র্যেচ দুঃখভোগস্য অসম্ভবাৎ। এবং চেৎ তর্হি) বিবশং (কালকর্ম্মগুণাধীনং পুরুষং) কঃ অন্বর্থঃ বিষয়ঃ ভজেৎ সুখয়েৎ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

তত্রাপীতি স্বাতন্ত্র্যপক্ষেহপি দুষ্কর্ম্মণো দুঃখভোগস্য চ সম্ভবাদিত্যর্থঃ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মণাং কর্ত্তুরিতি কর্ম্মকরণে সুখদুঃখয়োর্ভোক্তুরিতি ভোগেহপ্যস্বাতন্ত্র্যং লক্ষ্যতে। স্বাতন্ত্র্যে হি কঃ খলু দুঃখং ভুঞ্জীত কো বা বিবেকী দুষ্কর্ম্ম কুর্য্যাদিতি ভাবঃ। ততশ্চ বিবশমস্বতন্ত্রং॥ ১৬॥

বিশেষত লোকে যে, সকল কর্ম্মই নিজের ইচ্ছা অনুসারে করে, তাহা নহে; যেন কোন নৈসর্গিক ভাবে অবশের ন্যায় অগ্রসর হইয়া, অনিচ্ছা সত্ত্বেও অস্বতন্ত্রের ন্যায় তাদৃশ কর্ম্মে রত হয় এবং সুখ দুঃখাদি অনুভব করে; অতএব কাল, কর্ম্ম ও গুণের অধীন পরতন্ত্র জীবকে স্বতন্ত্রভাবে কে যে, সুখ দুঃখাদি উপভোগ করায়, ইহাই এস্থলে প্রধান জিজ্ঞাসা॥ ১৬॥

অভাস

অতএব মুক্তিদশাতে ইন্দ্রিয়বর্গের অভাবে জ্ঞানের কোন পরিণাম হয় না; সুতরাং তৎপ্রতীতি বা অবস্থিতির অপেক্ষা প্রবৃত্তিবিধায়ী ভাবই শ্রেষ্ঠ। মুক্তিকালীন তাদৃশী নিবৃত্তিতে পুরুষার্থের কোন লক্ষণ না পাওয়ায়, নিবৃত্তির অপেক্ষা প্রবৃত্তিমার্গই অবলম্বনীয়॥ ১৪॥

এক্ষণে পরবর্ত্তী শ্লোক কয়একটীর দ্বারা সিদ্ধান্তী বাদীর বিপ্রতিপত্তি খণ্ডনার্থ তদুক্ত মত অঙ্গীকার করতই বৈরাগ্যোৎপাদনার্থ প্রবৃত্তিমার্গের দোষ উদ্ঘাটন পূর্ব্বক বিস্তৃত বর্ণন করিতেছেন। সম্বৎসরাদি কালপর্য্যায়ে জন্মমরণনিবন্ধন জীবের যে, নিদারুণ যাতনা হয়, সে বিষয়ে আর সন্দেহ নাই। জীবমাত্রেই যে, বিবিধ দুঃখ ভোগ করিতেছে এবং তাহা যে পরিত্যাগের বাসনা করে, তাহা প্রত্যক্ষসিদ্ধ। দুঃখ নিবৃত্ত হউক এবং সুখের উদয় হউক, ইহা জীবমাত্রেরই উদ্দেশ্য; কিন্তু জীবের অনভিপ্রায়ে সুখের পরিবর্ত্তে দুঃখ যে তাহার নিকট উপস্থিত হয়, তাহা কাহার প্রভাবে? ইহাই জৈমিনী সন্নিধানে জিজ্ঞাসা। জীব যখন অনিচ্ছাক্রমেও দুঃখ ভোগ করে এবং দুঃখপ্রদ কর্ম্মে অগ্রসর হয়, তখন তাহার স্বাতন্ত্র্য নাই; কিন্তু অন্য কেহ প্রেরক আছেন, তাহা অবশ্য স্বীকার করিতে

ন দেহিনাং সুখং কিঞ্চিদ্বিদ্যতে বিদুষামপি।
তথাচ দুঃখং মূঢ়ানাং বৃথাঽহঙ্করণং পরং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

বিদুষাং (সম্যক্ কর্ম্ম কর্ত্তুং জানতাং) অপি দেহিনাং কদাচিৎ কিঞ্চিদপি সুখং ন বিদ্যতে তথা মূঢ়ানাং অপি দুঃখং কিঞ্চিৎ নাস্তি চ (তেসামপি প্রারব্ধবশাৎ ভোগৈশ্বর্য্যাদি-সুখদর্শনাৎ। বস্তুতস্তু সুখদুঃখয়োঃ অন্তঃকরণধর্ম্মত্বাৎ উভয়ত্রাপি) বৃথা অহঙ্করণং (অহং সুখী দুঃখী বা ইত্যহঙ্কারঃ এব পরং কারণং) ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

ননু যে সম্যক্ কর্ম্ম কর্ত্তুং জানন্তি ত এব সুখিনঃ যে ন জানন্তি তএব দুঃখিন ইতি চেত্তত্রাহ নেতি। বিদুষামপি ক্বচিৎ সুখং ন বিদ্যতে তথা মূঢ়ানামপি ক্বচিদ্দুঃখং ন বিদ্যতে। ততো বয়ং কর্ম্মকুশলত্বাৎ সুখিন ইতি তেষাং কেবলং বৃথৈবাহঙ্কার ইত্যর্থঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু যো দুষ্কর্ম্ম কুর্য্যাৎ স বিদ্বান্ এব নোচ্যতে ; তস্য দুঃখভোগো ন্যায্য এব। যস্তু কর্ম্মাকুর্ব্বন্ কর্ম্মকর্ত্তুং জানীয়াৎ তস্য ন কদাপি দুঃখমিতি চেন্নৈবং বাদী দেহধারিণাং মধ্যে সর্ব্বদৈব সুখী সর্ব্বদৈব দুঃখী বা কোঽপি ন দৃষ্ট ইত্যাহ নেতি। বিদুষামপি কদাচিৎ সুখং ন বিদ্যতে কিঞ্চিদপি তথৈব মূঢ়ানামপি কদাচিন্ন দুঃখং কিঞ্চিদপি ভবেদিত্যতো বয়ং কর্ম্মকুশলত্বাৎ সদা সুখিন ইতি তেষাং বৃথৈবাহঙ্কার ইত্যর্থঃ ॥ ১৭ ॥

কারণ সম্পূর্ণ কর্ম্মকুশল জ্ঞানীর হৃদয়েও কিঞ্চিন্মাত্র সুখ নাই, এরূপ দেখা যায় ; অথচ সম্পূর্ণ অনভিজ্ঞের হৃদয়েও কোন দুঃখ নাই, প্রতীত হয় ; সে প্রারব্ধবশেই প্রচুর পরিমাণে ধনৈশ্বর্য্যাদি উপভোগ করে। অতএব সুখ দুঃখ বস্তুর ধর্ম্ম নহে ; অন্তঃকরণেরই ধর্ম্ম ও বৃত্তিবিশেষ মাত্র। বৃথা অহঙ্কারের প্রভাবেই জীব আপনাকে সুখী বা দুঃখী বলিয়া জ্ঞান করে। অহঙ্কারই সুখ বা দুঃখ প্রদানের প্রধান হেতু ॥ ১৭ ॥

আভাস।

হইবে। যাহার প্রভাবে তাহাকে অবশভাবে কর্ম্ম করিতে হয়, বা সুখদুঃখাদি ভোগ করিতে হয়। ॥ ১৫ ॥ ১৬ ॥

এক্ষণে পাছে বলা যায় যে, যাহারা কর্ম্ম করিতে জানে, তাহারাই চিরসুখী ; কখনই দুঃখ পায় না ; এবং যাহারা যাগ যজ্ঞাদি শ্রেষ্ঠ কর্ম্মকলাপ করে না, তাহারা পণ্ডিত হইলেও মূর্খ ; দুঃখ ভোগ তাহাদের অদৃষ্টে অসঙ্গত নহে। কারণ শাস্ত্রান্তরেও অভিহিত আছে যে, "শাস্ত্রাণ্যধীত্যাপি ভবন্তি মূর্খা যো কর্ম্ম করোতি স এব পণ্ডিতঃ। সুযোগ্যমপ্যৌষধ-

যদি প্রাপ্তিং বিঘাতঞ্চ জানন্তি সুখদুঃখয়োঃ।
তেঽপ্যদ্ধা ন বিদুর্যোগং মৃত্যুর্ন প্রভবেদ্যথা॥ ১৮॥

অন্বয়ঃ।

যদি সুখদুঃখয়োঃ প্রাপ্তিং বিঘাতং চ (সুখস্য প্রাপ্ত্যুপায়ং দুঃখস্য বিঘাতোপায়ঞ্চ জানন্তি তদা তেঽপি অদ্ধা সাক্ষাৎ, তং যোগং উপায়ং, ন বিদুঃ যথা মৃত্যুঃ ন প্রভবেৎ॥ ১৮॥

শ্রীধরস্বামী।

অঙ্গীকৃত্যাপ্যাহ যদীতি। তং যোগং উপায়ং ন বিদুঃ যথা সাক্ষান্মৃত্যু র্ন প্রভবেৎ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিজ্ঞত্বমঙ্গীকৃত্যাপ্যাহ যদীতি। যোগং উপায়ং তথা ন বিদুর্যথা সাক্ষান্মৃত্যু র্ন প্রভবেৎ॥ ১৮॥

সাধারণত সুখলাভের উপায় ও দুঃখপ্রতীকারের হেতু পরিজ্ঞাত থাকিলেও প্রধান দুঃখ সর্ব্বপ্রধ্বংসরূপ মৃত্যুকে নিবারণের উপায়ত সাক্ষাৎ সম্বন্ধে কেহই অবগত নহে॥ ১৮॥

আভাস।

মাতুরাণাং ন নামমাত্রেণ করোত্যরোগং"। শাস্ত্রাদি অধ্যয়ন করিলেই যে পণ্ডিতপদ বাচ্য হওয়া যায়, তাহা নহে; শাস্ত্রের অভিপ্রায় অনুসারে কর্ম্ম করাই নিতান্ত প্রয়োজন। যে ব্যক্তি শাস্ত্রের মর্ম্মানুসারে কর্ম্ম করেন, তিনিই প্রকৃত পণ্ডিত; কারণ রোগীর যদি কেবল ঔষধের ব্যবস্থা মাত্র করা হয়, ঔষধির সেবন করান না হয়, তাহা হইলে কি কখন তাহার পীড়োপশমনের সম্ভাবনা থাকে? অতএব কর্ম্ম করিলেই সুখ এবং না করিলেই দুঃখ; ইহা সর্ব্ববাদী সম্মত চিরন্তন মত। কিন্তু দেখা যায় যে, বিলক্ষণ কর্ম্মদক্ষ সুপণ্ডিত ব্যক্তিও চিরদুঃখী এবং সম্পূর্ণ কর্ম্মানভিজ্ঞ মূর্খ ব্যক্তিও যথেষ্ট সুখী; তাহাদের সুখৈশ্বর্য্যের কোন অভাব নাই। বিশেষত কাহাকেও চিরসুখী বা চিরদুঃখী নয়নগোচর হয় না। অতএব কর্ম্ম করিয়াছি বলিয়াই যে, সুখী এবং কর্ম্ম করিতেছি না, বলিয়াই যে দুঃখী, এইরূপ যাঁহাদের হৃদয়ে অভিমান সাব্যস্ত থাকে, তাহাদের তাহা বৃথা ও অমূলক মাত্র। ঐহিক দুঃখপ্রতীকারের উপায় কথঞ্চিত পরিজ্ঞাত থাকিলেও নিঃশেষে তাহার নিবৃত্তি অসম্ভব; এবং নিবৃত্ত হইলেও পুনরুৎপত্তির সম্ভাবনা যে নাই, তাহাও নহে। অতএব দৃষ্ট উপায়ে দুঃখের নিঃশেষে নিবৃত্তি সম্পূর্ণই অসম্ভব। যদিও কোন কোন দুঃখ আপাতত কর্ম্মের দ্বারা নিবৃত্ত করা যায় বটে, কিন্তু মূল দুঃখ মৃত্যু নিবারণের উপায়ত কোন কর্ম্মের দ্বারাই সাধিত হয় না। জীবকে অবশ্যভাবে তাহা ভোগ করিতেই হইবে; সন্দেহ নাই। অতএব দেখা যায় যে, পণ্ডিত ও মেধাবী হইলেও এবং দুঃখবিঘাত ও সুখপ্রাপ্তির জন্য তাঁহার বিশেষ আগ্রহ

কোঽন্বর্থঃ সুখয়ত্যেনং কামো বা মৃত্যুরন্তিকে।
আঘাতং নীয়মানস্য বধ্যস্যেব ন তুষ্টিদঃ॥ ১৯॥
শ্রুতঞ্চ দৃষ্টবদ্দুষ্টং স্পর্দ্ধাসূয়াত্যয়ব্যয়ৈঃ।

অন্বয়ঃ।

কঃ অনু অর্থঃ কামঃ বা এনং দেহিনং সুখয়তি (ন কোঽপি) যতঃ আঘাতং বধস্থানং প্রতি নীয়মানস্য বধ্যস্য পুরুষস্য ইব অন্তিকে সমীপে বর্ত্তমানঃ মৃত্যুঃ ন তুষ্টিদঃ তুষ্টিং দদাতি॥ ১৯॥

শ্রুতং স্বর্গাদি সুখং, চ অপি, দৃষ্টবৎ দৃষ্টসুখবৎ স্পর্দ্ধাসূয়াত্যয়ব্যয়ৈঃ (স্পর্দ্ধা পরসুখা-

শ্রীধরস্বামী।

তথাপি যাবজ্জীবং সুখং ভবিষ্যতীতি চেন্নেত্যাহ কিং ঘিতি। যতোঽন্তিকে বর্ত্ত-মানো মৃত্যু র্ন তুষ্টিং দদাতি। আঘাতং বধস্থানং প্রতি॥ ১৯॥

এবমস্মিন্ লোকে সুখং নাস্তীত্যুক্তং। লোকান্তরেঽপি তথৈবেত্যাহ শ্রুতমিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৃত্যোঃ পূর্ব্বং তু সুখং বর্ত্তেতেতি চেন্নৈবমিত্যাহ কিং ঘিতি। অর্থস্তজ্জন্যঃ কামো বা যতঃ ধবন্তিকে মৃত্যু র্ন তুষ্টিদঃ। আঘাতং বধস্থানং নীয়মানস্য বধ্যজনস্য সম্প্রতি ত্বং পায়সপিষ্টকাদিকং যথেষ্টং ভুঙ্ক্ষেতি দীয়মানো ভোগো যথা ন সুখয়তি॥ ১৯॥

ইহ লোকে সুখং নাস্তীত্যুক্তং পরলোকেঽপি নাস্তীত্যাহ। শ্রুতঞ্চ স্বর্গাদ্যপি দৃষ্টং।

অতএব প্রাণদণ্ডার্থ বধ্যস্থানে যখন কোন ব্যক্তিকে লওয়া হয়, তখন তাহার সমীপে যেমন ভোগার্থ কোন পদার্থই প্রীতিপ্রদ বলিয়া উপলব্ধ হয় না, সেইরূপ মৃত্যুকে পার্শ্বে বিদ্যমান নিরীক্ষণ করিয়া কোন্ ব্যক্তি কেবল বিষয়কামনায় আপনাকে সুখী মনে করিতে পারে? বা এমন কোন্ বিষয় আছে যে, যাহার প্রাপ্তিতে জীবকে সুখী করিতে পারে?॥ ১৯॥

বেদাদিতে স্বর্গাদি সুখপ্রদ যে সকল ভোগের কথা শুনা যায়, তাহাতেও

আভাস।

থাকিলেও কেহ কখন ঐহিক কর্ম্মানুষ্ঠান দ্বারা তাহার প্রতিবিধানে সমর্থ হন না। অবশ্য সময়ে সময়ে সুখসেব্য বস্তুর লাভে সুখের আলোক মধ্যে মধ্যে মানবের সমীপে উদয় হয় বটে, কিন্তু ভাবী মরণদুঃখের চিন্তায় সে সুখও সুখে পরিণত হয় না; মৃত্যুতে তাহার বিয়োগ উপস্থিত হইবে, এই বিবেচনায় সে সুখ ও দুঃখের কারণ হইয়া উঠে। প্রাণদণ্ডের নিমিত্ত বধ্য স্থানে লইয়া যাইবার কালে, যদি কেহ সুমিষ্ট ভোজন বা অর্থাদি ঐশ্বর্য্য লইয়া সেই দণ্ডনীয় ব্যক্তিকে ভোগার্থ অনুরোধ করে, তখন কি তাহাতে তাহার তৃপ্তি বা সন্তোষ জন্মে? বরং গুরুতর মর্ম্মবেদনার উদয় হওয়াই বিশেষ সম্ভব॥১৭—১৯॥

বহ্বন্তরায়কামত্বাৎ কৃষিবচ্চাপি নিষ্ফলং ॥ ২০ ॥
অন্তরায়ৈরবহিতো যদি ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ।

অন্বয়ঃ।

সহনং, অসূয়া পরগুণে দোষাবিষ্করণং, অত্যয়ঃ নাশঃ, ব্যয়ঃ অপক্ষয়ঃ তৈঃ) দুষ্টং দুঃখ-মিশ্রিতং, তথা বহ্বন্তরায়কামত্বাৎ (বহবোঽন্তরায়াঃ বিঘ্নাঃ যস্মিন্ কামেষু তস্য ভাবঃ তত্ত্বং তস্মাৎ) কৃষিবৎ বহুবিঘ্নবৈগুণ্যাৎ চ কৃষিবৎ নিষ্ফলং অপি ॥ ২০ ॥

কিঞ্চ যদি ধর্ম্মঃ অন্তরায়ৈঃ অবিহতঃ স্বনুষ্ঠিতঃ স্যাৎ তদা তেন ধর্ম্মেণ নির্জ্জিতং সাধিতং

শ্রীধরস্বামী।

শ্রুতং স্বর্গাদি তদপি দুঃখং। স্পর্দ্ধা পরসুখাসহনং। অসূয়া পরগুণে দোষাবিষ্করণং। অত্যয়ো নাশঃ। ব্যয়োঽপক্ষয়ঃ। তৈ দুষ্টং। যদ্বা। ব্যয়ো নাশঃ। অত্যয়োঽন্যস্যাতিশয়ঃ তং দৃষ্ট্বা তদপ্রাপ্ত্যা দুঃখমিত্যর্থঃ। কিঞ্চ। বহবোঽন্তরায়া বৈগুণ্যাদিরূপা বিঘ্না যস্মিন্ কামে সুখে স কামো যস্মিন্ তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ। কৃষির্যথা বহুবিঘ্না তদ্বৎ। বহুসুখত্বেন শ্রুতমপি নিষ্ফলং ॥ ২০ ॥

বিঘ্নবৈগুণ্যাদ্যভাবমঙ্গীকৃত্যাপি নাশদুঃখং দুষ্পরিহরমিত্যাহ অন্তরায়ৈরিতি পঞ্চভিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্পর্দ্ধা পরসুখাসহনং। অসূয়া পরগুণে দোষারোপঃ। অত্যয়ো নাশঃ। ব্যয়ঃ ভোগেন ভোক্ষ্যমাণস্য স্বর্গস্যান্ততাপ্রতিপাদকঃ কিঞ্চিৎ কিঞ্চিন্নাশস্তৈঃ। বহবোঽন্তরায়া বৈগুণ্যাদিরূপা বিঘ্না যস্মিন্ তস্মাৎ যজ্ঞাদিকাৎ কামঃ সুখং যত্র তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ। কৃষি র্যথা কদাচিন্নিষ্ফলা ভবেৎ তদ্বৎ ॥ ২০ ॥

বিবিধ দুঃখ মিলিত আছে; সে স্থলেও পরসম্পদের উৎকর্ষনিবন্ধন, বা অন্যের দ্বারা নিজের ক্ষতিজন্য দুঃখ, ভোগের দ্বারা ভোগ্যসমাপ্তি এবং পাপে ভোগক্ষয়-নিবন্ধন দুঃখ অপরিহার্য্য; এতদ্ব্যতীত বিবিধ বিড়ম্বনা ও বিঘ্নবাহুল্যে কৃষিফলের ন্যায়, স্বর্গাদি সুখসেব্য শ্রুত ভোগও সুখদানে অসমর্থ, সন্দেহ নাই ॥ ২০ ॥

আভাস।

ঐহিকের ঐশ্বর্য্য বা পরলোকের স্বর্গাদিও কখন জীবকে সুখ প্রদান করে না; কারণ তাহাতেও বিবিধ দোষ পরিদৃষ্ট হয়। স্বর্গেও রাজা প্রজার কথা শুনা যায়; অন্যের ঐশ্বর্য্যোৎকর্ষ দর্শনে হীনসম্পদ ব্যক্তির প্রায় দুঃখের উদয় হইয়া থাকে। সুতরাং স্বর্গে গমন করিলেও দেবেন্দ্রের বিপুল সুখৈশ্বর্য্য দর্শনে অমরাপুরীর নর্ত্তকীদিগকে যে, হৃত-মানিনীও দুঃখিনী হইতে হয় না, এরূপ নহে। পুণ্যক্ষয়ে স্বর্গের ও নিবৃত্তি ঘটে। কৃষিবল যেরূপ নানা বিঘ্নের দ্বারা ব্যাপৃত, কর্ম্মফল স্বর্গাদিও তাদৃশ বিবিধ দুঃখকারণে বিব্রত ॥ ২০ ॥

তেনাপি নির্জিতং স্থানং যথা গচ্ছতি তচ্ছৃণু ॥ ২১ ॥
ইষ্টেহ দেবতা যজ্ঞৈঃ স্বর্লোকং যাতি যাজ্ঞিকঃ।
ভুঞ্জীত দেববত্তত্র ভোগান্ দিব্যান্ নিজার্জ্জিতান্ ॥ ২২ ॥
স্বপুণ্যোপচিতে শুভ্রে বিমান উপগীয়তে।
গন্ধর্কৈর্বি হরন্মধ্যে দেবীনাং হৃদ্যবেশধৃক্ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

স্থানং পুমান্ যথা গচ্ছতি তৎ মত্তঃ শৃণু ॥ ২১ ॥

যাজ্ঞিকঃ পুরুষঃ ইহ লোকে যজ্ঞৈঃ দেবতাঃ ইন্দ্রাদীন্, ইষ্ট্বা সমারাধ্য, স্বর্লোকং স্বর্গং, যাতি; তত্র নিজার্জ্জিতান্ স্বানুষ্ঠিতকর্ম্মপ্রাপিতান্ দিব্যান্ ভোগান্ তত্র দেববৎ ভুঞ্জীত ভুংক্তে ॥ ২২ ॥

দেবীনাং (মধ্যে তাসাং) হৃদ্যবেশধৃক্ মনোহররূপধারী সন্ বিহরন্ স্বপুণ্যোপচিতে (স্বপুণ্যেন উপচিতে প্রাপিতে) শুভ্রে শ্রেষ্ঠে বিমানে স্থিতঃ গন্ধর্ব্বৈঃ উপগীয়তে ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

নির্জিতং সাধিতং ॥ ২১ ॥

যজ্ঞৈর্দেবতা ইন্দ্রাদিরূপা ইষ্ট্বা ॥ ২২ ॥

স্বপুণ্যৈরুপচিতে সর্ব্বভোগসম্পন্নে। দেবীনাং মধ্যে বিহরন্ গন্ধর্ব্বৈরুপগীয়তে ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিঘ্নবৈগুণ্যাদ্যভাবমঙ্গীকৃত্যাপি নাশতুঃখং দুষ্পরিহরমিত্যাহ অন্তরায়ৈরিতি পঞ্চভিঃ। নির্জিতং সাধিতং ॥ ২১ ॥ ২২ ॥

দেবীনামপ্সরসাং ॥ ২৩ ॥

সর্ব্ব প্রকার বাধা বিপ্রতিপত্তির সংস্রব ব্যতীত যদি ধর্ম্ম সম্যক্ অনুষ্ঠিতও হয়, তদ্দ্বারা জীব যেরূপ গতি লাভ করিতে পারে, তাহা আমি বর্ণন করিতেছি, শ্রবণ কর ॥ ২১ ॥

যাজ্ঞিক পুরুষগণ ইহ জগতে যজ্ঞের অনুষ্ঠানে ইন্দ্রাদি দেবতাগণের আরাধনা করিয়া স্বর্গলোকে গমন করেন; এবং তথায় নিজ কর্ম্মের দ্বারা অর্জিত স্বর্গীয় অনুপম ভোগরাশি দেববৃন্দের ন্যায় উপভোগ করিয়া থাকেন ॥ ২২ ॥

ঐ সকল পুরুষ দেব-ললনাগণের মনোমুগ্ধকরী অপূর্ব্ব মূর্ত্তি পরিগ্রহে এবং স্বীয় পুণ্যোচিত সুন্দর বিমানে আরোহণ করত, স্তাবক গন্ধর্ব্বগণে পরিবেষ্টিত হইয়া বিচরণ করেন ॥ ২৩ ॥

স্ত্রীভিঃ কামগযানেন কিঙ্কিণীজালমালিনা।
ক্রীড়ন্ন বেদাত্মপাতং সুরাক্রীড়েষু নির্বৃতঃ ॥ ২৪॥
তাবৎ স মোদতে স্বর্গে যাবৎ পুণ্যং সমাপ্যতে।
ক্ষীণপুণ্যঃ পতত্যর্ব্বাগনিচ্ছন্ কালচালিতঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

কিঙ্কিণীজালমালিনা ক্ষুদ্রঘণ্টিকাসমূহশোভিনা, কামগযানেন যথেচ্ছং গচ্ছতা বিমানেন, সুরাক্রীড়েষু নন্দনাদিষু স্ত্রীভিঃ সহ নির্বৃতঃ ক্রীড়ন্ আত্মপাতং (পুণ্যান্তে আত্মপাতং ততঃ ভ্রংশং) ন বেদ ॥ ২৪ ॥

যাবৎ পুণ্যং ভোগেন সমাপ্যতে তাবৎ সঃ স্বর্গে মোদতে; ততঃ ক্ষীণপুণ্যঃ সন্ অনিচ্ছন্ অপি কালচালিতঃ (কালেন চালিতঃ) অর্ব্বাক্ অধঃ পততি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

ইচ্ছয়া কামেন গচ্ছতা বিমানেন কিঙ্কিণীজালমালিনা ক্ষুদ্রঘণ্টিকাসমূহশোভিনা সহ স্ত্রীভিঃ সুরাক্রীড়েষু নন্দনাদিষু ক্রীড়ন্নাত্মপাতং ন বেদ ॥ ২৪ ॥

কালেন চালিতঃ পাতিতঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামেন ইচ্ছয়া গচ্ছতা বিমানেন ॥ ২৪ ॥

কালেন চালিতঃ পাতিতঃ ॥ ২৫ ॥

কিঙ্কিণী-জাল-মণ্ডিত স্বেচ্ছাগামী বিমানে আরোহণ পূর্ব্বক স্বর্গললনা-গণে পরিবেষ্টিত হইয়া যখন তাঁহারা নন্দন-কাননাদি স্বর্গের বিচিত্র ক্রীড়া-কাননে বিহার করিয়া বেড়ান, তখন পুণ্যক্ষয়ে পুনরায় যে, তথা হইতে পদচ্যুত হইতে হইবে, তাহা তাঁহারা বিবেচনা করেন না ॥ ২৪ ॥

কিন্তু যদবধি পুণ্যের সমাপ্তি না হয়, ততকাল স্বর্গভোগ করেন; পরে পুণ্যের ক্ষয়ে প্রচণ্ড কালকর্ত্তৃক প্রচালিত হইয়া অধোমার্গে পতিত হন ॥২৫॥

আভাস।

যদি কোন কর্ম্ম নির্বিঘ্নে সম্পাদিতও হয়, তাহাতেও কোন বিশেষ ফল নাই; কারণ শ্রুতি বলিয়াছেন, যথা "ইহ কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তে, তথৈবামুত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়তে"। এই জগতে কর্ম্মের দ্বারা অর্জ্জিত ধনাদি ঐশ্বর্য্যের যেমন নিবৃত্তি দেখা যায়, পুণ্যের দ্বারা সঞ্চিত স্বর্গাদি পারলৌকিক ভোগেরও সেইরূপ বিরাম ঘটিয়া থাকে। সুতরাং কালক্রমে যাহার ক্ষয় হয়, তখন যে সে দুঃখপ্রদ, সে বিষয়ে আর সন্দেহ নাই। স্বর্গাদি ভোগ লাভে জীব যেরূপ কৃতার্থের ন্যায় বিহার করিয়া, পরিণামে পুনঃ পতিত হয়, তাহাই এস্থলে বর্ণন করিয়াছেন ॥ ২১—২৫ ॥

যদ্যধর্ম্মরতঃ সঙ্গাদসতাং বাঽজিতেন্দ্রিয়ঃ।
কামাত্মা কৃপণো লুব্ধঃ স্ত্রৈণো ভূতবিহিংসকঃ ॥ ২৬ ॥
পশূনবিধিনালভ্য প্রেতভূতগণান্ যজন্।
নরকানবশো জন্তুর্গত্বা যাত্যুল্বণং তমঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

অথ যদি পুমান্ অসতাং বিষয়াক্রান্তচিত্তানাং, সঙ্গাৎ অধর্ম্মরতঃ (অধর্ম্মে রতঃ) স্যাৎ অতএব অজিতেন্দ্রিয়ঃ কামাত্মা বিষয়াবিষ্টচিত্তঃ, কৃপণঃ দীনঃ, লুব্ধঃ ভোগতৃষ্ণাকুলঃ, স্ত্রৈণঃ স্ত্রীলম্পটঃ, ভূতবিহিংসকঃ প্রাণিপীড়াকরঃ সন্ ॥ ২৬ ॥

অবিধিনা শাস্ত্রবিধানং বিনৈব, পশূন্ আলভ্য হত্বা, প্রেতভূতগণান্ যজন্ যষ্ট্বা জন্তুঃ নরকান্ গত্বা অবশঃ এব উল্বণং ঘোরং, তমঃ অজ্ঞানবহুলং স্থাবরাদিযোনিং যাতি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

প্রবৃত্তি র্দ্বিবিধা বিধ্যনুসারেণ কাম্যে কর্ম্মণি বা তদুল্লঙ্ঘনেন অধর্ম্মে বা। তত্র কাম্যে প্রবৃত্তে র্গতিরুক্তা। অধর্ম্মপ্রবৃত্তে র্গতিমাহ যদীতি। যদি বেত্যন্বয়ঃ। অজিতেন্দ্রিয়ত্বাৎ কামাত্মা অতঃ কৃপণঃ অতো লুব্ধো ভোগতৃষ্ণাকুলঃ। অতঃ স্ত্রৈণঃ স্ত্রীলম্পটঃ। তদর্থং ভূতবিহিংসকঃ ॥ ২৬ ॥

কিঞ্চ। দুষ্টজনপ্রলোভিতো ধনাদ্যর্থং পশূনবিধিনা হত্বা তমঃ স্থাবরতাং যাতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মণামধিকারী দ্বিবিধঃ। ধার্ম্মিকোঽধার্ম্মিকশ্চ। তত্র প্রথমস্য গতিরুক্তা দ্বিতীয়স্য গতিমাহ যদীতি। বা শব্দাৎ স্বতোঽপি কশ্চিদজিতেন্দ্রিয়ঃ স্যাদিত্যর্থঃ। কামাত্মা অতএব কৃপণো দীনঃ। অতএব লুব্ধো ভোগতৃষ্ণাকুলঃ। স্ত্রৈণঃ স্ত্রীলম্পটঃ। তদর্থং ভূতবিহিংসকঃ ॥ ২৬ ॥

অবিধিনা শ্যেনেনাভিচরন্ যজেতেত্যাদি-বিরুদ্ধবিধিনা। উল্বণং তমঃ স্থাবরতাং ॥ ২৭

এদিকে বিষয়াসক্তচিত্ত অসৎপথাবলম্বী লোকের সংসর্গে কোন ব্যক্তি যদি অধর্ম্মপথ অবলম্বনে বিষয়কামনায় ইন্দ্রিয়পরতন্ত্র হয় এবং কুঞ্চিত-হৃদয়ে ভোগ-পিপাসায় আকুল হইয়া নারীসহবাসার্থ জীবগণেরও উৎপীড়ক হইয়া উঠে— ॥ ২৬ ॥

শাস্ত্রমর্য্যাদা উল্লঙ্ঘন পূর্ব্বক বৃথা জীবহিংসা করত ভূত ও প্রেতগণেরই তুষ্টিসাধন করে, তাহা হইলে তাহাদিগকে নিরয়গামী হইতে হয় এবং তথা হইতে পাপে অভিভূত হইয়া অজ্ঞানপ্রচুর স্থাবরাদি যোনিতে জন্ম পরিগ্রহ করিতে হয়, সন্দেহ নাই ॥ ২৭ ॥

কর্ম্মাণি দুঃখোদর্কাণি কুর্ব্বন্ দেহেন তৈঃ পুনঃ।
দেহমাভজতে তত্র কিং সুখং মর্ত্যধর্ম্মিণঃ ॥ ২৮ ॥
লোকানাং লোকপালানাং মদ্ভয়ং কল্পজীবিনাং।

অন্বয়ঃ।

এবং দুঃখোদর্কাণি (দুঃখং এব উদর্কং উত্তরফলং যেষাং তানি) কর্ম্মাণি দেহেন কুর্ব্বন্ তৈঃ কৃতৈঃ কর্ম্মভিঃ, পুনঃ দেহং আভজতে প্রাপ্নোতি; তত্র এবং বর্ত্তমানস্য মর্ত্যধর্ম্মিণঃ মরণস্বভাবস্য, কিং সুখং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ২৮ ॥

লোকানাং ভোগস্থানানাং, কল্পজীবিনাং লোকপালানাং মদ্ভয়ং (মত্তঃ ভয়ং) অস্তি;

শ্রীধরস্বামী।

এবং কর্ম্মসু প্রবৃত্তস্য ন সুখং নচ নিষ্কৃতিরিত্যুপসংহরতি কর্ম্মাণীতি ॥ ২৮ ॥

তথাপি লোকানাং নিত্যত্বাৎ অমর্ত্যধর্ম্মত্বাচ্চ লোকপালানাং সুখমস্তীতি চেত্তত্রাহ লোকানামিতি। দ্বৌ পরার্দ্ধৌ পরমায়ুর্যস্য তস্য ব্রহ্মণোঽপি। তথাচ শ্রুতিঃ। জীবা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং কর্ম্মসু প্রবৃত্তস্য নাস্তি সুখমিত্যুপসংহরতি কর্ম্মাণীতি ॥ ২৮ ॥

যচ্চ তুষ্যতু দুর্জ্জন ইতি ন্যায়েনাঙ্গীকৃতং স্বর্গাদীনাং নিত্যত্বং তন্নিরাকরোতি লোকানামিতি। স্বর্গলোকস্য তৎপালানাঞ্চ নৈব নিত্যত্বমিত্যাহ লোকানামিতি। মৎ মত্তঃ।

এই প্রকারে পরিণামে ভয়ঙ্কর দুঃখপ্রদ কর্ম্মসমুদায় দেহের দ্বারা নির্ব্বাহ করিয়া, তাহার ফলে পুনরায় তদুপযুক্ত শরীর ধারণ করিয়া থাকে। অতএব এই ভাবে অনবরত দেহধারী জীবের অদৃষ্টে কি সুখের সম্ভাবনা হইতে পারে! ॥ ২৮ ॥

ভোগের স্থান স্বর্গাদি যাবতীয় ভুবন এবং কল্পান্তজীবী যাবতীয় লোকপাল কেহই কালরূপী ভগবান্ হইতে ভীত নহেন, এরূপ অসম্ভব; অধিক কি?

আভাস।

প্রবৃত্তি সাধারণত দুই প্রকার; শাস্ত্রবিধি অনুসারে ধর্ম্মপথে ধর্ম্মকর্ম্মের অনুশীলন করা এবং শাস্ত্রবিধি উল্লঙ্ঘন পূর্ব্বক অধর্ম্মপথে স্বেচ্ছাচার অনুসারে অধর্ম্মের অনুষ্ঠান করা। পূর্ব্ববর্ত্তী শ্লোকগুলির দ্বারা ধর্ম্মসঙ্গত কাম্য কর্ম্মে প্রবৃত্ত ব্যক্তির গতির কথা বর্ণন করিয়া, অধর্ম্মপূর্ব্বক কামভোগার্থ প্রবৃত্ত ব্যক্তির পরিণামের কথা উল্লেখ করিতেছেন। অর্থাৎ ধার্ম্মিক বা অধার্ম্মিক উভয়ের মধ্যে কেহই সুখ লাভে সমর্থ হয় না এবং দুঃখের হস্ত হইতেও অব্যাহতি পায় না। ॥ ২৭—২৮ ॥

স্বর্গ লাভে সুখপ্রাপ্তির কথা দূরে থাকুক, মূল স্বর্গই অনিত্য ও দুঃখমিশ্রিত; এবং তত্রত্য লোকপালগণেরও কিছুমাত্র সুখ নাই; কারণ তাঁহারাও স্বতন্ত্র নহেন; সকলেই কোন এক অচিন্ত্য শক্তির প্রভাবে অবশভাবে কর্ম্ম করিতেছেন। শ্রুতিও বলিয়াছেন,

ব্রহ্মণোঽপি ভয়ং মত্তো দ্বিপরার্দ্ধপরায়ুষঃ ॥ ২৯ ॥
গুণাঃ সৃজন্তি কর্ম্মাণি গুণোঽনুসৃজতে গুণান্।

অন্বয়ঃ।

কিং বহুনা, দ্বিপরার্দ্ধপরায়ুষঃ (দ্বৌ পরার্দ্ধৌ পরমায়ুঃ যস্য তস্য) ব্রহ্মণঃ অপি মত্তঃ (কালাত্মকাৎ) ভয়ং ভবতি ॥ ২৯ ॥

গুণাঃ গুণকার্য্যাণি, কর্ম্মাণি সৃজন্তি উৎপাদয়ন্তি, গুণঃ সত্ত্বাদিঃ, গুণান্ ইন্দ্রিয়াণি

শ্রীধরস্বামী।

স্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম ইতি। অতঃ প্রবৃত্তিমার্গস্যৈবমনর্থহেতুত্বাৎ বিরক্ত্যা ততো নিবৃত্তিরেব যুক্তেতি তাৎপর্য্যার্থঃ। এতেনৈব স্বয়মীশ্বরত্বাবিষ্কারেণ ঈশ্বরাভাবাঙ্গীকারঃ পরিত্যক্তঃ ॥ ২৯ ॥

অন্যদপি প্রোচ্য পূর্ব্বমঙ্গীকৃতং নিরাকরোতি চতুর্ভিঃ। তত্র যদুক্তং কর্ত্তৃভোক্তৃরূপ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথাচ শ্রুতিঃ। ভীষাস্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাস্মাদগ্নিশ্চেন্দ্রশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম ইতি। এতেনৈব স্বয়মীশ্বরত্বাবিষ্কারেণেশ্বরাভাবাঙ্গীকারঃ পরিত্যক্তঃ ॥ ২৯ ॥

নরকানবশো জন্তুর্গন্তেত্যুক্তং তত্র জীবস্যৈবং বৈবশ্যং কিং প্রযুক্তমিত্যপেক্ষায়ামাহ গুণা ইতি। গুণা ইন্দ্রিয়াণি কর্ত্তৄণি কর্ম্মাণি দেবপূজাদীনি স্বপরস্ত্রীসম্ভোগশব্দাদিগ্রহণ-

দ্বিপরার্দ্ধকালজীবী বিশ্ববিধাতা ব্রহ্মারও পুনরাবৃত্তি-জনিত ভয় কালরূপী ভগবান্ হইতে অবশ্যম্ভাবী; তাহাতে আর সন্দেহ নাই ॥ ২৯ ॥

গুণকার্য্য ইন্দ্রিয়বর্গ কর্ম্মের উৎপাদন করে; গুণগণ ইন্দ্রিয়নিচয়ের

আভাস।

এই পরাৎপর পরমেশ্বরের ভয়ে ভীত হইয়াই সমগ্র ব্রহ্মাণ্ড ও তত্রত্য লোক ও লোকপালগণ স্ব স্ব কর্ম্মের অনুগমন করিতেছেন। অনল, অনিল, সূর্য্য, চন্দ্র এবং মৃত্যু পর্য্যন্ত সেই দণ্ডধারীর ভয়ে ভীত হইয়া কর্ম্মক্ষেত্রে অগ্রসর হইতেছেন; কেহই নিজের ইচ্ছায় তাহার অন্যথাচরণে সমর্থ হন না। যিনি দ্বিপরার্দ্ধ-কাল-জীবী বিশ্ববিধাতা ব্রহ্মা, তিনিও কালের বশবর্ত্তী হইয়া মৃত্যুমুখে পতিত হন। অতএব প্রবৃত্তিমার্গে কোনরূপ সুখশান্তি নাই; নিবৃত্তিপথই সকল শান্তির আকর। সুতরাং সর্ব্বপ্রযত্নে প্রবৃত্তিপথ পরিত্যাগপূর্ব্বক এক নিবৃত্তিমার্গের অবলম্বনেই পরম নির্বৃতিস্বরূপ পরাৎপর পরমাত্মার সন্নিহিত হওয়াই প্রয়োজন; তদ্ব্যতীত শান্তিলাভের আর অন্য কোন প্রশস্ত উপায় নাই ॥ ২৯ ॥

আত্মা কর্ত্তা ও ভোক্তা বলিয়া পূর্ব্বে যে স্বীকার করিয়া লওয়া হইয়াছিল, এক্ষণে তাহার অযথাত্ব প্রতিপাদনার্থ বলিলেন, আত্মা মায়ার বশে অবশ হইয়া যন্ত্রের ন্যায় কার্য্য করে এবং সুখদুঃখাদি ভোগ করে। বিশেষ প্রণিধান করিলে অবগত হওয়া যায়

জীবস্তু গুণসংযুক্তো ভুঙ্‌ক্তে কর্ম্মফলান্যসৌ ॥ ৩০ ॥
যাবৎ স্যাৎ গুণবৈষম্যং তাবন্নানাত্বমাত্মনঃ ।

অন্বয়ঃ ।

অসুস্বজতে, গুণসংযুক্তঃ (গুণৈঃ তৎকার্য্যৈঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদিভিঃ সংযুক্তঃ অধ্যাসে-নৈকত্বং আপন্নঃ) অসৌ জীবস্তু কর্ম্মফলানি সুখদুঃখাদীনি ভুঙ্‌ক্তে অনুভবতি ॥ ৩০ ॥

গুণবৈষম্যং (গুণানাং সত্ত্বরজস্তমসাং বৈষম্যং অহঙ্কারেন্দ্রিয়াদিরূপেণ পরিণামঃ) যাবৎ স্যাৎ তাবৎ এব আত্মনঃ ঔপাধিকং নানাত্বং ; যাবৎ চ আত্মনঃ (অধ্যাসেন) নানাত্বং তাবৎ

শ্রীধরস্বামী ।

এবাত্মেতি তন্নিরাকরোতি গুণা ইতি । গুণা ইন্দ্রিয়াণি কর্ম্মাণি সৃজন্তি নত্বাত্মা । আত্মৈবেন্দ্রিয়াণি প্রবর্ত্তয়ন্‌ কর্ম্মাণি করোতীতি চেন্নেত্যাহ গুণ ইতি । গুণৈঃ সত্ত্বাদিঃ গুণান্‌ ইন্দ্রিয়াণি অনুসৃজতে প্রবর্ত্তয়তি ন ত্বাত্মা । অত এবং কর্ত্তৃত্বং তাবন্নাস্তি ভোক্তৃত্বমপ্যৌ-পাধিকমিত্যাহ জীবস্ত্বিতি । গুণসংযুক্তঃ ইন্দ্রিয়সংযুক্তঃ । কুত ইত্যত আহ । অসৌ দেহাহঙ্কারবানিত্যর্থঃ ॥ ৩০ ॥

যচ্চোক্তমাত্মনো নানাত্বং তদপ্যৌপাধিকমিত্যাহ যাবদিতি । গুণানাং বৈষম্যং অহ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

কৃষিবাণিজ্যাদীনি চাদৃষ্টদৃষ্টফলানি সৃজন্তি কুর্ব্বন্তি । তাংশ্চ গুণান্‌ সদসদিন্দ্রিয়াণি গুণঃ সত্ত্বাদিঃ সৃজতে । জীবস্তু গুণৈঃ সদসদিন্দ্রিয়ৈঃ সত্ত্বাদিভিশ্চ সংযুক্তো তত্তৎকর্ম্ম-ফলানি ভুঙ্‌ক্তে ॥ ৩০ ॥

গুণৈরিন্দ্রিয়ৈঃ কৃত্বা উচ্চনীচগতিপ্রাপ্তিলক্ষণং বৈষম্যং যাবৎ স্যাৎ তাবদাত্মনঃ এক-

উৎপত্তির হেতু এবং গুণকার্য্য ইন্দ্রিয়, দেহ ও অন্তঃকরণাদিতে একান্তভাবে অধ্যস্ত জীব, উক্ত কর্ম্মের ফল সুখদুঃখাদি ভোগ করিয়া থাকে ॥ ৩০ ॥

সত্ত্বাদি গুণত্রয়ের বৈষম্যে যে পর্য্যন্ত অহঙ্কারাদি ইন্দ্রিয়বর্গের পরিণাম-ভাব বিদ্যমান থাকে, সে পর্য্যন্ত জীবের উপাধিনিষ্ঠ তারতম্যে বহুত্ব হয় ; এবং

আভাস ।

যে, জীবাত্মার দ্বারা কোন কর্ম্মই সাধিত হয় না ; ইন্দ্রিয়বর্গের দ্বারাই কর্ম্মসমূহ সাধিত হইয়া থাকে । কর্ম্মমার্গে ইন্দ্রিয়ের প্রবর্ত্তক আত্মা নহেন ; সত্ত্বাদি গুণত্রয়ই কামক্রোধাদি-রূপে ইন্দ্রিয়গণকে কর্ম্মক্ষেত্রে প্রেরণ করে ; আত্মার কর্ত্তৃত্ব নহে । শাস্ত্রেও "অসঙ্গোঽয়ং পুরুষঃ" বলিয়া পুরুষের সঙ্গবিনির্মুক্তত্বের পরিচয় দিয়াছেন । আত্মার ভোক্তৃত্বও ঔপাধিক কর্ত্তৃত্ব ব্যতীত স্বভাবনিষ্ঠ সম্বন্ধে নহে । গুণসংযোগে অহঙ্কার তত্ত্বে প্রতিবিম্বিত হওয়াতেই আত্মার ভোক্তৃত্বের কল্পনা হয় মাত্র । আত্মার বহুত্বও উপাধি-নিবন্ধন । যেমন বহ্নি এক হইলেও কেবল উপাধিস্থানীয় কাচের বর্ণতারতম্যে বহ্নি বাহিরে কাচবর্ণে বিভিন্নরূপে প্রতিভাত হয়, সেইরূপ এক আত্মাই গুণকার্য্য দেহাদির বিচিত্রতানিবন্ধন

নানাত্বমাত্মনো যাবৎ পারতন্ত্র্যং তদৈব হি ॥
যাবদস্যাস্বতন্ত্রত্বং তাবদীশ্বরতো ভয়ং ॥ ৩১ ॥
য এতৎ সমুপাসীরংস্তে মুহ্যন্তি শুচার্পিতাঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

চ তস্য পারতন্ত্র্যং কামাধীনত্বং ; যাবৎ চ অস্য আত্মনঃ অস্বতন্ত্রত্বং কর্ম্মাধীনত্বং, তাবদেব ঈশ্বরতঃ কালরূপাৎ মত্তঃ ভয়ং ভবতি ॥ ৩১ ॥

অতঃ যে জনাঃ এতৎ গুণপরিণামরূপং দেহেন্দ্রিয়পুত্রকলত্রাদিরূপং সমুপাসীরন্ আসক্ত্যা সেবেরন্, তে এব শুচার্পিতাঃ (শুচা শোকেন অর্পিতাঃ প্রোতাঃ সন্তঃ) মুহ্যন্তি ক্লিশ্যন্তি ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

দারাদিকার্য্যরূপং। নম্বু আত্মন একত্বে কথং পারতন্ত্র্যমুক্তং কথম্বা লোকপালাদীনামপি মত্তয়মিত্যুক্তং তত্রাহ নানাত্বমাত্মন ইতি ॥ ৩১ ॥

তচ্চ গুঢ়মভিপ্রেত্যং প্রবৃত্তিরেব শ্রেয়সী তত্রাহ য এতদিতি। এতদ্গুণবৈষম্যং তৎকৃতং ভোগং কর্ম্ম চ ইত্যর্থঃ। উপাসীরন্ সেবেরন্। লোকাদীনামনিত্যত্বাৎ শুচার্পিতাঃ প্রোতাঃ সন্তো মুহ্যন্তি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্যাপি জীবস্য নানাত্বং দেবতির্য্যগাদিরূপত্বং স্যাৎ। যাবদেবং নানাত্বং তাবৎ পারতন্ত্র্যং কর্ম্মাধীনত্বং ॥ ৩১ ॥

তস্মাৎ প্রবৃত্তিরেব শ্রেয়সীতি যে আহুস্তানাক্ষিপতি যে এতৎ কর্ম্মৈব উপাসীরন্ সেবেরন্ তে শুচার্পিতাঃ শোকপ্রোতাঃ সন্তো মুহ্যন্তি ॥ ৩২ ॥

যাবৎ জীবের বহুত্ব তাবৎ তাহাদের কামাধীনত্ব, কর্ম্মপরতন্ত্রতা ও কালরূপী ভগবানের সন্নিধানে ভীতির সম্ভাবনা ॥ ৩১ ॥

অতএব যে সকল ব্যক্তি এই গুণপরিণামে সমুৎপন্ন দেহ, ইন্দ্রিয় ও পুত্রকলত্রাদি প্রকৃতির পদার্থকে আসক্তি পূর্ব্বক সেবা করে, তাহারাই শোক-সাগরে নিমগ্ন হইয়া, নিতান্ত বিপর্য্যস্ত হইয়া থাকে ॥ ৩২ ॥

আভাস।

বিভিন্ন ও বহুরূপের ন্যায় প্রতীত হন মাত্র। এই বহুরূপে প্রতীত হওয়াই অস্বাতন্ত্র্যের পরিচয় ॥ ৩০ ॥ ৩১ ॥

অতএব নিবৃত্তিপথের অপেক্ষা যাঁহারা প্রবৃত্তিমার্গকে শ্রেষ্ঠ বলিয়া নির্দ্ধারণ করেন, তাঁহাদিগের প্রতিবোধার্থ প্রকাশ করিলেন যে, যাহারা কেবল কর্ম্মের উপাসনা করেন, তাঁহারা শোক ও দুঃখে জর্জরিত হইয়া ক্রমশ বিমোহিতই হইয়া থাকেন। সুতরাং যদি দুঃখের হস্ত হইতে উদ্ধার লাভের প্রত্যাশা থাকে, তাহা হইলে নিবৃত্তিমার্গেরই শরণাগত

কাল আত্মাগমো লোকঃ স্বভাবো ধর্ম্ম এব বা।
ইতি মাং বহুধা প্রাহুর্গুণব্যতিকরে সতি ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

গুণব্যতিকরে মায়াক্ষোভে, সতি, কালঃ ভোগকালঃ, আত্মা ভোক্তা, আগমঃ শাস্ত্রং, লোকঃ ভোগস্থানং, স্বভাবঃ পরিণামহেতুঃ, ধর্ম্মঃ তৎতদ্ভোগকারণং ইতি এব বা মাং বহুধা প্রাহুঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

ন কেবলমনিত্যতামাত্রং কিন্তু মায়াময়ত্বমপীত্যাহ কাল ইতি। স্বভাবো দেবত্বাদি-পরিণামহেতুঃ ধর্ম্মস্তদ্ভোগকারণং গুণব্যতিকরে মায়াক্ষোভে সতি মামেব প্রাহুঃ নতু মদ্ব্যতিরিক্তাঃ সন্তি ততো নিবৃত্তিরেব মুক্তিহেতুত্বাৎ শ্রেয়সীতি সিদ্ধং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোককালাগমাত্মনাং সর্ব্বেষামেব নিত্যত্বং যৎ পরমতমঙ্গীকৃত্যোক্তং তত্রাহ কাল ইতি। স্বভাবো দেবত্বাদিপরিণামহেতুঃ। ধর্ম্মস্তদ্ভোগহেতুঃ। ইতি গুণব্যতিকরে মায়াক্ষোভে সত্যেব মামেব বহুধাভূতং তেষাং মন্মায়াশক্তিকার্য্যত্বাদাহুঃ। তস্মাদস্য জীবস্য কর্ম্ম-বন্ধবিমোচনার্থং যতনীয়মিতি মতং সাধিতং ॥ ৩৩ ॥

কার্য্যোপলক্ষে গুণত্রয়ের বৈষম্য ঘটিলে ভোগকাল, ভোক্তা জীব, কর্ম্মোপদেশক আগম, ভোগস্থান স্বর্গাদি, পরিণামহেতু স্বভাব এবং ভোগ-হেতু ধর্ম্ম বলিয়া এক আমাকেই বহুপ্রকারে কীর্ত্তন করিয়া থাকে ॥ ৩৩ ॥

আভাস।

হওয়া সর্ব্বতোভাবে বিধেয় ॥ ৩২ ॥

কাল, আগম, আত্মা, লোক, স্বভাব ও ধর্ম্মকে জৈমিনি যে নিত্য বলিয়া স্বীকার করিয়াছেন, সিদ্ধান্তী তাহার প্রতিবাদ না করিয়া যে ভাবে উক্ত কালাদির নিত্যত্ব প্রতি-পাদিত হওয়া কর্ত্তব্য, তাহারই মীমাংসার নিমিত্ত এই শ্লোকটী সন্নিবিষ্ট করিয়াছেন। পরমাত্মা নিত্য; তাঁহার প্রভাবের নামই কাল। সুতরাং নিত্য ও সত্য বস্তুর প্রভাব বলিয়া, কালও নিত্য ও সত্য। ভগবানের নিঃশ্বাস হইতে বেদের উদয় হইয়াছে; প্রলয়ে তাঁহাতেই প্রলীন থাকে; সুতরাং বেদাদি আগমের অনিত্যত্ব কোথায়? পরমাত্মশক্তিই প্রকৃতি বা মায়ানামে অভিহিত। সৃষ্টির অভিপ্রায়ে মায়াতে যখন গুণত্রয়ের বিক্ষোভ উপস্থিত হয়, তখনই জগতের রচনা; এবং গুণসাম্যে মায়াও ঈশ্বরে বিলীন হইলে, এক পরমাত্মা মাত্র অবস্থিত থাকেন। এই মায়ারও প্রবৃত্তি এবং নিবৃত্তিভেদে রূপ দুই প্রকার; সৃষ্ট্যুন্মুখী মায়া বা অবিদ্যা এবং নিবৃত্ত্যুন্মুখী বিদ্যা। অবিদ্যাভাগে উপহিত চৈতন্য-কণা জীব এবং বিদ্যাভাগে উপহিত চৈতন্যরাশি ঈশ্বরনামে শাস্ত্রে অভিহিত হইয়াছেন। জীব ও ঈশ্বর চৈতন্যাংশে এক হইলেও বিদ্যা ও অবিদ্যাভেদে উভয়ের নানবৈলক্ষণ্য

উদ্ধব উবাচ।।

গুণেষু বর্ত্তমানোঽপি দেহজেষ্বনপাবৃতঃ।

অন্বয়ঃ।

উদ্ধবঃ উবাচ। হে বিভো! গুণেষু গুণকার্য্যেষু দেহাদিষু বর্ত্তমানঃ অপি দেহী

শ্রীধরস্বামী।

এবং তাবদেক এবাত্মা তস্য চ গুণকার্য্যদেহসম্বন্ধকৃতঃ সংসার আত্মজ্ঞানাচ্চ মুক্তিরিত্যুক্তং বিলক্ষণস্থূলসূক্ষ্মাদিত্যাদিনা তদেবচ মতান্তরনিরাসেন দৃঢ়ীকৃতং অথৈবামিত্যাদিনা তত্র পৃচ্ছতি গুণেষ্বিতি। অয়মর্থঃ। গুণেষু অসৎসু মুক্তিঃ সৎসু বা। আদ্যে জ্ঞানসাধনাভাবান্ন মুক্তিঃ। দ্বিতীয়ে চ গুণেষু বর্ত্তমানোঽপি তৎকার্য্যদেহজেষু কর্ম্মসু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু চ ভবন্মতে মোক্ষ এব পুরুষার্থোঽবগতঃ সচ ভক্তিজ্ঞানবৈরাগ্যাভ্যাসাদ্ভবতি তস্মিন্ সতি পুরুষো মুক্ত উচ্যতে ইতি ময়া ন বুধ্যতে ইত্যাহ গুণেষ্বিতি। মুক্তস্যাপি দত্তাত্রেয়-ভরতাদে র্ভোজনশয়নাটনাদিশ্রবণাৎ স্থূলসূক্ষ্মদেহদ্বয়ং তিষ্ঠত্যেব তস্মিংশ্চ স্থিতে সতি দেহজেষু গুণেষু বর্ত্তমানোঽপি তৈগু´ণৈর্দে´হী কথং ন বধ্যতে। তথাপি তৈরাকাশবৎ

উদ্ধব বলিলেন, হে প্রভো! গুণকার্য্য দেহাদিতে অবস্থান করিয়াও দেহী জীব দেহজনিত সুখদুঃখাদি বিবিধ কর্ম্মে অসংস্পৃষ্টের ন্যায় অবস্থান

আভাস।

ঘটিয়াছে মাত্র। এই অবিদ্যা ও বিদ্যাই জীব এবং ঈশ্বরের স্বভাব। এই অর্থে জীবাত্মার স্বভাবকেও নিত্য বলিলে কোন রূপ বিপ্রতিপত্তির সম্ভাবনা বোধ হয় না। অভ্যুদয় অর্থাৎ স্বর্গাদি ভোগসুখ এবং নিঃশ্রেয়স অর্থাৎ মুক্তির হেতুভূত কারণকেই ধর্ম্মনামে সাংখ্যাচার্য্যগণ নির্ব্বাচন করিয়াছেন। অতএব যে নিয়মের অনুসরণে জীব সুখ সচ্ছন্দ বা মুক্তিকে লাভ করিয়া থাকে, সে নিয়ম কখন জীব বা জগৎকে আশ্রয় করিয়া থাকিতে পারে না; তবে যিনি জীব ও জগতের নিয়মন করিয়া সংসার চালাইতেছেন, তাঁহাকেই অবশ্য আশ্রয় করিবে। কারণ তাঁহার ইচ্ছাশক্তিই উক্ত নিয়ম বা ধর্ম্ম; অতএব ধর্ম্মকে এই অর্থে সত্য বলাই সঙ্গত। সুতরাং সকল আয়োজনই এক গুণের বিক্ষোভে ভগবদ্ভাবের অভিব্যক্তি মাত্র। কর্ম্মবন্ধের বিমোচনার্থ জীবের বিশেষ যত্ন করা বিধেয়॥ ৩৩॥

শ্রীকৃষ্ণের উক্তি শ্রবণ করিয়াও উদ্ধবের সন্দেহ নিবৃত্ত হইল না; তিনি বদ্ধ ও জীবমুক্তের বিশেষ পরিচয় পাইবার প্রত্যাশায় প্রশ্ন করত বলিলেন, হে শ্রীকৃষ্ণ! আপনার মতে মোক্ষই জীবের পক্ষে পরম পুরুষার্থ; এবং সেই মুক্তিও ভক্তি, জ্ঞান এবং বৈরাগ্যের অভ্যাসে প্রাপ্ত হওয়া যায়; এই তিনের বলে জীব দেহসত্তেও জীবন্মুক্তনামে অভিহিত হয়, এই যে সকল উপদেশ আপনি বলিলেন, তাহার তাৎপর্য্য আমি অবধারণে সক্ষম হইলাম না। কারণ জীবন্মুক্ত দত্তাত্রেয় ও ভরতাদিরও যখন ভোজন ও শয়নাদির কথা শুনা যায়, তখন

গুণৈর্ন বধ্যতে দেহী বধ্যতে বা কথং বিভো ॥ ৩৪ ॥
কথং বর্ত্তেত বিহরেৎ কৈর্ব্বা জ্ঞায়েত লক্ষণৈঃ।
কিং ভুঞ্জীতোত বিসৃজেচ্ছয়ীতাসীত যাতি বা ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

দেহজেষু কর্ম্মসু সুখদুঃখাদিষু অনপাবৃতঃ এব বা কথং গুণৈঃ ন বধ্যতে ॥ ৩৪ ॥

(যদি তু সৎস্বেব গুণেষু তদহঙ্কারেণ বদ্ধত্বং তন্নিবৃত্ত্যা চ মুক্তত্বং তর্হি তয়োঃ বৈলক্ষণ্যাৎ কথং জ্ঞাতব্যং ইতি পৃচ্ছতি (বদ্ধো মুক্তো বা কথং বর্ত্তেত বিহরেৎ কিং ভুঞ্জীত উত তোঃ কথং বিসৃজেৎ মলমূত্রাদিত্যাগং করোতি, শয়ীত; আসীত যাতি বা কৈঃ লক্ষণৈঃ বা জ্ঞায়েত ॥৩৫॥

শ্রীধরস্বামী।

সুখাদিষু চ কথং ন বধ্যতে। তথাপি তৈরাকাশবদনাবৃতত্বাৎ ন বধ্যতে ইতি চেত্তর্হি বন্ধো ন সম্ভবতীত্যাহ অনপাবৃতঃ কথং বধ্যত ইতি ॥ ৩৪ ॥

যদিতু সৎস্বেব তদহঙ্কারেণ বধ্যতে তন্নিবৃত্ত্যাচ মুচ্যতে ইতি মতং তর্হি তৎকথং জ্ঞাতব্যমিতি পৃচ্ছতি বদ্ধো মুক্তো বা কথং বর্ত্তেত ইত্যাদি কিং ভুঞ্জীত কথং ভুঞ্জীতেত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিন্ময়ত্বাদনাবৃতো জীব ন বধ্যতে ইতি চেৎ তর্হি বন্ধো ন সম্ভবতীত্যাহ। অনাবৃতঃ কথং বধ্যত ইতি ॥ ৩৪ ॥

যদি তু সৎস্বপি গুণেষু বিষয়েন্দ্রিয়াদিষু তদভিমানেন বধ্যতে তন্নিবৃত্ত্যা চ মুচ্যত ইতি মতং তর্হি ময়া তথা কথং জ্ঞাতব্যমিতি পৃচ্ছতি কথং বর্ত্তেতেত্যাদিনা। বর্ত্তনবিহরণ-ভোজনমূত্রপুরীষবিসর্জ্জনশয়নাসনগমনানি কর্ম্মাণি মুক্তস্য বদ্ধস্য চ তুল্যান্যেব দৃশ্যন্তে। তানি চ নিরভিমানানি সাভিমানানীতি ময়া কৈর্ব্বা লক্ষণৈর্ধ্যায়তে ইতি ॥ ৩৫ ॥

করত মায়াবন্ধনে যেরূপে আবদ্ধ না হন, তাহা আমার নিকট কীর্ত্তন করুন ॥ ৩৪ ॥

গুণসমুদায় বিদ্যমান থাকিতেও কেবল অভিমানে জীব যেরূপে বদ্ধ হয় এবং অভিমানের অভাবে যেরূপে মুক্ত হয়, আপনি এতদুভয়ের পার্থক্য অবধারণে বর্নন করুন; এবং বদ্ধ ও মুক্ত যেরূপ আচরণ ভোজন, মল মূত্রাদির পরিত্যাগ শয়ন ও অবস্থিতি করে এবং যে যে লক্ষণে এতদুভয়কে পরিজ্ঞাত হওয়া যায় ॥ ৩৫ ॥

আভাস।

তাঁহাদের ভববন্ধায় স্থূল সূক্ষ্ম উভয় দেহই ছিল, সে বিষয়ে আর সন্দেহ নাই। কিন্তু তাদৃশ দেহসত্ত্বেও তাঁহাদিগকে মুক্ত বলিতে হইলে, বদ্ধ আর কাহাকে বলিব? তাঁহাদের আত্মা আকাশবৎ অনাবৃত, অন্যের নহে; এরূপ বিচারও কখন যুক্তিসিদ্ধ নহে ॥ ৩৪ ॥

এতদচ্যুত মে ব্রূহি প্রশ্নং প্রশ্নবিদাম্বর।
নিত্যবদ্ধো নিত্যমুক্ত এক এবেতি মে ভ্রমঃ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

অন্বয়ঃ।

হে প্রশ্নবিদাম্বর অচ্যুত! এতৎ বিষয়কং মে মম প্রশ্নং ব্রূহি কথয়; যতঃ নিত্যবদ্ধঃ নিত্যমুক্তঃ এক এব ইতি মে ভ্রমঃ অস্তি ॥ ৩৬ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে দশমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

এতৎ এতদ্বিষয়ং প্রশ্নং কিঞ্চ এক এবাত্মা অনাদিগুণসম্বন্ধাৎ নিত্যবদ্ধঃ। মুক্তের্জ্ঞ-স্বেহনিত্যত্বপ্রসঙ্গান্নিত্যমুক্ত ইত্যপ্যঙ্গীকার্য্যং স্যাৎ তত্র মে ভ্রমো ভবতীত্যাহ নিত্যবদ্ধ ইতি ॥ ৩৬ ॥

॥ * ॥ ইত্যেকাদশে দশমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিত্যমুক্তো দত্তাত্রেয়ভরতাদিনির্ত্যবদ্ধো দেবদত্তযজ্ঞদত্তাদিস্তুল্যদৈহিকক্রিয়ত্বাদেক এবেতি ভ্রম ইতি বৈলক্ষণ্যস্তু ময়া গ্রহীতুমশক্যমপ্যস্ত্যেব তৎ ত্বয়াহং জ্ঞাপয়িতব্য ইতি ভাবঃ। অত্র নিত্যপদমনধিকার্থং ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশস্য দশমঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে সর্ব্বান্তর্যামিন্ সর্ব্বসংশয়চ্ছেদকারিন্ অচ্যুত! আপনি আমাকে উক্ত প্রশ্নের উত্তর প্রদানে কৃতার্থ করুন! কারণ নিত্যবদ্ধ ও নিত্যমুক্ত বলিয়া এক জীবকে লক্ষ্য করিতে আমার বিশেষ সন্দেহ উপস্থিত হইতেছে; আপনি আমার এই ভ্রম অপনোদিত করুন ॥ ৩৬ ॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের দশম অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

যদি বলেন, দেহেন্দ্রিয়াদি বিষয়বর্গ বিদ্যমান থাকিলেও এক অভিমানের অসদ্ভাবে জীব মুক্ত ও সদ্ভাবে জীব বদ্ধ এইটীই মীমাংসিত মত, তাহারই বা পরিচয় কিরূপে অবগত হওয়া যায়। অভিমানী ও নিরভিমানীর ভেদ কিরূপে অবধারণ করা যায়। দত্তা-ত্রেয়াদি ঋষিগণ মুক্ত এবং সাধারণ দেববাদি বদ্ধ যে যে কারণে নির্ণয় করা যায়, অনুগ্রহ পূর্ব্বক আপনি সেই সেই কারণের বিশদ ব্যাখ্যা করিয়া আমাকে বুঝাইয়া দিন! ॥ ৫।৩৬ ॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত আভাসের দশম অধ্যায় সমাপ্ত ॥

বিদ্যাবিদ্যে মম তনূ বিদ্ধ্যুদ্ধব শরীরিণাং।

অন্বয়ঃ।

হে উদ্ধব! মে মম মায়য়া সংকল্পরূপয়া বিনির্ম্মিতে শরীরিণাং জীবানাং আদ্যে বন্ধ-

শ্রীধরস্বামী।

অতো বস্তুতো বিরোধস্তাবন্নাস্তি প্রতীতিস্তৌপাধিকী ঘটত ইত্যাহ বিদ্যাবিদ্যে ইতি। তদ্যেতে মোক্ষবন্ধাবাভ্যামিতি মম তনূ শক্তী। কুতো মে মায়য়া বিনির্ম্মিতে মায়াবৃত্তি-রূপত্বাৎ। বন্ধমোক্ষকরীত্যেকবচনং দ্বিবচনার্থে। নমু তৎকার্য্যত্বে বন্ধমোক্ষয়োরনাদিত্ব-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু কেয়মবিদ্যা যয়া মিথ্যাভূতেঽপি গুণসম্বন্ধঃ স্ফোরিতস্তত্রাহ। বিদ্যাবিদ্যে মম তনূ। তন্তেতে বন্ধমোক্ষাবাভ্যামিতি তনূ শক্তী শরীরিণাং বন্ধমোক্ষকরী বন্ধমোক্ষকর্য্যৌ বিদ্যা মোক্ষকরী অবিদ্যা বন্ধকরীত্যর্থঃ। ইমে চ মে মম মায়য়া মহাশক্ত্যা বিনির্ম্মিতে সৃষ্টে। কিন্ত। মায়াবৃত্তিত্বাদেব তয়ো র্মায়াসৃষ্টত্বমৌপচারিকমেবোচ্যতে ইত্যাহ। আদ্যে অনাদী অনাদ্যনন্তমব্যক্তং নিত্যং কারণমব্যয়মিতি দ্বাদশোক্তেঃ পুংসোঽপি প্রকৃতিনি-

তৎ স্বারূপ্যের অনুভূতি ঘটিয়া থাকে মাত্র। সংসার কেবল উপাধিনিষ্ঠ; কখনই স্বরূপগত নহে ॥ ২ ॥

হে উদ্ধব! আমার সংকল্পরূপা মায়ার দ্বারা বিরচিত দেহধারী জীবের

আভাস।

অভ্যাসে বুদ্ধি স্বয়ং তত্তদ্রূপে পরিণত হইয়া আত্মপ্রকাশ করে; এবং বস্তুর অভাব থাকিলেও কেবল বুদ্ধির কাল্পনিক ভাব দর্শনেই উৎকণ্ঠিত হইয়া উঠে, সেইরূপ শোকমোহ বা দেহাপত্তি ও মৃত্যু মায়োপাধির সম্বন্ধে সূক্ষ্মদেহরূপ অন্তঃকরণে জীব অভিমান করত বিপন্ন হইয়া থাকে। মায়ার সৃষ্টিসম্পর্কে শোকমোহাদির সত্যতা থাকিলেও, অবিদ্যাকল্পিত বলিয়া সমস্তই মিথ্যা ও ভ্রান্তিমূলক ॥ ২ ॥

এক্ষণে প্রশ্ন হইয়াছে যে, সেই অবিদ্যা কাহাকে বলে এবং তাহার স্বরূপই বা কি? যাহার প্রভাবে গুণবন্ধন মিথ্যা হইলেও সত্যের ন্যায় প্রতীত হয়। তদুত্তরে ভগবান্ বলিয়াছেন যে, বিদ্যা এবং অবিদ্যা এই উভয়ই আমার দেহস্বরূপ; অর্থাৎ এতদুভয়ের দ্বারা জীবের বন্ধন এবং মুক্তি উভয়ই সাধিত হইয়া থাকে। অবিদ্যা বন্ধকর্ত্রী এবং বিদ্যা মোক্ষবিধায়িনী। এই উভয় বিদ্যা ও অবিদ্যা ভগবানের মহাশক্তি মায়ার দ্বারা বিরচিত হইয়াছে; উভয়ই মায়ার বৃত্তিমাত্র বলিয়া তদুভয়ের সৃষ্টিও ঔপচারিক মাত্র। মূল শক্তি অনাদী অব্যক্ত নিত্য অব্যয় এবং সর্ব্বকারণরূপা; সুতরাং তাহা হইতে উৎপন্ন হওয়ায় বিদ্যা ও অবিদ্যা নিত্যরূপে পরিগণিত। এই নিমিত্ত প্রধান, বিদ্যা ও অবিদ্যা বলিয়া মায়ার ত্রিবিধ শক্তি শাস্ত্রে নির্ণীত আছে। প্রধান বা প্রকৃতি দ্বারা জীবের

বন্ধমোক্ষকরী আদ্যে মায়য়া মে বিনির্ম্মিতে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

মোক্ষকরী বিদ্যাবিদ্যে মম তনূ (তন্যেতে বন্ধমোক্ষৌ আভ্যাং ইতি তনূ শক্তী এব) বিদ্ধি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

নিত্যত্বে ন স্যাতাং তত্রাহ আদ্যে অনাদী অতো যাবদবিদ্যাং প্রবর্ত্তয়ামি তাবদ্বন্ধঃ যদা বিদ্যাং দদামি তদা মোক্ষঃ স্ফুরতীত্যর্থঃ। তথাচ স্কন্দপুরাণে। বন্ধকো ভবপাশেন ভবপাশাচ্চ মোক্ষকঃ। কৈবল্যদঃ পরং ব্রহ্ম বিষ্ণুরেব সনাতন ইতি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যেতি বৈদ্যকোক্তেশ্চ মায়াশক্তিরিব তনূ তো বিদ্যাবিদ্যে অপি নিত্যে এব তদেবং মায়ায়াস্তিস্রো বৃত্তয়ঃ প্রধানমবিদ্যাবিদ্যা চ। প্রধানেনোপাধিঃ সত্য এব সৃজ্যতে অবিদ্যয়া তদধ্যাসো মিথ্যাভূতঃ বিদ্যয়া তদুপরাম ইতি ত্রিগুণাৎ কার্য্যং ॥ ৩ ॥

বন্ধন ও মুক্তির ব্যবস্থা যাঁহারা করেন, সেই অবিদ্যা ও বিদ্যা আমার ইচ্ছাশক্তিরূপা স্বীয় অঙ্গ বলিয়াই অবধারণ কর ॥ ৩ ॥

আভাস।

উপাধি সত্যরূপে সৃষ্ট হইয়াছে ; অবিদ্যার দ্বারা সেই দেহাদি উপাধিতে জীবের অধ্যাস হইয়া মিথ্যা আত্মস্বরূপের বোধ জন্মাইতেছে এবং বিদ্যার দ্বারা সেই অধ্যাসের বিনিবৃত্তি ঘটিয়া জীব বিমুক্ত হইতেছে ॥ ৩ ॥

প্রতীতিজনিত বন্ধ দেহধারী জীবমাত্রেই উপলক্ষিত হইয়া থাকে ; একের বন্ধকারণ নির্দ্দেশ করিলে, সাধারণত সকলেরই তাহা নির্দ্দেশ করা হয়। কারণ বদ্ধই বহুত্বের কারণ। ভ্রান্তি অপনোদিত হইলে, একত্ব বা বহুত্ব ইহার কোনটীকেই নির্দ্দেশ করিবার প্রয়োজন থাকিবে না। উভয় বোধই অমূলক হইয়া যাইবে। সাধারণত জীব সৃষ্ট জগতের ন্যায়, বিচারের বিষয় নহে ; সকল বিচার সমাপ্ত হইলে, যাহা অবশিষ্ট থাকে, তাহাই জীবতত্ত্ব। যেহেতুক ঈশ্বরের অংশই জীব। যেমন সূর্য্যের সঙ্গে তাহার রশ্মির সম্বন্ধ, যেমন ব্রহ্মাণ্ডের সহিত পরমাণুর সম্বন্ধ, সেইরূপ পূর্ণ চৈতন্যঘন পরমাত্মার সহিত চিৎকণ জীবের সম্বন্ধ। এক অদ্বিতীয় পরম পুরুষের অংশ বলিয়াই জীবকে শাস্ত্রাদিতে কীর্ত্তন করা হইয়াছে। কিন্তু অনন্ত অংশের সমষ্টিই অবশ্য যদি পরমাত্মা বলিয়া স্বীকার করিতে হয়, তাহা হইলে জীবের বন্ধনে পরমাত্মার বন্ধন স্বতঃই সম্ভবপর অনুমিত হইতে পারে ; তাহা হইলে, এতদবস্থায় বন্ধমোক্ষের ব্যবস্থাই দুর্ঘট হইয়া উঠে। পরমাত্মার বন্ধন ও অসম্ভব; তিনি নিত্য নিরতিশয় ঘনীভূত চিদানন্দে বিরাজমান; অতএব জীব যখন তাঁহারই অংশ, তখন জীব ও যে নিত্যমুক্ত নহে, এ যুক্তিও অযৌক্তিক মাত্র। তথাপি জীবের সুখ দুঃখাদি বদ্ধভাবের পরিচয় যে প্রত্যক্ষে দেখা যায়, সে কেবল ছায়াস্থানীয় জীবভাব

অথ বদ্ধস্য মুক্তস্য বৈলক্ষণ্যং বদামি তে।

অন্বয়ঃ।

অথ হে তাত! একধর্ম্মিণি (একস্মিন্ এব ধর্ম্মিণি শরীরে) স্থিতয়োঃ (নিয়ম্যনিয়ন্তৃ-

শ্রীধরস্বামী।

তদেবং ব্যবস্থামুপপাদ্য কথং বর্ত্তত ইত্যাদি বৈলক্ষণ্যপ্রশ্নস্যোত্তরমাহ অথেতি। তচ্চ বৈলক্ষণ্যং দ্বিবিধং জীবেশ্বরয়োরেকং। জীবানামেকং। তত্র জীবেশ্বরয়ো বৈলক্ষণ্যমাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তং। কৈ র্বা জ্ঞায়েত লক্ষণৈরিতি তত্রাহ অথেতি। অয়ং জীবো বদ্ধঃ অয়ং জীবো মুক্ত ইতি যথোচ্যতে। তথা জীবাত্মা বদ্ধঃ পরমাত্মা মুক্ত ইত্যপি। অয়মাত্মা অপহত-

অতএব হে বৎস! এখন স্পষ্টই বুঝিতেছ যে, এক দেহে সম্পূর্ণ বিপরীত ধর্ম্মাক্রান্ত উভয় জীব ও শিব একত্রই অবস্থিতি করিতেছেন। অবশ্য বদ্ধ

আভাস।

জ্ঞানের অনুভূতি হয়; অথচ সর্ব্বান্তে সকল জ্ঞান আমার হইতেছে বলিয়া, একটী বৃত্তি-শূন্য সর্ব্বসাক্ষীভূত জ্ঞান অনুমিত হয়; সে জ্ঞান কোন বিষয় বা বৃত্তির সম্বন্ধ রাখে না; অথচ সকল জ্ঞানের জ্ঞানপ্রদ; তাহাকেই জীবস্বরূপ ঈশ্বরাংশ বলিয়া শাস্ত্রে অভিহিত করা হইয়াছে। অনেক স্থলে প্রতিবিম্বস্থানীয় বলিয়া জীবকে নির্দ্দেশ করা হয়; কিন্তু জল-পূর্ণ ঘটের ভঙ্গে প্রতিবিম্ব বিলুপ্ত হইয়া যায়; আকাশে সূর্য্যমাত্রই থাকেন, সেইরূপ উপাধির বিলয়ে জীবের মুক্তি স্বীকার করিতে হইলে, যেন পূর্ব্বে জীবত্বের কোন অস্তিত্ব ছিল না; সম্বন্ধনিষ্ঠ একটী ভাবের উদ্ভাবনে অহং ভাবের উদয় হইয়াছিল, মুক্তিতে অহং ভাবের বিলয়ে জীবভাবের ব্যাঘাত মাত্র হইল। পূর্ব্বে যে আমি বলিয়া অন্তোপলব্ধি করিতেছিল, মুক্তিতে যে তাহার কোন সত্তা থাকিবে, তাহার স্থিরতা থাকে না; সুতরাং নিজের অভাব-রূপ মুক্তিকে কেহ কখন প্রার্থনা করে না। কিন্তু জীবের ধ্বংস কখন হয় না। অংশু-মালী যেমন অংশুজাল বিকীরণ পূর্ব্বক উদয় হন এবং পুনঃ সংগ্রহ করিয়াই অস্তাচলে গমন করেন; অংশু তাঁহার অংশ, তাঁহাতেই সংযুক্ত হয়; জীবসমূহও জগৎভাব বিসর্জ্জন করত পরমাত্মস্বরূপে সাযুজ্যপদ লাভ করে। জীব ব্যবহারিক অহংভাব পরিত্যাগ করিয়া পারমার্থিক অহংভাবে বিশ্রাম করে মাত্র। অতএব বন্ধন ও মুক্তি ঈশ্বরশক্তির ক্রিয়ান্তর মাত্র; নিত্যমুক্ত জীবস্বরূপে তাহার একবার অভিব্যক্তি ও পরে অন্তর্দ্ধান হয় মাত্র। জীব নিত্যমুক্ত হইলেও যেন বদ্ধের ন্যায় প্রতীত হন॥ ৪॥

বদ্ধমুক্তের পার্থক্য নির্ণয়ার্থ প্রকাশ করা হইয়াছে যে, নিরীহ স্বয়ং প্রভু সাক্ষীভূত পরমাত্মা মুক্ত এবং অধ্যাসবিশিষ্ট জীবকে বদ্ধ বলিয়া নির্ণয় করা হয়। ফলকামনায় ভোগার্থ যাহার প্রবৃত্তি, সেই বদ্ধ এবং ফল-নিরপেক্ষায় যাহার আত্মস্বরূপে অবস্থিতি থাকে,

বিরুদ্ধধর্ম্মিণোস্তাত স্থিতয়োরেকধর্ম্মিণি ॥ ৫ ॥
সুপর্ণাবেতৌ সদৃশৌ সখায়ৌ যদৃচ্ছয়ৈতৌ কৃতনীড়ৌ চ বৃক্ষে।

অন্বয়ঃ।

রূপেণ) বিরুদ্ধধর্ম্মিনোঃ জীবেশ্বরয়োঃ বদ্ধস্য মুক্তস্য চ বৈলক্ষণ্যং তে তুভ্যং বদামি ॥ ৫ ॥
এতৌ জীবেশ্বররূপৌ সুপর্ণৌ পক্ষিণৌ সদৃশৌ (চিদ্রূপত্বাৎ সমানরূপৌ) সখায়ৌ উপকার্য্যোপকারিতয়া স্থিতৌ যদৃচ্ছয়া আকস্মিকেনৈব বৃক্ষে (বৃশ্চতে ইতি বৃক্ষঃ দেহঃ

শ্রীধরস্বামী।

বিরুদ্ধধর্ম্মিণোরিতি সার্দ্ধদ্বয়েন। শোকানন্দধর্ম্মবতোরেকস্মিন্ ধর্ম্মিণি শরীরে নিযম্যনিয়ন্তৃ-রূপেণ স্থিতয়োঃ ॥ ৫ ॥
সুপর্ণৌ বৃক্ষাৎ পক্ষিণাবিব দেহাৎ পৃথগ্ভূতৌ সদৃশৌ চিদ্রূপত্বাৎ। সখায়ৌ অবিয়োগাদৈকমত্যাচ্চ। যদৃচ্ছয়া অনিরুক্তয়া মায়য়া। বৃশ্চ্যত ইতি বৃক্ষো দেহঃ। ঊর্দ্ধমূলমবাক্‌শাখং বৃক্ষং যো বেদ সংপ্রতীতি শ্রুতেঃ। ঊর্দ্ধমূলমধঃশাখমশ্বত্থং প্রাহুরব্যয়মিতি স্মৃতেশ্চ। তস্মিন্ কৃতং নীড়ং নিকেতনং হৃদয়রূপং যাভ্যাং তৌ তয়োর্মধ্যে একো জীবঃ পিপ্পলান্নং পিপ্পলোঽশ্বত্থো দেহস্তস্মিন্নদনীয়ং কর্ম্মফলমিত্যর্থঃ। খাদতি ভক্ষয়তি। অন্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাপ্নোতি যদুচ্যত এবেত্যতঃ প্রথমং জীবাত্মপরমাত্মনোর্বৈলক্ষণ্যমাকর্ণয়েত্যাহ সার্দ্ধদ্বয়েন। বিরুদ্ধধর্ম্মিণোঃ শোকানন্দধর্ম্মবতোরেকস্মিন্ ধর্ম্মিণি শরীরে নিযম্যনিয়ন্তৃত্বেন স্থিতয়োঃ ॥৫
সুপর্ণৌ বৃক্ষাৎ পক্ষিণাবিব দেহাৎ পৃথগ্ভূতৌ সদৃশৌ চিদ্রূপত্বাৎ সখায়ৌ সহযোগাৎ। যদৃচ্ছয়েতি বৃক্ষয়োরাসক্ত্যনাসক্তিপূর্ব্বকনীড়করণে তদীয়পিপ্পলান্নভোক্তিত্বাভোক্তিত্বে চ হেত্বভাব উক্তঃ। মায়য়া বৃশ্চ্যত ইতি বৃক্ষো দেহঃ। ঊর্দ্ধমূলমবাক্‌শাখং বৃক্ষং যো বেদ সংপ্রতীতি শ্রুতেঃ। ঊর্দ্ধমূলমধঃশাখমশ্বত্থং প্রাহুরব্যয়মিতি স্মৃতেশ্চ। তস্মিন্ বৃক্ষে আসক্ত্যনাসক্তিপূর্ব্বকং কৃতং নীড়ং নিকেতনং হৃদয়রূপং যাভ্যাং তৌ তয়ো-

জীব এবং মুক্ত শিব নিয়ম্য নিয়ন্তৃভাবে যেরূপে এক দেহে বাস করেন, তাঁহাদের পার্থক্য তোমার নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ॥ ৫ ॥
এই পক্ষিরূপী জীব ও ঈশ্বর চৈতন্যসারূপ্যে সদৃশভাবে দেহরূপ বৃক্ষে বসতি করিয়া থাকেন। জীব সতত উপকারক ঈশ্বরের আনুকূল্যে

আভাস।

তিনিই মুক্ত। এতদর্থে বৃক্ষস্থ পক্ষিদ্বয়ের দৃষ্টান্তে জীবাত্মা ও পরমাত্মা এবং মুক্ত ও বদ্ধাবস্থার পরিচয় গ্রন্থকার প্রদর্শন করিয়াছেন। ভগবচ্ছক্তিরূপা প্রধানের প্রবৃত্তিতে নির্ম্মিত কিন্তু অনবরত ধ্বংসশীল দেহকে বৃক্ষের সহিত তুলনা করিয়াছেন। এবং জীবস্বরূপ বা ঈশ্বরভাবের সহিত নিরাকাঙ্ক্ষ পক্ষীর তুলনা দিয়াছেন, যাহার আনুগত্য লাভে জীবভাব

একস্তয়োঃ খাদতি পিপ্পলান্নমন্যো নিরন্নোঽপি বলেন ভূয়ান্ ॥ ৬ ॥
আত্মানমন্যঞ্চ স বেদ বিদ্বানপিপ্পলাদো নতু পিপ্পলাদঃ।

অন্বয়ঃ।

তস্মিন্), কৃতনীড়ৌ (কৃতং নীড়ং হৃদয়রূপং নিকেতনং যাভ্যাং তৌ) এব ; তয়োঃ মধ্যে একঃ জীবঃ পিপ্পলান্নং (পিপ্পলঃ অশ্বত্থঃ দেহঃ তস্মিন্ অদনীয়ং কর্ম্মফলং সুখদুঃখাদিকং) খাদতি ভক্ষয়তি অনুভবতি, অন্যঃ ঈশ্বরঃ, তু নিরন্নঃ কর্ম্মফল-বিষয়-ভোগ-রহিতঃ অপি বলেন জ্ঞানাদিশক্ত্যা ভূয়ান্ ততোঽধিকঃ ॥ ৬ ॥

তত্র যঃ অপিপ্পলাদঃ বিদ্বান্ সঃ আত্মানং অন্যঞ্চ বেদ জানাতি। যস্তু পিপ্পলাদঃ স

শ্রীধরস্বামী।

ঈশ্বরো নিরন্নঃ অভোক্তাপি নিজানন্দতৃপ্তো বলেন জ্ঞানাদিশক্ত্যা ভূয়ান্ অধিকঃ। শ্রুতিশ্চ দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্-ন্যোঽভিচাকশীতি ॥ ৬ ॥

বলাধিক্যমেবাহ আত্মানমিতি। অতো যোঽবিদ্যয়া যুক্ যুক্তঃ সতু নিত্যবদ্ধঃ অনাদি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মধ্যে একো জীবঃ পিপ্পলান্নং পিপ্পলোঽশ্বত্থো দেহস্তস্মিন্নদনীয়ং কর্ম্মফলমিত্যর্থঃ। খাদতি ভুঙ্‌ক্তে অন্যঃ পরমাত্মা নিরন্ন অভোক্তাপি নিজানন্দতৃপ্তো বলেন জ্ঞানাদিশক্ত্যা ভূয়ান-ধিকঃ। শ্রুতিশ্চ। দ্বাসুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্ন্যোঽভিচাকশীতি ॥ ৬ ॥

স পরমাত্মা আত্মানং স্বং অন্যং জীবঞ্চ বেদ ন পিপ্পলং কর্ম্মফলমত্তীতি সঃ। পিপ্পলাদো জীবস্তু নতু স্বমন্যঞ্চ বেদ। যুক্ যুক্তঃ স নিত্যবদ্ধো জীবঃ। বিদ্যাময় ইতি বিদ্যাশব্দে-

পরস্পরে বন্ধুভাবে অবস্থিতি পূর্ব্বক অশ্বত্থরূপী দেহবৃক্ষের সুখদুঃখাদি কর্ম্ম-ফল উপভোগ করিয়া থাকে ; কিন্তু ঈশ্বর দেহস্থ হইয়াও কর্ম্মফলবিষয়ে ভোগশূন্য ও নিজ জ্ঞানশক্তিতেই সর্ব্বশ্রেষ্ঠভাবে বিরাজ করেন ॥ ৬ ॥

যে জীব বিজ্ঞান ও বৈরাগ্যবলে বৃক্ষস্থ ফলের প্রতি আসক্ত হইয়া উন্মত্তভাবে ফলভোজনেই সময় অতিবাহিত না করেন, তিনি আত্মস্বরূপ

আভাস।

বা বিষয়াভিমানরূপ দ্বিতীয় পক্ষী বৃক্ষস্থানীয় দেহের জন্মজন্মার্জ্জিত ফলসমূহ উপভোগ করে। ঈশ্বরভাব মূল অহংবাচ্য জীবস্বরূপ নিত্যজ্ঞানাদিমান্ ও বিশুদ্ধ অংশুস্থানীয় ; জীবভাব কেবল তাদাত্ম্যবোধে চিদাভাসস্থানীয় মাত্র ॥ ৫ ॥ ৬ ॥

পরমাত্মা নিত্যমুক্ত ; তিনি অন্তরঙ্গ চিচ্ছক্তিরূপা বিদ্যার দ্বারা বিনিবিষ্ট ; সুতরাং আত্মস্বরূপ ও জীবস্বরূপ উভয়ভাবেই সম্যক্ পরিজ্ঞাত আছেন। অভিনব আনন্দ বা

যোঽবিদ্যয়া যুক্ স তু নিত্যবদ্ধো বিদ্যাময়ো যঃ স তু নিত্যমুক্তঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

তু ন (আত্মানং পরমাত্মানং চ) বেদ। যঃ অবিদ্যয়া যুক্ যুক্তঃ স তু নিত্যবদ্ধঃ যস্ত বিদ্যা-ময়ঃ সর্ব্বজ্ঞঃ ঈশ্বরঃ স তু নিত্যমুক্তঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

বদ্ধঃ যস্ত বিদ্যাপ্রধানঃ স তু নিত্যমুক্তঃ। মায়য়া অনাবরকত্বাৎ আশ্রয়াব্যামোহকত্বাচ্চ ॥ ৭

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাত্রান্তরঙ্গচিচ্ছক্তিরুচ্যতে। নতু বহিরঙ্গমায়াশক্তিবৃত্তিঃ। তথাচ গোপালতাপনী শ্রুতিঃ। দ্বৌ সুপর্ণৌ ভবতো ব্রহ্মণোঽংশভূতস্তথেতরো ভোক্তা ভবতি অন্যো হি সাক্ষী ভবতীতি ভোক্তাভোক্তারৌ বৃক্ষধর্ম্মে তিষ্ঠতঃ যত্র বিদ্যাবিদ্যে ন বিদামো বিদ্যাবিদ্যাভ্যাং ভিন্নো বিদ্যাময়ো হি যঃ স কথং বিষয়ী ভবতীতি স্মৃতিশ্চ। ছায়াতপৌ যত্র ন গৃধ্র-পক্ষাবিতি ছায়াতপৌ অবিদ্যাবিদ্যে ইতি ব্যাখ্যা ॥ ৭ ॥

ও পরমাত্মতত্ত্ব উভয়ই একত্র উপলব্ধি করিতে পারেন। আর যে জীব ফল ভোজন করে, সে আত্মতত্ত্ব ও পরতত্ত্ব অবধারণে সক্ষম হয় না। অবিদ্যা-যুক্ত জীব নিত্যবদ্ধ এবং বিদ্যাময় সর্ব্বজ্ঞ ঈশ্বর নিত্যমুক্ত ॥ ৭ ॥

আভাস।

তৃপ্তিলাভের জন্য স্বষ্টফলে আর আসক্ত হন না; কারণ সকলই তাঁহার অধীন। জীব বহিরঙ্গা মায়াশক্তির বশবর্ত্তী হওয়ায়, ভোগ তাহার অধীনে থাকে না; তাহাকে ভোগের অধীনতা স্বীকার করিতে হয়। কর্ম্মক্ষেত্রে প্রবৃত্ত হইলে, ভোগ জীবকে আশ্রয় করে; সুতরাং ভোগের প্রভাবে জীব নিজের স্বরূপ ও পরমাত্মস্বরূপ অবগত হইতে পারে না; কেবল ফলভোগেই আপনার চরিতার্থতা জ্ঞান করে। যখন এই ভোগাসক্তি অন্তর্হিত হয়, তখনই জীব আত্মস্বরূপের অবধারণে পরমাত্মাকে পরিজ্ঞাত হইতে পারে। জীব ভোক্তা ও পরমাত্মা সাক্ষী; কিন্তু এস্থলে স্মরণ রাখিতে হইবে যে, বৃক্ষধর্ম্মরূপ কর্ম্মফলাদি-বিশিষ্ট সংসারধর্ম্মেই পরমাত্মার বিদ্যাবিশিষ্টত্বের পরিচয় দেওয়া হইয়াছে; প্রকৃত প্রস্তাবে তিনি বিদ্যা ও অবিদ্যা এতদুভয়েরই অতীত। কারণ আবরণরূপা অবিদ্যার নিরূপণ হওয়াতেই, নিরাবরণ বিদ্যার নাম ও রূপের নিরূপণ করা হয় মাত্র। অবিদ্যা বা তৎকার্য্য ধ্বংস হইলে, ছায়ার নিবৃত্তিতে আতপের অনুল্লেখের ন্যায়, বিদ্যার আর উল্লেখের প্রয়োজন করে না ॥ ৭ ॥

এক্ষণে দশটী শ্লোক দ্বারা ভগবান্ বদ্ধ ও মুক্তপুরুষের পরস্পরে বৈলক্ষণ্য প্রকাশ করিয়াছেন। তন্মধ্যে প্রথম তিনটী শ্লোক দ্বারা বিদ্বান্ ব্যক্তি পূর্ব্বসঞ্চিত সংস্কারবশে দেহোপাধিতে অবস্থান করিলেও যেরূপে মুক্ত বলিয়া পরিচিত, তাঁহারই নিরূপণ করিয়াছেন। অর্থাৎ স্বপ্নদর্শন কালে স্বাপ্নিক বস্তুকে সত্যবৎ প্রতীত ও তন্নিষ্ঠ সুখ

দেহস্থোঽপি ন দেহস্থো বিদ্বান্ স্বপ্নাদ্‌যথোত্থিতঃ।
অদেহস্থোঽপি দেহস্থঃ কুমতিঃ স্বপ্নদৃগ্ যথা ॥ ৮ ॥

অন্বয়ঃ।

স্বপ্নাৎ উত্থিতঃ জনঃ যথা তথা বিদ্বান্ জীবন্মুক্তঃ দেহস্থঃ অপি দেহস্থঃ ন ভবতি ; তথা স্বপ্নদৃক্ স্বপ্নদেহগতঃ যথা ইব, কুমতিঃ দেহাদ্যাত্মাধ্যাসবান্ অজ্ঞঃ অদেহস্থঃ অপি দেহস্থঃ ভবতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

ইদানীং বদ্ধমুক্তজীবানামেব মিথো বৈলক্ষণ্যমাহ দেহস্থোঽপীতি দশভিঃ বিদ্বান্ মুক্তঃ সংস্কারবশেন দেহস্থোঽপি দেহস্থো ন ভবতি। যথা স্বপ্নাদুত্থিতঃ স্মর্য্যমাণে স্বপ্নদেহে স্থিতোঽপি তত্রস্থো ন ভবতি তদ্গতসুখদুঃখাদ্যভাবাৎ তদ্বৎ। তথা বস্তুতোঽদেহস্থোঽপি কুমতিরবিদ্বান্ দেহস্থঃ তন্নিমিত্তসুখদুঃখভাক্ যথা স্বপ্নদেহগত ইতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ বদ্ধমুক্তয়ো র্জীবয়োর্মিথো বৈলক্ষণ্যমাহ দেহস্থোঽপীতি দশভিঃ। তত্র ত্রিভিঃ কথং বর্ত্তেতেত্যস্যোত্তরমাহ বিদ্বান্ মুক্তঃ সংস্কারবশেন দেহস্থোঽপি দেহস্থো ন ভবতি। যথা স্বপ্নাদুত্থিতঃ রাধিতানুবৃত্তিন্যায়েন স্মর্য্যমাণে স্বপ্নদেহে স্থিতোঽপি তত্রস্থো ন ভবতি তদ্গতসুখদুঃখয়োঃ স্বনিষ্ঠত্বেনাপ্রতীতেঃ। তথা বস্তুতো ন দেহস্থোঽপি কুমতিরবিদ্বান্ দেহস্থঃ তন্নিমিত্তসুখদুঃখভাক্ যথা স্বপ্নদৃক্ স্বপ্নান্ পশ্যন্ স্বপ্নদেহগতঃ ॥ ৮ ॥

নিদ্রাভঙ্গে স্বাপ্নিক পদার্থের প্রতি যেমন কোন আসক্তি জন্মে না, জীবন্মুক্ত বিদ্বান্ ব্যক্তিও সেইরূপ দেহস্থ ফলের প্রতি কোন বাসনা করেন না ; কিন্তু নিদ্রিত ব্যক্তি যেমন স্বপ্নকে প্রত্যক্ষের ন্যায় উপলব্ধি করে, সেইরূপ মোহনিদ্রায় অভিভূত ভ্রান্ত মানব দেহে অধ্যাস বশত তত্রত্য ভোগাদিতে অভিভূত থাকে ॥ ৮ ॥

আভাস।

দুঃখাদিতে কোন ব্যক্তি অভিভূত হইলেও যেমন নিদ্রাভঙ্গে সে সমস্ত প্রতীতিকে মিথ্যা ও ভ্রম বোধে, সেই ব্যক্তিই আবার তাহাকে উপেক্ষা করে, অথচ স্বপ্নাবস্থা বিস্মৃত হয় না, সেইরূপ মায়ানিদ্রার ভঙ্গে, জীব মায়াত্মক দেহে অবস্থান করিলেও মায়াময় সুখ দুঃখাদিতে আর ভ্রান্ত হয় না ; জাগরিতের ন্যায় নিজস্বরূপ অবগত থাকিয়াই বাহ্যবিষয় অবলম্বন না করিয়াও সুস্থভাবে অবশিষ্ট কালের জন্য প্রতীক্ষা করে মাত্র। কিন্তু ভ্রান্ত জীব স্বপ্নদর্শনের ন্যায়, মায়াময় অলিক দেহধর্ম্মে আবিষ্ট থাকিয়া, তন্নিমিত্ত সুখদুঃখাদিতে বিব্রত হইতে থাকে ॥ ৮ ॥

মহামায়ার গুণত্রয়েই এই ব্রহ্মাণ্ড রচিত ; সাজাত্য সম্বন্ধেই পরস্পরের মিলন ঘটে ; সুতরাং গুণময়ে গুণময়ে এবং গুণাতীতের সহিত গুণাতীতেরই মিলন সম্ভব। বিরোধী

ইন্দ্রিয়ৈরিন্দ্রিয়ার্থেষু গুণৈরপি গুণেষু চ।
গৃহ্যমাণেষ্বহং কুর্য্যান্ন বিদ্বান্ যস্ত্ববিক্রিয়ঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ইন্দ্রিয়ৈঃ ইন্দ্রিয়ার্থেষু তথা গুণৈঃ গুণকার্য্যৈঃ গুণেষু শব্দাদিবিষয়েষু, গৃহ্যমাণেষু অপি যস্তু অবিক্রিয়ঃ রাগাদিশূন্যঃ বিদ্বান্ সঃ অহং ন কুর্য্যাৎ (অহং গৃহ্নামি ইতি ন করোতি) ॥৯

শ্রীধরস্বামী।

অত্র হেতুত্বেন বৈলক্ষণ্যান্তরমাহ দ্বাভ্যাং। ইন্দ্রিয়ৈরিন্দ্রিয়ার্থেষু গৃহ্যমাণেষ্বপি যস্তু বিদ্বান্ স নাহং কুর্য্যাৎ অহং গৃহ্নামীতি মতিং ন কুর্য্যাদিত্যর্থঃ। কুতঃ গুণৈর্গুণেষু গৃহ্যমাণেষু অতএব অবিক্রিয়ঃ রাগাদিশূন্যঃ। তদুক্তং গীতাসু। তত্ত্ববিত্তু মহাবাহো গুণকর্ম্ম-বিভাগয়োঃ। গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জত ইতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রিয়ৈর্গুণৈরিন্দ্রিয়ার্থেষ্বপি গুণেষু গৃহ্যমাণেষু ন অহং কুর্য্যাৎ অহং গৃহ্নামীতি মতিং ন কুর্য্যাৎ। নিরহঙ্কারিত্বে লিঙ্গং অবিক্রিয়স্তত্তদ্বিকাররহিতঃ। বিকারবত্ত্বেঽপি অহং ন কিমপি করোমীতি বাচৈব ব্রুবন্ কপটী মহাবদ্ধো জ্ঞেয়ঃ ॥ ৯ ॥

গুণোৎপন্ন ইন্দ্রিয়বর্গ গুণকার্য্য শব্দাদি বিষয়বর্গকে গ্রহণ করে; অতএব আসক্তিশূন্য বিবেকী যে পুরুষ অভিমান বিসর্জনে "আমি করিতেছি" এরূপ জ্ঞান না করেন, তিনিই প্রকৃত পণ্ডিত এবং বুদ্ধিমান্ ॥ ৯ ॥

আভাস।

পদার্থের একত্র মিলন সম্ভব নহে; কারণ তাহা হইলে কোন একটীর ধ্বংস যে হইবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। সাধারণ দৃষ্টিতে জল ও হুতাশনের সাজাত্য সম্বন্ধ নাই; সুতরাং উভয়ের মিলনে, কালক্রমে একের তিরোভাব অবশ্যম্ভাবী। অতএব পুরুষও প্রকৃতির পরস্পরে মিলন অসম্ভব; কালক্রমে কোন একটীর যে ধ্বংস হইবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। অতএব বিপরীত ভাবাপন্ন পুরুষ ও প্রকৃতির মিলন হইয়াছে, একথা বলা যায় না; কারণ মিলনে শান্তি; বিরোধে ধ্বংস; ইহাই সর্ব্বত্র পরিদৃষ্ট হইয়া থাকে। অতএব পুরুষপ্রকৃতির একত্রাবস্থানকে মিলন বলা অপেক্ষা, বরং বিরোধ বলিলে অত্যুক্তি হয় না। বিরোধী বলিদ্বয় যেমন পরস্পরকে নিজের আয়ত্তাধীন করিবার জন্যই পরস্পরে যত্ন করে, সেইরূপ পুরুষ ও প্রকৃতি পরস্পরে পরস্পরকে নিজের আয়ত্তাধীন করিবার জন্যই পরস্পরে চেষ্টা করিতেছে। তন্মধ্যে যে বলবান্, সেই অন্যকে অভিভূত করিয়া ফেলে। প্রকৃতির বলাধিক্য কালে জীব বদ্ধ এবং পুরুষের বলাধিক্য কালে, জীব মুক্ত। কিন্তু পুরুষের বলাধিক্যে যেমন প্রকৃতি তৎপক্ষে ধ্বংস হইয়া যায় ও পুরুষ মুক্ত হয়, সেরূপ প্রকৃতির প্রাবল্যদশায় পুরুষের একেবারে অবসন্ন ঘটে না। পুরুষ যতই হীনাবস্থায় উপনীত হউন না, কখনই তাঁহার লোপাপত্তি হইবে না; কারণ সত্তাই তাঁহার স্বরূপ।

দৈবাধীনে শরীরেঽস্মিন্ গুণভাব্যেন কর্ম্মণা।
বর্ত্তমানোঽবুধস্তত্র কর্ত্তাস্মীতি নিবধ্যতে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

অবুধঃ তু দৈবাধীনে পূর্ব্বকর্ম্মাধীনে অস্মিন্ শরীরে বর্ত্তমানঃ সন্ গুণভাব্যেন ইন্দ্রিয়কার্য্যেণ, কর্ম্মণা অহং কর্ত্তা অস্মি ইতি অভিমানেন তত্র দেহে নিবধ্যতে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অবুধস্তু পূর্ব্বকর্ম্মাধীনেঽস্মিন্ শরীরে বর্ত্তমানঃ গুণৈরিন্দ্রিয়ৈর্ভাব্যেন কর্ম্মণা তত্র দেহাদৌ নিবধ্যতে। কুতঃ কর্ত্তাস্মীতি অহঙ্কারেণ। তদুক্তং তত্রৈব। প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ। অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে ইতি। এতৈস্ত্রিভিঃ শ্লোকৈঃ কথং বর্ত্তেতেত্যস্য প্রশ্নস্য সুখদুঃখশূন্যো নিরভিমানশ্চ দেহে বর্ত্তেতেত্যুত্তরমুক্তং ভবতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈবাধীনে পূর্ব্বকর্ম্মাধীনেঽস্মিন্ শরীরে বর্ত্তমানঃ গুণৈরিন্দ্রিয়ৈর্ভাব্যেন কৃতেন কর্ম্মণা নিবধ্যতে। কুতঃ কর্ত্তাস্মীত্যহঙ্কারেণ। যদুক্তং। অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যত ইতি ॥ ১০ ॥

অজ্ঞানী মূর্খ ব্যক্তি কিন্তু পূর্ব্ব-কর্ম্মার্জ্জিত দেহে অবস্থান পূর্ব্বক গুণদীপিত ইন্দ্রিয়ের কর্ম্মে "আমি করিতেছি" ইত্যাকার জ্ঞানে অভিমান পূর্ব্বক দেহেই বদ্ধ হইয়া থাকে ॥ ১০ ॥

আভাস।

কিন্তু প্রকৃতি যেমনই হীনাবস্থায় পরিণত হইবেন, ক্রমশই তাঁহার তিরোভাব ঘটিবে; কারণ মিথ্যাই তাঁহার স্বরূপ; পুরুষ সত্তাতিরিক্ত প্রকৃতির ভিন্ন সত্তা নাই। সেই জন্যই প্রকৃতির বিরাম ঘটে ও পুরুষের মুক্তি হয়। অতএব পুরুষপ্রকৃতির মিলন কখন সুখাবহ নহে; নিরন্তর দুঃখাবহ যে হইতেছে, সে বিষয়ে আর সন্দেহ নাই। তবে যে, ভোগে তৃপ্তির অনুভব হয়, সে কেবল প্রাকৃতিক অনুকূল পদার্থদ্বয়ের মিলনে মাত্র; চিজ্জড়ের সম্বন্ধে কখনই নহে। প্রাকৃতিক অনুকূল পদার্থের মিলনে সুখ এবং প্রতিকূল পদার্থের মিলনে দুঃখ। মানবের দেহ যে পরিমাণে উষ্ণ বা শীতল, তদনুকূল তুল্য উষ্ণ বা তুল্য শীতল পদার্থের মিলনে দেহের তৃপ্তি সাধন হয়; জীবস্বরূপ তথায় কেবল সাক্ষিরূপে বিদ্যমান থাকিয়া এই তৃপ্তি বা অতৃপ্তির উপপত্তি ঘটান মাত্র। নিজে তৃপ্ত বা অতৃপ্ত কখন হন না। জগতে যাহার অভাব, তাহারই দুঃখ এবং যাহারই পূরণ তাহারই তৃপ্তি প্রত্যক্ষসিদ্ধ; অতএব দেহ ও ইন্দ্রিয়াদিতে বিভিন্ন ভাবের অবলম্বনে যখন দুঃখ ও তৃপ্তির পরিচয় পাওয়া যায় এবং তজ্জাতীয় পদার্থের অভাবে বা পূরণে যখন দুঃখ বা সুখের উপলব্ধি হয়, তখন অভাব বা পূরণ দেহ ও ইন্দ্রিয়াদিরই হইবে, সন্দেহ নাই। সুতরাং

এবং বিরক্তঃ শয়ন আসনাটনমজ্জনে।
দর্শনস্পর্শনঘ্রাণভোজনশ্রবণাদিষু।
ন তথা বধ্যতে বিদ্বাংস্তত্র তত্রাদয়ন্ গুণান্॥ ১১॥

অন্বয়ঃ।

এবং বিরক্তঃ বিদ্বান্ তত্র তত্র বিষয়েষু গুণান্ ইন্দ্রিয়াণি আদয়ন্ ভোজয়ন্ শয়নে অসনাটনমজ্জনে (বর্ত্তমানোঽপি) দর্শনস্পর্শনঘ্রাণভোজনশ্রবণাদিষু তথা ন বধ্যতে॥ ১১॥

শ্রীধরস্বামী।

বৈলক্ষণ্যান্তরং বদন্ কিং ভুঞ্জীত ইত্যাদি প্রশ্নোত্তরমাহ এবমিতি ত্রিভিঃ। অন্যগতমেব কর্ম্ম মাং বধ্নাতীত্যেবং বিরক্তো বিদ্বান্ তথা অবিদ্বানিব শয়নাসনাদিষু ন বধ্যতে। কুতস্তত্র তত্র বিষয়েষু গুণান্ ইন্দ্রিয়াণ্যপি আদয়ন্ ভোজয়ন্ তৎসাক্ষিত্বেন বর্ত্তমানঃ নতু স্বয়মদন্॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং ভুঞ্জীতেতি যদুক্তং তত্রাহ এবমিতি ত্রিভিঃ। ন তথা বধ্যতে ইতি শয়নাসনাদিষু যথা অবিদ্বাংস্তত্র তত্রাসক্ত্যা তত্তদুপায়ো দ্বাভ্যাং হর্ষশোকাভ্যাং বধ্যতে তথা। তেন বাধিতানুবৃত্তিন্যায়েন কিঞ্চিন্মাত্রহর্ষশোকবত্ত্বেঽপি ন ক্ষতিঃ। যতো বিরক্তঃ। তত্র

বিদ্যান্ ব্যক্তি ভোগ্যবিষয় সমূহ ইন্দ্রিয়ের দ্বারা ভোগ করিলেও এক অনাসক্তির গুণে শয়ন, আসন, ভ্রমণ ও মজ্জনাদি ক্রিয়াতে ব্যাপৃত থাকিয়াও দর্শন, শ্রবণ ও ভোজনাদি তত্তৎ কর্ম্মে আবদ্ধ হন না॥ ১১॥

আভাস।

প্রাকৃতিক পদার্থের দ্বারা প্রাকৃতিক পদার্থের অভাব বা পূরণ এবং তজ্জনিত সুখদুঃখাদির উপপত্তি সন্দেহ নাই। সুতরাং বিষয়ের সহিত ইন্দ্রিয়ের মিলন ঘটে; আত্মার মিলন হয় না। আত্মা কোন কর্ম্ম করেন না, বা বস্তুতে মিলিত হন না। তবে দেহেন্দ্রিয়াদির মিলন বস্তুর সহিত ঘটে; দেহ ও ইন্দ্রিয়ই সুখ দুঃখ সহ্য করে; আত্মা কেবল তাহার উপপত্তি ঘটান মাত্র। কিন্তু আত্মা যখন প্রকৃতির মায়ায় অভিভূতের ন্যায় হইয়া পড়েন, তখনই প্রকৃতির কর্ম্ম আপনাতে আরোপ করত কর্ত্তাজ্ঞানে বদ্ধ হন। অতএব এই তিনটী শ্লোকের দ্বারা দেহস্থ মুক্তপুরুষের লক্ষণ নিরূপণ করত, কিভাবে মুক্তপুরুষ দেহে বসতি করেন, এই উদ্ধবোক্ত প্রশ্নের উত্তর দেওয়া হইয়াছে॥ ৯॥ ১০॥

যোগী দেহ ধারণে কিরূপ ভোগ করেন। এই প্রশ্নের উত্তর তিনটী শ্লোক দ্বারা প্রতিবোধনার্থ বলিয়াছেন যে, ভোগী আসক্তি সহকারে ইন্দ্রিয়াদি করণগ্রামের দ্বারা উৎপন্ন সুখ দুঃখাদিতে হর্ষ ও শোক করত বদ্ধ হয়; কিন্তু বীতরাগী বিদ্বান্ সে সমস্ত সুখদুঃখাদি শরীর ও ইন্দ্রিয়ের ধর্ম্মবোধে নির্লিপ্ত ভাবে অবস্থান করিয়াই মুক্ত হন। স্বয়ং সাক্ষিরূপে

প্রকৃতিস্থোঽপ্যসংসক্তো যথা খং সবিতানিলঃ ॥ ১২ ॥
বৈশারদ্যেক্ষয়াসঙ্গশিতয়া ছিন্নসংশয়ঃ।
প্রতিবুদ্ধ ইব স্বপ্নান্নানাত্বাদ্বিনিবর্ত্ততে ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

যথা খং (আকাশঃ সর্ব্বত্রাবস্থিতমপি) সবিতা সূর্য্যঃ (সর্ব্বলোকস্য চক্ষুরপি) অনিলঃ (সর্ব্বত্রগোঽপি) ন লিপ্যতে তথা অসংসক্তঃ বিদ্বান্ প্রকৃতিস্থঃ অপি ন বধ্যতে ॥ ১২ ॥

অসঙ্গশিতয়া (অসঙ্গেন বৈরাগ্যেণ শিতয়া তীক্ষ্ণয়া বৈশারদ্যা নিপুণয়া ঈক্ষয়া বুদ্ধ্যা ছিন্নসংশয়ঃ (ছিন্নাঃ সংশয়াঃ অসম্ভাবনাদয়ঃ যস্য সঃ) স্বপ্নাৎ প্রতিবুদ্ধঃ জাগরিতঃ ইব নানাত্বাৎ ভেদদর্শনাৎ বি বিশেষেণ নিবর্ত্ততে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

এতদেব কুতস্তত্রাহ প্রকৃতিস্থোঽপীতি সার্দ্ধেন। যথা খং সর্ব্বত্র স্থিতমপি ন সজ্জতে যথা সবিতা জলে প্রতিবিম্বিতোঽপি যথানিলঃ সর্ব্বত্র সঞ্চরন্নপি তদ্বৎ ॥ ১২ ॥

অসঙ্গেন বৈরাগ্যেণ শিতয়া তিক্ষ্ণয়া ছিন্নাঃ সংশয়া অসম্ভাবনাদয়ো যস্য সঃ নানাত্বাৎ দেহাদিপ্রপঞ্চাৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র বিষয়েষু গুণানিন্দ্রিয়াণি আদয়ন্ ভোজয়ন্ তৎসাক্ষিত্বেন বর্ত্তমানঃ নতু স্বয়মদন্ ॥ ১১ ॥ ১২ ॥

এতদেব কুতস্তত্রাহ প্রকৃতিস্থোঽপীতি সার্দ্ধেন। যথা খং সর্ব্বত্র স্থিতমপি ন সজ্জতে যথা সবিতা সর্ব্বত্র কিরণজালং প্রসারয়ন্নপি যথাচ অনিলঃ সর্ব্বত্র সঞ্চরন্নপি তদ্বৎ। অসঙ্গেন বৈরাগ্যেণ শিতয়া তীক্ষ্ণয়া ছিন্নাঃ সংশয়া অসম্ভাবনাদয়ো যস্য সঃ। নানাত্বাৎ নানাদেহপ্রপঞ্চাৎ ॥ ১৩ ॥

আকাশ যেমন সর্ব্বত্র ব্যাপ্ত থাকিয়াও কোন স্থানে বদ্ধ নহে, সূর্য্য যেমন লোকলোচন হইয়াও লৌকিক সুখদুঃখাদিতে লিপ্ত নহেন এবং বায়ু সর্ব্বত্র সঞ্চরণ করিয়াও যেমন কোন বিষয়ে মিলিত হয় না, তদ্রূপ প্রজ্ঞাবান্ ব্যক্তিগণ প্রকৃতির অন্তরে বিদ্যমান থাকিয়াও তাহার কোন বিষয়ে আসক্ত হন না ॥ ২৪ ॥

তীক্ষ্ণ বৈরাগ্যের দ্বারা শানিত বৈশারদী বুদ্ধিসহকারে তাহাদের অসম্ভা-

আভাস।

বিদ্যমান থাকিয়াই তাহাদের পরস্পর মিলন ব্যাপার সম্পাদন করেন মাত্র। নিজে কিছু গ্রহণ বা ভোগ করেন না। এতদর্থে আকাশ, বায়ু ও সূর্য্যের দৃষ্টান্ত এস্থলে প্রদর্শিত হইয়াছে ॥ ১১ ॥ ১২ ॥

যস্য স্যুর্বীতসঙ্কল্পাঃ প্রাণেন্দ্রিয়মনোধিয়াং।
বৃত্তয়ঃ সতু মুক্তো বৈ দেহস্থোঽপি হি তদ্গুণৈঃ॥ ১৪॥
যস্যাত্মা হিংস্যতে হিংস্রৈ র্যেন কিঞ্চিদ্যদৃচ্ছয়া।

অন্বয়ঃ।

যস্য প্রাণেন্দ্রিয়মনোধিয়াং বৃত্তয়ঃ ব্যাপারাঃ, বীতসংকল্পাঃ সংকল্পরহিতাঃ, স্যুঃ সঃ তু দেহস্থঃ অপি তদ্গুণৈঃ হি নিশ্চিতং বৈ মুক্তঃ (এব জ্ঞেয়ঃ)॥ ১৪॥

যস্য আত্মা দেহঃ হিংস্রৈঃ দুর্জ্জনৈঃ, হিংস্যতে পীড্যতে, যেন কেনচিৎ যদৃচ্ছয়া অর্চ্চ্যতে

শ্রীধরস্বামী।

কথং বিহরেদিত্যস্যোত্তরত্বেন বৈলক্ষণ্যান্তরমাহ যস্য স্যুরিতি। তদ্গুণৈ র্দেহগুণৈঃ সংকল্পশূন্যাভিঃ প্রাণাদিবৃত্তিভির্বিহরন্ মুক্ত ইত্যর্থঃ॥ ১৪॥

এবং তাবদ্বদ্ধমুক্তয়োঃ স্বসংবেদ্যমেব বৈলক্ষণ্যমুক্তং ইদানীং কৈর্বা জ্ঞায়েত লক্ষণৈরিত্যস্যেপ্রশ্নস্তোত্তরতয়া পরৈরপি সুজ্ঞেয়ং বৈলক্ষণ্যমাহ যস্যাত্মেতি ত্রিভিঃ। হিংস্রৈ র্দুর্জ্জনৈরন্যৈ র্বা প্রাণিভিঃ যস্যাত্মা দেহঃ পীড্যতে যদৃচ্ছয়া যেন কেনাপি ক্বচিৎ কিঞ্চিৎ অর্চ্চ্যতে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তং কথং বিহরেদিতি তত্রাহ যস্যেতি। তদ্গুণৈর্দেহধর্ম্মৈঃ শোকমোহাদিভির্বিনির্ম্মুক্তঃ সন্ সঙ্কল্পশূন্যাভিঃ প্রাণাদিবৃত্তিভির্বিহরতীতি ভাবঃ॥ ১৪॥

যদুক্তং কৈর্বা জ্ঞায়েত লক্ষণৈরিতি তত্র সর্ব্বসুজ্ঞেয়ানি মুক্তলক্ষণান্যাহ যস্যেতি ত্রিভিঃ। হিংস্রৈর্দুর্জ্জনৈর্যস্যাত্মা দেহো হিংস্যতে উপানৎপ্রহারাদিভিঃ পীড্যতে। যদৃচ্ছয়া হেতুনা বিনৈব যেন কেনাপি স্রক্‌চন্দনাদিনা কিঞ্চিদর্চ্চ্যতে বা তত্র ন ব্যতি-

---

বনাদি সংশয় বিচ্ছিন্ন হইয়া যায় এবং স্বপ্নদর্শন হইতে জাগরিত ব্যক্তির ন্যায়, জ্ঞানিগণ বৃথা ভেদদর্শন হইতে বিনিবৃত্ত হন॥ ১৩॥

যাঁহার প্রাণ, মন, ইন্দ্রিয় ও বুদ্ধির ব্যাপারে কোন স্বার্থের অভিসন্ধি থাকে না, তিনি দেহস্থ থাকিয়াও দেহনিষ্ঠ ধর্ম্মে বিব্রত হন না; বরং জীবন্মুক্ত বলিয়াই তাঁহাকে স্বীকার করিতে হইবে॥ ১৪॥

দুর্জ্জনের নিদারুণ পীড়নে বা সুজনের সম্যক্ অভিবাদনাদিতে যাঁহার

আভাস।

মুক্তির প্রধান উপায় বৈরাগ্য; বৈরাগ্যবলে বুদ্ধি তীক্ষ্ণ হইয়া সদসদ্বিচারে সক্ষম হয়; সুতরাং হেয় ও উপাদেয় নিরূপণে বৈরাগ্যই প্রধান অবলম্বন। বৈরাগ্য যেমন বাহিরের বস্তুকে নিকটে আসিতে দেয় না, সেইরূপ অন্তরের বিষয় বাসনাকেও ক্রমশ অন্তর্হিত করায়। সুতরাং যোগী কেবল এক বৈরাগ্যের বলে শোকমোহাদি দেহধর্ম্ম হইতে নিষ্কৃতি লাভ করত জীবদ্দশাতেই পরম শান্তি উপভোগ করিতে পারেন॥ ১৩॥ ১৪॥

অর্চ্চ্যতে বা ক্বচিত্তত্র ন ব্যতিক্রিয়তে বুধঃ ॥ ১৫ ॥
ন স্তুবীত ন নিন্দেত কুর্ব্বতঃ সাধ্বসাধু বা।
বদতো গুণদোষাভ্যাং বর্জ্জিতঃ সমদৃঙ্মুনিঃ ॥ ১৬॥

অন্বয়ঃ।

বা তথাপি যঃ ক্বচিৎ অপি ন ব্যতিক্রিয়তে বিক্রিয়তে (সঃ) বুধঃ (জ্ঞেয়ঃ) ॥ ১৫ ॥

সাধু অসাধু বা কুর্ব্বতঃ বদতঃ (জনান্ যঃ) ন স্তুবীত ন চ নিন্দেত গুণদোষাভ্যাং বর্জ্জিতঃ সর্ব্বব্যবহারবিমুখঃ সমদৃক্ মুনিঃ (সঃ উক্তঃ) ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বা স বুধশ্চেত্তত্র ন ব্যতিক্রিয়তে ন বিক্রিয়তে ইত্যর্থঃ। তদুক্তং যাজ্ঞবল্ক্যেন। যৈঃ কণ্টকৈর্বিতুদতি চন্দনৈশ্চ বিলিম্পতি। অক্রুদ্ধোঽপরিতুষ্টশ্চ সমস্তস্য চ তস্য চেতি ॥ ১৫ ॥

কিঞ্চ সাধ্বসাধু বা কুর্ব্বতো বদতো বা জনান্ ন স্তুবীত ন চ নিন্দেত যো লৌকিক-ব্যবহারবিমুখঃ স মুক্ত ইত্যর্থঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রিয়তে নাতিবিক্রিয়তে দুর্জনান্ প্রতি ন ক্রুধ্যতি সুজনান্ প্রতি ন তুষ্যতি চেত্যর্থঃ। যদুক্তং যাজ্ঞবল্ক্যেন। যঃ কণ্টকৈর্বিতুদতি চন্দনৈশ্চ বিলিম্পতি। অক্রুদ্ধোঽপরিতুষ্টশ্চ সমস্তস্য চ তস্য চেতি ॥ ১৫ ॥

সাধ্বসাধু কুর্ব্বতো বদতো বা জনান্ ন স্তুবীত নচ নিন্দেৎ ॥ ১৬ ॥

হৃদয়ে কখন কোন ব্যথা বা আনন্দের উদ্বোধন হয় না, তিনিই প্রকৃত পণ্ডিত-পদ-বাচ্য সন্দেহ নাই ॥ ১৫ ॥

তিরস্কার বা পুরস্কার, প্রশংসা বা নিন্দাকারীর প্রতি যাঁহার সম্ভাষণ বা গ্লানি করিবার প্রবৃত্তি জন্মে না ; যিনি সর্ব্বত্র সমদর্শী হইয়া গুণদোষ বিচারে সর্ব্বতোভাবে বিনিবৃত্ত হন, তিনিই প্রকৃত মুনিনামে অভিহিত ॥ ১৬ ॥

আভাস।

মুক্তপুরুষের লক্ষণ কি? বলিয়া উদ্ধবের যে প্রশ্ন ছিল, তদ্বিষয়ে ভগবানের উত্তর গ্রন্থকার তিনটী শ্লোকে ব্যক্ত করিয়াছেন। অর্থাৎ যদি কোন হিংসাপরতন্ত্র দুর্জন ব্যক্তি বিনা অপরাধে পাদুকাদির প্রহারেও লাঞ্ছিত করে, বা কোন সংস্বভাবসম্পন্ন ব্যক্তি নিঃস্বার্থে স্রক্‌চন্দনাদির দ্বারায় যথেষ্ট সেবা করে, সাধুর যদি এই উভয় ব্যাপারে কোন ক্লেশাদি পরিতাপ বা আনন্দের উৎস না জন্মে, তবেই তাঁহাকে মুক্তপুরুষ বলিয়া স্বীকার করিতে হইবে। যাজ্ঞবল্ক্য বলিয়াছেন, "যে ব্যক্তি কণ্টকের আঘাতে নিগৃহীত হইয়া বা চন্দনলেপনে সুসংকৃত হইয়াও বিমর্ষভাবাপন্ন বা হৃষ্ট না হন ; উভয় বিদ্রোহীর বিপক্ষতা-চরণে এবং উপকারীর প্রত্যুপকারার্থ বিশেষ উৎকণ্ঠিত না হন, কিম্বা মনে মনেও শুভাশুভ

ন কুর্য্যান্ন বদেৎ কিঞ্চিন্ন ধ্যায়েৎ সাধ্বসাধু বা ।
আত্মারামোঽনয়া বৃত্ত্যা বিচরেজ্জড়বন্মুনিঃ ॥ ১৭ ॥
শব্দব্রহ্মণি নিষ্ণাতো ন নিষ্ণায়াৎ পরে যদি ।

অন্বয়ঃ ।

আত্মারামঃ (আত্মনি এব রমমাণঃ অপি যঃ) কিঞ্চিৎ সাধু অসাধু বা ন কুর্য্যাৎ ন বদেৎ নাপি ধ্যায়েৎ অপি তু অনয়া বৃত্ত্যা জড়বৎ বিচরেৎ সঃ মুনিঃ (মুক্তঃ এব জ্ঞেয়ঃ) ॥ ১৭ ॥

(যঃ তু কেবলং) শব্দব্রহ্মণি বেদাখ্যে, নিষ্ণাতঃ অর্থতঃ পারং গতঃ, অপি যদি পরে ব্রহ্মণি ন নিষ্ণায়াৎ (ধ্যানাদ্যভ্যাসেন তদেকনিষ্ঠো ন স্যাৎ তদা) তস্য (শাস্ত্রাদৌ) শ্রমঃ

শ্রীধরস্বামী ।

অপিচ ন কুর্য্যাদিতি যো দৈহিকেঽপি কর্ম্মণ্যুদাসীনঃ স মুক্ত ইতরো বদ্ধ ইত্যর্থঃ । এতান্যেব সর্ব্বাণি মুমুক্ষোঃ সাধনানি জ্ঞাতব্যানি ॥ ১৭ ॥

যস্তু কেবলং শব্দব্রহ্মণি অভিজ্ঞঃ পাণ্ডিত্যমাত্রশ্লাঘী নতুকৈঃ সাধনৈস্তদর্থনিষ্ঠো ভবেৎ তং নিন্দতি । শব্দব্রহ্মণি নিষ্ণাতঃ অধ্যয়নাদিনা পারঙ্গতোঽপি পরে ব্রহ্মণি ন নিষ্ণায়াৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অনয়া বৃত্ত্যা অনেন স্বভাবেন মুক্তলক্ষণং ভিন্নং বদ্ধলক্ষণঞ্চ জ্ঞেয়ং ॥ ১৭ ॥

কিঞ্চ । ভগবতি সচ্চিদানন্দময়াকারত্বভাবনয়া ভক্তিং কুর্ব্বীত তদৈবায়মুক্তলক্ষণো মুক্তজীবঃ সিদ্ধ্যেদন্যথা তু পতেদিত্যাহ শব্দে বেদশাস্ত্রে ব্রহ্মণি তৎপ্রতিপাদ্যে নির্ব্বিশেষে ব্রহ্মণি চ নিষ্ণাতঃ বিশিষ্টজ্ঞানকুশলঃ কিন্তু পরে তাভ্যাং সকাশাদপি পরমাশ্রয়ত্বেন শ্রেষ্ঠে ভগবতি ন নিষ্ণায়াৎ ভক্তিকৌশলবান্ন ভবেৎ নিষ্ণাতশব্দস্য কুশলার্থত্বাদ্ভগবতি সচ্চিদা-

---

যাঁহার চিত্ত আত্মস্বরূপে নিরন্তর আসক্ত থাকায়, ভাল মন্দ কোন কর্ম্ম করিতেই অগ্রসর হয় না ; বা শুভাশুভ বিষয়ের আলোচনা বা চিন্তা করে না, কেবল আত্মচিন্তায় অভিরত থাকিয়া যে ব্যক্তি জড়ের ন্যায়, নিরভিমানে সর্ব্বত্র বিচরণ করেন, তিনিই মুনি বলিয়া সর্ব্বত্র আদৃত ।। ১৭ ।।

কিন্তু যে ব্যক্তি সমগ্র বেদরাশির অর্থ সংগ্রহ করিয়াও ধ্যানাদি যোগা-ঙ্গের অনুষ্ঠানে পরাৎপর পরম ব্রহ্মে আত্মসমর্পণ করিতে সক্ষম হন নাই,

আভাস ।

বিষয়ের কল্পনায় ব্যাকুল না হইয়া নিরন্তর আত্মচিন্তায় নিরত থাকেন, তাঁহাকেই মুক্ত-পুরুষ বলিয়া অবধারণ করা বিধেয় ॥ ১৫—১৭ ॥

এতদ্ব্যতীত বদ্ধপুরুষেরও লক্ষণ এই শ্লোকে অভিহিত করা হইয়াছে। অর্থাৎ শাস্ত্র-জ্ঞানই যে পরকালে নিস্তারের হেতু, তাহা নহে। শাস্ত্র কেবল পরিণামে সুখপ্রাপ্তির উপায় ও মুক্তির পথ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন মাত্র। সুতরাং শাস্ত্র অধ্যয়ন করিয়া তদনু-

শ্রমস্তস্য শ্রমফলো হ্যধেনুমিব রক্ষতঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

অধেনুং নিঃক্ষীরাং গাং (ক্ষীরার্থং) রক্ষতঃ জনস্য ইব শ্রমফলঃ শ্রমৈকফলঃ এব ন পুরুষার্থ-পর্য্যাবসায়ী) ॥১৮ ॥

শ্রীধরস্বামী।

ধ্যানাদ্যভিযোগং ন কুর্য্যাৎ তস্য শাস্ত্রশ্রমঃ শ্রমৈকফলঃ নতু পুরুষার্থপর্য্যবসায়ী। অধেনুং চিরপ্রসূতাং ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্দাকারত্বভাবনয়া ভক্তিরেবাত্র কুশলতা। যাং বিনা তস্য শ্রমঃ সাধনশ্রমঃ শ্রমৈকফলো ব্যর্থ এব নতু পুরুষার্থপ্রাপকঃ। দুগ্ধকামস্য অধেনুং বন্ধ্যাং চিরপ্রসূতাং বা রক্ষতো যথা শ্রমঃ অত্র শব্দব্রহ্মণি বেদে নিষ্ণাতোহপি পরে ব্রহ্মণি নির্ব্বিশেষে ইতি ব্যাখ্যায়ামেকদেশান্বয় উত্তরশ্লোকার্থতাৎপর্য্যবিরোধশ্চ স্যাৎ ॥ ১৮ ॥

তাঁহার শাস্ত্রাভ্যাস নিরর্থক; কারণ দুগ্ধের প্রত্যাশায় নিরিন্দ্রিয় গাভীর পালনের ন্যায়, তাদৃশ কর্ম্মবিমুখ ব্যক্তির পক্ষে শাস্ত্রাভ্যাস কেবল পণ্ডশ্রম মাত্র; পুরুষার্থ-লাভের কোন সম্ভাবনা তাঁহার অদৃষ্টে ঘটে না ॥ ১৮ ॥

আভাস।

সারে কর্ম্ম করা নিতান্তই প্রয়োজন। যে ব্যক্তি বেদাদি শাস্ত্রের তাৎপর্য্য অবগত হইয়া তদনুসারে কর্ম্মে প্রবৃত্ত না হন, তিনি বরং নিরক্ষর মূর্খ ব্যক্তির অপেক্ষা অধিক দুঃখী ও জ্ঞানপাপী সন্দেহ নাই। মূর্খ ব্যক্তি অনভিজ্ঞতা নিবন্ধন কেবল ইন্দ্রিয়ভোগেই কালাতিপাত করিয়া তজ্জনিত নরকাদি দুঃখ অনুভব করে মাত্র, কিন্তু কর্ম্মবর্জ্জিত পণ্ডিত শাস্ত্রাধ্যয়ন নিবন্ধন বাল্যে বিষম ক্লেশ অনুভব করিয়া, পরিণামে পাণ্ডিত্যাভিমানের প্রভাবে ঘোরতর অন্ধতামিস্র নামক অজ্ঞান-নরকে নিপতিত হন, সন্দেহ নাই। তাঁহার শাস্ত্রাধ্যয়নের ফল কেবল পরিশ্রম মাত্র। অতএব যিনি সমগ্র শাস্ত্র অধ্যয়ন করিয়া শাস্ত্রের বিধান অনুসারে সর্ব্বশাস্ত্রের প্রতিপাদ্য একমাত্র পরম দেবতা পরমাত্মাতে ধ্যান ধারণাদির দ্বারা চিত্ত নিবিষ্ট করিতে পারেন, ভক্তির খরতর স্রোতে চিত্ত ভাসাইয়া অনাদিনিধন সর্ব্বকারণকারণ দেব জনার্দ্দনের প্রেমসিন্ধুতে আত্মহারা হইতে পারেন, তিনিই শাস্ত্রাধ্যয়নের প্রকৃত ফল লাভ করিলেন; নতুবা দুগ্ধপ্রার্থনায় চিরপ্রসূতা বন্ধ্যা দুগ্ধহীনা গাভীর রক্ষণাবেক্ষণের ন্যায়, শাস্ত্রশিক্ষার ফল তাঁহার পক্ষে কেবল শ্রম মাত্র ॥ ১৮

শাস্ত্র যেমন বিবিধ উপায় ও দৃষ্টান্তাদির দ্বারা এক পরমাত্মাকেই লক্ষ্য করিয়া দিতেছেন, সেইরূপ সমগ্র ব্রহ্মাণ্ড ও তদন্তবর্ত্তী যাবতীয় বস্তুজাত সেই পরমেশেরই কর্ত্তৃত্বের পরিচয় দিতেছে; অতএব যাবতীয় ইন্দ্রিয়ের ব্যাপার দ্বারা কেবল ভোগের প্রতি লক্ষ্য না করিয়া, প্রতিপদে সেই পরমেশ্বরের অন্বেষণ করাই বিধেয়। যে কার্য্যে

গাং দুগ্ধদোহামসতীঞ্চ ভার্য্যাং দেহং পরাধীনমসৎপ্রজাঞ্চ।

অন্বয়ঃ।

হে অঙ্গ প্রিয়! (যো জনঃ) দুগ্ধদোহাং (অগ্রে প্রসবরহিতাং দুগ্ধরহিতাং) গাং অসতীং কামচারকদুর্ভাষণাদিভি দুষ্টাং) ভার্য্যাং, পরাধীনং শক্রপোষ্যং, দেহং অসৎপ্রজাং দৃষ্টাদৃষ্টসাধনশূন্যাং প্রজাং পুত্রং, অতীর্থীকৃতং (সৎপাত্রেভ্যঃ অদত্ত্বা দুষ্কীর্ত্তিদুরিতাপাদকং) বিত্তং ধনং তথা ময়া হীনাং (মৎস্বরূপগুণলীলাপ্রতিপাদনরহিতাং অন্যবিষয়াং) বাচং

শ্রীধরস্বামী।

এতদেবান্যার্থনিদর্শনৈঃ প্রপঞ্চয়তি গামিতি। দুহ্যত ইতি দোহঃ পয়ো দুগ্ধো দোহঃ। নোত্তরত্র দোহোঽস্তি স্বামর্থশূন্যাং। অসতীং ভার্য্যাং কামশূন্যাং। দেহং পরাধীনং প্রতিক্ষণদুঃখহেতুং। অসৎপ্রজাং দৃষ্টাদৃষ্টশূন্যং পুত্রং। অতীর্থীকৃতং আগতে পাত্রে-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃশ্যশ্রব্যাদীন্ বিষয়ান্ মৎসম্বন্ধানেব স্বীকুর্য্যাৎ নতু মৎসম্বন্ধশূন্যান্ এতদেব ময়ি নিষ্ণাতত্বমিতি বক্তুং সর্ব্বেন্দ্রিয়ব্যাপারোপলক্ষণকমেকং বাগিন্দ্রিয়ব্যাপারমেব লক্ষীকৃত্য সবহুতরদৃষ্টান্তমাহ গামিতি। দুহ্যত ইতি দোহঃ পয়ঃ দুগ্ধো দোহো নোত্তরত্র দোহোঽস্তি যস্যাস্তাং কস্মাচ্চিৎ মূল্যদানেন বিনৈব প্রাপ্তাং রক্ষতি পাতি। গৌরিয়ং মদ্দত্তবহুতরঘাসাদিচারণৈর্দুগ্ধবতী পুনঃ প্রসূতিমতী চ ভবিষ্যতীতি বুদ্ধ্যা দুগ্ধলোভী দুঃখদুঃখী ঐহিকদুঃখবান্ আয়ত্যাং তস্যা গোদুগ্ধলাভদর্শনাদুপেক্ষণাদুপেক্ষণজন্যপাপাৎ পারত্রিকঞ্চ যদ্দুঃখং তদ্বান্। এবং অসতীং ভার্য্যাং সতীজনকৃতধর্ম্মোপদেশাদিয়মায়ত্যাং সতী ভবিষ্যতীতি বুদ্ধ্যা সন্তানকামলোভী রক্ষতীত্যেবমসৎপ্রজামিত্যাদাবপি ব্যাখ্যেয়ং। দেহং পরাধীনং প্রতিক্ষণং দুঃখহেতুং। অসৎপ্রজাং দৃষ্টাদৃষ্টফলশূন্যং পুত্রং। আগতে পাত্রে অদত্তং বিত্তং

হে উদ্ধব! যাহারা দুগ্ধের প্রত্যাশায় ভবিষ্যতে প্রসবশক্তিহীনা নিঃক্ষীরা গাভীর প্রতিপালন করে, অসতী ভার্য্যাকে যত্ন ও বিশ্বাস সহকারে গৃহে রক্ষা করে, শত্রু নিগৃহীত পরাধীন দেহের পোষণে যত্ন করে, ঐহিক এবং পারলৌকিক সাধনে পরাঙ্মুখ কুপুত্রের লালনপালনে বিশেষ চেষ্টা করে, সৎপাত্রে দানাদি না না করিয়া কেবল দুষ্কীর্ত্তি ও পাপ পথের প্রশ্রয়দাতা ধনকে যত্নাতিশয়ে কেবল সঞ্চয় মাত্র করে এবং ভগবৎস্বরূপের রূপ, গুণ ও লীলাদির আলাপনে উদাসীনা বিষয়বিষয়িণী বার্ত্তারই আলোচনা করে,

আভাস।

উদ্দেশ্য লাভ হয় না, তাহার সম্পাদন যে কেবল বিড়ম্বনা মাত্র, তাহারই পরিচয়ার্থ গ্রন্থকার এই শ্লোকে গাভী প্রভৃতি অনেকেরই দৃষ্টান্ত ব্যাখ্যা করিয়াছেন। সৎপুত্রের দ্বারা পিতার ঐহিকের সুখসমৃদ্ধি, কীর্ত্তি এবং পরলোকে সদ্গতি লাভ হইয়া থাকে; এই নিমিত্ত

বিত্তং ত্বতীর্থীকৃতমঙ্গ বাচং হীনাং ময়া রক্ষতি দুঃখদুঃখী ॥ ১৯ ॥
যস্যাং ন মে পাবনমঙ্গ কর্ম্ম স্থিত্যুদ্ভবপ্রাণনিরোধমস্য।
লীলাবতারেপ্সিতজন্ম বা স্যাদ্বন্ধ্যাং গিরং তাং বিভৃয়ান্ন ধীরঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

যঃ রক্ষতি সঃ দুঃখদুঃখী নিরন্তরং দুঃখভাক্ এব ভবতি ॥ ১৯ ॥

হে অঙ্গ! অস্য বিশ্বস্য স্থিত্যুদ্ভবপ্রাণনিরোধং মে মম পাবনং কর্ম্ম তথা লীলাবতারেপ্সিতজন্ম (লীলাবতারেষু ঈপ্সিতং জন্ম) বা যস্যাং বাচি ন স্যাৎ তাং বন্ধ্যাং নিষ্ফলাং গিরং বাচং, ধীরঃ ধীমান্, ন বিভৃয়াৎ ধারয়েৎ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ইদন্তং বিত্তং দুষ্কীর্ত্তিদুরিতাপাদকং। অঙ্গ হে উদ্ধব দুঃখানন্তরং দুঃখমেব যস্য স রক্ষতি ॥ ১৯ ॥

ময়া হীনাং বাচমিত্যুক্তং বিবৃণোতি। যস্যাং মে জগতঃ শোধকং চরিতং ন স্যাৎ। কিং তদস্য বিশ্বস্য স্থিত্যাদিরূপং তদ্ধেতুরিত্যর্থঃ। লীলাবতারেপ্সিতং জগৎপ্রেমাস্পদং শ্রীরামকৃষ্ণাদিজন্মবান্ স্যাৎ তাং নিষ্ফলাং গিরং ধীরো ধীমান্ ন ধারয়েৎ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুষ্কীর্ত্তিদুরিতাপাদকং। অঙ্গ হে উদ্ধব। দুঃখানন্তরং দুঃখমেব যস্য স এব রক্ষতি ॥ ১৯ ॥

ননু ত্বৎসহিতৈব সা বাক্ কা। কিং তত্ত্বমস্যাদিজীবব্রহ্মৈক্যপ্রতিপাদিকা বা কাচিদন্যৈবেবেতি তাং স্পষ্টমাবেদয়েত্যপেক্ষায়ামাহ। যস্যা মম কর্ম্ম চরিতং বিশ্বস্য স্থিতিরুদ্ভবঃ প্রাণনিরোধঃ সংহারশ্চ যত্র তৎ। ততোঽপ্যুৎকৃষ্টতমত্বেন বিমৃশ্যাহ লীলাবতারেষু ঈপ্সিতং সর্ব্বজগৎ-সুভগং জন্ম মৎজন্মোপলক্ষিতবাল্যলীলাদিকং যত্র তৎ চরিত্রং ন স্যাত্তাং গিরং বেদলক্ষণামপি বন্ধ্যাং বিফলাং ধীরঃ পণ্ডিতো ন বিভৃয়াদপণ্ডিত এব বিভৃয়াৎ ॥ ২০ ॥

তাহারা অনন্ত দুঃখসাগরেই নিরন্তর নিমগ্ন হয়, সন্দেহ নাই ॥ ১৯ ॥

হে শোভন! যে কথায় এই বিশ্ব সংসারের স্থিতি উৎপত্তি ও প্রলয়ের সংসূচক মদীয় ঐশ্বর্য্য বার্ত্তা বা লীলাবতারের অভিলষিত মদীয় জন্ম বৃত্তান্তের আলোচনা হয় না, ধীমান্ বিবেকিগণ বন্ধ্যার ন্যায় নিষ্ফলা তাদৃশ বাণীর সেবা কখন করেন না ॥ ২০ ॥

আভাস।

পুত্র পিতার দায়ভাগী। কিন্তু যে পুত্রের দ্বারা তাহা সাধিত হয় না, তাহাকে কুপুত্র বলা হয়; এবং তাদৃশ পুত্রের প্রতিপালন পিতার পক্ষে নিরর্থক ॥ ১৯ ॥

তত্ত্বমস্যাদি মহাবাক্যের বিচার দ্বারা জীবব্রহ্মের ঐক্যসমাধানই বাগিন্দ্রিয়ের স্বার্থকতা; যে আলাপনে বিশ্ব সংসারের স্থিত্যাদি প্রতিপাদক ভগবচ্চরিত্রের বিষয় মীমাংসিত হয়, সেই

এবং জিজ্ঞাসয়াপোহ্য নানাত্বভ্রমমাত্মনি।
উপারমেত বিরজং মনো মষ্যর্প্য সর্ব্বগে ॥ ২১ ॥

অন্বয়ঃ।

এবং জিজ্ঞাসয়া বিচারেণ আত্মনি নানাত্বভ্রমং দেবমনুষ্যাদিদেহাধ্যাসং, অপোহ্য নিরস্য, বিরজং নির্ম্মলং মনঃ সর্ব্বগে পরিপূর্ণে, ময়ি ভগবতি সমর্প্য সংধার্য্য, (কর্ম্মণঃ সকাশাৎ) উপারমেত ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

উক্তং জ্ঞানমার্গং উপসংহরতি। এবং নিশ্চিত্য বিচারেণাত্মনি নানাত্বভ্রমং দেহাধ্যাসং নিরস্য নির্ম্মলং মনো ময়ি সর্ব্বগে পরিপূর্ণে সমর্প্য সন্ধার্য্য উপরমেৎ নতু শাস্ত্রপাণ্ডিত্যমাত্রেণেত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানমার্গমুপসংহরতি। এবং জিজ্ঞাসয়া উক্তলক্ষণপ্রকারেণ বিচারেণ আত্মনি স্বস্মিন্ নানাত্বভ্রমং দেহদ্বয়াভিমানলক্ষণং দেবত্বমনুষ্যত্বাদিভেদং অপোহ্য নিরস্য উক্তলক্ষণয়া ভক্ত্যা চ ময়ি বিরজং বিপক্কমায়াকষায়ং মনঃ সমর্প্য ভক্ত্যুত্থেন বিজ্ঞানেন উপারমেত মৎসাযুজ্যং প্রাপ্নুয়াৎ। তথা চোক্তং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরমিতি ॥ ২১ ॥

এই প্রকারে দেহাত্মবিচারে দেহাধ্যাস বিসর্জ্জন পূর্ব্বক দেবমনুষ্যাদি বিচিত্র দেহাদির ভ্রম যাঁহাদের অন্তর হইতে অন্তর্হিত হয়, তাঁহারাই সর্ব্বব্যাপী পরিপূর্ণ ভগবৎস্বরূপ আমাতে নির্ম্মল মন সমর্পণ পূর্ব্বক কর্ম্মপাশ হইতে অব্যাহতি লাভ করেন, সন্দেহ নাই ॥ ২১ ॥

আভাস।

আলাপই আলাপ, নতুবা বৃথা জল্পনা মাত্র; এবং যাহাতে লীলাবিষয়ক গুণকর্ম্মের কথা বর্ণিত হয় না, সে বিদ্যাও বিদ্যানামে বিহিত হয় না ॥ ২০ ॥

জ্ঞান ব্যতীত জীবের মুক্তি হয় না; জ্ঞানের দ্বারা জীব সদসদ্ বস্তুর বিচার পূর্ব্বক দেহতত্ত্ব অবধারণে সক্ষম হয়, এবং স্থূল সূক্ষ্ম দেহদ্বয়ে অভিমান পূর্ব্বক পূর্ব্বে যে বিষয়াসক্তির উদ্রেক হইয়াছিল, এক্ষণে বিচারবলে দেহদ্বয়াতিরিক্ত আত্মস্বরূপের উপলব্ধি হওয়ায় দেবতা বা মনুষ্যনিষ্ঠ জাতি, আয়ু ও ভোগের তারতম্য বোধ অন্তর হইতে অন্তর্হিত হয়, তখনই অহৈতুকী ভক্তিসহকারে জীব পরাৎপর পরমেশে আত্মস্বরূপ নিবেদন পূর্ব্বক সংসার-প্রপঞ্চ হইতে বিশ্রাম লাভ করে। এতদ্দ্বারা প্রকাশ করা হইল যে, শাস্ত্র ও গুরু বাক্যের আলোচনায় এবং বিষয়বিচারের দ্বারা আত্মা ও অনাত্মার বিবেক জন্মে মাত্র; কিন্তু পরম জ্ঞান জন্মে না। ব্রহ্মনির্ব্বাণস্বরূপ পরমজ্ঞান কেবল ভক্তিবলে জীবের ঘটিয়া থাকে মাত্র। হুতাশন যেমন ঘৃতাদি হোমীয় পদার্থকে আত্মসাৎ করিয়া লয়; মুক্ত বহি-

যদ্যনীশো ধারয়িতুং মনো ব্রহ্মণি নিশ্চলং।
ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি নিরপেক্ষঃ সমাচর ॥ ২২ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মণি ময়ি নিশ্চলং যথা স্যাৎ তথা মনঃ ধারয়িতুং যদি (ত্বং) অনীশঃ অসক্তঃ, তদা নিরপেক্ষঃ ফলকামনারহিতঃ, সন্ সর্ব্বাণি কর্ম্মাণি সমাচর অনুতিষ্ঠ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

যদ্যনীশোঽসক্তস্তর্হি আত্মামিদং। মদ্ভক্ত্যৈব কৃতার্থো ভবিষ্যসীত্যাহ ময়ীতি॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবঞ্চ মদর্পিতনিষ্কামকর্ম্মৈবান্তঃকরণশুদ্ধিরন্তঃকরণশুদ্ধ্যাধীনমেব ভক্তিসহিতজ্ঞানং তেন চ ব্রহ্মণি নিশ্চলমনোধারণা। ততো ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ইত্যাদি মদুক্তেবিদ্যোপরামসময়ে বিদ্যোত্তীর্ণায়া মদ্ভক্তেঃ প্রাপ্তিস্তয়া চ বিপক্বকষায়স্য মনসো ময়ি সম্যঙ্নিদিধ্যাসনং ততো ভক্ত্যখ্যেন শুদ্ধজ্ঞানেন সাযুজ্যমিতি ক্রমস্তত্র কশ্চিদ্যদি নিশ্চলমনোধারণাত্মিকাং চতুর্থীভূমিকামপ্যধিরোঢ়ুং ন শক্নুয়াত্তদা স্বান্তঃকরণস্য সম্যক্ শুদ্ধভাবমনুমায় তচ্ছুদ্ধ্যর্থং পুনরপি মদর্পিতনিষ্কামকর্ম্মৈব কুর্য্যাদিতি উদ্ধবং লক্ষ্যীকৃত্যাহ যদ্যনীশ ইতি। সর্ব্বাণি নিত্যনৈমিত্তিকনিবৃত্তকর্ম্মাণি ॥ ২২ ॥

অবশ্য পরাৎপর পরমেশ্বর আমাতে যদি মনকে নিশ্চলভাবে সংযত করিতে অপারক হও, তাহা হইলে নিষ্কামভাবে বর্ণাশ্রম-বিহিত কর্ত্তব্য কর্ম্মকলাপের অনুষ্ঠান করাই সর্ব্বতোভাবে বিধেয়।। ২২।।

আভাস।

রূপেই পরিণত হইয়া যায়; সেইরূপ জীব যখন অধ্যস্ত উপাধি সহ তাহার ধর্ম্ম ও ফল ভক্তি পূর্ব্বক হুতাশন-স্থানীয় পরম ব্রহ্মে সমর্পণ করিতে পারে, তখনই তাহার উপাধিধ্বংসে পরমাত্মস্বরূপে বিশ্রাম করা হয়, ও তাহার পরম জ্ঞানের উদয় ঘটে। কারণ দেহরূপ উপাধির অবস্থিতি কালেই বিচার ও আত্মজ্ঞান; সমগ্র উপাধির বিলয়ে ব্রহ্মজ্ঞান হয়; উপাধি বিলয়ের কারণ ব্রহ্মস্বরূপে আত্মসমর্পণ এবং আত্মসমর্পণের কারণ ভক্তি। অতএব ভক্তিই মুক্তির একমাত্র হেতু ॥ ২১ ॥

কিন্তু অন্তঃকরণের শুদ্ধি ব্যতীত ভক্তির উদয় হয় না এবং ভগবানে ফল সমর্পণ পূর্ব্বক নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান ব্যতীত অন্তঃকরণের শুদ্ধতা লাভ হয় না; অতএব নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান দ্বারা যে ভগবদ্ভক্তি লাভ করা যায়, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। নিশ্চলা ভক্তি সহকারে চিত্তকে পরম ব্রহ্মে সমাহিত করাই মুক্তি; এই সমাধানের গুণে বাসনা-নির্ম্মুক্ত চিত্ত অবিদ্যা পরিহারের সঙ্গে বিদ্যাকেও বিসর্জ্জন দিয়া থাকে। নির্ম্মালি যেমন জলের মালিন্য অপনোদিত করিয়াই ক্ষান্ত থাকে না, নিজেও মলের সহিত অপনো-

শ্রদ্ধালুর্মৎকথাঃ শৃণ্বন্ সুভদ্রাঃ লোকপাবনীঃ।

অন্বয়ঃ।

তথা শ্রদ্ধালুঃ সন্ সুভদ্রাঃ পুণ্যবহাঃ, লোকপাবনীঃ পাপনিবর্ত্তিকাঃ মৎকথাঃ শৃণ্বন্

শ্রীধরস্বামী।

মদর্পণৈঃ কর্ম্মভিঃ বিশুদ্ধসত্ত্বস্যান্তরঙ্গাং ভক্তিমাহ শ্রদ্ধালুরিতি। অভিনয়ন্ স্বয়মনু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং সাৰ্দ্ধৈশ্চতুর্ভিজ্ঞানযোগমুক্ত্বা ভক্তিযোগমাহ শ্রদ্ধালুরিত্যাদিনা ময়্যাস্যাহকুতোভয় ইত্যন্তেন। অত্র লীলার্থকেনালুচ্ প্রত্যয়েন ভক্তাবৌপাধিকশ্রদ্ধাবন্তো জ্ঞানিপ্রভৃতয়ো ব্যাবৃত্তাঃ। প্রথমত এব শ্রদ্ধালুরিতি পদোপন্যাসো ভক্তাবীদৃশশ্রদ্ধাবানেবাধিকারীতি জ্ঞাপয়তি। যদ্বক্ষ্যতে। যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধস্তু যঃ পুমান্। ন নির্বিণ্ণো নাতি-

এবং শ্রদ্ধাসহকারে পবিত্রকারিণী ও পাপনাশিনী মদীয় লীলাকথার

আভাস।

দিত হইয়া যায়, সেইরূপ ব্রহ্মসমাধানে জীব "আমি জ্ঞানী বা এই প্রকার জ্ঞান আমার জন্মে, ও ব্রহ্মবিচারে সমর্থ হইয়াছি," এই সকল বৃত্তিও বিদূরিত হইয়া যায়। মধুলোভী ভৃঙ্গ সুগন্ধী পুষ্পের নিকটবর্ত্তী হইলে ঘন ঘন ঝঙ্কার করে বটে, কিন্তু মধুপানে আসক্ত হইবামাত্র ঝঙ্কার বিস্মৃত হয়, সেইরূপ বিচারদশায় জ্ঞানীর মুখে বিষয়বৈরাগ্যের অনেক কথা শুনা যায় বটে, কিন্তু ব্রহ্মানন্দে একবার নিমগ্ন হইলে, আর তাঁহার জ্ঞান বা অজ্ঞান কোন বিষয়েরই কথা বা ভাব থাকে না; যেমন গমন ও আগমন উভয়ের সমাপ্তি না হইলে, পথিকের গৃহে অবস্থান ও তজ্জনিত সুখের উপপত্তি হয় না, সেইরূপ বিদ্যা ও অবিদ্যা উভয়ের পরিসমাপ্তি না হইলে, জীবের মুক্তি হয় না। অবিদ্যা যেমন জীবের পক্ষে বন্ধন, বিদ্যাও তদপেক্ষা কিছু অল্প নহে। দুইটীই পথস্থানীয়; অবিদ্যা দুঃখদায়কও জীবকে সংসারে লইয়া যায় এবং বিদ্যা অমৃতব্যঞ্জক, জীবকে সুখের সাগরে মিলিত করে। উভয় পথই হেয়; তবে গন্তব্য স্থানের ইতরবিশেষে পথের ইতরবিশেষ মাত্র। অতএব বিদ্যাই যে কেবল প্রার্থনীয়, তাহা নহে; বিদ্যার প্রভাবে যে ভক্তির উদয় হইলে, জীব পরমব্রহ্মে সংমিলিত হইতে পারেন, তাহাই প্রার্থনীয়। অতএব বাসনাহীন হইলেও কেবল ভক্তির অর্জ্জনার্থ নিত্য নৈমিত্তিকাদি বর্ণাশ্রমপ্রোক্ত কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান সততই সর্ব্বতোভাবে কর্ত্তব্য॥ ২৯॥

এক্ষণে ভক্তিসংগ্রহার্থ যে সকল গুণের আলোচনা প্রয়োজন, তাহাই ভগবান্ এই চারিটী শ্লোকে ব্যক্ত করিয়াছেন। ভগবদ্ভক্তি লাভের প্রথম উপকরণ শ্রদ্ধা; ভগবান্ পতঞ্জলি তাঁহার যোগসূত্রে বলিয়াছেন, "শ্রদ্ধাবীর্য্যস্মৃতিসমাধিপ্রজ্ঞাপূর্ব্বকমিতরেষাং" সংসারী জীবের পক্ষে সর্ব্বাগ্রে শ্রদ্ধা অবলম্বনীয়। শ্রদ্ধার দ্বারা সকল কার্য্যে উৎসাহ জন্মে; উৎসাহের আনুকূল্যে পূর্ব্বাপর স্মৃতির উদয়ে চিন্তনীয় বিষয় প্রগাঢ়রূপে হৃদয়ে অবধারিত হয়;

গায়ন্নমুস্মরন্ কর্ম্ম জন্ম চাভিনয়ন্মুহুঃ ॥ ২৩ ॥
মদর্থে ধর্ম্মকামার্থানাচরন্মদপাশ্রয়ঃ।

অন্বয়ঃ।

গায়ন্ অনুস্মরন্ তথা মে জন্ম কর্ম্ম চ মুহুঃ অভিনয়ন্ অনুকুর্ব্বন্ ॥ ২৩ ॥

তথা মদর্থে মৎপ্রীত্যর্থং ধর্ম্মকামার্থান্ আচরন্ সেবমানঃ, মদপাশ্রয়ঃ জনঃ হে উদ্ধব!

শ্রীধরস্বামী।

কুর্ব্বন্ ॥ ২৩ ॥

আচরয়ন্ সেবমানঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সক্তো ভক্তিযোগোঽস্য সিদ্ধিদ ইতি। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ইতি জ্ঞানকর্ম্মাধিকারিভ্যোঽস্য ভেদাশ্চ সুভদ্রাঃ দধিপয়ঃপরস্ত্রীচৌর্য্যবেণুগানরাসাদ্যা গায়ন্ননুস্মরন্নিতি গানস্য পৌনঃপুন্যেন স্মরণস্যাপি পৌনঃপুন্যং স্বতএব ভবেদিতি ভাবঃ। কর্ম্ম কালিয়দমনাদিকং জন্ম নন্দোৎসবাদিকং নাটকাদিরীত্যা অভিনয়ন্। চকারাৎ গায়ন্ননুস্মরংশ্চ ॥ ২৩ ॥

মদর্থে মৎসেবার্থং মজ্জন্মযাত্রাদি দিবসে মৎস্বরূপশ্রীগুরুদেবারাধনদিবসে চ ধর্ম্মা ব্রাহ্মণবৈষ্ণবসম্প্রদানকান্নবস্ত্রাদিদানানি কামা বৈষ্ণবসমাজপ্রাপ্তমধুরমহাপ্রসাদান্নভোজন-স্রক্‌চন্দনতাম্বুলোপযোগবসনপরিধানাদ্যাঃ। অর্থা বিষ্ণুবৈষ্ণবসেবার্থদ্রব্যাহরণানি আচরন

শ্রবণ, কীর্ত্তন ও স্মরণ করা এবং মদীয় জন্ম ও অবতারোচিত কর্ম্মসমূহের অভিনয় করাই কর্ত্তব্য ॥ ২৩ ॥

আমার প্রীতির নিমিত্ত ধর্ম্মকামাদির সেবা করত মদৈকনিষ্ঠ হওয়া বিধেয়। হে উদ্ধব! তাদৃশ অনুষ্ঠানশীল ব্যক্তি সর্ব্বকারণকারণ সনাতন

আভাস।

এবং এই অবধারণরূপ প্রজ্ঞার উদয়ে ব্রহ্মসাক্ষাৎকারার্থ প্রকৃষ্টা ভক্তির প্রকাশ হইয়া থাকে। ভাগবতেও প্রকাশ আছে যে, "ততকাল পর্য্যন্ত নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের অনুষ্ঠান করা প্রয়োজন, যদবধি সম্পূর্ণ বৈরাগ্যের উদয় না হয়; এবং ভগবৎকথাতে যদবধি শ্রদ্ধা না জন্মে, তদবধি প্রকৃত বৈরাগ্য হয় না, ইহাই নিশ্চিত অর্থ। গীতাতে উক্ত আছে, "বিষয়া বিনি-বর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ। রসবর্জ্জ্যং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে॥' দোষদৃষ্টিতে পরিত্যাগ করিব বলিলেই যে বৈরাগ্য করা হয়, এমত নহে। আপাততঃ দৃষ্ট বাহিরের বিষয় আর চিত্তকে ব্যাকুল না করিলেও পারে বটে, কিন্তু পূর্ব্বে অনুভূত বিষয়রসকে ত চিত্ত পরিত্যাগে সমর্থ হয় না; অতএব ভগবানের কালিয়দমন ও পুতনাবধাদি কর্ম্ম এবং বসুদেবগৃহে জন্মাদির কথা শ্রবণে চিত্ত শ্রদ্ধালু হইয়া অনন্যশরণে যখন তাঁহার প্রতিই অগ্রসর হয়, তখনই প্রকৃত বৈরাগ্য জন্মে ॥ ২৩ ॥

লভতে নিশ্চলাং ভক্তিং ময্যুদ্ধব সনাতনে ॥ ২৪ ॥
সৎসঙ্গলব্ধয়া ভক্ত্যা ময়ি মাং স উপাসিতা।
স বৈ মে দর্শিতং সদ্ভিরঞ্জসা বিন্দতে পদং ॥ ২৫ ॥
উদ্ধব উবাচ ॥
সাধুস্তবোত্তমঃশ্লোক মতঃ কীদৃগ্বিধঃ প্রভো।

অন্বয়ঃ।

সনাতনে সর্ব্বকারণকারণে ময়ি নিশ্চলাং ভক্তিং লভতে ॥ ২৪ ॥

সৎসঙ্গলব্ধয়া (সৎসঙ্গেন লব্ধয়া) ময়ি ভক্ত্যা সঃ ভক্তঃ উপাসিতা ধ্যাতা ভবতি; সঃ বৈ সদ্ভিঃ দর্শিতং মে পদং অঞ্জসা বিন্দতে ॥ ২৫ ॥

উদ্ধবঃ উবাচ। হে উত্তমশ্লোক! তব কীদৃগ্বিধঃ সাধুঃ সম্মতঃ অভিপ্রেতঃ, হে প্রভো!

শ্রীধরস্বামী।

ততশ্চানেন প্রকারেণ ময়ি সৎসঙ্গেন লব্ধয়া ভক্ত্যা স ভক্তঃ মাং উপাসিতা ধ্যাতা ভবতি। সচ ধ্যানশীলঃ সদ্ভির্দর্শিতং বৈ নিশ্চিতং সুখেনৈব মে পদং স্বরূপং প্রাপ্নোতি ॥ ২৫ ॥

সৎসঙ্গলব্ধয়া ভক্ত্যা ইত্যুক্তং তত্র সতাং ভক্তেশ্চ বিশেষং পৃচ্ছতি সাধুরিতি। সাধবঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুর্ব্বন্ নিশ্চলাং সাধনসাধ্যদশয়োঃ স্থিরাং নৈষ্ঠিকীং। সনাতনে ইতি তদারাধ্যস্য মদ্বিগ্রহস্যাস্য সনাতনত্বাত্তদ্ভক্তিরপি সনাতনী নিশ্চলৈবেতি ভাবঃ ॥ ২৪ ॥

এবম্ভূতায়াং ভক্তৌ কঃ প্রবর্ত্তক ইত্যপেক্ষায়ামাহ সৎসঙ্গেতি। ভক্ত্যা উক্তলক্ষণয়া নৈষ্ঠিক্যা উপাসিতা ভজমানো ভবতি। ততশ্চ। সদ্ভিরেব দর্শিতং পদং মচ্চরণং মদ্ধাম বা অঞ্জসা শীঘ্রং রুচ্যাসক্তিরতিপ্রেমভূমিকারূঢ়ঃ সন্ বিন্দতে প্রাপ্নোতি ॥ ২৫ ॥

আমাতে অচলা ভক্তি লাভ করে, সন্দেহ নাই ॥ ২৪ ॥

সাধুগণের সংসর্গে তাদৃশ ভক্ত মদীয় ভক্তি লাভ করে এবং সাধুগণেরই সন্দর্শিত মদীয় স্বরূপ তাহারা অন্তে প্রাপ্ত হয়, সন্দেহ নাই ॥ ২৫ ॥

আভাস।

ভৃত্য যেমন উদ্যানস্বামীরই কার্য্যসাধনার্থ উদ্যানের যাবতীয় কর্ম্ম করে; সর্ব্বপ্রযত্নে কেবল নিজ প্রভুর সন্তোষার্থ স্বীয় গুণপনার পরিচয় দেয়, সেইরূপ কেবল ভগবান্ প্রসন্ন হউন? এই বিবেচনায় যাহারা সর্ব্বদা দানাদি ধর্ম্মকর্ম্মে রত থাকেন, তাঁহারাই সনাতনী ভক্তি লাভ করেন, সন্দেহ নাই। সাধুসঙ্গই এই ভক্তির প্রবর্ত্তক। সাধুগণের সংসর্গে অনুরক্ত জীবের হৃদয়ে ভগবন্নামরূপাদিতে রুচি, আসক্তি, রতি ও প্রেম উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া, তাহাকে স্বরূপদর্শনে অধিকারী করে ॥ ২৪ ॥ ২৫ ॥

ভক্তিস্ত্বয্যুপযুজ্যেত কীদৃশী সদ্ভিরাদৃতা ॥ ২৬ ॥
এতন্মে পুরুষাধ্যক্ষ লোকাধ্যক্ষ জগৎপ্রভো।
প্রণতায়ানুরক্তায় প্রপন্নায় চ কথ্যতাং ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

তথা ভক্তিঃ অপি লোকে বহুবিধা অস্তি তত্র সদ্ভিঃ আদৃতা যাতু ত্বয়ি উপযুজ্যতে সা অপি কীদৃশী ॥ ২৬ ॥

হে পুরুষাধ্যক্ষ লোকাধ্যক্ষ জগৎপ্রভো! এতৎ চ মৎপৃষ্টং প্রণতায়, অনুরক্তায় ভক্তায়, প্রপন্নায় শরণং আগতায়, মে মহ্যং কথ্যতাং ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

স্বস্বমতিপরিকল্পিতাঃ সন্তি বহবঃ। তবতু কীদৃশঃ সম্মতঃ। ভক্তিরপি বহুধা লোকে। কীদৃশী পুনস্ত্বয্যুপযুজ্যেত। সদ্ভির্নারদাদিভিরাদৃতা ॥ ২৬ ॥

এতচ্চ কথ্যতাং ইদন্ত্বাতিগুহ্যং ত্বয়ৈব বক্তব্যমিত্যৈশ্বর্য্যমাবিষ্করোতি পুরুষাধ্যক্ষেত্যাদিনা ব্রহ্মাদিনিয়ন্তঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিপ্রাদুর্ভাবকং সাধুমেব শ্রুত্বা তল্লক্ষণং পৃচ্ছতি সাধুরিতি। মতস্তব সম্মতঃ। সদ্ভিরাদৃতাপি ভক্তিস্ত্বয়ি কীদৃশ্যুপযুজ্যেত ॥ ২৬ ॥

পুরুষাণাং মহৎস্রষ্টাদীনাং অধ্যক্ষেত্যপারমৈশ্বর্য্যং লোকস্য মহাবৈকুণ্ঠলোকস্যাধ্যক্ষেত্যপারা সম্পৎ তদপি জগত্যস্মিন্মায়িকেঽপি লোকোদ্ধারণার্থং কৃপয়া প্রকর্ষেণ ভবসি প্রাদুর্ভবসীত্যপারং কারুণ্যমুক্তং। প্রণতায় মহ্যং। প্রণতস্ত্বেঽপ্যহং ন জগজ্জনবৎ কিন্ত্বনুরাগীত্যাহ অনুরক্তায় অনুরক্তত্বেঽপি নাহমর্জ্জুনাদিবদ্দেবান্তরোপাসক ইত্যাহ প্রপন্নায়েতি ॥ ২৭ ॥

উদ্ধব বলিলেন, হে উত্তমশ্লোক! কীদৃশ সাধু তোমার অভিপ্রেত এবং নানাপ্রকার ভক্তির মধ্যে সাধুগণের আদরণীয় কোন্ প্রকার ভবদীয় ভক্তি যে প্রার্থনীয়, আমি তাহা অবধারণে অক্ষম ॥ ২৬ ॥

হে পুরুষোত্তম জগৎস্বামিন্! আপনি লোক ও লোকপালগণেরও অধ্যক্ষ; আমি নিতান্ত ভক্তি-সহকারে আপনার শরণ লইয়াছি; অনুগ্রহ পূর্ব্বক মদীয় প্রশ্নের উত্তর প্রদানে আমাকে কৃতার্থ করুন ॥ ২৭ ॥

আভাস।

সাধুসঙ্গে ভক্ত হওয়া যায়, শ্রবণ করিয়া উদ্ধব সাধু ও ভক্তের বৈশিষ্ট্য কি? এই প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন। জগতে স্ব স্ব মতকল্পিত বিভিন্ন সম্প্রদায়ে বহুবিধ সাধু নয়নগোচর হইয়া থাকে; এবং ভক্তিও জগতে নানা প্রকার দেখিতে পাওয়া যায়; কিন্ত

ত্বং ব্রহ্ম পরমং ব্যোম পুরুষঃ প্রকৃতেঃ পরঃ।
অবতীর্ণোঽসি ভগবন্ স্বেচ্ছোপাত্তপৃথগ্বপুঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

হে ভগবন্! ত্বং পরমং ব্রহ্ম, ব্যোম (ব্যোমবদসঙ্গঃ) প্রকৃতেঃ পরঃ নিয়ন্তা, পুরুষঃ অপি স্বেচ্ছোপাত্তপৃথগ্বপুঃ (স্বেষাং ভক্তানাং ইচ্ছয়া উপাত্তং স্বীকৃতং, বপুঃ যেন তথাভূতঃ সন্) অবতীর্ণঃ অসি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

অত্র হেতুঃ ত্বমিতি। ব্যোমবদসঙ্গো যতঃ প্রকৃতেঃ পরঃ। স্বেষামিচ্ছয়া উপাত্তং পৃথক্ পরিমিতং বপুর্যেন সঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। ত্বদ্ভক্তিপ্রবর্ত্তকঃ সাধুস্ত্বংস্বরূপাদ্ভিন্নোঽপি ত্বংস্বরূপভূত এবেত্যাহ ত্বমিতি। ব্যোমবদসঙ্গঃ যতঃ প্রকৃতেঃ পরঃ। তদপি প্রাকৃতেঽস্মিন্ লোকে কৃপয়া জীবোদ্ধারার্থ-মবতীর্ণোঽসি। কীদৃশঃ স্বৈর্ভক্তৈরিচ্ছয়োপাত্তানি গৃহীতানি পৃথগ্ভূতানি বপূংষি যতঃ। স স্বস্বরূপভূতানি বপূংষ্যেব ত্বং স্বভক্তিপ্রবর্ত্তনার্থং ভক্তেভ্যো দদাসীত্যর্থঃ। যদুক্তং নারদেন। প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনুমিতি। অতএব ত্বদ্ভক্তং গুরুং লোকাস্ত্বংস্বরূপত্বেনৈব ধ্যায়ন্তীতি ভাবঃ। যদ্বা। ত্বমাত্মারামত্বাৎ জগত্যস্মিন্নুদাসীনো-ঽপি স্বভক্তিপ্রচারণার্থমবতরস্যেবেত্যাহ ত্বমিতি স্বেচ্ছয়া উপাত্তানি পৃথক্ পৃথগ্বপূংষি শ্রীকপিলদত্তাত্রেয়শ্রীনারদাদ্যাকারা যেন সঃ। যদুক্তং। বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকমিতি ॥ ২৮ ॥

হে ভগবন্! আপনি প্রকৃতির নিয়ন্তা পরাৎপর পরমব্রহ্ম; মহাকাশের ন্যায় নির্লিপ্তভাবে সর্ব্বত্র অবস্থিত থাকিয়াও স্বীয় ভক্তগণের সাধ পুরণার্থ বিগ্রহ ধারণে জগতে অবতীর্ণ হইয়া থাকেন ॥ ২৮ ॥

উদ্ধবের কথা শ্রবণে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, যে ব্যক্তি কৃপালু ও জীব-মাত্রেরই বিদ্রোহাচরণে বিমুখ হইয়া সতত পরের অপরাধ সহ্য করিয়া থাকেন, সত্যই যাঁহার এক মাত্র সার ধন; যাঁহার অন্তঃকরণে অসূয়াদি

আভাস।

তন্মধ্যে কোন্ সাধু বা কিরূপ ভক্তি যে শ্রীকৃষ্ণের অভিপ্রেত, তাহাই জানিবার জন্য উদ্ধব অতি বিনয় ও শ্রদ্ধাসহকারে ভগবানকে প্রশ্ন করিলেন। তিনি বলিলেন হে ভগবন্! কেবল লোকের মঙ্গলকামনায় আপনি পূর্ণব্রহ্ম হইয়াও যখন জন্মগ্রহণ করিয়াছেন, তখন আপনি যে সংশয় ছেদনে আমাকে প্রতিবোধিত করিবেন, আমার তাহাতে বিশেষ প্রত্যাশা আছে; কারণ আপনি ব্যতীত আমার আর অন্য গুরু বা উপদেষ্টা নাই, যাঁহার প্রসাদে এই ভবসংসার হইতে সহজে মুক্তিলাভ করিতে পারি ॥ ২৬—২৮ ॥

শ্রীভগবানুবাচ ॥

কৃপালুরকৃতদ্রোহস্তিতিক্ষুঃ সর্ব্বদেহিনাং।

সত্যসারোঽনবদ্যাত্মা সমঃ সর্ব্বোপকারকঃ ॥ ২৯ ॥

কামৈরহতধীর্দান্তো মৃদুঃ শুচিরকিঞ্চনঃ।

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। কৃপালুঃ পরদুঃখাসহিষ্ণুঃ, সর্ব্বদেহিনাং অকৃতদ্রোহঃ, তিতিক্ষুঃ পরাপরাধসহিষ্ণুঃ, সত্যসারঃ (সত্যং এব সারঃ সাধনং যস্য সঃ) অনবদ্যাত্মা (অনবদ্যঃ অসূয়াদিদোষরহিতঃ আত্মা অন্তঃকরণং যস্য সঃ) সমঃ (শত্রুমিত্রাদিষু) সর্ব্বোপকারকঃ ॥ ২৯ ॥

কামৈঃ অহতধীঃ (অহতা অক্ষুভিতা ধীঃ যস্য সঃ) দান্তঃ নিগৃহীতেন্দ্রিয়ঃ, মৃদুঃ কোমলচিত্তঃ, শুচিঃ বাহ্যাভ্যন্তরশৌচবান্, অকিঞ্চনঃ পরিগ্রহশূন্যঃ, অনীহঃ ইহামুত্রভোগবিরাগঃ,

শ্রীধরস্বামী।

তত্র ত্রিংশল্লক্ষণৈঃ সাধুং নিরূপয়তি কৃপালুরিতি পঞ্চভিঃ। কৃপালুঃ পরদুঃখাসহিষ্ণুঃ। সর্ব্বদেহিনাং কেষাঞ্চিদপি অকৃতদ্রোহঃ। তিতিক্ষুঃ ক্ষমাবান্। সত্যং সারঃ স্থিরং বলং বা যস্য সঃ। অনবদ্যাত্মা অসূয়াদিরহিতঃ সুখদুঃখয়োঃ সমঃ। যথাশক্তিসর্ব্বেষামুপকারকঃ ॥ ২৯ ॥

কামৈরক্ষুভিতচিত্তঃ। দান্তঃ সংযতবাহেন্দ্রিয়ঃ। মৃদুরকঠিনচিত্তঃ। শুচিঃ সদাচারঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মজ্ঞানাদিমিশ্রা কেবলা চেতি মদ্ভক্তের্দ্বৈবিধ্যাত্তৎপ্রবর্ত্তকঃ সাধুরপি দ্বিবিধস্তত্র প্রথমমাহ ত্রিভিঃ। কৃপালুঃ পরসংসারদুঃখাসহিষ্ণুঃ স্বদ্রোহিণ্যপি জনে অকৃতদ্রোহঃ। সর্ব্বদেহিনাং স্বমবজানতামপি তিতিক্ষুরপরাধক্ষমস্তা সত্যমেব সারো বলং যস্য সঃ। অনবদ্যাত্মা অসূয়াদিদোষরহিতঃ সমঃ সুখদুঃখাভ্যাং মানাপমানাভ্যাঞ্চ তুল্যঃ ॥ ২৯ ॥

কামৈরক্ষুভিতচিত্তঃ দান্তঃ সংযতবাহেন্দ্রিয়ঃ। মৃদুরকঠোরচিত্তঃ। শুচিঃ সদাচারঃ।

দোষজাল কখন স্পর্শ করে না; যিনি শত্রু বা মিত্রের প্রতি সমান দৃষ্টি করত সর্ব্বভূতের উপকারার্থ সর্ব্বদা যত্নবান্ থাকেন ॥ ২৯ ॥

যাঁহার বুদ্ধি কখন কামাদিতে অভিভূত হয় না; যিনি বাহেন্দ্রিয়ের সংযমন পূর্ব্বক বিশুদ্ধ ভাবে ও কোমল হৃদয়ে ঐহিক ও আমুষ্মিক কোন

আভাস।

নিম্নলিখিত পাঁচটী শ্লোকে ত্রিংশৎ লক্ষণের দ্বারা ভগবান্ সাধুর স্বরূপ কীর্ত্তন করিয়াছেন। পরগুণে দোষারোপ করাকে অসূয়া বলে; যাহার হৃদয়ে তাদৃশ দোষ না থাকে, তাহাকে অনবদ্যাত্মা নামে অভিহিত করা যায় ॥ ২৯ ॥ ৩০ ॥

অনীহো মিতভুক্ শান্তঃ স্থিরো মচ্ছরণো মুনিঃ ॥ ৩০ ॥
অপ্রমত্তো গভীরাত্মা ধৃতিমান্ জিতষড়্গুণঃ।

অন্বয়ঃ।

মিতভুক্ লঘ্বাহারঃ, শান্তঃ যতাত্মা, স্থিরঃ মদ্ভক্তৌ দৃঢ়প্রত্যয়ঃ, মচ্ছরণঃ মদেকাশ্রয়ঃ মুনিঃ মননশীলঃ ॥ ৩০ ॥

অপ্রমত্তঃ সাবধানঃ গভীরাত্মা অনবগাহ্যাভিপ্রায়ঃ, ধৃতিমান্ আপৎস্বপি অকৃপণঃ জিত-

শ্রীধরস্বামী।

অকিঞ্চনঃ অপরিগ্রহঃ। অনীহঃ দৃষ্টক্রিয়াশূন্যঃ। মিতভুক্ লঘ্বাহারঃ। শান্তঃ নিয়তান্তঃ-করণঃ স্থিরঃ স্বধর্ম্মে। মচ্ছরণঃ মদেকাশ্রয়ঃ। মুনির্মননশীলঃ ॥ ৩০ ॥

অপ্রমত্তঃ সাবধানঃ গভীরাত্মা নির্ব্বিকারঃ ধৃতিমান্ বিপদ্যপি অকৃপণঃ। জিতষড়্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অকিঞ্চনঃ অপরিগ্রহঃ। অনীহ ব্যবহারিকক্রিয়াশূন্যঃ। মিতভুক্ পবিত্রলঘ্বাহারঃ। শান্তঃ শান্তিরতিমান্ স্থিরঃ স্বকৃত্যেষু ফলোদয়পর্য্যন্তমব্যগ্রঃ। আফলোদয়কৃৎঃ স্থির ইতি তল্লক্ষণাৎ। মচ্ছরণঃ মদেকাশ্রয়ঃ মুনির্মননশীলঃ ॥ ৩০ ॥

অপ্রমত্তঃ সাবধানঃ। গভীরাত্মা অন্যৈর্দুরবগাহস্বভাবঃ ধৃতিমান্ নির্ব্বিকারঃ জিতষড়্গুণঃ ক্ষুৎপিপাসাদ্যূর্ম্মিরহিতঃ। অমানী মানাকাঙ্ক্ষাশূন্যঃ অন্যেভ্যো মানপ্রদঃ। কল্যঃ পরবোধনে দক্ষঃ। মৈত্রঃ অবঞ্চকঃ। কারুণিকঃ করুণয়ৈব প্রবর্ত্তমানঃ। কবির্ব্বন্ধমোক্ষজ্ঞঃ ইত্যষ্টাবিংশতিগুণবানয়ং সত্তমঃ ইত্যুত্তরস্যান্বয়ঃ। অত্র শান্ত ইতি জিতষড়্গুণ ইতি পদাভ্যাময়ং সিদ্ধভক্তো নির্ব্বাণবাঞ্ছাশূন্যত্বাৎ ভক্ত্যাত্মারামঃ শান্তভক্ত ইতি সংজ্ঞাভ্যা-

---

ভোগেরই আকাঙ্ক্ষা করেন না; পরিমিত ভোজন গ্রহণে অন্তরিন্দ্রিয়ের জয় সাধনে স্থিরচিত্তে মদীয় ভক্তিতে দৃঢ় বিশ্বাস পূর্ব্বক মনন দ্বারা আমাতেই আত্মসমর্পণ করেন ॥ ৩০ ॥

যাহাদের স্বভাব উদ্ধত বা প্রমত্ত নহে; যাহদের প্রতিজ্ঞা স্থির; বিপদ্ কালেও যাহাদের বুদ্ধিভ্রংশ জন্মায় না; যাহারা ক্ষুধা পিপাসা, শোক, মোহ, ও জরামৃত্যু প্রভৃতি ষড়্বিধ গুণবর্গকে অতিক্রম করিতে সমর্থ হইয়াছে,

আভাস।

কাম্যকর্ম্মের অনুষ্ঠানে যে ভক্তি জন্মে, তাহাতেই নিষ্কাম ভক্তিকে আনয়ন করে। কিন্তু নিষ্কাম ভক্তির উদয় হইলে পাছে পদস্খলন হয়, এই ভয়ে নিষ্কাম নিত্যনৈমিত্তিকাদি কর্ম্ম কখন ভক্তের পরিত্যাজ্য নহে, ইহাও ভগবান্ প্রকাশ করিয়াছেন। নিষ্কাম কর্ম্মের অনুশীলনে জ্ঞানমিশ্রা ভক্তি জন্মে এবং তাহার পরিপাক দশাতে ভক্তির প্রাবল্য হইলে যখন জ্ঞানার্থেও বিশেষ আস্থা না থাকে, তখনই শান্তভক্তির উদয় হয়। ভক্তের নিকট

অমানী মানদঃ কল্যো মৈত্রঃ কারুণিকঃ কবিঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

ষড়্গুণঃ (জিতাঃ ক্ষুৎপিপাসাশোকমোহজরামৃত্যুপ্রভৃতয়ঃ ষড়্গুণাঃ যেন সঃ) অমানী স্বসৎকারানভিলাষী, (অন্যেভ্যঃ) মানদঃ সৎকারকর্ত্তা, কল্যঃ পরবোধনে দক্ষঃ, মৈত্রঃ অবঞ্চকঃ কারুণিকঃ কবিঃ তত্ত্বজ্ঞঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

গুণঃ। ক্ষুৎপিপাসে শোকমোহৌ জরামৃত্যু ষড়ূর্ম্ময়ঃ। এতে জিতা যেন সঃ। অমানী ন মানাকাঙ্ক্ষী। অন্যেভ্যো মানদঃ। কল্যঃ পরবোধনে দক্ষঃ। মৈত্রঃ অবঞ্চকঃ। কারুণিকঃ করুণয়ৈব প্রবর্ত্তমানঃ ন দৃষ্টলোভেন কবিঃ সম্যগ্‌জ্ঞানী ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুচ্যতে। অয়ং স্বপূর্ব্বদশায়াং জ্ঞানমিশ্রভক্তিমান্ তৎপূর্ব্বদশায়াং কর্ম্মমিশ্রভক্তিমানাসীদতস্তদা তদাস্য ভক্তেঃ প্রাধান্যং সিদ্ধিদশায়াং তু কর্ম্মজ্ঞানাদ্যনাবরণাচ্ছুদ্ধভক্ত এবায়মুচ্যতে ইত্যতঃ সত্তম ইতি জ্ঞানমিশ্রভক্তিমান্ সত্তরঃ কর্ম্মমিশ্রভক্তিমান সন্নিত্যবগম্যতে। অতোহয়ং স্বসঙ্গিনং স্বতুল্যং চিকীর্ষুঃ। প্রথমং কর্ম্মমিশ্রাং ভক্তিমুপদিশতি। ততস্তেনোপদিষ্টঃ সচ নিষ্কামঃ কর্ম্মমিশ্রামেব ভক্তিং কুর্ব্বন্ ন কর্ম্মাণি ত্যজেৎ যোগী কর্ম্মভিস্ত্যজ্যতে হি স ইতি ন্যায়েনারূঢ়দশায়ামনাদৃতত্বাৎ অতএব কর্ম্মণামুপরামে সতি জ্ঞানমিশ্রাং ভক্তিং লভতে। ততস্তৎপাকদশায়াং ভক্তেঃ প্রাবল্যে সতি জ্ঞানেঽপ্যনাদৃততত্বাদুপারমং প্রায়ে সতি ভক্তাত্মারাম ইতি শান্তভক্ত ইতি সংজ্ঞাভ্যাং সচাপ্যুচ্যমানো ভবতি তস্য জ্ঞানেঽনাদরো যথা ভক্তিরসামৃতসিন্ধুধৃতা তদুক্তিঃ অস্মিন্ সুখঘনমূর্ত্তৌ পরমাত্মনি বৃষ্ণিপত্তনে স্ফুরতি। আত্মারামতয়া মে বৃথা গতো বত চিরং কাল ইতি। হরেগুর্ণাক্ষিপ্তমতি র্ভগবান্ বাদরায়ণিরিতি প্রথমে চ তদ্দশায়াং ভক্তিবাধিতত্বং জ্ঞানস্য সত্ত্বেঽপি তস্য ভক্ত্যনাবরকত্বাদন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং। আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুচ্যত ইতি শুদ্ধভক্তিলক্ষণস্য তত্র নাব্যাপ্তি র্জ্ঞেয়া ॥ ৩১ ॥

নিজের সম্মানে জলাঞ্জলি দিয়া অন্যের মানরক্ষার্থ সর্ব্বদা যত্নশীল, পরবোধনে দক্ষ, মিত্রভাবাপন্ন, করুণাবান্ ও তত্ত্বজ্ঞ জগতে তাহারাই শ্রেষ্ঠ মানব ॥ ৩১

আভাস।

যখন ভগবানই প্রিয় পাত্র হন, ভগবদৈশ্বর্য্যে ভক্তের কোন লক্ষ্য থাকে না, তখনই তিনি আত্মারাম ও জীবন্মুক্ত নামে অভিহিত ॥ ৩১ ॥

গীতাতে উক্ত আছে, "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচ"। সকল ধর্ম্মকে পরিত্যাগ করিয়া কেবল আমারই শরণাগত হও! আমি তোমাকে সকল পাপ হইতে মুক্ত করিব; তোমার আর শোকের কোন কারণই থাকিবে না। অর্জ্জুনের প্রতি ভগবদুক্ত এই উপদেশ বাক্যটী এই শ্লোকে

আজ্ঞায়ৈবং গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্।
ধর্ম্মান্ সংত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ সতু সত্তমঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

এবং গুণান্ অনুক্তদোষান্ চ আজ্ঞায় জ্ঞাত্বা, ময়া বেদরূপেণ আদিষ্টান্ উপদিষ্টান্ অপি সর্ব্বান্ স্বকান্ ধর্ম্মান্ সংত্যজ্য যঃ মাং ভজেৎ স তু সত্তমঃ সাধুরেব ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। ময়া বেদরূপেণাদিষ্টানপি স্বধর্ম্মান্ সংত্যজ্য যো মাং ভজেত সোঽপ্যেবং পূর্ব্বোক্তবৎ সত্তমঃ কিমজ্ঞানাৎ নাস্তিক্যাদ্বা ন ধর্ম্মাচরণে সত্ত্বশুদ্ধ্যাদীন্ গুণান্ বিপক্ষে দোষাংশ্চ জ্ঞাত্বাপি মদ্ধ্যানবিক্ষেপকতয়া মদ্ভক্ত্যৈব সর্ব্বং ভবিষ্যতীতি দৃঢ়নিশ্চয়েনৈব ধর্ম্মান্ সংত্যজ্য। যদ্বা। ভক্তের্দার্ঢ্যেন নিবৃত্ত্যাধিকারিতয়া সংত্যজ্য অথবা বিদ্ধৈকাদশী কুক্কৈকাদশ্যুপবাসানুপবাসাদ্যনিবেদ্য শ্রাদ্ধাদয়ো যে ভক্তিবিরুদ্ধা ধর্ম্মাস্তান্ সংত্যজ্যেত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ কেবলায়া ভক্তেঃ প্রবর্ত্তকং সাধুং লক্ষয়তি আজ্ঞায়েতি যথা ধর্ম্মান্ নৈব সংত্যজ্য সত্তম উক্তঃ এবং ময়া বেদরূপেণাদিষ্টানপি সর্ব্বান্ সংত্যজ্য মদ্ভক্তাবেব শ্রদ্ধাবিশেষবত্তয়া সম্যক্ প্রকারেণৈব ত্যক্ত্বা যো মাং ভজেৎ কিমজ্ঞানান্নাস্তিক্যাদ্বা ন ধর্ম্মাচরণে সত্ত্বশুদ্ধ্যাদীন্ গুণান্ বিপক্ষে দোষাংশ্চ আজ্ঞায় সম্যগেব জ্ঞাত্বাপি ভক্ত্যৈব মে সর্ব্বং ভবিষ্যতীতি

এবং এই সকল গুণগ্রাম এবং অনুক্ত দোষসমূহের স্বরূপ অবধারণ পূর্ব্বক বেদোক্তির দ্বারা উপদিষ্ট মদীয় আদেশরূপ স্ব স্ব বর্ণাশ্রমোচিত

আভাস।

স্পষ্টত বিবৃত হইয়াছে। অর্থাৎ দেহাদি অন্তঃকরণবৃত্তির বিশুদ্ধির নিমিত্তই বেদোক্ত সকাম ও নিষ্কাম কর্ম্মকলাপের উল্লেখ করা হইয়াছে। বর্ণাশ্রমপ্রোক্ত এই সমস্ত কর্ম্মকলাপ প্রথম অধিকারীর পক্ষে অবশ্যই কর্ত্তব্য; ইহা না করিলে প্রত্যবায়ভাগী হইতে হইবে, সন্দেহ নাই। কিন্তু নিত্যনৈমিত্তিকাদির অনুষ্ঠানে চিত্ত বিশুদ্ধ হইয়া ভগবদ্ধারণায় সমর্থ হইলে, আর কর্ম্মকলাপের অনুষ্ঠানে বিব্রত থাকা হইবে না; তখন কেবল ঈশ্বরধ্যানৈকচিত্ত হইয়া সকল কর্ম্মে জলাঞ্জলি দিতে হইবে। তৎকালে নিত্যনৈমিত্তিকাদির অকরণে প্রত্যবায় হইবে বলিয়া, সন্দেহ করিবার প্রয়োজন নাই। কারণ কর্ম্ম না করিয়া নিশ্চিন্তভাবে কালক্ষেপণে বা দুষ্কর্ম্মের অনুষ্ঠানে যে চিত্তের মালিন্য হইবার সম্ভব ছিল, এক্ষণে ভগবদ্ধ্যানৈকনিষ্ঠ হইতে পারিলে, সে সমস্ত দুরিত ঘটিবার কোন সম্ভাবনা নাই। যেমন হুতাশনে পরিদগ্ধ হইবার কালে লৌহে লৌহমল (মরিচা) পড়িবার আশঙ্কা থাকে না, সেইরূপ ভগবচ্চিন্তনরূপ গাঢ় ধ্যানের ফলে জীবদেহে বা চিত্তে কোন বিকৃতি জন্মিবার সম্ভাবনা থাকে না; বরং উত্তরোত্তর সংস্কারমূলক কারণশরীরেও ক্ষয়ে জীব

জ্ঞাত্বা জ্ঞাত্বাথ যে বৈ মাং যাবান্ যশ্চাস্মি যাদৃশঃ।
ভজন্ত্যনন্যভাবেন তে মে ভক্ততমা মতাঃ।। ৩৩ ।।

অন্বয়ঃ।

অহং যাবান্ (দেশকালাপরিচ্ছিন্নঃ) যঃ চ সর্ব্বাত্মা, যাদৃশঃ সচ্চিদানন্দরূপঃ অস্মি তং মাং জ্ঞাত্বা (পুনঃ পুনঃ শাস্ত্রগুরূপদেশতঃ বিশেষতঃ যথাতথ্যেন বা জ্ঞাত্বা অনন্যভাবেন ভজন্তি তে এব মে মম ভক্ততমাঃ মতাঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। যাবান্ দেশকালাপরিচ্ছিন্নঃ যশ্চ সর্ব্বাত্মা যাদৃশঃ সচ্চিদানন্দাদিরূপঃ তং মাং জ্ঞাত্বা অজ্ঞাত্বাপি। যদ্বা। বিশেষতঃ পুনঃপুনর্জ্ঞাত্বা একান্তভাবেন যে ভজন্তীতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃঢ়নিশ্চয়েনৈব ধর্ম্মান্ সংত্যজ্যেতি স্বামিচরণাঃ। সচ সত্তম ইতি পূর্ব্বাধিকারী ধর্ম্মান্ন সংত্যজ্য ভজেদয়ন্তু সংত্যজ্যৈবেতি ভেদঃ। তথা পূর্ব্বকৃপালুত্বাদি সম্পূর্ণ গুণবানেব সত্তমঃ। অয়ন্তু বিশেষণান্তরানুপাদানাত্তাবৎসংখ্যকগুণবত্ত্বাভাবেঽপি সত্তমঃ। নচাস্য তাবদ্গুণাভাব এবেত্যাশঙ্কনীয়ং। ভক্তিঃ পরেশানুভবো বিরক্তিরন্যত্র চৈষত্রিক এককাল ইতি যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরা ইত্যাদি শ্রবণাদচিরেণৈব সর্ব্বদোষোপশমপূর্ব্বকসর্ব্বগুণোদয়স্য তত্রাবশ্যম্ভাবিত্বাৎ। কিঞ্চ। পূর্ব্বে জিতষড়্গুণত্বাৎ সিদ্ধদশাবস্থ এব সত্তমঃ অয়ন্তু তাদৃশত্বানুক্তেঃ সাধকদশাবস্থোঽপি সত্তম ইত্যস্য পূর্ব্বত এতাবান্ ব্যক্তিত উৎকর্ষঃ প্রথমত এব শুদ্ধভক্তিমত্ত্বাজ্ জ্ঞেয়ঃ ॥ ৩২ ॥

অয়ং সিদ্ধদশাবস্থস্তেতু পরমমহোৎকৃষ্ট এবোচ্যত ইত্যাহ। জ্ঞাত্বাজ্ঞাত্বেতি বীপ্সা। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি মদুক্তের্ভক্তিতারতম্যেন মন্মাধুর্য্যমধিকং প্রতিক্ষণমনুভবগোচরীকৃত্যেত্যর্থঃ। যাবান্ কালদেশাভ্যামপরিচ্ছিন্নোঽপ্যহং ভক্তেচ্ছাবশাৎ পরিচ্ছিন্নশ্চ। যশ্চ

যাবতীয় ধর্ম্মের প্রতিও উপেক্ষা করত কেবল আমারই ভজনে যাহারা নিরন্তর প্রবৃত্ত হয়, তাহারাই প্রকৃত সাধুপদবাচ্য সন্দেহ নাই ।। ৩২ ।।

দেশকালাদিতে যেরূপ আমি অপরিচ্ছিন্ন, সর্ব্ব জীবহৃদয়ে যেরূপে

আভাস।

চিরমুক্তই হইয়াই থাকে। এস্থলে কর্ম্মমাত্রেরই দোষ ও গুণ উভয়ই আছে। পরমাত্মচিন্তন ব্যতীত কোন কর্ম্মই তাদৃশ বিশুদ্ধ নহে। অতএব সর্ব্বকর্ম্মাপেক্ষা ঈশ্বরচিন্তনই শ্রেয়ঃ। এখানে "সর্ব্বধর্ম্মান্" শব্দে দেহাদিচিত্তের কার্য্যকে লক্ষ্য করাও অসঙ্গত অর্থ নহে। অর্থাৎ চিত্তাদি দেহ পর্য্যন্ত যাবতীয় প্রাকৃতিক পদার্থের স্ব স্ব নিরূপিত এক একটী কর্ম্ম নির্দ্দিষ্ট আছে। সেই সেই কর্ম্মের অনুরোধে সকল তত্ত্বকেই ক্রমশঃ হীনাবস্থায় পরিণত হইতে হয়। যেমন চক্ষুর সামর্থ্য দর্শন করা; সে যদি নিরন্তর দর্শনব্যাপারেই ব্যস্ত থাকে, তাহা হইলে অনন্ত বস্তুর দর্শনে কোন কালেই তাহার দর্শনসাধ মিটিবে না;

মল্লিঙ্গমদ্ভক্তজনদর্শনস্পর্শনার্চ্চনং।
পরিচর্য্যাস্তুতিপ্রহ্বগুণকর্ম্মানুকীর্ত্তনং ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

মল্লিঙ্গমদ্ভক্তজনদর্শনস্পর্শনার্চ্চনং (মম লিঙ্গানি প্রতিমাদীনি তেষাং তথা মদ্ভক্তজনানাং চ দর্শনংস্পর্শনার্চ্চনং) পরিচর্য্যা পাদসম্বাহনাদিরূপা, স্তুতিপ্রহ্বগুণকর্ম্মানুকীর্ত্তনং প্রহ্ব ইতি প্রহ্বত্বং নমস্কারঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

সাধুলক্ষণমুক্তং ভক্তের্লক্ষণমাহ মল্লিঙ্গেত্যষ্টভিঃ। লিঙ্গানি প্রতিমাদীনি ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাক্ষাৎ পরব্রহ্মাপ্যহং শ্যামসুন্দরাকারো বসুদেবপুত্রশ্চ যাদৃশ আত্মারাম আপ্তকামোহপ্যহং ভক্তপ্রেমবৈবশ্যাদনাত্মারামোহনাপ্তকামশ্চ। অনন্যভাবেনৈকান্তিকত্বেন অনন্যমমতাকত্বেনেতি বা তে ইতি গৌরবেণ বহুত্বং ভক্ততমা মতা ইতি পূর্ব্বোক্তলক্ষণঃ সত্তমঃ এব ময়া মদ্ভক্তশব্দেনোচ্যতে। অয়ন্তু মে ভক্ততমো ময়া সম্মত ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

যদুক্তং ভক্তিস্ত্বয়ি কীদৃশ্যুপযুক্তেতি তত্রাহ। মল্লিঙ্গ-মদ্ভক্তজনেত্যত্র ষষ্ঠীলুগার্ষঃ উত্তরার্দ্ধেহপ্যন্বয়াৎ। প্রহ্বেতি প্রহ্বত্বং নমস্কারঃ ॥ ৩৪ ॥

অবস্থিতি করি এবং যেরূপ আমি সচ্চিদানন্দবিগ্রহ, শাস্ত্র ও গুরুর উপদেশ অনুসারে আমার এই ভাব বারংবার যাহারা স্বরূপত উপলব্ধি করিয়া অনন্য ভাবে আমার ভজনা করে, তাহারাই আমার অভিপ্রেত ভক্ত বলিয়া জানিবে ॥ ৩৩ ॥

হে উদ্ধব! আমার প্রতিমা ও মদীয় ভক্তগণের দর্শন, স্পর্শ, পূজা, পরিচর্য্যা, স্তুতি, নমস্কার ও গুণকীর্ত্তন করা— ॥ ৩৪ ॥

আভাস।

তাদৃশ চক্ষুলাভে জীবের জীবন নিরর্থক হইয়া যাইবে। তবে সকল ইন্দ্রিয়বর্গ ও চিত্তাদির সাহায্যে তদতিরিক্ত পরমতত্ত্বকে নিরূপণ করাই জীবের একমাত্র উদ্দেশ্য। সেই নিমিত্তই ভগবান্ বলিয়াছেন যে, দেহেন্দ্রিয়াদির স্ব স্ব ধর্ম্ম বা কর্ম্মের প্রতি আস্থা বা যত্ন না করিয়া এক আমার প্রতিই চিত্ত বিনিবিষ্ট করাই শ্রেয়ঃ ॥ ৩২ ॥

ভগবানে চিত্ত নিবিষ্ট করিবারও তারতম্য আছে। যেমন সমস্ত ভোজন দ্রব্য একত্র সম্মুখে উপস্থিত পাইলেই ক্ষুন্নিবৃত্তি ও দেহের পুষ্টি হয় না, তাহা প্রতিগ্রাসে ক্রমশঃ ঘটিয়া থাকে, সেইরূপ চিত্তসমাধান মাত্রেই জীব মুক্ত বা আনন্দী হয় না। চিত্তসমাধানের সঙ্গে সঙ্গে যেমনই ভগবদ্ভাবের উদ্বোধন হয়, তেমনই বিষয় বৈরাগ্য ও ভক্তি ক্রমশঃ উদ্দীপিত হইতে থাকে। ভগবদ্ভাবের চরম উদ্বোধনে জীব কৃতার্থ ও জীবন্মুক্ত হয়; ইহারই নাম

মৎকথাশ্রবণে শ্রদ্ধা মদনুধ্যানমুদ্ধব।
সর্ব্বলাভোপহরণং দাস্যেনাত্মনিবেদনং ॥ ৩৫ ॥
মজ্জন্মকর্ম্মকথনং মম পর্ব্বানুমোদনং।
গীততাণ্ডববাদিত্রগোষ্ঠীভির্মদ্‌গৃহোৎসবঃ ॥ ৩৬ ॥
যাত্রাবলিবিধানঞ্চ সর্ব্ববার্ষিকপর্ব্বসু।

অন্বয়ঃ।

হে উদ্ধব! মৎকথাশ্রবণে শ্রদ্ধা মদনুধ্যানং, সর্ব্বলাভোপহরণং (সর্ব্বস্য লব্ধস্য ইষ্ট-বস্তুনঃ লাভস্য উপহরণং পরিত্যাগঃ, দাস্যেন নিমিত্তেন আত্মনিবেদনং (আত্মনঃ সানু-বন্ধস্য দেহস্য নিবেদনং মদীয়ত্বেন স্থাপনং ॥ ৩৫ ॥

মজ্জন্মকর্ম্মকথনং মম পর্ব্বানুমোদনং পর্ব্বাণি জন্মাষ্টম্যাদীনি তেষাং অনুমোদনং, গীততাণ্ডববাদিত্রগোষ্ঠীভিঃ মদ্‌গৃহোৎসবঃ ॥ ৩৬ ॥

যাত্রা মদ্দর্শনার্থগমনং, সর্ব্ববার্ষিকপর্ব্বসু জন্মাষ্টম্যেকাদশ্যাদিষু বলিবিধানং পূজা-

শ্রীধরস্বামী।

সর্ব্বলাভোপহরণং সর্ব্বস্য লব্ধস্য সমর্পণং ॥ ৩৫ ॥

পর্ব্বাণি জন্মাষ্টম্যাদীনি তদনুমোদনং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বলাভোপহরণং ভগবতৈব স্বসেবার্থং স্বয়মানীতমিতি বুদ্ধ্যা সর্ব্বস্য লব্ধবস্তুনো মমতাস্পদস্য তস্মৈ সমর্পণং। দাস্যেন হেতুনা আত্মনো জীবস্য দেহস্যচাহন্তাস্পদস্যাপি সমর্পণং ॥ ৩৫ ॥

জন্মকর্ম্মকথনমিতি অনুকীর্ত্তনকথনয়োঃ রাগস্বরতালাদিযুক্তত্বাত্যাং ভেদো জ্ঞেয়ঃ। পর্ব্বাণি জন্মাষ্টম্যাদীনি তেষামনুমোদনমেবাহ যাভ্যাং গীতাদিভিঃ। মদ্‌গৃহাধিকরণক-উৎসবঃ ॥ ৩৬ ॥

মৎকথা শ্রবণে শ্রদ্ধা, মদীয় অনুধ্যান, লব্ধ সকল পদার্থ আমাকে সমর্পণ করা ও দাসভাবে আত্মনিবেদন— ॥ ৩৫ ॥

আমার জন্ম ও কর্ম্মের বিষয় পরস্পরে আলাপ করা, জন্মাষ্টমী প্রভৃতি পর্ব্বোপলক্ষে গীত বাদ্য ও নৃত্যের দ্বারা সপরিবারে উৎসব করা— ॥ ৩৬ ॥

আভাস।

সিদ্ধদশা। ভগবদ্ভাবের উদ্বোধনে সিদ্ধা ভক্তি জন্মে বটে, কিন্তু ভগবদ্ভাবের উদ্বোধনার্থ সাধন ভক্তির প্রয়োজন। অতএব সাধন ভক্তির অবস্থাকে অতিক্রম করিয়া সাধ্য ভক্তির স্রোতে ভাসমান প্রেমানন্দমগ্ন সাধক মদীয় আত্মারাম ও পূর্ণকামস্বরূপকেও নিজ বিষয়রূপে গ্রহণ করে; এবং আমিও তাহাদের ভক্তিতে আবদ্ধ হই ॥ ৩৩ ॥

বৈদিকী তান্ত্রিকী দীক্ষা মদীয়ব্রতধারণং ॥ ৩৭ ॥
মমার্চ্চা স্থাপনে শ্রদ্ধা স্বতঃ সংহত্য চোদ্যমঃ।
উদ্যানোপবনাক্রীড়পুরমন্দিরকর্ম্মণি ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

বিধানং, বৈদিকী তান্ত্রিকী দীক্ষা মন্ত্রগ্রহণেন সংস্কারসম্পত্তিঃ, মদীয় ব্রতধারণং (ব্রতানাং একাদশ্যাদীনাং ধারণং আচরণং ॥ ৩৭ ॥

মম অর্চ্চাস্থাপনে (অর্চ্চা মূর্ত্তিঃ তস্যাঃ স্থাপনে) শ্রদ্ধা আদরঃ, স্বতঃ বা সংহত্য অন্যৈঃ সম্ভূয় উদ্যানোপবনাক্রীড়পুরমন্দিরকর্ম্মণি (উদ্যানং পুষ্পপ্রধানং বনং, উপবনং ফলপ্রধানং, আক্রীড়ং ক্রীড়াস্থানং) উদ্যমঃ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

বলিবিধানং পুষ্পোপহারাদিসমর্পণং সর্ব্ববার্ষিকপর্ব্বসু চাতুর্মাস্যৈকাদশ্যাদিষু বিশেষতঃ ॥ ৩৭ ॥

অর্চ্চা প্রতিমা। উদ্যানাদিকরণে সামর্থ্যে সতি স্বতএব অসতি অন্যৈঃ সম্ভূয়াপ্যুদ্যমঃ। আক্রীড়ং ক্রীড়াস্থানং। পুরং চক্রবেষ্টনং ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বেষু বার্ষিকেষু বৎসরসম্বন্ধিষু পর্ব্বসু ফাল্গুনপূর্ণিমাদিষু যা দোলাদিযাত্রাস্তাসু বলিবিধানং বিবিধবস্ত্রালঙ্কারমিষ্টান্নস্রক্‌চন্দনপুষ্পাদিপূজোপহারকরণং। ব্রতান্যেকাদশ্যাদীনি ॥ ৩৭ ॥

অর্চ্চাপ্রতিমা উদ্যানাদিকরণে সামর্থ্যে সতি স্বতোঽসতি চান্যৈঃ সংভূয়োদ্যমঃ। উদ্যানং পুষ্পপ্রধানং। উপবনং ফলপ্রধানং। আক্রীড়ং ক্রীড়াস্থানং ॥ ৩৮ ॥

আমার প্রতিমা দর্শনার্থ তীর্থাদিতে ভ্রমণ করা, জন্মাষ্টমী ও একাদশী প্রভৃতি পর্ব্বদিনে পূজাদির ব্যবস্থা করা, বৈদিক ও তান্ত্রিক দীক্ষা অনুসারে মন্ত্র গ্রহণ করা এবং একাদশ্যাদি ব্রতকে পালন করা— ॥ ৩৭ ॥

আমার মূর্ত্তি প্রতিষ্ঠার্থ বিশেষ আদর ও যত্ন করা, নিজে হউক বা অন্যের

আভাস।

বৈদিকী ও তান্ত্রিকী ভেদে দীক্ষা দ্বিবিধ। অধিকার অনুসারে কোন একভাবে দীক্ষিত হওয়া বিশেষ প্রয়োজন ; কারণ অদীক্ষিতোহি মরণে রৌরবং নরকং ব্রজেৎ। ইতি তন্ত্র বচনানুসারে অদীক্ষিত থাকা কোন মতে বিধেয় নহে। বেদানুসারে গায়ত্রী এবং এবং আগামানুসারে গুরুমুখে মন্ত্রাদি গ্রহণ না করিলে, জীবের সংস্কার বদ্ধমূল হয় না। নিরন্তর বিচারপ্রমুখা বুদ্ধিকে এক দীক্ষাতেই সৎপথে আনয়ন পূর্ব্বক যথাস্থানে নিবদ্ধ রাখে এবং বাসনার পরিপাকে ক্রমশ সম্মার্গ প্রদর্শন করায় ॥ ৩৭ ॥

সংমার্জ্জনোপলেপাভ্যাং সেকমণ্ডলবর্ত্তনৈঃ।
গৃহশুশ্রূষণং মহ্যং দাসবদ্‌যদমায়য়া ॥ ৩৯ ॥
অমানিত্বমদম্ভিত্বং কৃতস্যাপরিকীর্ত্তনং।
অপি দীপাবলোকং মে নোপযুঞ্জ্যান্নিবেদিতং ॥

অন্বয়ঃ।

অমায়য়া ফলাভিসন্ধিলক্ষণকাপট্যত্যাগেন, দাসবং সংমার্জ্জনোপলেপাভ্যাং (সংমার্জ্জনং রজসোঽপাকরণং, উপলেপঃ গোময়োদকাদিভিঃ, আলেপনং তাভ্যাং) সেকমণ্ডলবর্ত্তনৈঃ (সেকঃ জলেন প্রোক্ষণং মণ্ডলবর্ত্তনং চিত্রাদিকরণং তৈঃ) মহ্যং মম গৃহস্য শুশ্রূষণং ॥ ৩৯ ॥

অমানিত্বং কর্ত্তাস্মীতি অভিমানরাহিত্যং, অদম্ভিত্বং (সাধুকরণে চ স্বোৎকর্ষখ্যাপন-রাহিত্যং, কৃতস্য অপরিকীর্ত্তনং, মে মহ্যং নিবেদিতং দীপাবলোকং (দীপে অবলোকং) ন উপযুঞ্জ্যাৎ স্বীকুর্য্যাৎ ॥

শ্রীধরস্বামী।

সংমার্জ্জনং রজসোঽপাকরণং উপলেপো গোময়োদকাদিভিঃ আলেপনং। সেকঃ তৈরেব প্রোক্ষণং। মণ্ডলবর্ত্তনং সর্ব্বতোভদ্রাদিকরণং। মহ্যং মম ॥ ৩৯ ॥

কৃতস্য ধর্ম্মস্যাপরিকীর্ত্তনং স্বয়মন্যেন বা নিবেদিতং ন স্বীকুর্য্যাৎ। এতচ্চ সাধারণ-স্থাবরবিষয়ং রাগপ্রাপ্তবিষয়ং বা। ভক্ত্যাতু গ্রাহ্যমেব ষড়্‌ভির্মাসোপবাসৈস্ত যৎ ফলং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংমার্জ্জনং তৃণধূল্যাদ্যপসারণং। প্রথমং গোময়মৃজ্জলৈরুপলেপো দ্বিতীয়ঃ। স্থলে শুষ্কে সতি সেকঃ পুষ্পোদকৈস্তৃতীয়ঃ। মণ্ডলবর্ত্তনং সর্ব্বতোভদ্রাদিনির্ম্মাণং চতুর্থং। তৈর্মহ্যং মম গৃহস্য শুশ্রূষণং সেবা দাসবৎ লৌকিকেন রাজকীয়দাসেন রাজ্ঞো গৃহস্য যথা যদন্যদপি তদপি তথেত্যর্থঃ। অমায়য়া বলনিস্তশাঠ্যরাহিত্যেন ॥ ৩৯ ॥

অমানিত্বমনহঙ্কারঃ। অদম্ভিত্বং লোকে মিথ্যা স্বভক্তিখ্যাপনরাহিত্যং মে মহ্যং নিবেদিতং দীপাবলোকমপি নোপযুঞ্জ্যাৎ। মহ্যং দত্তস্যান্নাদের্দীপস্য চ স্বব্যবহারমাত্রে

সাহায্যে ভগবানের উদ্দেশ্যে পুষ্পোদ্যান, ফলোদ্যান এবং ক্রীড়ামন্দিরের প্রতিষ্ঠা করা— ॥ ৩৮ ॥

ফলের প্রত্যাশা পরিত্যাগ পূর্ব্বক ভৃত্যের ন্যায় বিষ্ণুমন্দিরের সংমার্জ্জন, গোময়াদির দ্বারা উপলেপন, জলের দ্বারা পরিধৌত করা এবং চিত্রাদি-করণে শোভিত করা, সতত সাধু ভক্তের অবশ্য কর্ত্তব্য ॥ ৩৯ ॥

আভাস।

দাম্ভিকতা পরিত্যাগ করাই সর্ব্বতোভাবে বিধেয়; যে ব্যক্তি দম্ভসহকারে নিজ কৃত সৎকর্ম্মের কথা জনসমাজে সর্ব্বদা ব্যক্ত করে, তাহার অভিমানের উদয়ে সেই সৎকর্ম্মে

যদ্‌যদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।
তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে॥ ৪০॥

অন্বয়ঃ।

লোকে লোকস্য, সর্ব্বজনস্য যৎ যৎ ইষ্টতমং যৎ চ আত্মনঃ অতিপ্রিয়ং বস্তু তৎ তৎ সর্ব্বং মহ্যং নিবেদয়েৎ তৎ নিবেদিতং আনন্ত্যায় অক্ষয্যসুখায় কল্পতে ভবতি॥ ৪০॥

শ্রীধরস্বামী।

পরিকীর্ত্তিতং। বিষ্ণোর্নৈবেদ্যসিক্থেন তৎ ফলং ভুঞ্জতাং কলৌ। হৃদি রূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ। পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুত ইত্যাদি বচনেভ্যঃ। যদ্বা। অন্যস্মৈ নিবেদিতং মে নোপযুঞ্জ্যাৎ মহ্যং ন নিবেদয়েদিত্যর্থঃ। বিষ্ণোর্নিবেদিতান্নেন যষ্টব্যং দেবতান্তরং। পিতৃভ্যশ্চাপি তদ্দেয়ং তদানন্ত্যায় কল্পতে। পিতৃশেষঞ্চ যো দদ্যাদ্ধরয়ে পরমাত্মনে। রেতোধাঃ পিতরস্তস্য ভবন্তি ক্লেশভাগিন ইত্যাদি বচনেভ্যঃ। যদ্বা। ন পুরুষ উপযুঞ্জ্যাৎ নিবেদিতং সৎ। তথা মে মম দীপাবলোকং দীপস্যাবলোকং আলোকং নোপযুঞ্জ্যাৎ অস্মিন্নালোকে অন্যৎ কার্য্যং ন কুর্য্যাৎ। যদ্বা। দীপয়তি প্রকাশয়তি তত্ত্বজ্ঞানং ভক্তিযোগম্বা দীপং শাস্ত্রং মদ্ভক্তিপ্রকাশকং শাস্ত্রং সেবয়েদিত্যর্থঃ॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপযোগো ন কর্ত্তব্য ইত্যর্থঃ। কিন্তু পরমার্থসিদ্ধ্যর্থং বৈষ্ণবেভ্যো দত্ত্বা স্বয়মুপভুঞ্জীতৈবেত্যর্থঃ। ষড়্ভির্মাসোপবাসৈশ্চ যৎ ফলং পরিকীর্ত্তিতং। বিষ্ণুনৈবেদ্যসিক্থেন পুণ্যং তদ্ভুঞ্জতাং কলৌ। হৃদি রূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ। পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুত ইত্যাদি বচনেভ্যঃ॥

লোকে শাস্ত্রে চ যদিষ্টতমং তন্মহ্যং নিবেদয়েৎ। তেন দর্ভমধুর্ধ্যাদীনি শাস্ত্রবিহিতান্যপি লোকে ইষ্টতমত্বাভাবাৎ। তথা মদ্যাদীনি সঙ্কর্ষণপ্রিয়াণ্যপি শাস্ত্রে ইষ্টতমত্বাভাবান্ন নিবেদয়েদিতি ভাবঃ। তত্রাপি যচ্চ আত্মনঃ স্বস্যাতিপ্রিয়ং তত্তু বিশেষতো নিবেদনীয়মিত্যর্থঃ॥ ৪০॥

আমি এই সৎকার্য্য করিয়াছি বলিয়া অভিমান বা এই সৎকার্য্যের অনুষ্ঠানে আমি জগতে প্রাধান্যলাভ করিব বলিয়া, কোনরূপ দাম্ভিকতার ভাব হৃদয়ে রাখা কর্ত্তব্য নহে; এমন কি! আমি অমুক কর্ম্ম করিয়াছি বলিয়া স্বপ্নেও জগতে তাহার পরিচয় দেওয়া কর্ত্তব্য নহে; এবং আমার উদ্দেশ্যে প্রদত্ত দীপালোকে নিজের কোন ব্যবহার সাধিত করা উচিত নহে॥

সকল লোকে যে যে বস্তুকে উত্তম বলিয়া জ্ঞান করে, এবং যে যে বস্তু

আভাস।

বরং অসৎ ফলেরই উৎপত্তি ঘটিয়া থাকে। ভগবানে সমর্পিত দ্রব্য আর নিজে ব্যবহার করিবে না, বলিয়া এই শ্লোকে যে ব্যক্ত করা হইয়াছে, সে কেবল অনুরাগের বিষয়কেই

সূর্য্যোঽগ্নি র্ব্রাহ্মণা গাবো বৈষ্ণবঃ খং মরুজ্জলং।
ভূরাত্মা সর্ব্বভূতানি ভদ্রপূজাপদানি মে ॥ ৪১ ॥
সূর্য্যেতু বিদ্যয়া ত্রয্যা হবিষাগ্নৌ যজেত মাং।
আতিথ্যেন তু বিপ্রাগ্র্যে গোষঙ্গ যবসাদিনা ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

হে ভদ্র! সূর্য্যঃ অগ্নিঃ, ব্রাহ্মণাঃ গাবঃ বৈষ্ণবঃ খং মরুৎ জলং ভূঃ আত্মা সর্ব্বভূতানি মে মম পূজাপদানি এব ॥ ৪১ ॥

সূর্য্যে ত্রয্যা বিদ্যয়া (মাং যজেৎ) অগ্নৌ হবিষা, বিপ্রাগ্রে দ্বিজে, আতিথ্যেন, হে অঙ্গ! গোষু তু যবসাদিনা তৃণাদিনা ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

ইদানীমেকাদশপূজাধিষ্ঠানান্যাহ সূর্য্য ইতি ॥ ৪১ ॥

অধিষ্ঠানভেদেন পূজাসাধনান্যাহ সূর্য্য ইতি ত্রিভিঃ। ত্রয্যা বিদ্যয়া সূক্তৈরুপস্থানাদিনা অঙ্গ হে উদ্ধব। যবসাদিনা তৃণাদিনা ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বাং কুত্র পূজয়েদিত্যপেক্ষায়ামেকাদশপূজাধিষ্ঠানান্যাহ সূর্য্য ইতি ॥ ৪১ ॥

তত্র তত্রাধিষ্ঠিতং স্বেষ্টদেবং কেন প্রকারেণ পূজয়েদিত্যপেক্ষায়ামাহ সূর্য্য ইতি ত্রিভিঃ।

নিজের অতীব প্রিয়তম, সেই সেই বস্তু আমাতে সমর্পণ করিলে, অক্ষয় সুখের লাভ হইয়া থাকে ॥ ৪০ ॥

হে সৌম্য! সূর্য্য, অগ্নি, ব্রাহ্মণ, গাভী, বৈষ্ণব, আকাশ, অনিল, জল, ভূমি, আত্মা এবং ভূতসমূহই আমার পূজার উত্তম আধার ॥ ৪১ ॥

আভাস।

লক্ষ্য করা হইয়াছে। অর্থাৎ যে দ্রব্যটী নিজের অতি প্রিয়, তাহাই ভগবানের উদ্দেশে সমর্পণ করত ক্রমশ বৈরাগ্যকে শিক্ষা করিতে হইবে। ভগবানকে সমর্পণ করিলে আর তাহা নিজে ভোগ করিবে না। এমন কি! ভগবানের উদ্দেশে দীপদান করিলে, নিজ ব্যবহারার্থ পৃথক্ অন্য একটী দীপ প্রজ্বালিত রাখিতে হয়; নতুবা দীপপ্রত্যাহরণের পাপে পতিত হইতে হয়। কিন্তু ভক্তিপূর্ব্বক ভগবানে নিবেদিত নৈবেদ্যাদি প্রসাদ গ্রহণে কোন দোষ স্পর্শ করে না; বরং প্রসাদ গ্রহণে বিশেষ ফলের কথাই শাস্ত্রাদিতে কীর্ত্তিত আছে। যথা হৃদয়ে ভগবানের রূপ, মুখে তাঁহার নাম, উদরে তাঁহার নৈবেদ্য, মস্তকে নির্ম্মাল্য ও পাদোদক গ্রহণ করিলে মানব পবিত্র হয়। অন্য দেবতাকে নিবেদিত দ্রব্য বিষ্ণুকে পুনরায় নিবেদন করিতে নাই; কিন্তু বিষ্ণুর নৈবেদ্য দ্বারা অন্য দেবতার অর্চ্চনা হয়। বিশেষত পিতৃলোকের শ্রাদ্ধ করিলে, অনন্ত ফল লাভ হয়; অথচ পিতৃভুক্ত অন্নের দ্বারা বিষ্ণুর পূজা করিলে, পিতৃলোককে অধঃপাতিত ও ক্লেশভাগী করা হয়, সন্দেহ নাই ॥ ৪০ ॥

বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা হৃদি খে ধ্যাননিষ্ঠয়া।
বায়ৌ মুখ্যধিয়া তোয়ে দ্রব্যৈস্তোয়পুরঃসরৈঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

বৈষ্ণবে বন্ধুসৎকৃত্যা বন্ধুবৎ সম্মানেন, হৃদি খে হৃদয়াকাশে, ধ্যাননিষ্ঠয়া ধ্যানেন, বায়ৌ মুখ্যধিয়া প্রাণদৃষ্ট্যা, তোয়ে জলে, তোয়পুরঃসরৈঃ দ্রব্যৈঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

বন্ধুসৎকৃত্যা বন্ধুবৎ সংমাননেন হৃদি খে হৃদয়াকাশে মুখ্যধিয়া প্রাণদৃষ্ট্যা। তোয়ে তোয়াদিভির্দ্রব্যৈ স্তর্পণাদিনা ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রয্যা বিদ্যয়া সূক্তৈরুপস্থাননমস্কারাদিনা যবসাদিনা তৃণপ্রদানকণ্ডূয়াদিভিঃ ॥ ৪২ ॥

বন্ধুসৎকৃত্যা স্বীয়বন্ধাবিবাসক্তিপূর্ব্বকসম্মানেন। হৃদি খে স্বহৃদয়াকাশে ধ্যানেন মুখ্য-ধিয়া প্রাণোঽয়ং মুখ্য ইতি বুদ্ধ্যা তোয়ে দ্রব্যৈর্জলপুষ্পতুলস্যাদিভিঃ ॥ ৪৩ ॥

বেদোক্ত সূক্তমন্ত্র ও উপস্থানাদির দ্বারা দিবাকরে আমার পূজা করিবে; ঘৃতাহুতি দ্বারা হুতাশনে, আতিথ্যসংকারে ব্রাহ্মণে, তৃণাদি ভোজন দানে ও গাত্রকণ্ডূয়নাদি করত গাভীতে— ॥ ৪২ ॥

বন্ধুর ন্যায় সম্মান প্রদর্শন পূর্ব্বক বৈষ্ণবে, ধ্যান ধারণাদির দ্বারা হৃদয়াকাশে, প্রাণদৃষ্টিতে অনিলে এবং কুসুমাদিসহ জলাঞ্জলি প্রদানে সলিলে— ॥ ৪৩ ॥

আভাস।

সূর্য্যাদি নয়টী পদার্থ ভগবৎপূজার অধিষ্ঠানরূপে নিরূপিত হওয়ায় স্পষ্ট প্রকাশ যে, ইহার কোনটীই ভগবানের স্বরূপ নহে এবং বাহ্য দৃষ্টিতে ভগবান্ বলিয়াও পূজ্য নহে; কারণ তাহা হইলে নয়টীর নাম উল্লেখ না করিয়া, একটীরই উল্লেখ করিতেন। তবে ভগবান্ এক হইলেও এই নবপদার্থে নবভাবের প্রকাশে আত্মপরিচয় দিয়াছেন। ইহাদের একটীকে অবগত হইতে পারিলেই যে, ভগবদ্ভাবের অবগতি হয়, তাহা নহে; তিনি অনন্ত ভাবে অনন্ত পদার্থে ও অনন্ত কালে আত্মপরিচয় প্রদান করিতেছেন। তবে এস্থলে রাগদ্বেষাদি যাবতীয় প্রতিবন্ধকপ্রদ কারণ ব্যতীত প্রকৃতির পূর্ণ সামর্থ্য যে যে পদার্থে স্পষ্ট ও নিয়তভাবে প্রকাশ পাইয়া থাকে, সেই সেই পদার্থই ভগবদ্ভাব-প্রকাশের উত্তম স্থল; অন্যত্র নহে। সূর্য্যাদি নববিধ পদার্থে নববিধ সামর্থ্য অবিরোধে প্রতীত হইতেছে; সুতরাং অন্যান্য সাধারণ পদার্থের অপেক্ষা, এই নয়টী বস্তুকেই ভগবৎপূজার অধিষ্ঠানরূপে নিরূপণ করা হইয়াছে; এবং অভিব্যক্ত শক্তির অনুসারে প্রত্যেকের ভিন্ন ভিন্ন ভাবে পূজারও প্রণালী প্রদর্শিত হইয়াছে। বৈষ্ণবের সহিত স্বীয় বন্ধুর ন্যায়

স্থণ্ডিলে মন্ত্রহৃদয়ৈর্ভোগৈরাত্মানমাত্মনি।
ক্ষেত্রজ্ঞং সর্ব্বভূতেষু সমত্বেন যজেত মাং ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

স্থণ্ডিলে ভূমৌ, মন্ত্রহৃদয়ৈঃ মন্ত্রন্যাসৈঃ, আত্মনি দেহাদিসংঘাতে, ভোগৈঃ শাস্ত্রানিষিদ্ধৈঃ বিষয়ৈঃ, সর্ব্বভূতেষু আত্মানং মাং ক্ষেত্রজ্ঞং সমত্বেন যজেত ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

স্থণ্ডিলে ভুবি মন্ত্রহৃদয়ৈ রহস্যমন্ত্রন্যাসৈঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থণ্ডিলে প্রলিপ্তসংস্কৃতায়াং ভুবি মন্ত্রহৃদয়ৈ রহস্যমন্ত্রন্যাসৈঃ আত্মনি দেহে আত্মানং জীবভোগৈরয়ং মমাত্মাপি মৎপ্রভোরধিষ্ঠানমিতি বুদ্ধ্যৈব দত্তৈর্ভোগৈর্ন তু লোভেন সর্ব্বভূতেষু ক্ষেত্রজ্ঞমন্তর্যামিণং যজেত ॥ ৪৪ ॥

মন্ত্রোচ্চারণে বীজন্যাস পূর্ব্বক ভূমিতে, শাস্ত্রবিহিত ভোগ প্রদানে নিজ দেহে এবং সর্ব্বান্তর্যামী ক্ষেত্রজ্ঞ চিন্তনে সর্ব্বপ্রাণীতে এক আমারই আরাধনা করা বিধেয়। ৪৪ ॥

আভাস।

আসক্তি পূর্ব্বক সম্মান করিলে, সেই মানবরূপের আদর করা হয় যে, তাহা নহে; বৈষ্ণব সম্মাননায় বিষ্ণুরই আরাধনা করা হয়। হৃদয়াকাশকে ধ্যান করিলে এবং বায়ুকে সকল জীবের জীবনরূপে নিরূপণ করত তথায় সর্ব্বান্তর্যামী ভগবৎশক্তির চিন্তা মাত্র করিলেই, ভগবদারাধনা করা হয়। এই নববিধ পূজার অধিষ্ঠানস্থল নিরূপণ করিয়া, ভগবান্ আত্মস্বরূপের বিকাশ যে অনন্ত, এমন কি? প্রত্যেক পদার্থে আছেন, তাহারই পরিচয় দিয়াছেন। কেবল তৎপ্রদত্ত ভোগের প্রতি রাগলোভাদি বর্জ্জিত হইয়া দর্শন করিলে, তদীয় ভাব সুস্পষ্ট প্রতীত হয় ॥ ৪১—৪৪ ॥

এতদ্দ্বারা জ্ঞানীর বিচারজ্ঞানের কথা এবং পরমাত্মযোগীর পরমচিন্তনীয় বিষয় বর্ণিত হইল। অর্থাৎ জ্ঞানী বিষয়ের বিষয়ভাব পরিত্যাগ করিয়া, তত্তৎস্বরূপে ভগবানের স্বরূপপ্রকাশের ভাবে চিত্ত বিনিবিষ্ট করিলে, যেরূপ পরমগতি লাভ করিতে পারেন, তাহাই পূর্ব্বোক্ত শ্লোকচতুষ্টয়ে বিবৃত করা হইল। অর্থাৎ চিত্ত সমাহিত হইয়া যে ভাব চিন্তনে অভ্যস্ত হয়, ক্রমশ তজ্জাতিত্ব প্রাপ্তির দ্বারা উন্নতি বা অবনতিকে লাভ করিয়া থাকে; সন্দেহ নাই। সুতরাং ব্রহ্মাণ্ডের বিষয়জালের অন্তরে নিরন্তর ভগবচ্ছক্তির নিরূপণে ও তচ্চিন্তনে তৎসারূপ্য লাভে সর্ব্বশক্তিমান্ অখণ্ড একরস পরব্রহ্মকে ধারণা ও তদ্ভাবে আত্মসমর্পণ করিয়া জীব চিরমুক্ত হইতে পারে। কিন্তু মায়ার দৃষ্ট জীব মায়ার তলে শয়ান থাকিয়া, মায়াকে যে অনায়াসে অতিক্রম করিবে, এ আশা দুরাশামাত্র। মায়ার বুদ্ধি শতসহস্রগুণে সত্যের পক্ষপাতী হইলেও, সে মায়ার সভ্যতা! তাহারই বিচারে সে বিলক্ষণ

ধিষ্ণ্যেষ্বিত্যেষু মদ্রূপং শঙ্খচক্রগদাম্বুজৈঃ।
যুক্তং চতুর্ভুজং শান্তং ধ্যায়ন্নর্চ্চেৎ সমাহিতঃ ॥ ৪৫ ॥
ইষ্টাপূর্ত্তেন মামেবং যো যজেত সমাহিতঃ।
লভতে ময়ি সদ্ভক্তিং মৎস্মৃতিঃ সাধুসেবয়া ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

কিঞ্চ সমাহিতঃ একাগ্রচিত্তঃ সন্ এষু ধিষ্ণ্যেষু শঙ্খচক্রগদাম্বুজৈঃ যুক্তং চতুর্ভুজং শান্তং মদ্রূপং ধ্যায়ন্ ইতি অনেন প্রকারেণ, অর্চ্চেৎ ॥ ৪৫ ॥

ইষ্টাপূর্ত্তেন (ইষ্টং যজ্ঞাদি বৈদিকং কর্ম্ম, পূর্ত্তং অন্নপ্রদানাদি স্মার্ত্তং কর্ম্ম, তয়োঃ সমাহারঃ তেন) যঃ সমাহিতঃ সন্ মাং এবং যজেত পূজয়েৎ, সাধুসেবয়া মৎস্মৃতিঃ সঃ ময়ি সদ্ভক্তিং লভতে ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাধিষ্ঠানেষু ধ্যেয়মাহ ধিষ্ণ্যেষ্বিতি ইত্যনেন প্রকারেণ এষু ধিষ্ণ্যেষু ॥ ৪৫ ॥

উক্তায়া ভক্তেঃ ফলমাহ ইষ্টাপূর্ত্তেনেতি। সদ্ভক্তিং দৃঢ়াং ভক্তিং। অস্যা ভক্তেরন্তরঙ্গঃ সাধনমাহ ইথক মৎস্মৃতিঃ সাধুসেবয়া ভবতি। যদ্বা। স্মৃতির্জ্ঞানং। ততশ্চ দৃঢ়ভক্তিমতঃ পুংসঃ সাধুসেবয়া মজ্জ্ঞানং ভবতীত্যর্থঃ ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যেষু ইত্যনেন প্রকারেণ এষু ধিষ্ণ্যেষু চতুর্ভুজমিতি প্রায়িকত্বেনোক্তং বস্তুতস্তু শ্রীরামাদ্যুপাসকা অপি স্বস্বমন্ত্রধ্যেয়ং স্বরূপমেব ॥ ৪৫ ॥

ইষ্টাপূর্ত্তেনেতি ইষ্টং হবিষাগ্নৌ যজেত মামিত্যুপলক্ষিতং পূজাদিকং। পূর্ত্তং উদ্যানোপবনেত্যাদ্যুক্তং। তেন সদ্ভক্তিং সতীমুত্তমাং প্রেমলক্ষণাং। মৎস্মৃতির্মৎকর্তৃকা স্মৃতিঃ। সাধুসেবয়েতি। যস্তু সাধুনাধিক্যেন সেবেত তস্যাহং সদা স্মরামীত্যর্থঃ ॥ ৪৬ ॥

এই সমস্ত পূর্ব্বোক্ত অধিষ্ঠানে মদীয় শঙ্খ, চক্র, গদা ও পদ্মধারী চতুর্ভুজ মূর্ত্তি সমাহিতচিত্তে চিন্তা করা ও অর্চ্চনা করা বিধেয় ॥ ৪৫ ॥

যিনি বিশেষ একাগ্রতা সহকারে বেদোক্ত যাগ যজ্ঞ এবং স্মৃত্যুক্ত কূপারামাদির প্রতিষ্ঠারূপ কর্ম্মকলাপের দ্বারা আমার অর্চ্চনা করেন, তিনি তাদৃশ সদনুষ্ঠানের দ্বারা ভাগবতী মতি ও পরমা ভক্তি লাভ করেন, সন্দেহ নাই ॥ ৪৬ ॥

আভাস।

পটু; পূর্ণব্রহ্মের পরমাত্মভাবে অবগাহন করিবার সামর্থ্য তাহার নাই। সুতরাং সংসারকে অতিক্রম করিতে হইলে, সংসারের অতীত বস্তুকে অবশ্য অবলম্বন করাই বিধেয়; এই নিমিত্ত পূর্ব্বোক্ত অধিষ্ঠানসমূহে ভগবানের চতুর্ভুজ মূর্ত্তি চিন্তা করিবার উপদেশ দিয়াছেন। এই মূর্ত্তিচিন্তাকে প্রগাঢ় করিবার নিমিত্ত বেদোক্ত ও স্মৃত্যুক্ত নিত্য নৈমিত্তিকাদি

প্রায়েণ ভক্তিযোগেন সৎসঙ্গেন বিনোদ্ধব।

অন্বয়ঃ।

প্রায়েণ সৎসঙ্গেন ভক্তিযোগেন বিনা সম্যক্ সমীচীনং, উপায়ঃ মৎপ্রাপ্ত্যুপায়ঃ, ন

শ্রীধরস্বামী।

জ্ঞানভক্তিমার্গাবুক্তৌ তত্র জ্ঞানমার্গাদপি ভক্তিমার্গঃ শ্রেষ্ঠ ইত্যাহ প্রায়েণেতি সৎসঙ্গেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানভক্তিমার্গাবুক্তৌ বস্তুতস্তু সংসারতরণাদ্যুপেয়বস্তুনা ভক্তিরেবোপায় ইত্যাহ প্রায়েণেতি বিতর্কে ইতি সন্দর্ভঃ। যদ্বা। সৎসঙ্গেন হেতুনৈব যঃ প্রায়েণ ভক্তিযোগস্তেন বিনা নোপায়ো বিদ্যতে। প্রধানভূতা কেবলা চেতি দ্বিবিধা ভক্তিঃ সাধুসঙ্গেনৈব ভবেদিতি ব্যাখ্যাতমেব। যচ্চ মোক্ষসাধকং ভক্তিমিশ্রজ্ঞানং তত্র গুণভূতা ভক্তির্যা সা তু সাধুসঙ্গং বিনাপি ভবেদিত্যতোঽত্র প্রায়গ্রহণং তস্যা ভক্তেস্তজ্‌জ্ঞানমেব কারণং। যথা কর্ষকস্য করদানাদিনা যৎ পৃথ্বীশ্বরোপাসনং তস্য কারণং কৃষিরেব অন্যথা তস্যা বৈকল্যাদিতি প্রথমস্কন্ধ এব ব্যাখ্যাতং। এবঞ্চ যৎ কর্ম্মভি র্যৎ তপসা ইত্যাদি ভগবদুক্তের্জ্ঞানাদিকং বিনাপি ভক্তিঃ সর্ব্বফলদাত্রী ভক্ত্যা তু বিনা জ্ঞানাদিকং ন মোক্ষাদিসাধকমিতি

হে উদ্ধব! সাধুসঙ্গ এবং ভক্তিযোগ ব্যতীত সাধারণত জীবের উদ্ধারার্থ

আভাস।

কর্ম্মকলাপের অনুষ্ঠান করা প্রয়োজন। এই অনুষ্ঠানের ফলে ও সাধুসঙ্গের গুণে চিত্ত নির্ম্মল হওয়ায়, ভগবদ্বিষয়িণী ভক্তি ও তদীয় স্বরূপসাক্ষাৎকারে ভক্ত অধিকারী হয়। যোগসূত্রে ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "স্বাধ্যায়াদিষ্টদেবতাসম্প্রয়োগঃ"; অর্থাৎ বেদোক্ত ক্রিয়াকলাপের অনুষ্ঠান ও মন্ত্রজপের দ্বারা ইষ্টদেবের সাক্ষাৎকার লাভ হইয়া থাকে। শ্রুতি বলিয়াছেন, "যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বৃণুতে তনুং স্বাং" আগ্রহাতিশয়ে ও প্রাণের ব্যাকুলতাতে যে ব্যক্তি ভগবানকে দর্শন করিতে চাহেন, ভগবান্ ভক্তের মনোবাঞ্ছা পূরণার্থ তাঁহাকে হৃদয়গ্রাহী রূপ প্রদর্শনে কৃতার্থ করেন ॥ ৪৫ ॥ ৪৬ ॥

জ্ঞান বা কর্ম্ম কলাপের অন্তরে ভক্তির প্রয়োজন; ভক্তি ভক্তের অধিকার উৎপাদন করে এবং তাঁহাকে ভগবানে মিলিত করায়। ভগবান্‌ও গীতাতে স্পষ্টাক্ষরে প্রতিপাদন করিয়াছেন যে, "নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে। তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি॥" সংসার উত্তরণের উপায়মধ্যে জ্ঞানের অপেক্ষা আর কোনটীই শ্রেষ্ঠ নহে বটে, কিন্তু সে জ্ঞানও সহজে হয় না; তাহা অহৈতুকী ভক্তির চরমসীমারূপ পরম যোগের প্রাপ্তি ব্যতীত ঘটে না। অতএব ভক্তিই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। সাধুসঙ্গের দ্বারা যে ভক্তি অর্জ্জিত হয়, তাহা প্রধানভূতা ও কেবলাভেদে যে দ্বিবিধ, তাহা পূর্ব্ব পূর্ব্ব শ্লোকেই বর্ণন করা হইয়াছে। এক্ষণে জ্ঞানও ভক্তিমিশ্র; যাহার সহায়ে জীব মুক্তি লাভ করিয়া থাকে, সে জ্ঞানের মূল সাহায্যকারীই ভক্তি। তাহা সাধুসঙ্গ ব্যতীত ঘটে না;

নোপায়ো বিদ্যতে সম্যক্ প্রায়ণং হি সতামহং ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

বিদ্যতে; হি যস্মাৎ সতাং অহং প্রায়ণং প্রকৃষ্টং অয়নং আশ্রয়ঃ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

যো ভক্তিযোগস্তেন বিনোপায়ঃ সংসারতরণে ন বিদ্যতে। সংসঙ্গেনেত্যত্র হেতুমাহ হি যস্মাৎ সতামহং প্রায়ণং প্রকৃষ্টময়নমাশ্রয়ঃ অতঃ সৎসঙ্গো মমান্তরঙ্গ ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র তত্রাপি ভক্তিরেব তত্তৎফলদায়িনী ব্যাখ্যেয়েত্যতোঽন্য উপায়োঽত্রাগলস্তনস্থায়ে-নৈবেতি কেচিদাহুস্তত্রেয়ং ভগবদ্ভক্তিরপি প্রমাণং। তাপত্রয়েণাভিহতস্য ঘোরে সন্তপ্য-মানস্য ভবাধ্বনীহ। পশ্যামি নান্যচ্ছরণং তবাঙ্ঘ্রিদ্বন্দ্বাতপত্রাদমৃতাভিবর্ষাদিত্যুদ্ধবোক্তি-রপি সংসারসিন্ধুমতিদুস্তরমুত্তিতীর্ষোর্নান্যঃ প্লবো ভগবতঃ পুরুষোত্তমস্য। লীলাকথারস-নিষেবণমন্তরেণ পুংসো ভবেদ্বিবিধদুঃখদবার্দ্দিতস্যেতি। শুকোক্তিরপি কিম্বা যোগেন সাংখ্যেন ন্যাসস্বাধ্যায়য়োরপি। কিং বা শ্রেয়োভিরন্যৈশ্চ ন যত্রাত্মপ্রদো হরিরিতি নারদোক্তিরপি। সম্যক্ প্রায়ণং সম্যক্ প্রকৃষ্ট আশ্রয়ঃ ॥ ৪৭ ॥

অন্য কোন উপায়ই দেখিতে পাওয়া যায় না; কারণ সাধুগণের আশ্রয় এক আমি মাত্র। ৪৭ ॥

আভাস।

এবং সে ভক্তির কারণই জ্ঞান। করদানাদির দ্বারা কৃষক নরপালের উপাসনা করে, এবং কৃষির ফল লাভ করে। কৃষিফল লাভ না হইলে, তাহার পক্ষে করদান নিষ্ফল বোধ হয়; সেইরূপ এক ভক্তি করিতে পারিলে, ভক্ত ভগবৎসমীপে সকল ফলের অধিকারী হইতে পারেন; তখন জ্ঞানও তাঁহার পক্ষে দুর্লভ বলিয়া বোধ হয় না। অধিক কি ! সর্ব্বফলদাত্রী ভক্তি ব্যতীত জ্ঞানও মোক্ষপ্রদানে সমর্থ নহে। ভক্তিহীন জ্ঞানও ছাগের গলদেশস্থ স্তনযুগলের ন্যায় নিরর্থক শোভার বিষয় হয় মাত্র। উদ্ধব বলিয়াছেন, হে ভগবন্ ! এই ভীষণ সংসার অরণ্যে পতিত হইয়া তাপত্রয়ে অভিভূত জনগণের পক্ষে আপনার পাদপদ্ম রূপ আতপত্র ব্যতীত আর কোন গতিই নাই; ইহার অমৃতবর্ষণেই জীব ত্রিতাপের জ্বালা হইতে অনায়াসে নিষ্কৃতি লাভ করিতে পারে। সংসারবারিধি অতি বিস্তীর্ণ; তাহা হইতে উদ্ধার লাভের ইচ্ছা থাকিলে, ভগবৎপদারবিন্দকেই অপূর্ব্ব তরণীরূপে আশ্রয় করা কর্ত্তব্য। ভগবানের লীলাকথা শ্রবণ ব্যতীত সংসারদাবাগ্নি হইতে পরিত্রাণের উপায় আর কিছুই অনুমিত হয় না। দেবর্ষি নারদ বলিয়াছেন, "যে ব্যক্তি ভগবান্ শ্রীহরিকে আত্ম-সমর্পণ করিতে পারে না, তাঁহার জ্ঞানযোগ, কর্ম্মযোগ, সন্ন্যাস বা বেদাধ্যয়নের কি ফল হইতে পারে ? আত্মসমর্পণ ব্যতীত অন্য কোন উপায়ে তাদৃশ ফল লাভের সম্ভাবনা নাই" ॥ ৪৭ ॥

অথৈতৎ পরমং গুহ্যং শৃণ্বতো যদুনন্দন।
সুগোপ্যমপি বক্ষ্যামি ত্বং মে ভৃত্যঃ সুহৃৎ সখা॥ ৪৮॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে একাদশোঽধ্যায়ঃ॥ * ॥ ১১ ॥ * ॥

অন্বয়ঃ।

হে যদুনন্দন! অথ অনন্তরং এতৎ বক্ষ্যমাণং পরমং গুহ্যং রহস্যং অতঃ সুগোপ্যং অপি যতঃ ত্বং মে ভৃত্যঃ সেবকঃ সুহৃৎ, শুদ্ধান্তঃকরণঃ সখা চ অতঃ ভূত্যং বক্ষ্যামি ত্বং শৃণু॥ ৪৮॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একাদশোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

ইদানীং সাংখ্যযোগাদীনি সাধনান্তরসাপেক্ষাণি সব্যভিচারাণি চ। সৎসঙ্গস্তু স্বতন্ত্র এব সমর্থঃ ফলাব্যভিচারী চেতি বর্ণয়িতুমাহ অথেতি। এতদ্বক্ষ্যমাণং পরমং গুহ্যং অতঃ শৃণ্বিত্যর্থঃ॥ ৪৮॥

॥ * ॥ ইত্যেকাদশে একাদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রূয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুতেতি স্মৃতেস্তত্যামহমনন্যপ্রকাশ্যমপি বস্তু বচ্যীত্যাহ। অথৈতদিতি সাংখ্যযোগাদীনি সাধনান্তরসাপেক্ষাণি সব্যভিচারাণি চ। সৎসঙ্গস্তু স্বতন্ত্র এব সমর্থঃ ফলাব্যভিচারী চেতি স্বামিচরণাঃ॥ ৪৮॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশে সঙ্গতোঽত্রৈকাদশঃ সঙ্গতঃ সতাং॥ * ॥

হে যদুনন্দন! এতদ্ব্যতীত অপর পরম গুহ্য তত্ত্বোপদেশ আমি তোমার নিকট বর্ণন করিতেছি; যদিও তাহা নিতান্তই গোপনীয় বটে, তথাপি তুমি যখন আমার নিতান্ত আজ্ঞাবাহী বিশুদ্ধহৃদয় সখা, তখন তোমার নিকট তাহা প্রকাশ করিতেছি; তুমি সাবধানে শ্রবণ কর॥ ৪৮॥

ইতি একাদশ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের একাদশ অধ্যায় সমাপ্ত॥

আভাস।

সৎসঙ্গের ফল অনুপম! ইহাতে যেরূপ ফল বৈষম্যের সম্ভাবনা ঘটে না, সেরূপ তত্ত্ববিচার বা যোগানুষ্ঠানেও যে হয় না, তাহারই প্রকাশার্থ এই শ্লোকটীর পাতনিকা করিয়াছেন॥ ৪৮॥

ইতি একাদশ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একাদশ অধ্যায়ের আভাস সমাপ্ত॥

শ্রীভগবানুবাচ ॥

ন রোধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম এবচ ।

ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো নেষ্টাপূর্ত্তং ন দক্ষিণা ॥ ১ ॥

অন্বয়ঃ ।

শ্রীভগবান্ উবাচ । সর্ব্বসঙ্গাপহঃ অন্যসঙ্গনিবর্ত্তকঃ, সৎসঙ্গঃ হি নিশ্চিতং যথা মাং অবরুদ্ধে বশীকরোতি তথা ন যোগঃ যমনিয়মাদিঃ, ন সাংখ্যং তত্ত্ববিবেকঃ, ধর্ম্মঃ পরোপকারাদিঃ, এবচ ন স্বাধ্যায়ঃ বেদাধ্যয়নং, তপঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিঃ, ত্যাগঃ সন্ন্যাসঃ, ন

শ্রীধরস্বামী ।

দ্বাদশে সাধুসঙ্গস্য মহিমা বর্ণিতঃ পুরা ।

কর্ম্মানুষ্ঠানতত্ত্যাগব্যবস্থাচ ততঃ পরং ॥ * ॥

ন রোধয়তি ন বশীকরোতি যোগ আসনপ্রাণায়ামাদিঃ সাংখ্যং তত্ত্বানাং বিবেকঃ । ধর্ম্মঃ সামান্যতোঽহিংসাদিঃ । স্বাধ্যায়ো বেদজপঃ । তপঃ কৃচ্ছ্রাদিঃ । ত্যাগঃ সন্ন্যাসঃ । ইষ্টাপূর্ত্তং ইষ্টঞ্চ পূর্ত্তঞ্চ তত্রেষ্টমগ্নিহোত্রাদি পূর্ত্তং কূপারামাদিনির্ম্মাণং । দক্ষিণাশব্দেন সামান্যতো দানং লক্ষ্যতে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

দ্বাদশে সাধুসঙ্গস্য মহিমোক্তো ব্রজৌকসাং ।

প্রেম্ণঃ সর্ব্বমহোৎকর্ষঃ সূচিতঃ সংশয়চ্ছিদা ॥ * ॥

যোগ আসনপ্রাণায়ামাদিঃ । সাংখ্যমাত্মানাত্মবিবেকঃ । ধর্ম্মোঽহিংসাদিঃ । স্বাধ্যায়ো বেদপাঠঃ । তপঃ কৃচ্ছ্রাদিঃ । ত্যাগঃ সন্ন্যাসঃ । ইষ্টাপূর্ত্তং ইষ্টঞ্চ পূর্ত্তঞ্চ । তত্রেষ্টমগ্নি-হোত্রাদি পূর্ত্তং কূপারামাদিনির্ম্মাণং । দক্ষিণাশব্দেন সামান্যতো দানং লক্ষ্যতে ॥

ভগবান্ বলিলেন যে, সর্ব্বসঙ্গনিবর্ত্তক এক সাধুসঙ্গে আমাকে যেমন আবদ্ধ করিতে পারে, এরূপ যমনিয়মাদি যোগ, তত্ত্ববিবেকরূপ সাংখ্যজ্ঞান, পরোপকারাদি ধর্ম্ম, বেদাধ্যয়নাদি স্বাধ্যায়, কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি তপস্যা,

আভাস ।

দ্বাদশ অধ্যায়ে পূর্ব্বোক্ত সাধুসঙ্গের মহিমা, কর্ম্মানুষ্ঠান ও কর্ম্মত্যাগের ব্যবস্থা বর্ণিত হইয়াছে ॥

যম নিয়মাদি অষ্টাঙ্গ যোগ সাধনে চিত্তবৃত্তির নিরোধ করাকেই যোগনামে ভগবান্ পতঞ্জলি অভিহিত করিয়াছেন, যথা ; "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ । সংখ্যাং প্রকুর্ব্বতে চৈব প্রকৃতিঞ্চ প্রচক্ষতে । তত্ত্বানি চ চতুর্ব্বিংশৎ তেন সাংখ্যঃ প্রকীর্ত্তিতঃ" ॥ যে শাস্ত্রে প্রকৃতিও পুরুষের ভেদ নিরূপণ পূর্ব্বক তত্ত্বগ্রামের বিচার নিরূপিত হয় এবং অনাত্মস্বরূপ সংসার হইতে আত্মস্বরূপের নির্ব্বাচন ঘটে, তাহাকে সাংখ্যনামে শাস্ত্রকারগণ অভিহিত করিয়াছেন। দক্ষিণাশব্দে এস্থলে সাধারণত দানকেই লক্ষ্য করা হইয়াছে। একাদশ্যপবাসাদিকেই

ব্রতানি যজ্ঞশ্ছন্দাংসি তীর্থানি নিয়মা যমাঃ।
যথাবরুন্ধে সৎসঙ্গঃ সর্ব্বসঙ্গাপহোহি মাং ॥ ২ ॥

অন্বয়ঃ।

ইষ্টাপূর্ত্তং (ইষ্টং অগ্নিহোত্রাদি বৈদিকং কর্ম্ম, পূর্ত্তং কূপারামাদি স্মার্ত্তং কর্ম্ম) দক্ষিণা দানম্ এব চ ন রোধয়তি বশীকরোতি তথা; ব্রতানি একাদশ্যুপবাসাদীনি, যজ্ঞঃ দেবপূজা, ছন্দাংসি সরহস্যমন্ত্রাঃ, তীর্থানি, নিয়মাঃ শৌচাদয়ঃ, যমাঃ অহিংসাদয়ঃ, ন বশীকুর্ব্বন্তি ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ব্রতানি একাদশ্যপবাসাদীনি। যজ্ঞো দেবপূজা। ছন্দাংসি সরহস্যমন্ত্রাঃ। অবরুন্ধে বশীকরোতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রতানি চাতুর্ম্মাস্যাদীনি। যজ্ঞো দেবপূজা। ছন্দাংসি রহস্যমন্ত্রাঃ। ন রোধয়তীতি প্রত্যেকেনান্বয়াদেকত্বং ব্রতানীত্যাদৌ বচনবিপরিণামেন ন রোধয়ন্তীত্যর্থঃ। রুধের্ব্বশী-করণার্থকত্বাৎ যোগাদয়ো ন মদ্বশীকারপ্রযোজকা ইতি তৈরহমষ্টাঙ্গযোগিপ্রভৃতিভির্ন বশীকৃতো ন প্রাপ্তঃ স্যামিতি ফলিতোহর্থঃ। ন সাধয়তি মাং যোগো ন সাংখ্যং ধর্ম্ম উদ্ধব। ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তি র্মমোর্জ্জিতা। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইত্যগ্রিমবাক্যৈনৈক্যা-র্থ্যাৎ যোগাদয়ো ন মৎপ্রাপ্ত্যুপায়া ইত্যতো নোপায়ো বিদ্যত ইতি পূর্ব্বোক্তিরেব দৃঢ়ীকৃতা। সৎসঙ্গো যথাহবরুন্ধে বশীকরোতীত্যনন্তপ্রয়োগেণ ভক্ত্যুৎপত্তেঃ পূর্ব্বমপি স এব স্বয়ং মাং বশীকুর্য্যাৎ কিং পুনর্ভক্তিং জনয়িত্বা ইত্যর্থো লভ্যতে। অত্র যথাশব্দস্তত্র চ যথাশব্দো যথাবদিত্যর্থ এব প্রযুক্তঃ। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইত্যগ্রিমবাক্যে একয়েতি পদপ্রয়োগাদি-ত্যেকে। যোগাদীনামপি ভক্তিমিশ্রত্বাৎ কিঞ্চিদ্বশীকারত্বমস্ত্যেবেত্যতো যথাশব্দঃ সার্থকঃ ইত্যপরে আহুঃ। সর্ব্বসঙ্গাপহঃ সার্ব্বত্রিকাসক্তিনিরাসক ইতি বশীকারে হেতুঃ ॥ ১ ॥ ২ ॥

সন্ন্যাসরূপ ত্যাগ, অগ্নিহোত্রাদি বৈদিক কর্ম্ম এবং ইষ্টাপূর্ত্তাদি স্মার্ত্ত কর্ম্ম, বা দানরূপ দক্ষিণা অথবা উপবাসাদি ব্রত, দেবারাধন, সরহস্য মন্ত্রের জপ, তীর্থসেবা, শৌচাদি নিয়ম এবং অহিংসাদি যমের অনুষ্ঠানে কখন সমর্থ হয় না ॥ ১ ॥ ২ ॥

আভাস।

ব্রতনামে অভিহিত করা যায়। যজ্ঞশব্দে দেবপূজা, ছন্দ অর্থে সরহস্য মন্ত্রকেই লক্ষ্য করা হইয়াছে। ভগবান্ বলিয়াছেন যে, এই যাবতীয় আয়োজনেও জীব আমাকে প্রাপ্ত হইতে পারে না; কারণ এ সকল আয়োজনই বিষয়াবিষ্ট চিত্তকে বিষয় হইতে প্রতি-নিবৃত্ত করাইয়া পবিত্রভাবে প্রতিষ্ঠিত করাইবার উদ্দেশ্যে মাত্র; ভগবৎপ্রাপ্তির নিমিত্ত

সৎসঙ্গেন হি দৈতেয়া যাতুধানাঃ খগা মৃগাঃ।
গন্ধর্ব্বাপ্সরসো নাগাঃ সিদ্ধাশ্চারণগুহ্যকাঃ ॥
বিদ্যাধরা মনুষ্যেষু বৈশ্যাঃ শূদ্রাঃ স্ত্রিয়োঽন্ত্যজাঃ।
রজস্তমঃপ্রকৃতয়স্তস্মিংস্তস্মিন্ যুগে যুগে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

সৎসঙ্গেন হি দৈতেয়াঃ যাতুধানাঃ রাক্ষসাঃ, খগাঃ গন্ধর্ব্বাপ্সরসঃ নাগাঃ সিদ্ধাঃ চারণ-গুহ্যকাঃ ॥

শ্রীধরস্বামী।

যাতুধানা রাক্ষসাঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বশীকরণমত্র গৌণং মুখ্যঞ্চ যথাগস্তবৎ বাণাদৌ শ্রীগোপ্যাদৌ চ দর্শয়তি সৎসঙ্গেনেতি চতুর্ভিঃ। সন্তঃ প্রধানীভূতভক্তিমন্তঃ কেবলভক্তিমন্তশ্চ। অত্র পূর্ব্বেষাং সঙ্গিভির্ভগবদ্বশী-কারো গৌণঃ উত্তরেষাঞ্চ মুখ্য ইতি জ্ঞেয়ং। যাতুধানা রাক্ষসাঃ ॥ ৩ ॥

কেবল সাধুসঙ্গের ফলে দৈতেয়, রাক্ষস, খগ, গন্ধর্ব্ব, অপ্সরা, নাগ, সিদ্ধ, চারণ, গুহ্যক ও— ॥

বিদ্যাধরগণ, মনুষ্য মধ্যে বৈশ্য, শূদ্র, নারী এবং অন্ত্যজজাতি, অধিক কি! রজঃ ও তমঃপ্রকৃতি অনেক জীব জন্তুগণ সেই সেই যুগে মৎপদবী লাভ করিয়াছে, সন্দেহ নাই ॥

আভাস।

ইহার কোনটাই প্রযুক্ত নহে। ভগবৎপ্রাপ্তির আয়োজন ইহা হইতে সম্পূর্ণ পৃথক; এক ভক্তিই ভগবৎপ্রাপ্তি ঘটায়। ভগবান্ উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক বলিয়াছিলেন যে, হে উদ্ধব! মৎপ্রাপ্তি-কামনারূপ ভক্তির বলে জীব যোগ, সাংখ্য, ধর্ম্ম, স্বাধ্যায়, তপস্যা ও ত্যাগাদির সকল ফলই লাভ করিতে পারে। এবং আমিও এক ভক্তির অধীন; কেবল ভক্তি বলেই জীব আমাকে অনায়াসে পাইতে পারে, সন্দেহ নাই। এই নিমিত্তই শ্লোকে প্রকাশ করিয়াছেন যে, ভক্তি ব্যতীত উদ্ধারের আর উপায় নাই। অতএব পূর্ব্বোক্ত যোগ ও সাধনাদি সমস্তই ভক্তির সহিত মিলিত করিয়া করিতে হইবে; ভগবৎপ্রসন্নতা ব্যতীত কোন্ ফলই সিদ্ধ হয় না ॥ ১ ॥ ২ ॥

ভক্তিতে ভগবান্ বাধ্য হন; ভগবানের বশীকার গৌণ ও মুখ্যভাবে দ্বিবিধ। মুখ্যভাবে ভক্তের প্রেম লাভ হয়; যথা গোপিকাগণের হইয়াছিল। এবং গৌণভাবে কেবল সংসার ধ্বংস হয় মাত্র, প্রেমের সহিত কোন বিশেষ সংস্পর্শ থাকে না; যথা বাণাদির। এস্থলে বিভিন্ন জীব ও যোনির উল্লেখ করিয়া প্রকাশ করা হইয়াছে যে, যে যতদূর ভক্তিতে অগ্রসর হইয়াছেন, তিনি তাদৃশ ফল লাভ করিয়াছেন। সৎসঙ্গই এই ভক্তিলাভের প্রধান

বহবো মৎপদং প্রাপ্তাস্ত্বাষ্ট্রকায়াধবাদয়ঃ।
বৃষপর্ব্বা বলির্বাণো ময়শ্চাথ বিভীষণঃ ॥ ৪ ॥
সুগ্রীবো হনুমানৃক্ষো গজো গৃধ্রো বণিক্পথঃ।

অন্বয়ঃ।

বিদ্যাধরাঃ মনুষ্যেষু বৈশ্যাঃ শূদ্রাঃ স্ত্রিয়ঃ অন্ত্যজাঃ তথা রজস্তমঃপ্রকৃতয়ঃ তস্মিন্ তস্মিন্ যুগে যুগে মৎপদং বহবঃ প্রাপ্তাঃ, কিঞ্চ ত্বাষ্ট্রকায়াধবাদয়ঃ (ত্বাষ্ট্রঃ বৃত্রঃ, কায়াধবঃ প্রহ্লাদঃ)

শ্রীধরস্বামী।

ত্বাষ্ট্রো বৃত্রঃ। কায়াধবঃ প্রহ্লাদঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বাষ্ট্রো বৃত্রঃ; কায়াধবঃ প্রহ্লাদঃ; অনয়োর্জন্মতঃ প্রাগেব নারদসঙ্গঃ॥

বৃষপর্ব্বেত্যয়ং জাতমাত্র এব মাতৃপরিত্যক্তো মুনিপালিতো বিষ্ণুভক্তোঽভূদিতি পৌরাণিকী প্রসিদ্ধিঃ। বলেঃ প্রহ্লাদসঙ্গঃ। বাণস্য বাহুচ্ছেদসময়ে কৃপালোর্মহাদেবস্য সঙ্গঃ। ময়স্য সভানির্ম্মাণে পাণ্ডবসঙ্গঃ। বিভীষণস্য হনূমৎসঙ্গঃ ॥ ৪ ॥

সুগ্রীবাদীনাং ত্রয়াণাং লক্ষ্মণসঙ্গঃ। গজো গজেন্দ্রঃ। অস্য পূর্ব্বজন্মনি নারদাদিসঙ্গঃ। গৃধ্রো জটায়ুরস্য গরুড়দশরথাদিসঙ্গঃ। বণিক্পথস্তুলাধারো ভারতপ্রসিদ্ধঃ। অস্য সৎসঙ্গো মৃগ্যঃ। ব্যাধঃ ধর্ম্মব্যাধঃ। অস্য প্রাগ্ ব্রহ্মরাক্ষসতাং প্রাপ্তস্য বরাহপুরাণদৃষ্টেন বৈষ্ণবেন রাজ্ঞা সহ সঙ্গঃ কুব্জায়াঃ পূর্ব্বজন্মনি নারদসঙ্গঃ। ইতি মাথুরহরিবংশে প্রসিদ্ধং। গোপ্যো

অধিক কি! বৃত্রাসুর, হিরণ্যকশিপুতনয় প্রহ্লাদ, বৃষপর্ব্বা বলি, বাণ, ময়দানব, বিভীষণ, সুগ্রীব, হনুমান্, জাম্বুবান্, গজ, জটায়ুপক্ষী, তুলাধার

আভাস

উপায়। বৃত্রাসুর ও প্রহ্লাদ পূর্ব্ব জন্মে নারদের সঙ্গ লাভ করিয়াছিলেন; বৃষপর্ব্বা জন্মিবা মাত্র মাতা কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া, মুনির নিকট পালিত হইয়া বিষ্ণুভক্ত হন। বলিরাজ প্রহ্লাদের সঙ্গ লাভে এবং বাণ বাহুচ্ছেদন কালে মহাদেবের সঙ্গলাভে ও ময়দানব সভানির্ম্মাণকালে পাণ্ডবসংসর্গে এবং বিভীষণ হনুমানের সঙ্গলাভে ভক্তি প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৩ ॥ ৪ ॥

সুগ্রীব, হনুমান্, ও জাম্বুবান্ লক্ষ্মণসঙ্গে পবিত্র হন। গজেন্দ্র পূর্ব্ব জন্মে নারদাদির সংসর্গ লাভে, জটায়ু গরুড় ও দশরথের সঙ্গলাভে এবং মহাভারতে যাঁহার পরিচয় বিশেষরূপে বিবৃত আছে, সেই তুলাধার জাজলিমুনির সঙ্গ লাভে ভক্ত হইয়াছিলেন। আদি বরাহপুরাণে ব্যক্ত আছে, প্রাচীন কলিযুগে বসু নামে কোন এক বিষ্ণুভক্ত রাজা ছিলেন; তিনি মৃগয়া করিতে গিয়া মৃগভ্রমে একজন ব্রাহ্মণকে নিহত করেন। পরে সেই ব্রাহ্মণ ব্রহ্মরাক্ষস হইয়া, ঐ রাজার দেহকেই আশ্রয় করিল; যখন রাজা স্বীয় বিষ্ণুভক্তির

ব্যাধঃ কুব্জা ব্রজে গোপ্যো যজ্ঞপত্ন্যস্তথাধ্বরে ॥ ৫ ॥
তে নাধীতশ্রুতিগণা নোপাসীতমহত্তমাঃ।

অন্বয়ঃ।

বৃষপর্ব্বা বলিঃ, বাণঃ ময়ঃ বিভীষণঃ সুগ্রীবঃ হনুমান্ ঋক্ষঃ জাম্বুবান্, গজঃ গৃধ্রঃ জটায়ুঃ, বণিক্‌পথঃ তুলাধারঃ, ব্যাধঃ ধর্ম্মব্যাধঃ, কুব্জা ব্রজে গোপ্যঃ তথা অধ্বরে যজ্ঞপত্ন্যঃ চ ॥৩—৫॥

নাধিতশ্রুতিগণাঃ (ন অধীতাঃ শ্রুতিগণাঃ যৈঃ তে) নোপাসীতমহত্তমাঃ (ন উপাসিতাঃ সেবিতাঃ মহত্তমাঃ পণ্ডিতাঃ যে স্তে) অব্রতাতপ্ততপসঃ (ন বিদ্যন্তে ব্রতানি যেষাং তে তথা

শ্রীধরস্বামী।

ঋক্ষো জাম্বুবান্, গৃধ্রো জটায়ুঃ, বণিক্‌পথস্তুলাধারঃ, ব্যাধো ধর্ম্মব্যাধঃ, যজ্ঞপত্ন্যো দীক্ষিতভার্য্যাঃ ॥ ৫ ॥

তেষাং সৎসঙ্গব্যতিরিক্তসাধনান্তরাভাবমাহ তে ইতি। ন অধীতাঃ শ্রুতিগণা যৈঃ। তদর্থঞ্চ ন উপাসিতা মহত্তমা যৈস্তে তথা। কিঞ্চ। অব্রতাতপ্ততপসঃ ন ব্রতানি যেষাং ন তপ্তানি তপাংসি যৈঃ তেচ তেচ তথা। মৎসঙ্গাদিতি। সদ্ভিঃ সঙ্গো নাম মমৈব সঙ্গ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুনিচর্য্যাদয়ঃ পূর্ব্বজন্মনি কৃতবহুসাধুসঙ্গা এব এতজ্জন্মনি নিত্যসিদ্ধগোপীসঙ্গিন্যঃ যজ্ঞপত্নীনাং ব্রজস্থশ্রীকৃষ্ণদূতীভির্মালিকতাম্বুলিকাদিস্ত্রীভিঃ ক্রয়বিক্রয়াদ্যর্থং মথুরাপ্রস্থানসময়ে সঙ্গঃ ॥ ৫ ॥

তেষাং সাধুসঙ্গোত্থা যথাপ্রকৃতিপ্রধানীভূতা কেবলা চ ভক্তিরেব নতু সাধনান্তরমিত্যাহ তে ইতি। ন অধীতাঃ শ্রুতিগণা যৈস্তদর্থং চ উপাসিতা মহত্তমাঃ শ্রুত্যর্থগ্রাহয়িতারো

বণিক্, ধর্ম্মব্যাধ, কুব্জা ব্রজের গোপিকাকুল এবং যজ্ঞপত্নীগণও পরমগতি প্রাপ্ত হইয়াছে॥ ৩—৫ ॥

ইহাদের মধ্যে কেহ বেদাদি শাস্ত্র অধ্যয়ন করে নাই; বা বেদার্থদর্শী পণ্ডিতমণ্ডলীরও শুশ্রূষা করে নাই; কখন কোন ব্রত বা তপস্যারও অনুষ্ঠান

আভাস।

ফলে যখন বিষ্ণুলোকে গমন করেন, তখন সেই ব্রহ্মরাক্ষসও তৎসঙ্গে তথায় ভোগ করেন। পরে রাজা ভোগান্তে পুনরায় রাজত্ব লাভ করত ব্রহ্মপরনামক স্তব পাঠ করিলে, উক্ত ব্রহ্মরাক্ষস তাঁহার দেহ হইতে নির্গত হইয়া সম্মুখে দণ্ডায়মান হইল। রাজা তখন তাঁহাকে ধর্ম্ম ব্যাধ নাম প্রদান করিলেন। কুব্জা পূর্ব্ব জন্মে নারদের নিকট উপদেশ লাভে ভক্ত হইয়াছিলেন। সাধনসিদ্ধা গোপিকাগণ নিত্যসিদ্ধা গোপীর সঙ্গ লাভে এবং যজ্ঞপত্নীগণ ও অন্যান্য দৈত্যেয়গণ কৃষ্ণগুণকথক লোকের সম্বন্ধ প্রাপ্ত হইয়াই, ভক্তি লাভ করিয়াছিলেন ॥ ৫ ॥

সাধুসঙ্গেই যে প্রকৃত ভক্তি জন্মে এবং তাদৃশ ফল অন্য কোন উপায়ে লাভ হয় না,

অব্রতাতপ্ততপসো মৎসঙ্গান্মামুপাগতাঃ ॥ ৬ ॥
কেবলেন হি ভাবেন গোপ্যো গাবো নগা মৃগাঃ।

অন্বয়ঃ।

ন তপ্তানি তপাংসি যৈঃ তে তথাবিধা অপি) তে সৎসঙ্গাৎ এব মাং উপগতাঃ প্রাপ্তাঃ ॥ ৬ ॥

কেবলেন ভাবেন মদাবেশিতচিত্তেন, হি নিশ্চিতং, গোপ্যঃ, গাবঃ, নগাঃ যমলার্জ্জুনা-

শ্রীধরস্বামী।

ইত্যভিপ্রেত্যোক্তং যদ্বা। স্বসঙ্গস্যাপি সৎসঙ্গত্বং বিবক্ষ্যতে স্বস্যাপি সত্বাৎ। যদ্বা। মদীয়সঙ্গাদিত্যর্থঃ ॥ ৬ ॥

তত্র বৃত্রাদীনাং ভবতু নাম কথঞ্চিৎ সাধনান্তরং। গোপীপ্রভৃতীনান্তু নান্যদস্তীত্যাহ কেবলেনেতি। সৎসঙ্গলব্ধেন কেবলেনৈব ভাবেন প্রীত্যা। নগা যমলার্জ্জুনাদয়ঃ। নাগাঃ কালিয়াদয়ঃ। যদ্বা। তদানীন্তনসর্ব্বতরুগুল্মাদীনামপি ভগবতি ভাবোঽস্তীতি গম্যতে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুনয়ো যৈস্তে। ন ব্রতানি যেষাং ন তপ্তানি তপাংসি যৈস্তে চ তে চ তথা কিন্তু সৎসঙ্গে-নৈব হেতুনা ভক্ত্যা মৎসঙ্গাৎ মৎসঙ্গং প্রাপ্য মাং উপাগতাঃ প্রাপ্তাঃ ॥ ৬ ॥

তত্রাপি গোপীপ্রভৃতীনাং সর্ব্বতোঽপ্যতিবৈশিষ্ট্যমাহ কেবলেন জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রেণ নিষ্কামেণ ভাবেন শৃঙ্গারবাৎসল্যসখ্যদাস্যভাবশালিনা ভক্তিযোগেন। গোপ্যঃ শৃঙ্গার-রসেন গাবো বাৎসল্যরসেন নগা গোবর্দ্ধনাদিপর্ব্বতাঃ সখ্যরসেন মৃগা অপি মূঢ়ধিয়ো বৃন্দা-বনীয়তরুগুল্মাদ্যা নাগাঃ কালিয়াদ্যাঃ দাস্যরসেন মামীয়ুঃ। অত্র গোপ্যাদয়ঃ সিদ্ধাএব পূর্ব্বরাগাদ্যনন্তরং মামীয়ুরিতি কেবলেন ভাবেন তেষাং মৎপ্রাপ্তিমন্বমনাদিতো নিত্যসিদ্ধ-

---

করে নাই; কেবল এক সৎসঙ্গের আনুকূল্যে তাহারা সকলেই পরম গতি লাভ করিয়াছে ॥ ৬ ॥

কেবল মচ্চিত্ত ও মদ্গত প্রাণ হইয়াই গোপিকাগণ, গাভীকুল, যমলার্জ্জুন নামক বৃক্ষদ্বয়, মৃগ, কালিয় সর্প এবং অন্যান্য অনেক মূঢ়বুদ্ধি জীবও কৃতার্থতা

আভাস।

ইহাই এই শ্লোকে ভগবান্ স্পষ্টত প্রকাশ করিয়াছেন ॥ ৬ ॥

বৃত্রাসুর প্রভৃতি সিদ্ধগণের সাধনসম্বন্ধের কথা কিয়ৎপরিমাণে শুনা যায় বটে, কিন্তু গোপিকা প্রভৃতির আর সৎসঙ্গ-লব্ধ বিশুদ্ধ ভাব ব্যতীত অন্য কোন সাধনের কথাই আর শুনা যায় না। গোপিকারা শৃঙ্গাররসে, গাভীকুল বাৎসল্যরসে, যমলার্জ্জুন ও গিরিগোবর্দ্ধন কেবল সখ্যরসে, মূঢ়বুদ্ধি বনের হরিণগণ, তদানীন্তন বৃন্দাবনীয় তরুগুল্মাদি ও কালিয় প্রভৃতি নাগকুল কেবল দাস্যরসে ভগবানকে লাভ করিয়াছিলেন। নিত্যসিদ্ধা বলিয়া, যে সকল গোপীর উল্লেখ করা হইয়াছে, তাঁহারাও পূর্ব্বরাগ অনুসারেই এ জন্মে কেবল ভাবের

যেঽন্যে মূঢ়ধিয়ো নাগাঃ সিদ্ধা মামীয়ুরঞ্জসা ।। ৭ ।।
যং ন যোগেন সাংখ্যেন দানব্রততপোঽধ্বরৈঃ ।
ব্যাখ্যাস্বাধ্যায়সন্ন্যাসৈঃ প্রাপ্নুয়াদ্‌যত্নবানপি ।। ৮ ।।

অন্বয়ঃ।

স্বয়ঃ মৃগাঃ নাগাঃ কালিয়াদয়ঃ, অন্যে যে মূঢ়ধিয়ঃ সিদ্ধাঃ কৃতার্থা, সন্তঃ অঞ্জসা অনায়াসেন, মাং ঈয়ুঃ প্রাপুঃ ॥ ৭ ॥

যত্নবান্ কৃতপ্রযত্নোঽপি যোগেন সাংখ্যেন, দানব্রততপোঽধ্বরৈঃ ব্যাখ্যাস্বাধ্যায়-সন্ন্যাসৈঃ যং মাং ন প্রাপ্নুয়াৎ (তং মাং প্রাপুরিতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তদুক্তং ভগবতৈব। অহো অমী দেববরামরার্চ্চিতমিত্যাদি। সিদ্ধাঃ কৃতার্থাঃ সন্ত ঈয়ুঃ প্রাপুঃ ॥ ৭ ॥

স্বপ্রাপ্তে দুর্ল্লভতামাহ যমিতি। যোগাদিভিঃ কৃতপ্রযত্নোঽপি যং ন প্রাপ্নুয়াৎ তং মামীয়ুরিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। অত্রচ প্রথমং যা গোপ্যঃ পশ্বাদয়ো বা শ্রীকৃষ্ণেন সঙ্গতাস্তে সন্তঃ সৎসঙ্গোঽন্যেষাং সৎসঙ্গস্তেন চ তেষাং ভক্তিরিতি জ্ঞাতব্যং ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেবেত্যর্থোঽবসীয়তে। অন্যথা সিদ্ধা ইতি পদস্য বৈয়র্থ্যং স্যাৎ ॥ ৭ ॥

কেবলস্য ভক্তিযোগস্য সৎসঙ্গ এব হেতু র্নতু সুকৃতান্তরং কিমপীত্যাহ যমিতি। যত্ন-বানপি যোগাদীনাং সম্যগনুষ্ঠাননিরতোঽপি ॥ ৮ ॥

লাভে মৎসারূপ্য প্রাপ্ত হইয়াছে ।। ৭ ।।

বিশেষ যত্নাতিশয়ে যোগের অনুষ্ঠান, সাংখ্যজ্ঞানের অনুশীলন, দান, ব্রত, তপস্যা ও যজ্ঞাদির সুষ্ঠু আচরণ, ধর্ম্ম কীর্ত্তন, বেদাধ্যয়ন বা সন্ন্যাস অব-লম্বনেও যে ফল লোকে লাভ করিতে পারে না, সেই সর্ব্বফলশ্রেষ্ঠ মৎ-স্বরূপকে তাহারা এক সৎসঙ্গের গুণে অনায়াসে লাভ করিয়াছে ।। ৮ ।।

আভাস।

প্রভাবেই ভগবান্ শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়াছিলেন; অন্য সাধনের কথা আর শুনা যায় না ॥ ৭ ॥

ভগবৎপ্রাপ্তি জীবের পক্ষে যে, নিতান্তই দুর্ল্লভ এবং তত্ত্ববিচার পূর্ব্বক সমাহিত হইলেও সহজে তাঁহার সাক্ষাৎকার লাভ হয় না, অথচ কেবল সৎসঙ্গোত্থ ভক্তিবলেই অতি নিকৃষ্ট গোপবনিতাগণ, এমন কি! পশু পক্ষী প্রভৃতি তির্য্যগ্ যোনিও তাঁহাকে প্রাণ সমর্পণে প্রাপ্ত হইয়াছে, ইহাই প্রতিবোধিত করিবার জন্য গ্রন্থকার এই শ্লোকটী লিপিবদ্ধ করিয়াছেন ॥ ৮ ॥

রামেণ সার্দ্ধং মথুরাং প্রণীতে শ্বাফল্কিনা মষ্যনুরক্তচিত্তাঃ।
বিগাঢ়ভাবেন ন মে বিয়োগতীব্রাধয়োঽন্যং দদৃশুঃ সুখায় ॥ ৯ ॥

অন্বয়ঃ।

শ্বাফল্কিনা অক্রূরেণ, রামেণ সহ ময়ি মথুরাং প্রণীতে সতি, বিগাঢ়ভাবেন পরমপ্রেম্না অনুরক্তচিত্তাঃ (অনুরক্তং চিত্তং যাসাং তাঃ গোপ্যঃ) বিয়োগতীব্রাধয়ঃ (বিয়োগেন তীব্রঃ দুঃসহঃ আধিঃ গ্লানিঃ যাসাং তাঃ) সত্যঃ মে মত্তঃ, অন্যং সুখায় ন দদৃশুঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

গোপীনাং ভাবং প্রপঞ্চয়তি রামেণেতি চতুর্ভিঃ। শ্বাফল্কিনা অক্রূরেণ ময়ি প্রণীতে সতি। মে মত্তোঽন্যং সুখায় ন দদৃশুঃ। কুতো বিয়োগেন তীব্রো দুঃসহঃ আধির্যাসাং তাঃ। অত্র হেতুঃ। ময়ি বিগাঢ়েনাতিদৃঢ়েন ভাবেন প্রেম্নাঽনুরক্তানি সংসক্তানি চিত্তানি যাসাং তাঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপি গোপীনাং ভাবস্য সর্ব্বোপরিবিরাজমানত্বমাহ রামেণেতি চতুর্ভিঃ। শ্বাফল্কিনা অক্রূরেণ ময়ি মথুরাং প্রকর্ষেণ নীতে সতি মে মত্তোঽন্যং সুখায় ন দদৃশুঃ। যতোঽনুরক্তচিত্তাঃ। প্রেম্নঃ ষষ্ঠী ভূমিকা যোঽনুরাগস্তন্ময়ীভূতানি চিত্তানি যাসাং তাঃ। তত্রাপি বিশিষ্টো গাঢ়োভাবঃ। অনুরাগোত্তরভূমিমাগতো মহাভাবভেদো রূঢ়াভিধস্তেন হেতুনা বিয়োগে সতি তীব্র আধি যাসাং তাঃ। অত্র দদৃশুরিতি ভূতনির্দ্দেশাদধুনাতু দন্তবক্রবধাস্তে ময়া সহ সংযুক্তা এব বর্ত্তন্তে ইতি দ্যোতিতং ॥ ৯ ॥

অক্রূরের সমভিব্যাহারে আমি বলরামকে সঙ্গে লইয়া মথুরাতে গমন করিলে, আমাতে অনুরক্তচিত্ত গোপিকাকুল আমার বিচ্ছেদরূপ দুঃসহ দুঃখে এতাদৃশ নিপীড়িত হইয়াছিল যে, মদ্ব্যতীত সংসারের কোন সামগ্রী তাহাদের সে দুঃখ নিবারণ করিতে বা সুখ প্রদানে সমর্থ হয় নাই ॥ ৯ ॥

আভাস।

শ্রীকৃষ্ণের প্রতি গোপীগণের ভাব যে কি অনুপম! তাহারই পরিচয়ার্থ প্রকাশ করিয়াছেন যে, অক্রূরের সমভিব্যাহারে বলরামকে সঙ্গে লইয়া গোবিন্দ মথুরায় আগমন করিলে, সমগ্র বৃন্দাবন গোপিকাদের নিকট তমসাচ্ছন্নের ন্যায় প্রতীত হইয়াছিল। জগতের কোন পদার্থকেই কিছুমাত্র সুখকর বলিয়া তাঁহাদের জ্ঞান হয় নাই; কৃষ্ণবিরহের প্রচণ্ড দাবাগ্নিতে প্রত্যেক সুখকর বিষয়ও যেন দুঃখের অনুকূল বলিয়া প্রতীত হইতে লাগিল। অধিক কি! কৃষ্ণবিরহে তাঁহাদের জীবনও যেন ভার বলিয়া জ্ঞান হইয়াছিল। কারণ প্রেমের উৎকর্ষে তাঁহাদের চিত্ত শ্রীকৃষ্ণের প্রতি এতই আবিষ্ট ছিল যে, তাদৃশ ব্রহ্মপরিমিত রাত্রি সমূহও তাঁহাদের নিকট পলকের ন্যায় বোধ হইয়াছিল; অথচ কৃষ্ণবিরহে পরবর্ত্তী এক

তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেন নীতা ময়ৈব বৃন্দাবনগোচরেণ।
ক্ষণার্দ্ধবত্তাঃ পুনরঙ্গ তাসাং হীনা ময়া কল্পসমা বভূবুঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ উদ্ধব! বৃন্দাবনগোচরেণ প্রিয়তমেন প্রেষ্ঠতমেন, চ ময়া সহ (যাভিঃ গোপিকাভিঃ যাঃ যাঃ) ক্ষপাঃ রাত্রয়ঃ, ক্ষণার্দ্ধবৎ নীতাঃ যাপিতাঃ, তাঃ তাঃ এব ময়া হীনাঃ রাত্রয়ঃ তাসাং গোপীনাং কল্পসমাঃ বভূবুঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

তীব্রাধিত্বং ব্যনক্তি তাস্তা ইতি। ময়া সহ যা এব ক্ষপা রাত্রয়ঃ ক্ষণার্দ্ধবন্নীতাস্তা এব পুনর্ম্ময়া হীনাস্তাসাং কল্পসমা বভূবুঃ কথন্তু তাস্তা বাচামগোচরা ইত্যর্থঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কল্পস্য ক্ষণতা যোগে বিয়োগে তদ্বিপর্য্যয় ইতি প্রেম্নঃ সপ্তম্যা ভূমিকায়া মহাভাবভেদস্য রূঢ়ভাবস্য লক্ষণং সর্ব্বতো বিলক্ষণং দর্শয়তি তাস্তা ইতি ময়া সহ রাস-ক্ষপা ব্রহ্মরাত্র-পরিমিতা অপি ক্ষণার্দ্ধবৎ যাভির্নীতাঃ তাসাং ময়া বৃন্দাবনগোচরেণ বৃন্দাবনস্থেন অথচ বৃন্দাবনে গোভিঃ সহ চরতা হীনাস্তাঃ ক্ষপাঃ প্রহরচতুষ্টয়পরিমিতা অপি যাপয়িতুমশক্যত্বাৎ কল্পৈর্ব্বহুভিঃ সমাঃ ॥ ১০ ॥

হে প্রিয়তম! বৃন্দারণ্যে আমার অবস্থানকালে আমাকে প্রাণপ্রিয়বোধে আমার সহিত তাহারা যে সকল রাত্রি ক্ষণার্দ্ধের ন্যায় অতিবাহিত করিয়াছিল, এক্ষণে কেবল আমার অদর্শনে সেই রাত্রিই তাহাদের নিকট এক এক কল্পের ন্যায় বোধ হইতেছে ॥ ১০ ॥

আভাস।

একটী মনুষ্য পরিমাণের রাত্রিও যেন এক এক কল্পের ন্যায় জ্ঞান হইতেছিল। এস্থলে স্পষ্টই প্রকাশ যে, বৃন্দাবনে অবস্থান কালে গোপিকারা কৃষ্ণের স্বরূপচিন্তা ব্যতীত, অন্য কোন বিষয় একবারও হৃদয়ে স্থান দিতেন না। এক্ষণে তাঁহার অদর্শনে অনন্ত ভাবনা তাঁহাদের চিত্তকে আক্রমণ করিয়া, সুখপ্রদানচ্ছলে বিবিধ রূপ বারংবার প্রকাশ করিয়াছিল; কিন্তু শ্রীকৃষ্ণের রূপগুণাদির তুলনায় তাঁহারা কোন পদার্থে তাদৃশ স্বল্পভাবেরও প্রতীতি অনুভব বা নয়নগোচর করিতে পারেন নাই ॥ ১ ॥ ১০ ॥

অন্ধকার যেমন দর্শকের নিকট হইতে দ্রষ্টব্য বিষয়ের নিবারণ করে, অদ্য কৃষ্ণপ্রেমও গোপীসন্নিধানে ত্রিভুবনকে অদৃশ্য করিয়াছিল। অন্ধকার অজ্ঞানপূর্ব্বক আবরণ করে; কৃষ্ণপ্রেম জ্ঞান ও আনন্দ প্রদান পূর্ব্বক জগৎতত্ত্বের নিরোধ করেন। কৃষ্ণপ্রেমে মূর্চ্ছিত গোপিকাকুল যে কেবল বিষয়সুখে বঞ্চিত হইয়াছিলেন, এমত নহে; তাঁহারা পতিপুত্র স্বজন বন্ধু বান্ধব ও গৃহ ক্ষেত্রাদির ন্যায় নিজ কলেবরও বিস্মৃত হইয়া যাইতেন নিজেরা

তানাবিদন্ময্যনুষঙ্গবদ্ধধিয়ঃ স্বমাত্মানমদস্তথেদম্ ।

অন্বয়ঃ।

ময়ি অনুসঙ্গবদ্ধধিয়ঃ (অনুসঙ্গেন বদ্ধাঃ ধিয়ঃ যাভি স্তাঃ) গোপ্যঃ স্বং (পতিপুত্রাদি মমতাস্পদং) আত্মানং (অহঙ্কারাস্পদং দেহং) অদং পরলোকং, তথা ইদং ইমং লোকং চ

শ্রীধরস্বামী।

কিঞ্চ। এবং তীব্রাধরস্তা মোহমিষেণ সমাধিং প্রাপ্তা ইত্যাহ তা ইতি। ময়ি অনু-ষঙ্গেণাসক্ত্যা বদ্ধা ধিয়ো যাভিস্তা স্বমাত্মানং স্বদেহং অদো দূরস্থং ইদং সন্নিহিতঞ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মোহাদ্যভাবেঽপি সর্ব্ববিস্মরণমিতি বিগাঢ়ভাবস্যাপরমপ্যনুভাবমুজ্জ্বলনীলমণ্যুক্তং দর্শয়তি। ময়ি অনুষঙ্গেণ বদ্ধা ধিয়ো যাভিস্তাঃ। অত্র বদ্ধপদেন কৃষ্ণস্য ত্রিজগন্মোহন-বিচিত্রলীলত্বত্বং। অনুষঙ্গস্য বলবদ্ধামত্বং ধীবৃত্তীনাং কৃষ্ণবাঞ্ছিতসম্পাদককামধেনুঘটত্বমা-রোপিতং। স্বমাত্মানং দেহং ন বিদুঃ রাসাভিসারাদৌ ক স্থিতং ক যাস্যামিতি নানুসন্দধুঃ। তথা অদঃ পরলোকং ধর্ম্মাতিক্রমাদিতি ভাবঃ। ইদং ইমং লোকং লজ্জাভয়াদ্যতিক্রমাদিতি ভাবঃ। সমাধৌ মুনয় ইতি। তেষাং যথা সর্ব্ববিস্মারণে ব্রহ্মানুভবোঽতিরিচ্যতে তথৈতাষাং মদনুভব ইতি সর্ব্ববিস্মরণাংশে দৃষ্টান্তঃ নতু প্রাপ্যাংশে গোপীপ্রাপ্যপ্রেম-মুনিপ্রাপ্যনির্ব্বাণ-য়োঃহো মহদেবান্তরং যন্মাস্মমত্বামমতে তয়োঃ তথাহি সর্ব্বসন্তাপনিবর্ত্তকাৎ পরমাহ্লাদকাৎ দৃশ্যমানাৎ চন্দ্রাদপি সকাশাৎ সর্ব্বগুণহীনোঽপি দৃশ্যমানঃ পতিপুত্রাদিকো যৎ সুখমধিকং

গোপিকা আমাতে এরূপভাবে চিত্ত সমর্পণ করিয়াছিল যে, নিজ কলেবর পতি পুত্রাদি যাবতীয় আমার বলিবার বস্তু, ইহলোক বা পরলোক ইহার কোনটীর প্রতিই তাহাদের দৃষ্টি ছিল না; মুনিগণ সমাধিযোগে যেমন আত্ম-

আভাস।

স্ত্রী, কি পুরুষ, তির্য্যক্ যোনি, কি দেবতা, ইহার কিছুরই অনুসন্ধান রাখিতেন না। ঐহিকের কথা দূরে থাকুক্, পর জীবনের প্রত্যাশায় ও জলাঞ্জলি দিয়া, "হা প্রাণ রমণ! হে জীবনৈকবল্লভ! তোমার অপেক্ষা আমাদের নিকট ধর্ম্ম, অর্থ, কাম বা মোক্ষও প্রিয় নহে। তুমি একবার দর্শন দানে আমাদিগকে তোমার করিয়া লও"? স্রোতস্বতী প্রখর-বেগে সমুদ্রে মিলিত হইলে, যেমন তথায় আর তাহার নাম বা রূপের বিচার থাকে না, সমুদ্রময়ই হইয়া যায়; যোগীগণ ধ্যান ধারণা ও সমাধির দ্বারা ক্ষেত্রজ্ঞ জীবস্বরূপকে পরম ব্রহ্মে সমর্পণ করত যেমন নিজের পৃথক্ সত্তার বিলোপ করেন, বিরহিণী গোপিকাকুল কেবল প্রেমের আবেগে পরমানন্দমূর্ত্তি মুকুন্দে ভাবাবলম্বনে চিত্ত সমর্পণ করিয়াই তাদৃশ ফল লাভ করিয়াছিলেন। গোপী প্রাপ্য প্রেম ও যোগীর প্রাপ্য নির্ব্বাণে কোন ভেদ নাই; কারণ উভয় পক্ষের মমতাই এক, ও একভাবেই বিসর্জ্জিত। ব্রহ্মানন্দ নিরতিশয়

যথা সমাধৌ মুনয়োঽব্ধিতোয়ে নদ্যঃ প্রবিষ্টা ইব নামরূপে ॥ ১১ ॥

অন্বয়ঃ।

ন অবিদন্ তাঃ সমাধৌ মুনয়ঃ যথা, অব্ধিতোয়ে নদ্যঃ ইব নামরূপে বিহায় ময়ি প্রবিষ্টাঃ এব ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

নাবিদন্। যদ্বা। স্বং পতিপুত্রাদিকং মমতাস্পদং আত্মানমহঙ্কারাস্পদং অদঃ পরং লোকং ইদং ইমং লোকঞ্চ নাবিদন্নিতি। যথা মুনয়ঃ সমাধৌ নামরূপে ন বিদুস্তদ্বৎ। কিন্তু অব্ধিতোয়ে নদ্য ইব ময়ি প্রবিষ্টা ইত্যন্বয়ঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দারে তত্র মমতৈব যদি কারণং তদা কিং পুনঃ সর্ব্বগুণমণ্ডিতে স্বভাবাদেব নিরবধিকসুখপ্রদে শ্রীকৃষ্ণে পরব্রহ্মণি নিরবধিকৈব মমতা সুখাধিক্যকারণং ভক্তানামিতি। অতএবোক্তং। ব্রহ্মানন্দো ভবেদেব চেৎ পরার্দ্ধগুণীকৃতঃ। নৈতি ভক্তিসুখাম্ভোধেঃ পরমাণুতুলামপীতি। ব্রহ্মচ ভক্তেষাসক্তং তদ্বশ্যঞ্চ মুনিষু তু নৈবাসক্তং ন তদ্বশ্যঞ্চেতি। নদ্যো যথা অব্ধিতোয়ে প্রবিষ্টা নামরূপে স্বীয়ে ন বিদুরিতি রসচর্ব্বণাংশে দৃষ্টান্তঃ ॥ ১১ ॥

বিসর্জ্জন করেন। স্রোতস্বতী যেমন সমুদ্রে সঙ্গত হইয়া নামরূপ পরিত্যাগ করে, গোপিকাগণও সেইরূপ আমাতে আত্মসমর্পণ করিয়া মায়াময় ভাব পরিহারে আমাতেই প্রবিষ্ট হইয়াছিল ॥ ১১ ॥

আভাস।

শান্তি ও সুখপ্রদ হইলেও সাংসারিক জীবের পক্ষে কৃষ্ণানন্দ অধিকতর তৃপ্তিকর; কারণ বৈরাগ্যে বিশেষ দক্ষ না হইলে, ব্রহ্মানন্দে নিমগ্ন হওয়া অসম্ভব। কিন্তু বৈরাগ্য অভ্যস্ত না হইলেও ভোগানন্দে নিবৃত্ত চিত্ত সর্ব্বভোগের আকর কৃষ্ণবিগ্রহে যখন তত্তুল্য ফল পায়, তখন কৃষ্ণবিগ্রহে আনন্দলাভ তাদৃশ চিত্তের পক্ষে অনায়াস-সাধ্য, সন্দেহ নাই ॥ ১১ ॥

গোপজাতীয় কুলবালাগণ কেবল সৎসঙ্গের গুণে পরাৎপর পূর্ণব্রহ্ম শ্রীকৃষ্ণকে যে, কি ভাবে প্রাপ্ত হইয়াছিলেন, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। প্রথম প্রাপ্তির স্বরূপার্থে রমণং শব্দটী প্রয়োগ করা হইয়াছে; অর্থাৎ তাঁহাদের সহিত রমণপ্রবৃত্ত গোবিন্দ রমমাণা গোপিকা সমীপে স্বরূপের প্রকাশ করিয়াছিলেন। রাসের প্রারম্ভে উল্লেখ আছে যে, আত্মারাম শ্রীকৃষ্ণ রমণ করিয়াছিলেন। অর্থাৎ যিনি পূর্ণ আনন্দরসময়, নিজের আনন্দার্থ যাঁহার অন্যের কোন অপেক্ষা নাই, তিনি গোপিকাদের সহিত রমণ করিয়াছিলেন। এক্ষণে প্রশ্ন হইতে পারে যে, এই রমণকে কি প্রাকৃতিক পতি বা উপপতির সংসর্গজনিত আনন্দের সাদৃশ্যে গ্রহণ করিতে হইবে? তাহার উত্তরে বলিলেন না। কারণ "অস্বরূপবিদঃ"; পরপুরুষাভিগামিনী নারী যেমন স্বামীপ্রভৃতি স্বজনবর্গের ভয়ে যাবতীয় গৃহকর্ম্মে বাহ্যদৃষ্টিতে নিবিষ্টা থাকিলেও মনে মনে তিনি কেবল সেই প্রণয়ী জনের চিন্তায়

মৎকামা রমণং জারমস্বরূপবিদোঽবলাঃ।
ব্রহ্ম মাং পরমং প্রাপুঃ সঙ্গাচ্ছতসহস্রশঃ।। ১২।।

অন্বয়ঃ।

অস্বরূপবিদঃ (মৎস্বরূপং ন জানন্তীতি তাঃ) মৎকামাঃ অবলাঃ তাঃ সৎসঙ্গাৎ শত-সহস্রশঃ সর্ব্বতোভাবেন, রমণং রতিসুখপ্রদং, জারং জারবুদ্ধিবেদ্যং পরমং ব্রহ্ম মাং আপুঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

এবং তা অবলাঃ কেবলং মৎকামাঃ অস্বরূপবিদঃ স্বরূপং ন তু জানন্তি তথাপি সৎসঙ্গাৎ জারং জারবুদ্ধিবেদ্যমপি ব্রহ্মরূপমেব মাং পরমং প্রাপুরিত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ তা মাং প্রাপুরিত্যাহ মৎকামা মাং কাময়ন্তে ইতি তাঃ। মাং পরমং ব্রহ্ম প্রাপুঃ। কীদৃশং রমণং তাভিঃ সহ রমমাণং তা রময়ন্তঞ্চ। বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে ইতি আত্মারামোঽপ্যরীরমদিতি শুকোক্তেঃ। কিং পতিস্বরূপং। ন। জারং উপপতিস্বরূপং। কীদৃশ্যঃ। অস্বরূপবিদঃ মন্মহামাধুর্য্যমাত্রানুভবিত্বাদৈশ্বর্য্যলক্ষণং মৎস্বরূপবিশেষং ন বিদন্তীতি তাঃ। যদ্বা। অন্যে ভক্তজনা ইব মৎস্বরূপং মৎসারূপ্যং ন বিদন্তি ন প্রাপ্নুবন্তি। তৎপ্রাপ্তৌ তাভি র্মদ্বিহারাসিদ্ধেরিতি। যদ্বা। তাঃ স্বস্য রূপং সৌন্দর্য্যাদিকং ন জানন্তি কিন্তু মৎসৌন্দর্য্যাদিকমেবানুভবন্তীতি তাঃ। যদ্বা। ন বিদ্যন্তে স্বরূপবিদঃ স্বরূপজ্ঞা যাসাং তাঃ ॥ ১২ ॥

তাহারা আমার স্বরূপ অবগত নহে; সামান্য বুদ্ধিহীনা নারীজাতি; তথাপি এক সৎসঙ্গের গুণে এবং জারজ্ঞানে সঙ্গত হইয়াই রতিসুখপ্রদ পূর্ণব্রহ্ম আমাকে তাহারা অনায়াসে লাভ করিয়াছিল ॥ ১২ ॥

আভাস।

সর্ব্বক্ষণ অতিবাহিত করে, সেইরূপ গোপললনাগণ শরীরনির্ব্বাহক কর্ম্ম সকল লোকবৃষ্টিতে নির্ব্বাহ করিতেন বটে, কিন্তু সর্ব্বকামনার সহিত চিত্ত এক শ্রীকৃষ্ণেই সংলগ্ন রাখিতেন। অবশ্য তাঁহারা জারবুদ্ধিতে অগ্রসর হইয়াছিলেন বটে, কিন্তু যাঁহার প্রতি তাঁহারা প্রাণ সমর্পণ করিয়াছিলেন, তিনিত প্রকৃত জার নহেন। সুতরাং তাঁহাদের যেরূপ লক্ষ্য ছিল, সেরূপ প্রাপ্তি ঘটে নাই। অতএব প্রাপ্তির পূর্ব্বে তাঁহারা শ্রীকৃষ্ণের স্বরূপ অবগত ছিলেন না; এবং প্রাপ্ত হইয়াও গোবিন্দের মূর্ত্তি আর অবগত ছিলেন না। কারণ শ্রীকৃষ্ণের মদনমোহন শ্যামসুন্দর মূর্ত্তি নয়নগোচর করিয়া, সম্ভোগার্থ তাঁহারা কায়মনোবাক্যে অগ্রসর হইলেন বটে, কিন্তু তখন শ্রীকৃষ্ণের পূর্ণ পরাৎপর ভাব ও আনন্দঘনবিগ্রহে তাঁহাদের ভাব ঘনীভূত না হওয়ায়, তাঁহার পূর্ণাভাস তাঁহাদের হৃদয়ে স্থান পায় নাই; অতএব তখন তাঁহারা তৎস্বরূপের অনভিজ্ঞ। প্রার্থয়িতার

তস্মাত্ত্বমুদ্ধবোৎসৃজ্য চোদনাং প্রতিচোদনাং।
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ শ্রোতব্যং শ্রুতমেব চ॥

অন্বয়ঃ।

তস্মাৎ হে উদ্ধব! ত্বং চোদনাং শ্রুতিং, প্রতিচোদনাং স্মৃতিং, প্রবৃত্তং বিহিতং কর্ম্ম, নিবৃত্তং অবিহিতং, শ্রোতব্যং শ্রুতং এব চ সর্ব্বং উৎসৃজ্য অনাদৃত্য॥

শ্রীধরস্বামী।

যস্মাদেবম্ভূতো মৎভজনপ্রভাবঃ। তস্মাৎ ত্বং চোদনাং শ্রুতিং প্রতিচোদনাং স্মৃতিঞ্চ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং শ্রীমদুদ্ধবেন সাধুলক্ষণং পৃষ্টঃ শ্রীভগবাংস্তারম্যেন ত্রিবিধং সাধুং লক্ষয়িত্বা তত্তৎসঙ্গপ্রাদুর্ভাবাৎ প্রধানীভূতাং কেবলাঞ্চ ভক্তিং সামান্যতো নিরূপ্য ভক্তেঃ স্ববশীকারং বিবক্ষুঃ কৈমুত্যেন সৎসঙ্গস্যৈব বশীকারিত্বমুক্ত্বা সৎসঙ্গিনো ভক্তাংশ্চ নির্দ্দিশ্যান্তে গোপ্যাদিনিষ্ঠং কেবলং ভক্তিযোগং দুর্ল্লভত্বেন স্তুত্বা সহসৈব রামেণ সার্দ্ধমিত্যাদিনা তত্রাপি গোপীবিষয়কস্বপ্রেমবাষ্পং সদা জাজ্জ্বল্যমানং গাম্ভীর্য্যেণ হৃদি মুদ্রিতমপ্যধীর-তয়ৈবোদ্ঘটয্য তাসামেব ভক্তিযোগস্য স্ববশীকারসর্ব্বোৎকর্ষপরাবধিত্বং তাসামেব সাধুত্ব-স্যাপি সর্ব্বমহামহোৎকৃষ্টকক্ষবিশ্রামিত্বমভিব্যজ্য কেবলে তদনুষ্ঠিতে ভক্তিযোগে এবোদ্ধবং

অতএব হে উদ্ধব! তুমি কর্ম্মোপদেশক শ্রুতি বা স্মৃতি, বিহিত বা নিষিদ্ধ কর্ম্ম, এবং শ্রুত বা কোন শ্রোতব্য বিষয়ের প্রতি আস্থা না করিয়া—॥

আভাস।

প্রার্থনা অনুসারে প্রার্থিত বস্তু কখন স্বীয় শক্তি পরিত্যাগ করে না। বিষমোদককে অমৃতজ্ঞানে ভোজন করিলে, সে কখন জীবননাশে যেমন পশ্চাৎপদ হয় না, সেইরূপ জারবোধে আরাধনা করিলেও ভগবান্ কৃষ্ণ কখন স্বীয় পরমানন্দ চৈতন্যস্বরূপের সম্প্রদানে বিরত হইবেন না তিনি মায়াময় মূর্ত্তির অতীত চিন্ময় বিভু; সাধনের উপযোগিতা প্রদানার্থ ভক্তসমীপে তাদৃশ বিগ্রহ ধারণে অবতীর্ণ হইয়াছিলেন মাত্র। সুতরাং যে কেহ তাঁহার যে কোন রূপ অবলম্বনেই অগ্রসর হউক্ না, তাঁহাকেই পাইবে; যিনি রূপ গ্রহণে উপস্থিত। অতএব চক্ষুগ্রাহ্য রূপের অতীত সর্ব্বশক্তিসম্পন্ন পরম-ভাব প্রদর্শনেই তিনি গোপিকাদের জীবন সার্থক করিয়াছিলেন, সন্দেহ নাই॥ ১২॥

উদ্ধবপৃষ্ট সাধুলক্ষণের কথা বলিবার জন্য ভগবান্ হৃষীকেশ ত্রিবিধ সাধুর পরিচয়ে তাঁহাদের সঙ্গজনিত প্রধানভূতা ও কেবলা ভক্তির নিরূপণ করিয়াছেন এবং নিজের ভক্তি-বশীভূততার পরিচয় প্রদান পূর্ব্বক গোপিকানিষ্ঠ কেবলা ভক্তির বিষয় বর্ণন করিয়াছেন। উদ্ধবের সহিত কথোপকথন কালে, যেন গোপীর প্রেম তাঁহার হৃদয়ে উদয় হওয়ায় বিগলিত বাষ্পবারিকে কথঞ্চিৎ-রোধ করতই অতি গাম্ভীর্য্যাবলম্বনে ও ধৈর্য্যের সহিত উদ্ধবকে তাদৃশ

মামেকমেব শরণমাত্মানং সর্ব্বদেহিনাং।
যাহি সর্ব্বাত্মভাবেন ময়া স্যা হ্যকুতোভয়ঃ॥ ১৩॥

অন্বয়ঃ।

সর্ব্বাত্মভাবেন (সর্ব্বেষাং কালকর্ম্মস্বভাবাদীনাং আত্মা নিয়ন্তা অহং ইতি নিশ্চয়েন) সর্ব্বদেহিনাং আত্মানং একং এব মাং শরণং যাহি গচ্ছ। ময়া এব হি ত্বং অকুতোভয়ঃ স্যাঃ ভবিষ্যসি॥ ১৩॥

শ্রীধরস্বামী।

ময়া। বিধিঞ্চ নিষেধঞ্চ উৎসৃজ্য মাং শরণং যাহি। ময়ৈবাকুতোভয়ঃ স্যাঃ ভব॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রবর্ত্তয়িতুমাহ তস্মাদিতি। চোদনাং বিধিং প্রতিচোদনাং প্রতিষেধং চ। বিহিতং কর্ম্ম নিষিদ্ধঞ্চ কর্ম্ম ত্যক্ত্বা ইত্যর্থঃ। তর্হি কিং সন্ন্যাসং কুর্ব্বে? ন। প্রবৃত্তং গৃহস্থানাং ধর্ম্মং নিবৃত্তং সন্ন্যাসিনাং ধর্ম্মঞ্চ ত্যক্ত্বা তত্রাপি শ্রোতব্যং শ্রুতং চ ত্যক্ত্বা ইতি তাবিধর্ম্মশ্রবণমনাকাঙ্ক্ষ্য ভূতশ্রবণঞ্চ বিস্মৃত্যেত্যর্থঃ। সর্ব্বাত্মভাবেন সর্ব্বোপায় আত্মনো মনসো ভাবো দাস্যসখ্যাদিস্তেনৈকমেব মামালম্বনীকৃত্য শরণং যাহি। ময়ৈব অকুতোভয়ঃ স্যাঃ ইতি ভব নাস্তি কর্ম্মাধিকারো নাপি জ্ঞানাধিকারস্তদপি তং ভবাম্ভন্যারোপ্য প্রত্যবায়ভয়ং সংসারভয়ঞ্চ মন্যসে চেত্তদা তত্তদ্ভয়ত্রাতা অহং বিদ্যমান এবাস্মীত্যর্থঃ॥ ১৩॥

সর্ব্বতোভাবে সর্ব্বদেহীর অন্তরাত্মা এক আমারই শরণাগত হও। আমা হইতেই তুমি নির্ভয় হইবে॥ ১৩॥

আভাস।

পথ অবলম্বনার্থ উপদেশ দিয়াছিলেন। গোপীর প্রেম যে, সর্ব্বোৎকৃষ্ট এবং তাহাতে যে তাঁহার চরম বশীকার ঘটিয়াছিল, ইহাই স্পষ্টত প্রকাশ করিয়া, ভগবান্ উদ্ধবকে তদনুষ্ঠানে যত্ন করিতে উপদেশ দিয়াছেলেন। প্রেরণালক্ষণের নাম বিধি এবং বিপরীত প্রেরণার নাম নিষেধ। বিহিত কর্ম্ম এবং নিষিদ্ধ অকর্ম্ম। অতএব গৃহস্থের কর্ম্ম প্রবৃত্তিধর্ম্ম এবং সন্ন্যাসীর নিবৃত্তধর্ম্মের প্রতি আস্থা পরিত্যাগ পূর্ব্বক সর্ব্বতোভাবে ভগবানের শরণাগত হওয়াই বিধেয়। ভগবানকেই সখা, প্রভু ও সুহৃদ্ জ্ঞানে তৎসমীপে অগ্রসর হইলে, ভক্তকে নিজের জন্য নিজেকে আর ভাবিতে হয় না। নিজেকে ভাবিতে হইলে, ভক্তকে অকুল দুঃখের সাগরে পতিত হইতে হয়; আর ভগবান্ যদি ভক্তের ভার গ্রহণ করেন, তাহা হইলে তাঁহাকে তিনি পরমানন্দের চরম সীমায় উত্তীর্ণ করান। অতএব কর্ম্মাধিকার বা জ্ঞানাধিকারের বিষম বিচার বিড়ম্বনায় স্বয়ং নিপতিত না হইয়া, বিচারের ভার ভগবানে বিন্যাস কর! ইহাই ভগবানের প্রধান উপদেশ। অর্থাৎ তখনই "জানামি ধর্ম্মং নচ মে প্রবৃত্তি র্জানাম্যধর্ম্মং নচ মে নিবৃত্তিঃ। ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি"। কায়মনোবাক্যে ভগবানের উপর এই ভাবে আত্মসমর্পণ করাই এক মাত্র

উদ্ধব উবাচ ॥

সংশয়ঃ শৃণ্বতো বাচং তব যোগেশ্বরেশ্বর।

অন্বয়ঃ।

উদ্ধবঃ উবাচ। হে যোগেশ্বরেশ্বর! তব বাচং শৃণ্বতঃ মে আত্মস্থঃ (আত্মনি মনসি

শ্রীধরস্বামী।

পূর্ব্বং তাবন্ময়োদিতেষবহিতঃ স্বধর্ম্মেষিত্যাদিনা কর্ম্ম কর্ত্তব্যমিত্যুক্তং। ইদানীন্তু সর্ব্বং ত্যক্ত্বা মাং শরণং যাহীত্যুচ্যতে। তত্র কিমাত্মনঃ কর্ত্তৃত্বাদ্যস্তি নাস্তি বেত্যাত্মস্থঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংশয়ো ন নিবর্ত্তেত ইত্যেতৎপূর্ব্বলক্ষণ এব ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি নিরপেক্ষঃ সমাচরেদিতি বদতা ত্বয়া মহ্যং কর্ম্মাধিকারো দত্তঃ তৎপূর্ব্বস্ত যদিদং মনসা বাচা চক্ষুর্ভ্যাং শ্রবণাদিভিঃ। নশ্বরং গৃহ্যমাণঞ্চ বিদ্ধি মায়ামনোময়মিতি। তস্মাদ্‌যুক্তেন্দ্রিয়গ্রামো যুক্তচিত্ত ইদং জগৎ। আত্মনীক্ষস্ব বিততমাত্মানং ময্যধীশ্বর ইত্যুক্তবতা মহ্যং জ্ঞানাধিকারএব

উদ্ধব বলিলেন, হে যোগাধীশ্বর! আপনার উপদেশবাক্য শ্রবণ করিয়াও আমার মনে একটী বিষম সন্দেহ জন্মিয়াছে। এক্ষণে কর্ম্ম ত্যাজ্য, কি অনুষ্ঠেয় এই সন্দেহ আমার মন হইতে যায় নাই; তজ্জন্য আমার চিত্ত নিতান্ত

আভাস।

কার্য্য। যাঁহারা পরমেশ্বরকে সর্ব্বত্র অবস্থিত অনুমান করিয়া, বিশ্বাস সহকারে ধর্ম্মাধর্ম্ম সকল বিষয়ে উপেক্ষা করেন, ভগবান তাঁহাদের ভারকে নিজ আভরণরূপে প্রতিগ্রহণ করত, তাঁহাদিগকে সংসারের বিভীষিকায় আর বিড়ম্বিত করেন না; জীবদ্দশাতেই মোক্ষানন্দ প্রদান করেন ॥ ১৩ ॥

শ্রীকৃষ্ণের উপদেশ শ্রবণে উদ্ধব কিছু চিন্তিত হইলেন; তিনি পূর্ব্ব কথা স্মরণ করত ভাবিলেন যে, শ্রীকৃষ্ণ সর্ব্বাগ্রে বলিয়াছিলেন যে, ফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ পূর্ব্বক নিত্য নৈমিত্তিকাদি বেদোক্ত বিহিত কর্ম্মের অনুষ্ঠান করাই নিতান্ত প্রয়োজন। এতদ্দ্বারা তাঁহার কর্ম্মাধিকারিত্বেরই স্পষ্ট পরিচয় দিয়াছেন। আবার বলিয়াছেন যে, ইন্দ্রিয়াদির দ্বারা যে কোন বিষয় গ্রহণ বা আহরণ করা যায়, সকলই মায়াময় ও অনিত্য; ইন্দ্রিয়বর্গকে নিরোধ করত, সমাহিতচিত্তে এক পরমাত্মাতেই যে বিশ্ব ব্রহ্মাণ্ড রচিত, ইহাই বিচার দ্বারা অবধারণে চেষ্টা কর! অনিত্য বিষয়চিন্তা পরিত্যাগ পূর্ব্বক, এক পরমাত্মচিন্তায় নিবৃত হও! এতদ্দ্বারা উদ্ধবের জ্ঞানেই অধিকারিত্বের পরিচয় প্রদান করিয়াছেন। সম্প্রতি আবার উভয় কর্ম্ম ও জ্ঞানে জলাঞ্জলি প্রদান পূর্ব্বক এক তাঁহারই শরণ লইতে উপদেশ দিয়া ভক্তিতেই অধিকারিত্বের পরিচয় দিতেছেন। এক্ষণে পাছে এতদ্ব্যতীত আবার অন্য কোন পৃথক্ উপদেশের অবতারণা করেন; এই ভয়ে বক্রোক্তির দ্বারা বলিলেন, হে

ন নিবর্ত্তত আত্মমোহো যেন ভ্রাম্যতি মে মনঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

ন্বিতঃ কর্ম্ম কার্য্যং ত্যাজ্যং বা ইতি) সংশয়ঃ ন নিবর্ত্ততে। যেন সংশয়েন মে মম মনঃ ভ্রাম্যতি (অত স্তং ছিন্ধি) ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

আত্মবিষয়ঃ সংশয়ো ন নিবর্ত্ততে। যথা। কর্ম্ম কার্য্যং ত্যাজ্যং বেত্যাত্মন্থঃ হৃদিস্থঃ সংশয়ো ন নিবর্ত্ততে ইতি। যেন সংশয়েন ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ অধুনাতু সর্ব্বং ত্যক্ত্বা মাং শরণং যাহীতি ভক্ত্যধিকারং দদাসি। ন জানে পুনরগ্রে কমধিকারং মহ্যং দাস্যসীতি সখ্যরসোদ্ভূতা বক্রোক্তির্দ্যোতিতা ॥ ১৪ ॥

ভ্রান্ত হইতেছে; অনুগ্রহ পূর্ব্বক আপনি আমার এই সন্দেহ দূর করুন ॥ ১৪ ॥

আভাস।

প্রভো? আমার সন্দেহ ভঞ্জন করা ব্যতীত আপনার নিকট নূতন উপদেশের আর প্রার্থনা করি না ॥ ১৪ ॥

এতদুত্তরে ভগবান্ গোবিন্দ বলিলেন, হে উদ্ধব! কর্ম্মাদির অনুষ্ঠান ও অননুষ্ঠান সম্বন্ধে তুমি এরূপ সন্দেহ করিও না। সকল জীবের উপকারার্থ আমি ভক্তি, জ্ঞান, বৈরাগ্য, যোগ, তপস্যা ও ধর্ম্মাদির উপদেশ প্রদান করিয়াছি। মৎপ্রাপ্তি সম্বন্ধে ইহারা সকলেই রত্নস্থানীয়; পরমার্থত ইহাদের মধ্যে কোন ভেদ নাই। জীবগণকে উপদেশ প্রদানার্থ এই অমূল্য রত্নরাশি আমি তোমার নিকট গচ্ছিত রাখিতেছি; যখন যাহার যেটীর প্রয়োজন হইবে, সেইটী তুমি তাহাকে নিজের সম্পত্তিরূপে বিতরণ করিতে পার, এইরূপই অধিকার তোমাকে প্রদান করিতেছি। ইহাতে তোমার সন্দেহ করিবার কোন কারণ নাই। হে উদ্ধব! এক্ষণে তুমি জ্ঞানচর্চ্চা কর, বা কর্ম্মের অনুষ্ঠান কর, বা ভক্তিকে অবলম্বন কর, অথবা যোগ বা তপস্যার অনুশীলন কর, আমার সে বিষয়ে কোন বক্তব্য নাই। জীব সাধারণকে লক্ষ্য করিয়া আমি তোমাকে যে যে কথা উপদেশ দিয়াছি, বা পরে বলিব, সে সকলগুলিকে যে, তোমাকেই অনুষ্ঠান করিতে হইবে, এমত নহে; কারণ তাহাতে যে তোমার আর সম্প্রতি কোন উপকার হইবে বা অধিকারের বৃদ্ধি হইবে, তাহা নহে; তুমি যেরূপ অধিকারী তাহাই যথেষ্ট আছে। তবে একই জীবের পক্ষে দশাভেদে কখন কর্ম্ম, কখন জ্ঞান ও কখন বা ভক্তির অধিকার হয়; আমি তদনুসারেই তোমাকে উপদেশ প্রদান করিতেছি। দেখ! আমিই বেদযোনি; বেদের তাৎপর্য্য আমিই সমস্ত জগগত আছি এবং বেদরূপে আমিই কমলাসনের মুখকমল হইতে বিনির্গত হইয়াছি। "যশ্চেতন শ্চেতনানাং" যিনি সমগ্র সংসারস্থ চেতন জীবের চৈতন্যপ্রদ জীবনদাতা পরম জীব পরমেশ্বর, সেই আমি। মুখনাসিকাদি দেহবিবরে ও স্বাধিষ্ঠানাদি আধারচক্রে শক্তি-

শ্রীভগবানুবাচ ॥

স এষ জীবো বিবরপ্রসূতিঃ প্রাণেন ঘোষেণ গুহাং প্রবিষ্টঃ।

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। সঃ এষঃ বিবরপ্রসূতিঃ (বিবরেষু অলক্ষ্যেষু আধারাদিচক্রেষু প্রসূতিঃ ইব আধারাদিব্যক্তি র্যস্য সঃ অপরোক্ষঃ জীবয়তীতি পরমেশ্বরঃ) জীবঃ ঘোষেণ

শ্রীধরস্বামী।

উত্তরং স এষ ইত্যষ্টভিঃ। অয়ং ভাবঃ। ঈশ্বরস্তাবৎ স্বমায়াবশাৎ প্রপঞ্চাত্মনা ভাতি। তৎপ্রপঞ্চাধ্যাসাচ্চ জীবানামনাদ্যকর্তৃত্বাদি ততো নিষেধাধিকারঃ। তদানীং সত্ত্বশুদ্ধ্যর্থং কর্ম্মাণি কুরু ইত্যুক্তং। সত্বেচ শুদ্ধে পুনঃ কর্ম্মজাড্যপরিহারায় ভক্তিবিক্ষেপককর্ম্মাদরং পরিত্যজ্য দৃঢ়বিশ্বাসেন ভজেত্যুক্তং। অতায়াস্ত বিদ্যায়াং ততো ন কিঞ্চিৎ কর্ত্তব্যমস্তীতি তত্র তাবদীশ্বরাদ্বাগিন্দ্রিয়দ্বারা জীবসংসৃতিকারণভূতং প্রপঞ্চোদ্গমমাহ সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। স এষ অপরোক্ষঃ জীবয়তীতি জীবঃ পরমেশ্বরঃ অপরোক্ষত্বে হেতুঃ বিবরেষ্বাধারাদিচক্রেষু প্রসূতিরিব প্রসূতিরভিব্যক্তির্যস্য সঃ। তামেবাভিব্যক্তিমাহ ঘোষেণেতি। নাদবতা প্রাণেন প্রাণময়েন পরাখ্যেন সহ গুহামাধারচক্রং প্রবিষ্টঃ সন্ মনোময়ং সূক্ষ্মং রূপং পশ্যন্ত্যাখ্যং মধ্যমাখ্যঞ্চ মণিপূরকচক্রেচ বিশুদ্ধচক্রেচ উপেত্য প্রাপ্য ব্যক্ত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো প্রিয়সখোদ্ধব মৈবং মংস্থাঃ সর্ব্বেষামেব জীবানামুপকারার্থং ভক্তিজ্ঞানবৈরাগ্যযোগতপোধর্ম্মাদীনি মৎপ্রাপ্ত্যুপায়রত্নানি তত্ত্বতস্ত্বনন্যজ্ঞেয়ানি ত্বয়ি বিন্যাসত্বেনৈবার্পয়ামি ত্বন্তু তত্র তত্র বস্তূনি স্বত্বমারোপ্য মমৈবৈতদিত্যভিমন্যমানো লজ্জিতশ্চ কিং ন ভবসি। অহন্তু ভো উদ্ধব ত্বয়া জ্ঞানমভ্যস্যতাং কর্ম্মাণি ক্রিয়ন্তাং ভক্তিঃ কর্ত্তব্যা যোগা অনুষ্ঠেয়াঃ তপশ্চরণীয়মিত্যাদিকং সর্ব্বজীবানুদ্দিশ্যাপি ত্বামেকমেব লক্ষ্যীকৃত্য যদবোচং বচ্মি বক্ষ্যামি বা তেনৈব কিং ত্বং তত্তদনুষ্ঠানাধিকারী খল্বভূস্ত্বন্তু মে যোঽসি সোঽস্যেব সাম্প্রতন্তু ন তে কাপি সাধকতেতি সনর্ম্মাশ্বাসমভিব্যঞ্জয়ন্নেকস্যাপি জীবস্য দশাভেদেন কর্ম্মাধিকারো জ্ঞানাধিকারো ভক্ত্যধিকারশ্চ যতো জায়তে তস্য বেদস্যার্থং সম্যগহমেব জানামি নান্যঃ

ভগবান্ বলিলেন, আমি জীবের দেহবিবরে অলক্ষ্যভাবে অবস্থান করত অপরোক্ষভাবে ও পরমেশ্বররূপে জীবকে জীবিত রাখি; নাদবিশিষ্ট প্রাণবায়ুযোগে আধারচক্রে প্রবিষ্ট হইয়া মনোগ্রাহ্য সূক্ষ্মরূপ অবলম্বনে প্রথম

আভাস।

রূপে এক আমারই অভিব্যক্তি হইয়া থাকে; মূল নাদরূপী প্রাণসঞ্জার আমিই আধারচক্রে অধিষ্ঠিত হইয়া, প্রথমত মনোময় সূক্ষ্মরূপ, পরে মণিপুর চক্রে দর্শনময় মধ্যম রূপ এবং বিশুদ্ধিচক্রে উপস্থিত হইয়া বদন হইতে হ্রস্বাদি মাত্রা, উদাত্তাদি স্বর এবং

মনোময়ং সূক্ষ্মমুপেত্য রূপং মাত্রা স্বরোবর্ণ ইতি স্থবিষ্ঠঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

নাদবতা, প্রাণেন সহ গুহাং আধারচক্রং, প্রবিষ্টঃ সন্ মনোময়ং মনোগ্রাহ্যং সূক্ষ্মং রূপং উপেত্য প্রাপ্য (বক্তে্ৰ) মাত্রা হ্রস্বাদিঃ, স্বরঃ উদাত্তাদিঃ, বর্ণঃ অকারাদিঃ ইতি (বৈখর্য্যাখ্যঃ) স্থবিষ্ঠঃ (অতিস্থূলঃ নানাবেদশাখাত্মকঃ ভবতি) ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

ভগবানকে ভজনা করিতে পারিলেই জীব পরিপূর্ণ চৈতন্যস্বরূপে অবস্থান করিতে পারে। সাংখ্যাচার্য্য তাঁহার তত্ত্বকৌমুদীতে প্রকাশ করিয়াছেন যে, "তস্মাৎ তৎসংযোগাদচেতনং চেতনাবদিব লিঙ্গং। গুণকর্ত্তৃত্বে চ তথা কর্ত্তেব ভবত্যুদাসীন ইতি"। চৈতন্যস্বরূপ পুরুষ এবং গুণময়ী প্রকৃতির মিলন অতি আশ্চর্য্য। কারণ উভয়ে সর্ব্বব্যাপী ও নিত্য পদার্থ হইলেও পরস্পরের ধর্ম্ম পরস্পরে গ্রহণ করত যখন বিজাতীয় ভাবে প্রতীত হন, তখনই তাঁহাদের সংযোগ স্বীকার্য্য। অর্থাৎ পুরুষধর্ম্ম চৈতন্যকে লাভ করত, অচেতনা বুদ্ধি যখন সচেতনার ন্যায় প্রতীত হয় এবং প্রকৃতির (বৃত্তিবিশিষ্ট বুদ্ধির) ধর্ম্ম মালিন্যাদির আপতনে পুরুষও জ্ঞানী বা অজ্ঞানী প্রভৃতি বলিয়া আপনাকে অনুভব করেন, তখনই উভয়ের সংযোগ ও সংসার। এই বিপরীত বোধের ত্যাগ হইলেই, সংসার বিনিবৃত্ত হয়। ভগবান্ বলিলেন, হে পুত্রগণ! গুণের প্রতি চিত্ত ধাবিত হয় এবং চিত্তমধ্যেই গুণসমূহ সংস্কাররূপে প্রবেশ করে বটে, কিন্তু চৈতন্য ব্যতীত কোন কার্য্যই সাধিত হয় না। অতএব কূটবৎ নির্ব্বিকারী মদংশভূত যে চৈতন্যাংশে এই ব্যবহার ঘটে, তাহাই জীবনামে অভিহিত হয়। প্রকৃত প্রস্তাবে জীব নিত্য, সত্য, শুদ্ধ, বুদ্ধ ও মুক্তস্বরূপ; চিত্তাদি উপাধি কেবল কল্পিত মাত্র ॥ ২৪ ॥

চিত্ত যখন গুণময়, তখন গুণের অনুশীলন করাই তাহার অভ্যাস; এবং এই অভ্যাসের

ময়ি তুর্য্যে স্থিতো জহ্যাত্ত্যাগস্তদ্গুণচেতসাং ॥ ২৭ ॥
অহঙ্কারকৃতং বন্ধমাত্মনোঽর্থবিপর্য্যয়ং।

অন্বয়ঃ।

ময়ি স্থিতঃ সন্ (যদা সংসৃতিবন্ধং) জহ্যাৎ ত্যজেৎ, তৎ তদা, গুণচেতসাং (গুণানাং চেতসঃ চ অন্যোন্যং ত্যাগঃ (ভবতি) ॥ ২৭ ॥

অহঙ্কারকৃতং (অহঙ্কারেণ দেহাদৌ অহমিত্যভিমানেন কৃতং) আত্মনঃ বন্ধং অর্থবিপর্য্যয়ং (অর্থস্য পরমানন্দস্বরূপত্বেন পরমপুরুষার্থরূপস্য অপি বিপর্য্যয়ং দুঃখিত্বাদিকং তৎকৃতং

শ্রীধরস্বামী।

সন্ ইমং সংসৃতিবন্ধং জহ্যাৎ। তত্তদা গুণচেতসাং গুণানাং চেতসশ্চান্যোন্যং ত্যাগো ভবতি ॥ ২৭ ॥

কথং সংসৃত্যা বন্ধঃ কথঞ্চ তং জহ্যাৎ তদাহ। অহঙ্কারেণ কৃতং বন্ধং আত্মনোঽর্থ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবস্যায়ং দেহাধ্যাসরূপঃ সংসারবন্ধোঽভূত্তহেঁব স গুণবৃত্তিদঃ জীবায় তস্মৈ গুণবৃত্তি-প্রদোঽভূৎ। যর্হি চ ময়ি তুর্য্যে স্থিত সন্ জহ্যাৎ ইমং সংসৃতিবন্ধং ত্যজেৎ তদা গুণ-চেতসাং গুণানাং চেতসশ্চান্যোন্যং স্বত এব ত্যাগো ভবতি ॥ ২৭ ॥

উক্তমেবার্থং স্পষ্টয়ন্নাখ্যাসয়তি অহঙ্কারেণ দেহেঽহংবুদ্ধ্যৈব কৃতং বন্ধং বিদ্বান্ জানন্।

জীবের প্রকৃত বন্ধন এবং যখন এই বন্ধনজনিতই জীবের এতাদৃশ জাগ্রতাদি বিবিধ বৃত্তিকে ভোগ করিতে হয়, তখন এই জাগ্রতাদি অবস্থাত্রয়ের অতীত তুরীয় মৎস্বরূপে জীব যখন অবস্থান করে, তখনই তাহার সংসার বন্ধন কাটিয়া যায়; এবং তখনই তাহার বিষয় ও চিত্ত এই উভয়েরই পরিত্যাগ ঘটে ॥ ২৭ ॥

আভাস।

অবশ্য গুণগ্রাম আত্মাতে নাই বটে, কিন্তু অধ্যাসের দোষে গুণের বৃত্তি আত্মাতে আরোপিত হয় এবং অধ্যাস অপগত হইলে, গুণের বৃত্তি চিত্তে উদিত হইলেও জীবের সহিত কোন সংস্রব থাকে না। এই অধ্যাসনিবৃত্তির নামই আত্মানুভব। এতকাল চিত্তধর্ম্মে জীব আপনাকে উপলব্ধি করিয়া সংসারী হইয়াছিল, এক্ষণে নিজ অসঙ্গস্বরূপেই আপনাকে উপলব্ধি করিয়া, মিথ্যা অপবাদ হইতে পরিত্রাণ পাইল। অতএব চৈতন্যের সাহায্য না পাইলে, চিত্তও বিষয়াভিমুখে অগ্রসর হয় না এবং বিষয়ও চিত্তে সংস্কার প্রদানে সমর্থ হয় না। যেমন গুণজ্ঞ প্রশংসাকারীর অভাবে উদাসীন দর্শকবৃন্দের সমক্ষে নর্ত্তকী স্বীয় নৃত্যকৌশল প্রদর্শনে আর অগ্রসর হয় না, সেইরূপ উদাসীন চৈতন্যের সমীপে প্রকৃতিও তাঁহার সংসারপ্রসবে নিবৃত্তা হন ॥ ২৭ ॥

বিদ্বান্নির্বিদ্য সংসারচিন্তাং তুর্য্যে স্থিতস্ত্যজেৎ ॥ ২৮ ॥
যাবন্নানাত্মধীঃ পুংসো ন নিবর্ত্তেত যুক্তিভিঃ।

অন্বয়ঃ।

এব) বিদ্বান্ জানন্, নির্ব্বিদ্য বিষয়াৎ বিরজ্য, তুর্য্যে ময়ি স্থিতঃ সন্ সংসারচিন্তাং (সংসারহেতুভূতং দেহাদ্যভিমানং তৎকৃতাং) ভোগচিন্তাং চ ত্যজেৎ ॥ ২৮ ॥

পুংসঃ যাবৎ নানার্থধীঃ অহংমমাত্মিকাধীঃ (গুরূপদিষ্টশাস্ত্রাভ্যাসজন্যাভিঃ) যুক্তিভিঃ

শ্রীধরস্বামী।

বিপর্য্যয়ং আনন্দাদ্যাবরণেনানর্থহেতুং বিদ্বান্ জানন্ সন্ নির্ব্বিদ্য দুঃখমেতদিতি জ্ঞাত্বা তুর্য্যে স্থিতো ভূত্বা সংসারচিন্তাং সংসারো বুদ্ধিস্তস্মিন্ চিন্তামভিমানং তৎকৃতাং ভোগ-চিন্তাঞ্চ ত্যজেদিত্যর্থঃ ॥ ২৮ ॥

যাবদেবং ন ত্যজেৎ তাবত্তস্য কর্ম্মজ্ঞানাদি সর্ব্বং ব্যর্থমিত্যাহ যাবদিতি। যদ্যপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কীদৃশং আত্মনোঽর্থবিপর্য্যয়ং আনন্দাদ্যাবরণেনানর্থহেতুং নির্বিদ্য তং ত্যক্ত্বা তুর্য্যে ময্যানন্দরূপে স্থিতঃ সন্ সংসারভয়ভাবনাং ত্যজেৎ ॥ ২৮ ॥

কিঞ্চ। যাবন্নানাত্মধীঃ নানাবিষয়গ্রহণং ন মমেয়মিত্যাকারকযুক্তিভির্ন নিবর্ত্তেত। তাবৎ জাগর্ত্ত্যপি সংসারবন্ধামুক্তোঽপি স্বপন্ সংসারবন্ধ এব অজ্ঞঃ স অজ্ঞান্যেবোচ্যতে।

দেহাদিকেই যে আমি বলিয়া বোধ হয়, এই অভিমানেই জীবের বন্ধন ঘটিয়া স্বকীয় পরমার্থস্বরূপের অপ্রতীতি জন্মে; সুতরাং পরমানন্দস্বরূপ হইলেও আপনাকে দুঃখপ্রভৃতি প্রকৃতির গুণে উপলব্ধি করে; কিন্তু স্বীয় বন্ধের কারণকে অবগত হইয়া, বিষয় হইতে চিত্তকে বিনিবৃত্ত করত তুরীয়-স্বরূপ আমাতে জীব অবস্থান পূর্ব্বক যখন দেহাভিমান ও ভোগচিন্তায় বিরত হয়, তখনই তাহার কৃতার্থতা সন্দেহ নাই ॥ ২৮ ॥

যুক্তি ও বিচার বলে যত দিন পুরুষের আত্মনানাত্বের বুদ্ধি বিনিবৃত্ত না হয়, ততদিন তিনি স্বপ্নে জাগ্রদবস্থার অনুভবের ন্যায়, জাগ্রৎকালেও স্বপ্নবৎ মিথ্যা ভ্রম মাত্র উপলব্ধি করেন; তিনি জ্ঞানবানের ন্যায় প্রতীত হইলেও

আভাস।

কেবল অহঙ্কারই চিজ্জড়ের মিলনে বিপরীত ভাব উভয়েতে আনয়ন করে। সুতরাং আনন্দভাগের আবরণে দুঃখ যে কেবল অহঙ্কারই আনয়ন করে, ইহা বিশেষরূপে অবধারণ পূর্ব্বক অহঙ্কারকেই সর্ব্বাগ্রে পরিত্যাগ করা বিধেয়। অহঙ্কারকে পরিত্যাগ করিতে হইলে, ঈশ্বরস্বরূপ তুরীয়ভাবে অবস্থান করিতে হইবে; সুতরাং সংসারচিন্তা আপনা হইতেই দূরে সরিয়া যায় ॥ ২৮ ॥

জাগর্ত্ত্যপি স্বপন্নজ্ঞঃ স্বপ্নে জাগরণং যথা ॥ ২৯ ॥

অসত্ত্বাদাত্মনোঽন্যেষাং ভাবানাং তৎকৃতা ভিদা।

অন্বয়ঃ।

ন নিবর্ত্তেত তাবৎ সঃ অজ্ঞঃ আত্মজ্ঞানশূন্যঃ, জাগর্ত্তি অপি স্বপন্ স্বপ্নান্ পশ্যন্, স্বপ্নে জাগরণং যথা তথা ভবতি ॥ ২৯ ॥

আত্মনঃ অন্যেষাং দেবমনুষ্যাদিভাবানাং অসত্ত্বাৎ (আত্মনি) তৎকৃতা ভিদা বর্ণাশ্রমাদি ভেদঃ, গতয়ঃ স্বর্গাদিফলানি, হেতবঃ কর্ম্মাণি চ অস্য আত্মনঃ স্বপ্নদৃশঃ যথা ইব মৃষা

শ্রীধরস্বামী।

জাগর্ত্তি কর্ম্মাদিষু তথাপি স্বপন্ স্বপ্নান্ পশ্যন্নিব ভবতি। যতোঽজ্ঞোঽসম্যগ্ দর্শী। অজ্ঞজাগরণস্য স্বপ্নত্বে দৃষ্টান্তঃ স্বপ্নে জাগরণং যথেতি ॥ ২৯ ॥

নমু কথং বেদপ্রমিতবর্ণাশ্রমকর্ম্মাদিভিন্নাধী নির্বর্ত্তেত তত্রাহ অসত্ত্বাদিতি। ভাবানাং দেহাদীনাং তৎকৃতা ভিদা বর্ণাশ্রমাদিরূপা গতয়ঃ স্বর্গাদিফলানি হেতবঃ কর্ম্মাণি চাস্যাত্মনো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বপ্নমধ্যে এব স্বপ্নাদ্‌যথা জাগরণং তথৈব তস্য অজ্ঞানমধ্য এব জ্ঞানমিত্যর্থঃ ॥ ২৯ ॥

নমু কথং বেদপ্রমিতবর্ণাশ্রমকর্ম্মাদিনানাধীজ্ঞানিনো নিবর্ত্তেত তত্রাহ অসত্ত্বাদিতি অন্যেষাং ভাবানাং দেহাদ্যভিমানানাং অসত্ত্বান্মিথ্যাত্বাৎ তৎকৃতা দেহাদ্যভিমানকৃতা বর্ণাশ্রমাদিরূপা ভিদা গতয়ঃ স্বর্গাদিফলানি চ। হেতবঃ কর্ম্মাণি চ। অস্য জীবাত্মনো মৃষা মিথ্যৈবেত্যর্থঃ। দেহাদীনাং তদভিমানানাং স্বর্গাদীনাং ফলানাং তৎসাধনানাঞ্চ প্রাধানিকত্বেন সত্যত্বেঽপি জীবস্য তৎসম্বন্ধাভাবাৎ তে মিথ্যৈব। শৃঙ্গস্য সত্যত্বেঽপি শশস্য শৃঙ্গসম্বন্ধাভাবাৎ শশশৃঙ্গং মিথ্যৈবেত্যর্থঃ। স্বপ্নদৃশঃ স্বপ্নদ্রষ্টুর্জীবস্য স্বাপ্নিক-

সম্পূর্ণ অজ্ঞানী ও ভ্রমান্ধ, সন্দেহ নাই ॥ ২৯ ॥

আত্মা ভিন্ন যখন দ্বিতীয় ভাব বা পদার্থান্তরে অস্তিত্বই নাই, তখন দেহাদিনিষ্ঠ ভাব, বর্ণাশ্রমাদি বিচিত্র ভেদ, স্বর্গাদি ফল এবং তদুপায়ভূত আভাস।

জাগ্রদ্দশাতে জীব যদিও আপনাকে স্বাধীন জ্ঞানী বলিয়া মনে করে, কিন্তু বস্তুত তাহার সে জ্ঞান স্বাধীনতার পরিচয় নহে; যদবধি আত্মসাক্ষাৎকার লাভ না হয়, তদবধি স্বপ্নে জাগ্রদ্বিষয়ক অনুভবের ন্যায়, তাহার বুত্থান দশাও অজ্ঞানমধ্যে পরিগণিত। বেদোক্ত ক্রিয়া কলাপ ও যোগাদির উপদেশ আছে সত্য, কিন্তু সে সকল মিথ্যা মায়াময় ভ্রমসম্বন্ধে সত্য হইলেও আত্মার সম্বন্ধে মিথ্যা। যেমন জলস্থ মালিন্য সম্বন্ধেই নির্ম্মালির আবশ্যক, কিন্তু জলের সম্বন্ধে মালিন্যবৎ পরিত্যাজ্য, সেইরূপ কূটস্থ চৈতন্যে অধ্যস্থ জীবোপাধি সম্বন্ধে কর্ম্ম কলাপাদি সত্য ও ফলপ্রদ হইলেও আত্মার সম্বন্ধে নিষ্প্রয়োজন ও অধ্যাসের তুল্য জাতীয় মাত্র। যেমন বিষাণের সত্যত্ব থাকিলেও শশকের সহিত তাহার

গতয়ো হেতবশ্চাস্য মৃষা স্বপ্নদৃশো যথা ॥ ৩০ ॥
যো জাগরে বহিরনুক্ষণধর্ম্মিণোঽর্থান্ ভুঙ্‌ক্তে সমস্তকরণৈ র্হৃদি তৎসদৃক্ষান্।

অন্বয়ঃ।

অবিদ্যাকল্পিতা এব ॥ ৩০ ॥

যঃ জাগরে অনুক্ষণধর্ম্মিণঃ (অনুক্ষণং বিনাশবৈরস্যাদয়ঃ ধর্ম্মা যেষাং তান্) অর্থান্ বহিঃ সমস্তকরণৈঃ চক্ষুরাদিভিঃ ভুঙ্‌ক্তে; যঃ স্বপ্নে হৃদি তৎসদৃক্ষান্ জাগরদৃষ্টসদৃশান্,

শ্রীধরস্বামী।

মৃষা অবিদ্যাবদ্বিষয়ো বেদ ইতি ভাবঃ ॥ ৩০ ॥

যুক্তিভিরিত্যুক্তং তা এব যুক্তীরাহ য ইতি। অর্থান্ স্থূলান্ দেহাদীন্ সমস্তকরণৈশ্চক্ষুরাদিভি র্ভুঙ্‌ক্তে। কথম্ভূতান্। অনুক্ষণধর্ম্মিণঃ ক্ষণিকবাল্যতারুণ্যাদিধর্ম্মবতো যশ্চ স্বপ্নে হৃদি জাগর-দৃষ্ট-সদৃশান্ বাসনাময়ান্ ভুঙ্‌ক্তে। যশ্চ সুষুপ্তে তান্ সর্ব্বান্ উপসংহ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বস্তূনাং মিথ্যাত্বং পুনশ্চ স্বপ্নজন্যে স্বপ্নে পরমান্নভোজনস্য তৎসাধনস্য দুগ্ধতণ্ডুলাদ্যাহরণস্য চ মিথ্যাত্বং যথা ॥ ৩০ ॥

যুক্তিভিরিত্যুক্তং তা এব যুক্তীরাহ। যঃ খল্বর্থান্ দেহাদীন্ সমস্তকরণৈশ্চক্ষুরাদিভি র্ভুঙ্‌ক্তে কথম্ভূতান্। অনুক্ষণধর্ম্মিণঃ ক্ষণিকবাল্যতারুণ্যাদিধর্ম্মবতঃ। যশ্চ স্বপ্নে হৃদি জাগরদৃষ্টসদৃশান্ বাসনাময়ান্ ভুঙ্‌ক্তে যশ্চ সুষুপ্তে তান্ সর্ব্বানুপসংহরতি স একঃ। কুতঃ।

যাবতীয় কর্ম্মও আত্মার সম্বন্ধে স্বপ্নদর্শনবৎ মিথ্যা মায়া মাত্র অবধারণ করা বিধেয় ॥ ৩০ ॥

যিনি জাগ্রৎকালে অনুক্ষণ বিনাশশীল এই নশ্বর পদার্থসমূহকে ইন্দ্রিয়াদি করণগ্রামের সাহায্যে অনুভব করেন, তিনিই স্বপ্নকালে হৃদিস্থ জাগ্রদ্বিষয়ক

আভাস।

সম্বন্ধে উল্লেখ করা মিথ্যা, সেইরূপ জ্ঞান সত্য হইলেও অভিমানের সহিত তাহার সম্বন্ধ উল্লেখে "আমি জ্ঞানী" বলিলেই মিথ্যা হইয়া গেল। যেমন স্বপ্নে পরমান্নের ভোজন উপলব্ধি করিলেও দুগ্ধ ও তণ্ডুলাদির অভাবে ভোজন মিথ্যা হয়, সেইরূপ অজ্ঞানের তিরোধানেও আত্মার একত্ব-দর্শন ব্যতীত সকল জ্ঞানক্রিয়াই মিথ্যা ও মায়াময় ॥২৯॥৩০॥

জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিভেদে ত্রিবিধ অবস্থা জীব স্বয়ংই উপলব্ধি করিয়া থাকে এবং এই ত্রিবিধ অবস্থার অতীত ও তাহাদের সাক্ষিরূপে যে স্বয়ং বিদ্যমান, ইহারই বর্ণনার্থ এই শ্লোকটী এখানে গ্রন্থকার রচনা করিয়াছেন। পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ প্রাণ, মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই একোনবিংশ দ্বার অবলম্বনে জীব বাহ্য স্থূল বিষয়সমূহকে উপলব্ধি করিয়া থাকেন। কিন্তু স্থূল ও সূক্ষ্ম ক্রমে এই দ্বার সমূহ সাধারণত তিন শ্রেণীতে বিভক্ত। বাহ্য স্থূল পদার্থকে গ্রহণ করে বলিয়া, দশবিধ ইন্দ্রিয়কে বাহ্যেন্দ্রিয় নামে অভি-

স্বপ্নে সুষুপ্ত উপসংহরতে স একঃ স্মৃত্যন্বয়াত্রিগুণবৃত্তিদৃগিন্দ্রিয়েশঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

বাসনাময়ান্ বিষয়ান্ ভুঙ্‌ক্তে; যশ্চ সুষুপ্তে তান্ সর্ব্বান্ উপসংহরতি সঃ (তিস্বু অপ্যবস্থাসু) স্মৃত্যন্বয়াৎ (স্মৃত্যা প্রতিসন্ধানেন তিস্বু অবস্থাসু অন্বয়াৎ) ত্রিগুণবৃত্তিদৃক্ জাগ্রতাদ্যবস্থাত্রয়দ্রষ্টা, ইন্দ্রিয়েশঃ একঃ এব ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

রতি। স একঃ। কুতঃ ত্রিগুণবৃত্তিদৃক্ অবস্থাত্রয়দ্রষ্টা। নমু জাগ্রদবস্থায়াং সর্ব্বেন্দ্রিয়াণি পশ্যন্তি স্বপ্নমনঃসুষুপ্তঞ্চ তৎসংস্কারবশাৎ বুদ্ধিঃ, কথমাত্মা তদ্দ্রষ্টা তত্রাহ ইন্দ্রিয়েশঃ। নমু ইন্দ্রিয়েশা অপি বিশ্বতৈজসপ্রাজ্ঞাভিন্নান্ কুতঃ স্মৃত্যা প্রতিসন্ধানেন সর্ব্বাবস্থাসু অন্বয়াৎ যঃ স্বপ্নানদ্রাক্ষং যশ্চানন্তরং ন কিঞ্চিদবেদিষং স এব এতর্হি জাগর্মীতি উপাধিভেদেন বিশ্বাদিব্যবহার ইতি ভাবঃ। এতেন বালযুবাদ্যবস্থাস্বপি প্রতিসন্ধানেনাত্মৈক্যং দ্রষ্টব্যং ॥৩১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিগুণবৃত্তিদৃক্ অবস্থাত্রয়দ্রষ্টা। নমু জাগ্রদবস্থায়াং সর্ব্বেন্দ্রিয়াণি পশ্যন্তি স্বপ্নং মনঃসুষুপ্তিং তৎসংস্কারশেষা বুদ্ধিঃ কথমাত্মা তদ্দ্রষ্টা তত্রাহ। ইন্দ্রিয়েশঃ। নমু ইন্দ্রিয়েশা অপি বিশ্বতৈজসপ্রাজ্ঞাভিন্না এব ন স্মৃত্যা প্রতিসন্ধানেন সর্ব্বাবস্থাস্বন্বয়াৎ যোঽহং স্বপ্নানদ্রাক্ষং পশ্চান্ন কিঞ্চিদবেদিষং। স এবৈতর্হি জাগর্ম্মীত্যত উপাধিভেদেনৈব বিশ্বাদিব্যবহার ইতি ভাবঃ। এতৎক্রমেণৈব দেহাদাত্মনঃ পার্থক্যং দ্রষ্টব্যং ॥ ৩১ ॥

বিষয়ভাবকেই উপলব্ধি করেন এবং গাঢ় নিদ্রার কালে সেই সমস্ত স্থূল ও সূক্ষ্মভাবের অভাবকেই অনুভব করত, এক স্মৃতির অনুসরণে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই অবস্থাত্রয়ের সাক্ষিভাবে এবং ইন্দ্রিয়াদি বাহ্যকরণ ও বুদ্ধ্যাদি অন্তঃকরণের বৃত্তি সমুদায়কে প্রত্যক্ষ করিয়া থাকেন ॥ ৩১ ॥

আভাস।

হিত করা হয়; এবং এই বাহেন্দ্রিয়ের ব্যাপার-কালকে জাগ্রদবস্থা নামে কীর্ত্তন করা হয়। এই জাগ্রদবস্থার সাক্ষীভূত চৈতন্যকে বিশ্বনামে বেদান্ত অভিহিত করিয়াছেন। দ্বিতীয় দ্বার মন; কারণ মন ইন্দ্রিয়ের আনীত বিষয়সমূহকে সংকল্পপূর্ব্বক তদ্রূপেই ধারণ করত বুদ্ধির সমীপে সূক্ষ্মরূপে প্রদর্শন করায়। কিন্তু রজোগুণের আধিক্যে মনোরাজ্যের কল্পনা এবং তমোগুণের আধিক্যে স্বপ্ন ঘটে। স্বপ্নকালে জাগ্রতকালীন বিষয়সমূহই সূক্ষ্মভাবে মনোমধ্যে নিবিষ্ট থাকে এবং ইন্দ্রিয়বর্গ স্ব স্ব কার্য্যে পরিশ্রান্ত হইয়া প্রতিলোম পরিণামে স্বস্বরূপে বিলীন হইলে, ও মনের যে পর্য্যন্ত সংকল্পের সামর্থ্য থাকে, সে পর্য্যন্ত সেই সকল স্থূল বিষয়ের সূক্ষ্মভাব লইয়াই সংকল্প করিতে থাকে। সুতরাং নিত্য সাক্ষিস্বরূপ চৈতন্য তখন বাহেন্দ্রিয়ের অনুগত না থাকিয়া, উভয়াত্মক অর্থাৎ বাহ্যাভ্যন্তরভেদে

এবং বিমৃষ্য গুণতো মনসস্ত্র্যবস্থা মন্মায়য়া ময়ি কৃতা ইতি নিশ্চিতার্থাঃ।

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারেণ বিমৃষ্য বিচার্য্য, গুণতঃ (যাঃ এতাঃ) মনসঃ ত্র্যবস্থাঃ তাঃ মন্মায়য়া স্বরূপাবরকাবিদ্যয়া ময়ি মদংশভূতে জীবে, কৃতাঃ (ন তত্ত্বতঃ) ইতি নিশ্চিতার্থাঃ (নিশ্চিতঃ

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ এবমিতি। গুণতো যা এতা মনসস্তিস্রোঽবস্থাস্তা মদবিদ্যয়া ময়ি কৃতা ন তত্ত্বতঃ সন্তীতি নিশ্চিতঃ আত্মরূপোঽর্থো যৈস্তে যূয়ং অখিলসংশয়ানামাধিং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততঃ কিমত আহ এবমিতি। গুণতো যা এতা মনসো বুদ্ধেস্ত্র্যবস্থাস্তা মদবিদ্যয়া ময়ি কৃতা ন তত্ত্বতঃ সন্তীতি নিশ্চিত আত্মরূপোঽর্থো যৈস্তে যূয়ং অনুমানৈঃ সদুক্তিভিঃ সতা-

---

উক্ত বিচারের দ্বারা গুণাধীন মনেরই এই জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিরূপ অবস্থাত্রয় মদীয় অংশভূত জীবস্বরূপেই আরোপিত হয় মাত্র ; ইহা নির্দ্ধারণ করত, অনুমান ও বেদোক্ত যুক্তিরূপ তীক্ষ্ণ অসির প্রহারে সমগ্র সংশয়ের

আভাস।

উভয়বিধ ইন্দ্রিয়শব্দবাচক মনের অনুগত ও সাক্ষিস্বরূপ থাকিয়া স্বাপ্নিক সূক্ষ্ম বিষয়সমূহ উপলব্ধি করেন। অর্থাৎ প্রবৃত্তিমার্গ পরিহারে যেমন ইন্দ্রিয়বৃত্তির নিবৃত্তি আইসে, তখন ইন্দ্রিয়াধিষ্ঠাতা চৈতন্য ইন্দ্রিয়কে পরিত্যাগ করিয়া, কেবল মনের অধিষ্ঠাতৃভাবে অবস্থান করেন। তখন তিনি তৈজসনামে অভিহিত হন। পরে মনও যখন ক্লান্ত হইয়া ক্রিয়াতে বিনিবৃত্ত হয়, তখন গাঢ় নিদ্রা ঘটে। এই নিদ্রাকালে বুদ্ধি জাগ্রৎ বা স্বপ্ন এই উভয়নিষ্ঠ বস্তু বা তাহার ছায়ার বিনিগমে কেবল ভোগের ভাব সুখময় বা দুঃখময় সংস্কারটী মাত্র অবলম্বনে বিশ্রাম করে এবং তদধিষ্ঠাতা চৈতন্যও তাহার উপলব্ধিতে "আমি সুখে নিদ্রা গিয়াছিলাম বা দুঃখে নিদ্রা গিয়াছিলাম," এইমাত্র উপলব্ধি করেন। কারণ তাহার পরিচয়ার্থ পুনঃ জাগ্রৎ-কালে তাহারই স্মৃতি জীবহৃদয়ে উপলব্ধ হইতে অনুমান করা যায়। এই স্মৃতি অভিমান-রূপে "আমি বোধে" চিত্তেই বিনিবিষ্ট থাকে। এই অবস্থায় উপহিত চৈতন্যকে প্রাজ্ঞ-নামে অভিহিত করা হয়। যখন অভিমানও বিসর্জ্জিত হইয়া, শুদ্ধসত্ত্বপ্রধান নির্ম্মল চিত্তমাত্র অবশিষ্ট থাকে, তখন নির্ম্মল দর্পণে মুখপ্রতিবিম্বের স্পষ্ট প্রতীতির ন্যায়, জীব-চৈতন্য অধ্যাসের অভাবে আত্মস্বরূপেই অবস্থিত থাকেন ; ও তুরীয় নামে অভিহিত হন। অতএব অভিমান পরিত্যক্ত না হইলে, অধ্যাসের সমাপ্তি হয় না ; এবং জীবও মুক্তিলাভ না করিয়া, বারংবার জন্ম পরিগ্রহে অনন্ত জাগ্রৎস্বপ্নাদি পরিদর্শনপূর্ব্বক যেন সংসারীর ন্যায় প্রতীত হন। বস্তুত তিনি অসংসারী এবং সকল অবস্থার একমাত্র সাক্ষী; যেমন রঙ্গ-মঞ্চে যখন যাহার বেশ ধারণে নাট্যক্রিয়া যে ব্যক্তি সম্পাদন করে, তখন সে একবার রাম-

সংছিদ্য হার্দ্দমনুমানসদুক্তিতীক্ষ্ণজ্ঞানাসিনা ভজত মাখিলসংশয়াধিং॥ ৩২ ॥

অন্বয়ঃ।

অর্থঃ যৈঃ তে য়ূয়ং) অনুমানসদুক্তিতীক্ষ্ণজ্ঞানাসিনা (অনুমানৈঃ সদুক্তিভিঃ শ্রুতিভিঃ চ তীক্ষ্ণেন জ্ঞানাসিনা অখিলসংশয়াধিং (অখিলানাং সংশয়ানাং আধিং আধীয়ন্তে অস্মিন্ ইত্যাধিং অহঙ্কারং) সংছিদ্য হার্দ্দং হৃদিস্থিতং, মা মাং, ভজত॥ ৩২॥

শ্রীধরস্বামী।

আধীয়ন্তেঽস্মিন্নিত্যাধিরহঙ্কারস্তং সংছিদ্য হার্দ্দং হৃদি স্থিতং মা মাং ভজত। কেন ছিত্ত্বা তদাহ অনুমানৈঃ সদুক্তিভিঃ সতামুপদেশৈঃ শ্রুতিভিশ্চ তীক্ষ্ণেন জ্ঞানখড়্গেন॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুপদেশৈঃ শ্রুতিভিশ্চ তীক্ষ্ণেন জ্ঞানখড়্গেন হার্দ্দং হৃদবমবস্থাত্রয়ং সংছিদ্য মা মাং অখিল-সংশয়ানামাধিং পীড়কং নাশকং ভজত॥ ৩২॥

মূল ভিত্তিস্বরূপ অভিমানকে নিকৃন্তন করিয়া, অচ্যুতভাবে জীবমাত্রেরই হৃদয়ে নিত্য প্রকাশমান মৎস্বরূপকে ভজনা কর॥ ৩২॥

আভাস।

চন্দ্র ও পরক্ষণে বৎসরাজ ইত্যাদি নামে দর্শকসমীপে আদৃত হয়; অথচ ক্রীড়াত্যাগে তাহার নিজ নামেই পরে অভিহিত হইয়া থাকে, সেইরূপ এক জীবচৈতন্যই ইন্দ্রিয়, মন ও অন্তরিন্দ্রিয়ের অধ্যাসে ক্রিয়াবানের ন্যায় প্রতীত হইয়া বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞনামে অভিহিত হন মাত্র; বস্তুত তিনি অক্রিয়, তুরীয়স্বরূপ। অবশ্য দেহেন্দ্রিয়াদির অধ্যাস চৈতন্যে ঘটে বলিয়াই এই অবস্থাত্রয়ের সম্ভাব; কিন্তু চৈতন্য তাহাদের আশ্রয়রূপে বিদ্যমান থাকাতেই সেই অধ্যাসের সূচনা। সুতরাং পরস্পরের সম্বন্ধ বিনষ্ট করিতে হইলে, এতদুভয় অপেক্ষা কোন একটী গুরুতর তত্ত্বের আশ্রয় গ্রহণ করা প্রয়োজন। যেমন পরস্পরের বিবাদ ভঞ্জন করিতে হইলে, বুদ্ধিমান্ আর এক জন তৃতীয় ব্যক্তিকে আহ্বান করিতে হয়, সেইরূপ পুরুষ প্রকৃতির বিয়োগার্থ উভয়ের যোজক সর্ব্বনিয়ন্তা ঈশ্বরের শরণাগত হওয়া প্রয়োজন। জলস্থ সূর্য্যপ্রতিবিম্ব বা জল অনন্তকাল দেখিলেও যেমন প্রতিবিম্বিত ভাবের কখন খণ্ডন হয় না, সেইরূপ জীবাত্মার দর্শন করিলেই যে জীব মুক্তিলাভ করে, এরূপ কখন বিশ্বাসযোগ্য নহে। তবে প্রতিবিম্বের সুস্পষ্ট দর্শন যেমন মূল সূর্য্যের অভিমুখেই দর্শককে নিয়োজিত করে, সেইরূপ আত্মসাক্ষাৎকারের গুণে ভগবৎস্বরূপের প্রতীতি ঘটায়; যাহার বারেক দর্শনেই জীব দুস্তর সংসার-জলধিকে অনায়াসে উত্তীর্ণ হইয়া যায়। সে দর্শনও নিতান্ত কঠিন নহে। কারণ বিম্বের সম্মুখেই যেমন মূল সূর্য্য অবস্থিত থাকেন, সেইরূপ জীবাত্মার আশ্রয়রূপে পরমাত্মা অন্তরেই বিরাজ করিয়া থাকেন॥ ৩১॥ ৩২॥

ঈক্ষেত বিভ্রমমিদং মনসো বিলাসং দৃষ্টং বিনষ্টমতিলোলমলাতচক্রং।
বিজ্ঞানমেকমুরুধেব বিভাতি মায়া স্বপ্নস্ত্রিধা গুণবিসর্গকৃতো বিকল্পঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

(আত্মনি) দৃষ্টং ইদং (সর্ব্বং সুখদুঃখাদিকং) মনসঃ বিলাসং, অলাতচক্রং (অলাতচক্রবৎ) অতিলোলং চঞ্চলং, বিভ্রমং এব ঈক্ষেত অনুমিনুয়াৎ, একং বিজ্ঞানং এব উরুধা বহুধা, বিভাতি। ত্রিধা ত্রিবিধঃ (দেহেন্দ্রিয়ান্তঃকরণরূপঃ যোহয়ং) গুণবিসর্গকৃতঃ বিকল্পঃ ভেদঃ, সঃ মায়া (অবিদ্যাকল্পিতঃ ইতি) ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অনুমানাদি দর্শয়তি ঈক্ষেতেতি। ইদং জগদ্বিভ্রমমীক্ষেত। তত্র হেতবঃ মনোবিজৃম্ভিতত্বাৎ দৃষ্টত্বাৎ বিনাশিত্বাচ্চ স্বপ্নবৎ অতিচঞ্চলত্বাচ্চ অলাতচক্রবৎ। নন্ু ভ্রমোঽপি নির্ব্বিষয়ঃ কথং স্যাত্তত্রাহ বিজ্ঞানমিতি। নিগমনং তস্মাত্রিবিধো যো গুণপরিণামকৃতো বিকল্পো ভেদঃ স মায়েতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমবস্থাত্রয়ান্নিঃসম্বন্ধস্যাত্মনঃ পার্থক্যমনুভূয় পূর্ব্বং যদহন্তাস্পদং মমতাস্পদীভূতং বস্ত্বাসীত্তদিদং জগৎ বিভ্রমং বিশিষ্টো ভ্রমো যত্র তথাভূতং ঈক্ষেত। কোটিকোটিজন্মসু তত্র ভ্রমাদেবাহন্তা-মমতয়োরারোপিতচরত্বাৎ মনসো বিলাসং কৌতুকাস্পদং মনসো বিশিষ্টো লাসো নৃত্যং যত্র তদিতি বা। বিনষ্টমনিত্যং তত্রাপ্যলাতচক্রবদতিলোলং। নন্ু তর্হ্যবস্তুতত্বৈতদর্শনান্নির্ভেদব্রহ্মানুভবো নোপপদ্যেত তত্রাহ। বিজ্ঞানমেকং যদ্ ব্রহ্ম তদেব উরুধেব বিভাতি নতু পরমার্থত উরুধা। যত মায়া মায়য়ৈব ত্রিধা গুণবিসর্গকৃতো বিকল্পঃ স্বপ্নঃ স্বপ্নবদচিরস্থায়ী ॥ ৩৩ ॥

সুখ ও দুঃখাদি যে কোন ভাব প্রতীত হয়, সে সমস্ত মনের বিলাস মাত্র; এবং অলাতচক্রের ন্যায় অতি চঞ্চল ও বিভ্রমমাত্র বোধে নিরূপণ করা কর্ত্তব্য। এক বিজ্ঞানই এই বহুপ্রকারে প্রতীত হইতেছে। দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণরূপ যে ত্রিবিধ ভেদ পরিদৃষ্ট হয়, সে সকলও অবিদ্যার দ্বারা কল্পিত হয় মাত্র ॥ ৩৩ ॥

আভাস।

যেমন লাঞ্ছিত ও রঞ্জিত চিত্রের ভিত্তিরূপে এক বস্ত্রই সর্ব্বত্র বিদ্যমান থাকে; চিত্রের কোন অংশই পটহীন নহে, সেইরূপ এক চৈতন্যের অধিষ্ঠানে এই অবিদ্যামূলক সৃষ্টি রচিত হইয়াছে। তবে অনুকূলা ও প্রতিকূলা ভাবে এই অবিদ্যার দুইটী ভাব আছে; একটী বিদ্যা; অপরটী অবিদ্যা। সৃষ্টিরূপা তামসী ভাবের নাম অবিদ্যা এবং নিবৃত্তিরূপা সাত্ত্বিকী ভাবের নাম বিদ্যা। সাত্ত্বিকী বিদ্যাভাবের মূল অধিষ্ঠানভূত চৈতন্যস্বরূপের অপেক্ষা নিজের কোন পৃথক্ স্বরূপ নাই; সুতরাং তথায় চিদাভাস জীবস্বরূপের প্রতীতি ঘটে;

দৃষ্টিং ততঃ প্রতিনিবর্ত্ত্য নিবৃত্ততৃষ্ণস্তূষ্ণীং-ভবেন্নিজসুখানুভবো নিরীহঃ।
সংদৃশ্যতে ক্ব চ যদীদমবস্তুবুদ্ধ্যা ত্যক্তং ভ্রমায় ন ভবেৎ স্মৃতিরানিপাতাৎ ॥৩৪

অন্বয়ঃ।

(অতঃ) ততঃ দেহাদেঃ (সকাশাৎ) দৃষ্টিং প্রতিনিবর্ত্ত্য নিবৃত্ততৃষ্ণঃ তূষ্ণীং নিজসুখানুভবঃ নিরীহঃ চ ভবেৎ ক্ব চ ক্বচিৎ যদি ইদং দেহাদিকং (আহারাদিষু) সংদৃশ্যতে (তথাপি) অবস্তুবুদ্ধ্যা আত্মাতিরিক্তনিশ্চয়েন, ত্যক্তং সৎ ভ্রমায় ন ভবেৎ, কিন্তু আনিপাতাৎ দেহপাত-পর্য্যন্তং (তস্য) স্মৃতিঃ সংস্কারমাত্রেণাবভাসঃ ভবেৎ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

তস্মাত্ততো দৃশ্যাদ্দৃষ্টিং প্রতিনিবর্ত্ত্য নিজসুখানুভবো ভবেৎ। তন্নৈশ্চল্যার্থঞ্চ নিবৃত্ত-তৃষ্ণঃ তূষ্ণীং নিরীহশ্চ ভবেৎ। মনোবাক্কায়ব্যাপাররহিত ইত্যর্থঃ। নমু দেহবতঃ সর্ব্বথা দ্বৈতদৃষ্টিপ্রতিনিবর্ত্তনাযোগাৎ পুনঃ সংসারঃ স্যাদেব তত্রাহ সংদৃশ্যত ইতি। ক্বচি-দাবশ্যকাহারাদিষু যদ্যপীদং সংদৃশ্যতে তথাপি পূর্ব্বমবস্তুবুদ্ধ্যা যৎ ত্যক্তং তৎ পুনর্মোহায় ন ভবেদেব। কিঞ্চ। দেহপাতপর্য্যন্তং স্মৃতিরিব স্মৃতিঃ সংস্কারমাত্রেণাবভাসো ভবে-দিত্যর্থঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মাদেবং তস্মাত্ততো দৃশ্যাৎ দৃষ্টিং প্রতিনিবর্ত্ত্য তস্মিন্ নিবৃত্ততৃষ্ণস্তূষ্ণীঞ্চ ভবেৎ। মনোবাগ্ব্যাপাররহিত ইত্যর্থঃ তত্র সামর্থ্যমাহ নিজসুখানুভব ইতি। অতো নিরীহঃ কায়িক-ব্যাপাররহিতশ্চ নমু দেহবতঃ সর্ব্বথাদ্বৈতদৃষ্টিপ্রতিবর্ত্তনাযোগাৎ পুনঃ সংসারঃ স্যাদেব তত্রাহ সংদৃশ্যতে ইতি। ক্বচিদাবশ্যকাহারাদিষু যদ্যপীদং সংদৃশ্যতে তথাপি পূর্ব্বমবস্তু-বুদ্ধ্যা যত্ত্যক্তং তৎ পুনর্মোহায় ন ভবেদেব। কিন্তু দেহপাতপর্য্যন্তং স্মৃতিরিব স্মৃতিঃ সংসারমাত্রেণাবভাসো ভবেদিত্যর্থঃ ॥ ৩৪ ॥

অতএব দেহাদি ইন্দ্রিয়বর্গ হইতে দৃষ্টি প্রতিনিবৃত্ত করত বিষয় হইতে বিতৃষ্ণ হওয়া প্রয়োজন; এবং নিজানন্দে পরিতুষ্ট হইয়া তূষ্ণীভাবে নিরীহের ন্যায় অবস্থান করিলে, দেহাদিনিষ্ঠ ক্ষুৎপিপাসাদি যে সকল ব্যাপার প্রতীত হইবে, তাহাও আত্মাতিরিক্ত দেহের ব্যাপাররূপে অবধারণ করিলে পুনরায় ভ্রমে নিপতিত হইতে হয় না। কেবল দেহের পতন পর্য্যন্ত সেই সমস্ত

আভাস।

কিন্তু তামসী স্বষ্ট্যুন্মুখীভাবে বৈচিত্র প্রতিপাদনের দ্বারা তরঙ্গবৎ বুদ্ধি প্রভৃতির উৎপাদনে, মূল আশ্রয় চৈতন্যের স্বরূপ অপলোপ করিয়া অচেতন জড় ও নিরানন্দেরই প্রতীতি ঘটায়। যেমন মেঘের অপগমে বিদ্যুৎ, অশনিপাত, শিলাবৃষ্টি ও বর্ষাধারা সকলই বিনিবৃত্ত হইয়া কেবল বিশুদ্ধ আকাশমাত্রই অবশিষ্ট থাকে, সেইরূপ স্বষ্ট্যুন্মুখী অভিমানভাব অবিদ্যার নিরাসে, জীবসংসার ও তৎকারণভাব সমূহ অন্তর্হিত হইয়া যায় ॥ ৩৩ ॥

দেহঞ্চ নশ্বরমবস্থিতমুত্থিতম্বা সিদ্ধো ন পশ্যতি যতোঽধ্যগমৎ স্বরূপং।
দৈবাদপেতমথ দৈববশাদুপেতং বাসো যথা পরিকৃতং মদিরামদান্ধঃ॥ ৩৫॥

অন্বয়ঃ।

সিদ্ধঃ আত্মনিষ্ঠঃ, জনঃ যতঃ দেহাৎ স্বরূপং আত্মতত্ত্বং জ্ঞাতবান্ তং দেহং, দৈবাৎ প্রারব্ধকর্ম্মবশাৎ (আসনাৎ) উত্থিতং বা তত্রৈব অবস্থিতং (ততঃ ক্বচিৎ) অপেতং, নির্গতং, (পুনস্তত্রৈব) উপেতং আগতং, বা ইতি জ্ঞাত্বা মদিরামদান্ধঃ (মরিদামদেন অন্ধঃ পুরুষঃ) পরিকৃতং পরিহৃতং, বাসঃ যথা তথা নশ্বরং মত্বা ন পশ্যতি অনুসন্ধত্তে॥ ৩৫॥

শ্রীধরস্বামী।

এতদেবোপপাদয়তি দেহমিতি। আসনাদুত্থিতং উত্থায় তত্রৈব স্থিতং ততঃ ক্বচিদপেতং নির্গতং পুনস্তত্রৈব উপেতং বা দেহমপি নানুসন্ধত্তে কুতোঽন্যং যতো যেন দেহেন স্বরূপমধ্যগমৎ জ্ঞাতবান্ তং দেহং যতঃ কারণাদিতি বা পরিকৃতং পরিহিতং বাসো গতং স্থিতম্বা যথা ন বেত্তি তদ্বৎ॥ ৩৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানসিদ্ধস্য জীবন্মুক্তস্য দশামাহ দেহমিতি দ্বাভ্যাং আসনাদুত্থিতং উত্থায় পুনস্তত্রৈব স্থিতং ন পশ্যতি নানুসন্ধত্তে। যতঃ স্বরূপং ব্রহ্মানুভবং অধ্যগমৎ প্রাপ্তঃ। অত্র দৃষ্টান্তঃ। দৈবাদপেতং কেনচিন্নিজাসনাদপগতং কেনচিৎ পরিধাপনাদুপেতং বা বাসঃ পরিকৃতং পরিহিতং মদিরামদান্ধো নানুসন্ধত্তে॥ ৩৫॥

ভাবের সংস্কার মাত্র অবভাসিত থাকে॥ ৩৪॥

আত্মজ্ঞান-সম্পন্ন সিদ্ধ পুরুষ যে দেহের সাহায্যে আত্মজ্ঞান লাভ করিয়াছেন, জ্ঞান লাভের পর প্রারব্ধবশে সে দেহের প্রতিও আর কোন লক্ষ্য রাখেন না; মদিরামত্ত ব্যক্তি যেমন স্বীয় পরিধেয় বসনের প্রতি কোন লক্ষ্য রাখে না, উপবেশনাদির আশ্রয় স্থল আসনরূপে জ্ঞানীজনও সেইরূপ স্বীয়

আভাস।

অতএব বহির্মুখী অবিদ্যাকে বিনিবৃত্ত করিতে হইলে, আপনাকে সর্ব্বাগ্রে নিবৃত্তকাম করিতে হইবে; প্রবৃত্তি ও উদ্যমে ক্ষান্ত হইতে হইবে। দেহ বা ইন্দ্রিয়বর্গ তাহার নিজের ধর্ম্মে প্রয়োজন মত কার্য্যে প্রবৃত্ত হয়, হউক! তাহাতে ক্ষতি নাই; কিন্তু মন যেন তন্নিষ্ঠ ব্যাপারে কোন মতে লিপ্ত না হয়, তজ্জন্য কায়মনোবাক্যে সতত চেষ্টা করিবে। একবার সম্পূর্ণ মিথ্যাবোধে জগৎকে তাচ্ছিল্য করত পূর্ণস্বরূপ পরমাত্মাতে মন সমর্পণ করিতে পারিলে, দেহের পতনাবধি কখন সে স্মৃতির বিরাম হইবে না। এবং মদিরাপানে উন্মত্ত পুরুষ যেমন পরিধেয় বসনের প্রতি দৃষ্টি রাখে না, সেইরূপ পরমাত্মপ্রেমে বিহ্বল জীবন্মুক্ত পুরুষও স্বকীয় দেহের প্রতি কোন লক্ষ্য বা আসক্তি করেন না॥ ৩৪॥ ৩৫॥

দেহোঽপি দৈববশগঃ খলু কর্ম্ম যাবৎ স্বারম্ভকং প্রতি সমীক্ষত এব সাসুঃ
তং সপ্রপঞ্চমধিরূঢ়সমাধিযোগঃ স্বাপ্নং পুন র্ন ভজতে প্রতিবুদ্ধবস্তুঃ ॥ ৩৬ ॥

সাসুঃ প্রাণেন্দ্রিয়সহিতঃ দেহঃ অপি যতঃ দৈববশগঃ প্রারব্ধাধীনঃ অতঃ স্বারম্ভকং কর্ম্ম যাবৎ অস্তি তাবৎ খলু তং প্রতি সমীক্ষতে এব জীবত্যেব। অতঃ অধিরূঢ়সমাধিযোগঃ (অধিরূঢ়ঃ প্রাপ্তঃ সমাধিপর্য্যন্তঃ যোগো যেন সঃ) প্রতিবুদ্ধবস্তুঃ (প্রতিবুদ্ধং জ্ঞাতং বস্তু আত্মতত্ত্বং যেন সঃ) স্বাপ্নং যথা তথা সপ্রপঞ্চং তং দেহং ন পুনঃ ভজেৎ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

নমু যঃ পরিপাল্যমানোঽপি মুমূর্ষতি তত্কেন্ন পশ্যতি তর্হি পতেদেব নেত্যাহ দেহোঽপীতি। দৈববশেন গচ্ছন্ স্বারম্ভকং কর্ম্ম যাবদস্তি তাবৎপর্য্যন্তং প্রতিসমীক্ষত এব জীবত্যেব সাসুঃ প্রাণেন্দ্রিয়সহিতঃ নমু তর্হি তস্মিন্ কদাচিদাসক্তেতাপি নেত্যাহ তমিতি। স্বাপ্নং স্বপ্নতুল্যমধিরূঢ়ঃ প্রাপ্তঃ সমাধিপর্য্যন্তো যোগো যেন। অতএব প্রতিবুদ্ধং জ্ঞাতং পরমার্থবস্তু যেন সঃ। তথাচ শ্রুতিঃ। তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষেঽথ সংপৎস্যত ইতি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাবৎ স্বারম্ভকং কর্ম্ম তাবৎ সাসুঃ সপ্রাণঃ সন্ প্রতি সমীক্ষতে। মুক্তস্যাপি তস্য কর্ম্মভোগপ্রতীক্ষাং কুর্ব্বন্ জীবেদিত্যর্থঃ। নমু তর্হি তস্মিন্ কদাচিদাসক্তেদপি তত্র নেত্যাহ। তং দেহং সপ্রপঞ্চং ইন্দ্রিয়বিষয়ভোগাদিসহিতমপি ন ভজতে। যথা প্রতিবুদ্ধবস্তুঃ প্রাপ্তজাগরো জনঃ স্বাপ্নং দেহং পুন র্ন ভজতে ॥ ৩৬ ॥

কলেবরের প্রতি কোন আস্থা করেন না ॥ ৩৫ ॥

প্রাণাদি ইন্দ্রিয়বর্গ সহিত দেহ প্রারব্ধকর্ম্মের অধীন; সুতরাং স্বীয় কর্ম্মের বশবর্ত্তী হইয়া জীবিত থাকে মাত্র। যে ব্যক্তি পরম সমাধিতে আরোহণে সমর্থ হইয়াছেন এবং স্বরূপ সন্দর্শনে উপযুক্ত হইয়াছেন, তিনি স্বপ্নসন্দর্শনের ন্যায়, সপ্রপঞ্চ দেহকে আর প্রেম করেন না ॥ ৩৬ ॥

হে বিপ্রগণ! তোমাদের ধর্ম্মোপদেশের জন্য যজ্ঞনামে স্বয়ং বিষ্ণুই আমি এই হংসমূর্ত্তিতে তোমাদের নিকট আবির্ভূত হইয়া সাংখ্য ও যোগের

আভাস।

কারণ প্রারব্ধকর্ম্মের অনুসারেই দেহের উৎপত্তি ও নাশ অবশ্যম্ভাবী; এ জন্মে বিশেষ যত্নসহকারেও তাহার অন্যথা করা অসম্ভব; সুতরাং দেহাদির পরিপোষণ বা রক্ষার্থ বৃথা যত্ন না করিয়া, তাদৃশ আগ্রহে পরমাত্মচিন্তনেই পরিশ্রম করিলে, জীবন সার্থক করা হয়; এবং মানবজীবনের ইহাই মুখ্য উদ্দেশ্য ॥ ৩৬ ॥

মযৈতদুক্তং বো বিপ্রা গুহ্যং যৎ সাংখ্যযোগয়োঃ।
জানীত মাগতং যজ্ঞং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়া ॥ ৩৭ ॥
অহং যোগস্য সাংখ্যস্য সত্যস্যর্ত্তস্য তেজসঃ।
পরায়ণং দ্বিজশ্রেষ্ঠাঃ শ্রিয়ঃ কীর্ত্তে র্দমস্য চ ॥ ৩৮ ॥
মাং ভজন্ত্যগুণাঃ সর্ব্বে নির্গুণং নিরপেক্ষকং।

অন্বয়ঃ।

হে বিপ্রাঃ! সাংখ্যযোগয়োঃ যৎ গুহ্যং রহস্যং, এতৎ ময়া বঃ যুষ্মভ্যং, উক্তং যুষ্মদ্ধর্ম্ম-বিবক্ষয়া (হংসরূপেণ আগতং) যজ্ঞং মা মাং আগতং জানীত ॥ ৩৭ ॥

হে দ্বিজশ্রেষ্ঠাঃ! যতঃ অহং যোগস্য সাংখ্যস্য সত্যস্য ঋতস্য ধর্ম্মস্য, তেজসঃ প্রভাবস্য, শ্রিয়ঃ সম্পদঃ, কীর্ত্তেঃ যশসঃ, দমস্য ইন্দ্রিয়নিগ্রহস্য, পরায়ণং পরমাশ্রয়ঃ ॥ ৩৮ ॥

অতঃ নির্গুণং প্রাকৃতগুণবশ্যতারহিতং, নিরপেক্ষকং সুহৃদং সর্ব্বহিতৈরতং, প্রিয়ং

শ্রীধরস্বামী।

উক্তার্থে তেষাং বিশ্বাসার্থং স্বস্বরূপমাহ ময়েতি। সাংখ্যমাত্মানাত্মবিবেকঃ যোগোঽষ্টাঙ্গঃ তয়োর্গুহ্যং রহস্যং। যজ্ঞং বিষ্ণুং। যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়া ইত্যনেন ধর্ম্মা অপ্যুপদিষ্টা ইতি জ্ঞেয়ং। অতএব যত্তেন হংসরূপেণ ব্রহ্মণেঽভ্যাখ্য মাধবেত্যনুবাদো ভবিষ্যতি ॥ ৩৭ ॥

ঋতং প্রমীয়মাণো ধর্ম্মঃ। সত্যং অনুষ্ঠীয়মানো ধর্ম্মঃ। তেজঃ প্রভাবঃ। এতেষাং পরময়নং ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তেঽর্থে তেষাং বিশ্বাসার্থং স্বস্বরূপমাহ ময়েতি। সাংখ্যমাত্মানাত্মবিবেকঃ যোগোঽষ্টাঙ্গঃ ধর্ম্মস্য বিবক্ষয়া অনেন ধর্ম্মা অপ্যুপদিষ্টা ইতি জ্ঞেয়ং। অতএব যৎ তেন হংসরূপেণ ব্রহ্মণেঽভ্যাখ্য মাধবেত্যনুবাদো ভবিষ্যতি ॥ ৩৭ ॥

অহো অদ্ভুতং জ্ঞানমশ্রৌষ্মেত্যাশ্চিমৎকারবতস্তানালক্ষ্যাহ অহমিতি। ঋতঞ্চ সুনৃতা বাণী সত্যঞ্চ সমদর্শনমিত্যগ্রে বক্ষ্যতে। তেজঃ প্রভাবঃ। এতেষাং পরায়ণং পরমাশ্রয়ঃ ॥৩৮॥

নম্বহং পরায়ণমিতি তদ্বাক্যাদেব ভবাস্মিন্ দেহেঽভিমানো দৃশ্যত ইত্যতঃ কথং জ্ঞান-সম্মানশিক্ষয়ন্তবানিত্যাশঙ্ক্যেদ্ধে চেৎ সত্যং নেদং মম শরীরং জীবস্যেব স্বস্মাদ্ভিন্নং ভৌতিকং। নাপ্যত্রাহঙ্কারাদিকমপি প্রাধানিকং কিন্তু মৎস্বরূপভূতং সচ্চিদানন্দময়-মেবেত্যাহ। মাং নির্গুণং মায়িকগুণাতীতং সর্ব্বে গুণা ভজন্তি। নিরপেক্ষং মায়িক-গুণাপেক্ষাশূন্যং কিন্তু সুহৃদং স্বভক্তজনানাং হিতকারিণং যতঃ প্রিয়ং তেষাং প্রেমবিষয়ী-

---

এই পরম রহস্য প্রতিপাদন করিলাম। ৩৭ ॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! আমি যখন যোগ, সাংখ্য, সত্য, ধর্ম্ম, প্রভাব, সম্পদ্, যশঃ ও ইন্দ্রিয়নিগ্রহের পরম ও প্রধান আশ্রয় ॥ ৩৮ ॥

তখন প্রাকৃতিক গুণের অতীত, সকলের হিতকারী, প্রিয় পরমাত্মস্বরূপ

সুহৃদং প্রিয়মাত্মানং সাম্যাসঙ্গাদয়ো গুণাঃ ।। ৩৯ ।।
ইতি মে ছিন্নসন্দেহা মুনয়ঃ সনকাদয়ঃ।
সভাজয়িত্বা পরয়া ভক্ত্যাগৃণত সংস্তবৈঃ ।। ৪০ ।।
তৈরহং পূজিতঃ সম্যক্ সংস্তুতঃ পরমর্ষিভিঃ।

অন্বয়ঃ।

আত্মানং মাং সাম্যাসঙ্গাদয়ঃ সর্ব্বে গুণাঃ ভজন্তি ॥ ৩৯ ॥

ইতি এবং মে মত্তঃ, ছিন্নসন্দেহাঃ সনকাদয়ঃ মুনয়ঃ মাং সভাজয়িত্বা পূজয়িত্বা, পরয়া ভক্ত্যা সংস্তবৈঃ অগৃণত ॥ ৪০ ॥

তৈঃ পরমর্ষিভিঃ পূজিতঃ সম্যক্ সংস্তুতঃ চ অহং পরমেষ্ঠিনঃ পশ্যতঃ স্বকং ধাম

শ্রীধরস্বামী।

কিঞ্চ। মামিতি। কথম্ভূতাঃ অগুণাঃ গুণপরিণামরূপা ন ভবন্তি কিন্তু নিত্যা ইত্যর্থঃ ॥ ৩৯ ॥

মে ময়া অগৃণত মাং তুষ্টুবুঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতং তেষু প্রীতিকর্ত্তারঞ্চ ইগুপধজ্ঞা প্রীকিরঃ ক ইতি কর্ত্তরি কপ্রত্যয়বিধেঃ। কে তে গুণাঃ সাম্যং সর্ব্বত্র প্রাকৃতবস্তুষৌদাসীন্যাৎ সমত্বঞ্চ অপ্রাকৃতেষু স্বভক্তেষু আসঙ্গ আসক্তিশ্চ তদাদ্যা আদিশব্দাৎ প্রথমস্কন্ধে পৃথিব্যুক্তাঃ সত্যশৌচাদয়শ্চানন্তাঃ কীদৃশাঃ অগুণাঃ গুণপরিণামরূপা ন ভবন্তি কিন্তু নিত্যা ইত্যর্থঃ। ইতি স্বামিচরণাঃ। ইমে চান্যেচ ভগবন্নিত্যা যত্র মহাগুণা ইতি প্রথমে চ অতঃ স্বরূপভূতা এব গুণা আত্মানং স্বরূপমেব ভজন্তি। ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে। ইত্যাদৌ স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চেতি শ্রুতেঃ ॥ ৩৯ ॥

অগৃণত অগৃণন্ত মাং তুষ্টুবুঃ ॥ ৪০ ॥

নিরপেক্ষক আমাকেই সাম্য ও অসঙ্গাদি গুণগ্রাম ভজনা করিয়া থাকে ।।৩৯।।

এই প্রকার মদীয় উপদেশে সনকাদি ঋষিগণের সন্দেহ ভঞ্জন হইল; তাঁহারা ভক্তিসহকারে আমার অভিবাদন পূর্ব্বক স্তব স্তুতি করিলেন ।। ৪০ ।।

সেই পরমর্ষিগণ কর্ত্তৃক সংস্তুত ও পূজিত হইয়া, পরমেষ্ঠির সমক্ষেই আমি স্বীয় ধামে গমন করিলাম ।। ৪১ ।।

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত ।।

আভাস।

ভগবান্ সকল গুণের অতীত হইলেও সকল গুণের আধার এক তিনি মাত্র। তাঁহার শরণ লইলে, মুক্তির জন্য অন্য কোন আয়োজনের অপেক্ষা থাকে না। তিনি সকল সামর্থ্য প্রদানে জীবকে সহজে কৃতার্থ করেন; তিনিই সর্ব্বোৎকৃষ্ট। প্রেম ও ভক্তিভরে তাঁহার শরণ লওয়াই জীবের এক মাত্র কর্ত্তব্য ॥ ৩৯ ॥

প্রত্যোয়ায় স্বকং ধাম পশ্যতঃ পরমেষ্ঠিনঃ ॥ ৪১ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশ-স্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সম্বাদে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

উদ্ধব উবাচ ॥

বদন্তি কৃষ্ণ শ্রেয়াংসি বহূনি ব্রহ্মবাদিনঃ।

অন্বয়ঃ।

প্রত্যোয়ায় প্রতিগতবান্ ॥ ৪১ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ ১৩ ॥

উদ্ধবঃ উবাচ। হে কৃষ্ণ! ব্রহ্মবাদিনঃ (ব্রহ্ম বেদঃ তদ্বাদিনঃ পণ্ডিতাঃ) বহূনি শ্রেয়াংসি বদন্তি; তেষাং শ্রেয়সাং কিং (সর্ব্বেষাং) বা বিকল্পপ্রাধান্যং (বিকল্পেন প্রাধান্যং) উত স্বিৎ

শ্রীধরস্বামী।

প্রত্যোয়ায় প্রত্যাগতোঽস্মি ॥ ৪১ ॥

॥ * ॥ ইত্যেকাদশে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশে পরং শ্রেয়ো ভক্তিরেব ন চেতরৎ।

ইত্যেতদ্বর্ণ্যতে ধ্যানযোগশ্চ সহ সাধনৈঃ ॥ * ॥

এবং তাবদ্ ভগবতা ভক্ত্যা মোক্ষ ইত্যুক্তং। অন্যে ত্বন্যানি সাধনানি বদন্তি তত্র বিশেষনির্দ্ধারণায় পৃচ্ছতি। শ্রেয়াংসি শ্রেয়ঃসাধনানি কিং বিকল্পেন প্রাধান্যং উতাহো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যোয়ায় প্রত্যাগতোঽস্মি ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

একাদশে সঙ্গতঃ সৎসঙ্গতোঽভূত্ত্রয়োদশঃ ॥ * ॥

ভক্তেঃ কৃষ্ণবশীকারসর্ব্বোৎকর্ষশ্চতুর্দ্দশে।

তদ্বতাঞ্চ মুমুক্ষোঃ সম্মতং ধ্যানঞ্চ বর্ণ্যতে ॥ * ॥

শ্রুতানাং শ্রোতব্যানাঞ্চ শ্রেয়ঃসাধনানাং তারতম্যাদিকং পৃচ্ছতি বদন্তীতি। শ্রেয়াংসি শ্রেয়ঃসাধনানি। কিং বিকল্পেন প্রাধান্যং। ইদং প্রধানমিদম্প্রধানমিতি। উতাহো

উদ্ধব বলিলেন, হে শ্রীকৃষ্ণ! বেদবাদী বিপ্রগণ শ্রেয়ঃসাধন সম্বন্ধে বিবিধ উপায় বর্ণন করিয়া থাকেন। কিন্তু তন্মধ্যে সে সকলগুলিই কি স্বস্বপ্রধান বলিয়া উপাদেয়; অথবা বিচারপূর্ব্বক তন্মধ্যে কতকগুলি প্রধান বা সকলের

আভাস।

চতুর্দ্দশ অধ্যায়ে ভক্তিকেই উৎকৃষ্ট শ্রেয়ঃসাধনরূপে নিরূপণ করত সসাধন ধ্যানযোগ বর্ণিত হইয়াছে ॥

তেষাং বিকল্পপ্রাধান্যমুতাহো একমুখ্যতা ॥ ১ ॥
ভবতোদাহৃতঃ স্বামিন্ ভক্তিযোগোঽনপেক্ষিতঃ।
নিরস্য সর্ব্বতঃ সঙ্গং যেন ত্বয্যাবিশেন্মনঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

অথবা, একমুখ্যতা (একস্য মুখ্যতা) এব ॥ ১ ॥

হে স্বামিন্! অনপেক্ষিতঃ (ন অপেক্ষিতঃ অপেক্ষা যস্মিন্ সঃ) নিষ্কামঃ ভক্তিযোগঃ এব ভবতা উদাহৃতঃ উক্তঃ; যেন ভক্তিযোগেন, সর্ব্বতঃ সঙ্গং আসক্তিং, নিরস্য ত্যক্ত্বা, মনঃ ত্বয়ি আবিশেৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

কিম্বা একস্যৈব মুখ্যতা ॥ ১ ॥

একমুখ্যতাপক্ষোত্থানে কারণং ভবতেতি। ন অপেক্ষিতঃ অপেক্ষা যস্মিন্ সঃ অহৈতুকঃ। অয়মর্থঃ। ভবতা যো ভক্তিযোগ উক্তঃ অন্যে চ যানি শ্রেয়ঃসাধনানি বদন্তি তেষাং কিং সাক্ষাৎফলসাধনত্বেন প্রাধান্যমেব সর্ব্বেষাং উতাঙ্গাঙ্গিত্বং। প্রাধান্যেঽপি কিং বিকল্পেন সর্ব্বেষাং তুল্যফলত্বং। যদ্বা। কশ্চিদস্তি বিশেষ ইতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একস্যৈব মুখ্যতা ইদমেব প্রধানমিতি ॥ ১ ॥

ভবন্মতে তু ভক্তিযোগ এব মুখ্য ইত্যাহ ভবতেতি। অনপেক্ষিতঃ নিষ্কামো ভক্তিযোগ এব ভবতা উদাহৃতঃ উৎকর্ষেণ আহৃতঃ আনীতঃ যেন মনস্ত্বদাবিষ্টং স্যাৎ স কিং সর্ব্বেষামপি শ্রেষ্ঠো সম্মতঃ উত ভবৈবেতি নির্দ্ধার্য্যোচ্যতামিতি ভাবঃ ॥ ২ ॥

মধ্যে একটীরই প্রাধান্য, তাহা আপনি অনুগ্রহ পূর্ব্বক বর্ণন করুন! ॥ ১ ॥

হে প্রভো! নিরপেক্ষ ভক্তিযোগের বিষয়ই আপনি কীর্ত্তন করিয়াছেন; সেই ভক্তিযোগের প্রভাবে সর্ব্ববিষয়ের আসক্তি পরিত্যাগ পূর্ব্বক আপনাতে চিত্ত সমর্পণ করা যায় ॥ ২ ॥

আভাস।

পূর্ব্বাধ্যায়ে ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তিকেই মুক্তির প্রধান সোপান বলিয়া নিরূপণ করিয়াছেন; কিন্তু ভক্তি ব্যতীত অন্যান্য বিবিধ শ্রেয়ঃসাধনের কথা অপরের মুখে ও শাস্ত্রান্তরাদিতে শুনিতে পাওয়ায়, উদ্ধব সন্দিহানচিত্তে তন্নির্ণয়ার্থ ভগবানকে বলিয়াছিলেন যে, হে ভগবন্! এই ঘোর জন্মমৃত্যুরূপ সংসারপ্রবাহ হইতে অব্যাহতি লাভার্থ জীবের পক্ষে আপনি যে উপদেশ প্রদান করিয়াছেন, তাহা অবশ্য অব্যর্থ ও হিতকারী। কিন্তু এই ভক্তিপথই কি সর্ব্বশ্রেষ্ঠ বা সেরূপ শ্রেষ্ঠ পথ আরও অনেক আছে? তাহা নির্ণয় পূর্ব্বক আপনি বর্ণন করুন! অবশ্য, এক ভক্তিযোগ দ্বারা জীবের সংসারাসক্তি নিবৃত্ত হইয়া ভগবানে চিত্ত সংলগ্ন হয় বটে, কিন্তু অপরে যে সকল অন্যান্য সাধনের

শ্রীভগবানুবাচ ॥

কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা ।
ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্যাং মদাত্মকঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ ।

শ্রীভগবান্ উবাচ । ইয়ং বেদসঙ্গিতা বাণী প্রলয়ে সতি (মহতা) কালেন নষ্টা (ততঃ সৃষ্টেঃ) আদৌ ময়া ব্রহ্মণে প্রোক্তা; যস্যাং মদাত্মকঃ (ময্যেবাত্মা চিত্তং যেন সঃ) ধর্ম্মঃ উক্তঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী ।

তত্র ভক্তিরেব মহাফলত্বেন মুখ্যা অন্যানি তু স্বস্বপ্রকৃত্যনুসারেণ পুষ্পস্থানীয়স্বর্গাদিফলবুদ্ধিভিঃ প্রাণিভিঃ প্রাধান্যেন পরিকল্পিতানি ক্ষুদ্রকফলানীতি বিবেক্তুং প্রকৃত্যনুসারেণ বহুধা বেদার্থপ্রতিপত্তিমাহ কালেনেতি সপ্তভিঃ। মদাত্মকঃ ময্যেব আত্মা চিত্তং যেন সঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ভো উদ্ধব সর্ব্বমতানি বেদাদেবোত্থিতানি তস্য তস্য বেদস্য তু মদ্ভক্তিযোগ এ তাৎপর্য্যমিত্যাহ কালেনেতি। মদাত্মকঃ মৎস্বরূপভূতঃ। ভক্তিযোগস্য হ্লাদিনীসার ভূতত্বাৎ। যদ্বা। ময্যেব আত্মা চিত্তং যতশ্চিত্তস্য মদাবিষ্টতা মদ্ভক্ত্যৈব ভবেৎ ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি মদ্বচনাদ্ভক্ত্যৈবাহমিন্দ্রিয়ৈর্গ্রহীতুং শক্যো নান্যথেতি তত্রার্থে দ্রষ্টব্যঃ। ব্রহ্মবাদিভিরুক্তানাং মদ্ভক্তিযোগাদন্যেষাং শ্রেয়সাং মৎপ্রাপকত্বাভাবাৎ শ্রেয়স্ত্ব মেবং বস্তুতো নাস্তীত্যতস্তেষাং বিকল্পতঃ প্রাধান্যেন একস্য মুখ্যত্বেন বা জিজ্ঞাস্যেন ত কিং প্রয়োজনমিতি ভাবঃ ॥ ৩ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ তখন উদ্ধবকে সম্বোধন করিয়া বলিলেন, হে উদ্ধব ! এই বেদরূপা বাণী কালসহকারে মহাপ্রলয়ে বিনষ্টের ন্যায় প্রলীন ছিল। পরে সৃষ্টির প্রারম্ভে আমি প্রথম ব্রহ্মাকে ইহা প্রদান করি; এবং যে উপায়ে আমাতে চিত্ত সমর্পণ করিতে পারা যায়, সেই সকল উপায়ই ধর্ম্মরূপে ইহাতেই বর্ণিত আছে ॥ ৩ ॥

আভাস ।

কথা উল্লেখ করিয়াছেন, সেগুলি কি ইহার সমতুল্য, অথবা ইহা অপেক্ষা নিকৃষ্ট বা শ্রেষ্ঠ তাহা আপনার প্রকাশ করা বিধেয় ॥ ১ ॥ ২ ॥

এতদুত্তরে ভগবান্ শ্রীকৃষ্ণ প্রকাশ করিয়াছেন যে, ভক্তি অপেক্ষা উৎকৃষ্ট উপায় অন আর নাই; ভক্তি ব্যতীত যে সকল সাধনের কথা বেদাদিতে উপবর্ণিত হইয়াছে, কেবল লোকের প্রকৃতি ও রুচি অনুসারে স্বর্গাদির সাধক ও অতি তুচ্ছফলপ্রদ মাত্র মুখ্য ফল মুক্তি প্রদানে ভক্তিই প্রধান উপায়। যেমন নিমন্ত্রণস্থলে গমন করিতে হইলে

তেন প্রোক্তা স্বপুত্রায় মনবে পূর্ব্বজায় সা।
ততো ভৃগ্বাদয়োঽগৃহ্নন্ সপ্ত ব্রহ্মমহর্ষয়ঃ ॥
তেভ্যঃ পিতৃভ্যস্তৎপুত্রা দেবদানবগুহ্যকাঃ।
মনুষ্যাঃ সিদ্ধগন্ধর্ব্বাঃ সবিদ্যাধরচারণাঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তেন ব্রহ্মণা, সা বাণী, স্বপুত্রায় পূর্ব্বজায় মনবে প্রোক্তা ততঃ ভৃগ্বাদয়ঃ সপ্ত ব্রহ্মর্ষয়ঃ (ভৃগুঃ, মরীচিঃ, অত্রিঃ, অঙ্গিরাঃ, পুলস্ত্যঃ, পুলহঃ, ক্রতুঃ ইতি) তাং অগৃহ্নন্ ॥

তেভ্যঃ পিতৃভ্যঃ তৎপুত্রাঃ দেবদানবগুহ্যকাঃ মনুষ্যাঃ সিদ্ধগন্ধর্ব্বাঃ সবিদ্যাধরচারণাঃ অগৃহ্নন্ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ভৃগুশ্চ মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুরিত্যেতে সপ্ত ব্রহ্মাণঃ প্রজাপতয়স্তে চ মহর্ষয়শ্চ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথং ততো নানামতান্যুদ্ভূতানি তত্রাহ তেনেতি সার্দ্ধৈরষ্টভিঃ। ভৃগ্বাদয়ঃ। ভৃগুশ্চ মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুরিত্যেতে চ সপ্ত ব্রহ্মাণঃ প্রজাপতয়স্তেচ মহর্ষয়শ্চ ॥ ৪ ॥

ব্রহ্মা পুনরায় সেই মদীয় বাণীরূপা বেদকে তাঁহার জ্যেষ্ঠপুত্র মনুকে প্রদান করিলেন; এবং মনুর নিকট হইতে ভৃগু, মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ ও ক্রতু এই সাত জন ঋষি বেদোপদেশ লাভ করেন ॥

পরে এই সাত জন প্রজাপতি হইতে তাঁহাদের পুত্র, দেবতা, দানব, গুহ্যক, মনুষ্য, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধর ও চারণগণ সকলেই বেদার্থ পরিগ্রহ করিলেন ॥ ৪ ॥

আভাস।

উত্তম বেশভূষাদি পরিধানে ও উত্তম যানে আরোহণার্থ মাত্র বালকের আনন্দ, কিন্তু নিমন্ত্রণ স্থলে অভ্যর্থনা লাভই বিজ্ঞের উদ্দেশ্য, সেইরূপ আপাতত স্বর্গাদি ফলপ্রদ বৈদিক কর্ম্মকলাপই ভোগাসক্ত জীবের পক্ষে শ্রেয়ঃসাধন বলিয়া উপলব্ধ হইলেও বিজ্ঞজন তাহাকে অকিঞ্চিৎকর তুচ্ছফল বিবেচনায় উপেক্ষাই করিয়া থাকেন। তাঁহারা এই সমস্ত উপায়কে চিত্তের বিশুদ্ধিকারক বলিয়াই আদর করেন মাত্র। যেমন সাধুর বেশ পরিধান না করিলে, সাধুসমাজে আদৃত হওয়া যায় না; কিন্ত সমাজে লভ্য বিষয় কিছু বেশপরিধানের আনন্দ নহে, সেইরূপ যজ্ঞাদি সাধনসমূহ যাজ্ঞিকের বেশকল্প চিত্তের পরিশোধনে অধিকার-দ্যোতক মাত্র; অধিকারপ্রাপ্ত ভক্তিরূপ সাধনবলে জীব মুক্তিলাভ করে। যজ্ঞাদি সাধন কখন মুক্তিপ্রদানে সমর্থ নহে। অতএব জীব স্ব স্ব প্রকৃতি

কিংদেবাঃ কিন্নরা নাগা রক্ষঃ কিংপুরুষাদয়ঃ।
বহ্ব্যস্তেষাং প্রকৃতয়ো রজঃসত্ত্বতমোভুবঃ॥ ৫॥
যাভির্ভূতানি ভিদ্যন্তে ভূতানাং পতয়স্তথা।
যথাপ্রকৃতি সর্ব্বেষাং চিত্রা বাচঃ স্রবন্তি হি॥ ৬॥

অন্বয়ঃ।

কিংদেবাঃ কিন্নরাঃ নাগাঃ রক্ষঃ কিংপুরুষাদয়ঃ তেষাং রজঃসত্ত্বতমোভুবঃ (রজঃসত্ত্বতমাংসি ভুবঃ জন্মস্থানানি যাসাং তাঃ) বহ্ব্যঃ প্রকৃতয়ঃ বাসনাঃ ভবন্তি॥ ৫॥

যাভিঃ বাসনাভিঃ ভূতানি দেবাসুরমনুষ্যাদীনি তথা ভূতানাং মতয়শ্চ ভিদ্যন্তে যথাপ্রকৃতি স্বস্বপ্রকৃত্যনুসারেণ এবহি সর্ব্বেষাং প্রাণিনাং চিত্রাঃ বেদার্থব্যাখ্যানরূপাঃ বাচঃ স্রবন্তি মুখান্নিঃসরন্তি॥ ৬॥

শ্রীধরস্বামী।

কিংদেবাঃ ক্রমস্বেদদৌর্গন্ধ্যাদিরাহিত্যেন কিংদেবা মনুষ্যা বেতি সন্দেহাস্পদং দ্বীপান্তরমনুষ্যাঃ এবং কিন্নরাঃ কিঞ্চিন্নরা ইব মুখতঃ শরীরতো বা কিংপুরুষাঃ কিঞ্চিৎ পুরুষা ইব বানরাদয়ঃ। প্রকৃতয়ো বাসনাবহ্ব্যঃ কুতো রজঃসত্ত্বতমাংসি ভুবঃ জন্মস্থানানি যাসাং তাঃ॥ ৫॥

ভূতানি দেবাসুরমনুষ্যাদীনি চিত্রা বাচঃ বেদার্থব্যাখ্যানবিষয়াঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকৃতয়ো বাসনাবহ্ব্যঃ কুতঃ রজঃসত্ত্বতমাংসি ভুবো জন্মস্থানানি যাসাং তাঃ। ভূতানি দেবাসুরমনুষ্যাদীনি॥ ৫॥

চিত্রা বাচঃ বেদার্থব্যাখ্যানরূপাঃ॥ ৬॥

এবং ক্রমশ দেবতুল্য দ্বীপান্তরীয় মনুষ্যগণ, নাগগণ, যক্ষ, কিংপুরুষগণ প্রাপ্ত হন। ইহাঁরা সকলেই সত্ত্ব, রজঃ ও তমোগুণসম্ভূত ও বিভিন্ন স্বভাবসম্পন্ন॥ ৫॥

যে সকল বাসনার বৈচিত্রে ভূতসকল দেবতা, অসুর ও মনুষ্যরূপে বিভিন্ন যোনি ও বিভিন্ন মতি লাভ করিয়াছে, স্ব স্ব প্রকৃতি ও রুচি অনুসারে তাহারা সকলে কেবল বাসনার বশবর্ত্তী হইয়া বেদবাক্যেরও বিভিন্ন তাৎপর্য্য কীর্ত্তন করিয়া থাকে॥ ৬॥

আভাস।

অনুসারে বেদার্থ বিভিন্নরূপে প্রতিপাদন করত, সামান্য সাধনকেই শ্রেয়োজ্ঞানে অবলম্বন করিয়া থাকে; তাহাই এই সাতটী শ্লোকে নিরূপিত হইয়াছে। যে কোন সাধনের কথা কোথায়ও উল্লেখ আছে, তাহার কোনটী কাহারও স্বকপোল-কল্পিত নহে; সকলই বেদে

এবং প্রকৃতিবৈচিত্র্যাদ্ভিদ্যন্তে মতয়ো নৃণাং।
পারম্পর্য্যেণ কেষাঞ্চিৎ পাষণ্ডমতয়োঽপরে ॥ ৭ ॥
মন্মায়ামোহিতধিয়ঃ পুরুষাঃ পুরুষর্ষভ।
শ্রেয়ো বদন্ত্যনেকান্তং যথাকর্ম্ম যথারুচি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

এবং প্রকৃতিবৈচিত্র্যাৎ কেষাঞ্চিৎ (অধ্যয়ন-শূন্যানাং অপি) নৃণাং পারম্পর্য্যেণ উপদেশক্রমেণ, মতয়ঃ ভিদ্যন্তে; অপরে তু (তত এব) পাষণ্ডমতয়ঃ বেদবিরুদ্ধার্থ-কল্পকমনসঃ ভবন্তি ॥ ৭ ॥

হে পুরুষর্ষভ! মন্মায়ামোহিতধিয়ঃ পুরুষাঃ যথাকর্ম্ম যথারুচি অনেকান্তং নানাবিধং, শ্রেয়ঃ ফলং তৎসাধনং চ বদন্তি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

এবমিত্যুক্তোপসংহারঃ কেষাঞ্চিদ্বেদাধ্যয়নশূন্যানামপ্যুপদেশপারম্পর্য্যেণ অপরে পাষণ্ড-মতয়ঃ বেদবিরুদ্ধার্থমতয়ঃ ॥ ৭ ॥

তৎপ্রকৃতীনাং মায়াগুণমূলত্বাৎ মন্মায়ামোহিতধিয়ঃ। অনেকান্তং নানাবিধং ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পারম্পর্য্যেণ গুরূপদেশপরম্পরয়া। পাষণ্ডমতয়ঃ অতিতমঃপ্রকৃতিত্বাৎ বেদবিরুদ্ধার্থ-মতয়ঃ তেন ভাগীরথ্যা জলং শুদ্ধং মধুরমপি তত্তটবর্ত্ত্যেরণ্ড-নিম্ব-চিঞ্চা-কপিত্থ-বিষবৃক্ষা-দিভিঃ স্বস্বমূলদ্বারা গৃহীতং বিরসং বিরুদ্ধরসং চ যথা ভবেত্তথৈব তেষাং তেষাং ব্যাখ্যাতৃণাং মুখং প্রাপ্য বেদার্থো বিরসো বিরুদ্ধফলপ্রদশ্চ ভবেদিতি ভাবঃ ॥ ৭ ॥

অনেকান্তং নানাবিধং ॥ ৮ ॥

যাহারা বেদার্থ পরিজ্ঞাত নহে তাদৃশ মূর্খ জনগণও কেবল স্ব স্ব প্রকৃতির বৈচিত্র্য অনুসারে পূর্ব্বপরম্পরা প্রাপ্ত আচার ও পদ্ধতিকেও বিভিন্নভাবে পরিগ্রহ করিয়া আসিতেছে। অন্যান্য লোক বেদের অর্থকে সম্পূর্ণ বিপরীত ভাবেই গ্রহণ করিতে লাগিল ॥ ৭ ॥

আভাস।

বিহিত; তবে বিভিন্ন অধিকারে বিচিত্র ক্রিয়াসাধনার্থ মাত্র বর্ণিত হইয়াছে। বেদও অপৌরুষের বচন; সুতরাং তাহার ফলসম্বন্ধেও কোন সন্দেহ নাই। তবে পুরুষপরম্পরায় বেদার্থও অন্যথা প্রতিপাদিত হইয়া, ফলের বৈরূপ্য ঘটায় মাত্র। কিংদেবশব্দে ক্রম, দেহও দৌর্গন্ধ্যাদিশূন্য বা দ্বীপান্তরবাসী মনুষ্যকে লক্ষ্য করা হইয়াছে। কিন্নরশব্দে মুখমাত্র বা শরীরমাত্রে কেবল মনুষ্যের ন্যায় প্রতীত। কিংপুরুষশব্দে কিয়ৎপরিমাণে পুরুষের ন্যায় অবয়বশালী জীব; যেমন বানরাদি। এতাদৃশ জীবগণ কেবল স্ব স্ব বাসনা ও প্রকৃতির অনুসারে বেদার্থকে বিপরীতভাবে গ্রহণ করত পাষণ্ডপথের সংস্থাপন করিয়াছে ॥ ৩—৭ ॥

ধর্ম্মমেকে যশশ্চান্যে কামং সত্যং দমং শমম্।

অন্বয়ঃ।

একে মীমাংসকাঃ ধর্ম্মং (এব স্বর্গফলসাধনং ইতি শ্রেয়ঃ বদন্তি ইতি সর্ব্বত্র সম্বন্ধঃ তথা কাব্যালঙ্কারকৃতঃ) যশঃ (এব শ্রেয়ঃসাধনং) কামং স্ত্রীসম্ভোগং, সত্যং যথার্থভাষণং, দমং ইন্দ্রিয়নিগ্রহং, শমং মনোনিগ্রহং, শ্রেয়ঃসাধনং বদন্তি। অন্যে দৃষ্টার্থবাদিনঃ, ঐশ্বর্য্যং

শ্রীধরস্বামী।

তদেবাহ ধর্ম্মমিতি সার্দ্ধেন। ধর্ম্মং কর্ম্মমীমাংসকাঃ। তদুক্তং। মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্যনিষিদ্ধয়োঃ। নিত্যে নৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায়জিহাসয়া ইত্যাদি। যশঃ কাব্যালঙ্কারকৃতঃ। যথাহুঃ। যাবৎ কীর্ত্তির্মনুষ্যস্য পুণ্যলোকেষু গীয়তে। তাবদ্বর্ষ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবাহ ধর্ম্মমিতি সার্দ্ধেন। ধর্ম্মং কর্ম্মমীমাংসকাঃ। তদুক্তং। মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্যনিষিদ্ধয়োঃ। নিত্যনৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায়জিহাসয়েত্যাদি। যশঃ কাব্যালঙ্কারকৃতঃ। যথাহুঃ। যাবৎ কীর্ত্তির্মনুষ্যাণাং পুণ্যলোকেষু গীয়তে তাবদ্বর্ষ-

---

হে পুরুষশ্রেষ্ঠ! কেবল মদীয় মহামায়ার প্রভাবে জনগণ স্ব স্ব রুচি ও কর্ম্মের অনুসারে এই প্রকারে বিবিধ উপায় শ্রেয়ঃসাধনের সম্বন্ধে নির্ণয় করিয়া থাকে ॥ ৮ ॥

কোন কোন মীমাংসকগণ স্বর্গসাধক ধর্ম্মকেই একমাত্র শ্রেয়ঃ বলিয়া নিরূপণ করেন; কেহ বা কাব্যাদি অলঙ্কারশাস্ত্রকেই যশোবর্দ্ধক বোধে শ্রেয়ঃ-সাধন মনে করে; কেহ বা বনিতাবিলাসকেই একমাত্র প্রিয়কার্য্য জ্ঞান করে; এই প্রকারে সত্য, দম ও শমকেও কেহ কেহ শ্রেয়ঃসাধন বলিয়া

আভাস।

এই সমস্ত বৈপরীত্যের কারণ এক মায়া মাত্র। গুণময়ী মায়ার প্রসাদে গুণের বৈচিত্র্য ঘটে; এবং গুণবৈচিত্র্যে প্রকৃতির বৈচিত্র এবং প্রকৃতির অনুসারেই জীবের বিচিত্র কর্ম্মের সংঘটন ও তাহাতে তাহাদের রুচি জন্মে। সুতরাং রুচি অনুসারে ফলের প্রতি আসক্তি ও তাহার সাধনে জীব অগ্রসর হইয়া থাকে। যেমন কোন কোন ঐশ্বর্য্যকামী পণ্ডিত স্বর্গলাভকেই চরমপ্রাপ্তি জ্ঞানে "স্বর্গকামো যজেত" এই শ্রুত্যনুসারে কেবল যজ্ঞেরই অনুষ্ঠান করিয়া থাকেন; কেহ বলেন, "যাবৎকীর্ত্তি র্মনুষ্যস্য পুণ্যলোকেষু গীয়তে। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে"॥ কীর্ত্তিই মানবের স্বর্গভোগের পরিচয়। মনুষ্যের কীর্ত্তি যে পরিমিত কাল পুণ্যলোকে কীর্ত্তিত হয়, তাবৎ সহস্র পরিমিত সম্বৎসর তিনি স্বর্গভোগ করেন। অতএব যাহাতে কীর্ত্তিস্তম্ভ সমুজ্জ্বল হয়, এরূপ কর্ম্মের অনুষ্ঠানই সর্ব্বতোভাবে শ্রেয়ঃ। কেহ বা "কামং স্ত্রীসম্ভোগং, শ্রেয়োসাধনাদি তৎসাধনক

অন্যে বদন্তি স্বার্থং বৈ ঐশ্বর্য্যং ত্যাগভোজনং ॥
কেচিদ্‌যজ্ঞং তপো দানং ব্রতানি নিয়মান্ যমান্ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

এব স্বার্থং ফলং কেচিৎ নাস্তিকাঃ ত্যাগভোজনং (শাস্ত্রমর্য্যাদাত্যাগপূর্ব্বকং ভোজনং বিষয়ভোগং এব পুরুষার্থং বদন্তি। কেচিৎ ইহামুত্র সুখমেব শ্রেয়ঃ যজ্ঞাদীনিচ তৎসাধনানি বদন্তি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

সহস্রাণি স্বর্গলোকে মহীয়তে। কামং বাৎস্যায়নাদয়ঃ। সত্যং দমং শমঞ্চ যোগশাস্ত্রকৃতঃ। অন্যে দৃষ্টার্থবাদিনো দণ্ডনীতিকৃতঃ। বৈ প্রসিদ্ধং। ঐশ্বর্য্যমেব স্বার্থং পুরুষার্থং বদন্তি অতঃ সামাদ্যুপায়া এব শ্রেয়ঃসাধনমিতি তেষাং মতং। তথৈব ত্যাগং ভোজনঞ্চ লোকায়তিকাঃ যজ্ঞং তপো দানং। যজ্ঞো দেবতানাং পূজনং। তপো দানঞ্চ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ইতি। কামং বাৎস্যায়নাদয়ঃ। সত্যং দমং শমমিতি শান্তিশাস্ত্রকৃতঃ। অন্যে দৃষ্টার্থবাদিনঃ দণ্ডনীতিকৃতঃ। বৈ প্রসিদ্ধং। ঐশ্বর্য্যমেব স্বার্থং বদন্তি। অতঃ সামাদ্যুপায়া এব শ্রেয়ঃসাধনমিতি তেষাং মতং তথৈব ত্যাগং ভোজনঞ্চ লোকায়তিকাঃ। যজ্ঞাদিকং বৈদিকাঃ। নিয়মান্ যমান্ তপোব্রতাদিনিষ্ঠাঃ ॥ ৯ ॥

ধারণা করেন। দৃষ্টার্থ বিষয়ে অনুরক্তচিত্ত মানব ঐহিকের ঐশ্বর্য্যকেই পরম ফল বিবেচনায় তৎসাধক উপায়কে কর্ত্তব্যবোধে তদভিমুখে অগ্রসর হয়। যাহারা নাস্তিক, তাহারা শাস্ত্রমর্য্যাদা উল্লঙ্ঘন পূর্ব্বক পানভোজনকেই বিশেষ পুরুষার্থ মনে করে। কেহ বা ঐহিক ও আমুষ্মিক সুখসাধক যজ্ঞকে শ্রেয়ঃসাধক জ্ঞানে তদনুষ্ঠানেই অগ্রসর হয়। ৯ ॥

আভাস।

বদন্তি"; স্ত্রীসম্ভোগকেই প্রকৃত কামসাধন এবং অন্যান্য সাধন তাহারই প্রতিপাদক মাত্র, এই জ্ঞানে তাদৃশ কর্ম্মের অনুষ্ঠানেই যত্নবান্ হন। যোগিগণ অণিমাদি অষ্টৈশ্বর্য্যের প্রাপ্তিকেই পরম শ্রেয়ঃ মনে করিয়া থাকেন। এই প্রকারে কেহ সত্য, কেহ ইন্দ্রিয়নিগ্রহ, কেহ মনোনিগ্রহ, কেহ বা তদুপায়ভূত আসনাদিজয়কেই শ্রেষ্ঠ শ্রেয়ঃসাধন বলিয়া কীর্ত্তন করেন। অপর দৃষ্টসুখানুসক্ত ব্যক্তিগণ দণ্ডনীতি প্রভৃতির সাহায্যে প্রচুর পরিমাণে ঐশ্বর্য্যপ্রাপ্তিকেই শ্রেয়ঃসাধনজ্ঞানে সমাদি উপায়সমূহেরই অনুশীলন করেন; নাস্তিকগণ শাস্ত্রমর্য্যাদা উল্লঙ্ঘন পূর্ব্বক পানভোজন ও বিষয়সম্ভোগকেই পুরুষার্থ বিবেচনা করিয়া থাকেন। তাঁহারা বলেন, "ভস্মীভূতস্য দেহস্য পুনরাগমনং কুতঃ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ" ॥ মৃত্যুর পর দেহ ভস্মীভূত হইলে, তাহার পুনরাগমন কেবল অলীক বাক্‌কোক্তি মাত্র; অতএব যতদিন জীবিত থাকা যায়, কোন মতে দেহকে ক্লেশ দেওয়া

আদ্যন্তবন্ত এবৈষাং লোকাঃ কর্ম্মবিনির্ম্মিতাঃ।
দুঃখোদর্কাস্তমোনিষ্ঠাঃ ক্ষুদ্রা মন্দাঃ শুচার্পিতাঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

এষাং ধর্ম্মাদিসাধনানাং, লোকাঃ ফলানি, কর্ম্মবিনির্ম্মিতাঃ (কর্ম্মভিঃ নির্ম্মিতাঃ সম্পাদিতাঃ) আদ্যন্তবন্তঃ অনিত্যাঃ, এব দুঃখোদর্কাঃ (দুঃখানি উদর্কাণি উত্তরফলানি যেষাং তে) তমোনিষ্ঠাঃ অজ্ঞানবহুলাঃ, ক্ষুদ্রাঃ তুচ্ছাঃ, মন্দাঃ, শুচা শোকেন, অর্পিতাঃ ব্যাপ্তাঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

তেষাং তুচ্ছফলত্বমাহ আদ্যন্তবন্ত ইতি। এষাং লোকা এতৈঃ সাধ্যানি। ফলানি তমোনিষ্ঠা মোহাবসানাঃ ভোগকালেঽপ্যসূয়াদিভিঃ শুচার্পিতাঃ ব্যাপ্তাঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতেষাং লোকাঃ এতৈঃ সাধ্যানি ফলানি। তমোনিষ্ঠা মোহাবসানাঃ ॥ ১০ ॥

কিন্তু ধর্ম্মাদির অনুশীলনে যে কোন ফলই উৎপন্ন হয়, সকলই যখন কর্ম্মের দ্বারা সম্পাদিত, তখনই আদি ও অন্তবিশিষ্ট, অনিত্য ও দুঃখপ্রদ সন্দেহ নাই। এই সকল ফলই অতি তুচ্ছ, অজ্ঞানপ্রদ এবং পরিণামে অসূয়াদি-নিবন্ধন শোকপ্রদ সন্দেহ নাই ॥ ১০ ॥

আভাস।

বিধেয় নহে। ঋণ করিয়াও ঘৃতাদিভোজনে দেহের তৃপ্তিসাধন করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য ॥ ৮ ॥ ৯ ॥

কর্ম্মলভ্য যাবতীয় ফলই ক্ষণস্থায়ী এবং নশ্বর। শ্রুতি বলিয়াছেন, "যথা কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তে। এবমেবামুত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়তে" ॥ কর্ম্মার্জ্জিত জাগতিক ফল যেমন কালক্রমে বিনষ্ট হয়, সেইরূপ পুণ্যার্জ্জিত স্বর্গাদি ভোগেরও বিনাশ আছে। ব্যাসদেব বলিয়াছেন, "যৎকৃতকং তন্নশ্বরং" ; কৃত বা সঞ্চিত ফলেরই বিনাশ আছে। বিশেষত এই সকল ফলের জন্য পরিণামে নিতান্তই সন্তপ্ত হইতে হয়। কারণ পুণ্যক্ষয়ে যখন পুনঃ পতন ঘটিবে, তখন সুখের অন্তে দুঃখভোগ নিতান্তই গুরুতর বলিয়া সকলেরই বোধ হইয়া থাকে। এতদ্ব্যতীত পুণ্যভোগকালে যে সুখের উপলব্ধি হয়, তাহাও সম্পূর্ণ ও নিষ্কলঙ্ক নহে। কারণ পুণ্যের তীব্রতা ও মান্দ্যানুসারে সুখেরও তীব্রতা ও মৃদুতা ঘটে। সুতরাং অধিক পুণ্যবানের সহবাসে স্বল্পপুণ্য ব্যক্তিকে অসূয়াদি দোষে যে দূষিত হইতে হয় না, এরূপ কখনই সম্ভবপর নহে। দ্বিতীয়ত পুণ্যসঞ্চয়-কালে কোন এক প্রকারে পরপীড়ন না করিয়া যে, বিশুদ্ধ পুণ্যেরই সঞ্চয় ঘটে, এরূপ দুর্লভ। যেমন কোন এক বৃহৎ যজ্ঞের অনুষ্ঠান করিতে হইলে, জীবহিংসা বা বীজবধ প্রায়ই হওয়া সম্ভব। তখন সাধারণ শাস্ত্র "অহিংসা পরমো ধর্ম্মঃ" এই বেদোক্তির উল্লঙ্ঘন নিবন্ধন যজ্ঞোৎপন্ন প্রচুর পুণ্যসম্ভোগকালে সামান্য পাপনিষ্পন্ন দুঃখবহ্নিকণিকা যে সহ্য করিতে হইবে

ময্যর্পিতাত্মনঃ সভ্য নিরপেক্ষস্য সর্ব্বতঃ ।
ময়াত্মনা সুখং যত্তৎ কুতঃ স্যাদ্বিষয়াত্মনাং ॥ ১১ ॥

অন্বয়ঃ ।

হে সভ্য ! ময়ি সচ্চিদানন্দবিগ্রহে, অর্পিতাত্মনঃ (অর্পিতঃ নিবেশিতঃ আত্মা মনো যেন তস্য) সর্ব্বতঃ সর্ব্বেষু বৈষয়িকসুখেষু, নিরপেক্ষস্য পুংসঃ ময়া পরমানন্দরূপেণ আত্মনা স্বরূপতয়া স্ফুরতা, যৎ সুখং স্যাৎ তৎ বিষয়াত্মনাং বিষয়াবিষ্টচিত্তানাং, কুতঃ স্যাৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী ।

ভক্তের্মুখ্যত্বমাহ ময়ীতি যাবদধ্যায়সমাপ্তি । হে সভ্য ! ময়া পরমানন্দরূপেণ আত্মনা স্বরূপত্বেন স্ফুরতা ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তস্মাদ্ভক্তাবেব বেদস্য তাৎপর্য্যং সৈব সর্ব্বশ্রেষ্ঠেতি নির্দ্ধার্য্য তয়ৈব মাং প্রাপ্নোতীত্যাহ ময়ীত্যাদিনা উদ্ধবপ্রশ্নপর্য্যন্তেন গ্রন্থেন। ময়া রূপগুণসমুদ্রেণ আত্মনা প্রেমাস্পদেন হেতুনা বিষয়েষু মায়িকবস্তুষু শমদমজ্ঞানাদিষ্বপি মনো যেষাং তেষাং জ্ঞানাদীনামপি সাত্ত্বিকত্বেন মায়িকত্বাং নচ তৎ প্রাপ্যং ব্রহ্মৈবেত্যপি বাচ্যং। কিম্বা। যোগেন সাংখ্যেন ন্যাসস্বাধ্যায়য়োরপি । কিম্বা শ্রেয়োভিরন্যৈশ্চ ন যত্রাত্মপ্রদো হরিরিতি নারদোক্তেঃ ॥ ১১

হে সভ্য ! সচ্চিদানন্দমূর্ত্তি আমাতে আত্মসমর্পণ পূর্ব্বক সর্ব্বপ্রকার বিষয়সুখ হইতে নিবৃত্তমনা নিষ্কিঞ্চন ব্যক্তির মদীয় পরমানন্দস্বরূপের নিরন্তর স্ফুরণে যে তৃপ্তির উপভোগ হয়, বিষয়াবিষ্টচিত্ত সাংসারিক জীবের হৃদয়ে সে আনন্দের অনুভব কিরূপে হইবার সম্ভব ? ॥ ১১ ॥

আভাস ।

না, ইহা নিতান্তই অসম্ভব ॥ ১০ ॥

অতএব কর্ম্মনিষ্ঠ অকিঞ্চিৎকর তুচ্ছ ফলের প্রতি ধাবিত না হইয়া, নিত্যানন্দের অনুসরণই এক মাত্র কর্ত্তব্য। সে অনুসরণ ভক্তি ব্যতীত, অন্য কোন উপায়ে সাধিত হইতে পারে না। ভক্তিই ভগবান্‌কে মিলায়। ভগবান্‌ই নিত্যানন্দের স্বরূপ। তৎস্বরূপের অনুভূতি ব্যতীত, অন্য সকল কর্ম্মই নিরর্থক ও দুঃখপ্রদ সন্দেহ নাই। অধিক কি ! ভক্তি ব্যতীত জ্ঞানীর জ্ঞানসাধনও মায়ার কার্য্য সত্ত্বগুণের পরিণাম মাত্র। দেবর্ষি নারদ বলিয়াছেন যোগসাধন, জ্ঞানানুশীলন, সন্ন্যাস ও স্বাধ্যায়াদি যে কোন সাধনই শাস্ত্রাদিতে কীর্ত্তিত আছে, সকলই ভক্তির সাপেক্ষ। আত্মপ্রদ শ্রীহরিতে প্রেম না করিলে কোন সাধনই প্রকৃত ফলপ্রদ হয় না ॥ ১১ ॥

ভগবদ্ভক্তিতে জীবের কিছুই অপ্রতুল থাকে না। ভগবানকে ধ্যান করিতে পারিলে, সামান্য লৌকিক শব্দাদি বিষয়সম্ভোগে বৈরাগ্য আসে বটে, কিন্তু অলৌকিক শব্দ, স্পর্শ রূপ রস গন্ধ লীলা, কৃপা ও মহামাধুর্য্যাদি অপূর্ব্ব সম্ভোগ ভক্তজীবের উপভোগ করা হয় ;

অকিঞ্চনস্য দান্তস্য শান্তস্য সমচেতসঃ।
ময়া সন্তুষ্টমনসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

অকিঞ্চনস্য পরিগ্রহশূন্যস্য, দান্তস্য জিতেন্দ্রিয়স্য, শান্তস্য নির্জ্জিতান্তঃকরণস্য, সমচেতসঃ রাগদ্বেষাদিরহিতস্য, ময়া পরমানন্দস্বরূপেণ, এব সন্তুষ্টমনসঃ পুংসঃ সর্ব্বাঃ দিশঃ সুখময়াঃ এব বর্ত্তন্তে ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চান্যেষাং তত্তল্লোকাদিপরিচ্ছিন্নং সুখং। ভক্তস্য তু পরিপূর্ণমিত্যাহ অকিঞ্চনস্যেতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তস্য সুখং সুখস্যানুভাবং চ বিবৃণোতি অকিঞ্চনস্যেতি দ্বাভ্যাং। ময়া ধ্যানপ্রাপ্তেনৈবালৌকিকশব্দস্পর্শরূপরসগন্ধলীলাকৃপাদিমহামাধুর্য্যবতা সন্তুষ্টানি মনঃপ্রভৃতিসর্ব্বেন্দ্রিয়াণি যস্য তস্য। সর্ব্বা ইতি সচ যা দিশো যাতি তা এব সুখময্যঃ। যথা গ্রন্থিনিবদ্ধানশ্বরমহাধনো মানুষো যং দেশং যাতি তত্রৈব তস্য ভোগৈশ্বর্য্যসুখানীত্যর্থঃ। অত এবাকিঞ্চনস্য মল্লক্ষণসম্পূর্ণানশ্বরমহাধনপ্রাপ্ত্যৈব। কিঞ্চনশব্দবাচ্যপরিমিতনশ্বরপ্রাকৃতধনজনাদিগ্রহণবিমুখস্য বাহ্যাভ্যন্তরবিষয়েম্বিন্দ্রিয়াণাং স্বয়মরোচকত্বেনৈব নিবৃত্তেঃ দান্তস্য শান্তস্য শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিত্যগ্রিমোক্তের্মদেকনিষ্ঠবুদ্ধেঃ। অত এব সমচেতসঃ স্বর্গাপবর্গনরকেম্বপি তুল্যার্থদর্শিনঃ ॥ ১২ ॥

আকাঙ্ক্ষাশূন্য জিতেন্দ্রিয় উদারচেতা এবং রাগদ্বেষাদিবর্জ্জিত সন্তোষামৃতভৃপ্ত ব্যক্তিগণ আমার পরমানন্দমূর্ত্তির সম্পর্কে সর্ব্বত্র পরমানন্দস্বরূপেরই অবলোকন করিয়া থাকেন ॥ ১২ ॥

আভাস।

তাঁহার চিত্ত এক নিমিষের জন্যও দুঃখিত বা চঞ্চল থাকে না। যাঁহার বস্ত্রাঞ্চলে অনশ্বর মহার্হ মহামণি সংগৃহীত থাকে, তিনি যে দেশেই গমন করেন, সেই দেশেই তাঁহার ভোগৈশ্বর্য্য প্রচুর পরিমাণে লাভ হয়, সন্দেহ নাই। ভোগ বা সম্পত্তি আমার হউক ! এরূপ ইচ্ছা মাত্রেই কখন ভোগ নিকটবর্ত্তী হয় না। বরং ভোগের প্রতি উপেক্ষা করিয়া তৎপ্রাপ্তির উপায়ের প্রতি যদি বিশেষ যত্ন করা যায়, তবেই ভোগ সংগৃহীত হয় ; নতুবা অনর্থক আশায় ক্লেশমাত্র উপভোগ হইয়া থাকে। মৎস্যপ্রাপ্তির বাসনায় কেবল জলাভিমুখে মৎস্যের প্রতি দৃষ্টিপাত করিয়া তীরে উপবিষ্ট থাকিলে যেমন কখন মৎস্য লাভ হয় না, বড়সী ও সূত্রসংলগ্ন দণ্ড বা জাল সংগ্রহ করা প্রয়োজন, সেইরূপ ঈশ্বরই ভোগ ও ঐশ্বর্য্যের সংগ্রহ করিতে হইলে, তন্নিয়ামক ঐশী শক্তির সংগ্রহ করা এ
যাঁহার প্রসাদে বিষয়সমূহ বিনা প্রার্থনায় উপভুক্ত হইবার জন্য ঈশ্বরপরায়

ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যং।
ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা ময্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনান্যৎ ॥ ১৩॥

অন্বয়ঃ।

ময়ি অর্পিতাত্মা জনঃ মদ্বিনা মাং হিত্বা অন্যৎ ন পারমেষ্ঠ্যং ব্রহ্মাধিপত্যং, ন মহেন্দ্রধিষ্ণ্যং সার্ব্বভৌমং কৃৎস্নভূমণ্ডলাধিপত্যং ন, রসাধিপত্যং পাতালাদিস্বাম্যং, ন যোগসিদ্ধীঃ অণিমাদ্যৈশ্বর্য্যাণি, অপুনর্ভবং মোক্ষং বা ন ইচ্ছতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

পরিপূর্ণতামেবাহ ন পারমেষ্ঠ্যমিতি রসাধিপত্যং পাতালাদিস্বাম্যং। অপুনর্ভবং মোক্ষমপি মদ্বিনা মাং হিত্বা অন্যন্নেচ্ছতি অহমেব তস্য শ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য কিঞ্চনশব্দবাচ্যপদার্থেষু স্পৃহারাহিত্যমাহ নেতি। পারমেষ্ঠ্যং ব্রহ্মপদং। অপুনর্ভবং সাযুজ্যসুখঞ্চ। ময্যর্পিতাত্মেতি। যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি মৎকৃতনিয়মাদহমপি তস্মিন্নর্পিতাত্মা ভবামীত্যত এব মদ্বিনেতি অহমেব তস্য সর্ব্বেন্দ্রিয়-গ্রাহ্যতয়া সদৈব বর্ত্ত এব। নহি নিরন্তরদিব্যামৃতরসাস্বাদিনে জনায় মৃত্তিকা রোচত ইতি ভাবঃ ॥ ১৩ ॥

মচ্চিত্ত জনগণ মদীয় স্বরূপ পরিত্যাগে অন্য কিছুরই প্রার্থনা করেন না; অধিক কি! ব্রহ্মত্ব, ইন্দ্রত্ব, সমস্ত পৃথিবীর আধিপত্য, রসাতলের কর্তৃত্ব, এমন কি? অণিমাদি অষ্টৈশ্বর্য্য বা মোক্ষ পর্য্যন্ত লাভেও তাঁহাদের ইচ্ছা জন্মে না ॥১৩

আভাস।


শ্রীধরস্বামী।

জ্ঞাপকঃ ত্বৎসাধনমিত্যর্থঃ। বর্ণাশ্রমহীনানামপি দ্বিপদাং নরাণাং ॥ ১ ॥

যথা যেন প্রকারেণানুষ্ঠীয়মানেন স্বধর্ম্মেণ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চারং পরিত্যজ্যৈব তমনুতিষ্ঠন্তি। যদুক্তং। ধর্ম্মান্ সন্ত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ সচ সত্তম ইতি। প্রধানভূতগুণভূতৌ তু তৌ যথাযোগং তাদৃশসংসঙ্গাৎ স্বধর্ম্মাচ্চ ভবত এব ॥ ১ ॥

পরন্তু যথা যেন প্রকারেনানুষ্ঠীয়মানেনেতি। তৎ ত্বদন্যো ন জানাতীতি ভাবঃ। ভক্তিঃ প্রধানভূতা গুণভূতা বা ॥ ২ ॥

ভবদীয় ভক্তির উদয় হয়, তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিয়াছেন ॥ ১ ॥

কিন্তু মানবগণ স্ববর্ণাশ্রমোচিত ধর্ম্মের যেরূপ অনুষ্ঠান করিলে, ত্বদীয় প্রেমলক্ষণা ভক্তি অবিরোধে লাভ করিতে পারে, হে পদ্মপলাশলোচন!

আভাস

ও বিভূতি বলিয়া স্বীকার করিতে হইবে। জ্ঞানযোগ, ভক্তিযোগ এবং অষ্টাঙ্গযোগ শ্রবণ করিয়াও যখন উদ্ধবের হৃদয়ে কর্ম্মবিষয়ক প্রশ্ন উদিত হইল, তখন সে সাধারণ কর্ম্ম নহে। হংসরূপী ভগবান্ কমলাসনকে উপদেশ দিবার কালে যে বেদ প্রদান করেন, তাহাতে ভগবদ্ভাব-প্রকাশক কর্ম্মেরই উল্লেখ ছিল; এক্ষণে সেই ধর্ম্মই কালক্রমে বিনষ্ট হওয়ায়, ভক্তিলক্ষণ ধর্ম্মের পুনরুপদেশ দিয়াছেন। উদ্ধব ভক্ত; তিনি যতপ্রকারের ধর্ম্মকথা শ্রবণ করিয়াছিলেন, কোনটীতেই সম্পূর্ণ ভগবদ্ভক্তির প্রকরণ অবধারণ করিতে সমর্থ না হইয়াই ওরূপ প্রশ্ন পুনরায় জিজ্ঞাসা করিয়াছিলেন। অতএব বর্ণাশ্রম ও আচারকে যথার্থ ধর্ম্ম নামে অভিহিত করা যায় না। যোগ, সাংখ্য, দান, ব্রত, তপঃ, যজ্ঞ, বেদাবধারণ বা সন্ন্যাসের দ্বারা যে ধর্ম্মের উদ্দেশ হয় না, অথচ বর্ণাশ্রমাচারবিশিষ্ট জনেই যদৃচ্ছাক্রমে উপলব্ধ হয় এবং বর্ণাশ্রমাদি আচারসমূহকে বরং পরিত্যাগ করিয়াও যে ভক্তিলক্ষণ ধর্ম্মের অনুষ্ঠান করা যায়, তাহাই প্রকৃত ধর্ম্ম। ভগবান্ গীতাতে বলিয়াছেন, "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ"। ধর্ম্মানুষ্ঠানে অধিকারী হইলে, সকল ধর্ম্মকে বিসর্জ্জন দিয়া, এক আমারই শরণাগত হও! এই প্রকারে ভক্তিকেই ধর্ম্মানুষ্ঠানের চরম সীমা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥ ১ ॥ ২ ॥

পুরা কিল মহাবাহো ধর্ম্মং পরমকং প্রভো।
যত্তেন হংসরূপেণ ব্রহ্মণেঽভ্যাত্থ মাধব ॥ ৩ ॥
স ইদানীং সুমহতা কালেনামিত্রকর্ষণ।
ন প্রায়ো ভবিতা মর্ত্যলোকে প্রাগনুশাসিতঃ ॥ ৪ ॥
বক্তা কর্ত্তাবিতা নান্যো ধর্ম্মস্যাচ্যুত তে ভুবি।
সভায়ামপি বৈরিঞ্চ্যাং যত্র মূর্ত্তিধরাঃ কলাঃ ॥

অন্বয়ঃ।

হে মহাবাহো প্রভো মাধব! পরমকং (পরমঃ উৎকৃষ্টঃ কং সুখরূপশ্চ তং) যৎ যং ধর্ম্মং তেন পূর্ব্বনিরূপিতেন হংসরূপেণ ত্বং ব্রহ্মণে কিল পুরা অভ্যাত্থ কথিতবান্ ॥ ৩ ॥

হে অমিত্রকর্ষণ! সঃ ত্বয়া প্রাগনুশাসিতঃ ধর্ম্মঃ সুমহতা কালেন ইদানীং মর্ত্ত্যলোকে প্রায়ো ন ভবিতা ভবিষ্যতি ॥ ৪ ॥

হে অচ্যুত! ভুবি তথা যত্র মূর্ত্তিধরাঃ কলাঃ বেদাদ্যাঃ বিদ্যাঃ সন্তি তস্যাং বৈরিঞ্চ্যাং সভায়াং অপি অস্য ধর্ম্মস্য তে ত্বত্তঃ অন্যঃ বক্তা কর্ত্তা অবিতা রক্ষকঃ চ ন অস্তি ॥

শ্রীধরস্বামী।

ননু সম্প্রদায়াদেব জ্ঞাস্যতে কিং পুনর্বর্ণনেনেতি তত্রাহ পুরেতি। পরমকং পরমশ্চাসৌ কং সুখরূপশ্চ তং। যৎ যং। হংসরূপেণ ধর্ম্মোঽপ্যুক্ত এব নতু যোগমাত্রং। জানীত মাগতং যজ্ঞং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়েত্যুক্তত্বাৎ ॥ ৩ ॥

প্রাগনুশাসিতোঽপি ন ভবিতা ন ভবিষ্যতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু কিং তথা স্বধর্ম্মো ময়া ক্বাপি নোক্তস্তত্রাহ পুরেতি। পরমকং পরমং কং মোক্ষলক্ষণং সুখং যস্মাত্তং। যৎ যং। হংসরূপেণ স্বধর্ম্মোঽপ্যুক্ত এব নতু যোগমাত্রং। জানীত মাগতং যজ্ঞং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়েত্যুক্তত্বাৎ ॥ ৩ ॥

প্রাগনুশাসিতোঽপি ন ভবিষ্যতি ॥ ৪ ॥

সেই অনুষ্ঠানের প্রকরণ অনুগ্রহ পূর্ব্বক আমার নিকট কীর্ত্তন করুন ॥ ২ ॥

হে মহাবাহো প্রভো মাধব! আপনি হংসমূর্ত্তিতে উপস্থিত হইয়া, কমলাসন সমীপে যে উৎকৃষ্ট পরমসুখদ পবিত্র ধর্ম্মের নিরূপণ করিয়াছিলেন ॥ ৩ ॥

হে শত্রুনিসূদন! কালক্রমে তাহা বিনষ্ট হইয়াছে এবং পরিণামে মর্ত্ত্যলোকে ত্বদুপদিষ্ট সেই পবিত্র ধর্ম্মের অণুমাত্রও যে মর্ত্ত্যভূমে থাকিবে বলিয়া বোধ হইতেছে না ॥ ৪ ॥

হে অচ্যুত! এই ব্রহ্মাণ্ডে, অধিক কি! যে স্থলে বেদচতুষ্টয় মূর্ত্তি পরিগ্রহে সাক্ষাৎ বিরাজমান থাকেন, তাদৃশ বিরিঞ্চিসভাতেও আপনার ন্যায় এই ধর্ম্মের

কর্ত্রাঽবিত্রা প্রবক্ত্রা চ ভবতা মধুসূদন।
ত্যক্তে মহীতলে দেব বিনষ্টং কঃ প্রবক্ষ্যতি॥ ৫॥
তৎ ত্বং নঃ সর্ব্বধর্ম্মজ্ঞ ধর্ম্মস্ত্বদ্ভক্তিলক্ষণঃ।
যথা যস্য বিধীয়েত তথা বর্ণয় মে প্রভো॥
শ্রীবাদরায়ণিরুবাচ॥
ইত্থং স্বভৃত্যমুখ্যেন পৃষ্টঃ স ভগবান্ হরিঃ।
প্রীতঃ ক্ষেমায় মর্ত্ত্যানাং ধর্ম্মমাহ সনাতনং॥ ৬॥

অন্বয়ঃ।

তস্মাৎ হে দেব মধুসূদন! কর্ত্রা অবিত্রা প্রবক্ত্রা চ ভবতা মহীতলে ত্যক্তে সতি তৎ বিনষ্টং ধর্ম্মং পুনঃ কঃ প্রবক্ষ্যতি॥ ৫॥

তৎ তস্মাৎ হে সর্ব্বধর্ম্মজ্ঞ প্রভো পরমেশ্বর! ত্বদ্ভক্তিলক্ষণঃ ধর্ম্মঃ নঃ অস্মাকং মধ্যে যস্য বর্ণাশ্রমবিশিষ্টস্য যথা যৎপ্রকারকঃ বিধীয়তে তথা মে মহ্যং বর্ণয়॥

শ্রীবাদরায়ণিঃ শুকঃ উবাচ। স্বভৃত্যমুখ্যেন উদ্ধবেন, ইত্থং পৃষ্টঃ সঃ ভগবান্ হরিঃ প্রীতঃ সন্ মর্ত্ত্যানাং মরণধর্ম্মশীলানাং জীবানাং, ক্ষেমায় মঙ্গলায়, সনাতনং ধর্ম্মং আহ॥ ৬॥

শ্রীধরস্বামী।

তত্র হেতুমাহ বক্তেতি দ্বাভ্যাং। তে ত্বত্তোঽন্যঃ। কলাঃ বেদাদ্যাঃ॥ ৫॥

তত্তস্মান্নোঽস্মাকং মনুষ্যাণাং মধ্যে যস্য যথা বিধীয়তে॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কলা বেদাদ্যা অষ্টাদশ। বিদ্যা ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যা বেদাশ্চত্বার এব চ। পুরাণ-ন্যায়-মীমাংসাধর্ম্মশাস্ত্রাণি চেত্যপি। শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং জ্যোতিষং তথা। ছন্দশ্চেতি ষড়িত্যেবং বিদ্যাঃ প্রোক্তাশ্চতুর্দ্দশ। আয়ুর্ধনুর্গান্ধার্বৈশ্চ শাস্ত্রৈরষ্টাদশাপি তাঃ॥

বিনষ্টং ধর্ম্মং॥ ৫॥

ত্বদ্ভক্তিং লক্ষয়তি দর্শয়তীতি সঃ। তদ্ধেতুরিত্যর্থঃ॥ ৬॥

বক্তা, কর্ত্তা ও পালক আর অন্য কেহ আছেন বলিয়া প্রতীত হইতেছে না॥

সেই নিমিত্ত, হে মধুসূদন! আপনার ন্যায় ধর্ম্মের পালক, কর্ত্তা ও বক্তা যখন এই মহীতল পরিত্যাগ পূর্ব্বক স্বধামে গমন করিবেন, তখন এই বিনষ্টপ্রায় সনাতন ধর্ম্মকে আর পুনরায় কে প্রকাশ করিবেন? । ৫॥

অতএব হে সর্ব্বধর্ম্মজ্ঞ প্রভো পরমেশ্বর! আমাদের ন্যায় বর্ণাশ্রমবিশিষ্ট মানবের পক্ষে ভবদীয় ভক্তিপ্রদ ধর্ম্মের অনুষ্ঠান যে প্রকারে সঙ্গত হয়, অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহাই বর্ণন করুন। ।

ব্যাসনন্দন শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন করিয়া বলিলেন, হে

শ্রীভগবানুবাচ ॥
ধর্ম্ম্য এষ তব প্রশ্নো নৈঃশ্রেয়সকরো নৃণাং।
বর্ণাশ্রমাচারবতাং তমুদ্ধব নিবোধ মে ॥ ৭।
আদৌ কৃতযুগে বর্ণো নৃণাং হংস ইতি স্মৃতঃ।
কৃতকৃত্যাঃ প্রজা জাত্যা তস্মাৎ কৃতযুগং বিদুঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে উদ্ধব! তব এষঃ প্রশ্নঃ ধর্ম্ম্যঃ ধর্ম্মহেতুকঃ, নৃণাং নৈঃশ্রেয়সকরঃ মোক্ষসাধকঃ চ অতঃ তং বর্ণাশ্রমাচারবতাং ধর্ম্মং মে মত্তঃ নিবোধ ॥ ৭ ॥

আদৌ কল্পাদৌ, কৃতযুগে নৃণাং হংসঃ ইতি স্মৃতঃ বর্ণঃ এব আসীৎ। তদা প্রজাঃ জাত্যা জন্মনা এব যতঃ কৃতকৃত্যাঃ আসন্ তস্মাৎ তং যুগং কৃতযুগং বিদুঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

ধর্ম্ম্যো ধর্ম্মাদনপেতঃ। কুতঃ। নৈঃশ্রেয়সকরঃ ভক্তিজনকঃ। অতো মে মত্তঃ তং ধর্ম্মং নিবোধ ॥ ৭ ॥

তত্রাদৌ মদুপাসনালক্ষণ এব মুখ্যো ধর্ম্ম আসীৎ। আচারলক্ষণস্তু পশ্চাৎ প্রবৃত্তঃ। সচৈবমনুষ্ঠিতো ভক্তিহেতুরিতি বর্ণয়িতুমাহ আদাবিতি। কল্পাদৌ যৎ কৃতযুগং তস্মিন্ তেচ তদা মামুপাসত এব কেবলং নান্যৎ কুর্ব্বন্তীতি বক্তুং কৃতযুগনাম-নিরুক্তিমাহ কৃতকৃত্য ইতি। জাত্যা জন্মনৈব ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্ম্যো ধর্ম্মাদনপেতঃ। তং ধর্ম্মঃ ॥ ৭ ॥

এবং তৎ পৃষ্টো বর্ণাশ্রমাচারলক্ষণো ধর্ম্মো যত আরভ্য প্রবৃত্ত স্তং সময়মপি শৃণ্বিত্যাহ আদাবিতি ॥ ৮ ॥

নরনাথ! ভগবান্ শ্রীকৃষ্ণ স্বকীয় পরমভক্ত ভৃত্য উদ্ধব কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, নিতান্ত প্রীত হইলেন এবং মর্ত্ত্য মানবগণের মঙ্গল-কামনায় সনাতন ধর্ম্মের বিষয় বলিতে আরম্ভ করিলেন ॥ ৬ ॥

শ্রীকৃষ্ণ বলিলেন, হে উদ্ধব! তোমার এই প্রশ্নটী ধর্ম্মসঙ্গত এবং জনসমাজের নিতান্তই হিতকর ও মোক্ষসাধক, সন্দেহ নাই। অতএব বর্ণাশ্রমোচিত ধর্ম্মের বিষয় আমি তোমার নিকট বর্ণন করিতেছি, শ্রবণ কর ॥ ৭ ॥

সৃষ্টির আদিকল্পে কৃতযুগে (সত্যযুগে) মানবগণের একটী সাধারণ বর্ণ ছিল; যাহাকে তখন হংসনামেই কীর্ত্তন করা হয়। তৎকালে প্রজাবর্গ জন্ম হইতেই কৃতকৃত্য ছিলেন; সুতরাং সেই যুগের নাম কৃতযুগ বলিয়া অভিহিত করা হইয়াছে ॥ ৮ ॥

বেদঃ প্রণব এবাগ্রে ধর্ম্মোঽহং বৃষরূপধৃক্।
উপাসতে তপোনিষ্ঠা হংসং মাং মুক্তকিল্বিষাঃ ॥ ৯ ॥
ত্রেতামুখে মহাভাগ প্রাণান্মে হৃদয়াত্রয়ী।
বিদ্যা প্রাদুরভূত্তস্যা অহমাসং ত্রিবিন্মখঃ ॥ ১০ ॥
বিপ্র-ক্ষত্রিয়-বিট্‌শূদ্রা মুখবাহূরুপাদজাঃ।

অন্বয়ঃ।

প্রণবঃ বেদঃ তথা তদা বৃষরূপধৃক্ চতুষ্পাৎ ধর্ম্মঃ অহং এব অগ্রে আসং, মুক্তকিল্বিষাঃ নিষ্পাপাঃ তপোনিষ্ঠাঃ প্রজাঃ হংসং শুদ্ধং; মাং উপাসতে ধ্যায়ন্তি ইত্যর্থঃ ॥ ৯ ॥

ততঃ ত্রেতামুখে ত্রেতাযুগপ্রবেশে, হে মহাভাগ! মে বৈরাজরূপস্য প্রাণাৎ নিমিত্তাৎ হৃদয়াৎ সকাশাৎ ত্রয়ী ঋগ্‌যজুঃসামরূপাঃ ত্রয়ঃ অবয়বাঃ যস্যাঃ সা) বিদ্যা প্রাদুরভূৎ; তস্যাঃ ত্রয্যাঃ, সকাশাৎ ত্রিবিন্মখঃ (হোত্রাধ্বর্য্যবৌদ্গাত্রৈঃ ত্রিবৃৎ ত্রিরূপঃ মখঃ) অহং আসং ॥ ১০ ॥

ততঃ আত্মাচারলক্ষণাঃ (আত্মনঃ মনসঃ আচারঃ শামাদিরূপঃ এব লক্ষণং জ্ঞাপকং যেষাং

শ্রীধরস্বামী।

কিঞ্চ। বিধায়কাভাবাদপি তদানীং নান্যৎ কর্ম্মাস্তীত্যাহ বেদ ইতি। ধর্ম্মশ্চ মনোবিষয়োঽহমেব বৃষরূপধৃক্ চতুষ্পাৎ ন ক্রিয়াবিষয়ো যজ্ঞাদিঃ। অতস্তপোনিষ্ঠাঃ। মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ঐকাগ্র্যং পরমন্তপঃ। ইতি বচনাদেকাগ্রতয়া হংসং শুদ্ধং মাং ধ্যায়ন্তীত্যর্থঃ ॥ ৯ ॥

পশ্চাৎ ত্রেতাযুগপ্রবেশে মে বৈরাজরূপস্য প্রাণান্নিমিত্তাৎ হৃদয়াৎ সকাশাৎ তস্যাঃ ত্রয্যাঃ সকাশাৎ হোত্রাধ্বর্য্যবৌদ্গাত্রৈস্ত্রিবিৎ ত্রিরূপঃ। যজ্ঞো বৈ বিষ্ণুরিতি শ্রুতেঃ ॥ ১০ ॥

বর্ণানামাশ্রমাণাঞ্চ ধর্ম্মান্ বক্তুং তেষামুৎপত্তিমাহ বিপ্রেতি দ্বাভ্যাং। আত্মাচারঃ স্বধর্ম্ম

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মশ্চ মনোবিষয়োঽহমেব। বৃষরূপধৃক্ চতুষ্পাৎ ন ক্রিয়াবিষয়ো যজ্ঞাদিরিত্যর্থঃ ॥ ৯ ॥

যে মম বৈরাজরূপস্য প্রাণান্নিমিত্তাৎ হৃদয়াৎ সকাশাৎ ত্রয়ী তস্যাস্ত্রয্যাঃ সকাশাৎ হোত্রাধ্বর্য্যবৌদ্গাত্রৈস্ত্রিবৃৎ ত্রিরূপঃ। যজ্ঞো বৈ বিষ্ণুরিতি শ্রুতেঃ ॥ ১০ ॥

প্রণবরূপী বেদ এবং চতুষ্পাদ্ ধর্ম্মমূর্ত্তিতে বৃষরূপধারী আমিই তৎকালে বিরাজ করিতাম। মানবগণ নিষ্পাপ ও তপোনিষ্ঠ ছিলেন এবং বিশুদ্ধ স্বরূপ আমার হংসমূর্ত্তিরই উপাসনা করিতেন ॥ ৯ ॥

হে মহাভাগ! ত্রেতাযুগের প্রারম্ভে, বিরাট্‌রূপী মদীয় হৃদয়পদ্মের প্রাণশক্তি হইতে ঋগ্, যজুঃ ও সামলক্ষণ অবয়বত্রয়বিশিষ্ট মূল বিদ্যা বেদ বিনির্গত হয়; এবং সেই ত্রয়ীরূপ বেদ হইতে হোতা অধ্বর্য্যু ও উদ্গাত্র এই রূপত্রয়বিশিষ্ট যজ্ঞরূপে আমিই আত্মপ্রকাশ করিলাম ॥ ১০ ॥

অনন্তর মানসিক প্রবৃত্তি ও তদনুরূপ শামাদি আচারসহ ব্রাহ্মণ, ক্ষত্রিয়,

বৈরাজাৎ পুরুষাজ্জাতা য আত্মাচারলক্ষণাঃ ॥ ১১ ॥
গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্য্যং হৃদো মম।
বক্ষস্থলাদ্বনে বাসঃ সন্ন্যাসঃ শিরসি স্থিতঃ ॥ ১২ ॥
বর্ণানামাশ্রমাণাঞ্চ জন্মভূম্যনুসারিণীঃ।
আসন্ প্রকৃতয়ো নৃণাং নীচৈর্নীচোত্তমোত্তমাঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ

তে) ক্রমেণ যে মম মুখবাহূরুপাদজাঃ বিপ্র-ক্ষত্রিয়-বিট্-শূদ্রাঃ চত্বারঃ বর্ণাঃ বৈরাজাৎ পুরুষাৎ জাতাঃ ॥ ১১ ॥

মম বৈরাজরূপস্য জঘনতঃ গৃহাশ্রমঃ; হৃদঃ বক্ষসঃ অধস্থলাৎ, ব্রহ্মচর্য্যং, বক্ষস্থলাৎ বনে-বাসঃ জাতঃ, সন্ন্যাসঃ শিরসি স্থিতঃ শীর্ষাৎ জাতঃ ॥ ১২ ॥

বর্ণানাং আশ্রমাণাং (বর্ণাশ্রমবতাং) নৃণাং জন্মভূম্যনুসারিণ্যঃ নীচৈঃ পাদাদিভিঃ স্থানৈঃ, নীচোত্তমোত্তমাঃ (নীচাঃ মন্দাঃ উত্তমৈঃ উত্তমাঃ) প্রকৃতয়ঃ আসন্ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

এব লক্ষণং জ্ঞাপকং যেষাং ॥ ১১ ॥

মম বৈরাজরূপস্য হৃদো বক্ষসোঽধস্তাৎ ব্রহ্মচর্য্যমিতি নৈষ্ঠীকাভিপ্রায়ং ॥ ১২ ॥

তেষামধিকারিবিশেষেণ স্বভাবানাহ বর্ণানামিতি পঞ্চভিঃ। জন্মস্থানানুসারিণ্যঃ। নীচৈ-রিত্যব্যয়ং অতোঽয়মর্থঃ মন্দাভির্জন্মভূমিভি মন্দা উত্তমাভিরুত্তমাশ্চেতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জাতা প্রাক্ সৃষ্টা এব তদা প্রকটীবভূবুঃ। আত্মাচারঃ স্বস্বধর্ম্ম এব লক্ষণং জ্ঞাপকো যেষাং তে ॥ ১১ ॥

হৃদো বক্ষসোঽধস্থলাৎ ॥ ১২ ॥

জন্মভূম্যনুসারিণ্য এব প্রকৃতয়ঃ স্বভাবাঃ। নীচৈরিত্যব্যয়ং নীচাভির্জন্মভূমিভির্নীচাঃ উত্তমাভিঃ উত্তমাঃ প্রকৃতয়ঃ। তেন মুখস্য শীর্ষস্য চ সর্ব্বোত্তমত্বাদ্বিপ্রস্য সন্ন্যাসস্য চ সর্ব্বো-ত্তমা প্রকৃতিঃ। পাদস্য জঘনস্য চ নীচত্বাৎ শূদ্রস্য গৃহাশ্রমস্য চ নীচা প্রকৃতিঃ ॥ ১৩ ॥

বৈশ্য ও শূদ্রনামক চারি বর্ণ যথাক্রমে মদীয় বিরাট্ মূর্ত্তির মুখ, বাহু, উরু ও পাদদেশ হইতে উৎপন্ন হইল ॥ ১১ ॥

আমার এই বিরাট্ মূর্ত্তির জঙ্ঘাদেশ হইতে গৃহস্থাশ্রম, বক্ষের নিম্নভাগ হৃদয় হইতে ব্রহ্মচর্য্য, বক্ষস্থল হইতে বানপ্রস্থ এবং শীর্ষস্থান হইতে সন্ন্যাস আশ্রমের উদয় হইয়াছে ॥ ১২ ॥

উক্ত বর্ণাশ্রমবিশিষ্ট মানবগণের উৎপত্তির ভূমি অনুসারে তাহারা উৎকৃষ্ট ও নিকৃষ্ট প্রকৃতি লাভ করিয়াছে; অর্থাৎ মুখাদি উৎকৃষ্ট স্থান হইতে যাহাদের

শমো দমস্তপঃ শৌচং সন্তোষঃ ক্ষান্তিরার্জ্জবং।
মদ্ভক্তিশ্চ দয়া সত্যং ব্রহ্মপ্রকৃতয়স্ত্বিমাঃ॥ ১৪॥
তেজো বলং ধৃতিঃ শৌর্য্যং তিতিক্ষৌদার্য্যমুদ্যমঃ।
স্থৈর্য্যং ব্রহ্মণ্যমৈশ্বর্য্যং ক্ষত্রপ্রকৃতয়স্ত্বিমাঃ॥
আস্তিক্যং দাননিষ্ঠাচ অদম্ভো ব্রহ্মসেবনং।
অতুষ্টিরর্থোপচয়ে বৈশ্যপ্রকৃতয়স্ত্বিমাঃ॥

অন্বয়ঃ।

শমঃ অন্তঃকরণনিগ্রহঃ, দমঃ বাহ্যেন্দ্রিয়নিগ্রহঃ, তপঃ তত্ত্বালোচনং, শৌচং বাহ্যাভ্যন্তরশুদ্ধতা, (যথালাভেন) সন্তোষঃ, ক্ষান্তিঃ ক্ষমা, আর্জ্জবং কৌটিল্যরাহিত্যং, মদ্ভক্তিঃ, দয়া পরদুঃখহানেচ্ছা, সত্যং হিতমধুরযথার্থভাষণং, ইমাঃ তু ব্রহ্মপ্রকৃতয়ঃ ব্রাহ্মণত্বাভিব্যঞ্জকাঃ স্বভাবসিদ্ধধর্ম্মাঃ॥ ১৪॥

তেজঃ পরৈরনভিভবনীয়ত্বং, বলং পরাভিভবসামর্থ্যং, ধৃতিঃ সন্তাপসহনং, শৌর্য্যং নির্ভয়তয়া যুদ্ধাদৌ প্রবেশসামর্থ্যং, তিতিক্ষা দীনাপরাধসহনং, ঔদার্য্যং দানোৎসাহঃ, উদ্যমঃ ধনাদিসঞ্চয়োৎসাহঃ, স্থৈর্য্যং সত্যসংকল্পতা, ব্রহ্মণ্যং ব্রাহ্মণভক্তিঃ, ঐশ্বর্য্যং নিয়ন্তৃত্বং ইমাঃ তু ক্ষত্রপ্রকৃতয়ঃ॥

আস্তিক্যং গুরুবেদান্তবাক্যেষু বিশ্বাসঃ, দাননিষ্ঠা অদম্ভঃ পরপ্রতারণারাহিত্যং, ব্রহ্মসেবনং, অর্থোপচয়ে ধনবৃদ্ধৌ, অতুষ্টিঃ অলং বুদ্ধিরাহিত্যং, ইমাস্তু বৈশ্যপ্রকৃতয়ঃ॥

শ্রীধরস্বামী।

তপঃ তত্ত্বালোচনং॥ ১৪॥

উৎপত্তি তাহারা উৎকৃষ্ট বর্ণ ব্রাহ্মণ বলিয়া পরিগণিত এবং শীর্ষোৎপন্ন সন্ন্যাস আশ্রমে অধিকারী। নিকৃষ্ট পাদাদি হইতে জাত প্রজা শূদ্রনামে অভিহিত ও গৃহস্থাশ্রমে অধিকারী; এইরূপে অপর দুই বর্ণকেও উৎপত্তির স্থান অনুসারে যথানাম বর্ণে অভিহিত ও তদনুরূপ আশ্রমে অর্থাৎ বাহূৎপন্ন ক্ষত্রিয় বানপ্রস্থাশ্রমে ও উরূৎপন্ন বৈশ্য ব্রহ্মচর্য্যাশ্রমে অধিকারী হইল। ১৩॥

অন্তঃকরণের নিগ্রহরূপ শম, বাহ্যেন্দ্রিয়ের নিগ্রহ দম, তত্ত্বালোচনরূপ তপস্যা, শৌচ, সন্তোষ, ক্ষান্তি, নিষ্কপটতা, ভগবদ্ভক্তি, দয়া এবং সত্য, এই কয়েকটী ব্রাহ্মণত্বের অভিব্যঞ্জক স্বভাবসিদ্ধ ধর্ম্ম॥ ১৪॥

তেজঃ, বল, ধৃতি, শৌর্য্য, তিতিক্ষা, উদারতা, ধনসঞ্চয়ার্থ উদ্যম, সত্যসংকল্পতা, ব্রাহ্মণে ভক্তি এবং নিয়ন্তৃসামর্থ্য এই কয়েকটী ক্ষত্রিয়ত্বের পরিচায়ক স্বভাবনিষ্ঠ ধর্ম্ম॥

গুরু ও বেদান্তবাক্যে বিশ্বাস, দান করিবার নিষ্ঠা, পর প্রতারণা না করা,

শুশ্রূষণং দ্বিজগবাং দেবানাঞ্চাপ্যমায়য়া।
তত্র লব্ধেন সন্তোষঃ শূদ্রপ্রকৃতয়স্ত্বিমাঃ॥ ১৫ ॥
অশৌচমনৃতং স্তেয়ং নাস্তিক্যং শুষ্কবিগ্রহঃ।
কামঃ ক্রোধশ্চ তর্ষশ্চ স্বভাবোঽন্ত্যাবসায়িনাং॥ ১৬ ॥
অহিংসা সত্যমস্তেয়মকামক্রোধলোভতা।
ভূতপ্রিয়হিতেহা চ ধর্ম্মোঽয়ং সার্ব্ববর্ণিকঃ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

অমায়য়া কাপট্যশূন্যেন, দ্বিজগবাং দেবানাং চ শুশ্রূষণং তথা তত্র সেবায়াং লব্ধেন সন্তোষঃ ইমাঃ শূদ্রপ্রকৃতয়ঃ॥ ১৫ ॥

অশৌচং, অনৃতং মিথ্যাভাষণং, স্তেয়ং চৌর্য্যং, নাস্তিক্যং গুরুশাস্ত্রাদৌ অবিশ্বাসঃ, শুষ্কবিগ্রহঃ নির্হেতুকবিরোধঃ, কামঃ বিষয়াভিলাষঃ, ক্রোধঃ, তর্ষঃ অতিলাভেচ্ছা, ইতি অন্ত্যাবসায়িনাং বর্ণাশ্রমহীনানাং, স্বভাবঃ॥ ১৬ ॥

অহিংসা সত্যং অস্তেয়ং অকামক্রোধলোভতা, ভূতপ্রিয়হিতেহা (ভূতানাং প্রাণিনাং প্রিয়হিতাঃ বিষয়াঃ এব ইহা ইচ্ছা) চ সার্ব্ববর্ণিকঃ অয়ং ধর্ম্মঃ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তেজঃ প্রতাপঃ এতৈরেবাশ্রমস্বভাবা অপি জ্ঞেয়াঃ॥ ১৫ ॥

তদ্বাহ্যানাং স্বভাবানাহ অশৌচমিতি শুষ্কবিগ্রহঃ নির্মূলকলহঃ। তর্ষ তৃষ্ণা॥ ১৬ ॥

তত্র তাবৎ সর্ব্বসাধারণং ধর্ম্মমাহ অহিংসেতি। বর্ণগ্রহণমুপলক্ষণার্থং॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মম ভক্তিগুর্ণভূতা॥ ১৪॥ ১৫॥

আশ্রমস্বভাবা অনুক্তা অপ্যেবং জ্ঞেয়াঃ। বর্ণবাহ্যানাং স্বভাবমাহ অশৌচমিতি। অন্ত্যাবসায়িনামন্ত্যজানাং॥ ১৬॥

সার্ব্ববর্ণিক ইত্যুপলক্ষণং সর্ব্বৈরেব বর্ণৈর্বর্ণবাহ্যৈশ্চ কর্ত্তুমর্হ ইত্যর্থঃ॥ ১৭॥

ব্রাহ্মণসেবিত্ব ও ধনবৃদ্ধিতে নিরন্তর উৎসাহ, এই কয়েকটী বৈশ্যের স্বভাবনিষ্ঠ বৈশ্যত্বের পরিচায়ক ধর্ম্ম॥

কাপট্য বিসর্জ্জনে দেবতার এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই বর্ণত্রয়ের এবং গাভীর শুশ্রূষা করা এবং তদুপলক্ষে লব্ধ সামগ্রী দ্বারাই সন্তুষ্টচিত্তে জীবিকা নির্ব্বাহ করাই শূদ্রের শূদ্রবর্ণত্বের পরিচায়ক ধর্ম্ম॥ ১৫॥

অশৌচ, মিথ্যা ব্যবহার, গুরু শাস্ত্রাদিতে অবিশ্বাসরূপ নাস্তিকতা, অনর্থক বিবাদ, তীব্র কাম, ক্রোধ ও লোভ এই সমস্ত বর্ণাশ্রমবিহীন নিকৃষ্ট লোকের স্বভাব॥ ১৬॥

দ্বিতীয়ং প্রাপ্যানুপূর্ব্ব্যাজ্জন্মোপনয়নং দ্বিজঃ।
বসন্ গুরুকুলে দান্তো ব্রহ্মাধীয়ীত চাহূতঃ॥ ১৮॥
মেখলাজিনদণ্ডাক্ষব্রহ্মসূত্রকমণ্ডলূন্।
জটিলোঽধৌতদদ্বাসোঽরক্তপীঠঃ কুশান্ দধৎ॥ ১৯॥

অন্বয়ঃ।

দ্বিজঃ ত্রৈবর্ণিকঃ, আনুপূর্ব্ব্যাৎ গর্ভাধানাদিসংস্কারক্রমেণ, দ্বিতীয়ং উপনয়নং সংস্কাররূপং জন্ম প্রাপ্য গুরুকুলে বসন্ দান্তঃ বশীকৃতেন্দ্রিয়ঃ গুরুণা আহূতঃ সন্ ব্রহ্ম বেদং আধীয়ীত॥ ১৮॥

কিঞ্চ জটিলঃ জাতজটঃ তথা অধৌতদদ্বাসোরক্তপীঠঃ, (দন্তাশ্চ বাসশ্চ দদ্বাসাংসি তানি ন ধৌতানি অধৌতদদ্বাসাঃ সঃ চ ন রক্তং পীঠং আসনং যস্য সঃ) মেখলাজিনদণ্ডাক্ষ ব্রহ্মসূত্রকমণ্ডলূন্ তথা কুশান্ চ দধৎ॥ ১৯॥

শ্রীধরস্বামী।

বর্ণধর্ম্মান্ গৃহস্থপ্রকরণে বক্ষ্যতি প্রথমং তাবদাশ্রমেষু ব্রহ্মচারিণো ধর্ম্মা বর্ণ্যন্তে স চ দ্বিবিধঃ। উপকুর্ব্বাণো নৈষ্ঠিকশ্চ। তত্রাদ্যস্য ধর্ম্মানাহ দ্বিতীয়মিতি। নবভিঃ দ্বিজস্ত্রৈবর্ণিকঃ আনুপূর্ব্ব্যাৎ গর্ভাধানাদিসংস্কারক্রমেণ দ্বিতীয়মুপনয়নাখ্যং জন্ম প্রাপ্যাচার্য্যেণাহূতো ব্রহ্ম বেদমধীয়ীত চকারাত্তদর্থঞ্চ বিচারয়েৎ॥ ১৮॥

কিঞ্চ। মেখলাদীন্ কুশাংশ্চ দধৎ তত্র অক্ষশব্দেনাক্ষমালা। কথম্ভূতঃ জটিলঃ অনভ্যঙ্গাদিনা জাতজটঃ তথা অধৌতদদ্বাসোঽরক্তপীঠঃ। দন্তাশ্চ বাসশ্চ দদ্বাসাংসি তানি ন ধৌতানি যস্য সঃ অধৌতদদ্বাসাঃ স চাসাবরক্তপীঠশ্চ। নতু কৌতুকাদিনা রক্তং পীঠমাসনং যস্য সঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহাশ্রমধর্ম্মবিবরণ এব বর্ণধর্ম্মাঃ স্বয়ং বিবৃতা ভবিষ্যন্তীত্যভিপ্রেত্য প্রথমং প্রথমাশ্রমধর্ম্মমাহ দ্বিতীয়মিতি নবভিঃ। দ্বিজঃ ত্রৈবর্ণিকঃ। আনুপূর্ব্ব্যাদিতি গর্ভাধানাদিসংস্কারক্রমেণ। প্রথমং শৌক্রং দ্বিতীয়ং সাবিত্র উপনয়নং উপনয়নাখ্যং প্রাপ্য ব্রহ্ম বেদমধীয়ীত। আহূতঃ আচার্য্যেণাহূতঃ। চকারাত্তদর্থঞ্চ বিচারয়েৎ॥ ১৮॥

মেখলাদীন্ কুশাংশ্চ দধৎ। তত্রাক্ষঃ অক্ষমালা। ব্রহ্মসূত্রমুপবীতং। ন ধৌতানি দদ্বাসাংসি যেন ন রক্তং কৌতুকেন পীঠমাসনং যেন সচ সচ সঃ॥ ১৯॥

অহিংসা সত্য অস্তেয় এবং কাম, ক্রোধ ও লোভহীনতা, সকল জীবের প্রতি দয়া প্রকাশ করা এই ধর্ম্মগুলি সকল বর্ণেরই সাধারণ ধর্ম্ম অবধারিত আছে॥ ১৭

ব্রাহ্মণাদি বর্ণত্রয় গর্ভাধানাদি সংস্কারক্রমে উপনয়নরূপ দ্বিতীয় জন্ম লাভ করিয়া গুরুকুলে বাস করত ইন্দ্রিয়গ্রামকে সংযত করিবেন এবং গুরুর অনুমতি লাভে বেদাধ্যয়ন করিবেন॥ ১৮॥

ব্রহ্মচারী মস্তকে জটাভার বহনপূর্ব্বক মেখলা, অজিন, দণ্ড, অক্ষমালা,

স্নানভোজনহোমেচ জপোচ্চারেষু বাগ্ যতঃ।
ন চ্ছিন্দ্যান্নখলোমানি কক্ষোপস্থগতান্যপি ॥ ২০ ॥
রেতো ন বিকিরেজ্জাতু ব্রহ্মব্রতধরঃ স্বয়ং ।
অবকীর্ণেঽবগাহ্যাপ্সু যতাসুস্ত্রিপদাং জপেৎ ॥ ২১ ॥
অগ্ন্যর্কাচার্য্যগোবিপ্রগুরুবৃদ্ধসুরান্ শুচিঃ ।
সমাহিত উপাসীত সন্ধ্যে দ্বে যতবাগ্ জপন্ ॥

অন্বয়ঃ।

স্নানভোজনহোমে চ জপোচ্চারেষু (জপঃ মন্ত্রজপঃ উচ্চারো মূত্রপুরীষোৎসর্গঃ তেষু বাগ্-যতঃ মৌনী ভবেৎ। কক্ষোপস্থগতানি অপি লোমানি নখানি চ ন ছিন্দ্যাৎ ॥ ২০ ॥

ব্রহ্মব্রতধরঃ ব্রহ্মচারী, স্বয়ং বুদ্ধিপূর্ব্বকং, জাতু কদাচিৎ, রেতঃ ন বিকিরেৎ (দৈবাৎ) অবকীর্ণে অপ্সু অবগাহ্য স্নাত্বা, যতাসুঃ প্রাণায়ামং কৃত্বা, ত্রিপদাং গায়ত্রীং, জপেৎ ॥ ২১ ॥

(স্নানাদিনা) শুচিঃ সমাহিতঃ একাগ্রচিত্তঃ সন্ অগ্ন্যর্কাচার্য্যগোবিপ্রগুরুবৃদ্ধসুরান্ (তত্র অগ্নিং হোমেন, অর্কং অর্ঘ্যদানাদিনা, আচার্য্যং উপনেতারং, সমিদাহরণাদিনা, গাং তৃণদানা-

শ্রীধরস্বামী।

জপশ্চ উচ্চারো মূত্রপুরীষোৎসর্গশ্চ জপোচ্চারং তস্মিন্ বাগ্যতো মৌনী ভবেৎ ॥ ২০ ॥

রেতো বুদ্ধিপূর্ব্বকং ন বিকিরেৎ ন উৎসৃজেৎ ব্রহ্মব্রতধরঃ অগৃহস্থঃ স্বয়মেব কথঞ্চিদ-বকীর্ণেঽবগাহ্য স্নাত্বা যতাসুঃ কৃতপ্রাণায়ামঃ ত্রিপদাং গায়ত্রীং জপেৎ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জপশ্চ উচ্চারো মূত্রপুরীষোৎসর্গশ্চ তস্মিন্ বাগ্যতো মৌনী ॥ ২০ ॥

রেতো নাবকিরেৎ বুদ্ধিপূর্ব্বকং নোৎসৃজেৎ। দৈবাৎ স্বয়মবকীর্ণে সতি অবগাহ্য স্নাত্বা যতাসুঃ কৃতপ্রাণায়ামঃ। ত্রিপাদাং গায়ত্রীং ॥ ২১ ॥

ব্রহ্মসূত্র, কমণ্ডলু ও কুশাগ্রহণে অবস্থান করিবেন; রক্তবর্ণ পীঠাসনে উপবেশন বা দন্ত ও বস্ত্র ধৌত করিবেন না ॥ ১৯ ॥

ব্রহ্মচারী স্নান, ভোজন, হোম, মন্ত্রজপ এবং মূত্র ও পুরীষোৎসর্গকালে বাঙ্ নিষ্পত্তি করিবেন না; মৌনভাবে তাঁহার অবস্থান বিধেয়। এবং কক্ষ ও উপস্থগত লোম ও হস্তপদাদির নখ যেন ছিন্ন না করেন ॥ ২০ ॥

ব্রহ্মচারীর বুদ্ধিপূর্ব্বক বীর্য্যপাতন করা কখনই কর্ত্তব্য নহে; যদি অকস্মাৎ কখন বীর্য্যপতন হয়, তাহা হইলে, জলে অবগাহন পূর্ব্বক স্নান করিবেন এবং প্রাণায়াম পূর্ব্বক গায়ত্রী জপ করিবেন ॥ ২১ ॥

স্নানাদির দ্বারা পবিত্র হইয়া একাগ্রচিত্তে অগ্নিতে আহুতি প্রদান, সূর্য্যার্চ্চন এবং আচার্য্য, গো, বিপ্র, গুরু, বৃদ্ধ ও দেবতাগণের সেবা করত

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ॥ ২২ ॥
সায়ং প্রাতরুপানীয় ভৈক্ষ্যং তস্মৈ নিবেদয়েৎ।
যচ্চান্যদপ্যনুজ্ঞাতমুপযুঞ্জীত সংযতঃ॥ ২৩ ॥
শুশ্রূষমাণ আচার্য্যং সদোপাসীত নীচবৎ।

অন্বয়ঃ।

দিনা, বিপ্রং দানাদিনা, গুরুং শাস্ত্রোপদেষ্টারং, প্রণামাদিনা; বৃদ্ধং শুশ্রূষয়া, সুরান্ অর্চ্চনাদিনা) উপাসীত; ততঃ যতবাক্ সন্ দ্বে সন্ধ্যে গায়ত্রীং জপন্ ভবেৎ ॥

আচার্য্যং মাং মৎস্বরূপং এব বিজানীয়াৎ; কর্হিচিৎ তং ন অবমন্যেত নাপি মর্ত্ত্যবুদ্ধ্যা (মনুষ্যং ইতি জ্ঞাত্বা) ন অসূয়েত; যতঃ গুরুঃ সর্ব্বদেবময়ঃ ॥ ২২ ॥

সায়ং প্রাতঃ ভৈক্ষ্যং উপানীয় তস্মৈ আচার্য্যায়, নিবেদয়েৎ; অন্যৎ অপি যৎ প্রাপ্তং তচ্চ নিবেদয়েৎ তেন অনুজ্ঞাতং তু সংযতঃ সন্ উপযুঞ্জীত ভুঞ্জীত ॥ ২৩ ॥

আচার্য্যং শুশ্রূষমাণঃ ব্রহ্মচারী যানশয্যাসনস্থানৈঃ (যানেন গচ্ছন্তং পশ্চাদ্গমনেন,

শ্রীধরস্বামী।

সন্ধ্যে চ দ্বে যতবাক্ জপন্নুপাসীত। মধ্যাহ্নে সন্ধ্যানিমিত্ত মৌনং নাস্তীতি দ্বিবচনং ॥ ২২
অন্যদপি চ যৎ সংপ্রাপ্তং তদপি নিবেদয়েৎ তেনানুজ্ঞাতঃ সংযতঃ সন্নুপযুঞ্জীত ইত্যর্থঃ ॥ ২৩
যানশয্যাসনস্থানৈ র্যান্তং পৃষ্ঠতো যানেন নিদ্রিতং অপ্রমত্ততয়া সমীপশয়নেন। বিশ্রান্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্ধ্যে প্রাতঃসায়ং মধ্যে ব্যাপ্য জপন্ যতবাগ্ ভবেদিতি মাধ্যাহ্নিকসন্ধ্যানিমিত্তং মৌনং নাস্তীতি জ্ঞাপিতং ॥ ২২ ॥

ভৈক্ষ্যং ভিক্ষাসমূহং যচ্চান্যদপি প্রাপ্তং তদপি নিবেদয়েৎ। তেনানুজ্ঞাতমদনীয়ং উপযুঞ্জীত উপভুঞ্জীত ॥ ২৩ ॥

যানশয্যাসনস্থানৈরুপাসীতেতি গচ্ছন্তং গুরুমনুপৃষ্ঠতো গচ্ছেৎ। নিদ্রিতস্য তস্যানতিদূরে-

---

সংযতেন্দ্রিয় হইয়া উভয় সন্ধ্যা বেদমাতা গায়ত্রীর জপ করিবেন ॥

আচার্য্যকে ভগবানের স্বরূপজ্ঞানে সম্মান করা কর্ত্তব্য; মনুষ্যবুদ্ধিতে কখন তাঁহাকে উপেক্ষা করা বা তাঁহার দোষ অনুসন্ধান করা কর্ত্তব্য নহে। কারণ গুরুই সর্ব্বদেবতার আদর্শস্থানীয় ॥ ২২ ॥

ভিক্ষালব্ধ দ্রব্য সামগ্রী আহরণ পূর্ব্বক, সায়ংকালে ও প্রাতঃকালে গুরুর সমীপে প্রদান করিবে; অধিক কি। অন্য যে কোন দ্রব্য সংগ্রহ করা যায়, সমস্তই গুরুকে নিবেদন করা বিধেয়; তাঁহার প্রদত্ত সামগ্রীর দ্বারা তাঁহার অনুমতিক্রমে জীবিকা নির্ব্বাহ করাই সর্ব্বত্র ব্যবস্থা ॥ ২৩ ॥

যানশয্যাসনস্থানৈর্নাতিদূরে কৃতাঞ্জলিঃ। ২৪ ॥
এবংবৃত্তো গুরুকুলে বসেদ্ভোগবিবর্জ্জিতঃ।
বিদ্যা সমাপ্যতে যাবদ্বিভ্রদ্ব্রতমখণ্ডিতং ॥ ২৫ ॥
যদ্যসৌ ছন্দসাং লোকমারোক্ষ্যন্ ব্রহ্মপিষ্টপং।

অন্বয়ঃ।

নিদ্রিতং সমীপশয়নেন, বিশ্রান্তং পাদসম্বাহনাদ্যর্থং সমীপাসনেন নাতিদূরে কৃতাঞ্জলিঃ অবস্থানেন, সদা নীচবৎ উপসীত ॥ ২৪ ॥

এবংবৃত্তঃ (এবং বৃত্তং বর্ত্তনং যস্য সঃ) ভোগবিবর্জ্জিতঃ সন্ যাবং বিদ্যা অধ্যয়নং, সমাপ্যতে তাবং অখণ্ডিতং অবিচ্ছিন্নং, ব্রতং বিভ্রং ধারয়ন্ গুরুকুলে বসেং ॥ ২৫ ॥

যদি অসৌ ব্রহ্মচারী ছন্দসা বেদাদীনাং, লোকং ব্রহ্মপিষ্টপং ব্রহ্মলোকং, আরোক্ষ্যন্

শ্রীধরস্বামী।

পাদসম্বাহনাদিভিঃ সমীপাসনেন আসীনঃ কৃতাঞ্জলিঃ সন্ নিয়োগপ্রতীক্ষয়া নাতিদূরে অবস্থানেনেত্যর্থঃ ॥ ২৪ ॥

এবম্ভূতং বৃত্তং যস্য সঃ ॥ ২৫ ॥

এবমুপকুর্ব্বাণস্য ধর্ম্মানুক্ত্বা নৈষ্ঠিকস্য বিশেষধর্ম্মানাহ যদীতি ষড়্‌ভিঃ। অসৌ ব্রহ্মচারী যদি ছন্দসাং লোকং মহর্লোকং ততো ব্রহ্মলোকঞ্চারোক্ষ্যন্ আরোঢুমিচ্ছতীত্যর্থঃ। যদ্বা। ছন্দসাং লোকমিতি ব্রহ্মলোকবিশেষণং। যত্র মূর্ত্তিধরাঃ কলা ইত্যুক্তত্বাং তর্হি বৃহদ্ব্রতঃ সন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হপ্রমত্ততয়া শয়ীত। আসীনস্য তস্যাগ্রতঃ কৃতাঞ্জলিঃ সন্ আজ্ঞাং প্রতীক্ষমাণস্তিষ্ঠেদিত্যর্থঃ ॥ ২৪ ॥ ২৫ ॥

এবমুপকুর্ব্বাণস্য ধর্ম্মানুক্ত্বা নৈষ্ঠিকস্য বিশেষধর্ম্মানাহ যদীতি ষড়্‌ভিঃ। অসৌ ব্রহ্মচারী ছন্দসাং লোকং ব্রহ্মবিষ্টপং ব্রহ্মলোকঞ্চ আরোক্ষ্যন্ ভবেং তর্হি বৃহন্নৈষ্ঠিকং ব্রতং যস্য সঃ।

আচার্য্যকে যখন সেবা করিতে হইবে, তখন তাঁহার গমনকালে অনুগমন, তাঁহার নিদ্রাকালে অতি সাবধানে তৎসমীপেই শয়ন, বিশ্রামকালে পাদসম্বাহনাদির জন্য তন্নিকটেই অবস্থান এবং অতি নীচের ন্যায় কৃতাঞ্জলিপুটে নিরন্তর তাঁহারই আজ্ঞার প্রতীক্ষা করা সততই বিধেয়। ২৪।

এই প্রকারের বৃত্তি অবলম্বন পূর্ব্বক ভোগ-বাসনায় জলাঞ্জলি দিয়া, যতদিন অধ্যয়ন কার্য্য সমাপ্ত না হয়, ততদিন অবিচ্ছেদে এই ব্রহ্মচর্য্য ব্রত অবলম্বনে গুরুগৃহে ব্রহ্মচারীর বাস করা কর্ত্তব্য ॥ ২৫ ॥

বেদাদি শাস্ত্রসমূহ জাজ্বল্যমান মূর্ত্তি ধারণে যে স্থলে নিয়ত বিরাজিত আছেন, সেই ব্রহ্মলোকে ব্রহ্মচারী যদি গমনের বাসনা করেন, তাহা হইলে

গুরবে বিন্যসেদ্দেহং স্বাধ্যায়ার্থং বৃহদ্ব্রতঃ ॥ ২৬ ॥
অগ্নৌ গুরাবাত্মনিচ সর্ব্বভূতেষু মাং পরং।
অপৃথগ্ধীরুপাসীত ব্রহ্মবর্চ্চস্ব্যকল্মষঃ ॥ ২৭ ॥
স্ত্রীণাং নিরীক্ষণ-স্পর্শ-সংলাপ-ক্ষ্বেলনাদিকং।
প্রাণিনো মিথুনীভূতানগৃহস্থোঽগ্রতস্ত্যজেৎ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

আরোঢ়ুমিচ্ছন্ ভবেং তদা বৃহদ্ব্রতঃ যাবজ্জীবং ব্রহ্মচর্য্যধরঃ সন্, স্বাধ্যায়ার্থং অধিকস্বাধ্যায়ার্থং বা অধীতনিষ্ক্রিয়ার্থং দেহং গুরবে বিন্যসেং সমর্পয়েং ॥ ২৬ ॥

ব্রহ্মবর্চ্চস্বী (ব্রহ্মবর্চ্চঃ বেদাভ্যাসজতেজঃ তদ্বান্) অকল্মষঃ নিবৃত্তপাপাদিদোষঃ অপৃগ্ধীঃ নিবৃত্তভেদবুদ্ধিঃ ব্রতী অগ্নৌ, গুরৌ, আত্মনি, সর্ব্বভূতেষু চ পরং পরমাত্মানং মাং উপাসীত ॥২৭॥

অগৃহস্থঃ ব্রহ্মচারী, স্ত্রীণাং নিরীক্ষণং সপ্রেমাবলোকনং, স্পর্শঃ আলিঙ্গনং, সংলাপঃ তাভিঃ সহ গুহ্যসম্ভাষণং, ক্ষ্বেলনং পরিহাসাদিকং, তথা মিথুনীভূতান্ পশুপক্ষ্যাদীন্ অপি ভূতান্ অগ্রতঃ, এব ত্যজেং ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

বৃহন্নৈষ্ঠিকং ব্রতং যস্য সঃ। বিন্যসেং সমর্পয়েং। অধিকস্বাধ্যায়ার্থং অধীতনিষ্ক্রিয়ার্থম্বা ॥২৬॥

ব্রহ্মবর্চ্চো বেদাভ্যাসজং তেজঃ তদ্বান ॥ ২৭ ॥

তস্যৈব বনস্থযতিসাধারণধর্ম্মানাহ স্ত্রীণামিতি। নিরীক্ষণং ভোগগর্দ্ধং। ক্ষ্বেলনং পরিহাসঃ। এবমাদিকং ত্যজেং। মিথুনীভূতানগ্রতস্ত্যজেং ন পশ্যেদিত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুরবে দেহং বিন্যসেং। অধিকস্বাধ্যায়ার্থমিত্যর্থঃ। বিষ্টপশব্দোঽয়ং পিষ্টপশব্দবদ্ভুবনবাচী দৃষ্টঃ ॥ ২৬ ॥ ব্রহ্মবর্চ্চঃ বেদাভ্যাসজং তেজস্তদ্বান ॥ ২৭ ॥

তিনি অধ্যয়নের চরমসীমায় উত্তীর্ণ হইবার নিমিত্ত গুরুকেই স্বকীয় দেহ উৎসর্গ করিবেন; তত্ত্বালোচন ব্যতীত অন্য কোন আশ্রমে অগ্রসর হইবার আকাঙ্ক্ষা যেন আর করিবেন না ॥ ২৬ ॥

সমগ্র বেদার্থে সম্যক্ পারদর্শী সর্ব্বত্র ভেদজ্ঞানশূন্য পবিত্রহৃদয় ব্রহ্মচারী এই প্রকার আচরণে অগ্নি, গুরু, আত্মা এবং ভূতমাত্রেরই অন্তরে পরমাত্মস্বরূপ আমার মূর্ত্তি অবলোকনে উপাসনা করিয়া থাকেন ॥ ২৭ ॥

গৃহস্থাশ্রমে গমন না করিয়া যদবধি ব্রহ্মচর্য্যে অবস্থান করিবেন, ততকাল ব্রহ্মচারী যেন কামিনীর প্রতি কটাক্ষ, তাহাদিগকে আলিঙ্গনাদির দ্বারা স্পর্শ, তাহাদের সহিত গুহ্য সম্ভাষণ বা পরিহাসাদি না করেন; এবং মিথুনীভূত পশু, পক্ষী প্রভৃতি কোন জীব অগ্রকে সমক্ষে উপস্থিত বোধ করিলে, তাহার প্রতি দৃষ্টিপাত না করিয়া, তৎক্ষণাৎ তথা হইতে অন্যত্র গমন করিবেন ॥২৮॥

শৌচমাচমনং স্নানং সন্ধ্যোপাস্তির্মমার্চ্চনং।
তীর্থসেবা জপোঽস্পৃশ্যাভক্ষ্যাঽসংভাষ্যবর্জ্জনং ॥
সর্ব্বাশ্রমপ্রযুক্তোঽয়ং নিয়মঃ কুলনন্দন।
মদ্ভাবঃ সর্ব্বভূতেষু মনোবাক্কায়সংযমঃ ॥ ২৯ ॥
এবং বৃহদ্ব্রতধরো ব্রাহ্মণোঽগ্নিরিব জ্বলন্।
মদ্ভক্তস্তীব্রতপসা দগ্ধকর্ম্মাশয়োঽমলঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

তথা শৌচং আচমনং স্নানং সন্ধ্যোপাস্তিঃ মম অর্চ্চনং তীর্থসেবা জপঃ গায়ত্র্যাদিমন্ত্রজপঃ, তথা অস্পৃশ্যাভক্ষ্যাসংভাষ্যবর্জ্জনং (অস্পৃশ্যাদীনাং বর্জ্জনং কুর্য্যাৎ) ॥

হে কুলনন্দন! অয়ং সর্ব্বভূতেষু মদ্ভাবঃ মনোবাক্কায়সংযমশ্চ মন আদীনাং উৎপথপ্রবৃত্তিতঃ সংযমশ্চ) সর্ব্বাশ্রমপ্রযুক্তঃ সাধারণঃ নিয়মঃ ॥ ২৯ ॥

এবং বৃহদ্ব্রতধরঃ নৈষ্ঠিকঃ, ব্রাহ্মণঃ অধিগতবেদার্থঃ তীব্রতপসা (তীব্রেণ অবিচ্ছিন্নেন তপসা) দগ্ধকর্ম্মাশয়ঃ (দগ্ধঃ কর্ম্মাশয়ঃ কর্ম্মবাসনা যস্য সঃ) অগ্নিঃ ইব জ্বলন্ মদ্ভক্তঃ অমলঃ বিশুদ্ধঃ জীবমুক্তঃ ভবতি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

তস্যৈব সর্ব্বাশ্রমসাধারণং ধর্ম্মমাহ শৌচমিতি দ্বাভ্যাং ॥ ২৯ ॥

নিষ্কামনৈষ্ঠিকস্য তু মোক্ষং ফলমাহ এবমিতি। অমলো নিষ্কামশ্চেৎ দগ্ধঃ কর্ম্মাশয়োঽন্তঃকরণং যস্য স তথাভূতঃ সন্ মদ্ভক্তো ভবতি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অগৃহস্থো ব্রহ্মচারী বানপ্রস্থঃ সন্ন্যাসী চ। অগ্রতঃ প্রথমতঃ এব মিথুনীভূতান্ প্রাণিনঃ পক্ষিকীশাদীন্ ॥ ২৮ ॥ ২৯ ॥

নৈষ্ঠিকস্য নৈষ্কর্ম্ম্যপ্রকারমাহ এবমিতি ॥ ৩০ ॥

বাহ্যাভ্যন্তরের শৌচ, ত্রিসবন স্নান, সন্ধ্যোপাসনা, বিষ্ণুপূজা, তীর্থপর্য্যটন ও গায়ত্রীজপ দ্বারা সময় অতিবাহিত করিবেন। অস্পৃশ্য-স্পর্শ, অভক্ষ্য-ভোজন বা অন্যায় আলাপনের দ্বারা আপনাকে কলুষিত না করেন ॥

হে কুলনন্দন উদ্ধব! এই সর্ব্বভূতে ভগবদ্ভাব চিন্তা করা এবং মন প্রভৃতিকে উৎপথগামী হইতে না দেওয়াই সাধারণত সকল আশ্রমেরই প্রধান ধর্ম্ম ॥ ২৯

নৈষ্ঠিক ব্রহ্মচারী সমগ্র বেদের অর্থ অবধারণ পূর্ব্বক অবিচ্ছিন্ন তপস্যার বলে যখন চিত্তমালিন্য অপসারিত করেন, তখন জ্বলন্ত ত্রিশিখের ন্যায় মূর্ত্তি ধারণে ভগবদ্ভক্ত হইয়া জীবন্মুক্তি লাভ করিতে পারেন, সন্দেহ নাই ॥ ৩০ ॥

এই প্রকারে যথাযথ বেদার্থ অবগত হইয়া, ব্রহ্মচারী যদি দ্বিতীয় গৃহস্থা-

অথানন্তরমাবেক্ষ্যন্ যথাজিজ্ঞাসিতাগমঃ।
গুরবে দক্ষিণাং দত্ত্বা স্নায়াদ্গুর্ব্বনুমোদিতঃ॥ ৩১॥
গৃহং বনং বা প্রবিশেৎ প্রব্রজেদ্বা দ্বিজোত্তমঃ।

অন্বয়ঃ।

যথাজিজ্ঞাসিতাগমঃ যথাবদবগতবেদার্থঃ, অথ অনন্তরং, আবেক্ষ্যন্ দ্বিতীয়াশ্রমং প্রবেষ্টু-মিচ্ছন্ গুরবে দক্ষিণাং দত্ত্বা তেন গুরুণা অনুমোদিতঃ অনুজ্ঞাতঃ সন্ স্নায়াৎ সমাবর্ত্তনাখ্যং স্নানং কুর্য্যাৎ॥ ৩১॥

(অথ সকামশ্চেৎ) গৃহং গৃহস্থাশ্রমং, (নিষ্কামশ্চেৎ) বনং বানপ্রস্থং, প্রবিশেৎ (ব্রাহ্মণঃ

শ্রীধরস্বামী।

উপকুর্ব্বাণস্য সমাবর্ত্তনপ্রকারমাহ অথেতি। অনন্তরং দ্বিতীয়মাশ্রমমাবেক্ষ্যন্ প্রবেষ্টু-মিচ্ছন্ যথা যথাবদ্বিচারিতবেদার্থঃ স্নায়াৎ অভ্যঙ্গাদিকং কৃত্বা সমাবর্ত্তেতেত্যর্থঃ॥ ৩১॥

তস্যাধিকারানুরূপমাশ্রমবিকল্পসমুচ্চয়াবাহ গৃহমিতি। সকামশ্চেৎ গৃহং, অন্তঃকরণশুদ্ধ্যা নিষ্কামশ্চেৎ বনং প্রবিশেৎ শুদ্ধান্তঃকরণঃ স চ দ্বিজোত্তমঃ ব্রহ্মাণশ্চেৎ প্রব্রজেদিত্যর্থঃ। যদ্বা।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপকুর্ব্বাণস্য সমাবর্ত্তনপ্রকারমাহ অথেতি। অবেক্ষ্যন্ গৃহাশ্রমং প্রবেষ্টুমিচ্ছন্। যথা-বদ্বিচারিতবেদার্থঃ। স্নায়াদভ্যঙ্গাদিকং কৃত্বা সমাবর্ত্তেতেত্যর্থঃ॥ ৩১॥

তস্যাধিকারানুরূপমাশ্রমবিকল্পমাহ। গৃহমিতি। সকামশ্চেৎ গৃহং অন্তঃকরণশুদ্ধ্যা নিষ্কামশ্চেদ্বনং। সচ দ্বিজোত্তমঃ ব্রাহ্মণশ্চেৎ প্রব্রজেদিত্যর্থঃ। যদি চ কস্যচিন্মনোরথঃ স্যাত্তদা সমুচ্চয়মপি কুর্য্যাদিত্যাহ আশ্রমাদিতি। ব্রহ্মচর্য্যানন্তরং গৃহাশ্রমং ততো বনং ততঃ সন্ন্যাস-

শ্রমে প্রবিষ্ট হইতে বাসনা করেন, তাহা হইলে তখন গুরুকে অভিলষিত দক্ষিণা প্রদান পূর্ব্বক তাঁহার অনুমতি গ্রহণে সমাবর্ত্তন নামক স্নানের অনু-ষ্ঠান করিবেন॥ ৩১॥

যদি তাঁহার মনোমধ্যে কামনা থাকে, তবে গৃহস্থাশ্রম, চিত্ত নিষ্কাম হইলে, বাণপ্রস্থ আশ্রম এবং সম্পূর্ণ জ্ঞানলাভে মুক্ত হইবার বাসনা হইলে, সন্ন্যাস আশ্রমেরই আশ্রয় লওয়া কর্ত্তব্য। ঈশ্বরপরায়ণ আস্তিক ব্যক্তির পক্ষে অনা-

আভাস।

ব্রাহ্মণ স্বকীয় অধিকারানুরূপ আশ্রমে গমন করিতে পারেন, ইহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। গুরুকুলে বসতি পূর্ব্বক ইন্দ্রিয়ের সামর্থ্য ও চিত্তের উদ্যম অনুসারে বেদচতুষ্টয়ের অর্থ সম্যক্ অবগত হইয়া যদি গৃহস্থাশ্রমে অবস্থানের প্রবৃত্তি হয়, তাহা হইলে ব্রহ্মচারী গুরুকে দক্ষিণা প্রদান পূর্ব্বক গৃহস্থাশ্রমে আগমন করিবেন। কিন্তু যদি চিত্তের নিষ্কামতা বশত সংসার ধর্ম্মে প্রবৃত্তি না জন্মে, তাহা হইলে একেবারে বানপ্রস্থ আশ্রম অবলম্বন করিতে পারেন;

আশ্রমাদাশ্রমং গচ্ছেন্নান্যথা মৎপরশ্চরেৎ ॥ ৩২ ॥
গৃহার্থী সদৃশীং ভার্য্যামুদ্বহেদজুগুপ্সিতাং।
যবীয়সীন্তু বয়সা যাং সবর্ণামনুক্রমাৎ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

ব্রহ্মবিদ্) দ্বিজোত্তমশ্চেৎ প্রব্রজেৎ সন্ন্যাসাশ্রমং বিশেৎ, অপি আশ্রমাৎ আশ্রমং গচ্ছেৎ মৎপরঃ পুমান্ অন্যথা ন চরেৎ অনাশ্রমী ন ভবেৎ ॥ ৩২ ॥

গৃহার্থী সদৃশীং স্বানুরূপাং, অজুগুপ্সিসিতাং (কুলতোলক্ষণতশ্চ অনিন্দিতাং) বয়সা যবীয়সীং কনিষ্ঠাং, সবর্ণাং (যদ্বা) অনুক্রমাৎ বর্ণক্রমেণ তিস্রঃ এব ভার্য্যাং উদ্বহেৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

আশ্রমাদাশ্রমান্তরং গচ্ছেৎ অন্যথা অনাশ্রমী প্রতিলোমঞ্চ নাচরেদিত্যর্থঃ। অমৎপর ইতি বা ছেদঃ। স্বভক্তস্যাশ্রমনিয়মাভাবস্যাপেক্ষ বক্ষ্যমাণত্বাৎ ॥ ৩২ ॥

বিবাহনিয়মপূর্ব্বকং বর্ণধর্ম্মৈঃ সহ গৃহস্থধর্ম্মানাহ গৃহার্থীতি। সদৃশীং সবর্ণাং। অজুগুপ্সিতাং কুলতো লক্ষণতশ্চানিন্দিতাং। কামতস্ত্ব যামন্যামুদ্বহেৎ তাং সবর্ণামনু তস্যা অনন্তরং তত্রাপি বর্ণক্রমেণোদ্বহেদিত্যর্থঃ। তিস্রো বর্ণানুপূর্ব্বেণ দ্বে তথৈকা যথাক্রমং। ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং ভার্য্যাঃ স্বাঃ শূদ্রজন্মন ইতি স্মৃতেঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিত্যনুক্রমেণেত্যর্থঃ। নত্বন্যথা ব্যুৎক্রমেণ আশ্রমরাহিত্যেন বা ন চরেৎ। অমৎপর ইতি বা ছেদঃ। স্বভক্তস্যাশ্রমনিয়মাভাবস্য বক্ষ্যমাণত্বাদিতি স্বামিচরণাঃ। তেন ভগবদ্ভক্তস্য ব্যুৎক্রমেণাশ্রমিতয়া বা স্থিতৌ ন কোঽপি দোষ ইতি ভাবঃ ॥ ৩২ ॥

গৃহস্থধর্ম্মান্ বদন্নেব বর্ণধর্ম্মানপ্যাহ গৃহার্থীতি। যামন্যাং কামত উদ্বহেত্তামপি সবর্ণামনু। প্রথমমূঢ়ায়াঃ সবর্ণায়া অনন্তরমেব। তত্রাপি ক্রমাদেব বর্ণক্রমেণৈবোদ্বহেদিত্যর্থঃ। তিস্রো বর্ণানুপূর্ব্ব্যেণ দ্বে তথৈকা যথাক্রমং। ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং ভার্য্যাঃ স্বাঃ শূদ্রজন্মন ইতি স্মৃতেঃ ॥ ৩৩ ॥

শ্রমীভাবে কখন থাকা কর্ত্তব্য নহে। স্বীয় অধিকারানুরূপ আশ্রমকে অবলম্বন করা নিতান্তই প্রয়োজন ॥ ৩২ ॥

গৃহী হইতে হইলে সৎকুলসম্ভূতা লক্ষণযুতা চিত্তানুরূপা অল্পবয়স্কা সবর্ণা স্ত্রীর পাণিগ্রহণ করা কর্ত্তব্য। যদি কামত বনিতাভোগের বাসনা জন্মে, তাহা হইলে সবর্ণাকে বিবাহ করিবার পর বিপ্রাদি বর্ণত্রয় অসবর্ণা নিম্নশ্রেণীর কন্যাকেও কামপত্নীরূপে গ্রহণ করিতে পারিবেন ॥ ৩৩ ॥

আভাস।

কিম্বা চিত্ত যদি সম্পূর্ণ নির্ম্মল হইয়া থাকে, বানপ্রস্থোচিত কর্ম্মেরও প্রয়োজন না থাকে, তাহা হইলে ব্রহ্মচর্য্য হইতেই সন্ন্যাসাশ্রমে গমন করিতে পারেন। কারণ ব্রহ্মচর্য্যই সকল

ইজ্যাধ্যয়নদানানি সর্ব্বেষাঞ্চ দ্বিজন্মনাং।
প্রতিগ্রহোঽধ্যাপনঞ্চ ব্রাহ্মণস্যৈব যাজনং ॥ ৩৪ ॥
প্রতিগ্রহং মন্যমানস্তপস্তেজো যশোনুদং।
অন্যাভ্যামেব জীবেত শিলৈর্ব্বা দোষদৃক্ তয়োঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

ইজ্যাধ্যয়নদানানি সর্ব্বেষাং দ্বিজন্মনাং (ত্রৈবর্ণিকানাং আবশ্যকাঃ ধর্ম্মাঃ) যাজনং প্রতিগ্রহঃ অধ্যাপনং ত্রয়ং ব্রাহ্মণস্য এব বৃত্তিঃ ॥ ৩৪ ॥

প্রতিগ্রহং চেৎ তপস্তেজোযশোনুদং (তপসঃ তেজসঃ যশসশ্চবিঘাতকং) মন্যমানঃ স্যাৎ তদা শিলৈঃ (স্বামিত্যক্তৈঃ ক্ষেত্রপতিতৈঃ কণিশৈরেব জীবেৎ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

ইজ্যাদয়ঃ ত্রৈবর্ণিকানামাবশ্যকা ধর্ম্মাঃ প্রতিগ্রহাদিত্রয়স্তু বৃত্তিঃ সাচ ব্রাহ্মণস্যৈব ॥ ৩৪ ॥

তত্রাপি মুখ্যাং মুখ্যতমাকাঙ্ক্ষ্যাং বৃত্তিমাহ প্রতিগ্রহমিতি। তয়ো র্যাজনাধ্যাপনয়োরপি কার্পণ্যাদিদোষং পশ্যন্ শিলৈঃ স্বামিত্যক্তৈঃ ক্ষেত্রপতিতৈঃ কণিশৈঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইজ্যাদীনি ত্রীণি ত্রৈবর্ণিকানামাবশ্যককৃত্যানি। প্রতিগ্রহাদীনি ত্রীণি বৃত্তির্ব্রাহ্মণস্যৈব ॥ ৩৪ ॥

অন্যাভ্যাং যাজনাধ্যাপনাভ্যাং তয়োরপি দোষদৃক্ দোষঞ্চেৎ পশ্যেৎ তদা শিলৈঃ স্বামিত্যক্তৈঃ ক্ষেত্রপতিতৈঃ কণিশৈঃ ॥ ৩৫ ॥

যজ্ঞ, অধ্যয়ন ও দান এই তিনটী কার্য্য সাধারণত দ্বিজপদবাচ্য ব্রাহ্মণাদি বর্ণত্রয়েরই অবশ্য কর্ত্তব্য; যাজন, প্রতিগ্রহ ও অধ্যাপনা এই তিনটী কর্ম্ম কেবল ব্রাহ্মণের জীবিকা নির্ব্বাহার্থ আদিষ্ট হইয়াছে ॥ ৩৪ ॥

ব্রাহ্মণ যদি প্রতিগ্রহকে তপস্যা এবং ব্রহ্মতেজ ও যশের ব্যাঘাতকারী মনে করেন, তাহা হইলে যাজন ও অধ্যাপনা এই দুই বৃত্তি দ্বারাই তাঁহার জীবিকা নির্ব্বাহ করা বিধেয়; যদি এই বৃত্তিদ্বয় অবলম্বনেও দোষ দর্শন করেন, তবে ক্ষেত্রপতিত অস্বামিক শস্যাদি সংগ্রহরূপ শিলবৃত্তি অবলম্বনেই তাঁহার জীবিকা নির্ব্বাহ করা বিধেয় ॥ ৩৫ ॥

আভাস।

আশ্রমের মূল এবং জ্ঞানোপার্জ্জন ও চিত্তবশীভূত করিবার একটী উৎকৃষ্ট অবসর। যাঁহার ব্রহ্মচর্য্যে যথার্থ অধিকার ও ফললাভ হয়, তিনি উত্তরোত্তর সকল আশ্রমে অধিকৃত থাকিবার ফল একত্র লাভ করিয়া থাকেন, সন্দেহ নাই; তাঁহার পক্ষে ক্রমোন্নতির নিয়মে কোন প্রতিবন্ধক ঘটে না অতএব গুরুকুলে বাসকালীন বেদাধ্যয়ন ও যথাবিধি সদনুষ্ঠানে চিত্তকে বিনি যেরূপ

ব্রাহ্মণস্য তু দেহোঽয়ং ক্ষুদ্রকামায় নেষ্যতে।
কৃচ্ছ্রায় তপসে চেহ প্রেত্যানন্তসুখায় চ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

ব্রাহ্মণস্য অয়ং দেহঃ তু ক্ষুদ্রকামায় তুচ্ছবিষয়ভোগায়, ন ইষ্যতে যোগ্যো ভবতি; কিন্তু ইহ জীবদ্দশায়াং কৃচ্ছ্রায় বৃত্তিসংকোচাদিকষ্টায়, তপসে তত্ত্বালোচনায় চ; প্রেত্য মৃত্বা, অনন্ত-সুখায় মোক্ষায় যোগ্যো ভবতি ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

এবঞ্চ বৃত্তিকার্শ্যং ব্রাহ্মণেন সোঢ়ব্যমিত্যাহ ব্রাহ্মণস্যেতি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু বিপ্রঃ কথং স্বয়মেবং ক্লিশ্যেত্তত্রাহ ব্রাহ্মণস্যেতি কৃচ্ছ্রায় জীবিকাজনিতংকৃচ্ছ্রং প্রাপ্তুং ॥ ৩৬॥

কারণ ব্রাহ্মণের দেহ কখন অতি তুচ্ছ বিষয়-সম্ভোগের জন্য উৎপন্ন হয় নাই; তিনি বৃত্তির সংকোচ দ্বারা ক্লেশ সহকারে ইন্দ্রিয়াদির নিরোধ পূর্ব্বক তত্ত্বের আলোচনার্থই জন্ম পরিগ্রহ করিয়াছেন। এই ভোগদেহ পরিত্যাগের পর মোক্ষানন্দ তাঁহার জন্য প্রস্তুত থাকে, সন্দেহ নাই ॥ ৩৬ ॥

আভাস।

নির্ম্মল করিতে পারেন, তিনি সেই আশ্রমে অধিকারী হন; সমগ্র নিরোধে তাঁহাকে আশ্রম চতুষ্টয়ের অতীত জীবন্মুক্ত বলিয়া স্বীকার করিতে হইবে। কিন্তু ব্রহ্মচর্য্যে যদি ব্রাহ্মণ প্রকৃত ফল সঞ্চয়ে কৃতকার্য্য হইতে না পারেন, তাহা হইলে একে একে উত্তরোত্তর গৃহস্থ, বানপ্রস্থ ও সন্ন্যাস আশ্রমকে আশ্রয় করিতে হইবে। পূর্ব্ব আশ্রমকে অতিক্রম করিয়া উত্তর আশ্রমে যেন অগ্রসর না হন। কারণ পূর্ব্ব আশ্রমে যথাবিধি আশ্রিত থাকিলে, উত্তরাশ্রমে অধিকারী হন, নতুবা অক্ষরজ্ঞানহীন বালকের পক্ষে দর্শনশাস্ত্রের আলোচনার ন্যায়, অনধি-কারীর উত্তর ভূমিকাতে বরং বিপরীত ফলই প্রসূত হইয়া থাকে। এস্থলে ব্রহ্মচর্য্যের পর গার্হস্থ্য আশ্রমের উল্লেখ থাকায় ব্রহ্মচর্য্যের প্রতি ন্যূনতাদৃষ্টিতে আপাতত গৃহস্থগণ যেন কটাক্ষ না করেন। কারণ গৃহস্থাশ্রম বলিলে যাহা বুঝায়, অধিকাংশ গৃহী তাহা স্বপ্নেও ধারণা করিতে পারেন না। ব্রহ্মচর্য্য অবলম্বনে বহুকাল গুরুগৃহে বাস করত বেদোপনিবদ্ধ ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষপ্রদ যে অনুপম জ্ঞান ব্রহ্মচারী লাভ করেন, তাহার পরীক্ষাপূর্ণ অভ্যাস এই গৃহস্থাশ্রমেই পরিদৃষ্ট হয়। নতুবা অতি নিকৃষ্ট তির্য্যক্ যোনিলভ্য কেবল আহার বিহারই গৃহস্থাশ্রম বলিয়া কথন কীর্ত্তিত নহে। আহার ও বিহারাদি উক্ত আশ্রমের একটী আনু-ষঙ্গিক ব্যাপার মাত্র। তাহাতে যথাবর্ণ ও যথাধর্ম্মের অন্যথা করিলে, গৃহস্থাশ্রম পাশবাশ্রমে পরিণত হয় এবং তদ্দ্বারা ধর্ম্ম সঞ্চয়ের পরিবর্ত্তে ঘোর নরকই প্রতিপাদিত হয়, সন্দেহ নাই। সকল বর্ণই ধর্ম্মরক্ষার্থ সবর্ণা কন্যাকে পত্নীত্বে পরিগ্রহ করিবেন; কারণ তাঁহার সাহায্যে

শিলোঞ্ছবৃত্ত্যা পরিতুষ্টচিত্তো ধর্ম্মং মহান্তং বিরজং জুষাণঃ।
ময্যর্পিতাত্মা গৃহ এব তিষ্ঠন্ নাতিপ্রসক্তঃ সমুপৈতি শান্তিং ॥ ৩৭ ॥
সমুদ্ধরন্তি যে বিপ্রং সীদন্তং মৎপরায়ণং।

অন্বয়ঃ।

শিলোঞ্ছবৃত্ত্যা (শিলং ক্ষেত্রপতিতধান্যাদিসংগ্রহঃ, উঞ্ছং বিপণাদিপতিতকণোপাদানং তাভ্যাং যা বৃত্তিঃ তয়া) পরিতুষ্টচিত্তঃ বিরজং নিষ্কামং মহান্তং আতিথ্যাদিপূর্ব্বকং ধর্ম্মং জুষাণঃ সেবমানঃ, ময়ি অর্পিতাত্মা গৃহে তিষ্ঠন্ অপি ন অতিপ্রসক্তঃ এব পুরুষঃ শান্তিং সমুপৈতি প্রাপ্নোতি ॥ ৩৭ ॥

মৎপরায়ণং সীদন্তং বৃত্তিসংকোচাৎ ক্লিশ্যন্তং বিপ্রং যে (সধনাঃ জনাঃ বৃত্তিসম্পাদনেন)

শ্রীধরস্বামী।

উঞ্ছবৃত্তির্নাম বিপণ্যাদিপতিতকণোপাদানং তাং শিলবৃত্ত্যা একীকৃত্য তয়া তুষ্টচিত্তস্য মোক্ষং ফলমাহ শিলোঞ্ছেতি। মহান্তং আতিথ্যাদিলক্ষণং বিরজং নিষ্কামং মোক্ষহেতুত্বাৎ জুষমাণঃ গৃহ এব গৃহাশ্রম এব নাতিপ্রসক্তঃ অতিশয়েন রাগমকুর্ব্বন্ শান্তিমুপৈতি মোক্ষাধিকারী ভবতি ॥ ৩৭ ॥

এবমধনস্য মহৎ ফলমুক্ত্বা সধনানামপ্যাহ ত্রিভিঃ। সমুদ্ধরন্তি দারিদ্র্যাদুত্তারয়ন্তি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উঞ্ছবৃত্তির্নাম বিপণাদিপতিতস্য কণস্যোপাদানং মহান্তমাতিথ্যাদিলক্ষণং ধর্ম্মং ॥ ৩৭ ॥

তাদৃশং বিপ্রং ভক্ত্যা ধনবিতরণেন সেবমানানাং ফলমাহ সমুদ্ধরন্তীতি। বিপ্রমিত্যুপ-

---

পূর্ব্বোক্ত শিলবৃত্তি এবং হট্টাদিতে পরিত্যক্ত কণিশ সংগ্রহে জীবিকা নির্ব্বাহরূপ উঞ্ছবৃত্তিতে পরিতুষ্টচিত্ত নিষ্কাম ব্রাহ্মণ দুষ্কর আতিথ্যসংকারাদি ধর্ম্মের অনুশীলনে ভগবানে চিত্ত সমর্পণ পূর্ব্বক গৃহে অবস্থান করিলেও তাঁহাদের চিত্ত বিষয়ে কখন বিশেষরূপে আসক্ত হয় না; তাঁহারা অনায়াসে পরম শান্তি লাভ করেন, সন্দেহ নাই ॥ ৩৭ ॥

আভাস।

অনুকূল ধর্ম্মবৃত্তি ও শক্তির সঞ্চারে পুরুষের স্বকীয় ধর্ম্মপ্রবৃত্তির উত্তরোত্তর উন্নতিই সাধিত হইয়া থাকে। যদি কাম-চরিতার্থের জন্য নিতান্তই বাসনা হয়, তাহা হইলে সবর্ণা পরিণয়ের পর নিম্নশ্রেণীর অসবর্ণাকেও বিবাহ করিতে পারেন; ব্রাহ্মণ ব্রাহ্মণীকে প্রথম বিবাহ করিয়া অসবর্ণা ক্ষত্রিয়াণী ও বৈশ্যাকে কাম বশত পত্নীরূপে গ্রহণ করিতে পারেন; ক্ষত্রিয় ক্ষত্রিয়াণী ও বৈশ্যা এবং বৈশ্য এক বৈশ্যাকে মাত্র বিবাহ করিতে পারেন। এবং শূদ্র কেবল শূদ্র কন্যাকে বিবাহ করিবেন। ভোগাসক্তির নিবারণ পূর্ব্বক মোক্ষাসক্তির বৃদ্ধি যে যে উপায়ে সাধিত হয়, তাহাই এস্থলে বর্ণাশ্রমক্রমে নিরূপিত হইয়াছে ॥ ৩১—৩৭ ॥

তানুদ্ধরিষ্যে নচিরাদাপদ্ভ্যো নৌরিবার্ণবাৎ ॥ ৩৮ ॥
সর্ব্বা সমুদ্ধরেদ্রাজা পিতেব ব্যসনাৎ প্রজাঃ।
আত্মানমাত্মনা ধীরো যথা গজপতির্গজান্ ॥
এবম্বিধো নরপতির্বিমানেনার্কবর্চ্চসা।
বিধূয়েহাশুভং কৃৎস্নমিন্দ্রেণ সহ মোদতে ॥ ৩৯ ॥
সীদন্ বিপ্রো বণিগ্‌বৃত্ত্যা পণ্যৈরেবাপদং তরেৎ।

অন্বয়ঃ।

সমুদ্ধরন্তি জীবয়ন্তি, তান্ অর্ণবাৎ নৌঃ ইব অচিরাৎ শীঘ্রমেব আপদ্ভ্যঃ উদ্ধরিষ্যে ॥ ৩৮ ॥

এবম্বিধঃ নরপতিঃ রাজা ইহ জন্মনি এব কৃৎস্নং অশুভং প্রতিবন্ধকং পাপং বিধূয় নিরস্য অর্কবর্চ্চসা (অর্কস্য ইব বর্চ্চঃ তেজঃ যস্য তেন) বিমানেন (স্বর্গং গত্বা) ইন্দ্রেণ সহ মোদতে (সুখং অনুভবতি) ॥ ৩৯ ॥

সীদন্ (শিলোঞ্ছপ্রতিগ্রহাদিভ্যোনির্ব্বাহাভাবেন ক্লিশ্যন্) বিপ্রঃ বণিক্‌বৃত্ত্যা পণ্যৈঃ (ক্রেয়-

শ্রীধরস্বামী।

বিপ্রমিত্যুপলক্ষণং মৎপরায়ণং কমপি ॥ ৩৮ ॥

রাজ্ঞস্ত্বাবশ্যকমেতদিত্যাহ সর্ব্বা ইতি ॥ ৩৯ ॥

সর্ব্বেষামাপদ্বৃত্তিরাহ ত্রিভিঃ। পণ্যৈর্বিক্রেয়ার্হৈঃ ন তু সুরালবণাদ্যৈঃ তত্রাপ্যাপদাক্রান্তশ্চেৎ খড়্গেন ক্ষত্রিয়বৃত্ত্যা বা যদ্যপি গৌতমোঽনন্তরাং পাপিয়সীং বৃত্তিমাতিষ্ঠেদিতি স্মরন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লক্ষণং। মৎপরায়ণং মদ্ভক্তং যৎ কিমপি ॥ ৩৮ ॥

রাজ্ঞোঽপি ধর্ম্মমাহ সর্ব্বা ইতি। ধীরো ধৈর্য্যযুক্তো রাজা ॥ ৩৯ ॥

সর্ব্বেষামাপদ্বৃত্তীরাহ সীদন্নিতি ত্রিভিঃ। পণ্যৈর্বিক্রেয়ার্হৈরেব নতু সুরালবণাদ্যৈঃ। আপদাক্রান্তো বিপদ্গ্রস্তঃ। খড়্গেন বেতি যদ্যপি গৌতমোঽনন্তরাং পাপীয়সীং বৃত্তিমাতিষ্ঠেদিতি

ঈশ্বরপরায়ণ ব্যক্তি এই প্রকারে বৃত্তিসংকোচ বশত প্রায়ই অন্নকষ্ট পাইয়া থাকেন; কিন্তু যে ধনবান্ ব্যক্তি তাদৃশ ভক্তের অন্নকষ্ট নিবারণ করেন, আমি তাদৃশ অর্থশালী ব্যক্তিকে সমুদ্রপতিত নৌকার ন্যায়, এই বিষম ভবসমুদ্র হইতে অনায়াসে রক্ষা করি ॥ ৩৮ ॥

ভক্তসেবী এই প্রকার নরপতি এই জন্মেই যাবতীয় পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া দিবাকর সদৃশ অতুল তেজোবিশিষ্ট বিমানে আরোহণ পূর্ব্বক স্বর্গলোকে গমন করিয়া ইন্দ্রের সহিত সুখসম্ভোগ করেন ॥ ৩৯ ॥

ব্রাহ্মণ যদি কোনরূপ বিপদে পতিত হইয়া যজনাদি স্বীয় বর্ণোচিত বৃত্তির দ্বারা জীবিকা নির্ব্বাহে অসমর্থ হন, তাহা হইলে বণিগ্‌বৃত্তি অবলম্বনে সুরা

খড়্গেন বাপদাক্রান্তো নশ্ববৃত্ত্যা কথঞ্চন ॥ ৪০ ॥
বৈশ্যবৃত্ত্যাতু রাজন্যো জীবেন্মৃগয়য়াপদি।
চরেদ্বা বিপ্ররূপেণ ন শ্ববৃত্ত্যা কথঞ্চন ॥ ৪১ ॥
শূদ্রবৃত্তির্ভবেদ্বৈশ্যঃ শূদ্রঃ কারুকটক্রিয়াং।

অন্বয়ঃ।

বিক্রয়াদিব্যবহারার্হৈঃ এব নতু সুরালবণাদিনিষিদ্ধৈঃ এব) আপদং তরেৎ তত্রাপি আপদক্রান্তঃ চেৎ খড়্গেন ক্ষত্রিয়বৃত্ত্যা আপদং তরেৎ। অপিতু শ্ববৃত্ত্যা নীচসেবয়া তু কথঞ্চন ন জীবেৎ ॥৪০

রাজন্যঃ ক্ষত্রিয়ঃ, তু আপদি বৈশ্যবৃত্ত্যা কৃষ্যাদিনা, তত্রাপি মৃগয়য়া বিচরেৎ জীবেৎ বা বিপ্ররূপেণ অধ্যাপনাদিনা, বা চরেৎ; শ্ববৃত্ত্যা তু কথঞ্চন ন জীবেৎ ॥ ৪১ ॥

(আপদি) বৈশ্যঃ তু শূদ্রবৃত্তিং ত্রৈবর্ণিকসেবাং, ভজেৎ। শূদ্রঃ কারুকটক্রিয়াং (কারবঃ প্রতিলোমজবিশেষাঃ বরুড়াদয়ঃ তেষাং বৃত্তিং কট নির্ম্মাণাদিক্রিয়াং ভজেৎ। কৃচ্ছ্রাৎ আপদঃ

শ্রীধরস্বামী।

খড়্গাধারণং পণ্যবিক্রয়াৎ শ্রেষ্ঠং মন্যতে তথাপি হিংসাতো বণিগ্বৃত্তিরেব শ্রেষ্ঠেতি ভগবতো মতং নতু শ্ববৃত্ত্যা নীচসেবয়া ॥ ৪০ ॥

তত্রাপ্যাপদি মৃগয়য়া বিপ্ররূপেণ বা অধ্যাপনাদিনা ॥ ৪১ ॥

কারবঃ প্রতিলোমজবিশেষাঃ বরুড়াদয়ঃ তেষাং বৃত্তিং কটকাদিক্রিয়াং আপত্ত্তীর্ণস্তু নানু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্মরন্ খড়্গাধারণং পণ্যবিক্রয়াৎ শ্রেষ্ঠং মন্যতে তদপি হিংসাতো বণিগ্‌বৃত্তিরেব শ্রেষ্ঠেতি ভগবতো মতং। নতু শ্ববৃত্ত্যা নীচসেবয়া ॥ ৪০ ॥

বিপ্ররূপেণ অধ্যাপনাদিনা ॥ ৪১ ॥

বা লবণদি অবৈধ দ্রব্য ব্যতীত অন্য কোন উপযুক্ত সামগ্রীর ব্যবসার দ্বারা সংসারযাত্রা নির্ব্বাহ করিতে পারেন; অথবা অস্ত্রধারণে ক্ষত্রিয়ের বৃত্তি স্বীকার করিয়াও আপদ্‌কাল অতিক্রম করিবেন; তথাপি কুক্কুরের ন্যায় অতি নীচ দাসত্ব কর্ম্মে যেন কখন অগ্রসর না হন ॥ ৪০ ॥

ক্ষত্রিয়ও যদি ঐ প্রকার দুরবস্থাগ্রস্ত হন, তাহা হইলে বৈশ্যবৃত্তি অবলম্বনে বা কেবল মৃগয়ার দ্বারাও বরং জীবিকা নির্ব্বাহ করিতে পারেন; অধিক কি! ব্রাহ্মণের বৃত্তি অধ্যাপনাদি স্বীকার করিয়াও তাঁহার জীবিকা সংগ্রহ করা শ্রেয়ঃ; তথাপি নীচ সেবার দ্বারা অন্নসংগ্রহ করা কোন মতে বিধেয় নহে ॥ ৪১ ॥

আপদ্ কালে বৈশ্য শূদ্রবৃত্তি অবলম্বনে জীবিকা নির্ব্বাহ করিবে এবং শূদ্র কারুবৃত্তি স্বীকারে কটাদি নির্ম্মাণের দ্বারা জীবিকা সঞ্চয় করিবে; কিন্তু

কৃচ্ছ্রান্মুক্তো ন গর্হ্যেণ বৃত্তিং লিপ্সেত কর্ম্মণা ॥ ৪২ ॥
বেদাধ্যায়স্বধাস্বাহাবল্যন্নাদ্যৈর্যথোদয়ং।
দেবর্ষিপিতৃভূতানি মদ্রূপাণ্যন্বহং যজেৎ ॥ ৪৩ ॥
যদৃচ্ছয়োপপন্নেন শুক্লেনোপার্জ্জিতেন বা।
ধনেনাপীড়য়ন্ ভৃত্যান্ন্যায়েনৈবাহরেৎ ক্রতূন্ ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

কৃচ্ছ্র গর্হ্যেণ নিন্দিতেন, কর্ম্মনা বৃত্তিং ন লিপ্সেত সম্পাদয়িতুং ইচ্ছেৎ ॥ ৪২ ॥

বেদাধ্যায়-স্বধা-স্বাহা-বল্যন্নাদ্যৈঃ মদ্রূপাণি দেবর্ষিপিতৃভূতানি যথোদয়ং বিভবানুসারতঃ, অন্বহং প্রত্যহং, গৃহস্থঃ যজেৎ (তদ্ যথা বেদাধ্যয়নেন ঋষীন, স্বধয়া পিতৄন, স্বাহাকারেণ দেবান্ বলিপ্রদানেন ভূতানি, অন্নাদ্যৈঃ অন্নোদকাদিভিঃ মনুষ্যানিতি) ॥ ৪৩ ॥

যদৃচ্ছয়া উদ্যমং বিনা, উপপন্নেন প্রাপ্তেন, উপার্জ্জিতেন স্ববৃত্ত্যা লব্ধেন, শুক্লেন শুদ্ধেন, ধনেন ভৃত্যান্ পোষ্যান্, অপীড়য়ন্ ন্যায়েন উপার্জ্জিতেন ধনেন ক্রতূন যজ্ঞান্, আহরেৎ অনুতিষ্ঠেৎ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

কষ্টেন বর্ত্তেতেত্যাহ কৃচ্ছ্রাদিতি ॥ ৪২ ॥

তদেবং বৃত্তিব্যবস্থামুক্ত্বা পুনর্গৃহস্থস্যাবশ্যকান পঞ্চযজ্ঞনাহ। বেদাধ্যয়নং ব্রহ্মযজ্ঞঃ তেন ঋষীন্। স্বধাকারেণ পিতৄন। স্বাহাকারেণ দেবান্। বলিহরণেন ভূতানি। অন্নাদ্যৈরন্নোদকাদিভি মনুষ্যানিতি জ্ঞাতব্যং। যথোদয়ং বিভবানুসারতঃ। তেষু ঈশ্বরদৃষ্টিং বিধত্তে মদ্রূপাণীতি ॥ ৪৩ ॥

আবশ্যকং ধর্ম্মমুক্ত্বা শক্ত্যনুসারং ধর্ম্মমাহ। যদৃচ্ছয়া উদ্যমং বিনা। উপার্জ্জিতেন শুক্লেন স্ববৃত্ত্যা লব্ধেন শুদ্ধেন ধনেন বা। ভৃত্যান্ পোষ্যান্ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃচ্ছ্রান্মুক্তঃ সর্ব্ব এব ॥ ৪২ ॥

আপদ্বৃত্তিব্যবস্থামুক্ত্বা পুনর্গৃহাশ্রমধর্ম্মানাহ পঞ্চভিঃ। বেদাধ্যয়নেন ঋষীন্ স্বধাকারেণ পিতৄন্ স্বাহাকারেণ দেবান্ বলিহরণেন ভূতানি অন্নোদকাদ্যৈর্মনুষ্যান্ যথোদয়ং যথাবিভূতি যজেৎ। তেষ্বপীশ্বরদৃষ্টিং বিধত্তে মদ্রূপাণীতি ॥ ৪৩ ॥

অনাবশ্যকান ধর্ম্মনাহ যদৃচ্ছয়েতি ॥ ৪৪ ॥

বিপদ্ কাল অতীত হইবা মাত্র আর তাদৃশ নিকৃষ্ট ও নিন্দিত কর্ম্মের দ্বারা জীবন যাপনের চেষ্টা যেন না করা হয় ॥ ৪২ ॥

গৃহস্থগণ পঞ্চযজ্ঞের অনুষ্ঠানার্থ বেদাধ্যয়নরূপ ব্রহ্মযজ্ঞের দ্বারা ঋষিগণকে, স্বধারূপ শ্রাদ্ধের দ্বারা পিতৃলোককে, স্বাহারূপ হোমের আচরণে দেবগণকে, বলিপ্রদানে ভূতগণকে এবং অন্নপানাদি প্রদানে মনুষ্যগণকে

কুটুম্বেষু ন সজ্জেত ন প্রমাদ্যেৎ কুটুম্ব্যপি।
বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ ॥ ৪৫ ॥
পুত্রদারাপ্তবন্ধূনাং সঙ্গমঃ পান্থসঙ্গমঃ।
অনুদেহং বিয়ন্ত্যেতে স্বপ্নো নিদ্রানুগো যথা ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

কুটুম্বী অপি গৃহস্থঃ কুটুম্বেষু ন সজ্জেত, ন প্রমাদ্যেৎ (ঈশ্বরনিষ্ঠায়াং ন প্রমত্তো ভবেৎ)। দৃষ্টবৎ অদৃষ্টং স্বর্গাদিকং, অপি বিপশ্চিৎ জ্ঞানবান্, নশ্বরং পশ্যেৎ ॥ ৪৫ ॥

পুত্রদারাপ্তবন্ধূনাং সংগমঃ পান্থসংগমঃ ইব। যতঃ নিদ্রানুগঃ নিদ্রানুবর্ত্তী স্বপ্নঃ যথা তথা এতে পুত্রাদয়ঃ অনুদেহং প্রতিদেহং, বিয়ন্তি নশ্যন্তি ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

গৃহস্থস্যাপি নিবৃত্তিনিষ্ঠামেবাহ কুটুম্বেম্বিতি ত্রিভিঃ। ন প্রমাদ্যেৎ ঈশ্বরনিষ্ঠায়াং প্রমত্তো ন ভবেৎ। নন্ দৃষ্টাদৃষ্টার্থকর্ম্মাসক্তস্য। কথমপ্রমাদঃ বিচারেণেত্যাহ বিপশ্চিদিতি ॥ ৪৫ ॥

তত্রাপি দৃষ্টেষাসক্তেরধিকত্বাত্তেষাং নশ্বরত্বং প্রপঞ্চয়তি পুত্রাদীনামেকত্রসঙ্গমঃ পান্থানাং প্রপায়াং সঙ্গম ইব তত্র হেতুঃ অনুদেহং প্রতিদেহমেতে বিয়ন্তি নশ্যন্তি নিদ্রানুবর্ত্তী স্বপ্নো নিদ্রাপায়ে যথেতি ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মস্বনাসক্তস্য জ্ঞানিগৃহস্থস্য ধর্ম্মানাহ কুটুম্বেম্বিতি চতুর্ভিঃ। অনাসক্তোঽপি ভগবৎ-স্মরণাদৌ ন প্রমাদ্যেৎ। কুটুম্ব্যপি নশ্বরং পশ্যেৎ দৃষ্টবৎ দৃষ্টং ঐহিকং নশ্বরমিব অদৃষ্টং পারলৌকিকমপি নশ্বরং পশ্যেৎ। উভয়ত্রাপি নিস্পৃহো ভবেদিতি ভাবঃ ॥ ৪৫ ॥

পান্থসঙ্গমঃ পান্থানাং প্রপায়াং সঙ্গমতুল্যঃ। অনুদেহং প্রতিদেহং বিয়ন্তি মমতাস্পদীভূতাঃ পুত্রাদয়ো নশ্যন্তি নিদ্রানুগো নিদ্রানুবর্ত্তী স্বপ্নো যথেতি নশ্বরত্বাংশে দৃষ্টান্তঃ। মমতাস্পদত্বস্য মিথ্যাত্বাম্মিথ্যাত্বে বা ॥ ৪৬ ॥

আমারই স্বরূপজ্ঞানে যেন নিত্য অর্চ্চনা করেন। ৪৩ ॥

কোন প্রকার অভিসন্ধি বা উদ্যম ব্যতীত নিজের বৃত্তির দ্বারা যে ধন সংগ্রহ করা যায়, তদ্দ্বারা পোষ্যবর্গের উপযুক্তরূপ ভরণপোষণ নির্ব্বাহ করিয়া উদ্বৃত্ত ধনের দ্বারা যজ্ঞের অনুষ্ঠান করিবেন। কিন্তু যজ্ঞনির্ব্বাহার্থ ধন-সঞ্চয়ের উদ্দেশে যেন, পোষ্যবর্গের জীবিকায় ক্লেশ দেওয়া না হয় ॥ ৪৪ ॥

এদিকে আবার পুত্রকলত্রাদি পরিজনে পরিবেষ্টিত বলিয়াই যে, অনন্য-মনে তাহাদের প্রতিই আসক্ত হইয়া পরমার্থচিন্তনে উদাসীন হইবেন, তাহাও নহে; এবং স্বর্গাদি পারলৌকিক সুখকেও ঐহিকের ন্যায় অকিঞ্চিৎকর-জ্ঞানে বুদ্ধিমান্ ব্যক্তি সতত বিবেচনা পূর্ব্বক কার্য্য করিবেন ॥ ৪৫ ॥

ইত্থং পরিমৃষন্ মুক্তো গৃহেষ্বতিথিবদ্বসন্।
ন গৃহৈরনুবধ্যেত নির্ম্মমো নিরহঙ্কৃতঃ॥ ৪৭॥
কর্ম্মভির্গৃহমেধীয়ৈরিষ্ট্বা মামেব ভক্তিমান্।
তিষ্ঠেদ্বনং বোপবিশেৎ প্রজাবান্ বা পরিব্রজেৎ॥ ৪৮॥

অন্বয়ঃ।

ইত্থং (দৃষ্টাদৃষ্টয়োরনিত্যতাং) পরিমৃষন্ নির্ম্মমঃ নিরহঙ্কৃতঃ মমাহমিতিভিমানরহিতঃ গৃহী অতিথিবৎ গৃহেষু বসন্ গৃহৈঃ ন অনুবধ্যেত অপিতু মুক্তো ভবতি॥ ৪৭॥

সঃ ভক্তিমান মাং এব গৃহমেধীয়ৈঃ গৃহস্থস্য বিহিতৈঃ, কর্ম্মভিঃ, মাং ইষ্ট্বা আরাধ্য, যথাসুখং গৃহে এব প্রজাবান্ তিষ্ঠেৎ, যথেষ্টং বনং বা উপবিশেৎ বনস্থঃ ভবেৎ, পরিব্রজেৎ সন্ন্যাসী বা ভবেৎ॥ ৪৮॥

শ্রীধরস্বামী।

অতিথিবৎ উদাসীনঃ॥ ৪৭॥

অস্যাপ্যাশ্রমবিকল্পমাহ কর্ম্মভিরিতি। গৃহাশ্রম এব তিষ্ঠেৎ। যদি প্রজাবান্ তর্হি পরিব্রজেৎ॥ ৪৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুক্তঃ অনাসক্তঃ॥ ৪৭॥

তত্রাপি জ্ঞানে স্পৃহাবতস্তথা ভক্ত্যবকাশপ্রাপ্ত্যর্থং কলত্রপুত্রাদিপ্রতারকস্য ভক্তস্য বা আশ্রমবিকল্পমাহ কর্ম্মভিরিতি॥ ৪৮॥

স্ত্রী, পুত্র, বন্ধু ও বান্ধবগণের সমাগমকে পান্থনিবাসের ন্যায় ক্ষণস্থায়ী ও অস্থির বিবেচনা করিয়া, তাহাদের প্রতি অত্যাসক্তি বিসর্জ্জন করাই কর্ত্তব্য; কারণ স্বপ্ন যেমন নিদ্রারই অনুগমন করে, পরিজনবর্গও সেইরূপ তাহাদের ক্ষণস্থায়ী দেহেরই অনুগমন করিয়া থাকে, সন্দেহ নাই॥ ৪৬॥

এই প্রকারে বিশেষ বিবেচনা পূর্ব্বক বিষয়ের মমতা ও দেহাদিতে অহঙ্কার পরিত্যাগ করত, যে ব্যক্তি অতিথির ন্যায় স্বকীয় গৃহে জীবন্মুক্তভাবে অবস্থান করেন, তিনি আর সংসারজালে কখন জড়ীভূত হন না॥ ৪৭॥

ভক্তিমান্ গৃহাশ্রমী এই প্রকারে গৃহস্থাশ্রমপ্রোক্ত কর্ম্মকলাপের দ্বারা ভূতভাবন আমার আরাধনা করিয়া সন্তান সন্ততিসহ গৃহেই বাস করুন, বা বানপ্রস্থাশ্রম অবলম্বনে বনেই গমন করুন বা সন্ন্যাস অবলম্বন করুন! সকলই তাঁহার পক্ষে তুল্য ফলপ্রদ। কিন্তু পুত্রবান্ হইলে, সন্ন্যাস গ্রহণই শ্রেয়ঃ॥৪৮

কিন্তু যে ব্যক্তি আসক্তি বশত পুত্রবিত্তাদির স্নেহে নিতান্ত আকৃষ্ট হয়, তাদৃশ নারীপরতন্ত্র কুণ্ঠিতহৃদয় মানব "আমি ও আমার" এই মূর্খতার

যস্ত্বাসক্তমতির্গেহে পুত্রবিত্তৈষণাতুরঃ।
স্ত্রৈণঃ কৃপণধীর্মূঢ়ো মমাহমিতি বধ্যতে ॥ ৪৯ ॥
অহো মে পিতরৌ বৃদ্ধৌ ভার্য্যা বালাত্মজাত্মজাঃ।
অনাথা মামৃতে দীনাঃ কথং জীবন্তি দুঃখিতাঃ ॥ ৫০ ॥
এবং গৃহাশয়াক্ষিপ্তহৃদয়ো মূঢ়ধীরয়ং।

অন্বয়ঃ।

গেহে গৃহোপলক্ষিতবিষয়ে, তু যঃ আসক্তমতিঃ পুত্রবিত্তৈষণাতুরঃ (পুত্রাদীনাং এষণাভিঃ আতুরঃ ব্যাকুলঃ) স্ত্রৈণঃ স্ত্রীবশ্যঃ, কৃপণধীঃ (কৃপণা দীনা ধীর্যস্য সঃ) মূঢ়ঃ জনঃ মমাহং ইতি অভিমানেন বধ্যতে ॥ ৪৯ ॥

অহো মে পিতরৌ বৃদ্ধৌ বালাত্মজা (বালাঃ আত্মজাঃ যস্যাঃ সা) আত্মজাঃ চ মাং ঋতে অনাথাঃ রক্ষকহীনাঃ, অতএব দীনাঃ দুঃখিতাঃ চ কথং জীবন্তি ॥ ৫০ ॥

এবং গৃহাশয়া বাসনাবিশেষেণ, আক্ষিপ্তহৃদয়ং (আক্ষিপ্তং বিক্ষিপ্তং হৃদয়ং চিত্তং যস্য সঃ) মূঢ়ধীঃ (মূঢ়া মোহিতা ধীঃ যস্য সঃ) অয়ং অতৃপ্তঃ অলব্ধতৃপ্তিঃ জনঃ, তান্ গৃহাদিবিষয়ান্ এব

শ্রীধরস্বামী।

গৃহাদ্যাসঙ্গদোষমাহ যস্ত্বিতি ত্রিভিঃ ॥ ৪৯ ॥

বধ্যমেবাভিনয়েন দর্শয়তি অহো ইতি। বালা আত্মজা যস্যাঃ সা আত্মজাশ্চ মাং বিনা অনাথাঃ কথং জীবন্তীতি ॥ ৫০ ॥

গৃহে য আশয়ো বাসনা তেন আ সর্ব্বতঃ ক্ষিপ্তং হৃদয়ং যস্য সঃ। অন্ধং তমং অতি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহাদ্যাসঙ্গ দোষমাহ যস্ত্বিতি ত্রিভিঃ ॥ ৪৯ ॥

বধ্যমেবাভিনয়েন দর্শয়তি অহো ইতি। বাল একো মাসিক আত্মজো যস্যাঃ সা। অহো মদ্বিরহিতা পারক্যপোষণাদিরক্তাপি জীবিতুমসমর্থেতি ভাবঃ। আত্মজাদ্বিত্রবার্ষিকাঃ প্রজাশ্চ

চিন্তাতেই আবদ্ধ হয়, সন্দেহ নাই। ৪৯ ॥

তাহারা মনে করে, অহো! আমার জনকজননী নিতান্তই প্রাচীন; বনিতাও শিশুসন্তানবিশিষ্টা; পুত্রকন্যাগণ এখনও উপযুক্ত হয় নাই; তাহারা সকলে আমার অভাবে দীন দুঃখী অনাথের ন্যায় কি প্রকারে জীবন-যাত্রা নির্ব্বাহ করিবে? ॥ ৫০ ॥

এই প্রকারে গৃহচিন্তায় নিতান্ত আসক্তচিত্ত বিবেকহীন মানব গৃহস্থাশ্রমে অতৃপ্তের ন্যায়, নিরন্তর পুত্রকলত্রাদির চিন্তায় ক্রমশ কালগ্রাসে যখন পতিত হয়, তখন মরণান্তে যে ঘোর অন্ধতম নরকে প্রবেশ করিবে, তাহাতে আর কিছুমাত্র সন্দেহ নাই! ॥ ৫১ ॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

অতৃপ্তস্তাননুধ্যায়ন্ মৃতোঽন্ধং বিশতে তমঃ ॥ ৫১ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে বর্ণাশ্রমবিভাগো নাম সপ্তদশোঽধ্যায়ঃ ॥

শ্রীভগবানুবাচ ॥

বনং বিবিক্ষুঃ পুত্রেষু ভার্য্যাং ন্যস্য সহৈব বা ।
বন এব বসেচ্ছান্তস্তৃতীয়ং ভাগমায়ুষঃ ॥ ১ ॥

অন্বয়ঃ ।

অনুধ্যায়ন্ মৃতঃ সন্ অন্ধং তমঃ তামসীং যোনিং বিশতে প্রাপ্নোতি ॥ ৫১ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তদশোঽধ্যায়ঃ ॥

শ্রীভগবান্ উবাচ। বনং বিবিক্ষুঃ গৃহী, ভার্য্যাং পুত্রেষু ন্যস্য বা ভার্য্যয়া সহ এব আয়ুষঃ তৃতীয়ং ভাগং পঞ্চসপ্ততিবর্ষপর্য্যন্তং, শান্তঃ জিতেন্দ্রিয়ঃ, সন্ বনে এব বসেৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী ।

তামসীং যোনিং ॥ ৫১ ॥

॥ * ॥ ইত্যেকাদশে সপ্তদশঃ ॥ * ॥

অষ্টাদশেঽবদদ্ধর্ম্মং বনস্থযতিগোচরং ।
অধিকারবিশেষেণ বিশেষঞ্চাপি তদ্গতং ॥ * ॥

ক্রমপ্রাপ্তান্ বানপ্রস্থধর্ম্মানাহ বনমিতি আয়ুষস্তৃতীয়ভাগং পঞ্চসপ্ততিবর্ষপর্য্যন্তং ততঃ পরং ক্ষীণেন্দ্রিয়স্য ঈষদ্বিরাগেঽপি সন্ন্যাসাধিকারঃ স্যাদিতি ভাবঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মাং বিনা অনাথাঃ কথং জীবিষ্যন্তীতি ॥ ৫০ ॥ ৫১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
একাদশে সপ্তদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অষ্টাদশেঽব্রবীদ্ধর্ম্মং বনস্থন্যাসিনোঃ ক্রমাৎ ।
তত্ত্বস্যানাশ্রমিত্বঞ্চ ধর্ম্মং সাধারণং তথা ॥ * ॥

ক্রমপ্রাপ্তান্ বনস্থধর্ম্মানাহ বনমিতি। আয়ুষস্তৃতীয়ং ভাগং পঞ্চসপ্ততিবর্ষপর্য্যন্তং ততঃ পরং সন্ন্যাসেঽধিকারঃ ॥ ১ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে উদ্ধব! বানপ্রস্থাশ্রমে গমন করিতে হইলে গৃহী ভার্য্যার রক্ষণাবেক্ষণ ও ভরণপোষণের ভার পুত্রের হস্তে ন্যস্ত করিয়া যাইবেন; অথবা পত্নীকে সমভিব্যাহারে লইয়া অরণ্যবাসে জীবনের তৃতীয়াংশ

আভাস ।

অষ্টাদশ অধ্যায়ে বানপ্রস্থ ও যতিধর্ম্মনির্ণয় পূর্ব্বঃসর অধিকার বিশেষে ধর্ম্মের বিশেষ বর্ণন করা হইয়াছে ॥

কন্দমূলফলৈর্বন্যৈর্মেধ্যৈর্বৃত্তিং প্রকল্পয়েৎ।
বসীত বল্কলং বাসস্তৃণপর্ণাজিনানি বা ॥ ২ ॥
কেশলোমনখশ্মশ্রুমলানি বিভৃয়াদ্দতঃ।
ন ধাবেদপ্সু মজ্জেত ত্রিকালং স্থণ্ডিলেশয়ঃ ॥ ৩ ॥
গ্রীষ্মে তপ্যেত পঞ্চাগ্নীন্ বর্ষাস্বাসারষাড়্ জলে।

অন্বয়ঃ।

বন্যৈঃ বনসম্ভবৈঃ, মেধ্যৈঃ পবিত্রৈঃ, কন্দমূলফলৈঃ বৃত্তিং জীবিকাং, প্রকল্পয়েৎ তথা যথালব্ধং বল্কলং বাসঃ তৃণপর্ণাজিনানি বা বসীত পরিদধীত ॥ ২ ॥

কেশলোমনখশ্মশ্রুমলানি বিভৃয়াৎ ধারয়েৎ, দতঃ দন্তান্, ন ধাবেৎ ধাবয়েৎ, ত্রিকালং অপ্সু মজ্জেৎ (দেহমর্দ্দনং বিনা মুষলবৎ স্নায়াৎ) স্থণ্ডিলেশয়ঃ তৃণাদিভিঃ আস্তীর্ণভূমিশায়ী ভবেৎ ॥ ৩ ॥

গ্রীষ্মে ঋতৌ, পঞ্চাগ্নীন্ তপ্যেত (উপরি সূর্য্যেণ সহ চতুর্দ্দিশং অগ্নীন্ নিধায় দেহং তাপয়েৎ) বর্ষাসু আসারষাট্ (আসারং সহতে ইতি) ভবেৎ শিশিরে ঋতৌ, জলে আকণ্ঠ-

শ্রীধরস্বামী।

বসীত পরিদধীত ॥ ২ ॥

দতঃ দন্তান্ ন ধাবেৎ। ত্রিকালমপ্সু মজ্জেৎ। মুষলবৎ স্নায়াৎ। স্থণ্ডিলেশয়ঃ ভূমিশায়ী ॥ ৩ ॥

তপ্যেত পঞ্চাগ্নীন্ সূর্য্যেণ সহ চতুর্দ্দিশমগ্নিং নিধায়াত্মানং তাপয়েদিত্যর্থঃ। আসারষাট্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বসীত পরিদধীত ॥ ২ ॥

পঞ্চাশ হইতে পঞ্চসপ্ততি বর্ষ পর্য্যন্ত জিতেন্দ্রিয়ভাবে কালাতিপাত করিবেন ॥ ১ ॥

বনজাত পবিত্র কন্দ মূল ও ফলাদি সংগ্রহ করিয়া তদ্দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেন এবং অনায়াসলব্ধ বৃক্ষের বল্কল পরিধানে ও তৃণাদি শুষ্ক পত্র এবং মৃগচর্ম্মাদি ব্যবহারে নিজের শয্যাদির কার্য্য নির্ব্বাহ করিবেন ॥ ২ ॥

মস্তকের কেশ, লোম, নখ ও শ্মশ্রু ধারণ করিবেন; অথচ তাহার মলা নিবারণ করিবেন না; কিম্বা দন্তধাবন করিবেন না। ত্রিকালসন্ধ্যা গাত্র-মার্জ্জন ব্যতীত, মুষলের ন্যায় জলে অবগাহন স্নান করিবেন; এবং তৃণশয্যায় ভূমিতেই শয়ন করিবেন ॥ ৩ ॥

গ্রীষ্ম ঋতুতে পঞ্চাগ্নি তপস্যা করিবেন। অর্থাৎ মস্তকোপরি সূর্য্যদেব এবং দেহের চারিদিকে চারিভাগে অগ্নি প্রজ্বালিত করত পঞ্চ প্রকার অগ্নিতে

পূর্ব্বাধ্যায়ে আশ্রমধর্ম্মের অনুশীলনে জ্ঞানলাভের কথা প্রকাশ করা হইয়াছে; এক্ষণে ঊনবিংশ অধ্যায়ে সেই জ্ঞানও যে ভগবানে সমর্পণ করা বিধেয়, তাহাই বর্ণিত হইয়াছে॥

অনাদি অবিদ্যাকে নিবারণ করিবার উদ্দেশেই নিষ্কাম কর্ম্ম, জ্ঞানযোগ ও বৈরাগ্যাদি জীবের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম বলিয়া বেদাদিতে বিহিত হইয়াছে। উক্ত সাধনসমূহের দ্বারা অবিদ্যা বিনিবৃত্ত হইলে, আর কোন সাধনের আবশ্যক থাকে না। যেমন সর্প, ব্যাঘ্র ও ভূতাদির দ্বারা আবিষ্টচিত্ত পুরুষ আপনাকে বিস্মৃত হইয়া, ভূতাদির স্বরূপে যেপর্য্যন্ত আত্মপরিচয় দেয়, তত্ক্ষণই তাহার পক্ষে মণি, মন্ত্র ও মহৌষধাদির প্রয়োজন। উক্ত ঔষধাদির প্রয়োগে তাহার আবেশভাব নিবৃত্ত হইলে, আর কোন ঔষধপ্রয়োগের প্রয়োজন থাকে না; সে ব্যক্তি এখন প্রকৃত জ্ঞানলাভে আমি ভূত নহি; অমুকের পুত্র; আমি অমুক এই বলিয়াই আত্মপ্রকাশ করে। সেইরূপ দেহাদি প্রপঞ্চের অধ্যাসে বিশুদ্ধ জ্ঞানমূর্ত্তি জীবস্বরূপ যদবধি আমি দেহ,

মায়ামাত্রমিদং জ্ঞাত্বা জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেৎ ॥ ১ ॥

অন্বয়ঃ।

জগৎ, মায়ামাত্রং মায়য়া অধ্যস্তমাত্রং জ্ঞাত্বা জ্ঞানং জ্ঞানস্বরূপং আত্মানং অপি ময়ি সংন্যসেৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

বিদ্যা অনুভবঃ তৎপর্য্যন্তেন শ্রুতেন সম্পন্নঃ অতএব আত্মবান্ প্রাপ্তাত্মতত্ত্বঃ নানুমানিকঃ কেবল-পরোক্ষজ্ঞানবান্ ন ভবতি। আনুমানিকঃ ইত্যনকারপাঠে প্রাক্‌শ্রুতানুকূলতর্কতো নির্ণীতার্থঃ। স ইদং দ্বৈতং তন্নিবৃত্তিসাধনঞ্চ ময়ি মায়ামাত্রমিতি জ্ঞাত্বা জ্ঞানঞ্চ তৎসাধনঞ্চ সংন্যসেৎ। অয়-মেব বিদ্বৎসন্ন্যাসো নাম ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিত্যাহ য ইতি। বিদ্যাসাংখ্যযোগতপোবৈরাগ্যময়ং জ্ঞানমবিদ্যানিবর্ত্তকং। শ্রুতানি তত্ত্বপ্রতিপাদকশাস্ত্রাণি তৈঃ সম্পন্নঃ। অতএব তত্ত্বসাধনবশাদাত্মবান্ প্রাপ্তাত্মতত্ত্বঃ নানু-মানিকঃ কেবলপরোক্ষজ্ঞানবান্ন ভবতি কিন্তুপরোক্ষানুভবসহিত এব ইদং দেহদৈহিকসর্ব্ববস্তুষু স্বাভিমননং মায়ামাত্রমাবিদ্যকমেব জ্ঞাত্বা। যদ্বা। ইদং ইদঙ্কারাস্পদং জগন্মায়িকং মায়িক-ত্বাদস্থিরমেবেতি জ্ঞাত্বা জ্ঞানঞ্চ জ্ঞানসাধনং ময়ি সন্ন্যসেৎ মৎপ্রাপ্ত্যর্থং ত্যজেৎ। অয়মেব বিদ্বৎসন্ন্যাসো নাম ॥ ১ ॥

এইরূপে প্রতীয়মান দেহ ও বিশ্ব সংসারকে কেবল মায়ার অধ্যাসে অবভাসিত বিবেচনা করিতে পারেন এবং এতৎসম্বন্ধীয় জ্ঞানস্বরূপ স্বকীয় আত্মভাবকেও পরমাত্মভাবে সন্নিবেশ করিতে পারেন॥ ১ ।

আভাস।

আমি গৃহস্থ, অমুকীর স্বামী ইত্যাদি ভ্রমবুদ্ধিতে আবিষ্টের ন্যায় ভ্রান্ত থাকেন, তদবধি তাঁহার সম্বন্ধে ভ্রম নিবর্ত্তক ঔষধতুল্য সাংখ্য, যোগ ও তপস্যাদির প্রয়োজন। কিন্তু দিগ্‌ভ্রম বিনিবৃত্ত হইবার ন্যায়, যখন তাঁহার অপরোক্ষানুভূতির বলে আত্মস্বরূপের উদ্ভাসন হয়, দেহাদিতে আত্মভাব নিবৃত্ত হয়, তখন জ্ঞানাদির অনুশীলন তাঁহার পক্ষে নিরর্থক হইয়া যায়। তাঁহার আর কিছু কর্ত্তব্য বলিয়াই নির্দ্ধারিত থাকে না। এস্থলে "ন আনুমানিকঃ" শব্দটীর প্রয়োগের দ্বারা বুঝাইয়াছেন যে, অনুমান ও বেদপ্রমাণের বলে দেহাদি ও প্রপঞ্চ বিশ্ব কেবল মায়ার দ্বারা রচিত হইয়াছে; সকলই মিথ্যা; কেবল পরম পবিত্র চৈতন্যঘনবিগ্রহ পরমাত্মাই সত্য ও এই প্রপঞ্চের আশ্রয়, এইরূপ বিচার করিলেই জীবের কর্ত্তব্য কর্ম্ম সমাপ্ত হয় না। কিন্তু অপরোক্ষানুভূতির সহিত পরমাত্মার বোধই শেষ কার্য্য। যাহার যখন বন্ধন হয়, তখনই মুক্তির কথা আইসে; অতএব বন্ধন ও মুক্তি উভয়ই মায়ার সম্বন্ধে। মায়া তিরস্কৃত হইলে, বন্ধন ও মুক্তি উভয়ই তিরস্কৃত হয় ; এবং মায়া নিবারণের উপায়ও তখন অকারণ বলিয়া স্থিরীকৃত ঘটে। যেমন সাম্রাজ্যের বিজয়ার্থই সৈন্য ও অস্ত্রশস্ত্রের প্রয়োজন; বিজয়ের পর

জ্ঞানিনস্ত্বহমেবেষ্টঃ স্বার্থো হেতুশ্চ সম্মতঃ।
স্বর্গশ্চৈবাপবর্গশ্চ নান্যোঽর্থো মদৃতে প্রিয়ঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

(তাদৃশস্য) জ্ঞানিনঃ অহং এব ইষ্টঃ অপেক্ষিতঃ, স্বার্থঃ ফলভূতঃ, হেতুঃ ফলসাধনং চ সম্মতঃ; অতঃ মদৃতে মাং বিহায়, তস্য স্বর্গঃ অভ্যুদয়ঃ, অপবর্গঃ মোক্ষঃ, অন্যঃ বা প্রিয়ঃ অর্থঃ বিষয়ঃ ন অস্তি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অত্র হেতুমাহ জ্ঞানিনস্ত্বিতি। যস্মাদহমেব তস্যেষ্টঃ অপেক্ষিতঃ স্বার্থঃ ফলং হেতুঃ তৎসাধনঞ্চ সম্মতঃ স্বর্গোঽভ্যুদয়ঃ। অপবর্গঃ সংসারনিবৃত্তিঃ। অতস্তস্য ন প্রাপ্যং কৃত্যং বা কিঞ্চিদস্তীত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু জ্ঞানমিব কিং ভক্তিমপি সন্ন্যসেত্তত্র নহি নহীত্যাহ জ্ঞানিন ইতি অহমবেষ্টঃ ষজন-বিষয়ীভূতঃ কথং মদ্‌যজনং ত্যজেৎ স্বার্থঃ স্বাপেক্ষিতং ফলমহমেব। হেতুস্তৎসাধনঞ্চেতি কথং মদ্ভক্তিং ত্যজেৎ। সম্মত ইত্যেতৎ প্রমাণমেব। যদুক্তং ময়ৈব। ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ইত্যনন্তরং ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তর-মিতি। বক্ষ্যতে চ অত্রাপি ভজ মাং ভক্তিভাবিত ইতি। স্বর্গঃ সুখহেতুঃ অপবর্গঃ দুঃখাভাব-হেতুশ্চ জ্ঞানিনঃ পরমসাধনসাধ্যরূপোঽহমেব স্ফুরামীতি সন্দর্ভঃ ॥ ২ ॥

তাদৃশ দিব্যদর্শী জ্ঞানী ব্যক্তির আমিই একমাত্র অভিলষিত বিষয়, কার্য্যের ফল ও ফলের সাধনরূপে নির্ণীত হই; আমাকে পরিত্যাগ করিয়া তাঁহারা অন্য কোন বিষয়েরই প্রার্থনা করেন না; এমন কি! পরমাত্মপ্রাপ্তির অভাবে স্বর্গ বা অপবর্গকেও তাঁহারা কোনরূপ আদর করেন না ॥ ২ ॥

আভাস।

আর সৈন্য বা অস্ত্রের কোন আবশ্যক থাকে না, সেইরূপ মায়াকে পরাজয় করিতে পারিলে, আর সাধনের আবশ্যক থাকে না। কিন্তু পূর্ব্বোক্ত জ্ঞানাদিসাধনের ন্যায়, ভক্তি কখন ত্যাজ্য হয় না; কারণ জ্ঞান বলিতে হইলে, তাহার একটী বিষয় থাকে; যাহাকে অবলম্বন করিয়া জ্ঞাতার জ্ঞানবৃত্তি ঘটে। কিন্তু বিদ্বান্ সন্ন্যাসী মায়াময় জগৎ পরিহার পূর্ব্বক অপরোক্ষা-নুভূতির জন্য স্বকীয় চৈতন্যস্বরূপ জ্ঞপ্তিভাবকে মাত্র অবলম্বন করেন। তখনও তাঁহার সে জ্ঞাপ্তিভাব পরিচ্ছিন্ন। কারণ পরিচ্ছিন্ন পদার্থ অবলম্বনে তাঁহার যে জ্ঞান, সে জ্ঞানকেই অবলম্বন করিয়া তাঁহার আত্মানুভূতি। কিন্তু তাঁহার সেই পরিচ্ছিন্ন জ্ঞপ্তিভাবের তুলনায় অখণ্ড ব্রহ্মাণ্ডের ও তত্রস্থ পরমাণুপুঞ্জের উপর যে অচল অটল ও সর্ব্বজ্ঞ জ্ঞাপ্তিভাবের প্রত্যক্ষ প্রমাণ সহ তাঁহাতেই আত্মসমর্পণ করিতে পারিলেই পরম চৈতন্যে জীব অভেদভাবে ভাসমান হয়। এই পরম চৈতন্যই জীবের চিরপ্রার্থিত সামগ্রী; এতকাল সাংসারিক

জ্ঞানবিজ্ঞানসম্বন্ধাঃ পদং শ্রেষ্ঠং বিদুর্ম্মম।
জ্ঞানী প্রিয়তমোঽতো মে জ্ঞানেনাসৌ বিভর্ত্তি মাং ।। ৩ ।।
তপস্তীর্থং জপো দানং পবিত্রাণীতরাণি চ।
নালং কুর্ব্বন্তি তাং শুদ্ধিং যা জ্ঞানকলয়া কৃতা ।। ৪ ।।

অন্বয়ঃ।

জ্ঞানবিজ্ঞানসম্বন্ধাঃ (জ্ঞানবিজ্ঞানাভ্যাং সংসিদ্ধাঃ বিশুদ্ধান্তঃকরণাঃ) এব তে মম শ্রেষ্ঠং উত্তমং, পদং স্বরূপং, বিদুঃ; অতঃ জ্ঞানী মে প্রিয়তমঃ যতঃ জ্ঞানেন অসৌ জ্ঞানী মাং বিভর্ত্তি হৃদি ধারয়তি ॥ ৩ ॥

জ্ঞানকলয়া (জ্ঞানস্য কলয়া লেশেন) যা শুদ্ধিঃ কৃতা ভবতি তাং শুদ্ধিং তপঃ তীর্থং জপঃ (মন্ত্রাণাং) দানং (সৎপাত্রেভ্যঃ) তথা ইতরাণি অন্যানি, পবিত্রাণি পাবিত্র্যকারণানি স্নানাদীনি, ন অলং কুর্ব্বন্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

অত্র বিদ্বদনুভবং প্রমাণয়তি জ্ঞানেতি। যথোক্তং জ্ঞানিনমভিনন্দতি জ্ঞানীতি। যতোঽসৌ জ্ঞানেন মাং ধারয়তি ॥ ৩ ॥

তস্য জ্ঞানং স্তৌতি তপ ইতি। অলমত্যর্থং জ্ঞানস্য কলয়া লেশেন ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র প্রাচাং জ্ঞানিনামনুভবং প্রমাণয়তি জ্ঞানেতি। শ্রেষ্ঠং পদং মৎস্বরূপমিত্যর্থঃ। মম পদং চরণারবিন্দমেব শ্রেষ্ঠং বিদুর্জানন্তি নতু ব্রহ্মতত্ত্বং তস্যারবিন্দনয়নস্যেত্যাদেরিতি সন্দর্ভঃ। এতাদৃশ জ্ঞানী তু মম প্রিয়তমঃ ॥ ৩ ॥

জ্ঞানস্য কলয়া লবেনাপি ॥ ৪ ॥

জ্ঞানবিজ্ঞানসম্পন্ন বিশুদ্ধহৃদয় তাদৃশ ব্যক্তি মদীয় পরমপদই লাভ করিয়া থাকেন; অতএব জ্ঞানী যখন এক জ্ঞানেরই অনুশীলনে আমাকে হৃদয়ে ধারণ করেন, তখন জ্ঞানীর অপেক্ষা প্রিয়তম আমার নিকট আর কেহই নাই।। ৩ ।।

লেশমাত্র জ্ঞানের দ্বারা যেরূপ শুদ্ধি লাভ হয়, তাদৃশ শুদ্ধি কখন তপস্যা, তীর্থদর্শন, মন্ত্রজপ, দান, পবিত্রকারক স্নানাদি বা অন্য কোন উপায়ে সেরূপ প্রাপ্ত হওয়া যায় না।। ৪ ।।

আভাস।

পদার্থে যে আসক্তি করিতেছিলেন, তাহা কেবল পরমচৈতন্যের পরমানন্দস্বরূপের কল্পনার মাত্র। যে আনন্দ পরমচৈতন্যে অবস্থানপূর্ব্বক পূর্ব্বে প্রাপ্ত হইয়াছিলেন, কেবল বিচারের অভাবে মিথ্যা মায়াময় পদার্থে পরমাত্মভাবের আরোপ করত এতকাল জীব পরিভ্রমণ করিয়াছেন।

তস্মাজ্‌জ্ঞানেন সহিতং জ্ঞাত্বা স্বাত্মানমুদ্ধব।
জ্ঞানবিজ্ঞানসম্পন্নো ভজ মাং ভক্তিভাবিতঃ ॥ ৫ ॥
জ্ঞানবিজ্ঞানযজ্ঞেন মামিষ্ট্বাত্মানমাত্মনি।

অন্বয়ঃ।

তস্মাৎ হে উদ্ধব! জ্ঞানেন সহিতং স্বাত্মানং জ্ঞাত্বা জ্ঞানবিজ্ঞানসম্পন্নঃ ভক্তিভাবিতঃ (ভক্ত্যা ভাবিতঃ পূর্ণঃ চ সন্) মাং ভজ ॥ ৫ ॥

জ্ঞানবিজ্ঞানযজ্ঞেন (জ্ঞানবিজ্ঞানে এব যজ্ঞঃ তেন) সর্ব্বযজ্ঞপতিং আত্মানং পরমাত্মানং

শ্রীধরস্বামী।

উপসংহরতি তস্মাদিতি। জ্ঞানেন সহিতং তৎপর্য্যন্তং যথা ভবতি তথা জ্ঞাত্বা তৎসম্পন্নঃ সন্ মামেব ভজ অন্যৎ সর্ব্বং ত্যজেত্যর্থঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মামেব ভজ অন্যৎ সর্ব্বং ত্যজেতি স্বামিচরণাঃ ॥ ৫ ॥

জ্ঞানবিজ্ঞানসম্পন্ন এব কস্তত্রাহ। জ্ঞানবিজ্ঞানযজ্ঞেন পরোক্ষজ্ঞানরূপযজ্ঞেন সর্ব্বযজ্ঞপতিং

অতএব হে উদ্ধব! তুমি জ্ঞানের অনুশীলনে প্রথমত আত্মস্বরূপের অবধারণ কর! এবং পরোক্ষজ্ঞান ও অপরোক্ষানুভূতিতে চিত্ত সম্পন্ন হইলে, ভক্তিপূর্ণ হৃদয়ে এক আমারই ভজনা কর! ॥ ৫ ॥

কারণ জ্ঞান ও বিজ্ঞানরূপ মহাযজ্ঞের অনুষ্ঠানে মননশীল মুনিগণ স্বকীয়

আভাস।

সম্প্রতি বিশেষ পরিভ্রমণ পূর্ব্বক পদার্থে সে আনন্দ লাভ না করিয়া, কোথায় তাহা পাওয়া যায়? এবং বিষয়ে যখন এতকাল পাওয়া যায় নাই, তখন বিষয় মিথ্যা ও মায়াময় এইরূপ বিচারে নির্ণয় করত পরমাত্মরূপেই সাধক আত্মসমর্পণ করিতে আর বিলম্ব বা আপত্তি করেন না। কারণ তাঁহার আদিসৃষ্টি হইতে মোক্ষ পর্য্যন্ত যে কোন পদার্থে আসক্তি হইতেছিল, সে আসক্তি পদার্থের নহে; সে পরম ব্রহ্মেরই আসক্তি। ভ্রমেই বিষয়ের উপর নিক্ষিপ্ত হইতেছিল মাত্র। অতএব পরম ব্রহ্মই জীবের চিরপ্রার্থনীয়; তাঁহার অনুরোধে ও সংশ্রবেই জীব এক ব্রহ্মদৃষ্টিতে বিষয়কে দর্শন করিয়া আসিতেছেন। তদপেক্ষা শ্রেষ্ঠ বস্তু এই সৃষ্ট জগতে কোন মতে থাকিতে পারে না। অজ্ঞানের নিকট বস্তু দৃষ্ট হয়; জ্ঞানের নিকট ভগবদ্ভাবের উদ্ভাসন ঘটে। যাঁহারা কেবল বিশুদ্ধ সেই পরম ভাবে সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ পরমভাব অবলোকনে সমর্থ, তাহারাই যথার্থ কৃতী। এই জ্ঞানের আলোচনায় যাদৃশ ফললাভ হয়, তাদৃশ ফল অন্য কোন উপায়ে ঘটিবার সম্ভাবনা নাই। তপস্যাদি সকলই কেবল জ্ঞানের উদ্ভাসনার্থ মাত্র ॥ ১—৪ ॥

উপসংহারে ভগবান্ শ্রীকৃষ্ণ উদ্ধবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন যে, বিষয়বিচার পূর্ব্বক যখন বিচারজ্ঞান বিষয় ব্যতীত কেবল তদ্বিষয়ক জ্ঞানকে মাত্র অবলম্বন করিয়া

সর্ব্বযজ্ঞপতিং মাং বৈ সংসিদ্ধিং মুনয়োঽগমন্ ।। ৬ ।।

ত্বয্যুদ্ধবাশ্রয়তি যস্ত্রিবিধো বিকারো মায়ান্তরাপততি নাদ্যপবর্গয়োর্যৎ ।

অন্বয়ঃ।

মাং আত্মনি স্বান্তঃকরণে, ইষ্ট্বা ধ্যাত্বা, মুনয়ঃ মাং এব সংসিদ্ধিং মোক্ষং, অগমন্ প্রাপুঃ ॥ ৬ ॥

হে উদ্ধব! যঃ অয়ং ত্রিবিধঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণরূপঃ বিকারঃ প্রকৃতিকার্য্যভূতঃ, ত্বয়ি আশ্রয়তি প্রতীয়তে, সঃ মায়া (অবিদ্যয়া স্বরূপাবরণেন) অন্তরা মধ্যে, এব আপততি প্রতীয়তে, যৎ যস্মাৎ আদ্যপবর্গয়োঃ আদৌ অন্তে চ ন বিদ্যতে। অতঃ যৎ যদা অস্য দেহাদেঃ অমী

শ্রীধরস্বামী।

তস্য প্রত্যয়ার্থং পূর্ব্বেষাং বৃত্তমাহ জ্ঞানেতি। মামেব সংসিদ্ধিং প্রাপ্তাঃ ॥ ৬ ॥

তদেব জ্ঞানং সংক্ষেপত উপদিশতি ত্বয়ীতি। ত্রিবিধ আধ্যাত্মিকাদিঃ বিকারো দেহাদিঃ স মায়া নতু পরমার্থঃ যদ্যস্মাৎ অন্তরা মধ্য এবাপততি রজ্জৌ সর্পমালাদিবৎ। নাদ্যপবর্গয়োর্ন ত্বাদাবন্তে চাস্তি। অতো যদ্যদা অস্য বিকারস্য অমী জন্মাদয়ঃ স্যুস্তদা তস্য তবাধিষ্ঠানভূতস্য কিং ন কিঞ্চিদিত্যর্থঃ। তস্যাপি বস্তুতো ন সন্তি তস্যাসত্ত্বাদিত্যাহ আদ্যন্তয়োরিতি। অসতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মামাত্মানং পরমাত্মানমাত্মন্যেবেষ্ট্বা মুনয়ঃ সংসিদ্ধিমন্বগমন। এবম্ভূতাঃ সংসিদ্ধিং গতাঃ প্রাচীনা মুনয় এব জ্ঞানবিজ্ঞানাভ্যাং সম্পন্না উচ্যন্তে ইত্যর্থঃ ॥ ৬ ॥

এবমুক্তলক্ষণো জ্ঞানবিজ্ঞানসম্পন্নো মাং ভজন্ জ্ঞানী পরাং কাষ্ঠাং প্রাপ্তা ইতিদূরে বর্ত্ততাং। ত্বন্তু ত্বম্পদার্থং জ্ঞাত্বৈবাবিদ্যোত্তীর্ণো ভবেত্যুদ্ধবং লক্ষীকৃত্য সর্ব্বলোকমাহ ত্বয়ীতি। হে উদ্ধব ত্বয়ি জীবাত্মনি যস্ত্রিবিধস্ত্রিগুণময়ো বিকারো দেহাধ্যাস আশ্রয়তি ত্বামাশ্রিতোঽয়মধ্যাসো যো বর্ত্তত ইত্যর্থঃ। স মায়া অবিদ্যৈব অবিদ্যাকার্য্য ইত্যর্থঃ। অন্তরা মধ্যে এব আপততি প্রাপ্তো ভবতীতি নায়ং তবৌৎপত্তিকো ধর্ম্ম ইতি ভাবঃ। যতো নাদ্যপবর্গয়োরাদাবন্তে স চ নাস্তীত্যর্থঃ। তব চিদ্রূপত্বাৎ তস্য জড়রূপত্বাদিতি ভাবঃ। যদমী দেহস্য জন্মা-

হৃদয়-কন্দরে পরমাত্মস্বরূপ সর্ব্বযজ্ঞপতি এক আমাকেই চিন্তা করিয়া পরমা সিদ্ধি মুক্তিকেই লাভ করিয়া থাকেন ।। ৬ ।।

হে উদ্ধব! দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণরূপ প্রকৃতির কার্য্যভূত যে ত্রিবিধ বিকার তোমাতে আশ্রিত বলিয়া প্রতীত হইতেছে, এ সমস্তই মায়াময়; কারণ অবিদ্যা প্রভাবে স্বরূপ আবৃত হইয়া, এই সকল বিকার কেবল মধ্য

আভাস।

অন্য বৃত্তি হইতে নিরস্ত হইবে, তখন সেই জ্ঞানে পরিনিষ্ঠিত হইয়া আমাকেই ভজনা করিও! অন্য সমস্তই বিসর্জ্জন দিও! এরূপ উপদেশ যে কেবল তোমাকেই বলিতেছি, তাহা নহে; পূর্ব্ব পূর্ব্ব ঋষিগণ এতাদৃশ ভাবের অবলম্বনেই পরম সিদ্ধি লাভ করিয়াছেন ॥ ৫ ॥ ৬ ॥

জন্মাদয়োঽস্য যদমী তব তস্য কিং স্যুরাদ্যন্তয়োর্যদসতোঽস্তি তদেব মধ্যে ॥ ৭

অন্বয়ঃ।

জন্মাদয়ঃ বিকারাঃ স্যুঃ তদা তস্য তব অধিষ্ঠানভূতস্য কিং? যথা অসতঃ সর্পাদেঃ আদ্যন্তয়েঃ বর্ত্তমানং যৎ রজ্জ্বাদি অস্তি তদেব মধ্যেঽপি সৎ ভবতি। অতঃ সর্পাদিগতাঃ বিকারা স্তদধিষ্ঠানে রজ্জ্বাদৌ যথা ন ভবন্তি তথা দেহাদিগতাঃ বিকারা ত্বয়ি ন ভবন্তি) ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

সর্পাদেরাদ্যন্তয়োর্যদস্তি রজ্জ্বাদি তদেব মধ্যেঽপি নতু সর্পাদি তদ্বদয়ং বিকারো নাস্তীত্যর্থঃ। যদ্বা। আদ্যন্তয়োর্যদস্তি তন্মধ্যেঽপ্যস্ত্যেব ন তস্যাসত্ত্বাজ্জন্মাদয়ঃ সন্তি অতস্ত্বং নির্ব্বিকারং ব্রহ্মেতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দয়স্তে তস্য চিদাত্মনস্তব কিং স্যু ন স্যুরেব। কথং ত্বং জাতোঽহং মৃতোঽহমহং সুখী দুঃখীত্যাত্মানং মন্যসে ইতি ভাবঃ। ননু যদা মে দেহসম্বন্ধো নাসীৎ যদা চ জ্ঞানেনাপগাস্যতি তদৈবাহং দেহাতিরিক্তো ভবিতুং শক্নুয়ামধুনা তু দেহ এবাহমিত্যত আহ অসতো ভ্রমপ্রতীতত্বাদসত্যস্য বস্তুনঃ আদ্যন্তয়োর্যৎ সত্যং বস্তুমধ্যেঽপি তদেব। যথা ব্যাঘ্রাবিষ্টপুরুষস্য ব্যাঘ্রত্বপ্রতীতিকালেঽপি পুরুষত্বমেব সত্যং নতু ব্যাঘ্রত্বং। অত্র জীবস্যাবিদ্যাসম্বন্ধসময়াজ্ঞানাদেবানাদ্যবিদ্যাসম্বন্ধ ইতি সর্ব্বলোকপ্রসিদ্ধিঃ অন্যথা অবিদ্যাসম্বন্ধস্য সর্ব্বথৈবানাদিত্বে সতি স্বরূপত্বপ্রসক্তৌ জ্ঞানেনাপি ন তদপগমঃ স্যাৎ। মুক্তির্নাম জীবস্য স্বরূপহানিরিতি মতন্তু সদ্ভির্নাদৃতং ॥ ৭ ॥

অবস্থায় পরিচিত হয় মাত্র; কারণ সৃষ্টির পূর্ব্বে ও মোক্ষের পর এ সমস্ত কিছুই থাকে না। অতএব যখন এই দেহাদির অবভাসিত পূর্ব্বোক্ত বৈকারিক ভাবসমূহ তোমার স্বরূপের আশ্রয়ে প্রতীত হয়, তখন তাহাদের অধিষ্ঠানভূত ত্বদীয় স্বরূপের বৈলক্ষণ্য তাহাতে কি প্রকারে ঘটিতে পারে? যেমন অধ্যস্ত সর্পকলেবরের আদিতে ও অন্তে প্রকৃত প্রস্তাবে বিদ্যমান রজ্জুই মধ্যে অর্থাৎ সর্পভাণাবস্থাতেও থাকে, সর্প-প্রতীতি-নিষ্ঠ বিকার যেমন প্রকৃত প্রস্তাবে অধিষ্ঠানভূত রজ্জুকে বিকৃত করে না, সেইরূপ দেহনিষ্ঠ বিকার অধিষ্ঠানভূত ত্বদীয় জীবচৈতন্যে কোন ভাবান্তরের কখন উৎপাদন করে না ॥ ৭ ॥

আভাস।

এই শ্লোকে জ্ঞানের স্বরূপ অবধারণ করিয়াছেন। শাস্ত্রাদিতে উক্ত আছে যে, জ্ঞান বিজ্ঞানসম্পন্ন সাধক পরমাত্মস্বরূপ আমার ভজনে সিদ্ধিলাভ করিয়া থাকেন। এস্থলে তাঁহাদের কথা দূরে থাকুক, শ্রীকৃষ্ণ বলিলেন, হে উদ্ধব! তুমি (ত্বৎ) পদার্থকে মাত্র উপলব্ধি করিয়া, এই অবিদ্যাক্ষেত্র হইতে উত্তীর্ণ হও! এই কথাটী বলিয়া ভগবান্

উদ্ধব উবাচ ॥

জ্ঞানং বিশুদ্ধং বিপুলং যথৈতদ্বৈরাগ্যবিজ্ঞানযুতং পুরাণং।
আখ্যাহি বিশ্বেশ্বর বিশ্বমূর্ত্তে ত্বদ্ভক্তিযোগঞ্চ মহদ্বিমৃগ্যং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

উদ্ধবঃ উবাচ। হে বিশ্বেশ্বর বিশ্বমূর্ত্তে! বৈরাগ্যবিজ্ঞানযুতং পুরাণং অনাদিবেদসিদ্ধং, বিশুদ্ধং পবিত্রং, এতৎ জ্ঞানং, যথা বিপুলং বিস্তৃতং, স্যাৎ তথা মহদ্বিমৃগ্যং (মহদ্ভিঃ ব্রহ্মাদিভিঃ বিশেষেণ মৃগ্যং অন্বেষণীয়ং) ত্বদ্ভক্তিযোগঞ্চ বিস্তরেণ আখ্যাহি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞানাদেৰ্বিশেষং জিজ্ঞাসুঃ পৃচ্ছতি জ্ঞানমিতি। বিশুদ্ধমেতজ্‌জ্ঞানং বিপুলং নিশ্চিতং যথা ভবতি তথা কথয়েতি মহদ্ভির্ব্রহ্মাদিভি র্বিমৃগ্যং ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বম্পদার্থজ্ঞানং শ্রুত্বা তৎপদার্থজ্ঞানবিজ্ঞানে সবৈরাগ্যে পৃচ্ছংস্তন্মাত্রেণাপ্যপরিতোষাৎ সর্ব্বদুর্ল্লভং ভক্তিযোগঞ্চ পৃচ্ছতি জ্ঞানমিতি। বিশুদ্ধং ত্বম্পদার্থজ্ঞানাতীতং। বিপুলং তৎ-পদার্থবিষয়ত্বাৎ বৃহত্তরং। পুরাণং প্রাচীনজ্ঞানিসম্মতং। তথৈব সম্বোধয়তি। হে বিশ্বেশ্বর বিশ্বমূর্ত্তে ইতি। বিশ্বস্য মিথ্যাত্বে তবৈশ্বর্য্যং তন্মূর্ত্তিত্বঞ্চ বৃথৈবেতি ভাবঃ মহদ্ভিঃ শুক-সনকাদিভিরপি বিশেষতো মৃগ্যং জ্ঞানাদ্যমিশ্রং শুদ্ধমিত্যর্থঃ ॥ ৮ ॥

উদ্ধব বলিলেন, হে বিশ্বমূর্ত্তে বিশ্বেশ্বর! বৈরাগ্যবিজ্ঞানযুত অনাদি

আভাস।

উদ্ধবকে লক্ষ্য করত মানবমাত্রকে পূর্ণমাত্রায় আশ্বাস প্রদান করিয়াছেন। অর্থাৎ কেবল জীবতত্ত্বকে আশ্রয় করিয়াই, এই গুণময় মায়াবিকার দেহাদির প্রচয় ঘটে। ইহা বাস্তবিক সত্য নহে ; মধ্য অবস্থার প্রতীত ভাব মাত্র। আদিতে ছিল না এবং অন্তেও থাকিবে না। যেমন রজ্জুতে অধ্যস্ত সর্পভাব কখন প্রকৃত সর্প নহে ; রজ্জুই সর্পভাবে প্রতীত হয় মাত্র ; সেইরূপ দেহাদি বিকার যে ত্বংপদবাচ্য অধিষ্ঠানে আত্ম-ভাবের পরিচয় দেয়, পরমার্থত সেই অধিষ্ঠান মাত্র থাকে ; আরোপিত ভাব কেবল মায়ার ক্রীড়া মাত্র। যেমন আদিতে রজ্জু, অন্তে রজ্জু এবং মধ্যে যে সর্পভাব তাহাও রজ্জু মাত্র, সেইরূপ দেহাদি মধ্যভাব ভ্রান্তের নিকট সত্যবৎ প্রতীত হইলেও তাহার অধিষ্ঠানে চিন্ময় ত্বংপদবাচ্যের অতিরিক্ত অন্য কোন ভাবই নাই। এই উভয় ত্বংপদবাচ্য চৈতন্য ও দেহ কখন একত্র মিলিত বা সংসৃষ্ট নহে। কারণ জীবচৈতন্য চিদ্রূপ এবং দেহ জড় স্বরূপ ; সুতরাং পরস্পরে সম্পূর্ণ পার্থক্য থাকায়, দেহের জন্মাদি বিচিত্র ভাবের সহিত চৈতন্যস্বরূপ জীবের কোন সম্বন্ধ থাকিতে পারে না। আমি জাত, মৃত ; সুখী বা দুঃখী ইত্যাদি প্রতীতি কেবল মায়ার আবরণে অবিবেক বশতই ঘটিয়া থাকে। জীবতত্ত্ব কিন্তু আদ্যন্তশূন্য নির্ব্বিকার পরম ব্রহ্মেরই স্বরূপমাত্র। ৭ ॥

তাপত্রয়েণাভিহতস্য ঘোরে সংতপ্যমানস্য ভবাধ্বনীশ।
পশ্যামি নান্যচ্ছরণং তবাঙ্ঘ্রি দ্বন্দ্বাতপত্রাদমৃতাভিবর্ষাৎ॥ ৯॥

অন্বয়ঃ।

হে ঈশ! আধ্যাত্মিকাদিতাপত্রয়েণ অভিহতস্য বিড়ম্বিতস্য, তথা ঘোরে ভীষণে, ভবাধ্বনি সংসারমার্গে, সংতপ্যমানস্য পীড়িতস্য, জীবস্য, অমৃতাভিবর্ষাৎ (অমৃতং পরমানন্দং অভিতো বর্ষতি যৎ তস্মাৎ) তব অঙ্ঘ্রিদ্বন্দ্বাতপত্রাৎ (অঙ্ঘ্রিদ্বন্দ্বং এব আতপত্রং আশ্রয়প্রদং তস্মাৎ) অন্যৎ শরণং ন পশ্যামি॥ ৯॥

শ্রীধরস্বামী।

মহদ্বিমৃগ্যত্বমভিনয়েনাহ। তাপত্রয়েণাভিহতস্য অতঃ সংতপ্যমানস্য অঙ্ঘ্রিদ্বন্দ্বমেবাতপত্রং তস্মাৎ ন কেবলমাতপত্রাৎ কিন্তু অমৃতমপ্যভিতো বর্ষতি যত্তস্মাৎ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু জ্ঞানেনৈব কৃতার্থীভব কিং শুদ্ধভক্তিযোগপ্রশ্নেনেত্যত আহ তাপত্রয়েণেতি। অমৃতং ব্রহ্মানন্দাদপ্যধিকং সুখপ্রদং মাধুর্য্যমভিতো বর্ষতীতি তস্মাৎ। যদুক্তং। যা নির্বৃতিস্তনুভৃতাং তব পাদধ্যানাৎ। সা ব্রহ্মণি স্বমহিমন্যপি নাথ মাভূদিতি। তেন জ্ঞানং বিনাপি সংসারক্ষয়স্য জ্ঞানসাধ্যব্রহ্মানন্দাদপ্যধিকানন্দস্য চ লাভাদ্ভক্তিঃ পৃচ্ছ্যতে ইতি ভাবঃ॥ ৯॥

বেদপ্রতিপাদ্য পরম পবিত্র জ্ঞান যেরূপে বিস্তৃত হয় এবং ব্রহ্মাদি শ্রেষ্ঠ মতিমানগণের প্রার্থনীয় ভবদীয় ভক্তিযোগ যেরূপে প্রাপ্ত হওয়া যায়, অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহা আমার নিকট কীর্ত্তন করুন!॥ ৮॥

হে সর্ব্বেশ্বর! আধ্যাত্মিকাদি তাপত্রয়ে জর্জ্জরিত হইয়া নিতান্ত দীনহীনের ন্যায় এই ভীষণ সংসার-পথে পতিত রহিয়াছি; পরমানন্দরূপ অমৃতবর্ষি ভবদীয় চরণারবিন্দ ব্যতীত আমার ন্যায় জীবের পক্ষে শান্তিপ্রদ আশ্রয় আর নয়নগোচর হয় না॥ ৯॥

আভাস।

উদ্ধব ত্বংপদবাচ্য জীবের স্বরূপ শ্রবণ করিয়াই নিরস্ত হন নাই। আত্মজ্ঞান অপেক্ষা আরও কিছু জীবের প্রার্থনীয় থাকে, যাহার অবগতির জন্য আত্মস্বরূপাতিরিক্ত বিষয়ে তাঁহার আসক্তি জন্মে। নতুবা সকলেই মুক্ত থাকিত; বন্ধনের কোন কারণই ঘটিত না। সেই আসক্তি যে কাহার জন্য? তাহাই উদ্ধবের প্রশ্ন। অর্থাৎ দেহ দর্শনে যাঁহার শক্তির পরিচয় হয়, এই দেহে সেই ত্বংপদবাচ্যের অবধারণ হইল বটে, কিন্তু এরূপ অনন্তকোটি জীবজগৎ ও বিরাট্ ব্রহ্মাণ্ডকোটি যাঁহার অনন্তশক্তির পরিচয় মাত্র, সেই তৎপদলক্ষ্য জ্ঞানাতীত পরম ব্রহ্মের স্বরূপ যেরূপে অবধারণ করা যায়, তাহাই উদ্ধবের প্রধান জিজ্ঞাস্য। কেবল জ্ঞানের দ্বারা তাঁহাকে পাওয়া যায় না। তাঁহাকে পাইতে হইলে,

দষ্টং জনং সংপতিতং বিলেঽস্মিন্ কালাহিনা ক্ষুদ্রসুখোরুতর্ষং।
সমুদ্ধরৈনং কৃপয়াপবর্গ্যৈর্বচোভিরাসিঞ্চ মহানুভাব।। ১০।।

শ্রীভগবানুবাচ।।

ইত্থমেতৎ পুরা রাজা ভীষ্মং ধর্ম্মভৃতাম্বরং।
অজাতশত্রুঃ পপ্রচ্ছ সর্ব্বেষাং নোঽনুশৃণ্বতাং।।

অন্বয়ঃ।

হে মহানুভাব! অস্মিন্ বিলে সংসারকূপে, সংপতিতং যতঃ ক্ষুদ্রসুখোরুতর্ষং (ক্ষুদ্রসুখেষু এব উরুঃ তর্ষঃ তৃষ্ণা যস্য তং) তথা কালাহিনা দষ্টং এনং জনং কৃপয়া সমুদ্ধর! আপবর্গ্যৈঃ মোক্ষসাধনভূতৈঃ, বচোভিঃ আসিঞ্চ বোধয় চ!॥ ১০॥

শ্রীভগবান্ উবাচ। হে উদ্ধব! অজাতশত্রুঃ রাজা যুধিষ্ঠিরঃ নঃ অস্মাকং সর্ব্বেষাং শৃণ্বতাং এব ধর্ম্মভৃতাং ভগবদ্ধর্ম্মপরাণাং, বরং শ্রেষ্ঠং, ভীষ্মং এতং ত্বৎপৃষ্টং, ইত্থং এব প্রশ্নং পপ্রচ্ছ॥

শ্রীধরস্বামী।

অতিকৃপামুৎপাদয়ন্নাহ দষ্টমিতি অস্মিন্ বিলে সংসারকূপে পতিতং তত্রচ কালাহিনা দষ্টং এবমপি ক্ষুদ্রসুখেষ্বেব উরুস্তর্ষস্তৃষ্ণা যস্য তং। দৃশ্যমানঃ কথং সমুদ্ধরণীয় ইতি চেত্তত্রাহ আপবর্গ্যৈঃ অপবর্গবোধকৈঃ বাগমৃতৈরাসিঞ্চেতি॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু তর্হি শুদ্ধভক্তিযোগেনৈব কৃতার্থীভব কিং জ্ঞানযোগপ্রশ্নেনেত্যত আহ দষ্টমিতি। অয়মর্থঃ। শুদ্ধভক্তিযোগস্য যাদৃচ্ছিকমহৎকৃপৈকলভ্যত্বাৎ পুরুষপ্রযত্নমূলকত্বং জ্ঞানযোগস্য নিষ্কামকর্ম্মজন্যজ্ঞানেন জ্ঞাততৎপদার্থৈঃ স্বতএব সুলভ ইত্যয়ং পুরুষপ্রযত্নসাধ্যাত্তস্মাদপ্রাপ্তশুদ্ধ-

---

হে মহানুভব! অতি তুচ্ছ এবং অকিঞ্চিৎকর বিষয়সম্ভোগের তীব্র আকর্ষণে আকৃষ্ট হইয়া এই ভীষণ সংসারের অন্ধকূপে পতিত হইয়াছি এবং কালরূপ বিষম সর্পের দারুণ দংশনে নিতান্তই মর্ম্মাহত হইতেছি! অনুগ্রহ পূর্ব্বক ঈদৃশ ব্যক্তিকে আপনি উদ্ধার করুন! এবং অমৃতোপম মোক্ষপ্রদ কথা-সলিলে এই অজ্ঞানাচ্ছন্ন মূঢ়জনের মোহাবরণ অপনয়ন করুন!॥ ১০॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে উদ্ধব! অজাতশত্রু রাজা যুধিষ্ঠির আমাদের সকলের সমক্ষে ধার্ম্মিকাগ্রগণ্য পরমভাগবত মহামতি ভীষ্মকে ত্বৎকৃত এই প্রশ্নটীই একবার জিজ্ঞাসা করিয়াছিলেন॥

আভাস।

'ভক্তিই এক মাত্র উপায়। এবং তাঁহাকে পরিজ্ঞাত হইতে পারিলে, আর কিছু জানিবার অপেক্ষা থাকিবে না॥ ৮॥ ৯॥

উদ্ধব স্বীয় দৈন্য প্রকাশে ভগবৎসন্নিধানে অনুগ্রহ প্রার্থনায় বলিয়াছেন, হে কৃপা-

নিবৃত্তে ভারতে যুদ্ধে সুহৃন্নিধনবিহ্বলঃ।
শ্রুত্বা ধর্ম্মান্ বহূন্ পশ্চান্মোক্ষধর্ম্মানপৃচ্ছত ॥ ১১ ॥
তানহং তেঽভিধাস্যামি দেবব্রতমুখাচ্ছ্রুতান্।
জ্ঞানবিজ্ঞানবৈরাগ্যশ্রদ্ধাভক্ত্যুপবৃংহিতান্ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ভারতে যুদ্ধে নিবৃত্তে সতি সুহৃন্নিধনবিহ্বলঃ (সুহৃদাং নিধনাৎ বিহ্বলঃ) সন্ যুধিষ্ঠিরঃ বহূন্ ধর্ম্মান্ শ্রুত্বা পশ্চাৎ মোক্ষধর্ম্মান্ অপৃচ্ছৎ ॥ ১১ ॥

দেবব্রতমুখাৎ (দেবব্রতস্য ভীষ্মস্য মুখাৎ) শ্রুতান্ জ্ঞানবিজ্ঞানবৈরাগ্যশ্রদ্ধাভক্ত্যুপ-বৃংহিতান্ (জ্ঞানাদিভিঃ উপবৃংহিতান্ সহিতান্) তান্ ধর্ম্মান্ তে তুভ্যং অহং অভিধাস্যামি কথয়িষ্যামি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ত্বদ্বিশ্বাসার্থং বিদ্বৎসভায়াং নির্ণীতমহং বক্ষ্যামীত্যাহ ইত্থমিতি ত্রিভিঃ ॥ ১১ ॥

জ্ঞানাদিভিরুপবৃংহিতান্ ইত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিযোগা অপ্যেবং নিস্তরেয়ুরিত্যতো জ্ঞানং পৃচ্ছ্যত ইতি। আপবর্গ্যৈরপবর্গার্হৈর্ব্বচনামৃতৈর্বা সিঞ্চেতি ত্বন্মুখচন্দ্রোদিতং জ্ঞানামৃতমেব সম্যগপবর্গজনকং ভবতীতি ভাবঃ ॥ ১০—১২

ভারত যুদ্ধের অবসান হইলে ধর্ম্মরাজ যুধিষ্ঠির বন্ধুবর্গের নিধনে নিতান্ত বিহ্বল হইয়া বিবিধ ধর্ম্মবিষয়ক মীমাংসা শ্রবণ করত পরিশেষে এই মোক্ষধর্ম্মের প্রশ্নই ভীষ্ম সমীপে উত্থাপন করেন ॥ ১১ ॥

তৎকালে দেবব্রত ভীষ্মের মুখবিনিঃসৃত জ্ঞান, বিজ্ঞান, বৈরাগ্য, শ্রদ্ধা এবং ভক্তির দ্বারা পরিবর্দ্ধিত সেই সকল মোক্ষধর্ম্মের বিষয় আমি তোমার নিকট বর্ণন করিতেছি, শ্রবণ কর! ॥ ১২ ॥

আভাস।

সিদ্ধো! আপনি আমাকে উদ্ধার করুন! আমি অকিঞ্চিৎকর সুখের তীব্র লালসায় আকৃষ্ট হইয়া, এই গহন সংসার-বিপিনের গভীর অন্ধকূপে নিপতিত হইয়াছি! তথায় কালসর্পের বিকট দংশনে নিতান্ত ব্যাকুল হইতেছি। এক্ষণে মুক্তিপ্রদ জ্ঞানামৃতের বর্ষণে আমাকে পরিতৃপ্ত করুন্! আমার অজ্ঞান অন্ধকার দূরে যাউক্! আপনার মুখচন্দ্র বিনিঃসৃত পবিত্র জ্ঞানযোগে শান্ত হইয়া, এই অন্ধকূপ হইতে বিনিঃসৃত হই। এ সময়ে শুদ্ধ ভক্তিযোগে বিশেষ ফলের প্রত্যাশা নাই। কারণ ভক্তিলাভ করিতে হইলে, মহতের কৃপার প্রয়োজন; সে কৃপালাভও সহজে হয় না। অনেক সৌভাগ্যের আবশ্যক। কিন্তু আমার সে শুভাদৃষ্ট কোথায়? আমি নিজে সংসার-জ্বালায় ব্যতিব্যস্ত হইয়াছি; পুণ্যসঞ্চয়ের কোন প্রত্যাশা নাই। তবে নিষ্কাম কর্ম্মযোগের দ্বারা জীব আত্মস্বরূপ

নবৈকাদশ পঞ্চ ত্রীন্ ভাবান্ ভূতেষু যেন বৈ।
ঈক্ষেতাথৈকমপ্যেষু তজ্জ্ঞানং মম নিশ্চিতং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

প্রকৃতি-পুরুষ-মহদহঙ্কার-পঞ্চতন্মাত্রাণি ইতি নব, পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি একং মনঃ ইত্যেকাদশ; পঞ্চমহাভূতানি; ত্রয়োগুণাশ্চ ইতি ত্রীন্ এতান্ ভাবান্ অষ্টাবিংশতিতত্ত্বানি, ভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু কার্য্যেষু, অনুগতানি ইতি বৈ যেন জ্ঞানেন ঈক্ষেত; অথ এষু তত্ত্বেষু একং পরমাত্মতত্ত্বং অনুগতং যেন ঈক্ষেত (তথা ইদং জগৎ পরমকারণাত্মকং এব ইতি ইদং ত্রয়ং যেন পশ্যতি) তৎ এব জ্ঞানং ইতি মম ময়া নিশ্চিতং ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তত্র জ্ঞানং কথয়তি নবেতি। প্রকৃতি-পুরুষ-মহদহঙ্কার-পঞ্চ-তন্মাত্রাণি নব। একাদশেন্দ্রিয়াণি। পঞ্চ মহাভূতানি। ত্রয়ো গুণাঃ। এতান্ ভাবান্ অষ্টাবিংশতিতত্ত্বানি। ভূতেষ্ ব্রহ্মাদিস্থাবরান্তেষু কার্য্যেষু অনুগতানি যেন জ্ঞানেন ঈক্ষেত অথ এষপি ভাবেষু একং পরমাত্মতত্ত্বং অনুগতং যেনেক্ষেত কার্য্যকারণাত্মকং জগৎ পশ্যন্ পরমকারণাত্মকমেবৈতং নতু ততঃ পৃথগিতি যেন পশ্যেৎ তজ্জ্ঞানমিত্যর্থঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র জ্ঞানমাহ নবেতি। প্রকৃতি-পুরুষ মহদহঙ্কার-পঞ্চ-তন্মাত্রাণি। একাদশ ইন্দ্রিয়াণি। পঞ্চ মহাভূতানি। ত্রয়ো গুণাঃ। এতান্ ভাবান্ অষ্টাবিংশতিতত্ত্বানি। ভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু কার্য্যেষু অনুগতানি যেন জ্ঞানেনেক্ষেত অথ এষপি ভাবেষু অষ্টাবিংশতিতত্ত্বেষু একং পরমাত্মতত্ত্বং অনুগতং যেনেক্ষেত কার্য্যকারণাত্মকং জগৎ পশ্যন্ পরমকারণাত্মকমেবৈতং ন তু ততঃ পৃথগিতি যেন পশ্যেত্তজ্জ্ঞানমিত্যর্থঃ ॥ ১৩ ॥

প্রকৃতি, পুরুষ, মহত্তত্ত্ব, অহঙ্কার ও পঞ্চ তন্মাত্র এই নববিধ, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও মন এই একাদশ প্রকার, পঞ্চ মহাভূত এবং সত্ত্ব, রজঃ ও তমঃ এই সর্ব্বসমেত অষ্টাবিংশতি তত্ত্ব ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত যাবতীয় সৃষ্টভূতেই অনুগত রহিয়াছে বলিয়া যে জ্ঞানের দ্বারা উপলব্ধ হয়;

আভাস।

তৎপদার্থ যখন অবধারণে সক্ষম হয়, তখনই তাহার নিস্তারের উপায় হয়। অতএব আপনি এক্ষণে জ্ঞান ও তদানুষঙ্গিক বিষয়ের বর্ণন করুন। এখানে জ্ঞান অর্থে শাস্ত্রীয় জ্ঞান, বিষয়ে অরুচিকে বৈরাগ্য, অপরোক্ষানুভবকে বিজ্ঞান, শাস্ত্রার্থে বিশ্বাসের নাম শ্রদ্ধা, শ্রবণাদিতে ঔৎসুক্যের নাম ভক্তি বলিয়া নিরূপণ করা হইয়াছে। এই ভক্তিতেই প্রেম জন্মে। ভগবান্ শ্রীকৃষ্ণ এই সকল বিষয়ের উপদেশ দিবার জন্য এবং তাহাতে উদ্ধবের দৃঢ় প্রত্যয় উৎপাদনার্থ ভীষ্ম-যুধিষ্ঠির সংবাদ বর্ণন করিয়াছেন ॥ ১০—১২ ॥

এতদেব হি বিজ্ঞানং ন তথৈকেন যেন যৎ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

তথা যদা একেন যেন অনুগতেন, একাত্মকান্ ভাবান্ পূর্ব্বং ঐক্ষত তান্ তথা পূর্ব্ববৎ ন ঈক্ষেত কিন্তু তৎ একং পরমকারণং ব্রহ্মৈব অপরোক্ষতয়া ঈক্ষেত এতদেব হি বিজ্ঞানং ॥১৪॥

শ্রীধরস্বামী।

বিজ্ঞানমাহ এতদেবেতি শ্লোকার্দ্ধেন। যদ্‌যথা যেনৈকেনানুগতান্ একাত্মকান্ ভাবান্ পূর্ব্বমৈক্ষত তান্ তথা পূর্ব্ববন্নেক্ষেত কিন্তু তদেকং পরমকারণং ব্রহ্মৈব তদা এতদেব বিজ্ঞানমুচ্যতে। এতদুক্তং ভবতি। পরোক্ষজ্ঞানেনাপরোক্ষভ্রমস্য দিঙ্‌মোহাদিম্বিব নিবৃত্ত্যভাবাৎ তদা জগৎ পশ্যন্নপ্যাত্মনঃ পৃথক্ সদিতি ন মন্যতে অপরোক্ষজ্ঞানেতু বাধিত-মেব জীবন্মুক্তঃ সংস্কারবিশেষং পশ্যন্তি ততঃ পরং ন পশ্যতি চ। অতঃ পরোক্ষাপরোক্ষ-জ্ঞানে জ্ঞানবিজ্ঞানশব্দাভ্যামুচ্যেতে ইতি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিজ্ঞানমাহ এতদেবেত্যর্দ্ধেন। এতদেব এতজ্‌জ্ঞানমেব বিজ্ঞানং ভবতি কথমিত্যত আহ ন তথেতি। যেন পরমাত্মনা একেন যদ্বিশ্বং অনুগতং যথা পূর্ব্বং ঈক্ষিতং তথন্ন নেক্ষেত। অয়মর্থঃ। জ্ঞানদশায়াং পরোক্ষীভূতেন পরমাত্মনা অনুগতাঃ সর্ব্বে পরোক্ষাঃ পরোক্ষীভূতা ভাবা দৃষ্টাঃ বিজ্ঞানদশায়ান্ত একঃ পরমাত্মৈবাপরোক্ষীভূত ঈক্ষিতো ভবতি তদনুভবানন্দাদেব তৎকার্য্যাণাং ভাবানামীক্ষণেঽবকাশো ন ভবেদিত্যদ্বিতীয়াত্মানু-ভবঃ ॥ ১৪ ॥

এবং এই তত্ত্বগ্রামের ভিত্তিস্থানে এক পরমাত্মতত্ত্বকে অচল ও অক্ষুন্নভাবে প্রতিষ্ঠিত বলিয়া যে জ্ঞান নিশ্চয় করিতে পারে; অতএব এই বিশ্বসংসার সেই পরম কারণের কেবল কার্য্যমাত্র; এই ত্রিবিধ ভাব যে জ্ঞানের দ্বারা স্পষ্টত প্রতীত হয়, আমার মতে তাহাকেই জ্ঞাননামে অভিহিত করা যায় ॥ ১৩ ॥

অনন্তর যৎকালে এক পরম কারণ হইতে উৎপন্ন অনন্তভাবে পরিচিত এই বিচিত্র বস্তুনিচয়ের বহুভাবের প্রতি লক্ষ্য পরিহার পূর্ব্বক, যে প্রধান

আভাস।

প্রথম জ্ঞানের স্বরূপ নির্ণয়ার্থ বলিলেন যে, স্থূল সূক্ষ্মাত্মক জগতের বিচিত্রভাব বিচার পূর্ব্বক অবলোকন করিয়া যে জ্ঞানের দ্বারা জগতে পরম কারণকে জগৎ হইতে সম্পূর্ণ পৃথক্‌ভাবে পরিদর্শন করিতে পারা যায়, তাহাকে প্রকৃত প্রস্তাবে জ্ঞাননামে অভিহিত করা হয়। অর্থাৎ প্রকৃতি, পুরুষ, মহত্তত্ত্ব, অহঙ্কার, পঞ্চ তন্মাত্র, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও মন এবং পঞ্চ মহাভূত ও সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয়; সর্ব্ব সমেত এই অষ্টাবিংশতি তত্ত্বকে পৃথক্‌ভাবে ও স্বস্বকার্য্য সহ অবধারণ করা কর্ত্তব্য; পরে

স্থিত্যুৎপত্ত্যপ্যয়ান্ পশ্যেদ্ভাবানাং ত্রিগুণাত্মনাং।
আদাবন্তে চ মধ্যে চ সৃজ্যাৎ সৃজ্যং যদন্বিয়াৎ ॥

অন্বয়ঃ।

ত্রিগুণাত্মনাং ভাবানাং স্থিত্যুৎপত্ত্যপ্যয়ান্ যৎ পশ্যেৎ, আদৌ সৃষ্টেঃ প্রাক্, মধ্যে আশ্রয়ত্বেন, অন্তে পরিণামান্তরাপত্তৌ, সৃজ্যাৎ সৃজ্যং কার্য্যান্তরং প্রতি যৎ অন্বিয়াৎ অনু

শ্রীধরস্বামী।

একেন সর্ব্বকার্য্যাণামনুগতিং কার্য্যাণাং কারণাৎ পৃথগসত্ত্বং চোপপাদয়তি সার্দ্ধেন। তত্র যদি ন কদাচিদনীদৃশং জগদিত্যাদিমতেনৈষাং ভাবানামুৎপত্ত্যাদয়ো ন স্যুস্তর্হি কারণস্যৈকস্যাভাবাৎ একাত্মতা মিথ্যাত্বঞ্চ ন স্যাৎ অতস্তেষামুৎপত্ত্যাদীন্ সাধয়তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানদশায়াং একেন পরমাত্মনৈবানুগতানাং কার্য্যাণাং সর্ব্বেষাং পরমকারণাত্মকত্বাৎ পরমাত্মৈক্যমেব যদুক্তং তদুপাদয়তি স্থিতীতি সার্দ্ধেন। ত্রিগুণাত্মনাং ভাবানাং কার্য্যাণাং স্থিত্যুৎপত্ত্যপ্যয়ান্ পশ্যেদিত্যুৎপত্তিস্থিতিপ্রলয়বত্ত্বাত্তেষামনিত্যত্বং পশ্যেদিত্যর্থঃ। অনিত্যত্বাদেব সার্ব্বকালিকসত্যত্বাভাবাত্তেষামসত্যত্বং জ্ঞানিনো মন্যেরন্নিতি ভাবঃ॥

পরম কারণের অনুগতিতে বিশ্ব ব্রহ্মাণ্ড প্রতীত হইতেছে, কেবল সেই ব্রহ্মমাত্রকে অপরোক্ষভাবে যে জ্ঞানের দ্বারা অনুভূত হয়, তাহাকেই বিজ্ঞান-শব্দে কীর্ত্তিত করা যায়॥ ১৪ ॥

ত্রিগুণাত্মক ভাবমাত্রেরই উৎপত্তি, পালন ও ধ্বংস যিনি নিরন্তর লক্ষ্য করিতেছেন, সৃষ্টির পূর্ব্বে আত্মস্বরূপে, প্রলয়ে আধারভাবে এবং সৃষ্টির

আভাস।

ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত পদার্থমাত্রেই এই অষ্টাবিংশতি তত্ত্ব কারণরূপে অনুগত বলিয়া অবধারণ করিতে হইবে; কিন্তু কার্য্যমাত্রেই জ্ঞানের প্রয়োজন। চৈতন্য ব্যতীত কোন কার্য্যই সিদ্ধ হয় না। অতএব পরমাণু হইতে আরম্ভ করিয়া পরম মহৎপদার্থে পর্য্যন্ত অখণ্ড এক রস চৈতন্য স্বরূপ পরমাত্মভাবের প্রতীতি যে জ্ঞানের দ্বারা উদ্বোধিত হয়, তাহাকে জ্ঞান বলা যায়। অর্থাৎ তত্ত্বের জ্ঞানপূর্ব্বক পরমাত্মভাবের প্রতীতিই জ্ঞান এবং পরমাত্মভাবের উদ্বোধন পূর্ব্বক অষ্টাবিংশতি তত্ত্ব ও তৎসমবায়ে জগতের উপলব্ধিই বিজ্ঞান। অর্থাৎ দৃশ্য জগৎ অবলম্বনে পরম কারণে উপস্থিতিই জ্ঞান এবং অপরোক্ষভাবে পরম কারণ পরমাত্মস্বরূপের অবলম্বনে ও তদনুভানন্দের প্রভাবে পরমাত্মশক্তিতে উৎপন্ন বিচিত্র ভাবের প্রতি অবলোকনে আর সাবকাশই থাকে না। এমন কি! যোগীর নিজ স্বরূপের পৃথক্ অস্তিত্বই উপলব্ধ হয় না। পরম রসে অভেদভাবে নিমগ্ন হন, তখনই সেই জ্ঞানকে বিজ্ঞানশব্দে অভিহিত করা হয়॥ ১৩ ॥ ১৪ ॥

সৎ স্বরূপ একটী ভাব কার্য্যকারণরূপে বিস্তৃত হইয়া এই প্রপঞ্চ জগৎ প্রস্তুত

পুনস্তৎপ্রতিসংক্রামে যচ্ছিষ্যেত তদেব সৎ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

গচ্ছেৎ ; তৎপ্রতিসংক্রামে (তেষাং ভাবানাং প্রলয়ে চ) যৎ অবশিষ্যতে তৎ এব সৎ পরমার্থভূতং পশ্যেৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

স্থিতীতি। ত্রিগুণাত্মনাং সাবয়বানামিত্যর্থঃ। বিমতা ভাবা উৎপত্ত্যাদিমন্তঃ সাবয়বত্বাৎ ঘটাদিবদিতি পশ্যেৎ। তত্রাদাবুৎপত্তৌ অন্তে পরিণামান্তরাপত্তৌচ কারণত্বেন মধ্যে চাশ্রয়ত্বেন স্বজ্যাৎ স্বজ্যং কার্য্যাৎ কার্য্যান্তরং প্রতি যদান্বয়াৎ অনুগচ্ছেৎ তৎপ্রতিসংক্রামে তেষাং প্রলয়ে চ যদবশিষ্যেত তদেব সদিতি পশ্যেদিত্যর্থঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সত্যঃ পুনরেকঃ পরমাত্মৈবেত্যাহ। আদৌ উৎপত্তৌ অন্তে পরিণামান্তরাপত্তৌচ কারণত্বেন মধ্যে চাশ্রয়ত্বেন স্বজ্যাৎ স্বজ্যং কার্য্যাৎ কার্য্যং প্রতি যদন্বয়াৎ অনুগচ্ছেৎ। তৎপ্রতিসংক্রামে তেষাং প্রলয়ে চ যদবশিষ্যেত তদেব সৎ। যথা মহদাদীনাং স্বস্বকার্য্যং প্রতি কারণত্বেহপি সর্ব্বকারণত্বাভাবান্ন কারণত্বং কিন্ত্বেকঃ পরমাত্মৈব কারণং তথৈব তেষাং সত্যত্বেহপি সার্ব্বকালিকসত্যত্বাভাবান্নাসত্যত্বং কিন্ত্বেকঃ পরমাত্মৈব সত্য ইতি জ্ঞানদশায়ামপি তস্যান্বয়ত্বং পশ্যেদিতি ভাবঃ ॥ ১৫ ॥

মধ্যদশায় আশ্রয়রূপে এক সৃষ্ট হইতে অপর সৃষ্ট পদার্থেও যিনি উপাদানভাবে অনুগত থাকেন এবং সকল ভাবের অভাব-দশাতেও সর্ব্বান্তে যিনি একাকী অবস্থান করেন, তিনিই পরমার্থভূত নিত্য বস্তু ; তাঁহাকে পরিদর্শন করাই সর্ব্বতোভাবে বিধেয় ॥ ১৫ ।

আভাস।

হইয়াছে ; ভাববৈচিত্র বস্তুত নাই, এই জ্ঞানে সেই পরমাত্মস্বরূপের উপলব্ধিকেই যে বিজ্ঞান নামে অভিহিত করা হইয়াছে, এস্থলে এই শ্লোকটীর দ্বারা পদার্থে কার্য্যকারণরূপে অনুগত পরমাত্মার স্বরূপ নির্ণয় করিয়া পূর্ব্বোক্ত ভাবেরই প্রতিপাদন করিয়াছেন মাত্র। কোন কোন বাদী বলেন যে, জগৎ যে এরূপ কখন ছিল না, বা থাকিবে না, তাহা নহে ; কারণ সত্য ব্যতীত মিথ্যার কখন অস্তিত্ব হইতে পারে না। তদুত্তরে প্রতিবোধিত করিয়াছেন যে, কুম্ভকারের জ্ঞান মৃত্তিকারূপ উপাদান লাভে যেমন বিচিত্র ঘট শরাবাদি যতই নির্ম্মাণ করে, আকারে নামে ও ব্যবহারে সে গুলির যতই পার্থক্য থাকুক্ না, সকল গুলিতে মৃত্তিকা ও কুম্ভকারের কল্পনা অনুগত আছে। সেই সকলের বিনাশ ঘটিলেও মৃত্তিকা ও কুম্ভকার-কল্পনার বিনাশ হয় না, পুনরায় সেই মৃত্তিকা হইতেই আবার ততগুলি বা ততোধিক ঘট শরাবাদি উৎপন্ন হইতে পারে। সেইরূপ এই পরিদৃশ্যমান স্থূল জগৎকে অবলোকন করিলে, ইহার কারণ পঞ্চতন্মাত্র, তাহার কারণ অহঙ্কার এবং সর্ব্বান্তে

শ্রুতিঃ প্রত্যক্ষমৈতিহ্যমনুমানং চতুষ্টয়ং।
প্রমাণেষ্বনবস্থানাদ্বিকল্পাৎ স বিরজ্যতে॥ ১৬॥

অন্বয়ঃ।

শ্রুতিঃ প্রত্যক্ষং ঐতিহ্যং অনুমানং চতুষ্টয়ং ইতি তেষু প্রমাণেষু অনবস্থানাৎ নশ্বরত্বেন নিশ্চয়াৎ, সঃ বিবেকী বিকল্পাৎ প্রপঞ্চাৎ বিরজ্যতে॥ ১৬॥

শ্রীধরস্বামী।

বৈরাগ্যমাহ শ্রুতিরিতি দ্বাভ্যাং। শ্রুতির্নেহ নানাস্তি কিঞ্চনেত্যাদি। প্রত্যক্ষং পটাদি কার্য্যং তন্ত্বাদিব্যতিরেকেণ ন দৃশ্যতে। এবং চৈতন্যব্যতিরেকেণ চ ন কিঞ্চিদ্দৃশ্যত ইতি। ঐতিহ্যং বটে বটে যক্ষাঃ সন্তীত্যাদৌ মহাজনপ্রসিদ্ধঃ। অনুমানং। বিমতং বিশ্বং মিথ্যা দৃশ্যত্বাৎ, শুক্তিরজতবদিত্যাদি। এবং প্রমাণচতুষ্টয়ং এতেষ্বনবস্থানাৎ এতৈর্বাধিতত্বাৎ স এবং সর্ব্বানুগতং সত্যমাত্মতত্ত্বং পশ্যন্ বিকল্পস্য চ মিথ্যাত্বাৎ ততো বিরজ্যতে বিরক্তো ভবতীত্যর্থঃ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানবিজ্ঞানে উক্ত্বা বৈরাগ্যমাহ দ্বাভ্যাং। শ্রুতিঃ। যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎ প্রযন্তীতি। প্রত্যক্ষং ঘটাদীনাং মৃদ্ভূতত্বং মৃদবসানত্বঞ্চ দৃষ্টমেব। ঐতিহ্যং মহাজনপ্রসিদ্ধিঃ। ন কদাচিদনীদৃশং জগদিত্যাদিকং বদতাং তু ন মহাজনত্বং জ্ঞেয়ং। অনুমানং। জগদিদমসার্ব্বকালিকমাদ্যন্তবত্ত্বাদিতি। এবং চতুর্ষু প্রমাণেষু সৎসু অনবস্থানাৎ সার্ব্বকালিকাবস্থানাভাবাদ্ধেতোর্বিকল্পাৎ স্বর্গাদিভোগময়াৎ দ্বৈতপ্রপঞ্চাদ্বিরক্তো ভবেৎ॥ ১৬॥

বেদবাক্য, প্রত্যক্ষ, জনশ্রুতি ও অনুমান্ এই প্রমাণ চতুষ্টয়ের দ্বারা স্থায়িত্বের অপলোপে যাহা অকিঞ্চিৎকর এবং নশ্বর বলিয়া স্পষ্টত উপলব্ধ হয়, তাদৃশ নামমাত্রে প্রতীত প্রপঞ্চ বস্তুজাত হইতে বিবেকীর বিরত হওয়াই সর্ব্বতোভাবে বিধেয়॥ ১৬॥

আভাস।

মূল প্রকৃতিকেই সর্ব্ব কারণ বলিয়া উপনীত হওয়া যায়। কিন্তু কেবল উপাদন গ্রহণেই সৃষ্টিকার্য্যের মীমাংসা হয় না; কুম্ভকারের কল্পনার ন্যায় প্রকৃতিতেও একটী সর্ব্বজ্ঞ পরম জ্ঞানের প্রয়োজন; যাঁহার অভ্যন্তরে এই প্রকৃতিও নিবিষ্টা থাকেন এবং যাঁহার ঈক্ষণে তৎশক্তিরূপ প্রকৃতির প্রকাশে জগৎ রচিত হয়, তিনিই সর্ব্বকারণ-কারণ পরমেশ ব্রহ্ম। জগতের সত্তা তাৎকালিক মাত্র; কিন্তু পরমাত্ম-সত্তায় আর কালাকালের ভেদ নাই। সকলের বিলয় হইলেও, নিমিত্ত ও উপাদানভাবে এক তিনিই বিরাজ করেন। যাঁহার সত্তায় সকলের সত্তা; এবং সকলের অবসানে সাক্ষী ও আশ্রয়রূপে যিনি অবশিষ্ট থাকেন, তিনিই পরম সংস্বরূপ নারায়ণ॥ ১৫॥

কর্ম্মণাং পরিণামিত্বাদাবিরিঞ্চ্যাদমঙ্গলং।
বিপশ্চিন্নশ্বরং পশ্যেদদৃষ্টমপি দৃষ্টবৎ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

কর্ম্মাণাং (সুখহেতূনাং) পরিণামিত্বাৎ হেতোঃ আবিরিঞ্চ্যাৎ ব্রহ্মলোকপর্য্যন্তং অদৃষ্টং অপি সুখং দৃষ্টবৎ অমঙ্গলং দুঃখমিশ্রং, ইতি বিপশ্চিৎ বিবেকী, পশ্যেৎ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

নচ বেদোক্তস্বর্গাদিসুখাশয়া ন বিরজ্যেতেত্যাহ কর্ম্মণামিতি। আ বিরিঞ্চ্যাৎ ব্রহ্মলোকপর্য্যন্তং, অদৃষ্টমপি সুখমমঙ্গলং দুঃখরূপং নশ্বরঞ্চ পশ্যেৎ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্বু স্বর্গাদীনাং সার্ব্বকালিকসুখদত্বাভাবেঽপি কঞ্চিৎকালিকসুখদত্বমস্ত্যেবেত্যত আহ কর্ম্মণামিতি। কর্ম্মণাং পরিণামিত্বাৎ কর্ম্মপরিণামবত্ত্বাৎ কর্ম্মপরিণতত্বাদিতি যাবৎ। আ বিরিঞ্চ্যাৎ ব্রহ্মলোকপর্য্যন্তমদৃষ্টং স্বর্গাদি দৃষ্টবৎ দৃষ্টং রাজ্যাদিকমিব স্পর্দ্ধাসূয়াদিমত্ত্বেন সঙ্কটকত্বাদমঙ্গলং নশ্বরঞ্চ ॥ ১৭ ॥

সুখপ্রদ কার্য্যমাত্রেরই পরিণাম আছে; সুতরাং ব্রহ্মলোক পর্য্যন্ত যাবতীয় পারলৌকিক সুখও যে, ঐহিক সুখের ন্যায় দুঃখজড়িত ও বিঘ্নপ্রদ, সে বিষয়ে আর সন্দেহ নাই, এইরূপ বিবেচনায় বিবেকিগণ যেন পারলৌকিক সুখের প্রতিও অনাসক্তচিত্তে দৃষ্টি করেন ॥ ১৭ ॥

আভাস।

বৈরাগ্যকে পরিমার্জ্জিত করিতে হইলে শ্রুতি, প্রত্যক্ষ, অনুমান ও ইতিহাসকে আশ্রয় করিতে হইবে। শ্রুতি স্পষ্টত প্রতিবোধিত করিতেছেন যে, "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি ইতি" এই ভূতবর্গ যাঁহার নিকট হইতে উৎপন্ন হয় এবং অন্তে যাঁহাতে বিলীন হয়, তিনিই পরম ব্রহ্ম। প্রত্যক্ষ যথা জন্ম ও মৃত্যু। ঋষিগণের বাক্যই ইতিহাস এবং কার্য্য দর্শনেই কারণের অনুমান হইয়া থাকে ॥ ১৬ ॥

ঐহিকের সুখ যেমন স্বপ্নগজাদিবৎ মিথ্যা ও কল্পনামূলক, পারমার্থিক সুখ স্বর্গভোগাদিও তদপেক্ষা ন্যূন নহে। শ্রুতি বলিয়াছেন, "পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ ব্রাহ্মণো নির্ব্বেদমায়ান্নাস্ত্যকৃতঃ কৃতেন। যথা কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়তে"॥ কার্য্যরূপ জগৎকে পরীক্ষা করিলেই তাহার কারণস্বরূপের ভাব উপলব্ধ হইয়া থাকে। কার্য্যের দ্বারা জাগতিক ও পারলৌকিক উভয়বিধ ভোগই সংগৃহীত হয়; কিন্তু কার্য্যের বলাবল অনুসারে তদর্জ্জিত ভোগেরও বলাবল অবশ্য অনুভূত হইয়া থাকে। যেমনই কার্য্য করা যায়, তদনুরূপ ভোগই লাভ হইয়া থাকে। কিন্তু কার্য্য যেমন কালক্রমে বিনষ্ট হয়, সুতরাং তদর্জ্জিত ভোগও কালে বিনষ্ট হইবে, সন্দেহ নাই। দ্বিতীয় কথা, ভোগ যখন পূর্ব্বে ছিল না,

ভক্তিযোগঃ পুরৈবোক্তঃ প্রীয়মাণায় তেঽনঘ।
পুনশ্চ কথয়িষ্যামি মদ্ভক্তেঃ কারণং পরং ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

হে অনঘ! যদ্যপি ভক্তিযোগঃ পুরা পূর্ব্বং এব উক্তঃ তথাপি প্রীয়মাণায় তে তুভ্যং মদ্ভক্তেঃ পরং শ্রেষ্ঠং কারণং পুনশ্চ কথয়িষ্যামি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

ভক্তিযোগং সকারণমাহ। ভক্তিযোগঃ পূর্ব্বমুক্ত এব তথাপি এতস্মিন্ প্রীতিং প্রাপ্নুবতে তুভ্যং পুনশ্চ কথয়িষ্যামি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যৎ পৃষ্টং ত্বদ্ভক্তিযোগঞ্চ মহদ্বিমৃগ্যমাখ্যাহীতি তত্রাহ ভক্তিযোগ ইতি। পুরৈবোক্ত ইতি তদপি ত্বং শ্রুত্বাপি তত্র তৃপ্ত্যভাবাদেব পুনঃ পৃচ্ছসীতি ভাবঃ। পুনরপি কথয়িষ্যামি যতঃ প্রীয়মাণায় তস্মিন্নেব প্রীতিং প্রাপ্নুবতে তত্রাপি হেতুঃ অনঘেতি। অপরাধে সত্যেব তত্র প্রীতির্ন্নসতি নান্যথেতি ভাবঃ। কারণং পরং শ্রেষ্ঠমঙ্গং ॥ ১৮ ॥

হে পবিত্রহৃদয় উদ্ধব! যদিও ভক্তিযোগের বিষয় তোমার নিকট আমার পূর্ব্বেই বর্ণন করা হইয়াছে, তথাপি তোমার যখন তাহাতে সম্পূর্ণ তৃপ্তিলাভ হয় নাই, তখন আমি নিতান্ত প্রীত হইয়া ভগবদ্ভক্তির শ্রেষ্ঠ কারণসমূহ পুনরায় তোমার নিকট বর্ণন করিতেছি, শ্রবণ কর! ॥ ১৮ ॥

আভাস।

কার্য্যান্তে মিলিত হইয়াছে, তখন এমন কালও আসিবে যে, তখন এই মিলনের ভঙ্গে ভোগও অপসৃত হইবে। কারণ যুক্তিও এতদর্থে যথেষ্ট আছে যে, "নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ"। অসৎ বিষয় কখন থাকে না এবং সতেরও কখন বিনিবৃত্তি ঘটে না। যাহা সৎ, তাহা মিথ্যাভূত অথচ সত্যবৎ প্রতীত কুজ্ঝটিকা সদৃশ অসতের আবরণে আবৃত ও অসতের ন্যায় উপলব্ধ হইলেও কালক্রমে সৎস্বরূপে আত্মপরিচয় দিবে এবং কুজ্ঝটিকা বিলীন হইবে। সেইরূপ উপস্থিত দুঃখের প্রতীকারক সুতরাং আপাতত মনোরম স্বর্গ-সুখাদিও কালক্রমে মিথ্যাভূত ও দুঃখপ্রদ হইবে, সন্দেহ নাই। তত্ত্বকৌমুদিতেও প্রকাশ আছে যে, "দৃষ্টবদানুশ্রবিকঃ স হ্যবিশুদ্ধিক্ষয়াতিশয়যুক্তঃ। তদ্বিপরীতঃ শ্রেয়ান্ ব্যক্তাব্যক্তজ্ঞ-বিজ্ঞানাৎ" ॥ দৃষ্টসুখের ন্যায় আনুশ্রবিক বেদোক্ত যজ্ঞাদির দ্বারা সঞ্চিত স্বর্গাদি সুখও দুঃখপক্ষে নিক্ষেপ করা কর্ত্তব্য। কারণ স্বর্গসুখ ও অবিশুদ্ধি, ক্ষয় এবং অতিশয়দোষযুক্ত সন্দেহ নাই। স্বর্গেও কেহ ইন্দ্র এবং কেহ তাঁহার ভৃত্য হইয়া ভোগ করেন। সুতরাং পরকীয় সম্পদ্ হীনসম্পদ পুরুষকে যে দুঃখিত করে, তাহাতে আর সন্দেহ নাই। অতএব স্বর্গেও যে কেবল সুখ, তাহা নহে; সঙ্গে সঙ্গে তদনুরূপ দুঃখও আছে। পুণ্য ভোগের অন্তে স্বর্গীকেও সঞ্চিত কর্ম্মানুরূপ ভোগভূমিতে পতিত হইতে হয়। কারণ কৃতকর্ম্মের

শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনং।
পরিনিষ্ঠা চ পূজায়াং স্তুতিভিঃ স্তবনং মম॥
আদরঃ পরিচর্য্যায়াং সর্ব্বাঙ্গৈরভিবন্দনং।
মদ্ভক্তপূজাভ্যধিকা সর্ব্বভূতেষু মন্মতিঃ॥ ১৯॥

অন্বয়ঃ।

অমৃততুল্যায়াং মে মৎকথায়াং শ্রদ্ধা শ্রবণাদরঃ, শশ্বৎ অনুকীর্ত্তনং কথাব্যাখ্যানং, চ; মম পূজায়াং (ষোড়ষোপচারৈঃ) পরিনিষ্ঠা আসক্তিঃ, স্তুতিভিঃ চ মম স্তবনং॥

পরিচর্য্যায়াং মন্দিরমার্জ্জনাদিক্রিয়ায়াং আদরঃ যত্নাতিশয়ঃ, সর্ব্বাঙ্গৈঃ অভিবন্দনং (নিধায় দণ্ডবদ্দেহং প্রসার্য্য চরণৌ করৌ। বদ্ধা মুকুলবৎপাণী প্রণামে দণ্ডসম্মিতঃ॥ পাদৌ শির স্তথা হস্তৌ নিকুব্জ্য মুকুলাকৃতী। মনোবুদ্ধ্যাভিপাতৈশ্চ প্রণামোঽষ্টাঙ্গ-সজ্ঞিতঃ॥ ইতি বিহিতৈঃ সর্ব্বাঙ্গৈঃ সর্ব্বভূতেষু মন্মতিঃ তত্র মৎস্ফূরণং তু মদ্ভক্ত-পূজাভ্যধিকা মৎপূজাতঃ মদ্ভক্তপূজাতঃ অপি অভ্যধিকা॥ ১৯॥

শ্রীধরস্বামী।

শ্রদ্ধা শ্রবণাদরঃ। শশ্বদিতি সর্ব্বত্রানুষজ্যতে। মদনুকীর্ত্তনং শ্রবণানন্তরং মৎকথা-ব্যাখ্যানমিত্যর্থঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অমৃতরূপা যা কথেতি। তৎকথায়াঃ সর্ব্বস্যাঃ অমৃতত্বেঽপ্যতিমাধুর্য্যবতী রাসাদি-সম্বন্ধিনীত্যর্থঃ। শ্রদ্ধা অতিশ্রদ্ধা॥ ১॥ অভ্যধিকা মৎসন্তোষবিশেষং জ্ঞাত্বা মৎপূজাতো-ঽপীত্যর্থঃ॥ ২॥ ১৯॥

ভগবানের অমৃতোপম লীলাকথা শ্রবণার্থ বিশেষ শ্রদ্ধা, সর্ব্বদা পরস্পরের নিকট উক্ত লীলাকথার অনুকীর্ত্তন করা, ষোড়ষোপচারে ভগবানের পূজা করিবার যত্ন ও স্তব করা—॥

বিষ্ণুমন্দির পরিমার্জ্জিতাদি করিবার জন্য বিশেষ আদর ও বিষ্ণুপ্রতিমার সন্নিধানে সাষ্টাঙ্গে প্রণাম করাই ভক্তিজনের শ্রেষ্ঠ উপায়; কিন্তু সকল ভূতের অন্তরে মদীয় ভাবের স্ফূর্ত্তিকে নিরীক্ষণ করিতে পারিলে, সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ফল লাভ হইয়া থাকে, সন্দেহ নাই; কারণ ইহা মদ্ভক্ত হওয়া বা মদীয় ভক্তের সম্মান করা, এমন কি! আমার পূজা করা অপেক্ষা, অধিক ফলপ্রদ সন্দেহ নাই।॥ ১৯॥

আভাস।

যারা অকৃতস্বরূপ মোক্ষ কখন অর্জ্জিত হইতে পারে না। কর্ম্মেও অবিশুদ্ধি দোষ থাকায়, ফলেও অবিশুদ্ধতা আনয়ন করে। কোন কর্ম্মই সম্পূর্ণ ধর্ম্মানুকূলভাবে সম্পাদিত হইতে

মদর্থেম্বঙ্গচেষ্টা চ বচসা মদ্গুণেরণং।
ময্যর্পণঞ্চ মনসঃ সর্ব্বকামবিবর্জ্জনং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

মদর্থেষু মদারাধনোপকরণতুলসীপুষ্পাদ্যর্জ্জনকর্ম্মসু, অঙ্গচেষ্টা কায়ব্যাপারঃ, বচসা মদ্‌গুণানাং ঈরণং কথনং। ময়ি মনসঃ সর্ব্বকামবিবর্জ্জনং অর্পণং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

অঙ্গচেষ্টা লৌকিকী ক্রিয়া। বচসা লৌকিকেনাপি মদ্গুণানামীরণং কথনং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অঙ্গচেষ্টা দন্তধাবনাদিদৈহিকী ক্রিয়াপি মদর্থে মৎসেবার্থং বচসা অপভ্রংশবাক্যেনাপি গীতবন্ধেন মদ্গুণকথনং ॥ ২০ ॥

মদীয় আরাধনার উপলক্ষে দ্রব্যসামগ্রীর সঞ্চয়ার্থই দেহব্যাপারকে নিয়মিত রাখিতে হইবে এবং নিরন্তর ভগবদ্‌গুণানুকথনেই বাগিন্দ্রিয়ের চরিতার্থতা সাধন করিবে; মনোমধ্যে যখন যে কোন কামনার উদয় হইবে, সে সকলই ভগবৎপ্রাপ্তির বিনিময়ে তাঁহাতেই তাহা বিনিক্ষিপ্ত রাখিবে ॥২০

আভাস।

পারে না। ইন্দ্রত্বপ্রদ বহুকালব্যাপী যজ্ঞের অনুষ্ঠান করিলেও পশুবধ বা বীজধ্বংসরূপ পাপাচরণ অবশ্যই করিতে হয়; এবং তাহাতে "অহিংসা পরমো ধর্ম্মঃ" এই বেদানুমোদিত ধর্ম্মের উল্লঙ্ঘনে পাপেরও যে সঞ্চয় হয়, তাহাতে আর সন্দেহ নাই। অতএব প্রচুর পুণ্যভোগ-কালেও অল্প পাপজনিত দুঃখকেও ভোগ করিতে হয়। অতএব স্বর্গাদি ভোগও দুঃখময়। ভগবান্ গীতাতে বলিয়াছেন, "আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুনঃ।" ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া সকল ভুবনই পুনরাবৃত্তির স্রোতে পতিত। ভগবান্ এক্ষণে বৈরাগ্যের কথা বর্ণন পূর্ব্বক যে যে উপায়ে ভক্তির উৎকর্ষসাধন হয়, তাহাই পরবর্ত্তী পাঁচটী শ্লোকে ব্যাখ্যা করিয়াছেন। আদরাতিশয়ে ভগবানের পূজা সর্ব্বতোভাবে বিধেয় বটে, কিন্তু সর্ব্বভূতে ভগবদ্ভাবের প্রতীতিই তদপেক্ষা শ্রেষ্ঠ; কারণ যিনি বাক্য ও মনের অতীত, তাঁহাকে হৃদয়মন্দিরে সম্পূর্ণ উপলব্ধি করিয়া মানসোপচারে পূজা করা বা বাহিরে প্রতিমাদিতে তাঁহার ভাবের কল্পনা পূর্ব্বক ষোড়শোপচারে পূজা করা অপেক্ষা, প্রত্যক্ষত তাঁহার ভাবে ভাসমান জীবজগৎকে প্রেম বা আদর করা অনেকাংশে সুগম। ভগবান্ সকল জীবের অন্তরে অন্তর্যামিরূপে বাস করিতেছেন; তখন জীবের প্রতি ভক্তিভরে উপকার করিলে, উপকৃত জীব স্বার্থের অনুরোধে তাহা বুঝুক বা নাই বুঝুক, তাহার অন্তর্যামী যেমন তাহার অন্তরের কার্য্য সমস্ত অবগত হন, তাহার উপকারকের ক্রিয়াও তাঁহার নিকট স্পষ্টত প্রতীত হয়। ভগবান্ জীবময়; অতএব জীবের প্রতি সদাচরণে, প্রকৃতই ভগবানের প্রিয়পাত্র হওয়া যায়, সন্দেহ নাই। ধনসংগ্রহ করা প্রয়োজন বটে, কিন্তু তাহা কেবল ধর্ম্মোপার্জ্জনের জন্য; অবিদ্যার বংশবৃদ্ধি করা কখন ধনসংগ্রহের সার্থকতা নহে। ভোগসুখ সংসারবর্দ্ধক

মদর্থেঽর্থপরিত্যাগো ভোগস্য চ সুখস্য চ।
ইষ্টং দত্তং হুতং জপ্তং মদর্থং যদ্ব্রতং তপঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

মদর্থে মদারাধনার্থে, অর্থপরিত্যাগঃ বিত্তব্যয়ঃ, তথা ভোগস্য স্রক্‌চন্দনাদেঃ, সুখস্য চ পরিত্যাগঃ, ইষ্টং যাগাদি কর্ম্ম, দত্তং দানং, হুতং হোমঃ, জপ্তং মন্ত্রজপঃ, ব্রতং তপঃ মদর্থং কার্য্যং ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

মদর্থে মদ্ভজনার্থং তদ্বিরোধিনোঽর্থস্য পরিত্যাগঃ। ভোগস্য তৎসাধনস্য চন্দনাদেঃ। সুখস্য পুত্রোপলালনাদেঃ। ইষ্টাদি বৈদিকং যৎ কর্ম্ম তদপি মদর্থং কৃতং ভক্তেঃ কারণমিত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদর্থে মদীয়যাত্রোৎসবাদ্যর্থে অর্থপরিত্যাগঃ শ্রীগুরুবৈষ্ণবাদিসম্প্রদানকঃ। যদ্বা। ভজনবিরোধিনোঽর্থস্যোপেক্ষা। ভোগস্য স্ত্রীসম্ভোগাদেস্ত্যাগঃ। সুখস্য পুত্রোপলালনাদেঃ। দত্তং দানং হুতং ব্রাহ্মণবৈষ্ণবমুখে ঘৃতপক্বান্নপ্রক্ষেপঃ। বিষ্ণবে স্বাহেতি সংস্কৃতবহ্নিমুখে তিলাজ্যানিক্ষেপো বা। জপ্তং সহস্রলক্ষাদি ভগবন্নামমন্ত্রজপঃ। এতত্ত্রিতয়মেব ইষ্টং ভক্তানাং যাগঃ। মদর্থং মৎপ্রাপ্ত্যর্থং ব্রতমেকাদশ্যুপবাসাদিকং যত্তদেব ভক্তানাং তপঃ ॥ ২১ ॥

আমার আরাধনা উপলক্ষে উপযুক্তরূপ অর্থব্যয় করা; পাছে আমার ভজনে ব্যাঘাত জন্মে, তজ্জন্য ভোগসুখকে বিসর্জ্জন দেওয়া, বৈধ যজ্ঞাদি কর্ম্ম, দান, হোম, ব্রত, জপ ও তপস্যাদি যে কোন আয়াসসাধ্য কর্ম্ম করা হয়, সমস্তই আমার উদ্দেশে সমর্পণ করিলে ভক্তি জন্মে, সন্দেহ নাই ॥ ২১ ॥

আভাস।

সংস্কারেরই শ্রীবৃদ্ধি করে; অতএব ভোগকে ভোগ বলিয়া না জ্ঞান করত, ভগবচ্চিন্তনের অনুকূলকারী মাত্র বলিয়া লক্ষ্য করাই কর্ত্তব্য। উৎকৃষ্ট ও নিরত্যয় ভবনে বাস করিলে, বা সুখসেব্য ভোজনদ্রব্য অনায়াসে সংগৃহীত হইলে, ঈশ্বরচিন্তায় যথেষ্ট আনুকূল্য পাওয়া যায়; কোন বিশেষ প্রতিবন্ধক ঘটে না; অতএব বাসভবনাদির প্রয়োজন। কিন্তু ঈশ্বরচিন্তায় উদাসীন হইয়া, কেবল গৃহনির্ম্মাণ বা অন্নসংগ্রহে কালাতিপাত করা কখনই বিধেয় নহে। ধর্ম্ম কর্ম্মাদি যে সমস্ত ক্রিয়াকলাপের কথা বেদাদি ধর্ম্মশাস্ত্রে বিহিত আছে, তাহা অবশ্য কর্ত্তব্য; কারণ তাহার অনুষ্ঠানে চিত্ত বৃথা কল্পনার স্রোতে ভাসমান হইয়া বা অবিহিত কর্ম্মের অনুষ্ঠান করিয়া নিরয়গামী হয় না। কিন্তু সকামভাবে কোন কর্ম্মেরই অনুষ্ঠান করা বিধেয় নহে; তাহাতেও সংসারের বৃদ্ধি হয়। তবে পরম গুরু ঈশ্বরে সকল কর্ম্মের ফল সমর্পণ পূর্ব্বক নিরন্তর নিত্য নৈমিত্তিকাদি কার্য্যের সমাধা করা অবশ্য কর্ত্তব্য। জীব, কর্ম্ম,

এবং ধর্ম্মৈর্মনুষ্যাণামুদ্ধবাত্মনিবেদিনাং।
ময়ি সংজায়তে ভক্তিঃ কোঽন্যোঽর্থোঽস্যাবশিষ্যতে॥ ২২॥
যদাত্মনার্পিতং চিত্তং শান্তং সত্ত্বোপবৃংহিতং।

অন্বয়ঃ।

হে উদ্ধব! আত্মনিবেদিনাং (আত্মনাং দেহপুত্রকলত্রাদীনাং নিবেদিনাং) মনুষ্যাণাং এবং উক্তবিধৈঃ ধর্ম্মৈঃ ময়ি ভক্তিঃ সংজায়তে; তদা অস্য কঃ অন্যঃ অর্থঃ সাধনরূপঃ অবশিষ্যতে॥ ২২॥

সত্ত্বোপবৃংহিতং শান্তং চিত্তং যদা আত্মনি ময়ি, অর্পিতং ভবতি তদা ধর্ম্মং সবৈরাগ্যং

শ্রীধরস্বামী।

ভক্তিঃ প্রেমলক্ষণা সংজায়তে অস্য ভক্তস্যান্যঃ কোঽর্থঃ সাধনরূপঃ সাধ্যরূপো বা অবশিষ্যতে সর্ব্বোঽপি স্বতএব ভবতীত্যর্থঃ॥ ২২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্য নিষ্কামভক্তস্য কোঽন্যোঽর্থোঽতোঽপরং কিং ফলং অবশিষ্টং ভবতি। কিন্তু তদেব পুনঃ পুনরমুত্রকথাশ্রবণাদিকমেব ফলং তেন জ্ঞানিনো যথাসাধ্যপ্রাপ্তৌ সত্যাং সাধনস্য ত্যাগ উক্তস্তথা ভক্তস্য সাধ্যভক্তিপ্রাপ্তৌ সত্যাং সাধনভক্তেঃ শ্রবণকীর্ত্তনাদিকায়া নৈব ত্যাগঃ প্রত্যুত প্রেমরসরূপায়াঃ সাধ্যভক্তেরনুভাবরূপা শ্রবণকীর্ত্তনাদিভক্তিপূর্ব্বতোঽপি সহস্রগুণিতা ভবতীতি॥ ২২॥

কোঽন্যোঽর্থোঽস্যাবশিষ্যত ইত্যাক্ষেপমর্য্যা ভগবদুক্তেরিয়মুক্তলক্ষণা কেবলা নির্গুণা ভক্তিজ্ঞানাঙ্গত্বেন ন ব্যাখ্যেয়া। জ্ঞানাদ্যঙ্গভূতা ভক্তিস্ত্বিতোঽন্যা সাত্ত্বিকী বর্ত্ততএব

হে উদ্ধব! এই সকল কর্ম্ম করিবার সঙ্গে দেহ, গেহ, পুত্র, কলত্র, ধন ও বিত্তাদিতে মায়া ও অভিমান পরিত্যাগ পূর্ব্বক সমস্ত আমাতে সমর্পণ করত ভৃত্যবৎ অবস্থান করিলে, মদীয়া ভাগবতী ভক্তি যখন লাভ করিতে পারে, তখন তাদৃশ ভক্তের আর অন্য ফল বা তৎসাধনেরই বা আর কি অপেক্ষা থাকে?॥ ২২॥

সত্ত্বগুণের দ্বারা সুসংযুক্ত সুতরাং উপশান্তবেগ চিত্তকে যখন পরমাত্ম-

আভাস।

ফল ও বিধি সকলই তাঁহার সৃষ্ট; তখন বিধি অনুসারে কর্ম্ম করিয়া ফলপ্রদানের ভার তাঁহার হস্তেই ন্যস্ত করা জীবের অবশ্য কর্ত্তব্য। কারণ জীবের প্রয়োজন যে কি? তাহা জীবের অপেক্ষা ভগবান্ বিলক্ষণ জানেন; এতদর্থে জীবের নিজ বিচারে যখন কোন সামর্থ্য নাই, তখন তাহার কোন প্রয়োজনও নাই॥ ১৭—২১॥

ভৃত্য যেমন সকল কর্ম্ম কেবল প্রভুর নিমিত্তই সম্পাদন করে, কোন কর্ম্মে তাহার

ধর্ম্মং জ্ঞানং সবৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চাভিপদ্যতে ॥ ২৩ ॥
যদর্পিতং তদ্বিকল্পে ইন্দ্রিয়ৈঃ পরিধাবতি।
রজস্বলঞ্চাসন্নিষ্ঠং চিত্তং বিদ্ধি বিপর্য্যয়ং ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

জ্ঞানং ঐশ্বর্য্যং চ সকামভক্তঃ অভিপদ্যতে প্রাপ্নোতি ॥ ২৩ ॥

যং যদা, তৎ রজস্বলং রজোগুণব্যাপ্তং চিত্তং বিকল্পে বিষয়ে, অর্পিতং সৎ ইন্দ্রিয়ৈঃ পরিধাবতি তদা অসন্নিষ্ঠং বিপর্য্যয়ং অধর্ম্মনিষ্ঠং চিত্তং ইতি বিদ্ধি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

তদেবাহ যদেতি। আত্মনি মদীশ্বরে চিত্তমর্পিতং তদা পুমান্ ধর্ম্মাদীন্ প্রাপ্নোত্যেব ॥ ২৩ ॥

এতদেব ব্যতিরেকেণ দ্রঢ়য়তি যদ্‌যথা চিত্তং বিকল্পে দেহগেহাদাবর্পিতং সৎ বিষয়ে পরিধাবতি তদাধিকং রজস্বলং অসন্নিষ্ঠঞ্চ ভবতি ততশ্চ বিপর্য্যয়ং অধর্ম্মাদিকং বিদ্ধি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রৈব সকামভক্তঃ স্বাপেক্ষিতং ধর্ম্মজ্ঞানাদিকং প্রাপ্নোত্যেবেত্যাহ যদিতি। যৎ শান্তং চিত্তং আত্মনি পরমাত্মনি ময়ি অর্পিতং সাত্ত্বিক্যা ভক্ত্যা মদ্বিষয়ীকৃতং ভবতি তদ্ধর্ম্মাদিযুক্তং ভবতীত্যর্থঃ ॥ ২৩ ॥

ব্যতিরেকং দর্শয়তি যচ্চিত্তং বিকল্পে দেহগেহাদৌ অর্পিতং তৎ বিষয়ান্ পরিধাবতি অসন্নিষ্ঠং নিষিদ্ধবিষয়াসক্তঞ্চ ভবতি। তচ্চিত্তং বিপর্য্যয়ং প্রাপ্তং বিদ্ধি। অধর্ম্মমজ্ঞানমবৈরাগ্যমনৈশ্বর্য্যং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ২৪ ॥

স্বরূপ আমাতে সমর্পিত করা হয়, তখনই সাধক ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্যকে লাভ করিয়া থাকেন ॥ ২৩ ॥

সেই চিত্ত আবার রজোগুণে পরিবর্দ্ধিত হইয়া যখন ইন্দ্রিয়ের পরিচালনে দেহগেহাদি কাল্পনিক বিষয়ের প্রতি ধাবিত হয় এবং অনিত্য ভোগেই অভিভূত হয়, তখন তাহার অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্যরূপ বিপর্য্যয়ভাবের সম্মিলন ঘটে ॥ ২৪ ॥

আভাস।

নিজের কোন স্বার্থ থাকে না, সেইরূপ সাধক যখন আমার বলিবার যাবতীয় সম্পত্তি এমন কি। নিজের বল, বিক্রম, সাহস ও বুদ্ধিমত্তাদি সকল সামর্থ্যে নিজের অধিকার বিস্মৃত হইয়া, প্রভুর দ্রব্যে নিজের ব্যবহারের স্থায়, ভগবানের স্বত্ব উপলব্ধ করিতে পারিবেন, তখনই তাঁহার প্রকৃত ভগবদ্ভক্তি জন্মায়। এবং তাদৃশ সাত্ত্বিকপ্রকৃতি সাধকের বুদ্ধিতে ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য আপনা হইতে স্ফূর্ত্তিলাভ করে। জীব অভিমানের বশবর্ত্তী হইয়া স্বকীয় কর্ত্তৃত্ব সংস্থাপনে যতই অগ্রসর হয়, ততই কর্দ্দমলিপ্তাঙ্গের স্থায়, তাহার চিত্ত রজোগুণে

ধর্ম্মো মদ্ভক্তিকৃৎ প্রোক্তো জ্ঞানঞ্চৈকাত্ম্যদর্শনং।
গুণেষসঙ্গো বৈরাগ্যমৈশ্বর্য্যঞ্চাণিমাদয়ঃ॥ ২৫॥
উদ্ধব উবাচ॥
যমঃ কতিবিধঃ প্রোক্তো নিয়মো বাঽরিকর্ষণ।
কঃ শমঃ কো দমঃ কৃষ্ণ কা তিতিক্ষা ধৃতিঃ প্রভো॥ ২৬॥

অন্বয়ঃ।

মদ্ভক্তিকৃৎ ধর্ম্মঃ প্রোক্তঃ, ঐকাত্ম্যদর্শনং এব জ্ঞানং প্রোক্তং গুণেষু অসঙ্গঃ এব বৈরাগ্যং তথা অণিমাদয়শ্চ ঐশ্বর্য্যং ইতি বিদ্ধি॥ ২৫॥

উদ্ধবঃ উবাচ। হে অরিকর্ষণ শত্রুনিসূদন প্রভো কৃষ্ণ! যমঃ কতিবিধঃ প্রোক্তঃ নিয়মঃ শমঃ দমঃ বা কঃ, কা তিতিক্ষা কা ধৃতিঃ চ॥ ২৬॥

শ্রীধরস্বামী।

স্বাভিপ্রেতান্ ধর্ম্মাদীন্ ব্যাচষ্টে। ধর্ম্মো মদ্ভক্তিকৃৎ ততঃ স এব প্রোক্তঃ প্রকৃষ্ট উক্তঃ শাস্ত্রেষু॥ ২৫॥

ধর্ম্মাদীনাং মহাজনপ্রসিদ্ধানাং অন্যথা ব্যাখ্যাতত্বাৎ যমাদিষপি সংখ্যাতঃ স্বরূপতো বা কিঞ্চিদ্বৈলক্ষণ্যং স্যাদিতি সম্ভাবনয়া তদ্বিশেষং জিজ্ঞাসুঃ পৃচ্ছতি যম ইতি পঞ্চভিঃ॥ ২৬

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মাদীন্ ব্যাচষ্টে ধর্ম্ম ইতি। মদ্ভক্তিকৃৎ মদ্ভক্তেঃ কৃৎ করণং যত্র বস্তুনি ভবেৎ স ধর্ম্মঃ॥ ২৫॥

ধর্ম্মাদীনামন্যতো বিলক্ষণং লক্ষণং শ্রুত্বা যমাদীনামপি সংখ্যাতঃ স্বরূপতশ্চ বৈলক্ষণ্যং সম্ভাব্যং পৃচ্ছতি যম ইতি পঞ্চভিঃ॥ ২৬॥

যে কোন ব্যাপারে আমার ভক্তি জন্মে, তাহাই ধর্ম্ম; ভূতসমূহে এক পরমাত্মভাবের উপলব্ধিই জ্ঞান, গুণেতে অনাসক্তির নামই বৈরাগ্য এবং অণিমাদিকেই ঐশ্বর্য্যনামে অভিহিত করা হয়॥ ২৫॥

উদ্ধব বলিলেন, হে শত্রুনিসূদন প্রভো শ্রীকৃষ্ণ! যম কয় প্রকার? নিয়মই বা কাহাকে বলে? শম, দম, তিতিক্ষা ও ধৃতি বলিলে কি বুঝায়? আপনি তাহা কীর্ত্তন করুন্!॥ ২৬॥

দান, তপস্যা, শৌর্য্য, সত্য এবং ঋতই বা কাহাকে বলে? ত্যাগশব্দের প্রকৃত অর্থই বা কি? কোনটীকে অভিপ্রেত ধন বলা উচিত? যজ্ঞ কাহাকে

আভাস।

পরিব্যাপ্ত হয়; এবং ধর্ম্মাদির পরিবর্ত্তে তদ্বিপরীত অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈশ্বর্য্যে অভিভূত হইয়া পড়ে॥ ২২—২৫॥

কিং দানং কিং তপঃ শৌর্য্যং কিং সত্যমৃতমুচ্যতে।
কস্ত্যাগঃ কিং ধনং চেষ্টং কো যজ্ঞঃ কা চ দক্ষিণা ॥ ২৭ ॥
পুংসঃ কিং স্বিদ্বলং শ্রীমন্ দয়া (ভগো) লাভশ্চ কেশব।
কা বিদ্যা হ্রীঃ পরা কা শ্রীঃ কিং সুখং দুঃখমেব বা ॥
কঃ পণ্ডিতঃ কশ্চ মূর্খঃ কঃ পন্থা উৎপথশ্চ কঃ।
কঃ স্বর্গো নরকঃ কশ্চ কো বন্ধুরুত কিং গৃহং ॥ ২৮ ॥
ক আঢ্যঃ কো দরিদ্রো বা কৃপণঃ কঃ ক ঈশ্বরঃ।
এতান্ প্রশ্নান্ মম ব্রূহি বিপরীতাংশ্চ সৎপতে ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

দানং তপঃ, শৌর্য্যং সত্যং ঋতং চ কিং উচ্যতে ; ত্যাগশ্চ কঃ, ইষ্টং অভিপ্রেতং, ধনং বা কিং কো বা যজ্ঞঃ কা চ দক্ষিণা ॥ ২৭ ॥

পুংসঃ কিং বলং কিং ? হে শ্রীমন্ কেশব ! দয়া কা ভগঃ লাভঃ চ কঃ, কা পরা বিদ্যা হ্রীঃ কা ? শ্রীঃ মণ্ডনং, সুখং দুঃখমেব বা কিং ?

কঃ পণ্ডিতঃ কঃ মূর্খঃ, পন্থা উৎপথশ্চ কঃ, স্বর্গঃ নরকঃ উত বন্ধুঃ চ কঃ, গৃহং কিং ॥২৮॥

হে সৎপতে (সতাং পতে) ? কঃ আঢ্যঃ ইতি এতান্ প্রশ্নান্ বিপরীতান্ অশমাদীন্ চ, মম সন্নিধৌ ব্রূহি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

ইষ্টং অভ্যর্হিতং ধনঞ্চ কিং ॥ ২৭ ॥

পরেতি। বিদ্যাদীনাং বিশেষণং শ্রীর্মণ্ডনং ॥ ২৮ ॥

প্রশ্নান্ পৃষ্টানর্থান্। বিপরীতান্ অশমাদীন্ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইষ্টমভ্যর্হিতং ধনঞ্চ কিং ॥ ২৭ ॥ শ্রীর্মণ্ডনং ॥ ২৮ ॥

প্রশ্নান্ পৃষ্টানর্থান্। বিপরীতাংশ্চেতি পৃষ্টার্থানামেতেষাং যুক্ত্যৈব এতদ্বিপরীতাঃ স্বতএবোক্তা ময়া জ্ঞাতাশ্চ ভবিষ্যন্তীতি ভাবঃ ॥ ২৯ ॥

বলে এবং তাহার দক্ষিণাই বা কিরূপ ? ॥ ২৭ ॥

হে শ্রীমন্ ! বল বলিলে, কি বুঝায় ? দয়া, ভগ, লাভ, পরা বিদ্যা, হ্রী, শ্রীঃ, সুখ বা দুঃখ কাহাকে বলে ? ॥

এই জগতে পণ্ডিত কে ? এবং মূর্খই বা কে ? কাহাকে পথ বলি ? এবং বিপথই বা কোনটী ? স্বর্গ ও নরক কাহাকে বলা যায় ? জগতে বন্ধু কে ? এবং আমাদের গৃহই বা কোথায় ? ॥ ২৮ ॥

প্রকৃত ধনী কাহাকে বলা যায় ? হে সাধুজনপ্রতিপালক ! আমার

শ্রীভগবানুবাচ ॥

অহিংসা সত্যমস্তেয়মসঙ্গো হ্রীরসঞ্চয়ঃ।
আস্তিক্যং ব্রহ্মচর্য্যঞ্চ মৌনং স্থৈর্য্যং ক্ষমাভয়ং ॥ ৩০ ॥
শৌচং জপস্তপো হোমঃ শ্রদ্ধাতিথ্যং মদর্চ্চনং।
তীর্থাটনং পরার্থেহা তুষ্টিরাচার্য্যসেবনং ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। অহিংসা পরপীড়াবর্জ্জনং, সত্যং হিতপ্রিয়ার্থভাষণং, অস্তেয়ং পরস্বাপহরণরাহিত্যং, অসঙ্গঃ অনাসক্তিঃ, হ্রীঃ ঔদ্ধত্যাভাবঃ, অসঞ্চয়ঃ অপরিগ্রহঃ, আস্তিক্যং শাস্ত্রাদৌ বিশ্বাসঃ, ব্রহ্মচর্য্যং উপস্থসংযমঃ, মৌনং বৃথালাপবর্জ্জনং, স্থৈর্য্যং সত্যসংকল্পতা, ক্ষমা পরাপরাধসহনং, অভয়ং এতে দ্বাদশ যমাঃ ॥ ৩০ ॥

শৌচং, জপঃ (মন্ত্রাণাং), তপঃ চান্দ্রায়ণাদি, হোমঃ বৈদিকযজ্ঞাদিঃ, শ্রদ্ধা গুর্ব্বাদৌ, আতিথ্যং, মদর্চ্চনং, তীর্থাটনং, পরার্থেহা, তুষ্টিঃ আচার্য্যসেবনং ইতি দ্বাদশ নিয়মাঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

যমনিয়মানাহ অহিংসেতি ত্রিভিঃ। অস্তেয়ং মনসাপি পরস্বাগ্রহণং। আস্তিক্যং ধর্ম্মে বিশ্বাসঃ ॥ ৩০ ॥

শৌচং বাহ্যমাভ্যন্তরঞ্চেতি দ্বয়ং অতো দ্বাদশনিয়মাঃ। শ্রদ্ধা ধর্ম্মাদয়ঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যমনিয়মানাহ অহিংসেতি দ্বাভ্যাং। শৌচং বাহ্যমাভ্যন্তরঞ্চেতি দ্বয়ং। অতো দ্বাদশ নিয়মাঃ। উভয়োঃ শ্লোকয়োর্দ্ধে স্থিতা তে যমা নিয়মাশ্চ। যথা যথাবদেব কামং

জিজ্ঞাসিত এই সকল বিষয়ের এবং ইহার বিপরীত অশমাদি বিষয়ের যথার্থ উত্তর আমার নিকট অনুগ্রহ পূর্ব্বক বর্ণন করুন্ ॥ ২৯ ॥

ভগবান্ বলিলেন, অহিংসা, সত্য, অস্তেয়, অনাসক্তি, হ্রীঃ, অপরিগ্রহ, আস্তিক্য, ব্রহ্মচর্য্য, মৌন, সত্যসংকল্পতা, ক্ষমা ও অভয় এই দ্বাদশটীর নাম যম ॥ ৩০ ॥

আর শৌচ, মন্ত্রজপ, তপস্যা, হোম, শ্রদ্ধা, আতিথ্য, ঈশ্বরপ্রণিধান, তীর্থসেবা, পরোপকার, সন্তোষ ও আচার্য্যশুশ্রূষা এই দ্বাদশটী নিয়মনামে অভিহিত ॥ ৩১ ॥

আভাস।

উদ্ধবের প্রশ্নানুসারে যদিও ভগবান্ দ্বাদশলক্ষণে যম ও দ্বাদশলক্ষণে নিয়মের স্বরূপ বুঝাইয়াছেন, তথাপি মহর্ষি পতঞ্জলি কথিত "অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহাঃ যমাঃ ও "শৌচসন্তোষতপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ" ভাবার্থে এই পঞ্চবিধ যম ও পঞ্চপ্রকার নিয়ম, এই সূত্রদ্বয়কে অতিক্রম করেন নাই ॥ ৩০ ॥ ৩১ ॥

এতে যমাঃ সনিয়মা উভয়োর্দ্বাদশ স্মৃতাঃ।
পুংসামুপাসিতাস্তাত যথাকামং দুহন্তি হি ॥ ৩২ ॥
শমো মন্নিষ্ঠতা বুদ্ধের্দম ইন্দ্রিয়সংযমঃ।

অন্বয়ঃ।

কিন্তু মনের নিরোধ-কার্য্যে যেন কখন উপেক্ষা করা না হয়; সর্ব্বদা প্রাণায়ামের অনুষ্ঠানে সাত্ত্বিক বুদ্ধিবলে মনকে বশীভূত করিবার জন্য যত্ন করাই বিবেকীর অবশ্য কর্ত্তব্য ॥ ২০ ॥

আভাস।

মন যখন একবার উত্তেজিত হইয়াছে, তখন তাহাকে কথঞ্চিৎ প্রশ্রয় না দিয়া, তৎক্ষণাৎ নিবারণের যত্নে কখন ফললাভ হইতে পারে না। যেমন প্রবাহের দ্বারা স্রোতোবেগ নিবারণ হয়, সেইরূপ ভোগের অব্যবহিত পরেই ভোগোৎসাহ শিথিল হইয়া যায়। সেই শৈথিল্যাবস্থাতেই মনের পুনরায় নিরোধ করা প্রয়োজন এবং বিবেকবুদ্ধিরূপ প্রহরীকে এরূপ সতর্ক রাখা কর্ত্তব্য যে, মনোবাধের অন্তরে কোনরূপ আশা কর্কটী আর ছিদ্র করিতে না পারে; মন নিরন্তর বিবেকবুদ্ধিরই বশীভূত থাকে ॥ ১৯ ॥ ২০ ॥

এই সংসারকে আপনার অধীনে আনয়ন করা যাহার প্রয়োজন মনে হয়, তাহার পক্ষে প্রথমত আপনাকে সংসারের অধীনতা স্বীকার করিতে হয়; পরে অবসর মত তাহাকে নিজের করতলস্থ করা যায়। নীতিজ্ঞগণ বলিয়াছেন যে, শত্রুকে যদি দমন করিবার বাসনা থাকে, তাহা হইলে, প্রথমত তাহাকে স্কন্ধে করিয়া নৃত্য কর! পরে অবসর মত যখন কোন শিলাময় পাষাণ-ভূমি নিকটে দেখিতে পাইবে, তখন তদুপরি নিক্ষেপ পূর্ব্বক স্কন্ধস্থিত শত্রুর প্রাণ সংহার করিও! অতএব যাহার প্রবল পরাক্রমে জীব বদ্ধ হইয়া, এই সংসার কারাগৃহের অভ্যন্তরে জন্ম জন্মান্তর ভোগ করিতেছে, তাদৃশ মহাপরাক্রান্ত মনশত্রুকে স্বকীয়বশে আনয়ন করিবার জন্য বিশেষ যত্ন করা প্রয়োজন। যেমন রাজাকে বশীভূত করিতে হইলে, প্রথমত তাঁহার চিত্তানুকরণে কার্য্য করাই অমাত্যবর্গের বিশেষ প্রয়োজন, সেইরূপ ইন্দ্রিয়বর্গের অধীশ্বর মনের নিরোধ করিতে হইলে, প্রথমত তাহার অনুগমন করাই প্রয়োজন। যে যতই শ্রেষ্ঠ শক্তিমান্ হউক্ না! শক্তির ব্যয়ে এক সময়ে যে তাহাতে শক্তিহীনতার ভাব আগমন করিবে, তাহাতে আর সন্দেহ নাই। কারণ ইহাই প্রকৃতির নিয়ম; প্রবল শত্রুরও যদি সেই শক্তিহীনতা তাহাকে

এষ বৈ পরমো যোগো মনসঃ সংগ্রহঃ স্মৃতঃ।
হৃদয়জ্ঞত্বমন্বিচ্ছন্নদান্তস্যার্ব্বতো মুহুঃ॥ ২১॥

অন্বয়ঃ।

অদান্তস্য অদমনীয়স্য, অর্ব্বতঃ অশ্বস্য, হৃদয়জ্ঞত্বং স্বমনোঽভিপ্রায়গতিঃ অন্বিচ্ছন্ অপেক্ষমাণঃ মুহুঃ (শনৈঃ শনৈঃ যথা অশ্বচারকঃ অশ্বং শিক্ষয়তি তথা কিঞ্চিৎতদনুরোধং কুর্ব্বন্ এব মনো বশং নয়েৎ) অতঃ এষঃ (অনুবৃত্তিমার্গেণ) মনসঃ সংগ্রহঃ নিরোধঃ বৈ পরমঃ শ্রেষ্ঠঃ যোগঃ জ্ঞানিভিঃ স্মৃতঃ॥ ২১॥

শ্রীধরস্বামী।

অনুরোধমার্গং সদৃষ্টান্তং স্তৌতি এষোঽনুবৃত্তিমার্গেণ মনসঃ সংগ্রহঃ পরমো যোগস্তৎসাধনত্বাৎ উপচারেণ স্তুতিঃ যথা অদান্তস্যাদমনীয়স্যার্ব্বতঃ অশ্বস্য হৃদয়জ্ঞত্বং স্বাভিপ্রায়েণ গতিমন্বিচ্ছন্ অপেক্ষমাণঃ অশ্ববারকঃ প্রথমং কিঞ্চিত্তদ্গাতিমনুবর্ত্ততে তদাচ রশ্মিনা তং ধৃত্বৈব গচ্ছতি নতু উপেক্ষতে তদ্বদিত্যর্থঃ॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনুরোধমার্গং সদৃষ্টান্তং স্তৌতি এব কিঞ্চিদেতদপেক্ষাপূরণমার্গেণ মনসঃ সংগ্রহঃ স্ববশীকারঃ পরমো যোগঃ। যথা দম্যস্য দময়িতুমীপ্সিতস্য অর্ব্বতোঽশ্বস্য হৃদয়জ্ঞত্বং অর্থাৎ স্বহৃদয়াভিপ্রায়বিজ্ঞত্বং অন্বিচ্ছন্ মম হৃদয়াভিপ্রায়মসাবশ্বো জানাত্বিতীচ্ছন্নশ্বধাবকঃ সহসা তদ্বশীকারাসম্ভবাৎ প্রথমং কিঞ্চিত্তদ্গাতিমেবানুবর্ত্ততে ইতি শেষঃ। তদ্বদিত্যর্থঃ তদাপি রশ্মিনা তং ধৃত্বৈব গচ্ছতি নতূপেক্ষতে॥ ২১॥

যেমন একটী অদান্ত অশ্বকে শিক্ষিত করাইতে হইলে, অশ্বচালক কখন বল পূর্ব্বক অশ্বের ইচ্ছার বিরোধে কোন কার্য্য করেন না; অশ্বের ইচ্ছানুরূপ গতির সঙ্গে সঙ্গে তাহার অভিপ্রায়ের অনুকরণে ক্রমশ ব্যবহারোপযোগী প্রয়োজনীয় প্রণালী সমূহে অশ্বকে শিক্ষিত করাইয়া লন, সেইরূপ মনোবৃত্তির অনুকরণেই মনকে নিবৃত্ত করিতে হইবে; সম্পূর্ণ বিরুদ্ধ ভাবে তাহার নিয়মন নিতান্তই অসম্ভব। কারণ মনের নিরোধ নিতান্তই দুরূহ; শাস্ত্রকারগণ এই মনোনিবৃত্তিকেই পরম যোগ বলিয়া একবাক্যে স্বীকার করিয়াছেন॥২১॥

আভাস।

লক্ষ্য করিয়া কার্য্য করা যায়, তাহা হইলে একজন নিতান্ত হীনবলের দ্বারাও অতিপ্রবলের পরাভব ঘটিয়া থাকে। অশ্ব বলবান্ ও কার্য্যক্ষম হইলেই সে মধ্যে মধ্যে অদান্ত ভাবের পরিচয় দিয়া থাকে। কিন্তু তাদৃশ পরিচয়ে অশ্বচারক বিহ্বল বা হতাশ্বাস হইয়া, অশ্বচালনে কখন বিমুখ হয় না। তবে চালাইবার প্রণালীকে পরিবর্ত্তন করিতে হয় মাত্র। পূর্ব্বে চালক নিজ সন্দর্শিত পথেই অশ্বকে চালাইতেছিল, এক্ষণে তাহার অদান্ত ভাব অবলোকন করিয়া, প্রহার বা বল প্রকাশের পরিবর্ত্তে কৌশলী চালক অদান্ত অশ্বকে তাহার অভিমত

সাংখ্যেন সর্ব্বভাবানাং প্রতিলোমানুলোমতঃ।
ভবাপ্যয়াবনুধ্যায়েন্মনো যাবৎ প্রসীদতি ॥ ২২ ॥

অন্বয়ঃ।

সাংখ্যেন তত্ত্ববিবেকেন, সর্ব্বভাবানাং মহদাদিদেহান্তানাং অনুলোমতঃ প্রকৃত্যাদিক্রমেণ, ভবাপ্যয়ৌ (ভবং উৎপত্তিং অপ্যয়ং পৃথিব্যাদিক্রমেণ বিনাশং চ) অনুধ্যায়েৎ যাবৎ মনঃ প্রসীদতি নিশ্চলং ভবতি॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

এবমীষদ্বশীকৃতস্য মনসোঽত্যন্তনৈশ্চল্যোপায়মাহ সাংখ্যেনেতি ত্রিভিঃ। সাংখ্যেন তত্ত্ববিবেকেন সর্ব্বভাবানাং মহদাদিদেহান্তানাং অনুলোমতঃ প্রকৃত্যাদিক্রমেণ ভবমুৎপত্তিং প্রতিলোমতঃ পৃথিব্যাদিক্রমেণাপ্যয়ঞ্চানুধ্যায়েৎ প্রসীদতি নিশ্চলং ভবতি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমীষদ্বশীকৃতস্য মনসোঽত্যন্তনৈশ্চল্যোপায়মাহ সাংখ্যেনেতি ত্রিভিঃ। সাংখ্যেন তত্ত্ববিবেকেন সর্ব্বভাবানাং মহদাদিপৃথিব্যন্তানাং অনুলোমতঃ প্রকৃত্যাদিক্রমেণ ভবং প্রতিলোমতঃ পৃথিব্যাদিক্রমেণাপ্যয়ঞ্চ ॥ ২২ ॥

আদিজ্ঞানবান্ সাংখ্যাচার্য্যের বিচার-প্রণালীকে অবলম্বন পূর্ব্বক মহত্ত্বাদি দেহপর্য্যন্ত তত্ত্বগ্রামের অনুলোম গমনে উৎপত্তি এবং প্রতিলোম গমনে অর্থাৎ ক্ষিত্যাদির স্বকারণে বিলীন হইবার প্রথাতে যে ধ্বংস জগতে নিরন্তর পরিদৃষ্ট ও অনুমিত হইতেছে, ইহার নিরন্তর চিন্তনেও মন সত্বর নিশ্চল হইয়া থাকে ॥ ২২ ॥

আভাস।

দিকেই যাইতে অনুমোদন করে; পরে যখন তাহার গমন আরম্ভ হইল, তখনই তাহাকে স্বাভিপ্রেত পথে অনায়াসে আনয়ন করিতে পারে; এবং যে অদান্তকে চালাইবার দোষে পথে বা গর্ত্তে পতিত হইয়া অঙ্গভঙ্গের সম্ভাবনা ছিল, ঈষৎ শান্তভাবে কথঞ্চিৎ অনুমোদন পূর্ব্বক চালাইবার গুণে সেই অশ্বের সহায়েই অতি অল্পকাল মধ্যে রাজপ্রাসাদে উপনীত হওয়া যায়। অতএব মনের ধৈর্য্যচ্যুতি দর্শন করিয়াই ব্যাকুল হওয়া বা তৎক্ষণাৎ বলপূর্ব্বক তাহার নিরোধে উদ্যত হওয়ার অপেক্ষা, কথঞ্চিৎ প্রশ্রয় প্রদানে মনের অনুগমন করাই কর্ত্তব্য এবং একটু অবসর পাইলেই তাহাকে নিজের বশে আনয়ন করা বিধেয়। মন যেমন জীবকে সংসারের কীট করিতে পারে, তেমনি স্বর্গের অতীত যতিগণের বিহারভূমি পরম পদেও লইয়া যাইতে পারে। মনের অপরাধ নাই; তাহাকে চালাইবার দোষ বা গুণ বলিয়া অবশ্যই স্বীকার করিতে হইবে। মনের সংগ্রহের অপেক্ষা আর পরম যোগ নাই। এই মন যখন ভোগে ঈষৎ শিথিল হয়, তখনই তাহাকে যদি উৎপত্তি ও ধ্বংসের ক্রমটী পর্য্যায়ক্রমে পর্য্যালোচনা করান হয়, তাহা হইলে অতি সত্বরে শান্তভাব অবলম্বন করিতে পারে।

নির্ব্বিণ্নস্য বিরক্তস্য পুরুষস্যোক্তবেদিনঃ।
মন স্ত্যজতি দৌরাত্ম্যং চিন্তিতস্যানুচিন্তয়া ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

নির্ব্বিণ্নস্য নানাবিধব্যাপারেণ উদ্বিগ্নস্য, (তৎফলে) বিরক্তস্য, উক্তবেদিনঃ গুরূপদিষ্টার্থা-লোচকস্য, পুরুষস্য, চিন্তিতস্য তত্ত্বস্য, অনুচিন্তয়া মনঃ দৌরাত্ম্যং বিষয়াসক্তিং, ত্যজতি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

ততশ্চাগমাপায়িষু ভূতেষবধিভূতাত্মদর্শনাত্তদবিবেকাপন্নসংসারে নির্ব্বিণ্নস্যাতো বিরক্তস্য ততশ্চ উক্তবেদিনঃ গুরূপদিষ্টাত্মালোচকস্য। ততো গুরূপদিষ্টস্যৈব চিন্তিতস্য পুনঃ পুনরনু-চিন্তয়া দৌরাত্ম্যং দেহাদ্যভিমানং ত্যজতি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তবেদিনঃ উক্তার্থপর্য্যালোচকস্য ॥ ২৩ ॥

যাঁহাদের হৃদয় কার্য্যব্যাপারে নিরন্তর উদ্বিগ্ন হয় এবং কার্য্যফলের প্রতিও আশা করে না, তাঁহারা যদি গুরূপদিষ্ট পন্থার আলোচনায় বিচারিত তত্ত্বের সর্ব্বদা আলোচনা করেন, তাহা হইলে তাঁহাদের মন দৌরাত্ম্য বিসর্জ্জনে, বিষয়াসক্তিকে অনায়াসে পরিত্যাগ করিয়া থাকে ॥ ২৩ ॥

আভাস।

অর্থাৎ সাংখ্যাচার্য্য এরূপ বলিয়াছেন যে, "প্রকৃতে র্মহাংস্ততোহহঙ্কার স্তস্মাদ্গণশ্চ ষোড়শকঃ। তস্মাদপি ষোড়শকাৎ পঞ্চভ্যঃ পঞ্চভূতা ন"॥ এই বিশ্ব সংসার এক প্রকৃতির পরিণামে উৎপন্ন হইয়াছে এবং প্রলয়ের প্রতিলোম পরিণামে সেই মূল প্রকৃতিতেই বিলীন হইবে। প্রকৃতি হইতে প্রথম একটী বিচারশক্তিরূপ মহত্তত্ত্ব উৎপন্ন হয়, পরে বাষ্পের ক্রম-পরিণামে তুষার, মেঘ, জলবিন্দু ও শিলার উৎপত্তির ন্যায়, বিচারশক্তি ক্রমশ বিচারাত্মক অভিমান অর্থাৎ অহঙ্কারতত্ত্বে, অহঙ্কার তত্ত্ব মন ও একাদশ ইন্দ্রিয় এবং পঞ্চতন্মাত্রে এবং পঞ্চতন্মাত্র পঞ্চ মহাভূতে পরিণত হইয়া, এই বিরাট্ ব্রহ্মাণ্ড ও জীবদেহ উৎপন্ন হইয়াছে। ধ্বংসকালেও প্রতিলোম গমনের দ্বারা ক্ষিতি জলে, জল বায়ুতে, বায়ু আকাশে, আকাশ অহঙ্কারে, অহঙ্কার মহানে এবং মহান্ প্রকৃতিতে বিলীন হইয়া ব্যক্ত সংসার পুনরায় অব্যক্ত রূপে লীন হয়; ইহারই চিন্তায় মন অনায়াসে বিষয়াসক্তি হইতে নিবৃত্ত হইয়া, শান্তরূপ ধারণ করে ॥ ২১ ॥ ২২ ॥

তত্ত্ববিচার-কালে স্বাধীন চিন্তার অনুগমন করা বিধেয় নহে; কারণ যখন যাহার অধীনে থাকা যায়, তখন তাহাকে সম্যক্ অবধারণ করা দুঃসাধ্য। যাহাকে অবধারণ করিতে হইবে, তাহার অধিকারকে অতিক্রম করা প্রয়োজন। অতএব সংসার বা তত্ত্বগ্রামকে বিচার করিতে হইলে, তাহাকে অতিক্রম করা আবশ্যক; কিন্তু অতিক্রম করিলে, আর বিচার নিষ্প্রয়োজন। কারণ জ্ঞানের জন্য বিচার; জ্ঞান হইলে আর বিচারের প্রয়োজন নাই। অতএব ভ্রান্ত জীবের

যমাদিভির্যোগপথৈরান্বীক্ষিক্যা চ বিদ্যয়া।
মমার্চ্চোপাসনাভির্ব্বা নান্যৈর্যোগ্যং স্মরেন্মনঃ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

যমাদিভিঃ যোগপথৈঃ আন্বীক্ষিক্যা তত্ত্ববিমর্শাত্মিকয়া বিদ্যয়া মম অর্চ্চোপাসনাদিভিঃ বা উপায়ৈঃ, মনঃ যোগ্যং ধ্যানযোগ্যং পরমাত্মানং, মাং স্মরেৎ অন্যৈঃ উপায়ৈঃ ন ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। যমাদিভি র্যোগমার্গৈঃ আন্বীক্ষিক্যা পদার্থদ্বয়শোধনেন মমার্চ্চনধ্যানাদিভির্ব্বা। বাশব্দেনাস্য পক্ষস্য স্বাতন্ত্র্যং দর্শয়তি এতৈরুপায়ৈর্যোগ্যং পরমাত্মানং মনঃ স্মরেৎ নান্যৈঃ অতোঽন্যন্ন কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আন্বীক্ষিক্যা তত্ত্ববিচারেণ মমার্চ্চেতি বাশব্দেনাস্য পক্ষস্য স্বাতন্ত্র্যং দর্শয়তীতি স্বামিচরণাঃ। বা শব্দশ্চার্থ ইত্যন্যে। এতৈরেব যোগ্যং পরমাত্মানং স্মরেন্নান্যৈঃ ॥ ২৪ ॥

যমাদি অষ্টাঙ্গ যোগের অনুশীলনে আত্মতত্ত্ববিচাররূপ আন্বীক্ষিকী বিদ্যার আলোচনায় এবং ভক্তিসহকারে আমার প্রতিমূর্ত্তির উপাসনাদিরূপ যে কোন এক উপায়ে ধ্যানাধিষ্ঠিত পরমাত্মস্বরূপ আমাকে সতত চিন্তা করিলে, মন যত সহজে নিবৃত্ত হয়, এরূপ আর অন্য কোন উপায়ে হইবার সম্ভাবনা নাই ॥ ২৪ ॥

আভাস।

যখন সকল বিচারই ভ্রমমূলক, তখন অভ্রান্তের বিচারকে অনুসরণ করাই ভ্রম নিবারণের উত্তম উপায়। সুতরাং নিজের স্বাধীন বিচারে জলাঞ্জলি দিয়া, অভ্রান্ত গুরু ও শাস্ত্রবিচারের অনুসরণই ভবক্ষয়ের একমাত্র উপায়। শ্রুতিও বলিয়াছেন, "যস্য দেবে পরা ভক্তি র্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মানঃ॥ ঈশ্বরারাধনার বলে গুরুগণ জ্ঞানের চরম সীমায় আরোহণ করত সংসারের মঙ্গলকামনায় যে সকল তত্ত্ববিচার আর্ষবিজ্ঞানবলে প্রচার করিয়াছেন, অনন্যমনে তাহারই অনুসরণ করা মুমুক্ষুর অবশ্য কর্ত্তব্য। তাঁহাদের ভ্রম বা প্রমাদ নাই; সুতরাং মনোজয়ের ইহাই উত্তম কল্প। যমাদি অষ্টাঙ্গ যোগ, তত্ত্বং পদার্থের বিচারপূর্ব্বক জীবাত্মপরমাত্মার ঐক্যাবধারণ এবং মূর্ত্তিপূজার দ্বারা ঈশ্বরে আত্মসমর্পণ এই ত্রিবিধ উপায়ই স্বতন্ত্র বা মিলিতভাবে জীবের মুক্তিসাধক হয় বটে, কিন্তু মনের নিগ্রহ সর্ব্বাগ্রে প্রার্থনীয়। যেমন বীজ উত্তম হইলেও ক্ষেত্রের দোষে কোনরূপ ফল উৎপাদন করে না, সেইরূপ উপদেশ বা সাধন উৎকৃষ্ট হইলেও এক মনোভূমির দোষে সকলই নিস্ফল হইয়া যায়। অতএব মনের নির্ব্বেদ অর্থাৎ অনাসক্তিভাব পূর্ণমাত্রায় উদয় হইলে, আর কর্ম্মের প্রয়োজন করে না; মনের নিবৃত্তির জন্যই যাবতীয় কর্ম্ম ॥ ২৩ ॥ ২৪ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, নির্ব্বিণ্ণচিত্তে আর যখন কর্ম্মের প্রয়োজন নাই, তখন

যদি কুর্য্যাৎ প্রমাদেন যোগী কর্ম্ম বিগর্হিতং।
যোগেনৈব দহেদংহো নান্যত্তত্র কদাচন॥ ২৫॥

অন্বয়ঃ।

যোগী যদি প্রমাদেন কদাচিৎ বিগর্হিতং নিষিদ্ধং, কর্ম্ম কুর্য্যাৎ তদা তৎ অংহঃ পাপং, যোগেন এব দহেৎ; তত্র অন্যৎ কৃচ্ছ্রাদি কর্ম্ম কদাচন ন আবশ্যকং॥ ২৫॥

শ্রীধরস্বামী।

নম্ন পাপোৎপত্তৌ প্রায়শ্চিত্তং কার্য্যমেব তত্রাহ যদীতি। যোগেন জ্ঞানাভ্যাসেনৈব। এতচ্চ ভক্তস্যাপি নামকীর্ত্তনাদ্যুপলক্ষণার্থং। নান্যৎ কৃচ্ছ্রাদি॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্ন যদ্যস্য নির্বিণ্ণস্য কর্ম্মণি নাধিকারস্তদা পাপে দৈবাৎ কৃতে সতি প্রায়শ্চিত্তং বিনা কথং তদুপশমস্তত্রাহ যদীতি। যোগেন জ্ঞানাভ্যাসেনৈব। এতচ্চ ভক্তস্যাপি নামকীর্ত্তনাদ্যুপলক্ষণার্থমিতি। স্বামিচরণাঃ। যদুক্তং। কেচিৎ কেবলয়া ভক্ত্যা বাসুদেবপরায়ণাঃ। অঘং ধুন্বন্তি কাৎস্ন্যেন নীহারমিব ভাস্কর ইতি। স্বপাদমূলং ভজত ইত্যত্র বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিদ্ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্ট ইতি চ। যোগীতি জ্ঞানযোগভক্তিযোগবন্তো ব্যাখ্যেয়াঃ। যোগেনেত্যত্রাপি জ্ঞানেন ভক্ত্যা চেত্যন্যে॥ ২৫॥

যোগী যদি প্রমাদ বসত কখন কোনরূপ নিন্দিত বা অন্যায় কর্ম্মেরও অনুষ্ঠান করিয়া ফেলেন, তথাপি তজ্জনিত পাপ উক্ত ভক্তিযোগ সাধনেই বিনষ্ট হইয়া যায়। পাপ ধ্বংসার্থ যোগীর পক্ষে যোগসাধন ব্যতীত অন্য প্রায়শ্চিত্তাদি ক্লেশপ্রদ উপায় করিতে হয় না॥ ২৫॥

আভাস।

তাদৃশ অনাসক্ত পুরুষ কর্ত্তৃক যদি অকস্মাৎ কোন পাপের অনুষ্ঠান করা হয়, তাহা হইলে সে পাপের উপশমানার্থ প্রায়শ্চিত্তের অবশ্য প্রয়োজন হইবে; তখন তাঁহার কর্ম্মে অধিকার নাই, এ মীমাংসা নিরর্থক হইয়া যায়। তদুত্তরে প্রকাশ করা হইল যে, বিনা প্রায়শ্চিত্তে কেবল যোগ ও জ্ঞানাভ্যাসেই সে পাপ উপশমিত হইবে। প্রকাশ আছে যে, সূর্য্যের উদয়ে নীহার-রাশি যেমন আপনা হইতেই তিরোহিত হইয়া যায়, সেইরূপ ঈশ্বরপরায়ণ ব্যক্তিগণ এক ভক্তির বলে যাবতীয় পাপ হইতে মুক্তিলাভ করিয়া থাকেন। ভগবৎসূর্য্য হৃদয়াকাশে উদিত হইবা মাত্র, নৈশ অন্ধকারের ন্যায়, পাপাচরণকে নিবারণ করেন। এই শ্লোকে যোগী বলিয়া জ্ঞানযোগ ও ভক্তিযোগ এই উভয়কেই লক্ষ্য করা হইয়াছে॥ ২৫॥

নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের অনুষ্ঠানে সত্ত্বগুণের উদ্রেক হয় এবং রজ ও তমোগুণের নিবৃত্তি ঘটে, সুতরাং ঐ সকল কর্ম্ম গুণ বলিয়া শাস্ত্রাদিতে কীর্ত্তিত হইয়াছে এবং যে সকল হিংসাদি কর্ম্মের অনুষ্ঠানে সত্ত্বগুণের অবিশুদ্ধি ঘটে, তাহাকেই দোষাবহ বলা যায়। এবং পাপ বুদ্ধির জন্য কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি প্রায়শ্চিত্তের ব্যবস্থাকে গুণ অর্থাৎ উপকারক

স্বে স্বেঽধিকারে যা নিষ্ঠা স গুণঃ পরিকীর্ত্তিতঃ।
কর্ম্মণাং জাত্যশুদ্ধানামনেন নিয়মঃ কৃতঃ॥

অন্বয়ঃ।

স্বে স্বে অধিকারে (যথা জ্ঞানিনো জ্ঞানাভ্যাসে যোগিনো যোগাভ্যাসে) যা নিষ্ঠা নিতরাং স্থিতিঃ, সঃ গুণঃ এব পরিকীর্ত্তিতঃ। যতঃ সঙ্গানাং বিষয়াসক্তীনাং ত্যাজনেচ্ছয়া, অনেন

শ্রীধরস্বামী।

নন্বু নিত্যনৈমিত্তিকং কর্ম্ম সত্ত্বশোধকত্বাদ্গুণঃ হিংসাদিকন্ত্বশুদ্ধিহেতুত্বাদ্দোষস্তত্রচ তন্নি-বর্ত্তকত্বাৎ কৃচ্ছ্রাদি প্রায়শ্চিত্তং গুণ ইতি বিধিপ্রতিষেধাভ্যামুক্তত্বাৎ প্রায়শ্চিত্তং বিনা যোগেনৈব কথং পাপং দহেৎ তত্রাহ স্বে স্বে ইতি সার্দ্ধেন। সএব গুণো নেতরঃ। তদুপপাদয়তি যস্মা-দ্বিধিপ্রতিষেধাভ্যামনেন গুণদোষবিধানেন কর্ম্মণাং নিয়মঃ সঙ্কোচঃ কৃতঃ। কুত ইত্যত আহ। জাত্যা উৎপত্ত্যৈবাশুদ্ধানাং সচ প্রাপ্তানাং সঙ্গানাং ত্যাজনেচ্ছয়া। অয়ং ভাবঃ। পুরুষস্যা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু নাস্তদিতি কথং ব্রবীষি তদপ্যস্তু কস্তত্র দোষস্তত্রাহ। স্বে স্বে ইতি বীপ্সয়া জ্ঞানিনো ভক্তস্য চ প্রাপ্তি র্গম্যতে। অয়ং ভাবঃ জ্ঞানিনো জ্ঞানেন ভক্তস্য ভক্ত্যা চ যদি পাপং ন নশ্যেত্তদা তেন তেন পাপনাশার্থং কৃচ্ছ্রাদিকমনুষ্ঠীয়েত জ্ঞানভক্ত্যোঃ পাপনাশকত্বস্য বহুশঃ শ্রুতত্বাৎ পাপনাশে সিদ্ধে কথং পরাধিকারগতং তেন তেন কৃচ্ছ্রাদিকমনুষ্ঠেয়ং। তস্মিন্নরুষ্ঠিতে সতি স্বধর্ম্মনিষ্ঠাত্যাগঃ পরধর্ম্মপ্রসক্তিশ্চেতি দোষদ্বয়ং স্যাৎ। বস্তুতস্তু জ্ঞানিভক্তয়োঃ পাপে প্রবৃত্তিরেব ন স্যাৎ যদি দৈবাৎ স্যাত্তদপি জ্ঞানভক্তিযোগয়োর্জ্যৈব শোধকত্বাত্তাভ্যামেব স্বতএব পাপক্ষয় ইত্যতো গুণদোষময়বিধি-প্রতিষেধাধিকারমধ্যপাতিত্বং জ্ঞানিভক্তয়োঃ প্রায়েণোক্তং বেদেন কিন্তু তয়োরপি মধ্যে ভক্তে এব পাপপ্রবৃত্তেঽপি দোষদর্শনং সর্ব্বত্র নিষিদ্ধং প্রাকৃতগুণদর্শনঞ্চ তস্য নিগুর্ণত্বেন ব্যাখ্যাস্যমানত্বাৎ জ্ঞানিনস্তু সাত্ত্বিকত্বাত্তস্মিন্ শমদমাদি গুণদর্শনস্য যস্ত্বসংযতষড়্বর্গঃ প্রচণ্ডেন্দ্রিয়সারথিরিত্যাদের্দোষদর্শনস্য চ ব্যক্তত্বাত্তেষু গুণদোষদৃশির্দোষ ইতি ন শক্যতে বক্তুং॥

ক্রিয়া স্বভাবতই অশুদ্ধ; তথাপি বিষয়াসক্তির বর্জ্জনেচ্ছায় গুণদোষে বিচার পূর্ব্বক ক্রিয়ার ব্যবস্থা করা হইয়াছে। অর্থাৎ স্ব স্ব অধিকারানুরূপ

আভাস।

বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। অতএব স্ব স্ব অধিকার অনুসারে যখন বিধি ও নিষেধের ব্যবস্থায় প্রায়শ্চিত্তের বিধান করা হইয়াছে, তখন প্রায়শ্চিত্ত ব্যতীত কেবল জ্ঞান বা ভক্তির দ্বারা পাপের মোচন কিরূপে স্বীকার করা যায়? এতদুত্তরে প্রকাশ করিয়াছেন যে, বৈধকর্ম্মে গুণ এবং অবৈধ কর্ম্মে দোষ কীর্ত্তন করিয়া কেবল কর্ম্মের সঙ্কোচ করা হইয়াছে মাত্র। কারণ কর্ম্ম মাত্রই দোষাবহ। অতএব কেবল আসক্তির বর্জ্জনার্থই কর্ম্মের বিধি ও নিষেধ উক্ত হইয়াছে। পুরুষস্বরূপে কোন বিধি বা নিষেধ নাই;

গুণদোষবিধানেন সঙ্গানাং ত্যাজনেচ্ছয়া ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

গুণদোষবিধানেন জাত্যশুদ্ধানাং (জাত্যা উৎপত্ত্যা এব অশুদ্ধানাং) কর্ম্মণাং নিয়মঃ সঙ্কোচঃ কৃতঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

শুদ্ধির্নাম ন প্রবৃত্তেরন্যাস্তি স্বাভাবিকপ্রবৃত্ত্যৈব তস্য মলিনত্বাচ্চ সহসা সর্ব্বতো নিবৃত্তিঃ কর্ত্তুং শক্যতে অত ইদং ন কর্ত্তব্যমিদং কর্ত্তব্যমিত্যেবং স্বাভাবিকপ্রবৃত্তিসঙ্কোচদ্বারেণ নিবৃত্তিরেব ক্রিয়তে যথাচ ন প্রবৃত্তিপরো বেদস্তথা চোত্তরাধ্যায়ে বক্ষ্যামঃ উৎপত্ত্যৈব হি কামেম্বিত্যাদিনা। অতো যোগিনঃ স্বাভাবিকপ্রবৃত্ত্যভাবাৎ ন প্রায়শ্চিত্তাদিবিধিগোচরত্বেতি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মিণাস্তু স্বাভাবিকাবেব গুণদোষাবিত্যাহ। কর্ম্মণাং জাত্যৈবাশুদ্ধানাং অনেন বিধি-প্রতিষেধরূপগুণদোষবিধানেন নিয়মঃ দেহগেহাসক্তানাং কর্ম্মিণামুৎপত্ত্যৈব পাপরতানাং স্বাভাবিকপ্রবৃত্তিসঙ্কোচঃ কৃত এবাভীক্ষ্ণশো বেদেন কিমর্থং সঙ্গানাং বিষয়সঙ্গীনাং ত্যাজনেচ্ছয়া। অয়ং ভাবঃ। পুরুষস্যাশুদ্ধির্নাম ন প্রবৃত্তিতোহন্যাস্তি ন চ সহসা সর্ব্বতো নিবৃত্তিঃ কর্ত্তুং শক্যতে। অত ইদং কর্ত্তব্যমিদং ন কর্ত্তব্যমিতি বিধিনিষেধাভ্যাং স্বাভাবিকপ্রবৃত্তি-সংঙ্কোচদ্বরেণ নিবৃত্তিরেব ক্রিয়তে। যথাচ। ন প্রবৃত্তিপরো বেদস্তথা উত্তরাধ্যায়ে বক্ষ্যামঃ। উৎপত্ত্যৈব হি কামেম্বিত্যাদিনা ॥ ২৬ ॥

কর্ম্মের আলোচনায় গুণ এবং পরধর্ম্মের অনুষ্ঠানই দোষ বলিয়া পণ্ডিতগণ কীর্ত্তন করিয়াছেন ॥ ২৬ ॥

আভাস।

কারণ পুরুষ নিত্য, শুদ্ধ ও চৈতন্যস্বরূপ; তবে কেবল প্রবৃত্তিই পুরুষের অশুদ্ধি; নিবৃত্তিই তাঁহার স্বরূপাবস্থা। পুরুষের আরোপিত প্রবৃত্তিই তাঁহার মালিন্য; সহসা সেই মালিন্য হইতে পুরুষের পৃথক্‌ভাবে অবস্থান করা দুরূহ; অতএব এই কর্ম্ম কর্ত্তব্য নহে বলিয়া বিধি বা নিষেধ যে দেখা যায়, সে কেবল পুরুষের প্রবৃত্তি-সংকোচের দ্বারা নিবৃত্তিকে আনয়ন করিবার জন্য মাত্র। কারণ বেদ কখন প্রবৃত্তিধর্ম্মের প্রশ্রয় দেন নাই; যেমন স্ত্রৈণ পুরুষের পক্ষে বিবাহের বিধি এবং পরদারের নিষেধ, সেইরূপ প্রবৃত্তিপরায়ণ পুরুষের পক্ষেই বেদোক্ত ব্যবস্থা। যাহারা স্ত্রীকামী নহে, তাহাদের পক্ষে যেমন পরদার গ্রহণের নিষেধ অসঙ্গত, বিবাহের বিধিও অসঙ্গত। যাহাদের কামনা আছে, বেদ নিত্য নৈমিত্তিক ও প্রায়-শ্চিত্তাদি কর্ম্মের ব্যবস্থার দ্বারা তাহাদের চিত্তস্থ কামনারই সংকোচ করিয়াছেন মাত্র। অত-এব যাহাদের হৃদয় প্রশান্ত, কামবায়ুর উদ্দীপনা নাই; তাঁহাদের পক্ষে কর্ম্মেরও উপদেশ নাই। অতএব বেদ কর্ম্মকাণ্ডের দ্বারা কেবল নিবৃত্তিমার্গেরই উপদেশ দিয়াছেন ॥ ২৬ ॥

ভক্তিতে অধিকারী ব্যক্তির ভক্তিযোগের ক্রম ও উপায় পরবর্ত্তী নয়টী শ্লোকে ব্যাখ্যা করিয়াছেন। এস্থলে "মৎকথাদৌ" অর্থে কীর্ত্তনাদিকেই লক্ষ্য হয়। ভগবৎকথাতেই

জাতশ্রদ্ধো মৎকথাসু নির্ব্বিণ্ণঃ সর্ব্বকর্ম্মসু।
বেদ দুঃখাত্মকান্ কামান্ পরিত্যাগেঽপ্যনীশ্বরঃ॥ ২৭॥
ততো ভজেত মাং প্রীতঃ শ্রদ্ধালুর্দৃঢ়নিশ্চয়ঃ।

অন্বয়ঃ।

মৎকথাসু জাতশ্রদ্ধঃ সর্ব্বকর্ম্মসু নির্ব্বিণ্ণঃ উদ্বিগ্নঃ, কামান্ দুঃখাত্মকান্ বেদ জানন্, অপি তৎপরিত্যাগে অনীশ্বরঃ অশক্তঃ চেৎ॥ ২৭॥

ততঃ দুঃখোদর্কান (দুঃখং উদর্কং উত্তরফলং যেষাং তান্) তান্ কামান্ জুষমানঃ জনঃ

শ্রীধরস্বামী।

ভক্ত্যধিকারিণো ভক্তিযোগমাহ জাতশ্রদ্ধ ইতি নবভিঃ। মৎকথাসু জাতশ্রদ্ধঃ অতএবান্যেষু কর্ম্মসু নির্ব্বিণ্ণঃ উদ্বিগ্নঃ ন তু তৎফলেষু বিরক্তস্তদাহ বেদেতি। যদ্যপি বেদ তথাপি তৎপরিত্যাগেঽনীশ্বরোঽশক্তঃ॥ ২৭॥

এবম্ভূতো যঃ স শ্রদ্ধালুর্ভক্ত্যৈব সর্ব্বং ভবিষ্যতীতি দৃঢ়নিশ্চয়ঃ সন্ ততস্তদনন্তরং মাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ ভক্ত্যধিকারিণঃ প্রাথমিকং স্বভাবং দর্শয়ন্ ভক্তিমাহ জাতশ্রদ্ধ ইতি দ্বাভ্যাং। সর্ব্বকর্ম্মসু লৌকিকবৈদিকেষু কর্ম্মসু তৎফলেষু নির্ব্বিণ্ণঃ দুঃখবুদ্ধ্যা উদ্বিগ্নঃ নাতিসক্ত ইতি যদুক্তং তদ্বিবৃণোতি। কামান্ স্ত্রীপুত্রাদিসঙ্গোত্থান্ কামান্ দুঃখাত্মকান্ বেদ অথচ তৎপরিত্যাগেঽপ্যসমর্থঃ ততস্তামবস্থামারভ্যৈব দৃঢ়নিশ্চয় ইতি গৃহাদ্যাসক্তির্মে নশ্যতু বর্দ্ধতাং বা। ভজনেঽপি মে বিঘ্নকোটির্ভবতু নশ্যতু বা অপরাধে নরকং চেদ্ভবতু কামমঙ্গীকুর্ব্বে তদপি ভক্তিং ন জিহাসামি জ্ঞানকর্ম্মাদিকং নৈব জিঘৃক্ষামি যদি স্বয়ং ব্রহ্মাপ্যাগত্য বদেদিত্যেবং দৃঢ়ো নিশ্চয়ো যস্য সঃ॥ ২৭॥

আরব্ধভজনস্য তস্য ভক্তৌ যথা নিশ্চয়দার্ঢ্যং ন তথা তৎপ্রতিকূলবস্তুনীত্যাহ জুষমাণশ্চেতি। দুঃখোদর্কান্ কলত্রাদিসঙ্গোত্থান্ কামান্ গর্হয়ন্নেব জুষমাণঃ। অহো অমী বিষয়-

---

যে ব্যক্তির ভগবৎকথা শ্রবণেই বিশেষ শ্রদ্ধা জন্মে এবং তদ্ব্যতীত সকল কর্ম্মের উদ্দমকেই উদ্বেগকর জ্ঞান হয়, তিনি যাবতীয় ভোগকে দুঃখপ্রদ জানিয়াও যদি তাহাকে পরিত্যাগ করিতে অপারক হয়েন॥ ২৭॥

তাহা হইলে, তিনি যেন প্রথমত মনোমধ্যে স্থিরসিদ্ধান্ত করেন যে, এক ভক্তির বলে জগতে সমস্তই লাভ করা যায়; তিনি অবশভাবে সেই সমস্ত

আভাস।

যাঁহাদের অটল বিশ্বাস, সুতরাং তদতিরিক্ত সকল বিষয়েই বিরক্ত; ঐহিক বা পারলৌকিক কোন সুখেই যাঁহাদের চিত্ত আকৃষ্ট হয় না, সংসারের সুখকে দুঃখময় বলিয়া স্পষ্টত উপলব্ধি করিতে পারেন, অথচ কামনা তাঁহাদের হৃদয় হইতে নিঃসৃত হয় না, তাদৃশ ব্যক্তির পক্ষে ঈশ্বরে চিত্তসমর্পণ পূর্ব্বক বিষয়ভোগ করাই কর্ত্তব্য। কারণ

জুষমাণশ্চ তান্ কামান্ দুঃখোদর্কাংশ্চ গর্হয়ন্।। ২৮ ।।
প্রোক্তেন ভক্তিযোগেন ভজতো মাসকৃন্মুনেঃ।
কামা হৃদয্যা নশ্যন্তি সর্ব্বে ময়ি হৃদি স্থিতে ।। ২৯ ।।

অন্বয়ঃ।

আত্মানং গর্হয়ন্ নিন্দন্, প্রীতঃ প্রসন্নচিত্তঃ শ্রদ্ধালুঃ (ভক্ত্যৈব সর্ব্বং ভবিষ্যতি ইতি) দৃঢ়নিশ্চয়ঃ সন্ মাং ভজেৎ॥ ২৮॥

প্রোক্তেন ভক্তিযোগেন মা মাং অসকৃৎ নিত্যং, ভজতঃ মুনেঃ হৃদি ময়ি স্থিতে সতি হৃদয্যাঃ হৃদ্গতাঃ, সর্ব্বে কামাঃ নশ্যন্তি॥ ২৯॥

শ্রীধরস্বামী।

প্রীত্যা ভজেৎ বিষয়াংস্তু সেবমানোঽপি তেষু প্রীতিং ন কুর্য্যাদিত্যাহ গর্হয়ন্নিতি॥ ২৮॥

কথং ভজেত কিম্বা ততো ভবতি তদাহ প্রোক্তেনেতি দ্বাভ্যাং। শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনমিত্যাদিনা তত্র তত্রোক্তেন মা মাং অসকৃৎ নিত্যং ভজতঃ হৃদয্যাঃ হৃদ্গতাঃ কামা নশ্যন্তি॥ ২৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভোগাএব মমানর্থকারিণো ভগবৎপ্রাপ্তিপ্রতিকূলয়েদেতে বহুশো নামগ্রাহমপি সশপথমপি ত্যক্তা অপি সময়ে ভোক্তব্যা এব ভবন্তীতি নিন্দামি চ পিবামি চেতি ন্যায়েন ভুঞ্জানঃ॥ ২৮॥

নমু কিং ত্বন্তক্ত এবং বিষয়বাধিত এব তিষ্ঠেত্তত্র নহীত্যাহ প্রোক্তেনেতি দ্বাভ্যাং। শ্রদ্ধামৃতকথায়াং মে শশ্বন্মদনুকীর্ত্তনমিত্যাদিনা ময়া প্রোক্তেন অসকৃৎ নিত্যং পুনঃ পুনর্মা মাং ভজতঃ হৃদয্যাঃ হৃদ্গতাঃ ময়ি হৃদি স্থিতে ইতি নহেকস্মিন্নেব হৃদি মম স্থিতিস্তেষাং চ স্থিতিঃ সম্ভবেৎ নহি সূর্য্যান্ধকারয়োরেকাধিকরণ্যং ঘটেতেতি ভাব॥ ২৯॥

দুঃখপ্রদ বিষয়প্রপঞ্চকে যে ভোগ করিতেছেন, তজ্জন্য আপনাকে নিন্দা করত প্রীত প্রসন্নচিত্তে ও শ্রদ্ধাসহকারে ভোগের সঙ্গে সঙ্গে যেন সর্ব্বভোগপ্রদ আমাকে (ভগবানকে) ভজনা করেন। ২৮ ।।

পূর্ব্বোক্ত ভক্তিযোগের দ্বারা যে মুনি নিরন্তর আমাকে ভজনা করিয়া থাকেন, আমি সতত তাঁহার হৃদয়ে উদিত থাকি ; সুতরাং আমার অবস্থানে তাঁহার চিত্তগত যাবতীয় বাসনাই সমূলে বিনষ্ট হয়, সন্দেহ নাই ।। ২৯ ।।

আভাস।

বিষয়-রস তখনও তাঁহাদের হৃদয়ে সম্পূর্ণ মন্দ বলিয়া প্রতীত হয় নাই। যদিও বিষয়ের সংগ্রহে দোষ দেখিতেছেন মাত্র, কিন্তু বিষয়-সম্ভোগ যে সম্পূর্ণ অনর্থকারী ও দুঃখময় তাহা তাঁহাদের হৃদয়ে তখনও সুস্পষ্ট হয় না। ঈশ্বরে আত্মসমর্পণ পূর্ব্বক ভোগ করিলে, বিষয়ের দোষ প্রতীত হয় ; তখন তাঁহারা বশীকারসংজ্ঞা বৈরাগ্যে ক্রমশ অধিকারী হইবেন॥ ২৭॥ ২৮॥

ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি ময়ি দৃষ্টেঽখিলাত্মনি ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

অখিলাত্মনি ময়ি দৃষ্টে সতি অস্য মদ্ভক্তস্য, হৃদয়গ্রন্থিঃ দেহাদৌ অভিমানঃ, ভিদ্যতে নিবর্ত্ততে, সর্ব্বসংশয়াঃ অসম্ভাবনাদয়ঃ, ছিদ্যন্তে তথা কর্ম্মাণি চ আরব্ধফলানি চ ক্ষীয়ন্তে ॥৩০॥

শ্রীধরস্বামী।

হৃদয়মেব গ্রন্থিরহঙ্কারঃ তৎপূর্ব্বকাশ্চ সর্ব্বে সংশয়াঃ অসম্ভাবনাদয়ঃ ন কর্ম্মাণ্যারব্ধফলানি সংসারহেতুভূতানি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ নিষ্ঠারুচ্যাদিভূমিকারূঢ়স্য ভক্তস্য হৃদয়গ্রন্থিরহঙ্কারো ভিদ্যতে স্বয়মেবেতি ন তত্র ভক্তস্যেচ্ছাপ্রযত্নাবিতি ভাবঃ। যদুক্তং জরয়ত্যাশু যা কোষং নিগীর্ণমনলো যথেতি। সংশয়া অসম্ভাবনাদয়ঃ। কর্ম্মাণি প্রারব্ধপর্য্যন্তানি। তথাচ শ্রুতির্গোপালতাপনী। ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধিনৈরাশ্যেনামুষ্মিন্মনঃ কল্পনমেতদেব নৈষ্কর্ম্ম্যং নৈষ্কর্ম্ম্যকরমিতি তস্যার্থঃ ॥ ৩০ ॥

আমি জীবমাত্রেরই অন্তরাত্মা ; মদীয় সাক্ষাৎকার লাভ হইলে ভক্তগণের দেহাদিতে অভিমানরূপ হৃদয়গ্রন্থি নিবৃত্ত হয় ; অসম্ভাবনাদি বিবিধ সংশয় অপনোদিত হয় এবং ভক্তের যাবতীয় কর্ম্মই বিনষ্ট হইয়া যায়, সন্দেহ নাই ॥৩০

আভাস।

প্রায়শ্চিত্তাদি পাপনিবর্ত্তক কর্ম্মের অনুষ্ঠান না করিয়া, কি প্রণালীতে ভগবানকে ভজনা করিতে হয় এবং ভজনা করিলেই বা তাহার ফল কি হয়? তাহাই শ্লোকদ্বয়ে কথিত হইয়াছে। কর্ম্মের প্রণালী বহু এবং তাহাতে বিঘ্নও প্রচুর ; ভগবদ্ভজনের প্রণালী এক এবং তাহাতে কোন বিঘ্ন বিপ্রতিপত্তি নাই। যে পরিমাণে ভজনা করা হয়, তাহাতেই বিশেষ ফললাভ হয়, সন্দেহ নাই। গীতাতে উক্ত আছে, "স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো-ভয়াৎ"। অতি অল্প পরিমাণে ভগবদ্ধর্ম্মের অনুশীলন করিলেও এই বিষম সংসারার্ণব হইতে মুক্তিলাভ ঘটে। প্রেম ও ভক্তিপূর্ব্বক ভগবানে মনসমর্পণই ভগবদারাধনা। একটী অরণ্য হইতে সমস্ত জন্তুকে নির্ব্বাসন করা অতীব কঠিন ব্যাপার ; বহুকাল ও বহু আয়াসের প্রয়োজন; তাহাতেও সম্পূর্ণ শ্বাপদশূন্য হয় কি না, সন্দেহ। কিন্তু যদি কৌশল-ক্রমে সে বনে একটী সিংহকে অতি অল্পদিনের জন্যও আনয়ন করা যায়, তবে পশু উচ্ছেদের জন্য আর পৃথক যত্ন করিতে হয় না ; সিংহের আগমনেই সকল পশু সে বন হইতে অন্যত্র পলায়ন করে। সেইরূপ একে একে সকল কামনাকে হৃদয়বন হইতে নিঃসৃত করা নিতান্ত সহজ নহে ; বহুকাল ও আয়াসের প্রয়োজন ; তাহাতেও অনেক প্রতিবন্ধক ঘটে। কিন্তু যদি ভক্তিরূপ কৌশলের প্রকাশে একবার পরমভক্ত শ্রীহরিকে হৃদয়বনে আনয়ন করা যায়, তাহা হইলে কামনাদল আপনা হইতেই বিদ্রুত

তস্মান্মদ্ভক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ।

অন্বয়ঃ।

তস্মাৎ মদ্ভক্তিযুক্তস্য মদাত্মনঃ (ময়ি এব আত্মা অন্তঃকরণং যস্য তস্য) যোগিনঃ বৈ ন

শ্রীধরস্বামী।

তদেবং ব্যবস্থয়া অধিকারত্রয়মুক্তং তত্রচ ভক্তেরন্যনিরপেক্ষত্বাদন্যস্য চ তৎসাপেক্ষত্বাদ্ভক্তি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতো হেত্বন্তরনিরপেক্ষয়া ভক্ত্যৈব হৃদয়গ্রন্থিভেদাদ্যাঃ স্বতএব স্যুস্তস্মাদ্ভক্ত্যর্থং বা হৃদয়-গ্রন্থিভেদাদ্যর্থং বা মদ্ভক্তেন জ্ঞানবৈরাগ্যে নৈবোপাদেয়ে। স্বস্মিংস্তয়োঃ শ্রেয়স্করত্বাদর্শনাদ-ত্যাহ তস্মাদিতি। মদাত্মনঃ ময়ি আত্মা মনো যস্য তস্য। দেহাদ্যতিরিক্তত্বানুসন্ধানলক্ষণং জ্ঞানং বিষয়াগ্রহণলক্ষণং বৈরাগ্যঞ্চ ন শ্রেয়ঃ তয়োঃ সাত্ত্বিকত্বাত্তস্যাস্ত গুণাতীতত্বাত্তস্যাং সত্যাং তয়োঃ স্বস্মিন্ আনিনীষৈব দোষ ইতি ভাবঃ। প্রত্যুত অবিদ্যাবৃত্তীনাং রাগদ্বেষা-দীনামিব বিদ্যাবৃত্তিরূপয়োরপি জ্ঞানবৈরাগ্যয়োর্ভক্তেঃ স্বতএব বর্ত্তমানয়োরপি ভক্ত্যৈব নির্জ্জর এবাগ্রে পঞ্চবিংশতিতমাধ্যায়ে বক্ষ্যতে। কিঞ্চ। ভগবদনুভবরূপং জ্ঞানং বিষয়ারোচকত্ব-

অতএব আমাতে আত্মসমর্পণ পূর্ব্বক যাঁহারা প্রকৃতভক্ত হইয়াছেন, তাদৃশ যোগীর পক্ষে প্রকৃত বিচাররূপ জ্ঞানযোগ বা বিষয়-বিতৃষ্ণারূপ

আভাস।

হইয়া সূর্যোদয়ে নীহারের ন্যায় বিলীন হইয়া যায়। ভগবানের কৃপা ব্যতীত কামনাকে নিঃশেষে নিবৃত্ত করা জীবের পক্ষে নিতান্তই অসম্ভব। একবার দুইবার তাড়াইলেও কাম জীবের অজ্ঞাতসারে পুনরায় হৃদয়ে প্রবেশ করে। চটা পক্ষী গৃহের অভ্যন্তরে বাসা প্রস্তুত করত বাস করে; উপদ্রব নিবারণার্থ তাড়াইতে হইলে তাহাদিগের বাসস্থান নষ্ট করিতে হয়; নচেৎ গৃহস্বামীর অজ্ঞাতসারে পুনরায় বাসস্থানে প্রবেশ করে। অতএব একবার কামনা বর্জ্জন করিলেই যে বর্জ্জন করা হয়, এমত নহে; তাহাদের বাসস্থান অভিমান বা অহঙ্কারতত্ত্বকে ভগ্ন করিতে হয়। ভগবানের সাক্ষাৎকার লাভ হইলেই অভিমান দূরে যায় এবং আস্তি নাস্তি প্রভৃতি যাবতীয় সংশয় অপনোদিত হয়; এবং প্রারব্ধ ব্যতীত যাবতীয় কর্ম্মজাল বিনষ্ট হইয়া যায়। সুতরাং ভগবদ্দর্শনেই কামনার নিঃশেষে নিবৃত্তি ঘটে। ২৯। ৩০।

কর্ম্মী জ্ঞানী ও ভক্তভেদে পরমপদ প্রাপ্তির অধিকারী তিন প্রকার। তন্মধ্যে পূর্ব্বোক্ত দুই জন অন্যের অপেক্ষা করেন; কেবল ভক্তের আর কোন অপেক্ষা নাই। বরং কেবলা ভক্তির প্রসাদে অভিমানাদি সংসারকারণ সমূলে ধ্বংস হইয়া যায়। অতএব ভক্তির জন্য বা অভিমানাদি নিবৃত্তির জন্য জ্ঞান বা বৈরাগ্যের আবশ্যক করে না। যাহাদের চিত্ত ভগবানে সমর্পিত হইয়াছে, তাহাদের পক্ষে জ্ঞান বা বৈরাগ্য আর শ্রেয়ঃসাধনের মধ্যেই গণনীয় নহে। কারণ জ্ঞান দেহাদ্যতিরিক্ত আত্মার অনুসন্ধানের দ্বারা এবং

ন জ্ঞানং নচ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহ ॥ ৩১ ॥
যৎ কর্ম্মভি র্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ।

।

জ্ঞানং প্রকৃতিবিবিক্তাত্মজ্ঞানং, ন চ বৈরাগ্যং বিষয়বৈতৃষ্ণরূপং শ্রেয়ঃ প্রায়ঃ ভবেৎ ॥ ৩১ ॥

হি যস্মাৎ, মম একান্তিনঃ মদেকনিষ্ঠাঃ, ভক্তাঃ ধীরাঃ বশীকৃতান্তঃকরণাঃ, সাধবঃ ময়া দত্তং

শ্রীধর স্বামী।

যোগ এব শ্রেষ্ঠ ইত্যুপসংহরতি তস্মাদিতি ত্রিভিঃ। মদাত্মনঃ ময়ি আত্মা চিত্তং যস্য তস্য। শ্রেয়ঃ শ্রেয়ঃসাধনং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লক্ষণং বৈরাগ্যঞ্চ ভক্ত্যুত্থত্বাদ্গুণাতীতং তস্য স্বতএব স্যাৎ। যদুক্তং। ভক্তিঃ পরেশানুভবো বিরক্তিরন্যত্র চৈষ ত্রিক এককালঃ। প্রপদ্যমানস্যেতি। প্রায়গ্রহণেন ক্বচিচ্ছান্তভক্তেঃ প্রথমদশায়াং তয়োর্গ্রহোঽপি নাশ্রেয়স্করঃ। ভক্তিমুক্ত্যোব নির্ব্বিঘ্নেত্যাত্তযুক্তবিরক্ততা ইতি তন্মতমুক্তং ভক্তিরসামৃতসিন্ধৌ ॥ ৩১ ॥

ননু যদি কশ্চিত্ত্বৎকথাদাবেব শ্রদ্ধালুর্ন তু কর্ম্মজ্ঞানাদিষু তদরোচকত্বাদথচ তৎফলেষু স্বর্গা-

বৈরাগ্য আর শ্রেয়ঃসাধনের মধ্যে গণনীয় হইতে পারে না ॥ ৩১ ॥

যাঁহারা আমার প্রকৃত ভক্ত, মদেকশরণ হইয়া চিত্ত ও ইন্দ্রিয়গ্রামের সংযমন পূর্ব্বক অতি শান্তভাবে অবস্থান করেন, তাদৃশ সাধু ব্যক্তিগণ অন্য

আভাস।

বিষয় হইতে বিনিবৃত্ত করিবার দ্বারা বৈরাগ্য জীবের চিত্তে সত্ত্বগুণের উৎকর্ষ স্থাপন করে মাত্র। অতএব যাহারা ভগবানে আত্মসমর্পণ করিয়া গুণাতীত ভগবানের নিরন্তর চিন্তনে নিজেরাও তৎস্বরূপ-লাভে গুণাতীত হইয়াছেন, তাঁহারা আর সত্ত্বোৎকর্ষক জ্ঞানবৈরাগ্যের আলোচনায় কেন সত্ত্বগুণের অন্তর্গত হইতে আসিবেন? তাহাতে তাঁহাদের ত উন্নতি হইল না; বরং অধোগতি বলিয়াই স্বীকার করিতে হইবে। সুতরাং অবিদ্যাবৃত্তি রাগদ্বেষাদির ন্যায়, বিদ্যাবৃত্তি জ্ঞান ও বৈরাগ্য আপনা হইতে বিদ্যমান থাকিলেও ভক্ত এক ভক্তির প্রসাদে তাহাদের উভয়কে পরাজিত করিতে পারেন; এই ভাবটী পরে পঞ্চবিংশাধ্যায়ে স্পষ্টত প্রকাশ করা যাইবে। পূর্ব্বাধ্যায়ে প্রকাশ করিয়াছেন যে, ভোজনকালে যেমন প্রতিগ্রাসে তুষ্টি, পুষ্টি ও ক্ষুধার নিবৃত্তি হইয়া থাকে, এক ভক্তি থাকিলে, ভগবদনুভবরূপ জ্ঞান এবং বিষয়ে অনাসক্তিরূপ বৈরাগ্য আপনা হইতেই উৎপন্ন হইয়া থাকে ॥ ৩১ ॥

শাস্ত্রান্তরে প্রকাশ আছে যে, "ন হি সাংখ্যসমং জ্ঞানং ন হি যোগসমং বলং"। তত্ত্ববিচার পূর্ব্বক জগতের মূল কারণ প্রকৃতিকে পুরুষস্বরূপ হইতে পৃথক্ ভাবে নিরূপণ করাই প্রকৃত জ্ঞান। এই জ্ঞানের অপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞান নাই এবং যোগের অপেক্ষা বল নাই। কারণ এতদুভয়ের দ্বারা মন দৌরাত্ম্য পরিত্যাগে শান্ত হয়। অন্য যে কোন

যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি ॥ ৩২ ॥
সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্‌যদি বাঞ্ছতি ॥ ৩৩ ॥

অন্বয়ঃ

কৈবল্যং অপুনর্ভবং সংসারনিবৃত্তিরূপং, কৈবল্যং অপি ন বাঞ্ছন্তি তথাপি ভোগাবস্থায়াং যদি কথঞ্চিৎ কিঞ্চিৎ অপি বাঞ্ছন্তি তদা যৎ কর্ম্মভিঃ যজ্ঞাদিভিঃ যৎ তপসা কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিনা, জ্ঞানবৈরাগ্যতঃ যোগেন দানধর্ম্মেণ, ইতরৈঃ শ্রেয়োভিঃ অপি যৎ প্রাপ্যতে তৎ সর্ব্বং, অপরং

শ্রীধরস্বামী।

তত্র হেতুর্যৎ কর্ম্মভিরিত্যাদি। ইতরৈরপীতি তীর্থযাত্রাব্রতাদিভিঃ শ্রেয়ঃসাধনৈঃ ॥ ৩২ ॥

যদ্‌যস্তাবৎ সত্ত্বশুদ্ধ্যাদি তৎ সর্ব্বমঞ্জসা অনায়াসেনৈব স্বর্গমপবর্গং মদ্ধাম বৈকুণ্ঠং লভত এব বাঞ্ছাতু নাস্তীত্যুক্তং যদি বাঞ্ছতীতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পবর্গাদিষু স্পৃহাবাংশ্চ স্যাত্তদা কিং ভবেদত আহ যদিতি দ্বাভ্যাং ইতরৈরপি শ্রেয়ঃসাধনৈস্তীর্থযাত্রাব্রতাদিভির্মদ্ধাম সালোক্যং ॥ ৩২ ॥

ফলের কথা দূরে থাকুক, মৎপ্রদত্ত সংসার-নির্ম্মুক্তিরূপ মোক্ষপদকেও প্রার্থনা করেন না; তবে ভোগদশাতে কোন অভাবের অনুরোধে যদি কখন কোনরূপ ভোগের বাসনা উদয় হয়, তাহা হইলে, যজ্ঞাদি কর্ম্মকাণ্ডের দ্বারা, কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপস্যার দ্বারা, জ্ঞানযোগ, বৈরাগ্য, দান, ধর্ম্ম বা অন্য যে কোন শ্রেয়ঃসাধন মার্গাবলম্বনে যে কোন ফললাভ হইতে

আভাস।

সাধন অবলম্বনে যে সকল ফল লাভ করা সম্ভব, এক ভক্তির প্রসাদে তাঁহার সমস্তই হইয়া থাকে। বিশেষত অন্য সকল উপায়ই কষ্টসাধ্য; কিন্তু ভক্তি অনায়াস-সাধ্য। ভক্তি স্বর্গভোগ প্রদান করে এবং ক্রমশ সত্ত্বগুণের উৎকর্ষ ঘটাইয়া অন্তে মুক্তিই প্রদান করে। চিত্রকেতু প্রভৃতির যে সকল উপাখ্যান শাস্ত্রে বর্ণিত হইয়াছে, সর্ব্বত্র ভক্তিকেই উন্নতি বা মুক্তিলাভের অপূর্ব্ব সোপানরূপে বর্ণন করিয়াছেন। শুকদেব মাতৃগর্ভে দ্বাদশ বৎসর বাস করিয়াও নিঃসৃত হইতে আপত্তি করেন। পরে তাঁহার প্রার্থনায় ভগবান্ শ্রীকৃষ্ণ যখন মায়াকে আকর্ষণ করিয়া লইলেন, সেই মুহূর্তে শুকদেব জন্ম পরিগ্রহ করেন। ইহাতেও প্রকাশ যে, শুকদেবের ন্যায় জ্ঞানীও মায়াকে ভয় করিয়া ভূমিষ্ঠ হইতে পারেন নাই। পরে ভক্তির বলে ভগবানের কৃপা লাভ করিয়া তিনিও কৃতার্থ হইয়াছিলেন। সকল সাধনেই কোন না কোন বাঞ্ছা আছে; কিন্তু ভক্তিতে ভগবান্ ব্যতীত কিছুই বাঞ্ছনীয় থাকে না। কর্ম্মের দ্বারা বৈরাগ্য জন্মে, বৈরাগ্যের দ্বারা জ্ঞান লাভ হয় এবং জ্ঞানের দ্বারা ভগবৎসাক্ষাৎকাররূপ মুক্তি ঘটে। কিন্তু ভক্তির ওরূপ

ন কিঞ্চিৎ সাধবো ধীরা ভক্তা হ্যেকান্তিনো মম।
বাঞ্ছন্ত্যপি ময়া দত্তং কৈবল্যমপুনর্ভবং ॥ ৩৪ ॥
নৈরপেক্ষ্যং পরং প্রাহুর্নিঃশ্রেয়সমনল্পকং।
তস্মান্নিরাশিষো ভক্তির্নিরপেক্ষস্য মে ভবেৎ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

তু স্বর্গাপবর্গং মদ্ধাম বৈকুণ্ঠং, অপি মদ্ভক্তিযোগেন মদ্ভক্তঃ অঞ্জসা অনায়াসেন, লভতে ইতি ত্রয়াণামন্বয়ঃ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

যস্মাৎ নিরপেক্ষস্য সর্ব্বাপেক্ষারহিতস্য, নিরাশিষঃ নিষ্কামস্য, পুরুষস্য এব মে মম, ভক্তিঃ ভবেৎ তস্মাৎ নৈরপেক্ষ্যং এব পরং উৎকৃষ্টং, অনল্পকং মহৎ, নিঃশ্রেয়সং পুরুষার্থসাধনং (বৃদ্ধাঃ) প্রাহুঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

তত্র হেতুমাহ ন কিঞ্চিদিতি। ধীরা ধীমন্তঃ যতো মম একান্তিনঃ ময্যেব প্রীতিযুক্তাঃ অতো ময়া দত্তমপি ন গৃহ্ণন্তি কিং পুনর্বক্তব্যং ন বাঞ্ছন্তীত্যর্থঃ অপুনর্ভবমাত্যন্তিকমপি কৈবল্যং ॥ ৩৪ ॥

তদুপপাদয়তি। নৈরপেক্ষ্যমেব পরমুৎকৃষ্টং অনল্পং মহৎ নিঃশ্রেয়সং ফলং তৎসাধনঞ্চ প্রাহুঃ মে ভক্তির্নিরাশিষঃ প্রার্থনাশূন্যস্য নিরপেক্ষস্য প্রার্থনাকারণভূতাপেক্ষারহিতস্য পুংসো ভবেৎ। যদ্বা। মে নিরপেক্ষস্য যা ভক্তিঃ সা নিরাশিষো ভবেদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথঞ্চিদিত্যেতদ্বিবৃণোতি নেতি ॥ ৩৩ ॥ ৩৪ ॥

নৈরপেক্ষ্যং সাধনান্তরফলান্তরাপেক্ষারাহিত্যং হি পরং জাত্যা শ্রেষ্ঠং অনল্পকং প্রমাণেনাপ্যধিকং নিঃশ্রেয়সং ভবতি। নিরাশিষঃ ফলান্তরকামনাশূন্যস্য নিরপেক্ষস্য জ্ঞানবৈরাগ্যাদ্যপেক্ষাশূন্যস্য ॥ ৩৫ ॥

পারে এবং অধিক কি! স্বর্গ, অপবর্গ এবং মদীয় ধাম বৈকুণ্ঠ পর্য্যন্ত এক ভক্তির বলে ভক্তের অনায়াসে লাভ হইয়া থাকে, সন্দেহ নাই। ৩২—৩৪ ॥

সর্ব্বপ্রকার বিষয়ের অপেক্ষাকে উপেক্ষা করত যাহাদের চিত্ত সম্পূর্ণ নিষ্কামভাব ধারণ করে, তাহাদেরই পক্ষে যখন ভাগবতী ভক্তি অবশ্যম্ভাবিনী, তখন প্রকৃত নৈরপেক্ষ্য ভাবই সর্ব্বপ্রধান ও উৎকৃষ্ট পুরুষার্থসাধন এইরূপ বৃদ্ধগণ ব্যক্ত করিয়া থাকেন ॥ ৩৫ ॥

আভাস।

কোন অবান্তর ফল নাই এবং কোন উন্নতির অপেক্ষাও থাকে না ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

ভগবদ্ভক্তিতে কোন প্রার্থনা নাই; কারণ ভক্তির লক্ষ্য ভগবান্; তিনি গুণের অতীত। ভগবান্ ব্যতীত সকল বিষয়ই সত্ত্ব রজঃ ও তমোগুণে গঠিত; সুতরাং বিষয়ের

ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণাঃ।
সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাং ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

ময়ি একান্তভক্তানাং সমচিত্তানাং জ্ঞানীনাং যতঃ বুদ্ধেঃ প্রকৃতেঃ, পরং বিলক্ষণং, আত্মানং উপেয়ুষাং প্রাপ্তবতাং, সাধূনাং জিতেন্দ্রিয়াণাং, গুণদোষোদ্ভবাঃ পুণ্যপাপাত্মকাঃ, গুণাঃ ন ভবন্তি ন স্পৃশন্তি ইতি ভাবঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

অনেন চ প্রকারেণ সিদ্ধানাং ন গুণদোষাবিতি বিরোধপরিহারমুপসংহরতি ন ময়ীতি গুণদোষৈর্বিহিত-প্রতিষিদ্ধৈরুদ্ভবো যেষাং তে গুণাঃ পুণ্যপাপাদয়ঃ সাধূনাং নিরস্তরাগাদীনাং অতঃ সমচিত্তানাং অতএব বুদ্ধেঃ প্রকৃতেঃ পরমীশ্বরং প্রাপ্তানাং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

যদুক্তং গুণদোষদৃশির্দোষো গুণস্তূভয়বর্জ্জিত ইতি তদেতাদৃশেষু ভক্তেষিত্যাহ নেতি। গুণদোষয়োরুদ্ভবো যেভ্যঃ সত্ত্বরজস্তমোভ্যস্তে গুণা একান্তভক্তানাং ন সন্তি কিন্তুপ্রাকৃতাএব গুণাঃ যত বুদ্ধেঃ প্রকৃতেঃ পরং সচ্চিদানন্দমেব বস্তু উপেয়ুষাং ন তু গুণময়ং কিঞ্চিদপি মন-ইন্দ্রিয়াদিকং নির্গুণো মদপাশ্রয় ইত্যগ্রিমোক্তেঃ। যদ্বা। গুণদোষোদ্ভবা বিধিপ্রতিষেধ-নিবন্ধনা গুণা ন ভবন্তীতি নৈষাং শিষ্টাচারেণ কোঽপি গুণো ভবতি নাপি নিষিদ্ধাচারেণ কোঽপি দোষ ইত্যর্থঃ। সমচিত্তানামিতি ভক্তানামসমচিত্তত্বমুক্তং চিত্রকেতূপাখ্যানে শম্ভুনা। যথা। নারায়ণপরাঃ সর্ব্বে ন কুতশ্চন বিভ্যতি। স্বর্গাপবর্গনরকেষপি তুল্যার্থদর্শিন ইতি। বুদ্ধেঃ প্রকৃতেঃ পরং ভগবন্তমুপেয়ুষাং ভক্ত্যা সিদ্ধেষেতে তু দোষদৃষ্টির্ন কর্ত্তব্যেতি কিং বক্তব্যং সাধকেষু দুরাচারেষপি ন কার্য্যেতি ভগবতা গীতং যথা। অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্। সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি স ইতি ॥ ৩৬ ॥

মদীয় সমচিত্ত ভক্ত জ্ঞানিগণ প্রকৃতির অতীত আত্মস্বরূপকে অবধারণ করিতে সমর্থ হন; সুতরাং তাদৃশ জিতেন্দ্রিয় সাধুগণ গুণ বা দোষ হইতে উৎপন্ন পুণ্য বা পাপে আর লিপ্ত হন না ॥ ৩৬ ॥

আভাস।

যে কোন ভাবে দৃষ্টি করিলে, দোষেরই উদ্ভব হয়। কিম্বা গুণদোষশব্দে বিধি ও নিষেধের উল্লেখ করা হইয়াছে। বৈধ ক্রিয়ায় গুণ; নিষিদ্ধ কর্ম্মে দোষ। ভক্তের চিত্ত সমগুণ-বিশিষ্ট; কাহার প্রতি দ্বেষ বা স্বার্থানুরোধে নিগ্রহ বা অনুগ্রহের সম্ভাবনা নাই। সুতরাং তাঁহাদের কোন কর্ম্মে স্বার্থসূচক অভিসন্ধি থাকে না; অতএব বৈধ বা নিষিদ্ধ বলিয়া তাঁহাদের পক্ষে কোন কর্ম্মেরই উল্লেখ হওয়া অসম্ভব ॥ ৩৫ ॥

যাঁহাদের চিত্ত যোগাবলম্বনে সমাহিত হইয়াছে; প্রখর ভক্তির বেগে চিত্তমালিন্য বিধৌত হইয়াছে; সুতরাং বৃত্তির অভাবে পরম পুরুষ পরমাত্মার স্বরূপ সন্দর্শনেই যে

এবমেতান্ময়াদিষ্টাননুতিষ্ঠন্তি মে পথঃ।
ক্ষেমং বিন্দন্তি মৎস্থানং যদ্ব্রহ্ম পরমং বিদুঃ॥ ৩৭॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে বিংশতিতমোঽধ্যায়ঃ॥ * ॥ ২০ ॥ * ॥

অন্বয়ঃ।

এবং উক্তপ্রকারকান্ ময়াদিষ্টান্ এতান্ ত্রিবিধান্ নিষ্কামকর্ম্মযোগজ্ঞানভক্তিরূপান্ মে মম পথঃ মৎপ্রাপ্ত্যুপায়ান্ যে অনুতিষ্ঠন্তি তে যৎ সর্ব্বশাস্ত্রপ্রসিদ্ধং পরমং ব্রহ্ম তৎ বিদুঃ তথা ক্ষেমং কর্ম্মফলাদিভয়রহিতং মৎস্থানং মম লোকং, বিন্দন্তি লভন্তে॥ ৩৭॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে বিংশতিতমোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

কাম্যকর্ম্মনিষ্ঠানাং নিন্দিষ্যন্ এতান্মুক্তিমার্গাননুপসংহরতি এবমিতি। মে পথঃ মৎপ্রাপ্ত্যুপায়ান্ যেঽনুতিষ্ঠন্তি তে ক্ষেমং কালমায়াদিরহিতং মম লোকং বিন্দন্তি যৎ পরমং ব্রহ্ম তচ্চ বিদুঃ॥ ৩৭॥ ॥ * ॥ ইত্যেকাদশে বিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রেয়োমার্গাননুপসংহরতি এবমিতি। যেঽনুতিষ্ঠন্তি তে যথাযোগং নিষ্কামকর্ম্মিণঃ ক্ষেমং বিন্দন্তি ভক্তা মৎস্থানং বৈকুণ্ঠং বিন্দন্তি। জ্ঞানিনো ব্রহ্ম বিদুরিতি॥ ৩৭॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশে ত্বয়ং বিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং॥ * ॥

পূর্ব্বোক্ত প্রকারে মদুপদিষ্ট নিষ্কাম কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগ-রূপ ত্রিবিধ মৎপ্রাপ্তির সাধনকে যাঁহারা অনন্যমনে অনুসরণ করেন, তাঁহারা সর্ব্বশাস্ত্র-প্রসিদ্ধ পরমব্রহ্মকে সাক্ষাৎকার করিতে পারেন এবং অন্তে মদীয় পরমলোকে গমন করেন, যেখানে কাল বা অনিত্য কর্ম্মের কোনরূপ ভয় থাকে না॥ ৩৭॥

ইতি একাদশস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের বিংশ অধ্যায় সমাপ্ত॥

আভাস।

ভক্ত নিরন্তর অবস্থান করিয়া থাকেন, তিনি প্রকৃতির অতীত। প্রাকৃতিক গুণের ক্রিয়া তাঁহাকে আর স্পর্শ করে না, সুতরাং বিহিত ও নিষিদ্ধের অকরণে বা করণে কোন প্রত্য-বায় বা পুণ্যের সহিত তাঁহাদের কোন সম্পর্ক নাই; অথচ বৈধকর্ম্ম সম্পাদনের যে ফল তাহা তাঁহারা লাভ করিয়া থাকেন এবং তদতিরিক্ত মুক্তি এবং বৈকুণ্ঠলোকও প্রাপ্ত হইয়া থাকেন, সন্দেহ নাই॥ ৩৬॥ ৩৭॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত বিংশাধ্যায়ের আভাস সমাপ্ত॥

শ্রীভগবানুবাচ ॥

য এতান্ মৎপথো হিত্বা ভক্তিজ্ঞানক্রিয়াত্মকান্।

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। ভক্তিজ্ঞানক্রিয়াত্মকান্ এতান্ মৎপথঃ হিত্বা পরিত্যজ্য চলৈঃ

শ্রীধরস্বামী।

জয়তি শ্রীপরানন্দঃ পরানন্দনৃকেশরী।
যৎকৃপালবলেশেন শ্রীধরঃ সংকৃতিঃ কৃতী ॥
ঈক্ষন্তামিচ্ছয়া সন্তঃ ক্ষমন্তাং মম সাহসং।
ময়া হি স্বীয়বোধায় কৃতমেতন্ন সর্ব্বতঃ ॥
একবিংশে ক্রিয়াজ্ঞানভক্তিষনধিকারিণাং।
কামিনাং দ্রব্যদেশাদিগুণদোষাঃ প্রপঞ্চিতাঃ ॥ * ॥

তদেবং গুণদোষব্যবস্থার্থং যোগত্রয়মুক্তং তত্র চ জ্ঞানভক্তিসিদ্ধানাং ন কিঞ্চিদ্গুণদোষৌ সাধকানান্তু প্রথমতো নিবৃত্তকর্ম্মনিষ্ঠানাং যথাশক্তি নিত্যনৈমিত্তিকং কর্ম্ম সত্ত্বশোধকত্বাৎ গুণঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণদোষদৃশিভূ‌ম্না প্রোক্তা কর্ম্মাধিকারিষু।
একবিংশে তৎপ্রপঞ্চং শ্রুত্যর্থশ্চ বিনিশ্চিতঃ ॥ * ॥

সকামকর্ম্মিণো নিন্দতি য এতানিতি। মৎপথঃ সমাসান্তাভাব আর্ষঃ। মৎপ্রাপকমার্গান্।

ভগবান্ বলিলেন, হে উদ্ধব! ভক্তিযোগ, জ্ঞানযোগ ও নিষ্কাম কর্ম্মযোগ রূপ ভগবৎপ্রাপ্তির ত্রিবিধ উপায়কে উপেক্ষা করিয়া, যাহারা চঞ্চল ইন্দ্রিয়-

আভাস।

একবিংশাধ্যায়ে দেশ কাল ও পাত্র অনুসারে পূর্ব্বোক্ত গুণদোষ সম্বন্ধীয় প্রপঞ্চ ব্যাখ্যা বর্ণিত হইয়াছে॥

গুণ ও দোষের ব্যবস্থার জন্য বেদাদিতে কর্ম্মযোগ, জ্ঞানযোগ ও ভক্তিযোগের কথা বর্ণিত হইয়াছে। তন্মধ্যে জ্ঞানপূর্ব্বক ভক্তিযোগের দ্বারা সিদ্ধপুরুষের পক্ষে কোন প্রকার গুণ বা দোষ স্পর্শ করে না; কারণ তাঁহারা নিবৃত্তিমার্গের কর্ম্মকে যথাশক্তি অনুষ্ঠান করিবার অভিপ্রায়ে, নিত্য নৈমিত্তিকাদি যে সকল কর্ম্মের অনুশীলন করেন, তদ্দ্বারা সত্ত্বগুণের পরিশুদ্ধিতে গুণেরই কীর্ত্তন করা হইয়াছে।· যাহারা নিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠান করেন, তাঁহাদের চিত্ত বিষদূষিতের ন্যায় কলঙ্কিত হওয়ায়, দোষের নিবৃত্তির জন্য তাঁহাদের পক্ষে প্রায়শ্চিত্তাদির ব্যবস্থায় গুণেরই কীর্ত্তন করা হইয়াছে। অর্থাৎ নির্ম্মলচেতা ব্যক্তিগণের জ্ঞানানুশীলনে মুক্তি লাভ হয়; সুতরাং তাহাতে গুণ; এবং ভক্ত-গণের শ্রবণ কীর্ত্তনাদি ভক্তিপ্রবর্ত্তক কর্ম্মকে গুণ এবং তদ্বিরুদ্ধ যাবতীয় কর্ম্মে উভয়ের দোষ বলিয়াই স্বীকার করিতে হইবে। সম্প্রতি যাহারা সিদ্ধ বা সাধক নহেন, কেবল কাম্য-

ক্ষুদ্রান্ কামাংশ্চলৈঃ প্রাণৈর্জুষন্তঃ সংসরন্তি তে ॥ ১ ॥

অন্বয়ঃ।

অস্থিরৈঃ, প্রাণৈঃ ইন্দ্রিয়ৈঃ, ক্ষুদ্রান্ অতিতুচ্ছান্ কামান্ বিষয়ান্ জুষন্তঃ সেবনপরাঃ ভবন্তি তে সংসরন্তি বিবিধযোনীঃ প্রাপ্নুবন্তি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

তদকরণং নিষিদ্ধকরণঞ্চ তন্মলীমসকরণত্বাদ্দোষঃ তন্নিবর্ত্তকত্বাচ্চ প্রায়শ্চিত্তং গুণঃ বিশুদ্ধসত্ত্বানান্ত জ্ঞাননিষ্ঠানাং জ্ঞানাভ্যাস এব সিদ্ধিহেতুত্বাদ্গুণঃ ভক্তিনিষ্ঠানান্ত পুনঃ শ্রবণকীর্ত্তনাদিভক্তিরেব গুণঃ তদ্বিরুদ্ধং সর্ব্বমুভয়েষাং দোষ ইত্যুক্তং ইদানীং যে তু ন সিদ্ধাঃ নাপি সাধকাঃ কিন্তু কেবলং কাম্যকর্ম্মপ্রধানাঃ তেষাং সকলগুণদোষান্ প্রপঞ্চয়িষ্যন্নাদৌ তানতিবহির্মুখান্নিন্দতি য এতানিতি। মৎপথঃ মদুক্তমার্গান্। ক্ষুদ্রান্ তুচ্ছান্। চলৈরস্থিরৈঃ প্রাণৈর্দেহবায়ুভিরিন্দ্রিয়ৈ র্বা জুষন্তঃ সেবমানা ভবন্তি তে সংসরন্তি নিখিলগুণদোষভাক্ত্বেন নানাযোনীঃ প্রাপ্নুবন্তীত্যর্থঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিঃ সাক্ষান্মৎপ্রাপিকা। জ্ঞানং মম নির্ব্বিশেষস্বরূপপ্রাপকং। ক্রিয়া নিষ্কামকর্ম্মপরম্পরয়া তৎপ্রাপিকা। ক্ষুদ্রান্ স্বর্গরাজ্যাদীন্ ॥ ১ ॥

প্রাণের সহায়ে অতি তুচ্ছ বিষয়ের সম্ভোগেই পরিতৃপ্ত হয়, তাহারাই এই অনন্ত সংসারপথে বিবিধ যোনি লাভে পরিভ্রমণ করিয়া থাকে, সন্দেহ নাই ॥ ১ ॥

আভাস।

কর্ম্মের অনুশীলনে ক্রমশঃ অগ্রসর হইয়া থাকেন, তাদৃশ বহির্ম্মুখ মানবগণের যাবতীয় দোষ ও গুণের কথাকে উল্লেখ করিয়া, নিন্দাচ্ছলে বিস্তৃত বর্ণন করিয়াছেন। অর্থাৎ যাহারা ভগবদুক্ত উপদেশের অনুসরণ না করিয়া, তুচ্ছ বিষয়সুখের অভিমুখেই নিরন্তর যত্ন করে, তাহাদের চিত্ত ভোগবাসনায় সর্ব্বদা অস্থির থাকে। তাহারা প্রাণ, মন, দেহ ও ইন্দ্রিয়গণকে বাহ্যসেবায় সর্ব্বদা ব্যাপৃত রাখায়, অন্তরের ধনকে অবলোকন করিতে পারে না ; এবং আকাঙ্ক্ষানুরূপ ভোগের জন্য সংসারার্ণবে ভাসমান থাকিয়া বিবিধ যোনিতে পরিভ্রমণ করিয়া থাকে। এতদর্থে শ্রুতিও স্পষ্টাক্ষরে প্রতিবোধিত করিয়াছেন যে, "কামান্ যঃ কাময়তে মন্যমানঃ স কামভি র্জায়তে তত্র তত্র। পর্য্যাপ্তকামস্য কৃতাত্মনস্ত ইহৈব সর্ব্বে প্রবিলীয়ন্তে কামাঃ" ॥ যাহার যেরূপ কামনা হৃদয়ে জাগরূক থাকে, মৃত্যুর পর তাহার সেইরূপ গতি ও ভোগ লাভ হইয়া থাকে। যাঁহাদের কামনা নাই, তাঁহারাই মুক্তিলাভ করেন, সন্দেহ নাই ॥ ১ ॥

গীতাতে উক্ত হইয়াছে, "শ্রেয়ঃ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎস্বনুষ্ঠিতাৎ। স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ" ॥ বর্ণাশ্রমভেদে বহুবিধ আচারেরই উল্লেখ করা হইয়াছে।

স্বে স্বেঽধিকারে যা নিষ্ঠা স গুণঃ পরিকীর্ত্তিতঃ।
বিপর্য্যয়স্তু দোষঃ স্যাদুভয়োরেষ নির্ণয়ঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

স্বে স্বে অধিকারে (যোগ্যতয়া অধিক্রিয়মাণে সম্বন্ধবিশেষে) যা নিষ্ঠা স্থিতিঃ সঃ গুণঃ পরিকীর্ত্তিতঃ, বিপর্য্যয়ঃ (অযোগ্যতয়া পরাধিকারে নিষ্ঠা) দোষঃ স্যাৎ। উভয়োঃ গুণদোষয়োঃ এষঃ নির্ণয়ঃ বিচারঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

নমু তৈরেব কর্ম্মভিঃ কেচিদ্‌গুণদোষভাজঃ কেচিন্নেতি কুতো বৈষম্যং ন হ্যগ্নিনা কেচিত্তপ্যন্তি কেচিন্নেতি। সম্ভবতি তত্রাহ স্বে স্বে ইতি অধিকারিভেদেন কল্পিতৌ গুণদোষৌ ন বস্তুনিষ্ঠাবিতি ভাবঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু ময়া কো গুণঃ কো দোষ ইতি ত্বং স্পৃষ্টস্ত্বয়াচ মদ্ভক্তেষু গুণদোষদৃশির্দোষস্তদভাবো গুণ ইতি প্রত্যুক্তং তত্রাহমিদমাশঙ্কে যদি কশ্চিন্মৎকথাদৌ শ্রদ্ধালুঃ শুদ্ধভক্ত্যধিকারী প্রতিষ্ঠিতৈঃ কর্ম্মিভির্জ্ঞানিভির্বা যুক্ত্যা দৈবাদ্বশীকৃতস্তদনুগত এব সন্ ঔষধপানন্যায়েনারোচকমপি কর্ম্ম করোতি জ্ঞানং বাভ্যস্যতি তদা তস্মিন্ ভক্তে কিং গুণদোষদৃশির্দোষঃ কিং তদভাব এব গুণঃ। কিঞ্চ যদি কশ্চিদপ্রাপ্তমহৎকৃপত্বাত্তক্তাবজাতসম্যক্‌শ্রদ্ধঃ কর্ম্মী জ্ঞানী বা ভক্তোৎকর্ষং দৃষ্ট্বা তাদৃশনিজোৎকর্ষকামনয়ৈব স্বাধিকারপ্রাপ্তানি কৃত্যানি ত্যক্ত্বা তদ্বদেব ভগবন্তং ভজন্নাত্মানং বৈষ্ণবত্বেন খ্যাপয়তি তদা তস্মিন্ তস্মিন্ দম্ভিনি জগদ্বঞ্চকে কিং গুণদৃষ্টিঃ কর্ত্তব্যা ন বেতি চেৎ সত্যং শৃণু তর্হি গুণদোষয়োর্লক্ষণমিত্যাহ স্বে স্বে ইতি জ্ঞানিনো জ্ঞানএব

স্ব স্ব অধিকারানুরূপ সম্বন্ধ অবলম্বনে অবস্থান করাই গুণ এবং নিজের অযোগ্যতার প্রতি লক্ষ্য না করিয়া পরের অধিকারে পদার্পণ করিবার যত্নই দোষের কারণ, সন্দেহ নাই। অধিকারী ও অনধিকারী ভেদেই গুণ ও দোষের এইরূপ মীমাংসা হইয়া থাকে ॥ ২ ॥

আভাস।

তন্মধ্যে যে ব্যক্তি যেরূপ অধিকারী, তিনি স্বীয় অধিকারানুরূপ কর্ম্ম যদি করেন, তবেই শ্রেয়োলাভ করিতে পারেন; সন্দেহ নাই। যেমন যুদ্ধকালে যে সৈন্যদল যে কর্ম্মে পারদর্শী, তাহার হস্তে সেই অস্ত্র প্রদানে যুদ্ধ করাইলেই কার্য্যে ফল লাভ হয়, নতুবা ধানুষ্ককে তরবারি এবং তরবারিধারীকে ধনুঃ প্রদানে, অশ্বারোহীকে পদাতি করিয়া এবং পদাতিকে অশ্বারোহী করিলে যেমন যুদ্ধজয়ের কোন সম্ভাবনা নাই, সেইরূপ স্বীয় অধিকারের প্রতি দৃষ্টি করিয়া কার্য্য করাই গুণ এবং না করাই দোষ। অতএব যাবৎ অধিকারের অধীনে থাকা যায়, ততক্ষণই অধিকারানুরূপ কর্ম্মের প্রয়োজন। সমস্ত অধিকারকে অতিক্রম করিলে, আর কর্ম্মের প্রয়োজন হয় না। যে পর্য্যন্ত প্রকৃতির অন্তরে

শুদ্ধ্যশুদ্ধী বিধীয়েতে সমানেষ্বপি বস্তুষু।
দ্রব্যস্য বিচিকিৎসার্থং গুণদোষৌ শুভাশুভৌ॥

অন্বয়ঃ।

সমানেষু অপি বস্তুষু দ্রব্যাদিষু দ্রব্যস্য বিচিকিৎসার্থং (যোগ্যং অযোগ্যং বা ইতি সন্দেহদ্বারা স্বাভাবিকপ্রবৃত্তিপ্রতিবন্ধার্থং) শুদ্ধ্যশুদ্ধী যোগ্যত্বাযোগ্যত্বে; ধর্ম্মার্থং (শুদ্ধেন ধর্ম্মঃ অশু-

শ্রীধরস্বামী।

তদাহ শুদ্ধ্যশুদ্ধী ইতি বিচিকিৎসার্থং যোগ্যমযোগ্যম্বেতি সন্দেহদ্বারা স্বাভাবিকপ্রবৃত্তিপ্রতিবন্ধার্থমিত্যর্থঃ। তত্র শুদ্ধ্যশুদ্ধী যোগ্যত্বাযোগ্যত্বে গুণদোষৌ তন্নিমিত্তোপাদেয়ত্বানুপাদেয়ত্বে শুভাশুভৌ তন্নিমিত্তাবর্থানর্থৌ। তত্র শুদ্ধ্যশুদ্ধী ধর্ম্মার্থং শুদ্ধেন ধর্ম্মঃ অশুদ্ধেনাধর্ম্ম ইতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মিণঃ কর্ম্মণোবাধিকারস্তত্রৈব নিষ্ঠা নিষ্ঠিতত্বং গুণঃ। কিন্তু তয়োঃ স্বতঃ ফলদানাসমর্থয়োর্ভক্তিমিশ্রত্বেনৈবানুষ্ঠেয়ত্বং। নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতমিত্যাদেরন্যথা তু বৈফল্যমেব। শুদ্ধভক্তস্যতু ভক্তাবেব নিষ্ঠা গুণঃ তস্যাস্তু স্বতএব ফলদানসামর্থ্যাৎ কর্ম্মজ্ঞানাদ্যমিশ্রত্বেনৈবানুষ্ঠেয়ত্বং। ধর্ম্মান্ সংত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেদিতি ন জ্ঞানং ন চ বৈরাগ্যমিত্যাদের্জ্ঞানাদিমিশ্রত্বে সতি তস্যাঃ শুদ্ধভক্তিত্বাপগমঃ স্যাৎ। বিপর্য্যয়ঃ পরাধিকারে নিষ্ঠত্বং। উভয়োর্গুণদোষয়োঃ॥ ২॥

কিঞ্চ। গুণদোষয়োঃ প্রপঞ্চো মহানেব তমহং বিবৃণোমি শৃণ্বিত্যাহ। শুদ্ধ্যশুদ্ধী ইতি দ্রব্যস্য বিচিকিৎসা ইদং যোগ্যমযোগ্যং বেতি সন্দেহস্তন্নিবর্ত্তনার্থং। মশকার্থো ধূম ইতিবৎ। সমানেষু উত্তরশ্লোকে বক্ষ্যমাণেষু ভূম্যাদিষু অতএব শাকমূলফলাদিষ্বপি বাস্তুকশাকঃ শুদ্ধঃ কলম্বীশাকোঽশুদ্ধঃ ইত্যেবং গুণদোষৌ শুভাশুভৌ বিধীয়েতে। তত্র ধর্ম্মার্থং শুদ্ধ্যশুদ্ধী।

সাধারণ-দৃষ্টিতে বস্তুসম্বন্ধে দ্রব্যের সমানরূপতা হইলেও যোগ্যাযোগ্য ভেদে বস্তুর শুদ্ধি ও অশুদ্ধি, গুণ ও দোষ এবং শুভ ও অশুভের মীমাংসা হইয়া থাকে। যোগ্য শুদ্ধ বস্তুর সংশ্রবে ধর্ম্ম এবং অযোগ্য অশুদ্ধ পদার্থের মিলনে অধর্ম্ম উৎপন্ন হয়। অধিকারানুরূপ উপাদেয় পদার্থের সংযোগে

আভাস।

থাকা যায়, তদবধিই অধিকারের নিরূপণ হয়। পুরুষ প্রকৃতির অতীত; তাঁহাকে ধারণা করিতে পারিলে, প্রকৃতির স্তরকে অতিক্রম করা যায়। তখন আর শুভাশুভ কোন কর্ম্মেরই অপেক্ষা থাকে না। ভগবান্ বলিয়াছেন, "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচ"॥ দেহধর্ম্ম, ইন্দ্রিয়ধর্ম্ম ও চিত্তাদির ধর্ম্মকে উপেক্ষা করত, তাহাদের অধীনতাকে অস্বীকার করত, এক ভগবানের অধীনতাকে যে স্বীকার করে, ভগবান্ তাদৃশ জীবকে সংসারের গভীর গহ্বর হইতে স্বয়ং উত্তোলন করিয়া থাকেন॥ ২॥

ধর্ম্মার্থং ব্যবহারার্থং যাত্রার্থমিতি চানঘ ॥ ৩ ॥
দর্শিতোঽয়ং ময়াচারো ধর্ম্মমুদ্বহতাং ধুরং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

দ্ধেনাধর্ম্মঃ ইতি) গুণদোষৌ উপাদেয়ত্বানুপাদেয়ত্বে ব্যবহারার্থং (আপদি গ্রাহ্যমপি অনাপদি ত্যাজ্যং) তথা শুভাশুভৌ অর্থানর্থৌ, যাত্রার্থং প্রাণরক্ষার্থং, বিধীয়েতে বিভজ্য জ্ঞাপ্যেতে ॥ ৩ ॥

এবং ধর্ম্মং ধর্ম্মরূপাং ধুরং ভারং উদ্বহতাং নৃণাং অর্থে অয়ং আচারঃ ময়া মন্বাদিরূপেণ-দর্শিতঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

গুণদোষৌ ব্যবহারার্থং অশুদ্ধাবপি রাজাদীনাং ব্যবহারদর্শনাদুপাদেয়ং নান্যদিতি শুভাশুভৌ যাত্রার্থং প্রাণরক্ষার্থং দোষত্বেঽপ্যাপৎসু শরীরনির্ব্বাহমাত্রাপাদানে ন পাপং অধিকোপাদানে তু পাপমিতি ॥ ৩ ॥

ময়া মন্বাদিরূপেণ ধর্ম্মরূপাং ধুরং ভারং কর্ম্মজড়ানামিত্যর্থঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শুদ্ধেন ধর্ম্মঃ অশুদ্ধেনাধর্ম্ম ইতি। ব্যবহারার্থং গুণদোষৌ। শুদ্ধত্বেঽপি শিষ্টানাং ব্যবহার-দর্শনাদ্গুণঃ। অশুদ্ধত্বেঽপি তদদর্শনাদ্দোষঃ। যাত্রার্থং শুভাশুভৌ। অসৎপ্রতিগ্রহাদে-র্দোষত্বেঽপি আপৎসু শরীরনির্ব্বাহমাত্রোপাদানং শুভমেবাধিকোপাদানন্ত্বশুভং পাপ-মেব ॥ ৩ ॥

এবং ধর্ম্মরূপাং ধুরং ভারং উদ্বহতাং জনানাং ময়া মন্বাদিরূপেণ অয়মাচারো দর্শিতঃ ॥ ৪ ॥

গুণ এবং অনধিকার নিবন্ধন হেয় পদার্থের সংযোগে দোষের উৎপাদন হইয়া থাকে। আপদ্‌কাল উপস্থিত হইলে, হেয় বস্তুও ব্যবহারার্থ গ্রাহ্য হইয়া থাকে; কিন্তু আপদ্ বিমুক্ত হইবা মাত্র তাহাকে দূষিত জ্ঞানে বর্জ্জন করাই বিধেয়। জীবনরক্ষার জন্য দূষিত পদার্থও শুভের মধ্যে পরিগণিত; কিন্তু জীবনোপায় সংগৃহীত হইলে দূষিত পদার্থকে দূষিতের মধ্যেই গণনা করিতে হয় ॥ ৩ ॥

হে অনঘ! যাঁহারা ধর্ম্মরূপ ধুরধারণে প্রস্তুত, তাঁহাদের জন্য আমি মনু প্রভৃতির মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া এই শ্রেষ্ঠ আচার-সমূহের প্রবর্ত্তনা করিয়াছি ॥ ৪ ॥

আভাস।

পদার্থ সম্বন্ধে দোষ বা গুণের নির্ণয় করা অতীব দুরূহ। কারণ প্রকৃতি-সম্বন্ধে সমস্তই উৎপন্ন এবং কার্য্যরূপে সকলেই সমান। তথাপি তাহার দোষ ও গুণ বা শুদ্ধি ও অশুদ্ধি কেবল উপকারিতা বা অনুপকারিতার পরিচয়ে মাত্র। যেমন মশক নিবারণার্থ ধূম উপকারী, অথচ কাশরোগের পক্ষে নিতান্তই অপকারী। অতএব মশক নিবারণরূপ

ভূম্যম্ব্‌গ্ন্যনিলাকাশা ভূতানাং পঞ্চ ধাতবঃ।
আব্রহ্মস্থাবরাদীনাং শারীরা আত্মসংযুতাঃ॥ ৫॥

অন্বয়ঃ।

আব্রহ্মস্থাবরাদীনাং ভূতানাং প্রাণিনাং ভূম্যম্ব্‌গ্ন্যনিলাকাশাঃ পঞ্চ এব আত্মসংযুতাঃ শারীরাঃ শরীরারম্ভকাঃ ধাতবঃ কারণানি সন্তি॥ ৫॥

শ্রীধরস্বামী।

শুদ্ধ্যশুদ্ধী প্রপঞ্চয়িষ্যন্ বেদোক্তত্বেন তদভিনিবেশো মা ভূদিতি সমানেষ্বপি বস্তুষ্বিতি। যদুক্তং তৎ প্রপঞ্চয়তি ভূমীতি ত্রিভিঃ। ভূতানাং প্রাণিনাং ধারয়ন্তীতি ধাতবঃ কারণানি শারীরাঃ শরীরারম্ভকাঃ দেহতঃ সাম্যমুক্তং জীবতোঽপ্যাহ আত্মসংযুতা ইতি॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণদোষভিদা দৃষ্টির্নিগমাত্তেন হি স্বত ইতি যত্ত্বয়োক্তং তৎসত্যমেব কিন্তু নিগমোহি লোকাপকারক এবেত্যাহ ভূমীতি দ্বাভ্যাং। ধারয়ন্তীতি ধাতবো ভূম্যাদয়ঃ। এতে আব্রহ্মস্থাবরাদীনাং শারীরাঃ শরীরারম্ভকা ইতি দেহতঃ সাম্যমুক্তং আত্মতোঽপ্যাহ আত্মেতি ৫॥

ব্রহ্মাদি স্থাবরপর্য্যন্ত প্রাণিবর্গের সম্বন্ধে ভূমি, জল, অগ্নি, বায়ু ও আকাশ এই আত্মসহিত পঞ্চ মহাভূতই শরীরারম্ভক নির্ব্বিশেষ কারণরূপে নির্দ্দিষ্ট হইয়াছে॥ ৫॥

আভাস।

প্রয়োজন স্থলে ধূমের গুণ এবং কাশরোগস্থলে তাহার দোষ। অতএব বস্তুনিষ্ঠ দোষ বা গুণের স্বীকার করা নিতান্তই অসম্ভব; ব্যবহার-নিষ্ঠ দোষ ও গুণ অর্থাৎ শুদ্ধি বা অশুদ্ধি বস্তুতে আরোপ করা হয় মাত্র। যে বস্তুর ব্যবহারে স্বকীয় অবস্থানুসারে তাৎকালিক উপকার লাভ হয়, তাহাকেই গুণবিশিষ্ট ও শুভ বলা যায়; যাহাতে তাহার বিপরীত ঘটে, তাহাকেই দোষবিশিষ্ট এবং অশুভ বলা যায়। যাহার দ্বারা ধর্ম্মের সঞ্চয় হয়, তাহাকে শুদ্ধ এবং যদ্দারা ধর্ম্ম বিলুপ্ত হইয়া অধর্ম্মের উদয় হয়, তাহাকেই অবিশুদ্ধ বলিয়া শাস্ত্রকারগণ নির্দ্দেশ করিয়াছেন। ব্যবহারের অনুরোধে অনেক স্থলে অশুদ্ধ পদার্থও শুদ্ধ বলিয়া গৃহীত হয়; অথচ শুদ্ধ পদার্থও অশুদ্ধরূপে পরিত্যক্ত হইয়া থাকে। যথা গোচর্ম্ম সর্ব্বত্র অশুদ্ধরূপে পরিগণিত হইলেও, চর্ম্মপাদুকা ব্যবহারোপলক্ষে বিশুদ্ধ। পরিধেয় পবিত্র বস্ত্র যদি পরিধান করিবার অল্প পরেই পরিত্যাগ করা হয়, তখনই তাহাকে অশুদ্ধ বলিয়া স্বীকার করিতে হইবে; ধৌত না করিয়া তাহাকে পরিধান করিলে পূজাদি পবিত্র কর্ম্ম হইতে পারে না। আপৎকালে জীবনযাত্রা নির্ব্বাহের জন্য অপবিত্র ভোজন দ্রব্যকেও পবিত্র বলিয়া গ্রহণ করিতে হয়; কিন্তু আপদ্‌কাল অতীত হইলে, আর তাহা গ্রহণ করা অবিধেয়। জগতের উন্নতি কামনায় এবং ধর্ম্মকর্ম্মাদির প্রচারবাসনায় ভগবানই এই মনুপ্রভৃতির রূপধারণে আচার-সম্বন্ধে উপদেশ দিয়াছেন॥ ৩॥ ৪॥

বেদেন নামরূপাণি বিষমাণি সমেষ্বপি।
ধাতুষূদ্ধব কল্প্যন্তে এতেষাং স্বার্থসিদ্ধয়ে ॥ ৬ ॥
দেশকালাদিভাবানাং বস্তূনাং মম সত্তম।

অন্বয়ঃ।

এতেষাং প্রাণিনাং স্বার্থসিদ্ধয়ে প্রবৃত্তিনিবৃত্তিনিয়মনদ্বারা ধর্ম্মাদিপুরুষার্থসিদ্ধয়ে, হে উদ্ধব! ধাতুষু সমেষু অপি বিষমাণি (ব্রাহ্মণক্ষত্রিয়াদি) নামরূপাণি বেদেন কল্প্যন্তে ॥ ৬ ॥

হে সত্তম! (ন কেবলং দেহেষু এব) দেশকালাদিভাবানাং (কর্ত্রাদীনাং চ) বস্তূনাং

শ্রীধরস্বামী।

ধাতুষু দেহেষু নামরূপাণি বর্ণাশ্রমাদীনি। কল্পনায়াঃ প্রয়োজনমাহ এতেষাং প্রাণিনাং স্বার্থসিদ্ধয়ে প্রবৃত্তিনিয়মদ্বারা ধর্ম্মাদিপুরুষার্থসিদ্ধয়ে ॥ ৬ ॥

ন কেবলং দেহেষেব অপিতু দেশকালাদিভাবানামপি আদিশব্দেনানুপাদেয়ানাং কল-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধাতুষু দেহেষু সমেষ্বপি নামরূপাণি বাচকবাচ্যানি ব্রাহ্মণোঽয়মিতি তাম্বূলিকতৈলিকাদিরয়মিতি বর্ণাশ্রমাদিনিবন্ধনানি। কল্পনায়াং প্রয়োজনমাহ। এতেষাং প্রাণিনাং স্বার্থসিদ্ধয়ে প্রবৃত্তিনিয়মদ্বারা ধর্ম্মাদিষু পুরুষার্থসিদ্ধয়ে ॥ ৬ ॥

ন কেবলং দেহেষেব অপিতু দেশকালফলনিমিত্তাদিষ্বপি ইত্যাহ। দেশকালাদয়ো যে

এই সমগ্র প্রাণিবর্গের স্বার্থসিদ্ধির অভিপ্রায়ে প্রবৃত্তি ও নিবৃত্তির নিয়মনের দ্বারা ধর্ম্মাদি বর্গচতুষ্টয়ের সংগ্রহ প্রয়োজন হইল; সুতরাং দেহের উপাদান কারণ সর্ব্বত্র এক হইলেও বিষম যথা ব্রাহ্মণক্ষত্রিয়াদির নাম ও রূপ বেদের দ্বারা কল্পিত হইয়াছে ॥ ৬ ॥

হে সাধুত্তম! জীবের মধ্যে যে কেবল দেহনিষ্ঠ তারতম্যই ঘটিয়াছিল,

আভাস।

শাস্ত্রকারের বর্ণিত শুভ বা অশুভ বলিয়া কোন পদার্থের উপর আসক্তি বা বিরক্তি করিবার প্রয়োজন নাই। কারণ বস্তুর শুভাশুভ আত্মসম্বন্ধের উপর অধিক নির্ভর করে। যেহেতুক শরীর মাত্রে ও তদুপাদান কারণসম্বন্ধে সকল মানব একরূপ হইলেও বেদেই তাহার বিশেষ পার্থক্য বর্ণিত হইয়াছে। অর্থাৎ নরমাত্র সকলে এক হইলেও ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রভেদে এবং অন্ত্যজ, অনুলোমজ ও প্রতিলোমজ ব্যক্তি সম্বন্ধে মানবদেহেও তদুচিত ধর্ম্ম, কর্ম্ম এবং আশ্রম ও আচার সম্বন্ধে নানা প্রকার ভেদ বর্ণন করিয়াছেন। প্রত্যেক মনুষ্যের শারীরিক ও মানসিক বৃত্তি অনুসারে নানা প্রকারে বিচিত্র ভাব পরিলক্ষিত হয়। অতএব এক আশ্রমস্থিত ব্রাহ্মণ হইলেও যখন বৃত্তিগত নানা প্রকার ভেদ আছে, তখন তাহার পক্ষে উপাদেয় এবং হেয় বলিয়াও বস্তুর মধ্যেও অনেক ভেদ

গুণদোষৌ বিধীয়েতে নিয়মার্থং হি কর্ম্মণাং ॥ ৭ ॥

অকৃষ্ণসারো দেশানামব্রহ্মণ্যোঽশুচির্ভবেৎ।

অন্বয়ঃ।

সম্বন্ধে কর্ম্মণাং স্বভাবপ্রযুক্তানাং, নিয়মার্থং মম ময়া, গুণদোষৌ বিধীয়েতে ॥ ৭ ॥

দেশানাং (মধ্যে) অকৃষ্ণসারঃ কৃষ্ণমৃগপ্রচাররহিতঃ দেশঃ অশুচিঃ; তত্রাপি অব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্তিরহিতঃ দেশঃ অত্যন্তং অশুচিঃ; কৃষ্ণসারঃ কৃষ্ণমৃগসঞ্চারবান্ অপি অসৌবীরঃ 'সুবীরাঃ সৎপুরুষাঃ তৎব্যতিরিক্তাঃ কীকটঃ (মগধাঙ্গবঙ্গকলিঙ্গাদিঃ অঙ্গবঙ্গকলিঙ্গেষু সৌরাষ্ট্র-

শ্রীধরস্বামী।

নিমিত্তাধিকারিণাং গ্রহণং। বস্তূনামুপাদেয়ানাং ব্রীহ্যাদীনামপি মম ময়া নিয়মার্থং সঙ্কোচার্থ-মিত্যর্থঃ ॥ ৭ ॥

এবং গুণদোষবিষয়ং পরিশোধ্য তয়োঃ শুদ্ধ্যশুদ্ধিমূলত্বাৎ শুদ্ধ্যশুদ্ধী প্রপঞ্চয়তি অকৃষ্ণসার ইত্যষ্টভিঃ। দেশানাং মধ্যে কৃষ্ণসারহরিণরহিতোঽশুচিঃ তত্রাপি অব্রহ্মণ্যঃ ব্রাহ্মণভক্ত-শূন্যোঽত্যন্তমশুচিঃ কৃষ্ণসারোঽপি কৃষ্ণেন মৃগেণ সারঃ শ্রেষ্ঠোঃ যঃ সোঽপ্যসৌবীরঃ কীকটঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাবাঃ পদার্থাস্তেষাং তৎসম্বন্ধিনাং বস্তূনাং ব্রীহ্যাদীনামপি মম ময়া নিয়মার্থং সঙ্কোচনার্থ-মিত্যর্থঃ ॥ ৭ ॥

প্রথমং শুদ্ধ্যশুদ্ধী প্রপঞ্চয়তি। অকৃষ্ণসার ইত্যষ্টভিঃ। দেশানাং মধ্যে কৃষ্ণহরিণরহিতো দেশোঽশুচিঃ। তত্রাপি ন সন্তি ব্রহ্মণ্যা ব্রাহ্মণভক্তিমন্তো যত্র স তু অত্যন্তমশুচিঃ। কৃষ্ণসারো-

---

তাহা নহে; দেশ ও কালভেদে বস্তুর সম্বন্ধে এবং স্বভাবানুসারে কর্ম্মের সম্বন্ধেও আমি গুণ ও দোষের বিধান করিয়াছি ॥ ৭ ॥

দেশের শুদ্ধাশুদ্ধি সম্বন্ধে বলিতেছি, শ্রবণ কর। যে দেশে কৃষ্ণসার মৃগ বিচরণ করে না, সে দেশ শ্রৌতকর্ম্মে অশুচি বলিয়াই সিদ্ধান্ত আছে; আবার

আভাস।

আছে। এক বস্তু একজনের পক্ষে উপাদেয় হইলেও, অন্যের পক্ষে হেয় হইতে পারে; পীড়িতাবস্থায় যে বস্তু উপাদেয় ও শুভ, সুস্থাবস্থায় তাহা হেয়ও অশুভ হইয়া থাকে। কোন দেশে কোন বস্তু স্বীকারে বিশেষ ফল পাওয়া যায়, আবার অন্য দেশে সেই বস্তু ব্যবহারে বিশেষ অনিষ্ট হইয়া থাকে। অতএব বৃত্তির সংকোচার্থ পদার্থের শুদ্ধি বা অশুদ্ধির কারণ নিরূপিত হইয়াছে। জগতে কেহই ভাল নহে, এবং কেহই মন্দ নহে। তবে যাহার দ্বারা যখন উপকার পাওয়া যায়, তখন তাহাকে উপাদেয় শুভ ও শুদ্ধ বলিয়া বিবেচনা করিতে হইবে; নতুবা অশুভ ও হেয় জ্ঞানে পরিত্যাগ করিতে হইবে ॥ ৫—৭ ॥

যে স্থলে কোন দেশকে শুভ বা শুচি বলিয়া কীর্ত্তন করিয়াছেন, সে স্থলেও যে সেই দেশ চিরকালই শুচি থাকিবে এবং অশুচি স্থান যে কখন শুচি হইবে না, এরূপ মীমাংসা

কৃষ্ণসারোঽপ্যসৌবীরকীকটাসংস্কৃতেরিণং ॥ ৮ ॥
কর্ম্মণ্যো গুণবান্ কালো দ্রব্যতঃ স্বতএব বা।

অন্বয়ঃ।

মগধেষু চ। তীর্থযাত্রাং বিনা গত্বা পুনঃ সংস্কারমর্হতি) ॥ অসংস্কৃতঃ ম্লেচ্ছাদিবহুলঃ সংমার্জ্জনাদিরহিতঃ ঈরণং উষরঃ, ইতি (কৃষ্ণসারমৃগসৎপুরুষাদিযুক্তস্তুচিঃ যতঃ উক্তং সবৈ পুণ্যতমোদেশঃ সংপাত্রং যত্র লভ্যতে ইতি যাবৎ) ॥ ৮ ॥

দ্রব্যতঃ দ্রব্যলাভাৎ স্বতঃ পূর্ব্বাহ্নাদিঃ যঃ কালঃ কর্ম্মণ্যঃ কর্ম্মার্হঃ, সঃ কালঃ গুণবান্ শুদ্ধঃ;

শ্রীধরস্বামী।

সুবীরাঃ সৎপুরুষাস্তদ্বান্ সৌবীরঃ কীকটোঽপি শুচিঃ। তদুক্তং। স বৈ পুণ্যতমো দেশঃ সংপাত্রং যত্র লভ্যতে ইতি তদ্বর্জ্জিতো যঃ কীকটঃ অঙ্গবঙ্গকলিঙ্গাদিঃ অসংস্কৃতঃ সম্মার্জ্জনাদিশূন্যঃ ম্লেচ্ছবহুলো বা। ঈরিণং উষরঃ। তদশুচিঃ একবদ্ভাবঃ। তদন্যঃ শুচিরিত্যর্থাদুক্তং ভবতি ॥ ৮ ॥

কালস্য শুদ্ধ্যশুদ্ধী দর্শয়তি কর্ম্মণ্য ইতি। দ্রব্যতঃ দ্রব্যসংপত্ত্যা স্বতো বা পূর্ব্বাহ্নাদিঃ যঃ কর্ম্মণ্যঃ কর্ম্মার্হঃ স কালস্তস্মিন্ কর্ম্মণি গুণবান্ যতো যস্মিন্ দ্রব্যালাভেন বা রাষ্ট্রবিপ্লবাদীনাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঽপি কৃষ্ণেন মৃগেণ সারঃ শ্রেষ্ঠোঽপি অসৌবীরঃ কীকটশ্চ অসংস্কৃতো মার্জ্জনাদিশূন্যো ম্লেচ্ছাদিবহুলশ্চ ঈরণং উষরশ্চ তেষাং দ্বন্দ্বৈক্যং। তৎ অশুচি। সুবীরাণাং সৎপুরুষাণাং নিবাসঃ সৌবীরঃ অসৌবীরো যঃ কীকটো গয়াপ্রদেশঃ সোঽশুচিঃ। সৌবীরঃ সংপাত্রযুক্তঃ কীকটোঽপি শুচিরিত্যর্থঃ ॥ ৮ ॥

কালস্য শুদ্ধ্যশুদ্ধী দর্শয়তি। কর্ম্মণ্যঃ কর্ম্মার্হঃ কালো গুণবান্ শুদ্ধঃ। সচ কশ্চিৎ দ্রব্যতঃ

কৃষ্ণসার মৃগ থাকিলেও যদি সে দেশের লোক ব্রাহ্মণভক্ত না হয়, তাহা হইলে সে দেশকে নিতান্ত অশুচি বলিয়া পরিত্যাগ করিতে হয়; কীকট, মগধ, অঙ্গ, বঙ্গ ও কলিঙ্গদেশকে অশুচি বলিয়া পণ্ডিতগণ কীর্ত্তন করিয়া থাকেন। ॥ ৮ ॥

শ্রাদ্ধাদি পুণ্যকর্ম্মোপধায়ক দ্রব্যের লাভে বা পূর্ব্বাহ্লাদি অনুসারে যে

আভাস।

আছে বলিয়া অনুমান হয় না। কারণ যে দেশে কৃষ্ণসার হরিণ বিচরণ করে, তাহাকেই যজ্ঞের উপযুক্ত পবিত্র প্রদেশ বলিয়া স্বীকার করা হইয়াছে; অতএব কৃষ্ণসার-শূন্য স্থান অশুচি বলিয়া শাস্ত্রে মীমাংসা করিয়াছেন। অথচ বলিয়াছেন, যে ব্রাহ্মণভক্ত মানব যে দেশে নাই, সে দেশ অত্যন্ত অশুচি। অতএব কৃষ্ণসার থাকা আর না থাকায় কোন বিশেষ ক্ষতিবৃদ্ধি হইতেছে না। কারণ কৃষ্ণসার সত্ত্বেও যদি তথায় ব্রাহ্মণভক্ত লোক না থাকে, তবে সে দেশ অশুচি। অতএব কৃষ্ণসারশূন্য অশুচি প্রদেশেও যদি ধার্ম্মিক

যতো নিবর্ত্ততে কর্ম্ম সদোষোঽকর্ম্মকঃ স্মৃতঃ ॥ ৯ ॥
দ্রব্যস্য শুদ্ধ্যশুদ্ধী চ দ্রব্যেণ বচনেন চ।
সংস্কারেণাথ কালেন মহত্ত্বাল্পতয়াঽথবা ॥ ১০ ॥

অন্বয়ঃ।

তথা যতঃ কালাৎ, কর্ম্ম নিবর্ত্ততে ন সমাপ্যতে, সঃ কালঃ অকর্ম্মকঃ কর্ম্মানর্হঃ, দোষঃ অশুদ্ধঃ, স্মৃতঃ ॥ ৯ ॥

দ্রব্যস্য বস্ত্রাদেঃ, দ্রব্যেন (তোয়াদিনা মূত্রাদিনা চ) বচনেন (ব্রাহ্মণবচনাদিনা) সংস্কারেণ (পুষ্পাদেঃ প্রোক্ষণাদিনা অবঘ্রাণাদিনা চ) কালেন, অথবা মহত্ত্বাল্পতয়া চ শুদ্ধ্যশুদ্ধী ভবতঃ ॥১০॥

শ্রীধরস্বামী।

বা কর্ম্ম নিবর্ত্ততে যশ্চ সূতকাদৌ দশাহাদিলক্ষণোঽকর্ম্মকঃ কর্ম্মানর্হঃ স্মৃতঃ স কালো দোষোঽশুদ্ধ ইত্যর্থঃ ॥ ৯ ॥

বস্তুশব্দোপাত্তানাং দ্রব্যাণাং শুদ্ধ্যশুদ্ধী দর্শয়তি দ্রব্যস্যেতি চতুর্ভিঃ। দ্রব্যেণ তোয়াদিনা শুদ্ধিঃ মূত্রাদীনাত্বশুদ্ধিঃ। বচনেন শুদ্ধমশুদ্ধং বেতি সন্দেহে দশাহাদিনা নবোদকাদেঃ শুদ্ধিঃ পর্য্যুষিতান্নাদেরশুদ্ধিঃ অন্ত্যজাদ্যুপহতানাং তড়াগাদ্যুদকানাং মহত্ত্বাল্পত্বাভ্যাং শুদ্ধ্যশুদ্ধী ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাংসাদিদ্রব্যালাভত এব তৎক্ষণে এব কর্ম্মার্হঃ। কশ্চিৎ স্বতোঽপি পূর্ব্বাহ্ণাদিঃ। যতশ্চ কালাৎ সূতকাদিদোষেণ কর্ম্ম নিবর্ত্ততে সদোষঃ অশুদ্ধ ইত্যর্থঃ ॥ ৯ ॥

দেশকালাদিভাবানাং বস্তূনামিতি প্রক্রান্তং তত্র বস্তুশব্দোপাত্তানাং দ্রব্যাণাং শুদ্ধ্যশুদ্ধী দর্শয়তি দ্রব্যস্যেতি চতুর্ভিঃ। পাত্রাদীনাং দ্রব্যেণ তোয়াদিনা শুদ্ধিঃ মূত্রাদিনা ত্বশুদ্ধিঃ।

কালে সৎকর্ম্মের উত্তম অবসর বলিয়া কীর্ত্তিত হয়, সেই কালকে শুদ্ধ বলা যায় এবং যে সময়ে উপযুক্ত দ্রব্য পাওয়া যায় না, বা সূতিকাদি অশৌচের ব্যাঘাত উপস্থিত হয়, তাহা পবিত্র কাল হইলেও সৎকর্ম্মের প্রতিবন্ধক হওয়ায়, অশুদ্ধ বলিয়া নির্ণয় করিতে হইবে ॥ ৯ ॥

দ্রব্যের শুদ্ধাশুদ্ধ বিচার করিতে হইলে দেখিতে পাওয়া যায় যে, দ্রব্যের যোগে, বচনপ্রয়োগে, সংস্কারের সাহায্যে ও কৌটিল্যে, কাল সহকারে এবং অল্প ও অধিক এই পরিমাণভেদে শুদ্ধি ও অশুদ্ধির বিধান হইয়া থাকে ॥ ১০ ॥

আভাস।

লোকের বাস হয়, তখন সে দেশ কেন শুচি হইবে না? অতএব কাল-সহকারে দ্রব্য ও দেশের যেমন পরিবর্ত্তন ঘটে, সেইরূপ দ্রব্য ও সংস্কারের অনুসারে কালেরও শুদ্ধি এবং অশুদ্ধি ঘটিয়া থাকে, সন্দেহ নাই। বিশুদ্ধ তিথ্যাদিবিশিষ্ট প্রশস্তকালে কর্ম্মের বিশেষ ফল পাওয়া যায় বটে, কিন্তু কর্ত্তার যদি পুত্রাদির জননসংবাদ শ্রুতিগোচর হয়, তখনি সেই

শক্ত্যাশক্ত্যাঽথ বা বুদ্ধ্যা সমৃদ্ধ্যা চ যদাত্মনে।

অন্বয়ঃ।

শক্ত্যা (সমর্থস্য স্নানাদিনা) অশক্ত্যা (অসমর্থস্য স্নানাদিবিনাপি শুদ্ধিঃ) বুদ্ধ্যা সংস্কারেণ,

শ্রীধরস্বামী।

শক্ত্যাশক্ত্যা সূর্য্যোপরাগাদিহৃতকান্নাদেঃ শক্তান্ প্রত্যশুদ্ধিঃ অশক্তান্ প্রতি শুদ্ধিঃ। বুদ্ধ্যা পুত্রজন্মাদৌ দশাহাদ্বহির্জ্ঞানেন শুদ্ধিঃ অন্তর্জ্ঞানেনাশুদ্ধিঃ। সমৃদ্ধ্যা জীর্ণমলবদ্বস্ত্রাসনাদেঃ সমৃদ্ধং প্রত্যশুদ্ধিঃ দরিদ্রং প্রতি শুদ্ধিঃ। তত্রাপি বিশেষমাহ যদিতি। এতে চ দ্রব্যবচনা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বচনেনেদং শুদ্ধমশুদ্ধং বেতি সন্দেহে শুদ্ধমিত্যেবং ব্রাহ্মণবচনেন শুদ্ধিস্তথৈবাশুদ্ধমিতি নাশুদ্ধিশ্চ। সংস্কারেণ প্রোক্ষণাদিনা পুষ্পাদেঃ শুদ্ধিঃ অবঘ্রাণাদিনা ত্বশুদ্ধিঃ। কালেন দশাহাদিনা নবোদকাদিনা শুদ্ধিবিপরীতেনাশুদ্ধি। অম্বাজাদ্যুপহতানাং তড়াগাদ্যুদকানাং মহত্ত্বাল্পত্বাভ্যাং শুদ্ধ্যশুদ্ধী। পর্য্যুষিতান্নাদেঃ শক্তান্ প্রত্যশুদ্ধিঃ অশক্তান্ প্রতিশুদ্ধিঃ॥ ১০॥

বুদ্ধ্যা পুত্রজন্মাদৌ দশাহাদ্বহির্জ্ঞানেন শুদ্ধিঃ অন্তর্জ্ঞানেনাশুদ্ধিঃ সমৃদ্ধ্যা জীর্ণমলিনস্যূত-বস্ত্রাদেঃ সমৃদ্ধং প্রত্যশুদ্ধিঃ দরিদ্রং প্রতিশুদ্ধিঃ। এতে চ দ্রব্যবচনাদয়ো যদাত্মনে জীব-স্যেত্যর্থঃ। অঘং কুর্ব্বন্তি তদ্দেশাবস্থানুসারতএব যথা যথাবৎ। তথাহি নির্ভয় এব দেশে

শক্তস্থলে একরূপ বিধানে অশক্ত স্থলে বিপরীত বিধানে শুদ্ধি বা অশুদ্ধি ঘটে। পুত্র জন্মিলেও যদি জানা না হয়, তাহা হইলে অশুদ্ধি ঘটে না; কর্ণে শুনিলেই অশুদ্ধি। অনেক স্থলে ধনবানের পক্ষে যাহা অশুদ্ধি, নির্ধনের

আভাস।

প্রশস্ত কালও তাঁহার পক্ষে অপ্রশস্ত ও অশুভ হইয়া পড়িল। আবার যজ্ঞোপযুক্ত মাংস যদি অকস্মাৎ প্রাপ্ত হওয়া যায়, তখন অপ্রশস্তকালও যজ্ঞাদির উপযুক্ত অবসর বলিয়া স্বীকার করায়, কালের গুণ কীর্ত্তন করা হইল। অতএব ধর্ম্মানুষ্ঠানের উপযুক্তকালই গুণবান্, অন্য অকাল বা দোষাবহ বলিয়া স্বীকার্য্য॥ ৮॥ ৯॥

নিম্নলিখিত চারিটী শ্লোকের দ্বারা বস্তুর শুদ্ধি ও অশুদ্ধির স্থল নিরূপিত হইয়াছে। জলের দ্বারা পাত্রাদির পবিত্রতা সাধন হয় এবং মূত্রাদির স্পর্শে অশুদ্ধি ঘটে। কোন বস্তু শুদ্ধ কি না? এরূপ সন্দেহ হইলে, প্রাজ্ঞ ব্যক্তির বাক্যের দ্বারা তাহার মীমাংসা হইয়া থাকে। প্রোক্ষণাদি দ্বারা পুষ্পের শুদ্ধি হয়; অথচ গন্ধগ্রহণ মানসে পুষ্পকে অবঘ্রাণ করিলে, তাহার পবিত্রভাব বিনষ্ট হয়। সে পুষ্প আর দেবতাকে প্রদান করা অবিধেয়। কখনও বা দশাহে শুদ্ধি হয়; কখনও বা কাল অতীত হইলেই অন্নকে পর্য্যুসিত বলিয়া ত্যাগ করিতে হইবে। সামগ্রী যদি পরিমাণত অল্প হয়, তবে তাহার সংস্পর্শ দোষ ঘটে; বৃহৎ বা অধিক পরিমাণ হইলে, আর স্পর্শদোষ জন্মে না॥ ১০॥

চন্দ্রাদি গ্রহণকালে যে ব্যক্তি স্নান-জপাদিকর্ম্মে সমর্থ, তাহার পক্ষে গ্রহণকাল অশুদ্ধ;

অথং কুর্ব্বন্তি হি যথা দেশাবস্থানুসারতঃ ॥ ১১ ॥
ধান্যদার্ব্বস্থিতন্তূনাং রসতৈজসচর্ম্মণাং।
কালবায়্বগ্নিমৃত্তোয়ৈঃ পার্থিবানাং যুতাযুতৈঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

সমৃদ্ধ্যা চ যথা আত্মনে জীবস্য যদ্ অথং কুর্ব্বন্তি তং দেশাবস্থানুসারতঃ এব বিজানীয়াৎ ॥১১॥

ধান্যদর্ব্বস্থিতন্তূনাং রসতৈজসচর্ম্মণাং পার্থিবানাং পদার্থানাং যুতাযুতৈঃ মিলিতৈঃ কেবলৈশ্চ শুদ্ধিঃ ভবতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

দয়োঃ দ্রব্যাশুদ্ধিদ্বারা আত্মনে যদথং কুর্ব্বন্তি তদ্দেশাবস্থানুসারত এব যথা যথাবং কুর্ব্বন্তি ন সর্ব্বতঃ। তথাহি। নির্ভয় এব দেশে কুর্ব্বন্তি ন চৌরাদ্যাকুলে তথা রোগাদিব্যতিরিক্ত-যুবাদ্যবস্থায়ামেব কুর্ব্বন্তি ন বাল্যরোগাদ্যবস্থায়ামিতি। তথাচ স্মৃতিঃ। দেশং কালং তথাত্মানং দ্রব্যং দ্রব্যপ্রয়োজনং। উপপত্তিমবস্থাঞ্চ জ্ঞাত্বা শৌচং প্রকল্পয়েদিতি ॥ ১১ ॥

দ্রব্যাদিভির্দ্রব্যস্য শুদ্ধিরিত্যুক্তং। তত্র বচনাদিশুদ্ধিরেকরূপেব দ্রব্যতস্ত শুদ্ধির্বহুরূপেতি তাং প্রপঞ্চয়তি ধান্যেতি। দারু লৌকিকং গ্রহচমসাদি বা। অস্থি-গজদন্তাদি। রসাঃ তৈল-ঘৃতাদয়ঃ। তৈজসাঃ সুবর্ণাদয়ঃ তেষাং পার্থিবানাঞ্চ রথ্যাদি কর্দ্দমঘটেষ্টকাদীনাং যথাযথং কালা-দিভিঃ শুদ্ধিঃ তত্রাপি কাকাস্থ্যজাদ্যুপবাততারতম্যেন দেশকালাবস্থানুসারেণচ এতৈরন্যৈশ্চ যুতাযুতৈর্মিলিতৈঃ কেবলৈশ্চ কালস্য পুনর্গ্রহণং যুতত্বপ্রদর্শনার্থং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুর্ব্বন্তি নতু চৌরাদ্যাকুলে। নীরোগাবস্থে এব নতু রোগাবস্থে। তথা তারুণ্যাবস্থে এব নতু বাল্যবার্দ্ধক্যাবস্থে। তথাচ স্মৃতিঃ। দেশং কালং তথাত্মানং দ্রব্যং দ্রব্যপ্রয়োজনং। উপপত্তিমবস্থাঞ্চ জ্ঞাত্বা শৌচং প্রকল্পয়েদিতি ॥ ১১ ॥

দ্রব্যস্য দ্রব্যেণ শুদ্ধিরিতি। যদুক্তং তদ্বিবৃণোতি ধান্যেতি অস্থি গজদন্তাদি। রসাস্তৈল-ঘৃতাদয়ঃ। তৈজসাঃ সুবর্ণাদয়ঃ তেষাং পার্থিবানাং ঘটেষ্টকাদীনাং কালাদিভি র্যথাশাস্ত্রং শুদ্ধিস্তৈশ্চ যুতাযুতৈর্মিলিতৈঃ কেবলৈশ্চ। যথা তৈজসানাং মৃত্তোয়াগ্নিভিঃ। উর্ণাতন্তূনাং কেবলেন বায়ুনা ॥ ১২ ॥

পক্ষে তাহাতে কোন শুদ্ধির ব্যাঘাত নাই। এই প্রকারে দেশ ও অবস্থা-নুসারে শুদ্ধি বা অশুদ্ধির বিচার নির্ণয় করিতে হইবে ॥ ১১ ॥

ধান্য, দারু, অস্থি, বস্ত্র গব্যরস দুগ্ধাদি, ঘৃতাদি, ও চর্ম্ম প্রভৃতি পদার্থের শুদ্ধি বা অশুদ্ধি কখন বা কাল বায়ু, অগ্নি, মৃত্তিকা এবং উদকের যোগে বা বিয়োগে ঘটিয়া থাকে ॥ ১২ ॥

আভাস।

যে ব্যক্তি অসমর্থ, তাহার পক্ষে শুদ্ধ। পুত্রের জন্ম হইলেও পিতা যদবধি তাহা শ্রবণ না করিবেন, তদবধি তাঁহার অশৌচ হয় না: এতদ্দ্বারা জ্ঞানের উপরও শুদ্ধাশুদ্ধি নির্ভর করে।

অমেধ্যালিপ্তং যদ্যেন গন্ধং লেপং ব্যপোহতি ।
ভজতে প্রকৃতিং তস্য তচ্ছৌচং তাবদিষ্যতে ॥ ১৩ ॥

অন্বয়ঃ ।

যৎ অমেধ্যলিপ্তং (অমেধ্যেন লিপ্তং যৎ পীঠপাত্রবস্ত্রাদি) তৎ যেন তক্ষণক্ষারাম্লোদকাদিনা, গন্ধং লেপং চ ব্যপোহতি ত্যজতি, তথা প্রকৃতিং স্বরূপং ভজতে তৎ তস্য শৌচং শোধকং তাবৎ ইষ্যতে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

অস্পৃশ্যস্পর্শে শুদ্ধিমুক্ত্বা লেপবিষয়েঽপ্যাহ যৎপীঠপাত্রবস্ত্রাদি যেন তক্ষণক্ষারাম্লোদকাদিনা গন্ধং লেপঞ্চ ব্যপোহতি ত্যজতি, স্বগতঞ্চ মলং ত্যক্ত্বা প্রকৃতিং স্বমেব রূপং ভজতে। তস্য তচ্ছৌচং শোধকং যাবতা চ তক্ষণাদিনা ব্যপোহতি তাবৎপ্রমাণং স্বরূপতঃ আবৃত্তিতো বা তৎ কর্ত্তব্যমিষ্যতে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যৎ পীঠবস্ত্রপাত্রাদি অমেধ্যলিপ্তং ভবেৎ তৎ যেন তক্ষণক্ষারাম্লমৃজ্জলাদিনা গন্ধং লেপঞ্চ ব্যপোহতি ত্যজতি। প্রকৃতিং স্বং রূপং ভজতে তস্য তচ্ছৌচং। তাবাদিত যাবতা তক্ষণাদিনা গন্ধলেপং ব্যপোহতি তাবৎ প্রমাণং শৌচং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥ ১৩ ॥

অমেধ্যালিপ্ত পীঠ, পাত্র ও বস্ত্রাদি দ্রব্যসমূহ যাহার সহায্যে দুর্গন্ধ ও প্রলেপাদি পরিহার পূর্ব্বক স্বকীয় স্বরূপ লাভ করে, তাহাই তাহার শুদ্ধিকারক বলিয়া শাস্ত্রাদিতে কীর্ত্তিত হইয়াছে । ১৩ ॥

আভাস ।

ধনশালী সম্ভ্রান্ত ব্যক্তির পক্ষে মলিন বসনাদি অশুভের পরিচয় হইলেও দরিদ্র ব্যক্তির পক্ষে তাহাই মঙ্গলের পরিচয় হয়। অতএব যাহাতে দোষ আনয়ন করে, তাহাই অশুদ্ধ ও অপবিত্র। দেশ, কাল, পাত্র, দ্রব্য, দ্রব্যের আবশ্যকতা, পরস্পরে সামঞ্জস্য এবং ফলের প্রতি লক্ষ্য করিয়া শৌচের ব্যবস্থা হইয়া থাকে। এতদ্ব্যতীত অন্য অনেক কারণে বস্তুর শুদ্ধি ঘটিয়া থাকে ; যথা বায়ুর দ্বারা পথ, অগ্নি সংস্কারে ঘৃত সুবর্ণাদি, মৃত্তিকা ও জলযোগে কাংস্যপাত্রাদি পবিত্র হইয়া থাকে ॥ ১১ ॥ ১২ ॥

বিজাতীয় পদার্থের সম্মিলনে বস্তুর যেরূপ বিকৃতি লাভ হয়, পদার্থান্তরের প্রলেপেও সেইরূপ বিসদৃশ ভাব বস্তুতে আরোপিত হইয়া থাকে। অতএব সেই প্রলেপের নিবারণই তাহার শুদ্ধি। সেই নিবারণ-ক্রিয়া যাহার দ্বারা সাধিত হয়, তাহাকেই তাহার শোধকরূপে শাস্ত্র নির্ণয় করিয়াছেন। যথা যাজ্ঞবল্ক্য "কাষ্ঠানাং তক্ষণাচ্ছুদ্ধি মৃদ্‌গোময়জলৈরপি।" মৃত্তিকা, গোময় এবং জলের দ্বারা কাষ্ঠ বিশুদ্ধ হয় ; কিন্তু এই ত্রিবিধ উপাদানেও যদি তাহার দুর্গন্ধাদির নিবারণ না হয়, তাহা হইলে, অস্ত্রাদির সাহায্যে বা ঘর্ষণ করিয়া উপরিতন

স্নানদানতপোঽবস্থাবীর্য্যসংস্কারকর্ম্মভিঃ।
মৎস্মৃত্যা চাত্মনঃ শৌচং শুদ্ধঃ কর্ম্মাচরেদ্দ্বিজঃ॥ ১৪॥

অন্বয়ঃ।

আত্মনঃ সাহঙ্কারস্য কর্ত্তুঃ, স্নানদানতপোঽবস্থাবীর্য্যসংস্কারকর্ম্মভিঃ (অবস্থা কর্ম্মযোগ্যা, বীর্য্যং শক্তিঃ, সংস্কারঃ উপনয়নাদিঃ, কর্ম্ম সন্ধ্যোপাসনাদি তৈঃ) মৎস্মৃত্যা শৌচং ভবেৎ; তৈঃ শুদ্ধঃ দ্বিজঃ কর্ম্ম আচরেৎ॥ ১৪॥

শ্রীধরস্বামী।

এবং তাবদ্দ্রব্যশুদ্ধিমুক্ত্বা ইদানীং কর্ত্তৃশুদ্ধিমাহ স্নানেতি। অবস্থা কৌমারাদিঃ। বীর্য্যং শক্তিঃ। কর্ম্ম সংস্কার উপনয়নাদিঃ সন্ধ্যোপাসনাদীক্ষাদিলক্ষণং। আত্মনঃ সাহঙ্কারস্য কর্ত্তুঃ এতৈঃ স্নানাদিভির্যথাযথং তত্তৎকার্য্যানুসারিণী শুদ্ধিঃ ইয়ঞ্চ শুদ্ধির্ন ব্যবহারাদ্যর্থা কিন্তু বিহিত-কর্ম্মার্থা ইত্যাহ শুদ্ধ ইতি। দ্বিজ ইত্যুপলক্ষণং শূদ্রাদিরপি॥ ১৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্রব্যশুদ্ধিমুক্ত্বা কর্ত্তৃশুদ্ধিমাহ স্নানেতি। অবস্থা বার্দ্ধক্যাদিঃ। তত্র বীর্য্যং শক্তিঃ শক্ত্যনু-রূপ আচার ইত্যর্থঃ। সংস্কার উপনয়নাদিঃ। কর্ম্ম সন্ধ্যোপাসনাদিকং তৈঃ। আত্মনঃ সাহঙ্কারস্য কর্ত্তুঃ। শৌচং শুদ্ধিঃ। শুদ্ধেঃ প্রয়োজনমাহ শুদ্ধ ইতি। দ্বিজ ইত্যুপলক্ষণং শূদ্রাদিরপি॥ ১৪॥

অভিমানকারী জীবাত্মার শুদ্ধি স্নান, দান, তপস্যা, কর্ম্মার্হ কাল ও যোগ্যতা, শক্তি উপনয়নাদি সংস্কার, সন্ধ্যোপাসনাদি এবং ভগবচ্চিন্তনাদির অনুষ্ঠানে লাভ হইয়া থাকে; এই সকল অনুষ্ঠানের দ্বারা বিশুদ্ধাত্মা দ্বিজাতি-বর্গ কর্ম্ম করিবার উপযোগিতা লাভ করে।। ১৫॥

আভাস।

আবরণকে চাঁচিয়া ফেলা কর্ত্তব্য। "উড়ুম্বরাণামম্লেন ক্ষারেণ ত্রপুসীসয়োঃ। ভস্মাম্বুভিশ্চ কাংস্যানাং শুদ্ধিঃ প্লাবাদ্দ্রবস্য চ॥" উড়ুম্বরশব্দে তাম্রকে বুঝায়; অর্থাৎ তাম্রময় পাত্র অম্লযোগে পরিষ্কৃত হয়; ত্রপু অর্থাৎ রাঙ্গ এবং সীসা ক্ষারযোগে নির্ম্মল হয়; ভস্ম এবং জলাদি দ্বারা কাংস্যাদি পাত্র বিশুদ্ধ হয়; এবং দ্রব পদার্থ উথলাইলে অর্থাৎ প্লাবিত হইলে দোষবর্জ্জিত হয়। বস্ত্রাদির মল ক্ষার ও জলের দ্বারা অপসারিত হইয়া থাকে। নীতিজ্ঞগণ বলিয়াছেন, "যাবন্নাপৈত্যমেধ্যাক্তাদ্গন্ধো লেপশ্চ তদ্গতঃ। তাবন্মৃদ্বারি বা দেয়ং সর্ব্বাসু দ্রব্যশুদ্ধিষু॥" অমেধ্যমিশ্রিত বস্তুর গন্ধ বা লেপ যে পর্য্যন্ত সম্পূর্ণ বিলীন না হয়, তদবধি মৃত্তিকা বা জলের দ্বারা সর্ব্বতোভাবে তাহাকে ধৌত করা কর্ত্তব্য॥ ১৩॥

দ্রব্যশুদ্ধির বিষয় বর্ণন করিয়া, কর্ত্তার বিশুদ্ধি যে যে উপায়ে সাধিত হইতে পারে, তাহাই এস্থলে বর্ণিত হইয়াছে। কারণ স্মৃতিতে উক্ত হইয়াছে যে, "শুচি তৎকালজীবী কর্ম্ম কুর্য্যাৎ" অর্থাৎ কর্ম্ম করিতে হইলে, শুচি হওয়া প্রয়োজন; নতুবা কর্ম্মের ফল হয় না। যে যে কর্ম্মের

মন্ত্রস্য চ পরিজ্ঞানং কর্ম্মশুদ্ধির্মদর্পণং ।

অন্বয়ঃ।

মন্ত্রস্য পরিজ্ঞানং (সদ্গুরুমুখাৎ যথাবৎ পরিজ্ঞানং এব শুদ্ধিঃ; মদর্পণং (মৎপ্রীত্যর্থং

শ্রীধরস্বামী।

মন্ত্রস্য শুদ্ধিমাহ। সদ্গুরুমুখাদ্ যথাবৎ পরিজ্ঞানং সাঙ্গোপাঙ্গবিনিয়োগসহিতং মন্ত্রস্য শুদ্ধিঃ। কর্ম্মশুদ্ধিমাহ ঈশ্বরার্পণং কর্ম্মণঃ শুদ্ধিঃ। ধর্ম্মাদ্যর্থং শুদ্ধ্যশুদ্ধী প্রপঞ্চতঃ প্রদর্শ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্ত্রশুদ্ধিমাহ। মন্ত্রস্য সদ্গুরুমুখাদ্যথাবৎ পরিজ্ঞানং মন্ত্রশুদ্ধিঃ। কর্ম্মশুদ্ধিমাহ মদর্পণমিতি মদ্যমর্পিতং কর্ম্মশুদ্ধং অনর্পিতমশুদ্ধং তদ্বান্ সদ্ভির্ন ব্যবহার্য্য ইতি ভাবঃ। শুদ্ধ্যশুদ্ধী

সদ্গুরুর মুখে যথাবিধি মন্ত্র গ্রহণ করাই মন্ত্রের শুদ্ধি; ভগবৎপ্রীতির জন্য কর্ম্ম করিয়া তাহার ফল ভগবানে সমর্পণ করাই কর্ম্মের বিশুদ্ধি বলিয়া

আভাস।

অনুষ্ঠান করা যাউক্ না, যদি তাহাতে উপযোগিতা না থাকে, তাহা হইলে সে কর্ম্মটী সুসম্পন্ন হয় না; সুতরাং তাহার ফলেরও কোন প্রত্যাশা থাকে না। অতএব এই উপযোগিতা লাভ করিতে হইলে, মানবের ত্রিবিধ শৌচের প্রয়োজন; প্রথম দেশ শুদ্ধি, দ্বিতীয় ইন্দ্রিয়শুদ্ধি; তৃতীয় চিত্তশুদ্ধি বা মানসিক উৎসাহ। এতদ্ব্যতীত অন্য অনেক প্রকারের শুদ্ধি শাস্ত্রকারগণ বর্ণন করিয়া থাকেন; কিন্তু সকলগুলিই এই ত্রিবিধ শুদ্ধির অন্তর্গত বলিয়া, তাহাদের আর পৃথক্ উল্লেখ এস্থলে করা হইল না। স্নান, অবস্থা, বীর্য্য ও সংস্কারের দ্বারা দেহের শুদ্ধি হইয়া থাকে। দান ও তপস্যার দ্বারা ইন্দ্রিয়ের শুদ্ধি এবং ভগবৎস্মরণের দ্বারা মনের বিশুদ্ধি ঘটিয়া থাকে। যথা "অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥" পবিত্র বা অপবিত্র হও, যে কোন অবস্থাতে অবস্থিত থাকা হয়, পুণ্ডরীক্ষ শ্রীহরিকে স্মরণ করিলে, সে বাহ্যাভ্যন্তরে শুচিত্ব লাভ করে, তাহাতে আর সন্দেহ নাই। অবস্থা অর্থে কৌমারাদি অবস্থাকেই লক্ষ্য করা হয়। বীর্য্য বলিলে শক্তিকেই বলা যায়। অর্থাৎ অসমর্থ অবস্থায় কর্ম্মের ব্যবস্থা হয় না। সংস্কারশব্দে উপনয়নাদিকেই বুঝা যায়॥ ১৪॥

মন্ত্রশুদ্ধিই মন্ত্রের প্রাপ্তি। অর্থাৎ পুস্তকাদিতে কোন ইষ্টসাধন মন্ত্র দেখিয়াই যদি আগ্রহ সহকারে জপ করা যায়, তাহাতে বিশেষ ফলের প্রত্যাশা নাই। কারণ যেমন কোন তিরস্কার বাচক বা প্রশংসাবাচক শব্দ কোন স্থানে লিখিত দেখিলেই চিত্তে কোন ভাবের উদয় হয় না; কিন্তু তাদৃশ শব্দ কোন ব্যক্তির মুখে নির্দ্দেশ পূর্ব্বক শ্রবণ করিলেই আর চিত্ত নিস্তব্ধ থাকে না; তৎক্ষণাৎ সেই ভাবে ব্যথিত বা উৎসাহবিশিষ্ট হইয়া তৎপ্রতিবিধানে যত্ন করে, সেইরূপ মন্ত্রও সদ্গুরুর মুখ হইতে নির্দ্দেশ পূর্ব্বক কর্ণকুহরে নিঃসৃত হইলে, অপূর্ব্ব ফলের উৎপাদন করে। যেমন পতিত বাণ কখন দেহকে বিনষ্ট করে না; কিন্তু

ধর্ম্মঃ সম্পদ্যতে ষড়্ভিরধর্ম্মস্তু বিপর্য্যয়ঃ ॥ ১৫ ॥
ক্বচিদ্গুণোঽপি দোষঃ স্যাৎ দোষোঽপি বিধিনা গুণঃ ।

অন্বয়ঃ ।

কর্ম্মানুষ্ঠানং এব) কর্ম্মশুদ্ধিঃ ; ষড়্ভিঃ (দেশকালদ্রব্যকর্তৃমন্ত্রকর্ম্মভিঃ) শুদ্ধৈঃ ধর্ম্মঃ সম্পদ্যতে ; এতেষাং যঃ বিপর্য্যয়ঃ অশুদ্ধিঃ, সঃ অধর্ম্মঃ অধর্ম্মহেতুঃ ॥ ১৫ ॥

ক্বচিৎ (আপদি প্রতিগ্রহঃ) গুণঃ অপি (অনাপদি) দোষঃ স্যাৎ ; বিধিনা (অবিরক্তস্য গৃহস্থস্য কুটুম্বত্যাগাদিঃ) দোষঃ অপি (বিরক্তস্য বিহিতত্বাৎ) গুণঃ এব অতঃ গুণদোষার্থনিয়মঃ

শ্রীধরস্বামী।

উপসংহরতি ধর্ম্ম ইতি দেশকালদ্রব্যকর্তৃমন্ত্রকর্ম্মভিঃ ষড়্ভিঃ শুদ্ধৈর্ধর্ম্মঃ সম্পদ্যতে এতেষাং যো বিপর্য্যয়ঃ সোঽধর্ম্ম স্তদ্ধেতুরিত্যর্থঃ ॥ ১৫ ॥

অয়ঞ্চ গুণদোষবিভাগো ন বাস্তব ইত্যাহ ক্বচিদিতি। আপদি প্রতিগ্রহো গুণোঽপ্যনাপদি নিষিদ্ধত্বাদ্দোষঃ। পরধর্ম্মশ্চ পরস্য গুণোঽপি স্বস্য দোষঃ দোষোঽপি কুটুম্বত্যাগাদিবি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রদর্শ্যোপসংহরতি ষড়্ভিরিতি। ধর্ম্ম ইতি দেশকালদ্রব্যকর্তৃমন্ত্রকর্ম্মভিঃ ষড়্ভিঃ শুদ্ধৈর্ধর্ম্মঃ সম্পদ্যতে এতেষাং যো বিপর্য্যয়ঃ সোঽধর্ম্মস্তদ্ধেতুরিত্যর্থঃ ॥ ১৫ ॥

অয়ঞ্চ গুণদোষবিভাগো ন ক্বাপি নিয়ত ইত্যাহ ক্বচিদিতি। আপদিতি। প্রতিগ্রহো গুণোঽপ্যনাপদি নিষিদ্ধত্বাদ্দোষঃ। দোষোঽপি কুটুম্বত্যাগাদিঃ বিধিনা বিধিবলেন বিরক্তাদে-

---

শাস্ত্র কীর্ত্তন করিয়াছেন। অতএব দেশ, কাল, দ্রব্য, কর্ত্তা, মন্ত্র ও কর্ম্মের দ্বারা সংসাধিত ফলই ধর্ম্ম এবং ইহার বিপরীতে উৎপন্ন অশুদ্ধই অধর্ম্মনামে পরিকীর্ত্তিত হয়।। ১৫ ।

কোনরূপ আপদ্কালে যে সকল প্রতিগ্রহাদি কার্য্যকে গুণরূপে স্বীকার করিলেও, অনাপদ্কালে তাহাই আবার দোষ বলিয়া গণনীয় হইয়া থাকে ;

আভাস।

শরাসনযোগে কাহার দ্বারা নিক্ষিপ্ত হইলেই বাণের কার্য্য করে, সেইরূপ পতিত মন্ত্র কোন ফল প্রদান করে না, বাৎসল্য রসের সাহায্যে গুরু কর্তৃক প্রদত্ত মন্ত্রই প্রকৃত মন্ত্রের ক্রিয়া করে ; সেই মন্ত্রই সজীব ও পবিত্র ; অন্য মন্ত্র নির্জীব ও অপবিত্র বা পতিত। কর্ম্ম সম্পন্ন করিয়া যদি তাহার ফল ভগবৎপ্রীতির জন্য পরিত্যক্ত না হয়, তবেই তাহার দ্বারা ভোগ আনয়ন করে। ঈশ্বরে প্রণিধান পূর্ব্বক যে কোন কর্ম্ম করা যায়, তাহাই মুক্তির সান্নিধ্য লাভ করায়। অতএব ঈশ্বরে প্রণিধান অর্থাৎ পরমগুরুতে সমর্পণ করাই কর্ম্মের শুদ্ধিদায়ক। দেশ, কাল, দ্রব্য, কর্ত্তা, মন্ত্র ও কর্ম্ম এই ছয়টীই ধর্ম্মসংগ্রহের উপায় ; এই ছয়টীর প্রতি লক্ষ্য না করিলে, অধর্ম্মেরই সংগ্রহ করা হয় ॥ ১৫ ॥

গুণদোষার্থনিয়মস্তদ্ভিদামেব বাধতে ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

গুণদোষয়োরেকস্মিন্ অর্থে যঃ নিয়মঃ সঃ) তদ্ভিদাং (তয়োঃ গুণদোষয়োঃ ভিদাং ভেদং) এব বাধতে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

রক্তাদে ন দোষঃ অপিতু বিধিবলেন গুণঃ। এবং যোহয়ং গুণদোষয়োরেকস্মিন্নেবার্থে নিয়মঃ গুণদোষার্থং বা যো নিয়মঃ নিয়ামকং শাস্ত্রং স তয়োর্ভেদমেব বাধতে ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণঃ। তস্মাদ্গুণদোষরূপৌ যাবর্থৌ তয়োর্নিয়ম এব তদ্ভিদাং গুণদোষরূপং ভেদং বাধতে। যথা কুটুম্বত্যাগো দোষ এবেতি যো নিয়মঃ স এবাধিকারিবিশেষে দোষং বাধতে। জ্ঞানিনঃ কুটুম্বত্যাগস্য গুণত্বাৎ। তথা কুটুম্বত্যাগো গুণ এবেতি যো নিয়মঃ সএব গুণং বাধতে কর্ম্মিণঃ কুটুম্বত্যাগস্য দোষত্বাৎ। তস্মাদ্গুণদোষৌ ন সামান্যতো নিয়তৌ কিন্তু স্থলবিশেষ এব নিয়তৌ জ্ঞেয়াবিত্যর্থঃ ॥ ১৬ ॥

বিধি পূর্ব্বক যাঁহারা সন্ন্যাস গ্রহণ করেন নাই, তাদৃশ গৃহস্থের পক্ষে কুটুম্ব-ত্যাগাদি কার্য্য দোষাবহ হইলেও সন্ন্যাসীর পক্ষে বিহিত বোধে তাহাই গুণের কার্য্য বলিয়া স্বীকার করিতে হইবে। অতএব কোন এক বিষয়ের দোষাদোষই স্থান ও অবস্থা ভেদে গুণ ও দোষে পরিগণিত হইয়া থাকে। ১৬ ॥

আভাস

ইহাদের মধ্যে গুণদোষের বিচারও নিতান্ত সহজ নহে; বরং বিশেষ বিচক্ষণতা পূর্ব্বক নির্ণয় না করিলে, দোষাবহই হইয়া পড়ে; কারণ গুণ চিরকাল এবং সকল অবস্থায় গুণ থাকে না এবং দোষও দোষ বলিয়া কার্য্য করে না। অর্থাৎ দোষও গুণে এবং গুণও দোষে পরি-ণত হইয়া থাকে। এমন কি! সত্যভাষণ গুণের হইলেও, বিপন্ন ও শরণাগত ব্যক্তির গুপ্তা-বাসের কথা যদি তাহার হননকারী শক্রর নিকট সত্যরূপে প্রকাশ করা হয়, তখন সে সত্যও গুণের হইল না; কারণ তাঁহার সত্যের দ্বারা শক্র কর্ত্তৃক শরণাগতের বিপদ আনয়ন করা হইল। আপদ্কালে প্রতিগ্রহ বিধেয় হইলেও নিরাপদ সময়ে প্রতিগ্রহ-পাপেরই উৎপাদন করে। বৈরাগ্য গুণের কথা বটে; কিন্তু কেবল সন্ন্যাসীর পক্ষে মাত্র। গৃহীর পক্ষে বৈরাগ্যের অনুরোধে কুটুম্বাদির পরিত্যাগে মহাপাপেরই উদয় হইয়া থাকে। অতএব জগতের সকল বস্তু বা ভাবই উভয় উপকার এবং অপকারকে আনয়ন করে ॥ ১৬ ॥

অতএব অবস্থা, কাল ও পাত্রভেদে যাহার দ্বারা গুণ অর্থাৎ অভ্যুদয়ের উৎপত্তি হয়, তাহাই আবার অবস্থান্তরে, কালবিশেষে ও পাত্রের পার্থক্যে দোষেরই উৎপত্তি করিয়া থাকে। অমৃতোপম দুগ্ধও কোন সময়ে বিষবৎ প্রতীত হয়। যথা "জীর্ণজ্বরে কফে ক্ষীণে দুগ্ধং স্যাৎ

সমানকর্ম্মাচরণং পতিতানাং ন পাতকং।
ঔৎপত্তিকো গুণঃ সঙ্গো ন শয়ানঃ পতত্যধঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

সমানকর্ম্মাচরণং (সমানস্য তুল্যস্য কর্ম্মণঃ সুরাপানাদেঃ আচরণং জাত্যা কর্ম্মণা বা) পতিতানাং পুনঃ পাতকং অধিকারভ্রংশকং, ন ভবতি। যথা শয়ানঃ পুরুষঃ পুনঃ অধঃ ন পততি তথা যঃ সঙ্গঃ (যতেঃ দোষঃ সঃ গৃহস্থস্য) ঔৎপত্তিকঃ পূর্ব্বস্বীকৃতঃ গুণঃ এব ন দোষঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

দোষস্য কচিদ্দোষত্বাভাবে গুণত্বেচ উদাহরণং দর্শয়তি সমানেতি। সমানস্য তস্যৈব কর্ম্মণঃ সুরাপানাদেরাচরণং অপতিতানাং পতনহেতুরপি জাত্যা কর্ম্মণা বা পতিতানাং পুনঃ পাতকমধিকারভ্রংশকং ন ভবতি পূর্ব্বমেব পতিতত্বাৎ। অতোঽত্র দোষস্যাপি দোষতা নাস্তীত্যর্থঃ তথা সঙ্গোঽপি যো যতের্দ্দোষঃ স গৃহস্থস্যৌৎপত্তিকঃ পূর্ব্বংস্বীকৃতো ন দোষঃ অপিতু গুণঃ। ঋতৌ ভার্য্যামুপেয়াদিত্যাদিবিধানাৎ। উভয়ত্র দৃষ্টান্তঃ। পূর্ব্বমেবাধঃশয়ানো যথা ন পততীতি ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণদোষয়োরনিয়মং প্রপঞ্চয়তি সমানস্য তস্যৈব কর্ম্মণঃ সুরাপানাদেরাচরণং অপতিতানাং পতনহেতুরপি জাত্যা কর্ম্মণা বা পতিতানাং পুনঃ পাতকং অধিকারভ্রংশকং ন ভবতি পূর্ব্বমেব পতিতত্বাৎ। তথা সঙ্গোঽপি যতের্দ্দোষঃ স গৃহস্থস্যৌৎপত্তিকঃ পূর্ব্বস্বীকৃতো ন দোষঃ অপিতু গুণঃ। সঙ্গস্যাসক্তেরৌৎপত্তিকত্বে সতি ঋতৌ ভার্য্যাসঙ্গো গুণঃ। তদসঙ্গস্য তস্মিন্নধিকারিণি দোষশ্রবণাৎ। উভয়ত্র দৃষ্টান্তঃ। পূর্ব্বমেবাধঃশয়ানো যথা ন পততি ॥ ১৭ ॥

তুল্য কর্ম্মের অনুষ্ঠানে কখন অধিকারচ্যুতিরূপ পাতকের উপস্থিতি ঘটে না; কারণ শয়ান পুরুষের যেমন আর পতনের সম্ভাবনা নাই, সেইরূপ সুরাপানাদিতে পতিত বা তদুচিত জাতীয়গণের আর পতন-সম্ভাবনা কোথায়? যতির পক্ষে অনাদির সংসর্গ দোষাবহ হইলেও গৃহস্থের পক্ষে স্বভাবসিদ্ধ গুণ বলিয়াই স্বীকার করিতে হইবে ॥ ১৭ ॥

আভাস।

অমৃতোপমং। তদেব তরুণে প্রাপ্তং বিষবং হন্তি মানবং" ॥ পুরাতন জ্বরে, যখন কফ ক্ষীণ হইয়া আইসে, তখন দুগ্ধপানে বিশেষ উপকার হয়; কিন্তু নবজ্বরে ঐ দুগ্ধই আবার বিষের ন্যায় মানবের জীবন নষ্ট করে। সর্পবিষ দেহে প্রবেশ করিবা মাত্র, জীবন হরণ করে বটে, আবার ওষধিযোগে অমৃতবৎ জীবন দানও করে। দোষও কোন সময়ে দোষের উৎপাদন করে না; বরং গুণভাবে যে পরিণত হয়, তাহারই দৃষ্টান্ত এই শ্লোকে প্রদর্শিত হইয়াছে। অর্থাৎ যে ব্যক্তি পতিত নহে, তাহার পক্ষে সুরাপানে অনিষ্ট হয়; কিন্তু পতিতের আর কোন নূতন

যতো যতো নিবর্ত্তেত বিমুচ্যেত ততস্ততঃ।
এষ ধর্ম্মো নৃণাং ক্ষেমঃ শোকমোহভয়াপহঃ ॥ ১৮ ॥
বিষয়েষু গুণাধ্যাসাৎ পুংসঃ সঙ্গস্ততো ভবেৎ।

অন্বয়ঃ।

যতঃ যতঃ বিষয়াৎ পুরুষঃ নিবর্ত্তেত বিশ্লিষ্যেত, ততঃ ততঃ এব বিমুচ্যেত এষঃ বিষয়াসক্তিবন্ধনিবৃত্তিলক্ষণঃ ধর্ম্মঃ এব নৃণাং শোকমোহভয়াপহঃ শোকাদিনিবর্ত্তকঃ ক্ষেমঃ পরমসুখাবহঃ, শোকমোহভয়াপহঃ শোকাদিনিবর্ত্তকঃ চ ॥ ১৮ ॥

বিষয়েষু গুণাধ্যাসাৎ (গুণস্য রমণীয়তায়াঃ অধ্যাসাৎ আরোপাৎ) ততঃ তেষু পুংসঃ সঙ্গঃ

শ্রীধরস্বামী।

অতো গুণদোষনিয়মবিধীনাং প্রবৃত্তিসঙ্কোচদ্বারা নিবৃত্তাবেব তাৎপর্য্যমিত্যভিপ্রেত্যাহ যতো যত ইতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। গুণদোষবিধীনাং প্রবৃত্তিসঙ্কোচদ্বারা নিবৃত্তাবেব তাৎপর্য্যমভিপ্রেত্যাহ যতো যত ইতি ॥ ১৮ ॥

যে যে বিষয়ের সম্ভোগ হইতে চিত্তকে বিনিবৃত্ত করা হয়, সেই সেই বিষয় হইতে তাহার অব্যাহতি লাভ ঘটে; এই নিবৃত্তিরূপ ধর্ম্মই মানবগণের শোক, মোহ এবং ভয় হইতে রক্ষা পাইবার প্রধান উপায় এবং মঙ্গলের একান্ত নিদান ॥ ১৮ ॥

আভাস।

পতন ঘটায় না? যথা "গোমূত্রলেশেন পয়োঽপি নষ্ট স্তক্রস্য গোমূত্রশতেন কিম্বা" ॥ দুগ্ধ অতি উৎকৃষ্ট হইলেও লেশমাত্র গোমূত্র স্পর্শে নষ্ট হইয়া যায়; কিন্তু তক্র (ঘোল) পূর্ব্বেই নষ্ট; সুতরাং পুনঃ রাশীকৃত গোমূত্রে তক্রের কোন অনিষ্টসাধন হয় না। জনসংসর্গ যাতর পক্ষে বিশেষ অনিষ্টের কারণ হইলেও, গৃহস্থের পক্ষে পূর্ব্বে স্বীকার করায়, গুণ বলিয়াই স্বীকার করিতে হইবে। কারণ শাস্ত্র বলিয়াছেন, "ঋতুকালে ভার্য্যাতে গমন করিবে, নতুবা পাপী হইতে হয়"। যে ব্যক্তি পূর্ব্বেই ভূমিতে শয়ন করিয়াছে, তাহার আর পুনঃপতন কিরূপে সম্ভব হইতে পারে? ॥ ১৭ ॥

অতএব পদার্থ মাত্রেই গুণ ও দোষ যুগপৎ বিদ্যমান থাকায় পদার্থকে পরিহার করিতে পারিলেই, উভয় দোষ ও গুণের হস্ত হইতে নিষ্কৃতি লাভে লোক চিরসুখী হইতে পারে। সুতরাং শাস্ত্রকার বা অভিজ্ঞ জনেরা গুণদোষের নিরূপণ করিয়া প্রবৃত্তি-সঙ্কোচেরই উপদেশ প্রদান করিয়াছেন। নিবৃত্তিকে অবলম্বন করানই তাঁহাদের অভিপ্রায়। এই নিবৃত্তিমার্গকে অবলম্বন করিতে পারিলে জীবের শোক, মোহ ও ভয় দূরে পলায়ন করে; শান্তির সাগর সমক্ষে উপস্থিত হয়। ইহাই মানবের প্রধান ধর্ম্ম ॥ ১৮ ॥

সঙ্গাত্তত্র ভবেৎ কামঃ কামাদেব কলির্নৃণাং ॥ ১৯ ॥
কলেদুর্ব্বিষহঃ ক্রোধস্তমস্তমনুবর্ত্ততে।
তমসা গ্রস্যতে পুংসশ্চেতনা ব্যাপিনী দ্রুতং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

আসক্তিঃ ভবেৎ; সঙ্গাৎ চ তত্র বিষয়েষু কামঃ ভোগাভিনিবেশঃ ভবেৎ; কামাৎ এব হেতোঃ নৃণাং কলিঃ কলহঃ, ভবেৎ ॥ ১৯ ॥

কলেঃ চ দুর্ব্বিষহঃ তীব্রঃ ক্রোধঃ ভবতি; তং ক্রোধং তমঃ সংমোহঃ, অনুবর্ত্ততে। তমসা পুংসঃ ব্যাপিনী সর্ব্বত্র প্রসৃতা, চেতনা স্মৃতিঃ, দ্রুতং শীঘ্রং, গ্রস্যতে লুপ্তা ভবতি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

যথাশ্রুতপ্রবৃত্তিপরতাং বেদস্য নিরাকর্ত্তুং প্রবৃত্তিমার্গস্যানর্থহেতুতাং দর্শয়তি বিষয়েম্বিতি চতুর্ভিঃ। সঙ্গ আসক্তিঃ তত্র তেষু বিষয়েষু যেন প্রতিহন্যতে কামঃ তেন সহ কামাদেব কলিঃ কলহো বিবাদঃ ॥ ১৯ ॥

দুর্ব্বিষহঃ তীব্রঃ তমঃ সংমোহঃ অবিবেকঃ তং ক্রোধং চেতনা কার্য্যাকার্য্যস্মৃতিঃ। দ্রুতং শীঘ্রং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাশ্রুতপ্রবৃত্তিপরতাং। বেদস্য নিরাকর্ত্তুং প্রবৃত্তিমার্গস্যানর্থহেতুত্বং দর্শয়তি বিষয়েম্বিতি চতুর্ভিঃ। সঙ্গ আসক্তিঃ কামাদেব কলিঃ কামপ্রতিঘাতকেন লোকেন সহ কলহঃ ॥ ১৯ ॥

তং ক্রোধং অনু তমো মোহঃ। ততস্তমসা মোহেন চেতনা কার্য্যাকার্য্যস্মৃতিঃ ॥ ২০ ॥

বিষয়সমূহে কেবল রমণীয়তার আরোপই পুরুষের পক্ষে তৎপ্রতি আসক্তির কারণ; এবং আসক্তি হইতেই কামনার উদ্রেক হয়; মানবগণের কামনাই পরস্পরের মধ্যে কলহ উৎপাদনের প্রধান হেতু ॥ ১৯ ॥

বিষম কলহ হইতে ক্রোধ এবং ক্রোধ হইতে মোহ উৎপন্ন হইয়া থাকে। এই মোহের প্রভাবে পুরুষে সর্ব্বব্যাপিনী স্মৃতিশক্তি অতি সত্বর বিলুপ্ত হইয়া যায় ॥ ২০ ॥

আভাস।

বেদোক্ত ফলশ্রুতির প্রতি বিরক্তি উৎপাদনার্থ প্রবৃত্তিমার্গের দোষাবহ ভাব শ্লোকচতুষ্টয়ে বর্ণিত হইয়াছে। বস্তুর দোষের প্রতি দৃষ্টি না করিয়া, কেবল গুণভাগের প্রতি চিত্ত নিবিষ্ট করিলে ক্রমশ আসক্তির পরিণামে মানব যেরূপে ধ্বংসের পথে অগ্রসর হয়, তাহাই স্পষ্টত প্রতীয়মান করা হইয়াছে। ভগবদ্গীতাতেও উক্ত হইয়াছে যে, "ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে। সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে ॥ ক্রোধাৎ ভবতি সংমোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ। স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি" ॥ প্রথম বিষয়ের গুণানুসন্ধান; তৎপরেই তাহাতে আসক্তি জন্মে। আসক্তি হইলেই সেই বস্তুর

তয়া চ রহিতঃ সাধো জন্তুঃ শূন্যায় কল্পতে।
ততোঽস্য স্বার্থবিভ্রংশো মূর্চ্ছিতস্য মৃতস্য চ ॥ ২১ ॥
বিষয়াভিনিবেশেন নাত্মানং বেদ নাপরং।

অন্বয়ঃ।

হে সাধো! তয়া স্মৃত্যা, রহিতঃ জন্তুঃ জীবঃ, শূন্যায় কল্পতে; (অসৎতুল্যো ভবতি) ততঃ অস্য মূর্চ্ছিতস্য মৃতস্য মৃততুল্যস্য, স্বার্থবিভ্রংশঃ (স্বার্থস্য পুরুষার্থস্য বিভ্রংশঃ নাশঃ ভবতি) ॥ ২১ ॥

বিষয়াভিনিবেশেন (বিষয়েষু অভিনিবেশঃ তেন) যঃ আত্মানং জীবস্বরূপং অপরং পরমাত্ম-

শ্রীধরস্বামী।

শূন্যায় কল্পতে অসত্তুল্যো ভবতীত্যর্থঃ। স্বার্থবিভ্রংশঃ পুরুষার্থহানিঃ। মূর্চ্ছিতস্য মূর্চ্ছিততুল্যস্য মৃতস্য মৃততুল্যস্য ॥ ২১ ॥

তত্তুল্যতাং প্রপঞ্চয়তি বিষয়েতি। ব্যর্থং বৃক্ষজীবিকয়া ইব যো জীবন্ বর্ত্ততে স

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মূর্চ্ছিতস্য মূর্চ্ছিততুল্যস্য। মৃতস্য মৃততুল্যস্য। ২১ ॥
যো বৃক্ষ ইব জীবিকয়া বিষয়জলগ্রহণমাত্রজীবনোপায়েন জীবন্ ভবতি স মূর্চ্ছিততুল্যঃ।

হে সাধো! উদ্ধব! এই স্মৃতিশক্তির অভাবে মানব বুদ্ধিহীন অসত্তুল্যের মধ্যে পরিগণিত হয় এবং মূর্চ্ছিত ও মৃতের ন্যায়, সেই ব্যক্তি স্বকীয় পরমার্থের প্রতি কিছুমাত্র দৃষ্টি করিতে পারে না ॥ ২১ ॥

বিষয়ের প্রতি অভিনিবেশ বশত মনুষ্য জীবাত্মা ও পরমাত্মার স্বরূপ অবধারণে সক্ষম হয় না; সুতরাং বৃক্ষ যেমন রস-শোষণে জীবিত থাকে মাত্র, জীবনের উদ্দেশ্যে প্রবেশ করিতে পারে না; ভস্ত্রা যেমন কেবল

আভাস।

লাভার্থ প্রয়াস হয়; এবং লাভের প্রতিবন্ধকের প্রতি দ্বেষ বা ক্রোধের উদয় হইতে থাকে। জীব যখন ক্রোধের বশীভূত, তখনই তাহার এরূপ মোহ অর্থাৎ তম আসিয়া উপস্থিত হয় যে, তাহাতে তাহার স্মৃতিশক্তি সম্পূর্ণ বিলুপ্ত হইয়া যায়। স্মৃতিশক্তির বিভ্রংশে আত্মস্বরূপের জ্ঞান আর তাহার থাকে না; সুতরাং তখন আমি কে? কি নিমিত্ত কাহাকে গ্রহণ করিতেছি? এই সমস্ত বিচারবোধ হারাইয়া মূর্চ্ছিত ও মৃতের ন্যায়, স্বার্থে সম্পূর্ণ অন্ধ হইয়া পড়ে। তখন বৃক্ষ যেমন জীবিত থাকিলেও নিজের উদ্দেশ্য কিছু বুঝে না; একটী চেতনবান্ জড়মূর্ত্তীতে কেবল অবস্থান করে মাত্র; বরং ভস্ত্রা যেমন নিজ ক্রিয়ার দ্বারা অগ্নিরই উত্তেজনা করে মাত্র, সেইরূপ জড়বুদ্ধি তাদৃশ জনগণ কেবল পরের ইষ্টসিদ্ধির জন্যই নিজেরা কেবল লক্ষ্যস্থান হয় মাত্র। অপূর্ব্ব মানবযোনি লাভ করিয়াও কেবল পরোপভোগ্য হয় মাত্র;

বৃক্ষজীবিকয়া জীবন্ ব্যর্থং ভস্ত্রেব যঃ শ্বসন্ ॥ ২২ ॥

ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়োরোচনং পরং।

অন্বয়ঃ।

স্বরূপং বা ন বেদ জানাতি, সঃ বৃক্ষজীবিকয়া (বৃক্ষবৎ পুরুষার্থানুসন্ধান-পূর্ব্বকাহার-সংগ্রহণ-মাত্রেণ তথা) ভস্ত্রা ইব পরসন্তাপার্থং শ্বসন্ ব্যর্থং জীবন্ এব বর্ত্ততে ॥ ২২ ॥

(স্বর্গকামো যজেত ইতি) ইয়ং ফলশ্রুতিঃ নৃণাং শ্রেয়ঃ পরমফলতয়া ন বোধয়তি অপিতু বহির্মুখানাং শ্রেয়োবিবক্ষয়া (শ্রেয়সঃ পরমমঙ্গলস্য মোক্ষস্য বিবক্ষয়া) ভৈষজ্যারোচনং

শ্রীধরস্বামী।

মূর্চ্ছিততুল্যঃ। অতএব যো ভস্ত্রেব শ্বসন্ বর্ত্ততে স মৃততুল্যঃ অতঃ স্বার্থনাশ ইত্যর্থঃ ॥ ২২ ॥

নন্বু প্রবৃত্তস্য স্বর্গাদিফলশ্রবণাৎ ইয়ং ফলশ্রুতি র্ন শ্রেয়ঃ পরমপুরুষার্থপরা ন ভবতীত্যর্থঃ। কিন্তু বহির্মুখানাং নৃণাং মোক্ষবিবক্ষয়া অবান্তরফলৈঃ কর্ম্মসু রুচ্যুৎপাদনমাত্রং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভস্ত্রেব শ্বসন্ ভবতি স মৃততুল্যঃ ॥ ২২ ॥

নন্বু প্রবৃত্তস্য স্বর্গাদিফলশ্রবণাৎ কুতঃ স্বার্থবিভ্রংশস্তত্রাহ ফলশ্রুতিরিয়ং ন শ্রেয়ঃ। দুঃখ-হানিঃ সুখাবাপ্তিঃ শ্রেয়স্তন্নেহ চেষ্যত ইতি নারদোক্তেঃ। কর্ম্মফলস্য শ্রেয়স্ত্বখণ্ডনাৎ তর্হি অপ্সরোভির্বিহরামেত্যাদিকং যৎ শ্রূয়তে তৎ কিমত আহ রোচনং পরং কেবলং বহির্মুখ-

পরের উত্তেজনার্থই কার্য্য করে, নিজের কোন স্বার্থানুসন্ধান করে না, সেই-রূপ তাদৃশ লক্ষ্যহীন কার্য্যাকার্য্য-বিবেকশূন্য ব্যক্তির জীবিত থাকা কেবল নিরর্থক মাত্র ॥ ২২ ॥

অবশ্য বেদাদিতে স্বর্গাদি ফলের বিষয় অনেক উক্ত আছে বটে, কিন্তু কর্ম্মানুষ্ঠানের দ্বারা সেইসকল ফলের প্রাপ্তিই যে জীবের পুরুষার্থ, তাহা নহে; কর্ম্মে রুচি উৎপাদনার্থ এ সমস্ত কেবল প্রলোভন মাত্র। যেমন রোগ-নিবারণার্থ বালককে ঔষধি খাওয়াইবার অনুরোধে খণ্ডলড্ডুকাদি চিকিৎসক প্রদান করিয়া থাকেন, তাদৃশ পরমপুরুষার্থস্বরূপ মোক্ষকে

আভাস।

আপনাদের কোন প্রকার ইষ্ট বা স্বার্থ অনুসন্ধানে সক্ষম হয় না ॥ ১৯—২২ ॥

বেদোক্ত স্বর্গাদি ফলের কামনায় কর্ম্মে প্রবৃত্ত মানবকে স্বার্থপরাঙ্মুখ কিরূপে বলা যাইতে পারে? এরূপ আশঙ্কা করা অকর্ত্তব্য; কারণ এই ফলশ্রুতি কখন পরম পুরুষার্থ-প্রাপ্তির উপায় হইতে পারে না। তবে যাহারা নিতান্ত বিষয়ান্ধ বহির্মুখ, তাহাদের চিত্তকে মোক্ষপথে আকর্ষণার্থই এই সমস্ত রুচিকর ফলের কথা বেদ উল্লেখ করিয়াছেন মাত্র। এই ফলের প্রাপ্তিমাত্রই যে বেদের উপদেশের সার তাৎপর্য্য, তাহা নহে। যেমন রুগ্ন বালককে

শ্রেয়োবিবক্ষয়া প্রোক্তা যথা ভৈষজ্যরোচনং ॥ ২৩ ॥
উৎপত্ত্যৈব হি কামেষু প্রাণেষু স্বজনেষু চ।
আসক্তমনসো মর্ত্ত্যা আত্মনোঽনর্থহেতুষু ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

(ভৈষজ্যে ঔষধে রোচনং লড্ডুকাদিকং) যথা তথা পরং কেবলং রোচনং (কর্ম্মসু রুচ্যুৎপাদকং) এব প্রোক্তা ॥ ২৩ ॥

কামেষু পশ্বাদিষু, প্রাণেষু আয়ুরিন্দ্রিয়বলবীর্য্যাদিষু, স্বজনেষু পুত্রকলত্রাদিষু আত্মনঃ অনর্থহেতুষু পদার্থেষু মর্ত্ত্যাঃ প্রাণিনঃ, উৎপত্ত্যা স্বভাবতঃ, এব আসক্তমনসঃ অনুরক্তচিত্তাঃ, ভবন্তি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

যথা ভৈষজ্যে ঔষধে রোচনং রুচ্যুৎপাদনং। তথাহি। পিব নিম্বং প্রদাস্যামি খলু তে খণ্ডলড্ডুকান্। পিত্রৈবমুক্তঃ পিবতি ন ফলং তাবদেবতু ॥ ২৩ ॥

ননু কর্ম্মকাণ্ডে মোক্ষস্য নামাপি ন শ্রূয়তে কুত এবং ব্যাখ্যায়তে যথাশ্রুতস্যাঘটনাদিত্যাহ উৎপত্ত্যৈবেতি দ্বাভ্যাং। উৎপত্ত্যা স্বভাবত এব কামেষু পশ্বাদিষু প্রাণেষু আয়ুরিন্দ্রিয়বলবীর্য্যাদিষু স্বজনেষু পুত্রাদিষু অনর্থহেতুষু পরিপাকতো দুঃখহেতুষু ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকানাং মোক্ষবিবক্ষয়া অবান্তরফলৈঃ কর্ম্মসু রুচ্যুৎপাদনমাত্রং। যথা ভৈষজ্যে ঔষধে রুচ্যুৎপাদনং। তথাহি। পিব নিম্বং প্রদাস্যামি খলু তে খণ্ডলড্ডুকান্। পিত্রৈবমুক্তঃ পিবতি ন ফলং তাবদেব হীতি ॥ ২৩ ॥

ননু কর্ম্মকাণ্ডে মোক্ষস্য নামাপি ন শ্রূয়তে তৎ কুতএবং ব্যাখ্যায়তে যন্মোক্ষতাৎপর্য্যকং কর্ম্মেতি। তত্র যথাশ্রুতস্যার্থঘটনাদেবমেবেত্যাহ উৎপত্ত্যৈবেতি দ্বাভ্যাং। উৎপত্ত্যা স্বভাবত এব কামেষু বিষয়ভোগেষু প্রাণেষু আয়ুরিন্দ্রিয়বলবীর্য্যাদিষু। স্বজনেষু কলত্রপুত্রাদিষু অনর্থহেতুষু পরিপাকতো দুঃখহেতুষু ॥ ২৪ ॥

ঘটাইবার উদ্দেশে আপাতত রমণীয় ও সুখপ্রদ স্বর্গাদি ভোগের লাভ বেদে বিহিত হইয়াছে ॥ ২৩ ॥

পশু হিরণ্যাদি ভোগ্য পদার্থ, বলবীর্য্যাদিসম্পন্ন স্বকীয় দেহ এবং পুত্র কলত্রাদি স্বজনগণই প্রকৃত প্রস্তাবে দুঃখের প্রধান কারণ হইলেও মরণ-ধর্ম্মশীল মোহান্ধ মানব স্বভাবতই সেই সমস্ত বিষয়ে নিরতিশয় প্রেম করিয়া থাকে ॥ ২৪ ॥

আভাস।

কটু তিক্তাদি ঔষধি সেবন করাইতে হইলে, পিতামাতা সুমিষ্ট লড্ডুকাদি দিয়া প্রলোভিত করেন; সেস্থলে ঔষধসেবনের ফল কেবল লড্ডুকলাভ নহে ; রোগোপশমনই ঔষধসেবনের

অগ্নিমুগ্ধা ধূমতান্তাঃ স্বং লোকং ন বিন্দন্তি তে ॥ ২৭ ॥
ন তে মামঙ্গ জানন্তি হৃদিস্থং য ইদং যতঃ।

অন্বয়ঃ।

বিবেকাঃ ধূমতান্তাঃ (ধূমতা ধূমমার্গঃ অন্তে যেষাং তে) তে তাদৃশাঃ জনাঃ স্বং লোকং আত্মতত্ত্বং ন বিন্দন্তি ॥ ২৭ ॥

হে অঙ্গ উদ্ধব! নীহারচক্ষুষঃ (নীহারেণ তমসা ব্যাপ্তানি চক্ষুংষি যেষাং তে) যথা (সন্নিহিতং অপি বস্তু ন জানন্তি তথা) উক্থশস্ত্রাঃ (উক্থং কর্ম্ম এব শস্ত্রং শস্যং যেষাং তে)

শ্রীধরস্বামী।

বিবেকাঃ ততশ্চ ধূমতান্তা ধূমমার্গোঽন্তো যেষাং তে। তথাচ শ্রুতিঃ। কশ্চিদ্বা অস্মাল্লোকাৎ প্রেত্যাত্মানং বেদ অয়মহমস্মীতি কশ্চিৎ স্বং লোকং ন প্রতিজানাতি অগ্নিমুগ্ধো হ বৈ ধূমতান্ত ইতি ॥ ২৭ ॥

কোঽসৌ স্বলোকস্তমাহ নেতি। হৃদিস্থমাত্মানং মাং স্বং লোকং। নমু হৃদিস্থমহঙ্কারাস্পদং জানন্ত্যেব সত্যং পরমাত্মানন্তু ন জানন্তীত্যাহ। য ইদং যদ্ব্যতিরিক্তং জগন্নাস্তি। কুতঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তান্তাঃ গ্লানিমন্তঃ। তথাচ শ্রুতিঃ। কশ্চিৎ স্বং লোকং ন প্রজানাতি অগ্নিমুগ্ধো ধূমতান্ত ইতি ॥ ২৭ ॥

স লোকঃ কস্তমাহ নেতি। মামন্তর্যামিণং স্বহৃদিস্থিতমপি ন জানন্তি যোঽহমেব ইদং জগৎ নমু ত্বং চিদ্ঘনবিগ্রহো জগন্ন ভবসি তত্রাহ যত ইতি। জগৎকারণত্বাদহং জগদিত্যর্থঃ।

অগ্নিসাধ্য কর্ম্মে অভিনিবেশ পূর্ব্বক ভোগরূপ ধূমমার্গের অনুসরণ করে; স্বকীয় পরম তত্ত্বের কোনরূপ অনুসন্ধান করে না ॥ ২৭ ॥

হে প্রিয় উদ্ধব! অন্ধকারে আবৃতলোচন পুরুষ যেমন নিকটবর্ত্তী পদার্থকেও অবলোকন করিতে পারে না, সেইরূপ কর্ম্মশাস্ত্রাবলম্বনে কেবল

আভাস।

কামনার অনুরোধে জনগণের চিত্ত নিতান্ত সঙ্কুচিত হইয়া পড়ে; এবং লোভবশত তাহারা এতই অন্ধ হয় যে, পরিণাম ফলের প্রতি দৃষ্টি না করিয়া, কেবল পুষ্পলাভেই পরিতৃপ্ত হয়। পুষ্প যে ফল উৎপাদন করে, তন্নিমিত্ত তাহারা আর প্রতীক্ষা করিতে প্রস্তুত থাকে না। তাহারা কর্ম্মেতেই গুরুতর ভাবে আসক্ত হয় এবং ধূমমার্গ অবলম্বনে অনিত্য ও সাতিশয়াদি দুঃখবিশিষ্ট ফলেই সম্মোহিত থাকে; আত্মস্বরূপের তত্ত্ব আর অবধারণে অগ্রসর হয় না ॥ ২৭ ॥

এক্ষণে সেই স্বকীয় লোকের পরিচয়ে এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, হৃদয়চারী পরমাত্মস্বরূপ ভগবদ্ভাবই জীবের আত্মলোক বলিয়া পরিকীর্ত্তিত। কিন্তু অন্তঃকরণের মধ্যে "আমি" বলিয়া কেবল অহঙ্কারেরই উপলব্ধি হয় মাত্র। পরমাত্মতত্ত্বের উপলব্ধি কিরূপে সম্ভব

উক্থশস্ত্রা হ্যসুতৃপো যথা নীহারচক্ষুষঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

অসুতৃপঃ প্রাণতর্পণপরাঃ, তে যঃ আত্মা ইদং (যদ্ব্যতিরিক্তং জগন্নাস্তি অতঃ নিমিত্তকারণং) যতঃ ইদং জগৎ জাতং, তাদৃশং মাং হৃদিস্থং অপি ন জানন্তি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

যত ইদং জগৎ জাতং কুতো ন জানন্তি হি যস্মাৎ উক্থং কর্ম্মৈব শস্ত্রং শস্যং কথনীয়ং পশুহিংসাসাধনং বা যেষাং তে। অতঃ কেবলং অসুতৃপঃ প্রাণতর্পণপরাঃ নীহারং তমস্তেন ব্যাপ্তানি চক্ষূংষি যেষাং তে যথা সন্নিহিতমপি ন পশ্যন্তি তদ্বৎ। তথাচ শ্রুতিঃ। ন তং বিদাথ য ইমা জজানান্যদ্যুষ্মাকমন্তরং বভূব নীহারেণ প্রাবৃতা জল্প্যাশ্চাসুতৃপ উক্থশাসশ্চরন্তীতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদজ্ঞানে হেতুঃ। উক্থং কর্ম্মৈব শস্তং শংস্যং কথনীয়ং পশুহিংসাসাধনং বা যেষাং তে। অতঃ কেবলমসুতৃপঃ প্রাণতর্পণপরাঃ। সর্ব্বত্র হেতুঃ। নীহারমবিদ্যা তেন ব্যাপ্তং চক্ষুর্জ্ঞানং যেষাং তে। তথাচ শ্রুতিঃ। ন তং বিদাথ য ইমা জজানান্যদ্ যুষ্মাকমন্তরং বভূব নীহারেণ প্রাবৃতা জল্প্যাশ্চাসুতৃপ উক্থশাসশ্চরন্তীতি ॥ ২৮ ॥

প্রাণ-ভরণ-তৎপর ভোগাভিলাষী মানবগণ, যে পরাৎপর পরমেশ হইতেই এই জগৎ উৎপন্ন হয় এবং যিনিই ইহার বিচিত্রতা সাধন করেন, সেই আমি অন্তর্যামিরূপে সকলের হৃদয়াকাশে সুপ্রতিষ্ঠিত থাকিলেও, তাহারা কোনমতে অবধারণ করিতে পারে না ॥ ২৮ ॥

আভাস।

হয়, এই প্রশ্নের উত্তরার্থ প্রকাশ করা হইয়াছে যে, ভগবানের কল্পনাভাবই এই জগদ্রূপে পরিণত হয় এবং তাঁহার সত্তাতিরিক্ত জগতের আর পৃথক্ সত্তা নাই। কিন্তু দুঃখের বিষয় এই যে, ফলের প্রত্যাশায় নিরন্তর কর্ম্মের প্রতি অভিনিবেশ করত, জীব তাদৃশ জগজ্জীবনকেও ধারণা করিতে পারে না। সুতরাং কোন্ উপায়ে সুখী হওয়া যায়, ইহারই চিন্তায় দেহ ও গেহাদির পরিপাটিতায় মনোযোগী হইয়া, তীমিরাবৃত-লোচনের ন্যায়, অতি সন্নিহিত পরমার্থ তত্ত্বকেও অবলোকন করিতে পারে না। এতদর্থে শ্রুতিও বলিয়াছেন যে, বহির্মুখ জনগণ অবিদ্যার আবরণে অন্ধপ্রায় হইয়া, কণ্ঠস্থ স্বর্ণপদক বিস্মৃত হইবার ন্যায়, দূরবর্ত্তী মায়াময় পদার্থের অন্তরে পরমাত্মস্বরূপ পরম সুখের অন্বেষণ করিয়া থাকে। উক্থশাস অর্থে কর্ম্মোপদেশকই বলা যায়। চরন্তি অর্থে সংসারে ভ্রমণ করে ॥ ২৮ ॥

বেদতাৎপর্য্যানভিজ্ঞ পণ্ডিতাভিমানী জনগণ নির্ব্বুদ্ধিতা বশত দেবতান্তরের আরাধনা করিয়া, প্রকৃত প্রস্তাবে যেরূপ ফল লাভ করিয়া থাকে, তৎসম্বন্ধে ভগবান্ বাসুদেব স্বীয় অভিপ্রায় প্রকাশে বলিয়াছেন যে, পশুহিংসাবিশিষ্ট যাগ যজ্ঞের অনুষ্ঠানে যদি মাংসভোজনের

তে মে মতমবিজ্ঞায় পরোক্ষং বিষয়াত্মকাঃ।
হিংসায়াং যদি রাগঃ স্যাদ্‌যজ্ঞ এব ন চোদনা।। ২৯ ।।

অন্বয়ঃ।

অতঃ হিংসায়াং মাংসভক্ষণে যদি রাগঃ স্যাৎ তর্হি যজ্ঞে এব (আবশ্যকত্বেন) চোদনা প্রেরণা, ন ইতি মে মম, পরোক্ষং অস্ফুটং, মতং অবিজ্ঞায় বিষয়াত্মকাঃ হিংসাবিহারাঃ (হিংসয়া·

শ্রীধরস্বামী।

বেদতাৎপর্য্যাজ্ঞানাচ্চানান্ যজন্তীত্যাহ। তে পরোক্ষং অস্ফুটং মে মতমবিজ্ঞায় দেবাদীন্ যজন্ত ইত্যুত্তরেণান্বয়ঃ। স্বমতমেবাহ। হিংসায়াং মাংসভক্ষণার্থং তৎফলার্থঞ্চ যদি রাগঃ স্যাত্তর্হি যজ্ঞ এবেত্যভ্যনুজ্ঞাদ্বারা পরিসংখ্যেয়ং নত্বাবশ্যকত্বেন চোদনেত্যেবং রূপং। যদ্যপি নিত্যনৈমিত্তিকয়োঃ কামবিশেষোঽনুবন্ধো নাস্তি তথাপি কল্পণা পিতৃলোক ইতি শ্রুতেঃ। সামান্যতঃ কামনাস্ত্যেব অন্তঃকরণশুদ্ধিকামনা বেতি ভাবঃ। তদুক্তং। অকামস্য ক্রিয়া কাচিদ্দৃশ্যতে নেহ কর্হিচিৎ। যদ্যদ্ধি কুরুতে জন্তুস্তত্তৎ কামস্য চেষ্টিতমিতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদজ্ঞানাদেব মংসম্মতস্য বেদার্থস্যাপ্যজ্ঞাস্তে ইত্যাহ তে ইতি। পরোক্ষমস্ফুটং মে মতমবিজ্ঞায় দেবাদীন্ যজন্তে ইত্যুত্তরেণান্বয়ঃ। স্বমতস্ত্বাহ। হিংসায়াং যদি রাগঃ স্যাদিতি যদি পশুহিংসা ত্যক্তুং ন শক্যা স্যাত্তদা যজ্ঞ এব সা কার্য্যেত্যভ্যনুজ্ঞাময়ী পরিসংখ্যৈবেয়ং নতু চোদনেত্যেবংরূপং মে মতমবিজ্ঞায়। বিষয়াত্মকাঃ বিষয়াবিষ্টচেতসঃ ॥ ২৯ ॥

এই সকল ব্যক্তি আমার অস্পষ্ট মত অবধারণ না করিয়া, যদি হিংসাদি কার্য্যেই আসক্ত হয়, তাহা হইলে ধর্ম্মাদির উৎকর্ষসাধক যজ্ঞেরও হিংসা তাহারা কেন না করিবে? ॥ ২৯ ॥

আভাস।

প্রবৃত্তি ও যজ্ঞনিবন্ধন পারলৌকিক ফলের আসক্তিই কেবল প্রবল হয়, তাহা হইলে "যজ্ঞ কর" এই বেদবাক্যের দ্বারা পরিসংখ্যার প্রবৃত্তি হইল মাত্র; কিন্তু যজ্ঞ যে অবশ্য কর্ত্তব্য, এরূপ বলিয়া প্রেরণার পরিচয় হয় না। যে কর্ম্মে উভয় ফল লাভ হইবার সম্ভাবনা থাকে, সে স্থলে একের প্রতিষেধ পূর্ব্বক অন্যের প্রাপ্তির নাম পরিসংখ্যা। যথা "অগ্নিসোমীয় পশুমালভত" বলিলে, অগ্নিসোমীয় পশু ব্যতীত অন্য পশুর হিংসা করিও না! ইহাই বুঝায়; এস্থলে বৈধ ভোগ করা ব্যতীত অবৈধ ভোগ করিও না! এই মাত্র তাৎপর্য্য অবধারিত করা হয় মাত্র: কিন্তু অপ্রাপ্ত বিষয়ের প্রাপ্তি যে উপদেশে ঘটে, তাহাকেই বিধিবাক্য বলা যায়। এস্থলে ভোগপ্রাপ্তি কখন অপ্রাপ্তির প্রাপক বলিয়া স্বীকার করা যায় না। কারণ অনুরাগ যখন থাকে, তখন তাহার বিষয় অন্তত হৃদয়ে নিত্য আছে, বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। প্রয়োজনীয় পদার্থের প্রদানে বিধির সার্থকতা নাই। এবং তাদৃশ উপদেশকে বিধিবাক্য বলিয়া গ্রাহ্য করা যায় না। এক্ষণে আশঙ্কা হইতে পারে যে পূর্ব্বানুভূত বা অননুভূতানুরূপ ফলের

হিংসাবিহারা হ্যালব্ধৈঃ পশুভিঃ স্বসুখেচ্ছয়া।
যজন্তে দেবতা যজ্ঞৈঃ পিতৃন্ ভূতপতীন্ খলাঃ ॥ ৩০ ॥
স্বপ্নোপমমমুং লোকমসন্তং শ্রবণপ্রিয়ং।

অন্বয়ঃ।

বিহারঃ ক্রীড়া যেষাং তে) খলাঃ ক্রূরস্বভাবাঃ, তে স্বসুখেচ্ছয়া আলব্ধৈঃ হিংসিতৈঃ, পশুভিঃ যজ্ঞৈঃ দেবতাঃ পিতৃন্ অথ ভূতপতীন্ হি যজন্তে ॥ ২৯ ॥ ৩০ ॥

স্বপ্নোপমং অসন্তং নশ্বরং, শ্রবণপ্রিয়ং (শ্রবণমাত্রেণৈব প্রিয়ং, অমুং লোকং (তথা

শ্রীধরস্বামী।

অজ্ঞত্বাদেব হিংসয়া বিহারঃ ক্রীড়া যেষাং তে ॥ ৩০ ॥

কিঞ্চ। তেঽতিমন্দবুদ্ধয় ইত্যাহ স্বপ্নোপমমিতি। অমুং পরলোকং আশিষশ্চাস্মিন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতএব হিংসাবিহারাঃ ॥ ৩০ ॥

তেঽতিমন্দধিয়শ্চেত্যাহ স্বপ্নোপমমিতি। অমুং লোকং পরলোকং। অসন্তং অসত্ত্বাৎ তথৈবেহ লোকে আশিষশ্চ রাজাদ্যাঃ সঙ্কল্প্য নতু নিশ্চিত্য বিঘ্নবাহুল্যাত্তাজন্তি অর্থান্ কর্ম্মসু

ক্রমশ হিংসাবৃত্তির উদ্রেকে হিংসাকার্য্যই তাহাদের প্রিয়তম হইয়া উঠে; সুতরাং নিজেদের সুখেচ্ছায় ঐ সমস্ত খলপ্রকৃতি মানব যজ্ঞে নিহত পশুগণের মাংসের দ্বারা নিজেদের তৃপ্তিসাধন এবং যজ্ঞের দ্বারা পিতৃলোক, দেবতা ও ভূতপতিগণের আরাধনা করিয়া থাকে। ৩০ ॥

কেবল শ্রুতিসুখকর স্বপ্নোপম মিথ্যাভূত মায়াময় ক্ষণধ্বংসী স্বর্গাদি

আভাস।

প্রাপ্তির নিমিত্ত অনুষ্ঠিত কাম্য যজ্ঞের উপদেশকে বিধি বলা যায় না, সেইরূপ বিশেষ ফল প্রদানে পরাঙ্মুখ নিত্যনৈমিত্তিক সন্ধ্যোপাসনাদির উপদেশকে বিধিবাক্য হইতে অন্তর্হিত করা কর্ত্তব্য? এতদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, "অহরহঃ সন্ধ্যামুপাসীত" ইতি বেদবাক্যে সন্ধ্যোপাসনাদির যদিও কোন স্বর্গাদি পারলৌকিক ফলের কথা স্পষ্টত উল্লিখিত হয় নাই, তথাপি "কর্ম্মণা পিতৃলোকঃ" অর্থাৎ কর্ম্মের দ্বারা পিতৃলোক অর্জ্জিত হয়, এই বাক্যের দ্বারা সন্ধ্যা-বন্দনাদি যখন কর্ম্ম, তখন তদ্দ্বারা অনুল্লিখিতভাবেও পিতৃলোকের প্রাপ্তি ঘটে; অতএব নিত্যনৈমিত্তিক কর্ম্মে কোন বিশেষ ফলের উল্লেখ না থাকিলেও পিতৃলোক-প্রাপ্তির বিধি অবশ্য আছে; সুতরাং অপ্রাপ্তির প্রাপক বলিয়া নিত্যনৈমিত্তিক কর্ম্মও উপদেশবিধি নামে পরিগণিত। বিশেষত কামনা ব্যতিত কখন কোন কর্ম্মে কাহারও প্রবৃত্তি সম্ভব নহে; যে যাহাই করুক্ না, অন্তর্নিহিত কোন গূঢ় অভিপ্রায় অবশ্যই আছে। অতএব নিত্য-নৈমিত্তিক কর্ম্মেরও ফল অবশ্যই আছে, বলিয়া স্বীকার্য্য; অন্তত এই সকলের দ্বারা অন্তঃ-করণের শুদ্ধিরূপ প্রয়োজনের যে সিদ্ধি হয়, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২৯ ॥ ৩০ ॥

আশিষো হৃদি সঙ্কল্প্য ত্যজন্ত্যর্থান্ যথা বণিক্ ॥ ৩১ ॥
রজঃসত্ত্বতমোনিষ্ঠা রজঃসত্ত্বতমোজুসঃ।
উপাসতে ইন্দ্রমুখ্যান্ দেবাদীন্ন তথৈব মাং ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

অস্মিন্ লোকে) আশিষঃ বিষয়ান্, হৃদি সঙ্কল্প্য বণিক্ যথা তথা অর্থান্ ত্যজন্তি ॥ ৩১ ॥

অতঃ রজঃসত্ত্বতমোনিষ্ঠাঃ তত্তৎস্বভাবাঃ তে রজসত্ত্বতমোজুষঃ তত্তৎস্বভাবান্ ইন্দ্রমুখ্যান্ দেবাদীন্ এব যথা উপাসতে তথা মাং ন উপাসতে এব ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

লোকে হৃদি সঙ্কল্প্য নতু নিশ্চিত্য বিঘ্নবাহুল্যাৎ ত্যজন্তি কর্ম্মসু বিনিযোজয়ন্তি যথা কশ্চিৎ বণিক্ দুস্তরসমুদ্রাদিলঙ্ঘনেন বহুধনার্জ্জনেচ্ছয়া সিদ্ধং ধনং ত্যজন্নুভয়ত্র ভ্রষ্টো ভবতি তদ্বদিত্যর্থঃ ॥ ৩১ ॥

অতো রজঃসত্ত্বতমোনিষ্ঠাস্তে রজঃসত্ত্বতমোজুষঃ স্বানুরূপানিন্দ্রাদীনেবোপাসতে নতু মাং যদ্যপি ইন্দ্রাদীনামপি মদংশত্বাৎ মদুপাসনমেব তৎ তথাপি যথাবন্নোপাসতে ভেদদর্শিত্বা-দিত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিনিযোজয়ন্তি যথা কশ্চিদ্বণিক্ দুস্তরসমুদ্রাদিলঙ্ঘনেন বহুধনেচ্ছয়া সিদ্ধং ধনং ত্যজন্নুভয়ত্র ভ্রষ্টো ভবতি তদ্বদিত্যর্থঃ ॥ ৩১ ॥

রজঃসত্ত্বতমোনিষ্ঠাঃ যে তে রজঃসত্ত্বতমাংস্যেব জুষন্তে সেবন্তে ন তথৈবেতি। যদ্যপীন্দ্রা-দীনামপি মদংশত্বান্মদুপাসনমেব তৎ তথাপি যথাবন্নোপাসতে যথাবদুপাসনাভাবাত্তু শ্যন্তীত্যর্থঃ। যদুক্তং। নতু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ॥ ৩২ ॥

পরলোকের প্রত্যাশায় এবং ঐহিকের সুখাভিলাষ হৃদয়ে বহন করত বণিকের ন্যায়, মূল সম্বল পরমার্থ তত্ত্বকেও বিসর্জ্জন দেয়॥ ৩১ ॥

যাহারা সত্ত্বাদি গুণত্রয়ের অন্তর্গত, তাহারা উক্ত ত্রিগুণময় ইন্দ্রাদিদেবতা-গণেরই আরাধনা করিয়া থাকে। সুতরাং গুণাতীত পূর্ণব্রহ্ম আমাকে তাহারা আরাধনা করে না॥ ৩২ ॥

আভাস।

মানবগণ ভ্রমে পতিত হইয়া, কাঞ্চনের বিনিময়ে কাচ খরিদ করিবার ন্যায়, পরমার্থ বিনিময়ে অনিত্য স্বর্গাদি সংগ্রহ করিয়া থাকে, তাহাই বণিকের দৃষ্টান্তে এই শ্লোকে বর্ণিত হইয়াছে ॥ ৩১ ॥

মানবগণ স্বকীয় প্রবৃত্তি ও স্বভাবানুসারে তাদৃশ স্বভাবোচিত দেবতার আরাধনা করিয়া থাকে। যাঁহারা সাত্ত্বিকপ্রকৃতি তাঁহারা সত্ত্বগুণপ্রধান দেবতার অর্চ্চনা করেন; যাহারা রজঃপ্রকৃতি, তাহারা রাজসিক দেবতা এবং যাহারা তমোগ্রস্ত তাহারা তামসিক দেবতার

ইষ্ট্বেহ দেবতা যজ্ঞৈর্গত্বা রংস্যামহে দিবি।
তস্যান্ত ইহ ভূয়াস্ম মহাশালা মহাকুলাঃ॥ ৩৩॥
এবং পুষ্পিতয়া বাচা ব্যাক্ষিপ্তমনসাং নৃণাং।
মানিনাঞ্চাতিলুব্ধানাং মদ্বার্ত্তাপি ন রোচতে॥ ৩৪॥

অন্বয়ঃ।

ইহ যজ্ঞৈঃ দেবতাঃ ইষ্ট্বা দিবি গত্বা রংস্যামহে; তস্য ভোগস্য অন্তে ইহ মহাশালাঃ মহাগৃহস্থাঃ, মহাকুলাঃ এব ভূয়াস্ম ভবিষ্যামঃ॥ ৩৩॥

এবং পুষ্পিতয়া রমণীয়য়া বেদবাচা, ব্যাক্ষিপ্তমনসাং (ব্যাক্ষিপ্তং মনঃ যেষাং তেষাং) মানিনাং দেহাদ্যহঙ্কারবতাং, অতিলুব্ধানাং নৃণাং মদ্বার্ত্তা অপি ন রোচতে॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

হৃদি সংকল্পোত্থাক্তং তমেব সংকল্পং দর্শয়তি ইষ্ট্বেতি। তস্যান্তে ভোগস্যান্তে মহাশালা মহাগৃহস্থাঃ॥ ৩৩॥

ততঃ কিমত আহ এবমিতি। অতো মৎপ্রবণত্বাভাবাৎ নিত্যং সংসারিণো ভবন্তীতি ভাবঃ॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং মনোরথং বিবৃণোতি ইষ্ট্বেতি। তস্য ভোগস্যান্তে ইহ মহাশালাঃ মহাগৃহস্থাঃ॥ ৩৩॥ ৩৪॥

এই জীবনে যজ্ঞাদির অনুষ্ঠানে দেবতাগণের অর্চ্চনা করিয়া, জীবনান্তে স্বর্গলোকে অতুল সুখৈশ্বর্য্য ভোগ করিব! অনন্তর পুণ্যের ক্ষয়ে পুনরায় তথা হইতে আগমন করত, এই মর্ত্ত্যধামে শ্রেষ্ঠকুলে জন্ম পরিগ্রহ করত, বিপুল ঐশ্বর্য্যশালী গৃহস্থরূপে বিহার করিব॥ ৩৩॥

এইরূপ পুষ্পসদৃশ রমণীয় বেদবাক্যের প্ররোচনায় প্রেরিত হইয়া, দেহ ও গেহাদিতে আসক্তচিত্ত লোভপরতন্ত্র মানবগণের চিত্তে মদীয় ভগবৎ-স্বরূপের বার্ত্তা কিছুমাত্র স্থান পায় না॥ ৩৪॥

আভাস।

অর্চ্চনা ক'রিয়া তদনুরূপ ফলমাত্রই লাভ করিয়া থাকে; কিন্তু পরমদেব পরমাত্মস্বরূপ আমার আরাধনা না করিয়া, পরম পদ মোক্ষলাভে অধিকারী হয় না। ইন্দ্রাদি দেবতাগণ যদিও ভগবদংশে উৎপন্ন, তথাপি তাঁহারা ভগবান্ হইতে যত কাল পৃথক্ বলিয়া প্রতীত হইবেন, ততকাল ভেদদর্শনের দোষে মুক্তিলাভ অসম্ভব। গীতাতেও উক্ত আছে, "নতু মামভি-জানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে"; যদবধি পরমাত্মার সাক্ষাৎকার সম্যক্‌রূপে লাভ হয় না, তদবধি পরম তত্ত্বের উদ্ভাসন হয় না; সুতরাং মুক্তিলাভও তাহাদের পক্ষে নিতান্তই অসম্ভব॥ ৩২॥

বেদা ব্রহ্মাত্মবিষয়াস্ত্রিকাণ্ডবিষয়া ইমে।
পরোক্ষবাদা ঋষয়ঃ পরোক্ষঞ্চ মম প্রিয়ং ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

ত্রিকাণ্ডবিষয়াঃ (কর্ম্মকাণ্ডদেবতাকাণ্ডব্রহ্মকাণ্ড বিষয়াঃ, ইমে সর্ব্বে অপি বেদাঃ ব্রহ্মাত্ম-বিষয়াঃ (ব্রহ্মৈব সর্ব্বেষাং আত্মা ন ততো কিঞ্চিদস্তি ইতি প্রতিপাদনপরাঃ); ঋষয়ঃ চ পরোক্ষবাদাঃ; পরোক্ষং অস্ফুটং, এব মম চ প্রিয়ং ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

তদেবং প্রবৃত্তিপরত্বং নিরাকৃত্য প্রকৃতং নিবৃত্তিপরত্বমেব উপসংহরতি বেদা ইতি। কর্ম্ম-ব্রহ্মদেবতাকাণ্ডবিষয়া ইমে বেদা ব্রহ্মাত্মবিষয়াঃ ব্রহ্মৈবাত্মা ন সংসারীত্যেতৎপরাঃ তৎপরত্বা-প্রতীতৌ চ। ফলশ্রুতিরিয়ং নৃণাং ন শ্রেয়ো রোচনং পরং। শ্রেয়োবিবক্ষয়া প্রোক্তা যথা ভৈষজ্যরোচনমিত্যুক্তমেব কারণমনুস্মারয়তি পরোক্ষেতি। ঋষয়ো মন্ত্রাঃ তদ্দ্রষ্টারো বা। তৎ কিমিতি। যতঃ পরোক্ষমেব মমচ প্রিয়ং। অয়ং ভাবঃ। শুদ্ধান্তঃকরণৈরেতবোদ্ধব্যং নান্যৈরনধিকারিভিঃ। বৃথা কর্ম্মত্যাগেন ভ্রংশপ্রসঙ্গাদিতি ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকরণমুপসংহরতি বেদা ইতি। কর্ম্মব্রহ্মদেবতাকাণ্ডবিষয়া ইমে বেদা ব্রহ্মাত্মবিষয়াঃ ব্রহ্মৈব যোঽয়মহমাত্মা তদ্বিষয়া ব্রহ্মস্বরূপমদারাধনপরা এবেত্যর্থঃ। ননু তর্হি ঋষয়ো মন্ত্রাস্ত-দ্দ্রষ্টারো বা কথমেব স্পষ্টং নাচক্ষতে তত্রাহ পরোক্ষমেব যথা স্যাত্তথা বদন্তি নতু সাক্ষাদিতি তে। ননু তেষাং সাক্ষাদকথনস্য কোঽভিপ্রায়স্তত্রাহ পরোক্ষমিতি। তথা কথনে এব মৎপ্রীতিমবধার্য্য তথা বদন্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

সনাতন বেদ যদিও কর্ম্ম, দেবতা ও ব্রহ্মভেদে কাণ্ডত্রয়ে বিভক্ত আছে বটে, কিন্তু পরমাত্মস্বরূপ পরমব্রহ্ম তাহার সর্ব্বত্রই প্রতিপাদ্য বিষয়। ব্রহ্মই সকলের সার ও আত্মস্বরূপ; তদ্ব্যতিরিক্ত অন্য কোন বস্তুই যে নাই, ইহাই সমগ্র বেদের প্রতিপাদনীয় অর্থ। ঋষিগণও পরোক্ষবাদের পক্ষপাতী; এবং প্রকৃত অর্থের অস্পষ্ট প্রতিপাদন করাই আমার অভিপ্রায়॥ ৩৫ ॥

আভাস।

সকল আরাধনাতেই সংকল্প ও ভোগের উল্লেখ আছে; অতএব ভোগক্ষয় না হইলে, সংসার-প্রবাহের সমাপ্তি নাই; কিন্তু চিত্ত যখন ভগবানকে কেবল ভগবৎপ্রাপ্তির উদ্দেশেই মাত্র আরাধনা করিতে অগ্রসর হয়, তদ্ব্যতীত অন্য কোন অভিসন্ধি রাখে না, তখনই ভোগাভাবে সংসার-প্রবাহের উপরতি হয়। অতএব ভগবদাসক্তির অভাবে জীবকে নিত্য সংসারী থাকিতে হয় ॥ ৩৩ ॥ ৩৪ ॥

কর্ম্ম, দেবতা ও ব্রহ্মভেদে কাণ্ডত্রয়ের কথা বেদে বর্ণিত থাকিলেও সমগ্র বেদ এক পরম ব্রহ্মকেই স্পষ্টত লক্ষ্য করাইতেছেন। অর্থাৎ ব্রহ্মভাবের প্রতিপাদন করা ব্যতীত, অন্য কোন

শব্দব্রহ্ম সুদুর্ব্বোধং প্রাণেন্দ্রিয়মনোময়ং।

অন্বয়ঃ।

শব্দব্রহ্ম বেদঃ, সুদুর্ব্বোধং স্বরূপতঃ অর্থতশ্চ দুজ্ঞেয়ং প্রাণেন্দ্রিয়মনোময়ং (সূক্ষ্মং প্রাণময়ং

শ্রীধরস্বামী।

নমু বেদজ্ঞা অপি জৈমিন্যাদয়ঃ কিমিতি তথা ন বর্ণয়ন্তীতি চেৎ মাং বিনা তত্ত্বতো বেদং তদর্থং বা ন কোঽপি বেদেত্যাশয়েনাহ শব্দব্রহ্মেতি যাবৎসমাপ্তি। স্বরূপতোঽর্থতশ্চ দুর্ব্বিজ্ঞেয়ং। তচ্চ সূক্ষ্মং স্থূলঞ্চেতি দ্বিবিধং। তত্র সূক্ষ্মং তাবৎ স্বরূপতোঽপি দুর্ব্বিজ্ঞেয়মিত্যাশয়েনাহ প্রাণেন্দ্রিয়মনোময়ং প্রথমং প্রাণময়ং পরাখ্যং ততো মনোময়ং পশ্যন্ত্যাখ্যং তত ইন্দ্রিয়ময়ং মধ্যমাখ্যং তস্য বাগ্ব্যঞ্জকত্বেন বাগিন্দ্রিয়প্রধানত্বাৎ। কিঞ্চ অনন্তপারং সমষ্টিপ্রাণাদিময়স্য নির্বিশেষস্য চ তস্য কালতো দেশতশ্চাপরিচ্ছেদাৎ অর্থতোঽপি দুর্জ্ঞেয়ত্বমাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু বেদস্যাপ্তত্বান্যথানুপপত্ত্যৈব ভৈষজ্যরোচনন্যায়েনৈব তস্য স্বর্গাদিপরত্বমিতি ভবান্ যথা ব্যাচষ্টে তথৈব জৈমিন্যাদয়োঽপি ব্যাচক্ষতাং। মৈবং। যদি তে জানীয়ুস্তর্হি ব্যাচক্ষীরন্ মাং বিনা মদ্ভক্তান্ ব্যাসনারদাদীংশ্চ বিনা তত্ত্বতো বেদার্থং ন কোঽপি বেদেত্যাহ শব্দব্রহ্মেতি যাবৎসমাপ্তি। স্বরূপতোঽর্থতশ্চ দুর্বিজ্ঞেয়ং। তচ্চ সূক্ষ্মং স্থূলঞ্চেতি দ্বিবিধং। তত্র সূক্ষ্মং তাবৎ স্বরূপতোঽপি দুর্জ্ঞেয়মিত্যাহ প্রাণেন্দ্রিয়মনোময়ং প্রথমং প্রাণময়ং পরাখ্যং আধারচক্রস্থং ততো মনোময়ং পশ্যন্ত্যাখ্যং নাভাবনাহতচক্রস্থং উপলক্ষণমেতৎ। বুদ্ধিময়ং মধ্যমাখ্যং হৃদয়ে চ মণিপুরকচক্রস্থং তত ইন্দ্রিয়ময়ং বৈখর্য্যাখ্যং তস্য বাগ্ব্যঞ্জকত্বেন বাগিন্দ্রিয়প্রধানত্বাৎ। কিঞ্চ অনন্তপারং প্রাকৃতাপ্রাকৃতপ্রাণময়স্য কালতো দেশতশ্চাপরিচ্ছেদাৎ।

শব্দব্রহ্ম বেদ নিতান্তই দুর্ব্বোধ্য; ইহা অতি সূক্ষ্ম প্রাণ, ইন্দ্রিয় ও মনোময়ভাবে প্রতীত হইয়া থাকে। দেশত ও কালত ইহার পরিচ্ছেদ নাই।

আভাস।

ভাবেরই প্রতিপাদন করিতেছেন না। ঋষিগণও আপাতত মনোরম ফলপ্রদ কর্ম্মকাণ্ডের প্রতি লক্ষ্য না করিয়া, তাৎপর্য্যত পরমাত্মার প্রতিই চিত্ত নিবিষ্ট করিতে অগ্রসর হন। কারণ তাঁহারা আমার গূঢ় তাৎপর্য্য বিশেষরূপে অবধারণ করেন। বিষয়ান্ধ অশুদ্ধাত্মা জনগণ অকস্মাৎ বিষয়রস পরিহারে নিবৃত্তিপর হইতে পারিবে না; অতএব বিহিত কর্ম্ম পরিত্যাগ করত, জ্ঞানের অভাবে উভয় পথ হইতে ভ্রষ্ট হইবে; সুতরাং নিবৃত্তির অভিপ্রায় প্রচ্ছন্ন রাখিয়া, প্রবৃত্তির প্রথা অবলম্বনে অবান্তর ভাবে অপ্রকটিত মুক্তিরই সূচনা যে আমি করিয়াছি, তাহা ঋষিগণ বিলক্ষণ অবগত আছেন॥ ৩৫॥

বেদের তাৎপর্য্য অতীব গভীর; জৈমিনি প্রভৃতি ঋষিগণ বেদোক্ত কর্ম্মকাণ্ডের ফল কেবল স্বর্গাদি বলিয়া যেমন প্রতিপাদন করিয়াছেন, তাহাতে তাহার প্রকৃত পরোক্ষ ভাবের পরিচয় হয় নাই; ইহাতে রুগ্ন বালকের আপাতত রুচিকর খণ্ডলড্ডুকাদির প্রাপ্তির ন্যায়, স্বর্গাদি

ভূতেষু ঘোষরূপেণ বিসেষূর্ণেব লক্ষ্যতে ॥ ৩৭ ॥
যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণামুদ্বমতে মুখাৎ।
আকাশাৎ ঘোষবান্ প্রাণো মনসা স্পর্শরূপিণা ॥

অন্বয়ঃ।

নাদরূপেণ, বিসেষু কমলনালেষু, ঊর্ণাতন্তুঃ ইব (মনীষিভিঃ) লক্ষ্যতে ॥ ৩৭ ॥

ঊর্ণনাভিঃ যথা হৃদয়াৎ সকাশাৎ মুখাৎ মুখদ্বারা, ঊর্ণাং তন্তুং, উদ্বমতে বহিঃ প্রকটয়তি, তথা, ছন্দোময়ঃ বেদপ্রতিপাদিতমূর্ত্তিঃ, অমৃতময়ঃ প্রভুঃ সমর্থঃ, প্রাণঃ প্রাণোপাধিঃ হিরণ্যগর্ভঃ,

শ্রীধরস্বামী।

অবিকৃতস্যাপি নিয়ন্তৃত্বং ঘটয়তি অনন্তশক্তিনেতি। ভূতেষু সর্ব্বপ্রাণিষু ঘোষরূপেণ নাদরূপেণ লক্ষ্যতে মনীষিভিঃ অন্তঃসূক্ষ্মত্বেন দর্শনে দৃষ্টান্তঃ বিসেষূর্ণাতন্তুরিবেতি ॥ ৩৭ ॥

ততো বৈখর্য্যাখ্যায়া বৃহত্যা বাচ উৎপত্তিপ্রকারং সদৃষ্টান্তমাহ যথেতি ত্রিভিঃ। হৃদয়াৎ সকাশাৎ মুখাদ্দ্বারাদুদ্বমতে বহিঃ প্রকটয়তি। দার্ষ্টান্তিকে দর্শয়তি আকাশাদিতি। প্রাণ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নোপবৃংহিতং তত্রাহ। ভূম্না স্বরূপবাহুল্যেন ন কেবলং স্বরূপবাহুল্যমেব কিন্তু ব্রহ্মণা সর্ব্বব্যাপকেন ন কেবলং সর্ব্বব্যাপ্তিরেব কিন্তু অনন্তশক্তিনা শক্তেরানন্ত্যাদেব ভূতেষু সর্ব্বপ্রাণিষু ঘোষরূপেণ ঘোষো নাদস্তদ্রূপেণ লক্ষ্যতে মনীষিভিঃ। অন্তঃসূক্ষ্মত্বেন দর্শনে দৃষ্টান্তঃ। বিসেষু মৃণালেষু ঊর্ণাতন্তুরিব ॥ ৩৭ ॥

সূক্ষ্মরূপশব্দব্রহ্মণস্তস্য প্রাণাদিময়তয়া পরাখ্যাদিরূপেণ স্বস্মাদুদ্ভবপ্রকারমাহ যথোর্ণেতি ত্রিভিঃ। যথৈবোর্ণনাভির্হৃদয়াৎ সকাশাৎ মুখদ্বারাদূর্ণামুদ্বমতে তথা প্রভুরীশ্বরো মদংশো হিরণ্যগর্ভান্তর্যামী স্বরূপেণামৃতময়ঃ পরমানন্দময়ঃ স্বশক্ত্যৈব ছন্দোময়ঃ সর্ব্বজ্ঞানাদিসম্পন্নবেদ-

থাকি ; এবং কমল-নালের মধ্যে ঊর্ণাতন্তুর ন্যায়, প্রাণিবর্গের অন্ত[illegible]
আমিই বিরাজমান থাকি, এইরূপ মনীষিগণ অবলোকন করিয়া থাকেন ॥ ৩৭ ॥

ঊর্ণনাভি (মাকড়্শা) যেমন মুখদ্বারা নিজের হৃদয়স্থ তন্তু বাহিরে প্রকাশ করে এবং কার্য্যাবসানে স্বকীয় অন্তরেই সংগ্রহ করিয়া লয়, সেইরূপ বেদ-

আভাস।

ব্যাপী ও অনন্তশক্তিসম্পন্ন। পূর্ব্বশ্লোকে যে কিছু ভাবপরিণামের কথা বর্ণিত হইয়াছে, সে সমস্তই সেই অনন্তশক্তির অনন্তভাবের পরিচয় মাত্র। তিনিই প্রাণিবর্গের অন্তরে নাদরূপে উদ্গত হইয়া, যেমন বাহিরে শব্দরূপে বিকাশ পাইতেছেন, আবার সমষ্টিজ্ঞানরূপে অবস্থিত থাকিয়া, ক্রিয়ামাত্রেই অধিষ্ঠিত রহিয়াছেন। শব্দময় বেদ, বেদের তাৎপর্য্য এবং তাহার অবধারণ কর্ত্তা, একা তিনি মাত্র। মৃণালতন্তু বাহিরে প্রকাশমান না থাকিলেও অন্তস্থিত ভাবে যেমন সমগ্র পদ্মকে প্রস্ফুটিত ও শক্তিসম্পন্ন করিতেছে, সেইরূপ এক পরমেশই জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতারূপে ব্রহ্মাণ্ডের অন্তরে নিহিত থাকিয়া, বেদ ও বেদিতব্য বিষয়রূপে স্বয়ংই ভাসমান হইতেছেন ॥ ৩৭ ॥

ছন্দোময়োঽমৃতময়ঃ সহস্রপদবীং প্রভুঃ।
ওঁকারাদ্ব্যঞ্জিতস্পর্শস্বরোষ্মান্তস্থভূষিতাং॥

অন্বয়ঃ।

চত্বারি এব তত্ত্বানি ইতি তত্রাপি পক্ষে আত্মনঃ জাতানি তেজঃ আপঃ অন্নং ইতি ত্রীণি আত্মা চ ইতি চত্বারি তত্ত্বানি; তৈঃ এব চতুর্ভিঃ খলু অবয়বিনঃ বিশ্বস্য ইদং জন্ম জাতং অভূৎ ॥ ২০ ॥

সপ্তদশকে সংখ্যানে গণনে (আকাশাদি) পঞ্চ মহাভূতানি শব্দাদীনি পঞ্চ তন্মাত্রাণি; শ্রোত্রাদীনি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি একেন মনসা সহ ষোড়শ; আত্মা সপ্তদশঃ স্মৃতঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অন্নং পৃথিবী আত্মনো জাতানি আত্মনা সহ চত্বারি তত্ত্বানি অন্তর্ভাবার্থমাহ তৈরিতি অবয়বিনঃ কার্য্যস্য ॥ ২০ ॥

ভূতানি চ তন্মাত্রাণি চ ইন্দ্রিয়াণি চ পঞ্চ পঞ্চ একেন মনসা সহ আত্মা সপ্তদশঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্নং পৃথ্বী আত্মনঃ পরমাত্মনঃ সকাশাৎ অবয়বিনঃ কার্য্যস্য জন্ম জাতমভূৎ ॥ ২০ ॥

ভূতানি চ পঞ্চমাত্রাণি চ পঞ্চ পঞ্চ। ইন্দ্রিয়াণি চ পঞ্চ। একেন মনসা সহ আত্মা সপ্তদশঃ ॥ ২১ ॥

যেস্থলে কেবল চারিটী মাত্র তত্ত্ব স্বীকার করা হইয়াছে, সেস্থলে পরমাত্মার স্বরূপ হইতে উৎপন্ন আপ্, অন্ন ও তেজঃ এবং আত্মা এই চারিটীকেই মাত্র লক্ষ্য করা হইয়াছে। এই চারিটীর দ্বারাই এই অবয়ববিশিষ্ট স্থূল ব্রহ্মাণ্ডের জন্ম হইয়াছে, এইরূপ স্বীকার্য্য ॥ ২০ ॥

সপ্তদশ সংখ্যক তত্ত্বের স্বীকারে আকাশাদি পঞ্চ মহাভূত, শব্দাদি পঞ্চ তন্মাত্র, শ্রোত্রাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, মন এবং আত্মা এই সপ্তদশ পদার্থকে মাত্র তত্ত্ব বলিয়া স্বীকার করা হইয়াছে ॥ ২১ ॥

আভাস।

সপ্তরূপে প্রতীত হইলেও কখন আটটী সূর্য্য বলিয়া স্বীকার্য্য নহে; সাতটী প্রতিবিম্ব এক সূর্য্যেরই অন্তর্গত স্বীকার করিতে হইবে, সেইরূপ অসংখ্য চিদাভাসের উদয়ে জীবরূপে প্রতিপন্ন হইলেও, পরমাত্মার সত্তাতিরিক্ত জীবের পৃথক্ সত্তা কখনই অবধারণীয় নহে। সুতরাং জীব নামে পৃথক্ তত্ত্ব স্বীকার না করিয়া, এক পরম পুরুষ স্বীকারে সকল জীবেরই উল্লেখ হইয়া যায় ॥ ১৯ ॥

ভিন্ন ভিন্ন বাদী তত্ত্বসংখ্যার গণনায় যে কারণে মতভেদের পরিচয় দিয়াছেন, ভগবান্

তদ্বৎ ষোড়শসংখ্যানে আত্মৈব মন উচ্যতে।
ভূতেন্দ্রিয়াণি পঞ্চৈব মন আত্মা ত্রয়োদশ ॥
একাদশত্ব আত্মাসৌ মহাভূতেন্দ্রিয়াণিচ।
অষ্টৌ প্রকৃতয়শ্চৈব পুরুষশ্চ নবেত্যথ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

তদ্বৎ ষোড়শসংখ্যানে আত্মা জীবঃ সংকল্পয়ন্ মনঃ উচ্যতে। (ত্রয়োদশপক্ষে) ভূতেন্দ্রিয়াণি (মহাভূতানি তন্মাত্রৈঃ সহ একীকৃতানি পঞ্চ, জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চ, মনঃ চ একং, আত্মা চ দ্বিবিধঃ এবং ত্রয়োদশ ॥

একাদশত্বে পক্ষে পঞ্চ মহাভূতানি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি অসৌ আত্মা চ ইতি। নবপক্ষে অথ অষ্টৌ প্রকৃতয়ঃ পুরুষঃ চ ইতি নব ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

আত্মৈব সংকল্পয়ন্ মন উচ্যতে। ত্রয়োদশপক্ষে ভূতানি তন্মাত্রৈরেকীকৃতানি পঞ্চৈবেন্দ্রিয়াণি চ তৎপ্রকাশকানি পঞ্চৈব মনশ্চৈকমিন্দ্রিয়াধিষ্ঠাতৃ। আত্মাচ দ্বিবিধঃ এবং ত্রয়োদশ একাদশপক্ষে জীবমনসোরাত্মান্তর্ভাবেনৈতান্যেব একাদশ। নব পক্ষেঽষ্টপ্রকৃতয়ঃ পুরুষশ্চ বিকারাণামন্তর্ভাবঃ ॥ ২২ ॥

শ্রী বিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মা জীব এব সঙ্কল্পয়ন্মন উচ্যতে। ত্রয়োদশে ভূতানি তন্মাত্রৈরেকীকৃতানি পঞ্চৈব ইন্দ্রিয়াণি চ পঞ্চেতি দশ। একং মনঃ। জীবঃ পরমাত্মেতি ত্রয়োদশ ॥ ২২ ॥

যাঁহারা ষোড়শ পদার্থ বলিয়া স্বীকার করিয়াছেন, তাঁহাদের মতে সংকল্পকারী জীব মনের মধ্যেই পরিগণিত হইয়াছে। মনের অতিরিক্ত জীবকে আর পৃথক্ তত্ত্ব বলিয়া স্বীকার করেন না। তত্ত্ব ত্রয়োদশ বলিয়া যাঁহারা উল্লেখ করিয়াছেন, তাঁহারা তন্মাত্র ও মহাভূতপঞ্চকে একভাবে গ্রহণ করেন ; এই পঞ্চভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, মন এবং জীবেশ্বর ভেদে দ্বিবিধ আত্মা এই ত্রয়োদশ তত্ত্ব তাঁহারা প্রকাশ করিয়া থাকেন ॥

একাদশ গণনার পক্ষে পঞ্চ মহাভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং এক আত্মা এই একাদশ তত্ত্ব অবধারণীয়। নয়টী তত্ত্ব বলিলে অষ্ট প্রকৃতি এবং এক পুরুষ এই নয়টীকেই বুঝায় ॥ ২২ ॥

আভাস।

বাসুদেব নিম্নলিখিত শ্লোকচতুষ্টয়ে তাহার বিশেষ বিবরণ প্রকাশ করিয়াছেন ॥ ২০—২২ ॥

উদ্ধব শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিলেন যে, হে হৃষীকেশ! প্রকৃতি অচেতনা এবং পরিণামস্বভাবা; পুরুষ অসঙ্গ, অপরিণামী এবং চেতনস্বরূপ। অতএব উভয় প্রকৃতি ও পুরুষ পরস্পরে সম্পূর্ণ বিসদৃশ এবং বিপরীত ধর্ম্মাক্রান্ত হইলেও, উভয়ের মিলন একত্র কেন দেখা

ইতি নানাপ্রসংখ্যানং তত্ত্বানামৃষিভিঃ কৃতং।
সর্ব্বং ন্যায্যং যুক্তিমত্ত্বাদ্বিদুষাং কিমশোভনং ॥ ২৩ ॥
উদ্ধব উবাচ ॥
প্রকৃতিঃ পুরুষশ্চোভৌ যদ্যপ্যাত্মবিলক্ষণৌ।
অন্যোন্যাপাশ্রয়াৎ কৃষ্ণ দৃশ্যতে ন ভিদা তয়োঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ইতি এভিঃ প্রকারৈঃ, তত্ত্বানাং নানাপ্রসংখ্যানং যৎ ঋষিভিঃ কৃতং তৎ সর্ব্বং ন্যায্যং এব। যুক্তিমত্ত্বাৎ বিদুষাং কিং অপি অশোভনং ন বিদ্যতে ॥ ২৩ ॥

উদ্ধবঃ উবাচ। আত্মবিলক্ষণৌ (আত্মনা জড়াজড়স্বভাবেন বিলক্ষণৌ) অপি উভৌ প্রকৃতিঃ পুরুষঃ চ। তথাপি হে কৃষ্ণ! অন্যোন্যাপাশ্রয়াৎ পরস্পরপরিহারেণ, অপ্রতীতেঃ তয়োঃ ভিদা ন দৃশ্যতে ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

উপসংহরতি ইতীতি। ইতি এভিঃ প্রকারৈঃ প্রকৃতিপুরুষভেদজ্ঞাপনায়েত্যর্থঃ ॥ ২৩ ॥

তত্র পৃচ্ছতি প্রকৃতিরিতি। আত্মনা জড়াজড়স্বভাবেন বিলক্ষণৌ। অন্যোন্যাপাশ্রয়াৎ পরস্পরপরিহারেণাপ্রতীতেরিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপসংহরতি ইতীতি ॥ ২৩ ॥

তত্ত্ববিচারোত্থং সংশয়ান্তরমাহ প্রকৃতির্মায়া। পুরুষ ঈশ্বরঃ। আত্মনা স্বরূপেণৈব জড়ত্বেনাজড়ত্বেন চ বিলক্ষণাবেব। যদ্যপি শাস্ত্রদৃষ্ট্যা জ্ঞায়েতে তদপি দেহেষনয়োরন্যোন্যাশ্রয়াৎ পরস্পরাশ্রিতত্বাৎ ভিদা ভেদো ন দৃশ্যতে ॥ ২৪ ॥

এই প্রকার ঋষিগণ ভিন্ন ভিন্ন প্রণালীতে যে যতই বিভিন্ন তত্ত্বের সংখ্যা নিরূপণ করিয়াছেন, তাহার সকলগুলিই ন্যায়সংগত ও যুক্তিমূলক হওয়ায় কোনটীই অসঙ্গত বলিয়া পরিগণিত নহে ॥ ২৩ ॥

উদ্ধব বলিলেন, হে শ্রীকৃষ্ণ! জড় ও অজড়ভেদে প্রকৃতি ও পুরুষ পরস্পরে সম্পূর্ণ বিলক্ষণ, কিন্তু পরস্পরে পরস্পরকে পরিত্যাগ করিয়া কখন না থাকায়, তাঁহাদের ভেদ কোন মতে পরিলক্ষিত হয় না ॥ ২৪ ॥

আভাস।

যায়; কোনটীকে পৃথক্‌ভাবে অবস্থান করিতে কখন দেখা যায় না। দেহ ব্যতীত চৈতন্যের বিকাশ পায় না এবং চেতনা না থাকিলে দেহও থাকে না। অতএব এই সম্পূর্ণ পৃথক্ তত্ত্বদ্বয়ের একত্র মিলন যে কিরূপে হয়, আপনি তাহা অনুগ্রহ পূর্ব্বক বর্ণন করুন্! আপনার দয়া ব্যতীত আমরা ইহা অবধারণেও সক্ষম হইব না। আপনার মাহামায়ার প্রভাবে আমরা সকলে জ্ঞানহীন মূর্খের ন্যায়, অবস্থান করিতেছি; আপনি এই মায়ার গতি বিলক্ষণ অবগত আছেন;

প্রকৃতৌ লক্ষ্যতে হ্যাত্মা প্রকৃতিশ্চ তথাত্মনি ॥ ২৫ ॥
এবং মে পুণ্ডরীকাক্ষ মহান্তং সংশয়ং হৃদি।
ছেত্তুমর্হসি সর্ব্বজ্ঞ বচোভির্নয়নৈপুণৈঃ ॥ ২৬ ॥
ত্বত্তো জ্ঞানং হি জীবানাং প্রমোষস্তেঽত্র শক্তিতঃ।

অন্বয়ঃ।

প্রকৃতৌ তৎকার্য্যে দেহে আত্মা লক্ষ্যতে তথা আত্মনি পুরুষে প্রকৃতিঃ চ লক্ষ্যতে ॥ ২৫ ॥

হে সর্ব্বজ্ঞ পুণ্ডরীকাক্ষ! মে মম হৃদি বর্ত্তমানং এবং মহান্তং সংশয়ং সন্দেহং, নয়নৈপুণৈঃ (নয়ে যুক্তৌ নৈপুণং অবাধিতত্বং, যেষাং তৈঃ) বচোভিঃ ছেত্তুং নিরাকর্ত্তুং, অর্হসি যোগ্যঃ ভবসি ॥ ২৬ ॥

হি যস্মাৎ অত্র সংসারে, জীবানাং জ্ঞানং ত্বত্তঃ ত্বৎপ্রসাদাৎ এব ভবতি তথা জ্ঞানস্য

শ্রীধরস্বামী।

তদেব ব্যনক্তি। প্রকৃতৌ তৎকার্য্যে দেহে প্রকৃতিশ্চাত্মনি তেন বিনা তস্যা অপ্রতীতেঃ অহমিত্যভেদপ্রতীতে র্ন দেহাত্মনো ভেদো লক্ষ্যত ইত্যর্থঃ ॥ ২৫ ॥

হৃদি বর্ত্তমানং সংশয়ং নয়ে যুক্তৌ নৈপুণং প্রাবীণ্যং যেষাং তৈঃ ॥ ২৬ ॥

অর্হসীত্যুক্তং তত্র হেতুমাহ। হি যস্মাৎ ত্বত্তঃ ত্বৎপ্রসাদাদেবাত্র জ্ঞানে প্রমোষো ভ্রংশঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যোন্যাপাশ্রয়ং বিবৃণোতি। প্রকৃতৌ তৎকার্য্যে দেহে লক্ষ্যতে তথা প্রকৃতিকার্য্যো দেহশ্চ আত্মনীতি তয়োরন্যোন্যাধিষ্ঠানত্বেনান্যোন্যাশ্রিতত্বং ॥ ২৫ ॥

ছেত্তুমর্হসি। প্রকৃতেঃ সকাশাৎ পরমাত্মানং পার্থক্যেন দর্শয়িত্বেতি ভাবঃ। নয়ে যুক্তৌ নৈপুণং প্রাবীণ্যং যেষাং তৈঃ ॥ ২৬ ॥

ত্বত্তো জ্ঞানং ত্বয়ৈব বিদ্যাশক্ত্যা জ্ঞানপ্রদানমিত্যর্থঃ। তেঽত্র শক্তিতঃ প্রমোষ ইতি তব

প্রকৃতির কার্য্য দেহে আত্মার উপলব্ধি হয় এবং আত্মাতে দেহাদি প্রকৃতিরও উপলব্ধি হইয়া থাকে ॥ ২৫ ॥

হে পদ্মপলাশলোচন সর্ব্বজ্ঞ ভগবন্! আমার মনোমধ্যে এই বিষম সন্দেহ উৎপন্ন হইয়াছে; অনুগ্রহ পূর্ব্বক যুক্তিযুক্ত বাক্যের প্রয়োগে আমার উক্ত সংশয় অপনোদন করুন্ ॥ ২৬ ॥

হে ভগবন্! এই সংসার-প্রবাহে পতিত জীবগণের পরমার্থজ্ঞান এক আপনার প্রসাদেই প্রকটিত হয় এবং ভবদীয় অবিদ্যাশক্তির প্রভাবেই জীবগণ

আভাস।

অতএব যাহাতে আমরা তাহার ব্যাপার অবধারণে সক্ষম হই, আপনিই তাহার ব্যবস্থা করুন্। এতদ্দ্বারা পুরুষ এবং প্রকৃতি দুই একের ন্যায় প্রতিপন্ন হইলেও, যে উপায়ে তাহার

ত্বমেব হ্যাত্মমায়ায়া গতিং বেত্থ নচাপরঃ॥ ২৭॥

শ্রীভগবানুবাচ॥

প্রকৃতিঃ পুরুষশ্চেতি বিকল্পঃ পুরুষর্ষভ।

অন্বয়ঃ।

প্রমোষঃ ভ্রংশঃ, চ তব শক্তিতঃ অবিদ্যাতঃ, এব ভবতি। হি অতঃ, আত্মমায়ায়াঃ গতিং মার্গং, ত্বং এব বেত্থ জানাসি অপরঃ ন বেদ॥ ২৭॥

শ্রীভগবান্ উবাচ। হে পুরুষর্ষভ! পুরুষঃ প্রকৃতিঃ চ ইতি তয়োঃ বিকল্পঃ অত্যন্তঃ ভেদঃ এব। যতঃ এষঃ সর্গঃ (সৃজ্যতে ইতি সর্গঃ দেহেন্দ্রিয়ান্তঃকরণাদিসঙ্ঘাতঃ) বৈকারিকঃ

শ্রীধরস্বামী।

তে শক্তিতঃ মায়াতঃ। নন্ু স্বপ্রকাশস্যাত্মনঃ কথং জ্ঞানপ্রমোষঃ জ্ঞানদানে তৎপ্রমোষে বা মম কিং প্রয়োজনং তত্রাহ ত্বমেবেতি॥ ২৭॥

বিকারাবিকারাভ্যাং নানাত্বৈকত্বাভ্যাং সাপেক্ষনিরপেক্ষপ্রকাশাপ্রকাশাভ্যাঞ্চাত্যন্তভেদং বক্তুমাহ প্রকৃতিঃ পুরুষশ্চেতি। বিকল্পোঽত্যন্তভেদ এব। কুত ইত্যপেক্ষায়াং প্রকৃতিশব্দোক্ত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যা শক্তিরবিদ্যা তয়ৈব জ্ঞানস্য চৌর্য্যমিত্যর্থঃ। নন্ু মদ্ভক্তৈর্জ্ঞানচৌর্য্যেণ কিং প্রয়োজনং তত্রাহ ত্বমেবেতি॥ ২৭॥

প্রকৃতিপুরুষয়োর্বিকারিত্বাবিকারিত্বাভ্যাং নানাত্বৈকত্বাভ্যাং পরস্পরাপেক্ষত্বনিরপেক্ষত্বাভ্যাং পরপ্রকাশ্যত্বস্বপ্রকাশ্যত্বাভ্যাঞ্চাত্যন্তভেদং বক্তুমাহ চতুর্ভিঃ প্রকৃতিঃ পুরুষশ্চেতি।

ভ্রষ্টজ্ঞানের ন্যায় বিচরণ করে; অতএব স্বকীয় মায়ার সামর্থ্য আপনি বিলক্ষণ অবগত আছেন; আপনি ব্যতীত অন্য কেহই তাহার নিরূপণে সক্ষম হয় না॥ ২৭॥

ভগবান্ বলিলেন, হে পুরুষশ্রেষ্ঠ উদ্ধব! পুরুষ ও প্রকৃতির মধ্যে বিলক্ষণ

আভাস।

পার্থক্য স্পষ্টত উপলব্ধ হয়, তাহাই অবগত হইবার নিমিত্ত উদ্ধবের প্রশ্ন॥ ২৩—২৭॥

পুরুষ অবিকারী এবং অদ্বিতীয়; অন্যের অপেক্ষা না করিয়া, নিজেই স্বপ্রকাশভাবে অবস্থান করেন; কিন্তু প্রকৃতি বিকারী, বহুরূপা এবং পুরুষের সাহায্য ব্যতীত নিজে প্রকাশমান হইতে পারেন না; এইভাব প্রকাশ করত ভগবান্ শ্রীকৃষ্ণ শ্লোকচতুষ্টয়ে প্রকৃতি ও পুরুষের বিবেক ব্যাখ্যা করিয়াছেন। বিকল্প অর্থে, ভেদ বুঝায়। প্রকৃতি হইতে পুরুষ যে সম্পূর্ণ ভিন্ন, তাহা প্রত্যক্ষসিদ্ধ। কারণ যাহা সৃষ্ট হয়, তাহা প্রকৃতির কার্য্য; এবং সেই সমগ্র কার্য্যবর্গই এখানে প্রকৃতিনামে অভিহিত হইয়াছে। প্রকৃষ্টরূপে যিনি প্রসূত করেন; অর্থাৎ স্বয়ংই তাদৃশ বিচিত্রভাবে পরিণতা হন, তিনিই প্রকৃতি। ত্রিগুণাত্মিকা প্রকৃতির সত্ত্ব, রজঃ ও তমোগুণের বৈষম্যই বিচিত্রতা প্রতিপাদনের হেতু। এই গুণবৈষম্য ভাবই বিশ্বসংসাররূপে

এষ বৈকারিকঃ সর্গো গুণব্যতিকরাত্মকঃ ॥ ২৮ ॥
মমাঙ্গ মায়া গুণময্যনেকধা বিকল্পবুদ্ধীশ্চ গুণৈর্বিধত্তে।

অন্বয়ঃ।

জন্মাদিনানাবিকারবান্, গুণব্যতিকরাত্মকঃ গুণক্ষোভকৃতঃ (গুণানাং অন্যোন্যমেলনেন কৃতঃ এব) ॥ ২৮ ॥

হে অঙ্গ! গুণময়ী মম মায়া প্রকৃতিঃ অনেকধাঃ বিকল্পবুদ্ধীঃ (বিকল্পং ভেদং তদ্বুদ্ধীঃ চ)

শ্রীধরস্বামী।

দেহাদিসংঘাতস্য বিকারিত্বং তাবদ্দর্শয়তি এষ ইতি সার্দ্ধদ্বাভ্যাং। এষ সর্গঃ। সৃজ্যতে ইতি সর্গো দেহাদিসংঘাতঃ বৈকারিকঃ বিকারবান্। অত্র হেতুঃ। গুণব্যতিকরাত্মকঃ গুণক্ষোভকৃতঃ ॥ ২৮ ॥

নানাত্বমাহ মমেতি। বিকল্পং ভেদং তদ্বুদ্ধীশ্চ অনেকধাত্বং প্রপঞ্চয়তি বৈকারিকোঽনে-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিকল্পো ভেদঃ। প্রকৃতেঃ সকাশাৎ পুরুষো ভিন্ন এব তদপি দৃশ্যতে ন ভিদানয়োরিতি কথং ব্রবীষীতি ভাবঃ। কুত ইত্যপেক্ষায়ামাহ এষ সৃজ্যত ইতি সর্গো দেহাদিসঙ্ঘাতঃ প্রকৃতি-কার্য্যত্বাৎ প্রকৃতিশব্দোক্তঃ বৈকারিকঃ নানাবিকারবান্ যতো গুণব্যতিরেকাৎ গুণক্ষোভাদেব আত্মস্বরূপং যস্য সঃ। গুণক্ষোভকৃত ইতি প্রকৃতৌ বিকারো দর্শিতঃ। পুরুষস্তু কেবল-মীক্ষমাণো নির্ব্বিকারঃ প্রসিদ্ধ এবেতি ভাবঃ ॥ ২৮ ॥

নানাত্বমাহ মমেতি। বিকল্পং ভেদং তদ্বুদ্ধীশ্চ। বৈকারিকঃ। অনেকবিকারবানপি

পার্থক্য আছে। কারণ এই যে দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণাদির মিলনে উৎপন্ন গুণক্ষোভকৃত জন্মাদি নানাবিকারবিশিষ্ট সৃষ্টি অবলোকন করিতেছ! ॥ ২৮ ॥

এই সমস্তই মদীয়া গুণময়ী প্রকৃতি গুণত্রয়ের বৈষম্যে নানাভাবে ও

আভাস।

দেহ, ইন্দ্রিয় এবং অন্তঃকরণরূপে পরিণত হইয়া, বিকারের উৎপাদন করে। অগ্নির সাহায্যে দৃঢ় ও কঠিন লৌহ কোমল হইয়া, যেমন নানাপ্রকার লৌহময় অস্ত্র শস্ত্র ও সূচিকাদিরূপে পরিণত হয়, অথচ অগ্নির সহিত সেই লৌহনিষ্ঠ পরিণামের কোন সম্বন্ধ থাকে না, সেইরূপ নির্ব্বিকার পরমাত্মার ঈক্ষণে মাত্র প্রকৃতি কার্য্যবর্গকে উৎপাদন করেন; কিন্তু কার্য্যের সহিত নিরঞ্জন পরম পুরুষের কোন সম্পর্ক নাই। অথচ পরম পুরুষের অনুগ্রহ ব্যতীত প্রকৃতি একাকী কোন কার্য্যই করিতে পারেন না। স্থাণুর ন্যায়, অচেতন ভাবেই অবস্থান করেন মাত্র ॥২৮॥

এই শ্লোকে প্রকৃতিকৃত কার্য্যের বৈচিত্রভাবের ব্যবস্থা প্রতিপাদন করা হইয়াছে। সাধারণত বৈকারিক ভেদ অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈব ভেদে তিন প্রকার। অর্থাৎ স্থূল ও সূক্ষ্মভেদে প্রথমত কার্য্য দুইভাগে বিভক্ত; কারণরূপ সূক্ষ্মভাব কার্য্যরূপ স্থূল-ভাবের উৎপাদন করে; সুতরাং কার্য্য প্রয়োজনের অবসানে, কারণেই নিবিষ্ট হয়।

বৈকারিকস্ত্রিবিধোঽধ্যাত্মমেকথাধিভূতমধিদৈবমন্যৎ ।। ২৯ ।।
দৃগ্ রূপমার্কং বপুরত্র রন্ধ্রে পরস্পরং সিদ্ধ্যতি যঃ স্বতঃ খে।

অন্বয়ঃ।

গুণৈঃ বিধত্তে। বৈকারিকঃ তাবৎ ত্রিবিধঃ অধ্যাত্মং একধা, অধিভূতং দ্বিতীয়ং, অধিভূতং অন্যৎ তৃতীয়ং ॥ ২৯ ॥

তত্র দৃক্ চক্ষুঃ, (অধ্যাত্মং) রূপং (অধিভূতং) চক্ষুরন্ধ্রে চক্ষুর্গোলকে (প্রবিষ্টং) আর্কং বপুঃ সূর্য্যাংশঃ (অধিদৈবং এতৎ ত্রয়ং) পরস্পরং সিদ্ধ্যতি অয়ং যঃ তু খে আকাশে, (মণ্ডলাত্মা অর্কঃ সঃ তু) স্বতঃ (প্রতিযোগ্যপেক্ষায় বিনৈব সিদ্ধ্যতি। যৎ যস্মাৎ যঃ আত্মা সঃ

শ্রীধরস্বামী।

কবিকারবানপি স্থূলেন মার্গেণ তাবত্রিবিধঃ। ত্রৈবিধ্যমেবাহ অধ্যাত্মমিত্যেকরূপং ॥ ২৯ ॥

তানি রূপাণি দর্শয়তি দৃগধ্যাত্মং। রূপং অধিভূতং। অত্র রন্ধ্রে চক্ষুর্গোলকে প্রবিষ্টমার্কং বপুরংশোঽধিদৈবমিতি। সাপেক্ষপ্রকাশমাহ পরস্পরমিতি। চক্ষুষা রূপং জ্ঞায়তে তদন্যথানুপপত্ত্যা চক্ষুস্তৎপ্রবৃত্ত্যন্যথানুপপত্ত্যা তদধিষ্ঠাত্রী দেবতা ততশ্চ চক্ষুষঃ প্রবৃত্তিস্ততো রূপজ্ঞানমিতি এবমেব ত্রয়ং পরস্পরং সিদ্ধ্যতি অত্র রন্ধ্রে ইতি বিশেষণব্যাবর্ত্ত্যমাহ দৃষ্টান্তোপযোগিতয়া যস্ত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থূলতস্ত্রিবিধঃ। তত্রাধ্যাত্মমিত্যেকং অথ অধিভূতমিতি দ্বিতীয়ং অধিদৈবমন্যৎ তৃতীয়ং ॥ ২৯ ॥

ত্রৈবিধ্যং দর্শয়তি দৃক্ অধ্যাত্মং; রূপমধিভূতং; আর্কং বপুরর্কাংশোঽধিদৈবং অত্র রন্ধ্রে চক্ষুর্গোলকে পরস্পরাপেক্ষত্বমাহ পরস্পরং সিদ্ধ্যতীতি চক্ষুষা রূপং জ্ঞায়তে রূপজ্ঞানান্যথানুপপত্ত্যা চক্ষুঃ চক্ষুঃপ্রবৃত্ত্যন্যথানুপপত্ত্যা তদধিদৈবং ততশ্চক্ষুষঃ প্রবৃত্তিস্ততো রূপজ্ঞানমিত্যেবমেতত্ত্রয়ং পরস্পরং সিদ্ধ্যতি পরমাত্মা তু নিরপেক্ষ এব। তত্র দৃষ্টান্তঃ। য ইতি যস্ত খে

কল্পনায় প্রস্তুত করিয়া থাকেন। এই বিকারও অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈব ভেদে ত্রিবিধভাবে বর্ণিত হয় ।। ২৯ ।।

যথা দৃক্শক্তি চক্ষুকে অধ্যাত্মনামে, তাহার বিষয় রূপকে অধিভূত নামে এবং চক্ষুর আশ্রয় গোলকরন্ধ্রে অধিষ্ঠিত সূর্য্যাংশস্বরূপ দিবাকরকে অধিদৈব নামে আখ্যাত করা হয়। এস্থলে এই তিনের পরস্পর সম্বন্ধ থাকিলেও

আভাস।

অতএব কারণ কার্য্যে ব্যাপ্ত হয়; কার্য্য কারণের অধীন। এই নিমিত্ত স্থূল রূপ সূক্ষ্ম দর্শনেন্দ্রিয়ের গ্রাহ্য; কারণ সূক্ষ্ম রূপতন্মাত্রার সমানজাতি দর্শনেন্দ্রিয়। কিন্তু ব্যষ্টি দর্শনেন্দ্রিয় স্থূল রূপে ব্যাপ্ত হইতে পারে মাত্র, কিন্তু পরিমাণের তারতম্যে তাহা আপনাতে সংগ্রহ করিতে পারে না; বরং স্থূলরূপের সংসর্গে স্বয়ং ক্ষীণ হইয়া পড়ে। তখন সমষ্টিরূপ সূর্য্য তাহার অভাব পূরণ করত, পুষ্টিসাধন করিয়া থাকেন। অতএব প্রত্যেক সমষ্টি কারণ যাহা ব্যষ্টিকারণকে সামর্থ্য প্রদানে পুষ্টি করে, তাহাকেই এখানে অধিদৈবনামে অভিহিত করা হইয়াছে; এবং

আত্মা যদেষামপরো য আদ্যঃ স্বয়ানুভূত্যাঽখিলসিদ্ধসিদ্ধিঃ॥ ৩০॥

অন্বয়ঃ।

এষাং অধ্যাত্মাদীনাং আদ্যঃ কারণং; অতঃ এভ্যঃ অপরঃ ভিন্নঃ, স্বয়া অনুভূত্যা স্বতঃসিদ্ধ-প্রকাশেন, অখিলসিদ্ধসিদ্ধিঃ (অখিলানাং সিদ্ধানাং অপি সিদ্ধিঃ প্রকাশঃ যস্মাৎ সঃ প্রকাশকঃ ত্বং এব॥ ৩০॥

শ্রীধরস্বামী।

খে আকাশে অর্কো বর্ত্ততে মণ্ডলাত্মা সতু স্বতঃ সিদ্ধ্যতি চক্ষুর্বিষয়ত্বেঽপি প্রতিযোগ্যপেক্ষা-ভাবমাত্রেণ স্বত ইত্যুক্তং ইদানীমাত্মনো বিকারিত্বাদ্যভাবেন ভেদমাহ। যদ্যস্মাদাত্মা এষা-মধ্যাত্মাদীনামাদ্যঃ কারণং অত একরূপঃ অভিন্নশ্চ তস্মাদেভ্যোঽপরো ভিন্নঃ স্বপ্রকাশত্বাদ-পীত্যাহ স্বয়ানুভূত্যা স্বতঃসিদ্ধপ্রকাশেনাখিলানাং সিদ্ধানাং পরস্পরং প্রকাশকানামপি প্রকাশকঃ সর্ব্বেষামপি সামান্যতঃ চিৎপ্রকাশবিষয়ত্বাৎ অতএব তস্য স্বপ্রকাশত্বং সিদ্ধং॥৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আকাশে অর্কো বর্ত্ততে মণ্ডলাত্মা সতু স্বতএব সিদ্ধ্যতি। তথৈবাত্মা পরমাত্মা বং যস্মাদেষা-মধ্যাত্মাদীনামাদ্যঃ কারণং একবচনাদেকঃ। যোঽপরঃ কারণত্বাদেব এতেভ্যো ভিন্নঃ স্বয়ানু-ভূত্যা স্বতঃসিদ্ধপ্রকাশেন অখিলানাং সিদ্ধানাং পরস্পরপ্রকাশকানামধ্যাত্মাদীনামপি সিদ্ধি-র্ব্বস্তুতঃ প্রকাশো যস্মাৎ সঃ। তেন নিরপেক্ষত্বাদেকত্বাদন্যপ্রকাশকত্বাচ্চ পুরুষঃ প্রকৃতের্ভিন্ন ইতি প্রতিপাদিতং॥ ৩০॥

সূর্য্যদেব যেমন অবিরোধে নভোমণ্ডলেই অবস্থান করেন, সেইরূপ যিনি এই সমষ্টি অধ্যাত্মাদির কারণস্বরূপ আদিভূত পরমাত্মা, তিনি এই সমগ্র বিকার হইতে সম্পূর্ণ পৃথক্ থাকিয়াও সকল সিদ্ধির প্রকাশ-বিধানে স্বকীয় স্বরূপে স্বপ্রকাশভাবে অবস্থান করেন॥ ৩০॥

আভাস।

প্রত্যেক ব্যষ্টিকারণকে অধ্যাত্ম এবং স্থূল ভাবাপন্ন সমষ্টি ও ব্যষ্টি কার্য্যকে অধিভূত নামে নির্দ্দেশ করা হইয়াছে। ব্যষ্টি কার্য্যের উৎপাদন, সংগ্রহ বা তাহাতে ব্যাপ্ত হইতে হইলে, ব্যষ্টি কারণের পক্ষে সমষ্টি তজ্জাতীয় কারণের অপেক্ষা আছে; এই নিমিত্ত চক্ষুকে রূপ গ্রহণ করিতে হইলে, সূর্য্যাদি জ্যোতিষ্কের নিকট হইতে সাহায্যলাভের প্রয়োজন। জীবের কর্ণ-রূপ ইন্দ্রিয় ব্যষ্টি; অর্থাৎ ক্ষুদ্র; শব্দগ্রহণ করিতে হইলে সমষ্টিভূত দিক্‌দেবতারূপ কারণভাবের সহায় প্রয়োজন। অতএব স্থূল ও সূক্ষ্মভাবে প্রথমত বিভক্ত বিকার, সমষ্টিও ব্যষ্টিভাবে অনন্তভাবের পরিচয় দেয়। সুতরাং প্রকৃতি হইতে উৎপন্ন তত্ত্বগ্রাম কেবল তদুত্তরে তদপেক্ষা স্থূলভাবের উৎপাদন করিয়াই যে বিচিত্রতার পরিসমাপ্তি করিয়াছে, এমত নহে; প্রত্যেক সমষ্টিতে ব্যষ্টি ভাবের প্রতিপাদনে, এই অনন্ত বিশ্বের অনন্ত ভাবের সমর্থন হইয়া থাকে। বন বলিলে, একটী সমষ্টি বুঝায়; কিন্তু তদন্তরে অনন্ত বৃক্ষরূপ ব্যষ্টিভাবের পরিচয় যেমন থাকে,

এবং ত্বগাদি শ্রবণাদি চক্ষুর্জিহ্বাদি নাসাদি চ চিত্তযুক্তং ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

এবং যথা চক্ষুঃ তথা ত্বগাদি (ত্বক্ স্পর্শঃ বায়ুরিতি) শ্রবণাদি (শ্রবণং শব্দঃ দিশঃ ইতি) চক্ষুষঃ (চক্ষুঃ রূপং সূর্য্যাংশঃ ইতি) জিহ্বাদি (জিহ্বা রসঃ বরুণ ইতি) নাসাদি (নাসা গন্ধঃ অশ্বিনৌ ইতি) চিত্তযুক্তং (চিত্তেন যুক্তং অন্তঃকরণান্তরং অপি চিত্তং চেতয়িতব্যং বাসুদেব ইতি মনো মন্তব্যং চন্দ্র ইতি বুদ্ধিঃ বোদ্ধব্যং ব্রহ্মেতি অহঙ্কারোঽহঙ্কর্ত্তব্যং রুদ্র ইতি এবং ত্রিবিধং জ্ঞেয়ং) ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

চক্ষুষি দর্শিতং ত্রৈবিধ্যমিন্দ্রিয়ান্তরেষ্বপ্যতিদিশতি এবমিতি। যথা চক্ষুরেবং ত্বগাদ্যপীত্যর্থঃ। ত্বক্ স্পর্শো বায়ুরিতি। শ্রবণং শব্দো দিশ ইতি। জিহ্বা রসো বরুণ ইতি। নাসা গন্ধোঽশ্বিনাবিতি। চিত্তেন যুক্তমন্তঃকরণান্তরমপি। তত্র চিত্তং চেতয়িতব্যং বাসুদেব ইতি। মনো মন্তব্যং চন্দ্র ইতি। বুদ্ধির্বোদ্ধব্যং ব্রহ্মেতি। অহঙ্কারোঽহংকর্ত্তব্যং রুদ্র ইত্যেবং ত্রিবিধমিত্যর্থঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চক্ষুষি দর্শিতং তত্রৈবিধ্যমিন্দ্রিয়ান্তরেষ্বপ্যতিদিশতি এবমিতি। যথা চক্ষুরিতি চক্ষু রূপমর্কাংশ এবং ত্বগাদি। ত্বক্স্পর্শো বায়ুরিতি। শ্রবণাদি শ্রবণং শব্দো দিশ ইতি। জিহ্বাদি

যেমন চক্ষুর সম্বন্ধে অধ্যাত্মাদি ভাবের নিরূপণ করা হয়, ত্বগাদিতেও তদনুরূপ ধারণা করা বিধেয়। যথা ত্বক্‌শক্তি অধ্যাত্ম, স্পর্শতন্মাত্র অধিভূত এবং তদধিষ্ঠাত্রী বায়ুদেবতা ইহার অধিদৈব। শ্রবণশক্তি অধ্যাত্ম, শব্দতন্মাত্র অধিভূত এবং তদধিষ্ঠাত্রী দিক্‌সমূহ অধিদৈব ! জিহ্বাশক্তি অধ্যাত্ম, রসতন্মাত্রা অধিভূত এবং বরুণ ইহার অধিষ্ঠাত্রী দেবতা। নাসাশক্তি অধ্যাত্ম, গন্ধতন্মাত্র

আভাস।

সেইরূপ প্রকৃতির প্রত্যেক সমষ্টিস্তরে ব্যষ্টিভাবের পরিচয় আছে; এবং পরস্পর পরস্পরের অপেক্ষা করে। কিন্তু যিনি কাহারও অপেক্ষা না করিয়া, স্বয়ংসিদ্ধরূপে অবস্থান করেন এবং প্রত্যেক কার্য্যবর্গের অন্তর্নিহিত শক্তিতে আশ্রয় প্রদানে কার্য্যে প্রবৃত্তিভাবের পরিচয় দিয়াছেন, তিনিই আত্মা। এতদর্থে শ্রুতিতেও উক্ত আছে, "সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্ন লিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈঃ। এক স্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ" ॥ দিবাকর জীবমাত্রেরই দৃষ্টিশক্তি প্রদান করিতেছেন বটে, কিন্তু উৎকৃষ্ট বা অপকৃষ্ট বস্তুর সংস্রবে লোকের চক্ষু দূষিত হইলেও, প্রভাকরের তাহাতে কোন দোষের সংস্রব হয় না, সেইরূপ সকল ভূতের অন্তরে অন্তর্যামিরূপে বিদ্যমান থাকিয়াও, অদ্বিতীয় পরম পুরুষ জনকৃত পাপপুণ্য, সুখদুঃখ বা বন্ধন মুক্তির অন্তর্গত হন না। তিনি অধ্যাত্মাদি সকলভাবের প্রকাশক ও তাৎপ্রদ; কিন্তু স্বয়ং নির্লিপ্তভাবে ও স্বয়ংজ্যোতিঃস্বরূপে নিত্য বিরাজ করিয়া থাকেন ॥ ৩০ ॥

যোঽসৌ গুণক্ষোভকৃতো বিকারঃ প্রধানমূলান্মহতঃ প্রসূতঃ।

অন্বয়ঃ।

গুণক্ষোভকৃতঃ (গুণানাং ক্ষোভং সাম্যত্যাগং করোতীতি গুণক্ষোভকৃৎ কালঃ পরমেশ্বরঃ বা তস্মাৎ) প্রধানমূলাৎ (প্রধানং মূলং উপাদানং যস্য তস্মাৎ) মহতঃ প্রসূতঃ বৈকারিকঃ সাত্ত্বিকঃ,

শ্রীধরস্বামী।

নমু চ পুনরপি বৈলক্ষণ্যমাত্রমেবোক্তং ত্রিবিধপ্রপঞ্চব্যতিরিক্তাত্মপ্রাপ্তিস্তু কুতঃ স্যাৎ অহঙ্কারনিবৃত্ত্যা তৎকৃতত্রিবিধবিকল্পনিবৃত্ত্যৈবেত্যাশয়েনাহ যোঽসাবিতি। যোঽসাবহঙ্কারঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

জিহ্বা রসো বরুণ ইতি। নাসাদি নাসাগন্ধোঽশ্বিনাবিতি। চিত্তযুক্তং চিত্তাদিব চিত্তং চেতয়িতব্যং বাসুদেবাংশ ইতি। উপলক্ষণমেতৎ। মনো মন্তব্যং চন্দ্র ইতি। বুদ্ধির্বোদ্ধব্যং ব্রহ্মেতি। অহঙ্কারোঽহঙ্কর্ত্তব্যং রুদ্র ইতি। এবমন্যদপি সর্ব্বং ত্রিবিধমিতি ॥ ৩১ ॥

নম্বসৌ নানাবিকারময়ঃ প্রাকৃতঃ প্রপঞ্চঃ সত্যো মিথ্যা বা বাদিনাং মতবৈবিধ্যান্নিশ্চেতুম-

---

অধিভূত এবং অশ্বিনীকুমার অধিদৈব। সেইরূপ চিত্ত অধ্যাত্ম, চেতয়িতব্য বিষয় তাহার অধিভূত এবং বাসুদেব অধিদৈব। মনেরও মননশক্তি, মন্তব্য বিষয় ও চন্দ্র এবং বুদ্ধির শক্তি, বোদ্ধব্য বিষয় ও ব্রহ্মা এবং অহঙ্কারের শক্তি, বিষয় ও রুদ্রদেবতাকে পর্য্যায়ক্রমে অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈবভেদে নিরূপণ করা কর্ত্তব্য ॥ ৩১ ॥

গুণত্রয়ের বৈষম্যকারী পরমেশ্বর বা কালের প্রতাপে মূল কারণ উপাদান-

আভাস

আধ্যাত্মাদি ত্রিবিধ ভাবের পরিচয় যেমন কেবল চক্ষুতে প্রদর্শন করান হইয়াছে, সেইরূপ অন্যান্য ইন্দ্রিয়বর্গেও তাহার অতিদেশ করা প্রয়োজন। অর্থাৎ চক্ষুর ন্যায়, ত্বগাদি ইন্দ্রিয়-বর্গেও ঐরূপ অধ্যাত্মাদি ত্রিবিধ ভাব আছে, যথা। জীবের কর্ণরূপ শ্রবণবিবরে একটী সূক্ষ্ম শক্তি আছে, যাহার সাহায্যে জীব স্থূল শব্দকে স্বীয় বিষয়রূপে গ্রহণ করিয়া থাকে এবং এই গ্রহণ ব্যাপারে স্বজাতীয় সমষ্টিভূত সূক্ষ্মতত্ত্ব দিক্ দেবতার সাহায্য প্রাপ্ত হইয়া থাকে। এস্থলে ইন্দ্রিয়শক্তি অধ্যাত্ম, সাহায্যকারী দিগ্‌দেবতা অধিদৈব ও গ্রাহ্য স্থূল শব্দ অধিভূত নামে অভিহিত হইয়াছে। এইরূপ জিহ্বার সম্বন্ধে রসনেন্দ্রিয় এবং গ্রাহ্য স্থূল রস ও বরুণ দেবতা, নাসার সম্বন্ধে ঘ্রাণেন্দ্রিয়শক্তি, গন্ধ ও অশ্বিনীকুমার দেবতা, ত্বকের সম্বন্ধে স্পর্শেন্দ্রিয়, স্থূল স্পর্শ বায়ু ও পবনদেবতা, যথাক্রমে অধ্যাত্ম, অধিভূত এবং অধিদৈবনামে আখ্যাত হইয়াছে। বাহ্যেন্দ্রিয়ের ন্যায়, অন্তঃকরণবর্ত্তী অন্তরিন্দ্রিয়েরও এইরূপ ত্রিবিধ ভাব অবধারণীয়। যথা, চিৎশক্তি, চেতয়িতব্য বিষয় এবং বাসুদেব দেবতা; মননশক্তি, মন্তব্য পদার্থ এবং চন্দ্র দেবতা; বুদ্ধির বিচার শক্তি, বোদ্ধব্য বিষয় ও ব্রহ্মা দেবতা; অহঙ্কার শক্তি অহঙ্কারের বিষয় এবং রুদ্রদেবতাকে যথাক্রমে পরস্পরের অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈব ভাব-রূপে নিশ্চয় করা কর্ত্তব্য ॥ ৩১ ॥

অহং ত্রিবিম্মোহবিকল্পহেতুর্বৈকারিকস্তামস ঐন্দ্রিয়শ্চ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

তামসঃ, ঐন্দ্রিয়ঃ রাজসঃ চ ইতি ত্রিবৃৎ ত্রিবিধঃ, যঃ অসৌ বিকারঃ, অহং অহঙ্কারঃ, সঃ এব মোহ-বিকল্পহেতুঃ (মোহেন স্বরূপাজ্ঞানেন যো বিকল্পঃ দেবোঽহমিত্যাদিভেদস্তস্য হেতুঃ ইতি) ॥৩২

শ্রীধরস্বামী।

তমেবাহ গুণক্ষোভং করোতীতি তথা ততঃ পরমেশ্বরাৎ কালাদ্বা নিমিত্তাৎ প্রধানং মূলমুপাদানং যস্য তস্মান্মহতঃ প্রসূতো বিকারঃ স ত্রিবৃৎ ত্রিবিধঃ মোহময়স্য বিকল্পস্য হেতুঃ। ত্রিবৃত্ত-মেবাহ বৈকারিক ইতি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শক্যত্বাৎ পৃচ্ছ্যত ইত্যাকাঙ্ক্ষায়ামনুবাদপূর্ব্বকমাহ যোঽসাবিতি দ্বাভ্যাং। গুণক্ষোভকার্য্যঃ বিকারময়ঃ প্রপঞ্চপ্রধানমূলাৎ প্রধানহেতুকাৎ মহতঃ সকাশাৎ প্রসূত উদ্ভূতো যোঽহং অহঙ্কার-স্তস্মাত্রিবৃৎ ত্রিরূপীভূতঃ। ত্রিবৃত্ত্বমেবাহ বৈকারিকস্তামস ঐন্দ্রিয়শ্চেতি। অধিদৈবাধি-ভূতাধ্যাত্মাদিময়ঃ স হি মোহবিকল্পহেতুঃ। মোহেনাজ্ঞানেন হেতুনা সত্যো বা মিথ্যা বা নিত্যো বেত্যেবং বিকল্পস্য হেতুঃ ॥ ৩২ ॥

ভূতা প্রকৃতি হইতে প্রথম প্রসূত মহত্তত্ত্ব সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভেদে যে অহঙ্কারতত্ত্বের উৎপাদন করে, সেই প্রধান বিকারই স্বরূপজ্ঞানের আবরণ করত, আমি দেবতা বা মনুষ্য ইত্যাদি বিবেচনায় ভেদজ্ঞানের উপস্থিতি ঘটায় ॥ ৩২ ॥

আভাস।

পুরুষ প্রকৃতির বৈলক্ষণ্য মাত্র কথিত হইয়াছে; এক্ষণে ত্রিবিধ প্রপঞ্চের অতীত আত্মার সাক্ষাৎকার লাভ করিতে হইলে, এই অহঙ্কারের নিবৃত্তি করা প্রয়োজন ইহাই বক্তব্য। অহঙ্কারকৃত বিকল্পের নিবৃত্তি না হইলে, অহঙ্কারের নিবৃত্তি হয় না; সুতরাং রোগের নিবৃত্তি করিতে হইলে, যেমন রোগের কারণ পরিজ্ঞাত হওয়া আবশ্যক, সেইরূপ অহঙ্কারোৎপন্ন ত্রিবিধ বিকারের উপশমনার্থ তাহার উৎপত্তির ক্রমও পরিজ্ঞাত হওয়া প্রয়োজন। সেই নিমিত্ত এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, কালরূপী পরমেশ্বরের উপলক্ষে মূল উপাদান প্রকৃতির গুণবৈষম্যে প্রথম মহত্তত্ত্বের সৃষ্টি হয় এবং এই মহতের পরিণামে প্রসূত অহঙ্কাররূপ বিকারও ত্রিবিধ মোহময় বিকারের উৎপাদন করে। এই মোহময় বিকার সাত্ত্বিক, তামসিক ও রাজসিক বা অধিদৈব, অধিভূত এবং অধ্যাত্মভেদে ত্রিবিধ রূপ পরিগ্রহ করত অজ্ঞানহেতু সত্য মিথ্যা, নিত্য অনিত্য ইত্যাদি বিবিধ ভ্রম আনয়ন করে। ৩২ ॥

আত্মজ্ঞানের অভাবে যখন এতাদৃশ সংসারভ্রমের জন্ম হয়, তখন আত্মসাক্ষাৎকারেই তাহা প্রশমিত হইয়া যায়। মোহ কিন্তু মায়ার বিলাস মাত্র। মায়া মিথ্যা; সুতরাং তাহার কার্য্যও তত্ত্বশূন্য এবং মিথ্যা; অতএব যখন তাহার উদয় হইয়াছে, তখন পরক্ষণেই বিনিবৃত্ত

আত্মা পরিজ্ঞানময়ো বিবাদো হ্যস্তীতি নাস্তীতি ভিদার্থনিষ্ঠঃ।

অন্বয়ঃ।

ভিদার্থনিষ্ঠঃ (ভিদয়া ভেদেন অবস্থিতঃ যঃ অর্থঃ পরমার্থভূতঃ আত্মা তন্নিষ্ঠঃ অভিনয়ঃ দেবমনুষ্যাদিদেহব্যতিরিক্তঃ পরিজ্ঞানময়ঃ আত্মা অস্তি সঃ নাস্তি ইতি পুংসাং হি যস্মাৎ

শ্রীধরস্বামী।

স কুতো নিবর্ত্ততে আত্মা জ্ঞানবিলসিতত্বাৎ তজ্জ্ঞানেনেত্যাশয়েনাহ আত্মাপরিজ্ঞানময়ঃ নমু কথং মোহময়ত্বং বিকল্পস্যাহঙ্কারস্য বা কৈশ্চিৎ সত্যত্বাঙ্গীকারাৎ তত্রাহ বিবাদ ইতি। অয়ং ভিদা আত্মনিষ্ঠো বিবাদোঽপি আত্মাঽপরিজ্ঞানময় ইত্যন্বয়ঃ। যদ্বা। বিবাদঃ সর্ব্বোঽপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংশয়চ্ছেত্তারো বিবাদস এব তত্ত্বনিশ্চায়কা ইতি চেত্তেষামপি বিবাদো নোপশাম্যতীত্যাহ আত্মেতি। প্রপঞ্চোঽয়মস্তীতি সত্য ইতি কশ্চিদুপপত্ত্যা নিশ্চিনোতি অন্যস্তৎ দূষয়িত্বা নাস্তীতি মিথ্যেতি কশ্চিন্নিশ্চিনোতীতি বিবাদো হ্যাত্মনঃ পরমাত্মতত্ত্বস্যাপরিজ্ঞানসূচক ইত্যর্থঃ। আত্মনি অনুভবগোচরীকৃতে বিবাদানুপপত্তেঃ। ভিদার্থে মত্তিয়ে এব অর্থে প্রয়োজনে নতু ময়ি নিষ্ঠা নিতরাং স্থিতির্যস্মাৎ সঃ। যদ্বা। ভিদা বিদারণং পরমতখণ্ডনমেবার্থস্তত্রৈব নিষ্ঠা যস্য সঃ। কিঞ্চ। ব্যর্থো বিফলঃ তস্মাৎ ন পুণ্যং ন পাপং ন স্বর্গো ন নরকশ্চেত্যেবং নিষ্প্রয়োজনোঽপি নোপরমেতেতি মন্মায়াশক্তেরেব স স্বভাব ইতি ভাবঃ। যদুক্তং।

কিন্তু যাবতীয় ভেদের মূলে অবস্থিত যে পরমার্থভূত আত্মা দেব মনুষ্যাদি ভেদনিষ্ঠ দেহের অন্তরে অবস্থান করিয়াও ভেদাতিরিক্ত ভাবে বিরাজ করেন, কেবল তদ্বিষয়ক জ্ঞানের অভাবেই তৎসম্বন্ধীয় অস্তি নাস্তি প্রভৃতি

আভাস।

হইবে। অতএব তাদৃশ মোহ নিবারণার্থ অন্য প্রয়াস নিরর্থক। তদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, মায়ার নিবৃত্তি না হইলে, সম্প্রতি উৎপন্ন এক জাতীয় মোহের নিবৃত্তি হইলেও যে, অন্য জাতীয় মোহের উৎপত্তি হইবে না, তাহার কোন কারণ নাই। কারণ মূল থাকিলে তাহা হইতে একরূপ বা অন্যরূপ কার্য্য নিরন্তরই উৎপন্ন হইতে থাকিবে। এতদর্থে ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "অবিদ্যা ক্ষেত্রমুত্তরেষাং প্রসুপ্ততনুবিচ্ছিন্নোদারাণাং" এক অবিদ্যাই যাবতীয় মোহান্তর উৎপাদনের ক্ষেত্রস্বরূপ। অবিদ্যা প্রতিষ্ঠিত থাকিলে, তাহা হইতে অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ নামক অপর চারি প্রকারের অজ্ঞানান্তর উৎপন্ন হইয়া থাকে; এবং সেই মোহের স্তরসমূহও প্রসুপ্ত, তনু, বিচ্ছিন্ন ও উদার অর্থাৎ স্পষ্টভাবে হৃদয়ে অবস্থিত থাকে। অতএব মূল অজ্ঞান অবিদ্যার নিবৃত্তি করিতে অক্ষম হইলে, তদুৎপন্ন অন্য কোন প্রকার মোহান্তরের নিবারণ করা দুরাশা মাত্র। দেহ যতদিন থাকে, ততদিন সেই দেহকে ধর্ম্মীরূপে অবলম্বন করিয়া, নিত্য নূতন প্রকারের ব্যাধি ধর্ম্মরূপে উদ্ভাসিত হইয়া থাকে। সুতরাং মোহের হস্ত হইতে নিষ্কৃতি লাভ করিতে হইলে, তাহার কারণ

ব্যর্থোঽপি নৈবোপরমেত পুংসাং মত্তঃ পরাবৃত্তধিয়াং স্বলোকাৎ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

অপরিজ্ঞানময়ঃ (আত্মনঃ যৎ অপরিজ্ঞানং তন্ময়ঃ) যঃ বিবাদঃ ব্যর্থঃ অর্থরহিতঃ আত্মসাক্ষাৎকারেণ বাধযোগ্যত্বাৎ মিথ্যাভূতঃ অপি স্বলোকাৎ স্বরূপভূতাৎ, মত্তঃ পরাবৃত্তধিয়াং (পরাবৃত্তা বিমুখা ধীঃ যেষাং তেষাং) পুংসাং এব ন উপরমেত ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

ভিদাত্মনিষ্ঠ এব নতু বস্তুমাত্রনিষ্ঠঃ অতঃ বাদিনাং পরস্পরযুক্তিভিরেব নিরাকৃতত্বাৎ ভেদস্য মোহময়ত্বং সিদ্ধমিতি। নমু যদ্যহঙ্কারো বিকল্পশ্চ নাস্তি অলং তর্হি তন্নিবৃত্তিপ্রয়াসেন তত্রাহ ব্যর্থোঽপি অথরহিতোঽপি স্বলোকাৎ স্বরূপভূতান্মত্তো বহির্মুখানাং নৈবোপরমেত প্রত্যুত তৎকৃতৈঃ কর্মভিরুচ্চনীচদেহেষু তে সংসরন্তীতি ভাবঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বস্তুতয়ো বদতাং বাদিনাং বৈ বিবাদসম্বাদভুবো ভবন্তীতি। কিঞ্চ। বহুসম্ভবান্তে মৎপ্রাপকং মার্গং প্রাপ্যাপি তে ততশ্চ্যুতা ভবন্তীত্যাহ মত্তঃ পরাবৃত্তধিয়ামিতি। বেদশাস্ত্রার্থো হি মৎপ্রাপকো মার্গ এব তং বিবাংসন্তে মাং প্রাপ্তুং প্রবৃত্তধিয়োঽপি মধ্যে বিবাদমঙ্গীকৃত্য মত্তঃ সকাশাৎ পরাবৃত্তধিয়ো ভবন্তীতি ভাবঃ। মত্তঃ কীদৃশাৎ স্বলোকতঃ স্বান্ ভক্তানেব লোকতে কৃপয়া পশ্যতি নান্যানিতি তথা তস্মাৎ ভক্তাশ্চ বিবাদানুৎপত্তিকৃব এব তেন মচ্চিন্তনাদিনৈব স্বায়ুঃ সফলয়িতব্যং নতু বিবাদাস্পদস্য প্রপঞ্চসতত্ত্বনিশ্চয়জিজ্ঞাসয়া তদ্বিফলয়িতব্যমিতি ব্যঞ্জিতং ॥ ৩৩ ॥

ভেদজ্ঞান উপস্থিত হয়। আত্মসাক্ষাৎকারের উদয়ে এ বিবাদরূপ ভ্রমের নিবৃত্তি হয়; সাক্ষাৎ সম্বন্ধে জীবের স্বরূপভূত এই পরমাত্মভাবের অবধারণে পরাঙ্মুখ জনগণের বুদ্ধি কিন্তু কখন এই ভ্রমের হস্ত হইতে নিষ্কৃতি পায় না ॥৩৩

আভাস।

অবিদ্যাকে বিনষ্ট করিতে হইবে। পতঞ্জলি ঋষিও সংসারকারণ নির্ণয়ের স্থলে প্রকাশ করিয়াছেন, "তস্য হেতুরবিদ্যা" সংসারের মূল কারণ অবিদ্যা; অবিদ্যা বিনিবৃত্ত হইলে সর্ব্বপ্রকার মোহের নিবারণে জীব মুক্তিলাভ করিয়া থাকে। দ্রষ্টা পুরুষ এবং দৃশ্য প্রকৃতির পরস্পরের মধ্যে বিবেকের অভাবে পরস্পরের উপর পরস্পরের অধ্যাসের প্রতীতিই অবিদ্যা। সুতরাং এতদুভয়ের ভেদজ্ঞানই বিদ্যা। কিন্তু প্রকৃতির জ্ঞানে মুক্তি হয় না; কারণ তাহা প্রকৃত জ্ঞান নহে। জ্ঞানস্বরূপই আত্মা; সুতরাং আত্মার জ্ঞান হইলে, প্রকৃতিজ্ঞানের আর অপেক্ষা থাকে না। ভগবান্ গীতাতেও প্রকাশ করিয়াছেন, "দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে"। অবিদ্যারূপা ভগবন্মায়ার অবসানকারণ নিতান্তই অসম্ভব। নদীগর্ভে নিমজ্জিত থাকিয়া, কখন নদীর বিস্তৃতি প্রভৃতির নিরূপণ করা যায় না। তীরে উঠিতে হয়; তবেই তাহার সুস্পষ্টতাবে অবধারণে সক্ষম হওয়া

উদ্ধব উবাচ ।।

ত্বত্তঃ পরাবৃত্তধিয়ঃ স্বকৃতৈঃ কর্ম্মভিঃ প্রভো।

উচ্চাবচান্ যথা দেহান্ গৃহ্নন্তি বিসৃজন্তি চ ।। ৩৪ ।।

অন্বয়ঃ।

উদ্ধবঃ উবাচ। হে প্রভো! ত্বত্তঃ পরাবৃত্তধিয়ঃ জনাঃ যথা স্বকৃতৈঃ কর্ম্মভিঃ, উচ্চাবচান্ উৎকৃষ্টান্ অপকৃষ্টান্, দেহান্ গৃহ্নন্তি বিসৃজন্তি চ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

তত্র পৃচ্ছতি ত্বত্ত ইতি। ব্যাপকস্যাত্মনো দেহাদ্দেহান্তরগমনমকর্ত্তুঃ কর্ম্মাণি নিত্যস্য চ জন্মমরণাদীনি কথমিতি ভাবঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বত্ত ইতি। যদি বুদ্ধিস্ত্বত্তঃ পরাবৃত্তাভূৎ তদৈব তেষাং কর্ম্মভির্বন্ধঃ। ততশ্চ উচ্চাবচান্ উত্তমাধমান্ দেহান্ স্থূলান্ যথা গৃহ্নন্তি যথা বিসৃজন্তীতি ত্বদ্বিমুখানাং জন্মমরণয়োঃ প্রকারং ব্রহীত্যর্থঃ ॥ ৩৪ ॥

উদ্ধব বলিলেন, হে প্রভো! ভবদীয় স্বরূপের অবধারণে পরাঙ্মুখ জনগণ যেরূপে স্বকৃত কর্ম্মের দ্বারা উৎকৃষ্ট এবং অপকৃষ্ট দেহাদি লাভ করে এবং ভোগান্তে আবার তাহা বিসর্জ্জন করে ।। ৩৪ ।।

আভাস।

যায়। অতএব মায়াকে অবধারণ করিতে হইলে, মায়াতে নিমজ্জিত থাকিলে চলিবে না। মায়া হইতে পৃথক্ থাকিয়া, পরমানন্দস্বরূপ পরমাত্মাতে আশ্রয় করা প্রয়োজন। যাঁহারা আত্মচিন্তার দ্বারা পরমাত্মস্বরূপের অবধারণ করিতে পারেন, তাঁহারাই সংসারে কৃতার্থ; এবং যাহারা ভগবানে আশ্রয় করিতে অক্ষম, তাঁহারা মায়াকৃত কর্ম্মের ফলে উৎকৃষ্ট ও অপকৃষ্ট যোনি লাভ করত, সংসারস্রোতে নিরন্তর ভাসমান হইয়া থাকেন, সন্দেহ নাই ॥৩৩॥

এক্ষণে উদ্ধবের আশঙ্কা হইল যে, আত্মা যখন নিরাময় অপরিণামী এবং অসঙ্গ তখন তাদৃশ অকর্ত্তা পুরুষের কর্ম্ম, ব্যাপকের দেহান্তর প্রাপ্তি এবং নিত্য বস্তুর জন্ম মৃত্যু রূপ সংসার কিরূপে সম্ভব হইতে পারে? অবশ্য জগতে অনেক গুরু আছেন; তাঁহাদের নিকটই এ প্রশ্নের মীমাংসা হইতে পারে। কিন্তু উদ্ধবের বিবেচনায় এ বিষয়ের যথার্থ উত্তর প্রদান করা জাগতিক গুরুর পক্ষে অসম্ভব; কারণ সকলেই মায়ার অবলম্বনে যখন দেহধারণ করিয়াছেন, তখন সকলেই ভ্রান্ত; সন্দেহ নাই। অন্ধের পক্ষে দ্বিতীয় অন্ধের প্রদর্শিত পথে গমনের ন্যায়, সংসারী গুরুর নিকট জ্ঞান লাভের নিমিত্ত যত্ন করায়ও তদপেক্ষা যে বিশেষ ফল লাভ হইবে, তাহা মনে করেন নাই। সুতরাং যাঁহার জন্ম কেবল জীবকে উদ্ধার করিবার জন্য, মায়া যাঁহার নিকট পরিচারিকার ন্যায় সেবাতেই নিরতা রহিয়াছেন, তাদৃশ পূর্ণজ্ঞান শ্রীকৃষ্ণকে সমক্ষে প্রাপ্ত হইয়া, আর কালকে উপেক্ষা করা উচিত নহে; এই নিমিত্ত অতি আগ্রহের সহিত

তন্মমাখ্যাহি গোবিন্দ দুর্ব্বিভাব্যমনাত্মভিঃ।
ন হ্যেতৎ প্রায়শো লোকে বিদ্বাংসঃ সন্তি বঞ্চিতাঃ॥ ৩৫॥
শ্রীভগবানুবাচ॥
মনঃ কর্ম্মময়ং নৃণামিন্দ্রিয়ৈঃ পঞ্চভির্যুতং।

অন্বয়ঃ।

হে গোবিন্দ! অনাত্মভিঃ অল্পবুদ্ধিভিঃ, দুর্ব্বিভাব্যং তৎ ত্বং মাং আখ্যাহি। হি যস্মাৎ এতদ্বিদ্বাংসঃ প্রায়সঃ লোকে ন সন্তি; সর্ব্বে তব মায়য়া বঞ্চিতাঃ এব॥ ৩৫॥

শ্রীভগবান্ উবাচ। পঞ্চভিঃ ইন্দ্রিয়ৈঃ (এতেন পঞ্চভূতসূক্ষ্মাণি, পঞ্চকর্ম্মেন্দ্রিয়াণি পঞ্চজ্ঞানেন্দ্রিয়াণি তৈঃ পঞ্চদশভিঃ) যুক্তং নৃণাং জীবানাং মনঃ মনঃপ্রধানং, কর্ম্মময়ং লিঙ্গশরীরং,

শ্রীধরস্বামী।

এতদ্বিদ্বাংসো ন সন্তি হি যস্মাৎ মায়য়া বঞ্চিতাঃ মোহিতাঃ॥ ৩৫॥

লিঙ্গশরীরাধ্যাসেন সর্ব্বং ঘটত ইত্যুত্তরমাহ মন ইতি প্রধানত্বেন। পঞ্চভিরিতি নির্দ্দেশো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনাত্মভিরল্পবুদ্ধিভির্দুর্বিভাব্যং ভাবয়িতুমপ্যশক্যং কিং পুনর্বক্তুমিত্যর্থঃ। ননু লোকে বিজ্ঞা বহবঃ স্যুস্ত এবৈতৎ প্রষ্টব্যাস্তত্রাহ ন হীতি। বঞ্চিতাস্ত্বন্মায়য়া মোহিতাঃ॥ ৩৫॥

মনঃ মনঃপ্রধানং সূক্ষ্মশরীরমেব লোকাল্লোকান্তরং যাতি। কর্ম্মময়ং কর্ম্মাধীনং। আত্মা

হে গোবিন্দ! আত্মতত্ত্বে অনভিজ্ঞ জনগণ যাহা অবধারণে সম্পূর্ণ অযোগ্য, অনুগ্রহ পূর্ব্বক আপনি আমার নিকট তাহা কীর্ত্তন করুন্! হে ভগবন্! আপনার মহামায়ায় প্রায় সকল লোকই জ্ঞানে বঞ্চিত হইয়াছে; আপনার পরম জ্ঞান ধারণা করে, জগতে এমন লোকই নয়নগোচর হয় না॥ ৩৫॥

ভগবান্ বলিলেন, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চতন্মাত্র এই পঞ্চদশ অবয়বে বিশিষ্ট জীবের মনোময় কর্ম্মপ্রধান লিঙ্গদেহ এক দেহ পরি-

আভাস।

জীবের উৎক্রমণের বৃত্তান্ত শ্রীকৃষ্ণের সমীপে প্রশ্ন করিয়াছিলেন॥ ৩৪॥ ৩৫॥

এতদুত্তরে ভগবান্ বলিলেন যে, নিরঞ্জন ব্যাপী ও অকর্ত্তা জীবাত্মার কর্ম্ম বা দেহান্তরপ্রাপ্তি ঘটে না। সাংখ্যকার প্রকাশ করিয়াছেন, "তস্মাৎ ন বধ্যতে ন মুচ্যতে ন সংসরতি কশ্চিৎ। সংসরতি বধ্যতে মুচ্যতে চ নানাশ্রয়া প্রকৃতিঃ"॥ চৈতন্যস্বরূপের গমনাগমন বা কর্ম্ম না থাকিলেও এক লিঙ্গদেহের আশ্রয়ে তাহার সকলই ঘটিয়া থাকে। কারণ প্রকৃতি অর্থাৎ তদুৎপন্ন লিঙ্গদেহ চৈতন্যস্বরূপ জীবকে চিদাভাসরূপে নিজের অন্তরে ধারণা করত, জন্মজন্মান্তর ভোগ করিয়া থাকে। সুতরাং চৈতন্যের পৃথক্ গমনাগমন না থাকিলেও লিঙ্গদেহের গত্যাগতিতেই তাঁহার গমনাগমন সাধিত হয়। পঞ্চদশীতে উক্ত হইয়াছে যে,

লোকাল্লোকং প্রয়াত্যন্য আত্মা তদনুবর্ত্ততে। ৩৬।
ধ্যায়ন্মনোঽনুবিষয়ান্ দৃষ্টান্ বানুশ্রুতানথ।

অন্বয়ঃ।

লোকাৎ লোকং দেহাৎ দেহান্তরং, প্রতি যাতি; আত্মা জীবস্বরূপস্ত অন্যঃ অপি তৎ মনঃ অনুবর্ত্ততে অনুগচ্ছতি॥ ৩৬॥

কর্ম্মতন্ত্রং কর্ম্মাধীনং, মনঃ দৃষ্টান্ বা অনুশ্রুতান্ বেদোক্তান্, বিষয়ান্ অন্বে ধ্যায়ন্ (৩৭ শ্লো-

শ্রীধরস্বামী।

হক্তেষামপ্যুপলক্ষণার্থঃ। দেহাদ্দেহান্তরং প্রতি যাতি ততোঽন্যত্র বাত্মা তন্মনোঽনুবর্ত্ততে অহঙ্কারেণানুগচ্ছতি॥ ৩৬॥

মনসোঽপি পূর্ব্বদেহবিয়োগো দেহান্তরসংযোগশ্চ কথং ভবতীতি চেৎ স্মৃতিবিয়োগ-যোগাভ্যামিতি বক্তুং তয়োঃ কারণমাহ ধ্যায়দিতি। মনঃ কর্ম্মতন্ত্রত্বাৎ কর্ম্মোপস্থাপিতান্ দৃষ্টান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবোঽন্যস্ততো ভিন্নোঽপি তদপহিতত্বাদেব তৎ সূক্ষ্মশরীরং অনুবর্ত্ততে অনুগচ্ছতি॥ ৩৬॥

এবং সর্ব্বদৈব সূক্ষ্মশরীরানুবর্ত্তিনো জীবাত্মনঃ স্থূলশরীরেণ বিয়োগ এব মৃত্যুঃ সংযোগ এব জন্মেতি ক্রুবংস্তয়োরপি স্থূলবিয়োগসংযোগয়োঃ সর্ব্বথা স্মৃতিবিয়োগস্মৃতিসংযোগাবেব কারণমিত্যাহ ধ্যায়দিতি। কর্ম্মতন্ত্রং কর্ম্মাধীনং মনঃ কর্ম্মোপস্থাপিতান্ দৃষ্টান্ বিষয়ান্ মর্ত্ত্য-

ত্যাগ করিয়া, মরণান্তে অন্য দেহকে আশ্রয় করে। জীবস্বরূপ আত্মা এই লিঙ্গদেহ হইতে সম্পূর্ণ পৃথক্ হইলেও মনেরই অনুগমন করিয়া থাকেন।৩৬॥

কর্ম্মসংস্কারের বশবর্ত্তী মন বেদাদিতে শ্রুত বা জগতে দৃষ্ট বিষয়ের অনুস্মরণে

আভাস।

"বুদ্ধি কর্ম্মেন্দ্রিয়প্রাণপঞ্চকৈ র্মনসা ধিয়া। শরীরং সপ্তদশভিঃ সূক্ষ্মং তল্লিঙ্গমুচ্যতে"॥ কর্ম্মেন্দ্রিয় পঞ্চ, জ্ঞানেন্দ্রিয় পঞ্চ এবং প্রাণ পঞ্চ, মন ও বুদ্ধি এই সপ্তদশ অবয়বে লিঙ্গদেহ গঠিত হয়। এই লিঙ্গদেহে অধ্যস্ত জীব লিঙ্গদেহের ভাব অনুসারে সংসার-প্রবাহে গমন করেন। চৈতন্য অহঙ্কারের আশ্রয়ে মনের অনুগমন করেন। অহঙ্কারই যখন চৈতন্যকে আশ্রয় করিয়া থাকে এবং মনের গতি অনুসারে কার্য্য করে, তখন মনের গতিতে চৈতন্যস্বরূপ জীবের গতি হয়, বলায় কোন অত্যুক্তি হয় না। যেমন একখানি সূর্য্যপ্রতিবিম্বিত দর্পণকে কাষ্ঠের আবরণে (ফ্রেমে) রাখা যাউক্, বা তাহা হইতে পৃথক্ করিয়া, সুবর্ণ আবরণে রাখা যাউক্, তাহাতে প্রতিবিম্বের অন্তরায় হইতে কোন প্রতিবন্ধক নাই, সেইরূপ চিত্তস্থ চিদাত্মাকে শূকর-যোনিতে বা দেবযোনিতে রাখা যাউক্, তাহাতে চিদাত্মার গতির কোন আপত্তি নাই। দর্পণের উৎকর্ষ বা অপকর্ষ অনুসারে তাহাকে যেমন উৎকৃষ্ট বা অপকৃষ্ট আবরণে রাখা হয়, সেইরূপ চিত্তের ও তদনুকূল মনের উৎকর্ষ বা অপকর্ষে বিবিধ যোনির প্রাপ্তি সম্ভব হইয়া থাকে॥৩৬

; দেহান্তর প্রাপ্তির সম্বন্ধে মনই প্রধান কারণ। গীতাতে উক্ত আছে, "যং যং বাপি স্মরন্

উদ্যৎ সীদৎ কর্ম্মতন্ত্রং স্মৃতিস্তদনুশাম্যতি ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

মানেষু) উদ্যৎ আবির্ভবৎ, (পূর্ব্ববিষয়েষু) সীদৎ লীয়মানং, ভবতি তদনু তদনন্তরং, (তস্য পুরুষস্য) স্মৃতিঃ পূর্ব্বপরানুসন্ধানং, শাম্যতি নশ্যতি ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

বা অনুশ্রুতান্ বেদোক্তান্, বা অনুধ্যায়ং অথানন্তরং ধ্যায়মানেষু উদ্যদাবির্ভবৎ পূর্ব্ববিষয়েষু চ সীদৎ লীয়মানং ভবতি তদনন্তরং তস্য স্মৃতিঃ পূর্ব্বানুসন্ধানং নশ্যতি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকস্থান্ পরদারাদীন্ শ্রুতান্ দেবলোকস্থান্ তানেব ধ্যায়ৎ সৎ অথ ক্ষণান্তরং ধ্যেয়েষু তেম্বিব উদ্যৎ তদাকারীভবৎ সীদৎ পূর্ব্বধ্যাতেভ্যো বিষয়েভ্যঃ সর্ব্বথা বিচ্যুতীভূতং ভবতি তদনু তদনন্তরং তস্য স্মৃতিঃ পূর্ব্বপরানুসন্ধানং নশ্যতি ॥ ৩৭ ॥

আকুল হইয়া, বর্ত্তমান দেহাদি বিষয়ের স্মরণে নিরস্ত হয় এবং উপস্থিত বিষয়ে আসক্ত হয় ॥ ৩৭ ॥

আভাস।

ভাবং ত্যজত্যন্তে কলেবরং। তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ" ॥ হে কৌন্তেয়! মৃত্যুর অব্যহিত পূর্ব্বে জীবের মনোমধ্যে পূর্ব্বাভ্যস্ত আসক্তির আনুকূল্যে যেরূপ বিষয়ের ভাবনা উদিত হয়, জীব সেই ভাবের উপর একান্ত নির্ভর করত, পূর্ব্ব দেহ পরিত্যাগ করে; এবং ভাবানুরূপ যোনি, জাতি, আয়ুঃ ও ভোগ লাভ করিয়া থাকে। এই গীতাবাক্যের তাৎপর্য্যানুসারে এই শ্লোকে ব্যক্ত করা হইয়াছে যে, মনোনিষ্ঠ স্মৃতির বিয়োগ এবং স্মৃতির সংযোগই দেহান্তর প্রাপ্তির হেতু। মন কর্ম্মের অধীন; জীব যত কর্ম্ম করে, তাহার সকল সংস্কারই প্রসুপ্ত, ক্ষীণ, বিচ্ছিন্ন বা উদ্দিক্তভাবে মনোমধ্যেই নিহিত থাকে। অবস্থাভেদে অনুকূল পদার্থের উপস্থিতিতে এবং কালসহকারে সেই সকল সংস্কারই বাসনারূপে হৃদয়-মধ্যে জাগরূক হইয়া উঠে। সুতরাং হৃদয়ে একটী ভাবের উদয় হইতে হইলে, তাহার পূর্ব্ববর্ত্তী ভাব সম্পূর্ণ বিস্মৃত হওয়া প্রয়োজন; পূর্ব্ব বিষয়ের অবস্থা ও অবয়বাদিবিশিষ্ট দেহের স্মৃতি আর থাকে না; আগামী ভাবের অভিমুখে অগ্রসর হইয়া, মন তাহাতেই আত্মভাবনা করত তৎপূর্ব্ববর্ত্তী ভাবের বিষয় আর অনুশীলন করে না; এইরূপে ইহাতেই জীবের দেহান্তর প্রাপ্তি ঘটে ॥ ৩৭ ॥

বৈষ্ণবীশক্তি মায়া সকল জীবের প্রতিই সমানভাবে দৃষ্টি করত উপযুক্তভাবে পোষণ করিতেছেন। নানাপ্রকারের নানাজাতীয় বীজ ক্ষেত্রমধ্যে রোপিত হইলে, ধরিত্রী যেমন সকল বীজকে সমানভাবে রস ও বীর্য্য প্রদানে পরিবর্দ্ধিত করেন; অর্থাৎ যে বীজ যেরূপ ফল ও বৃক্ষাদি উৎপাদনে সমর্থ, ধরণীর রস তাহাকে সেই ভাবেই পুষ্ট করিয়া থাকে, মহামায়া প্রকৃতিও জীবের হৃদয়গত স্ফূর্ত্তিপ্রাপ্ত অন্তিম বীজভূত সংস্কারটীকেও সে রূপ

বিষয়াভিনিবেশেন নাত্মানং যৎ স্মরেৎ পুনঃ।
জন্তো বৈ কস্যচিদ্ধেতো র্মৃত্যুরত্যন্তবিস্মৃতিঃ॥ ৩৮॥

অন্বয়ঃ।

কস্যচিৎ কর্ম্মবিশেষস্য, হেতোঃ বিষয়াভিনিবেশেন (উপস্থাপিতেষু বিষয়েষু দেবাদি-শরীরেষু অভিনিবেশেন) যৎ পুনঃ আত্মানং পূর্ব্বদেহং, মনঃ ন স্মরেৎ সা অত্যন্তবিস্মৃতিঃ বৈ এব জন্তোঃ জীবস্য, মৃত্যুঃ॥ ৩৮॥

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ বিষয়েতি। কর্ম্মোপস্থাপিতদেবাদিদেহেষত্যন্তাভিনিবেশেনাত্মানং পূর্ব্ব-দেহং পুনর্মনো ন স্মরেদিতি যৎ সৈব যাতনা দেহাদ্যভিনিবেশেন ভয়শোকাদেব দেবাদিদেহাভি-নিবেশেন হর্ষতর্ষাদে র্হেতোঃ পূর্ব্বদেহেহত্যন্তবিস্মৃতিরহঙ্কারনিবৃত্তিস্তদভিমানিনো জন্তোর্জীবস্য মৃত্যুরুচ্যতে নতু দেহবন্নাশঃ॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততঃ কিমত আহ বিষয়েতি। কর্ম্মোপস্থাপিতেষু দেবাদিদেহেষু বা অত্যন্তাভিনিবেশেন আত্মানং পূর্ব্বদেহং পুনর্মনো ন স্মরেদিতি যৎ স মৃত্যুঃ। স্থূলদেহবিয়োগঃ। অত্যন্তা আত্যন্তিকী পূর্ব্বদেহবিষয়া বিস্মৃতি র্যতঃ সঃ। কস্যচিদ্ধেতোঃ প্রারব্ধকর্ম্মসমাপ্তিরিত্যর্থঃ॥ ৩৮

কোনরূপ কর্ম্মসংস্কারের অনুরোধে উপস্থিত দেবতির্য্যগাদি শরীরে আসক্তি পূর্ব্বক অভিমান করত, মন পূর্ব্বদেহাদিকে যে স্মরণ করে না, এই অত্যন্ত বিস্মৃতির নামই সেই দেহ সম্বন্ধে জীবের মৃত্যু॥ ৩৮॥

আভাস।

ভোগ ও ভোগায়তন দেহরূপে পরিণত ও পরিবর্দ্ধিত করিয়া দেন। অতি ক্ষুদ্র বটবীজ দর্শনে যেমন কেহ কখন মনে করেন নাই যে, ইহার অন্তরে তাদৃশ বৃহৎকলেবর অত্যুন্নত বটবৃক্ষ উৎপাদনের সামর্থ্য ছিল; কিন্তু ধরণী রসদানে তাহাকে তাদৃশ বৃক্ষরূপে যে পরিণত করাইয়া দেয়, তাহা প্রত্যক্ষসিদ্ধ; সেইরূপ বীজভাবে ও প্রায় সামান্যরূপে বিবিধ সংস্কার চিত্তমধ্যে অবস্থানকালে কেহ তাহার জন্মান্তর আনয়নের সামর্থ্য আছে বলিয়া ধারণা না করিলেও, প্রকৃতির সাহায্যে লব্ধপ্রতিষ্ঠিত হইয়া, সেই বিস্মৃতের ন্যায় অবস্থিত এবং প্রায় অসদ্ভাবাপন্ন সংস্কারগুলি জন্মান্তরের আনয়ন করে। মন তখন আর পূর্ব্ব দেহের বিষয় কিছু মাত্র স্মরণ করে না। কিন্তু মৃত্যুকালে জীব কর্ম্ম অনুসারে যদি বিকৃত দেহ আপন সমক্ষে অবলোকন করে, তখনই সে ভয়ে ও শোকে বিহ্বল হইয়া, বিকট মুখভঙ্গির প্রকাশে যাতনার পরিচয় দেয় এবং দেবাদি সৌম্য মূর্ত্তির দর্শনে আনন্দ ও আগ্রহের পরিচয় দিয়া থাকে। অতএব ইহাতে মীমাংসা করা হইয়াছে যে, পার্থিব পদার্থের প্রতি বিস্মৃতিতে যেমন তাহার ত্যাগ বলা হয়, সেইরূপ পূর্ব্বদেহের অত্যন্ত বিস্মৃতিকেই জীবের তৎসম্বন্ধে মৃত্যু বলিয়া স্বীকার করা যায়; প্রকৃত প্রস্তাবে দেহধ্বংসের ন্যায়, জীবাত্মার কখন ধ্বংস বা বিনাশ উপস্থিত হয় না॥ ৩৮॥

জন্ম ত্বাত্মতয়া পুংসঃ সর্ব্বভাবেন ভূরিদ।
বিষয়স্বীকৃতিং প্রাহুর্যথা স্বপ্নমনোরথঃ॥ ৩৯॥
স্বপ্নং মনোরথং চেত্থং প্রাক্তনং ন স্মরত্যসৌ।

অন্বয়ঃ।

হে ভূরিদ! পুংসঃ জীবস্য, জন্ম তু স্বপ্নমনোরথঃ যথা তথা সর্ব্বভাবেন আত্মতয়া অভেদেন, বিষয়স্বীকৃতিং (বিষয়স্য দেহাদেঃ স্বীকৃতিং অভিমানং) প্রাহুঃ॥ ৩৮॥

স্বপ্নং মনোরথং চ ইত্থং তত্র বর্ত্তমানে স্বপ্নাদৌ অসৌ জীবঃ যথা তথা প্রাক্তনং আত্মানং

শ্রীধরস্বামী।

জন্মবিষয়স্য তু দেহস্যাত্মতয়া স্বীকৃতিমভিমানং আহুঃ নতু দেহবদুৎপত্তিঃ নতু পুত্রাদিদেহবৎ প্রীত্যতিশয়মাত্রেণ কিন্তু সর্ব্বভাবেনাভেদেনাতো দেহেঽভিমানমাত্রেণ উৎপত্তিমরণে দৃষ্টান্তদ্বয়ং। যথা স্বপ্নশ্চ মনোরথশ্চেত্যর্থঃ॥ ৩৯॥

দৃষ্টান্তৌ বিবৃণোতি স্বপ্নমিতি। তত্র বর্ত্তমানে স্বপ্নাদৌ পূর্ব্বকেতি অপূর্ব্বমিব চেত্যন্বয়ঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জন্মত্বিতি বিষয়স্য কর্ম্মোপস্থাপিতদেহস্য সর্ব্বভাবে আত্মতয়া স্বীকৃতিং আত্যন্তিকমভিমানমেব জন্ম প্রাহুঃ। অভিমানমাত্রেণোৎপত্তিমরণয়োর্দৃষ্টান্তদ্বয়ং। যথা স্বপ্নশ্চ মনোরথশ্চ সঃ। সর্ব্বোঽপি দ্বন্দ্বো বিভাষয়ৈকবদ্ভবতীত্যেকবচনং॥ ৩৯॥

দৃষ্টান্তৌ বিবৃণোতি স্বপ্নমিতি। বর্ত্তমানো দেহস্থো জীবো যথা প্রাক্তনং স্থূলদেহং ন স্মরতি ইত্থমেব বর্ত্তমানস্বপ্নস্থো মনোরথস্থো বা জীবঃ প্রাক্তনং স্বপ্নং মনোরথং বা ন

স্বপ্ন-দর্শন কালে বা মনোময় কল্পনার স্রোতে ভাসমান হইয়া, জীব যেমন স্বাপ্নিক দেহাদিতে আত্মভাবের অভেদ-চিন্তনে তন্নিষ্ঠ সুখ ও দুঃখাদিতেই অভিভূত হয়, সেইরূপ বর্ত্তমান দেহ বিস্মৃত হইয়া, অন্য দেহে আত্মভাবের অভেদ-চিন্তনে অভিমান করত জীবের মৃত্যুও উপস্থিত হইয়া থাকে॥ ৩৯॥

আভাস।

অত্যন্তবিস্মৃতির ন্যায় দেহান্তরে অত্যাসক্তির নামই জীবের তাহাতে জন্ম বলিয়া অবধারণ করিতে হইবে। এই আসক্তি কিন্তু পুত্রদেহে প্রেম করিবার ন্যায় নহে; দেহের সকল ভাবে পূর্ণমাত্রায় আত্মভাব চিন্তনে অভিমান করাই, জন্ম বলিতে হইবে। দেহের উৎপত্তির ন্যায়, জীবাত্মার উৎপত্তি কখন স্বীকার করা যায় না। কারণ আত্মা অবিনাশী ও সর্ব্ববিকারবর্জ্জিত॥ ৩৯॥

জন্ম ও মৃত্যুর সম্বন্ধে স্বপ্ন ও মনোরথই উদাহরণচ্ছলে এই শ্লোকে প্রদর্শিত হইয়াছে। স্বপ্নকালে মানব সূক্ষ্ম মনোময় দেহে অভিমান করত যেমন বর্ত্তমান স্থূলদেহের আর স্মরণ করে না; মনঃকল্পিত অট্টালিকায় আরোহণ পূর্ব্বক স্বকীয় পর্ণকুটিরের বিষয় বিস্মৃত হয়; এবং নিদ্রাভঙ্গ হইলে, স্বপ্নের কথা ও ব্যবহারিক দশার উৎপীড়নে কাল্পনিক মনোরাজ্যের কথা আর

তত্র পূর্ব্বমিবাত্মানমপূর্ব্বঞ্চানুপশ্যতি ॥ ৪০ ॥

ইন্দ্রিয়ায়নসৃষ্ট্যেদং ত্রৈবিধ্যং ভাতি বস্তুনি।

অন্বয়ঃ।

দেহং ন স্মরতি পূর্ব্বং ইব অপূর্ব্বং আত্মানং দেহং, চ অনুপশ্যতি ॥ ৪০ ॥

ইন্দ্রিয়ায়নসৃষ্ট্যা (ইন্দ্রিয়াণাং অয়নং আশ্রয়ং শরীরং তস্য সৃষ্ট্যা উৎপত্ত্যা) বস্তুনি পরমার্থভূতে আত্মনি (তদভিমানেন) ইদং দেহেন্দ্রিয়ান্তঃকরণং ত্রৈবিধ্যং ভাতি; অনঃ জীবঃ,

শ্রীধরস্বামী।

পূর্ব্বসিদ্ধমেবাত্মানমপূর্ব্ববদ্যজাতমিব পশ্যতীত্যর্থঃ ॥ ৪০ ॥

উপসংহরতি ইন্দ্রিয়াণাময়নং মনঃ তস্য দেহান্তরাভিনিবেশেন যা সৃষ্টিরুৎপত্তিস্তয়া বস্তুন্যাত্মনি তদভিমানেনেদং ত্রৈবিধ্যং উত্তমমধ্যম-নীচত্বং অসদেব ভাতীত্যন্বয়ঃ এবম্ভূত আত্মা বাহ্যাভ্যন্তরভেদহেতুশ্চ ভবতি বাহ্যবিষয়ান্ আন্তরান্ সুখাদীংশ্চ পশ্যতীত্যর্থঃ। যথা জনো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্মরতি। কশ্চিৎ কদাচিৎ স্বপ্নে পূর্ব্বকং স্বপ্নঞ্চ স্মরতীতি চেৎ কশ্চিৎ কদাচিৎ জাতিস্মরশ্চ পূর্ব্বদেহং স্মরতীতি ন সর্ব্বথা নিয়মঃ। কিঞ্চ তত্র বর্ত্তমানদেহস্থো জীবঃ পূর্ব্বসিদ্ধমেবাত্মানং অপূর্ব্বমিব অনুপশ্যতি অহং ষাড়্‌বার্ষিক ইতি সাপ্তবার্ষিক ইতি ইতঃ পূর্ব্বমহং নাসমিতি প্রতিক্ষণমাত্মানং জানাতীত্যর্থঃ ॥ ৪০ ॥

উপসংহরতি ইন্দ্রিয়ায়নস্য ইন্দ্রিয়াশ্রয়স্য দেহস্য সৃষ্ট্যৈব ইদং ত্রৈবিধ্যং বিশ্বতৈজসপ্রাজ্ঞত্বং বস্তুনি জীবে ভাতি। ত্রৈবিধ্যং কীদৃশং। বহিরন্তর্ভিদা হেতুঃ বহির্ভিদানাং জাগরে শ্রোত্রাদীন্দ্রিয়গুণভেদানাং অন্তর্ভিদানাং স্বপ্নসুষুপ্ত্যোর্মনোবুদ্ধিগুণভেদানাং হেতুরুৎ-

স্বপ্ন কালে যেমন কল্পনার প্রবাহে পুরুষ নিজের বর্ত্তমান দেহাদিকে স্মরণ করে না, বরং জাগ্রৎ দেহের ন্যায় স্বাপ্নিক দেহেরই ভাবে অনুসরণ করে, সেইরূপ মৃত্যুতে এক দেহ হইতে জীব দেহান্তরে গমন করে ॥ ৪০ ॥

স্বপ্নকালে উৎকৃষ্ট বা নিকৃষ্ট কল্পিত দেহে অভিমান বশত তদুচিত সুখ-

আভাস।

তাহার মনে থাকে না, সেইরূপ কর্ম্মকল্পিত দেহান্তরে অভিনিবিষ্ট হইয়া, জীব পূর্ব্বদেহ বিস্মৃত হয়। স্বপ্নের বিষয় জাগ্রৎ অবস্থায় যেমন কেহ কেহ স্মরণ করিতে পারেন, সেইরূপ জাতিস্মরাদি গুণে কেহ কেহ পূর্ব্বজন্মের বৃত্তান্তও স্মরণ করেন। সর্ব্বত্র এরূপ নিয়ম নাই। জন্মের পর জীব আপনাকে অভিনব ভাবে অবলোকন করেন। তিনি যে এই কেবল মাত্র জন্ম গ্রহণে জীব বলিয়া পরিচিত, তাহা নহে; এরূপ জন্ম পূর্ব্বে অনেকবার লাভ করিয়াছেন, তাহা কিন্তু সম্প্রতি একবারও ধারণা করিতে পারেন না ॥ ৪০ ॥

পিতা নিরীহ ভদ্রলোক হইলেও, কুপুত্রের দোষে দুর্দ্দশাগ্রস্ত হইয়া, অকারণ অন্য লোককে শত্রু করিয়া ফেলেন; সেইরূপ নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত ও সত্যস্বরূপ আত্মা দেহে জীবরূপে বাস করত, দেহের দোষে এবং গুণে স্বয়ং দোষী ও গুণী বলিয়া অভিহিত হন। যাহ বিজ্ঞ

বহিরন্তর্ভিদা হেতুর্জনোঽসজ্জনকৃদ্‌যথা ॥ ৪১ ॥
নিত্যদা হ্যঙ্গ ভূতানি ভবন্তি ন ভবন্তি চ।
কালেনালক্ষ্যবেগেন সূক্ষ্মত্বাত্তন্ন দৃশ্যতে ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

যথা স্বপ্নে অসজ্জনকৃৎ (অসতঃ জনান্ কুর্ব্বন্ তত্র অহং মম ইতি অভিমানেন বাহ্যাভ্যন্তরান্ বিষয়ান্ অনুভবতি তথা) আত্মা চ বহিরন্তর্ভিদাহেতুঃ ভবতি (বাহ্যান্ শব্দাদিবিষয়ান্ আন্তরান্ সুখাদীন্ চ পশ্যতি) ॥ ৪১ ॥

হে অঙ্গ উদ্ধব! নিত্যদা প্রতিক্ষণং, ভূতানি শরীরাণি, ভবন্তি উৎপদ্যন্তে, ন ভবন্তি বিনশ্যন্তি চ, তথাপি সূক্ষ্মত্বাৎ (কালস্য) অলক্ষ্যবেগেন কালেন তৎ ভবনাভবনং অবিবেকিভিঃ ন দৃশ্যতে লক্ষ্যতে ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

জীবঃ স্বপ্নে বহূন্ জনান্ দেহান্ বহুরূপান্ কুর্ব্বন্ পশ্যন্ বহুরূপো ভাতি তদ্বৎ। যথা। ইদং ত্রৈবিধ্যং অধ্যাত্মাদিরূপং ভাতি অসজ্জনকৃৎ দুষ্টপুত্রোৎপাদকঃ জনঃ পিতা স্বয়ং সমোঽপি পুত্রাভিমানতঃ তদরিমিত্রাদিষু যথা ভেদহেতুর্ভবতি তদ্বদিতি। অন্যৎ সমানং ॥ ৪১ ॥

তদেবং লোকপ্রসিদ্ধৌ জন্মমৃত্যু নিরূপ্য সূক্ষ্মাবপৃষ্টাবপি তৌ বৈরাগ্যায় নিরূপয়তি। নিত্যদা প্রতিক্ষণং ভূতানি শরীরাণি উৎপদ্যন্তে নশ্যন্তি চ কালস্যাতিসূক্ষ্মত্বাৎ তৎকৃতং ভবনমভবনঞ্চাবিবেকিভির্ন লক্ষ্যতে ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাদকং। জনো যথা অসজ্জনকৃৎ অভদ্রপুত্রোৎপাদকঃ। ইন্দ্রিয়মনোবুদ্ধিগুণভিদানাং ত্রিসৃণামপ্যভদ্রত্বাৎ স কুতএব দৃষ্টান্তঃ ॥ ৪১ ॥

লোকপ্রসিদ্ধৌ জন্মমৃত্যু নিরূপ্য প্রতিক্ষণবর্ত্তিনৌ তৌ সূক্ষ্মৌ বৈরাগ্যার্থং নিরূপয়তি। নিত্যদা প্রতিক্ষণং ভূতানি শরীরাণি ভবন্তি উৎপদ্যন্তে ন ভবন্তি নশ্যন্তি চ। নন্ু প্রতিক্ষণমুৎপত্তিবিনাশৌ দেহানাং ন লক্ষ্যেতে তত্রাহ অলক্ষ্যবেগেনেতি। সূক্ষ্মত্বাৎ কালবেগো যথা দুর্লক্ষ্য স্তথা তৎকালকৃতাবুৎপত্তিবিনাশাবপি ন লক্ষ্যাবিত্যর্থঃ ॥ ৪২ ॥

দুঃখাদি মানব ভোগ করে, সেইরূপ ইন্দ্রিয়গণের আশ্রয়ভূত সৃষ্ট দেহে মৃত্যুকালে কল্পনা করত, জীব সাত্ত্বিক, রাজসিক ও তামসিক এই তিন প্রকার দেহের অন্তর্গত হইয়া, সংসারকে ভোগ করিয়া থাকে ॥ ৪১ ॥

হে প্রিয় উদ্ধব! এই দেহসমূহের উৎপত্তি এবং ধ্বংস প্রতিক্ষণেই ঘটিতেছে; কিন্তু অতি সূক্ষ্ম অলক্ষ্যবেগ কালের প্রভাবে তাদৃশ উৎপত্তি

আভাস।

ও আন্তরিক সুখদুঃখাদির আলোচনায় এক আত্মাই প্রাজ্ঞ, তৈজস ও বিশ্বনামে বিখ্যাত হইতেছেন। যখন ইন্দ্রিয়ের সাহায্যে জাগ্রতদশায় স্থূল বিষয়কে উপভোগ করেন,

যথার্চ্চিষাং স্রোতসাঞ্চ ফলানাং বা বনস্পতেঃ।
তথৈব সর্ব্বভূতানাং বয়োঽবস্থাদয়ঃ কৃতাঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

যথা অর্চ্চিষাং জ্বালানাং (পরিণামাদিভিঃ) স্রোতসাং (গত্যাদিভিঃ) বনস্পতেঃ ফলানাং (রূপাদিভিঃ অবস্থাবিশেষাঃ কালেনৈব কৃতাঃ) তথা সর্ব্বভূতানাং দেহানাং, বয়ঃ অবস্থাদয়ঃ কালেন কৃতাঃ এব ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

সতোর্জন্মমরণয়োরজ্ঞানে কারণমেতত্তবেৎ সত্ত্বমেব কুতস্তয়োরিত্যাশঙ্ক্যানুমানেন সাধয়তি অর্চ্চিষাং পরিণামাদিভিঃ স্রোতসাং গত্যাদিভিঃ ফলানাং রূপাদিভি র্যথাবস্থাবিশেষাঃ কৃতাঃ। কালেনেতি পূর্ব্বস্যানুষঙ্গঃ আদিশব্দেন তেজোবলকৌশলাদীনামুপাদানং। বিমতং প্রতি-ক্ষণোৎপত্তিবিনাশবৎ অবস্থাভেদবত্ত্বাৎ দীপজ্বালাদিবদিত্যনুমানং ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উৎপত্তিবিনাশয়োরলক্ষ্যত্বেঽপি তাববস্থাভিরেবানুমীয়েতে ইতি সদৃষ্টান্তমাহ যথেতি। অর্চ্চিষাং পরিণামাদিভিঃ স্রোতসাং গত্যাদিভিঃ ফলানাং রূপাদিভির্যথা অবস্থাবিশেষাঃ কৃতাঃ কালেনেতি পূর্ব্বস্যানুষঙ্গঃ। তথৈব ভূতানাং বয়োঽবস্থাদয়ঃ কৌমারাদ্যবস্থাদয়ঃ। আদি-শব্দেন তেজো-বল-কাম-কৌশলানি গ্রাহ্যাণি। ভূতানি প্রতিক্ষণোৎপত্তিবিনাশবন্তি অবস্থা-ভেদবত্ত্বাৎ দীপজ্বালাবদিত্যনুমানং ॥ ৪৩ ॥

ও বিনাশ অবিবেকিগণ কিছুতেই অবধারণ করিতে পারে না ॥ ৪২ ॥

যেমন পরিণামাদির দ্বারা অগ্নিজ্যোতির অবস্থা বিশেষ পরিজ্ঞাত হওয়া যায়; গতি প্রভৃতির দ্বারা স্রোতের পরিবর্ত্তন ঘটে; এবং বৃক্ষস্থ ফল-সমূহের অবস্থাবিশেষে রূপাদির পরিবর্ত্তন কেবল কালক্রমেই ঘটিয়া থাকে, সেইরূপ দেহের বয়স ও অবস্থাদির পরিণতি কেবল কালসহকারেই হইয়া থাকে ॥ ৪৩ ॥

আভাস।

তখন বিশ্বনামে অভিহিত; স্বপ্নময় পদার্থের আলোচনাকালে তিনিই আবার তৈজস এবং সংস্কার সমূহের অনুশীলনে সর্ব্বজ্ঞ প্রাজ্ঞ বলিয়া সেই এক জীবাত্মাই শাস্ত্রে উক্ত হইয়া থাকেন। ইন্দ্রিয়ে অধিষ্ঠান কালে বিশ্ব, মনে অধিষ্ঠান কালে তৈজস এবং চিত্তে অধিষ্ঠান কালে যিনি প্রাজ্ঞনামে অভিহিত হন, তিনিই আবার এই উপাধিত্রয়ের অভ্যন্তরে বিশুদ্ধ চৈতন্যস্বরূপ পরমাত্মভাবে বিশ্রাম করেন ॥ ৪১ ॥

জন্ম এবং মৃত্যুর সাধারণ লক্ষণ প্রকাশ করিয়াও, বৈরাগ্যোৎপাদনার্থ এতদুভয়ের বিশেষ লক্ষণ প্রতিপাদন করিয়াছেন। অর্থাৎ জন্ম এবং মৃত্যু যে কেবল একবার করিয়া দেহে অবভাসিত হয়, তাহা নহে; অতি সূক্ষ্ম অব্যক্ত কালের স্রোতে উৎপত্তি এবং

সোঽয়ং দীপোঽর্চ্চিষাং যদ্বৎ স্রোতসাং তদিদং জলং।
সোঽয়ং পুমানিতি নৃণাং মৃষা গীর্ধীর্ম্মৃষায়ুষাং ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

অর্চ্চিষাং যথা সঃ অয়ং দীপঃ, স্রোতসাং যদ্বৎ তৎ ইদং জলং ইতি গীঃ বাণী ধীঃ চ মৃষা এব তথা সঃ অয়ং পুমান্ ইতি গীঃ ধীঃ মৃষায়ুষাং (মৃষা ব্যর্থং এব আয়ুঃ যেষাং তেষাং) অবিবেকিনাং) নৃণাং এব ভবতি ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

কথং তর্হি প্রত্যভিজ্ঞা তত্রাহ সাদৃশ্যাবলম্বিনীত্যাহ সোঽয়মিতি। সাদৃশ্যাদর্চ্চিষামেব যথা সোঽয়ং দীপ ইতি প্রত্যভিজ্ঞা যথা চ স্রোতসাং প্রবাহজলানামেব তদিদং জলমিতি তথা সোঽয়ং পুমানিতি গীর্ধীশ্চ মৃষা নৃণাং বহূনাং শরীরিণাং মৃষা ব্যর্থমায়ুর্যেষাং অবিবেকিনাং তেষাং ভবতি ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যভিজ্ঞাতু সাদৃশ্যাবলম্বিনী স্যাদেবেত্যাহ সোঽয়মিতি। অর্চ্চিষাং ক্ষণমাত্র এব সহস্রশ উদ্ভূয়োদ্ভূয় লয়ং গতানাং জ্যোতিঃ কিরণানাং পুঞ্জ এব ক্ষণান্তরে সোঽয়ং দীপ ইতি স্রোতসাং স্রোতোযুক্তজলানাং ক্ষণমাত্র এব ক্রমশো দূরগতত্বেঽপি ক্ষণান্তরেঽপি তদিদং জলমিতিপ্রতীতির্যথা তথৈব কৌমারে দৃষ্টো যৌবনেঽপি সোঽয়ং পুমানিতি তেন তত্রাভেদাবলম্বিনী ধীর্জ্ঞানং গীর্ব্বাক্ চ মৃষা অবিবেকবিজৃম্ভিতেত্যর্থঃ। মৃষা এতাদৃগ্ বিবেকব্যাপ্তমায়ুর্যেষাং তেষাং ॥ ৪৪ ॥

দীপ কখন অর্চ্চিঃ নহে ; তবে জ্বালা দীপভাব পরিণামে প্রতীত হয় মাত্র। স্রোত কখন জল নহে ; তবে জলে স্রোতের পরিচয় থাকে মাত্র ; কিন্তু ব্যবহারিক কথায় দীপকে অর্চ্চিঃ এবং জলকে স্রোতনামে যেমন অভিহিত করা হয়, সেইরূপ দেহ দর্শন করিয়া তাহাকে পুরুষ নামে অভিহিত করায়, কেবল পরমার্থদৃষ্টিহীন অবিবেকী পুরুষের বৃথা বাক্যব্যয় ও বুদ্ধির পরিচয় ঘটে মাত্র ॥ ৪৪ ॥

আভাস।

ধ্বংসক্রিয়া দেহে প্রতিক্ষণই লক্ষিত হইয়া থাকে। জলস্রোত প্রবল বেগে প্রবাহিত হইতেছে, কিন্তু তাহার সঙ্গে সঙ্গে অজ্ঞাতসারে জলের যে প্রচুর হ্রাস হইয়া থাকে, তাহার আর সন্দেহ নাই। কাষ্ঠের সাহায্যে হুতাশন প্রচণ্ডমূর্ত্তিতে উদ্দীপিত হইতেছে বটে, কিন্তু কাষ্ঠ ও হুতাশনের স্বরূপ যে ক্রমশ ক্ষয় প্রাপ্ত হইয়া থাকে, তদ্বিষয়ে আর সংশয় নাই ; এবং বৃক্ষে মুকুল ধারণের কাল হইতে ফলের পরিপক্ব অবস্থায় পরিণতি পর্য্যন্ত যেমন বৃক্ষ ও তত্রত্য উৎপাদিকা শক্তির ক্রমশ হ্রাস হইয়া থাকে, সেইরূপ বাল্য হইতে যৌবনাদি দেহের যতই অবস্থার পরিণাম ঘটুক্ না! আয়ুরূপ কালের অবলম্বনে মূল দেহের যে ক্রমশ বিনাশ ঘটিতেছে, সে বিষয়ে আর সন্দেহ নাই। যৌবন লাভে আনন্দের উদয় হয় বটে, কিন্তু

মা স্বস্য কর্ম্মবীজেন জায়তে সোঽপ্যয়ং পুমান্।

অন্বয়ঃ।

স্বস্য আত্মনঃ কর্ম্মবীজেন (কর্ম্মরূপেণ বীজেন) সঃ অয়ং পুমান্ অপি মা ন, জায়তে ম্রিয়তে বা। দারুসংস্থিতঃ (দারুসংযোগবিয়োগাভ্যাং অবস্থিতঃ) অগ্নিঃ (আকল্পান্তং অবস্থিতোঽপি

শ্রীধরস্বামী।

ননু কথং দেহাধ্যাসবতঃ পুংসঃ কর্ম্মজন্মমরণাদীনি সন্তি নানাস্যেতি ব্যবস্থা নহি ঘটতে। ঘটস্য পুরুষভেদেন সত্ত্বমসত্ত্বঞ্চেতি ন অজস্যাপি বস্তুতস্তদভাবাদিত্যাহ মা স্বস্য নৈবাত্মনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বস্তুতস্তূপাধিসম্বন্ধেনৈব জীবস্য জন্মমৃত্যু স্ত ইত্যাহ মেতি। স্বস্য কর্ম্মরূপেণ বীজেন অয়ং পুমান্ জীবঃ মা জায়তে মা ম্রিয়তে চ কিন্ত্বয়ং ভ্রান্ত্যা অজন্মাপি জায়তে অমরোঽপি

কেবল বীজভূত কর্ম্মসংস্কারের অনুসারেই যে পুরুষের জন্ম এবং মৃত্যু ঘটে, তাহা নহে; এতদ্ব্যতীত অপর একটি আশ্রয়ের প্রয়োজন আছে। সে আশ্রয়ের নামই অজ্ঞান বা মায়া। তেজস্তত্ত্ব সামান্যত সর্ব্বত্র নিত্য

আভাস।

বাল্যের ক্ষয়ে শেষ মৃত্যু যে নিকট হইতেছে, জীব তাহা ভ্রমেও অনুভব করে না॥ ৪২॥ ৪৩॥

দীপ দর্শনে অগ্নিজ্বালার অস্তিত্ব এবং জলদর্শনে স্রোতের অস্তিত্ব কল্পনা করা হয় বটে, কিন্তু মুহূর্ত্তমধ্যে তাহাদের যে কত পরিবর্ত্তন হইতেছে, তাহার প্রতি কেহ দৃষ্টি রাখে না; সেইরূপ দেহ দেখিয়াই তাহার অস্তিত্ব স্বীকার করা হইলেও, প্রতি পলকে প্রতি নিমেষ মাত্র কালে দেহগত অবয়বাদির যে কত পরিণাম ঘটিয়া যায়, তাহা ক্ষুদ্রবুদ্ধি দর্শক কখন অনুমান করিতে পারে না। প্রবল স্রোতে জলরাশি নিমেষমধ্যে কোথায় চলিয়া গেল এবং অন্য স্থানের জল সেই স্থানে উপস্থিত হইল; বর্ত্তির আশ্রয়ে অর্চ্চি কত তৈলকে অগ্নিতে পরিণত করাইয়া, শূন্যে বিলীন হইতেছে, ইহার সংবাদ যেমন সামান্য দর্শক কিছু রাখে না, সেইরূপ এক নিমেষমধ্যে দেহের কত অংশ বিনষ্ট হইয়া অন্নাদির সাহায্যে কত অংশ দেহে উপচিত হইল, সাধারণ মানব তাহার কোন সংবাদই রাখে ন। প্রতি মুহূর্ত্তে কেবল জীবদেহে কেন? যাবদীয় জন্য দৃশ্য জগতে নিরন্তর উৎপত্তি ও বিনাশের তীব্র পরিণাম কাল সহকারে ঘটিতেছে; অথচ ক্ষুদ্রদর্শী মানব তাহাকে চিরস্থায়ী বলিয়া মনে করিতেছে এবং বাক্যেও প্রকাশ করিতেছে॥ ৪৪॥

কেবল কর্ম্মকে চৈতন্যস্বরূপ জীবাত্মার জন্মমরণের কারণ বলিয়া নির্দ্দেশ করা যায় না। শ্রুতি জীবাত্মাকে "অসঙ্গোহয়ং পুরুষঃ" বলিয়া নিরূপণ করিয়াছেন; অথচ কর্ম্ম ক্রিয়ানিষ্পন্ন; শরীর, মন ও বুদ্ধির ব্যাপার মাত্র। অতএব কর্ম্ম যাহার ব্যাপার, কর্ম্ম তাহাকেই ব্যাপৃত করিতে পারে; অসঙ্গ পুরুষের সহিত তাহার কোন সম্পর্ক কখন স্বীকার্য্য নহে। এতদুত্তরে প্রকাশ করা হইল যে, "তস্য হেতুরবিদ্যা"। অবিদ্যাই সংসারের কারণ।

ম্রিয়তে চামরো ভ্রান্ত্যা যথাগ্নিদারুসংস্থিতঃ ॥ ৪৫ ॥
নিষেকগর্ভজন্মানি বাল্যকৌমারযৌবনং ।

অন্বয়ঃ ।

জন্মনাশৌ প্রাপ্নোতি তথা দেহাদ্যধ্যাসাদেব) জীবঃ অজোঽপি জায়তে অমরঃ অপি ম্রিয়তে ॥ ৪৫ ॥

নিষেকগর্ভজন্মানি (নিষেকঃ জঠরপ্রবেশঃ, গর্ভঃ তন্মধ্যে বৃদ্ধিঃ, জন্মচ তানি) বাল্যকৌমার-যৌবনং (বাল্যমাপঞ্চমাৎ, কৌমারং আষোড়শং, যৌবনং পঞ্চচত্বারিংশংবয়োযাবং)

শ্রীধরস্বামী ।

কর্ম্মণা বীজভূতেন সোঽপি অজোঽপি পুমান্ জায়তে ম্রিয়তে বা কিন্তু অয়ং ভ্রান্ত্যা অজন্মাপি জায়ত ইব অমরোঽপি ম্রিয়ত ইব যথা মহাভূতস্তেজোরূপোঽগ্নিরাকল্পান্তমবস্থিতোঽপি দারু-সংযোগবিয়োগাভ্যাং জন্মনাশৌ প্রাপ্নোতি তদ্বৎ ॥ ৪৫ ॥

সিদ্ধবৎ কৃত্বা উক্তা বয়োবস্থাঃ প্রপঞ্চয়তি। নিষেকো জঠরে প্রবেশঃ। গর্ভস্তন্মধ্যে বৃদ্ধিঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ম্রিয়তে। যথা মহাভূততেজোরূপোঽগ্নিরাকল্পান্তমবস্থিতোঽপি দারুযোগবিয়োগাভ্যামেব জন্মনাশৌ প্রাপ্নোতি তদ্বৎ ॥ ৪৫ ॥

যৎসম্বন্ধাদেব জীবোঽবস্থাবানুচ্যতে তস্যা স্তনোরবস্থা গণয়তি। নিষেকো জঠরে প্রবেশঃ গর্ভস্তন্মধ্যে বৃদ্ধিঃ। জন্ম মাতৃজঠরান্নির্‌ক্রমঃ। বাল্যমাপঞ্চমাব্দাৎ কৌমারং পৌগণ্ড-

বিদ্যমান থাকিলেও, যেমন কাষ্ঠের সংযোগ ও বিয়োগের অনুরোধে অগ্নিকে উৎপন্ন এবং বিনষ্ট বলিয়া প্রতীত হয়, সেইরূপ অজ্ঞান-নিবন্ধন দেহাদির অধ্যাস বশতই জন্ম মৃত্যু বিবর্জ্জিত পরমার্থস্বরূপ আত্মারও জন্ম এবং মৃত্যু কল্পিত হইয়া থাকে মাত্র ॥ ৪৫ ॥

মাতৃগর্ভে প্রবেশ, তদনন্তর বৃদ্ধি, তৎপরে জন্ম, তদনন্তর পাঁচ বৎসর পর্য্যন্ত বাল্যাবস্থা, ষোড়শ বর্ষাবধি কৌমারাবস্থা, ষোড়শ বৎসরের পর পঞ্চচত্বারিংশ বর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত যৌবন, তৎপর ষষ্টিবর্ষ বয়ঃক্রম অবধি প্রৌঢ় নামক মধ্য বয়স, তাহার পর জরা ও সর্ব্বান্তে মৃতুরূপ নববিধ অবস্থা

আভাস ।

অজ্ঞান বশত দেহাদিতে আত্মভাবনা করাতেই দেহধর্ম্ম আত্মাতে আরোপিত হয় মাত্র; প্রকৃত প্রস্তাবে আত্মা নিত্যশুদ্ধ ও নিত্যমুক্ত। অগ্নি সর্ব্বব্যাপী এবং তেজোরূপে সাধারণত পদার্থমাত্রেই অবস্থান করিতেছে; কিন্তু কেবল কাষ্ঠাদির আশ্রয়ে যেমন তাহার বিশেষ প্রতীতি হয় এবং ইন্ধনের অভাবে অগ্নি অদৃশ্য হয়, সেইরূপ ভ্রান্তির আশ্রয়ে জীবত্বের প্রকটন এবং তাহার বিলয়ে জীবভাবের বিরাম, এইরূপ শাস্ত্রকারগণ নিরূপণ করিয়াছেন ॥৪৫॥

বয়োমধ্যং জরা মৃত্যুরিত্যবস্থা স্তনোর্নব ॥ ৪৬ ॥
এতা মনোরথময়ী র্হ্নাস্যোচ্চাবচাস্তনূঃ।
গুণসঙ্গাদুপাদত্তে ক্বচিৎ কশ্চিজ্জহাতি চ ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

মধ্যংবয়ঃ আষষ্টিবর্ষাৎ, ততঃ পরা জরা, ততঃ উপরি মৃত্যুঃ ইতি এবং তনোঃ নব অবস্থাঃ ॥ ৪৬ ॥

এতাঃ মনোরথময়ীঃ মনোবিকারপ্রাপ্তাঃ উচ্চাবচাঃ অন্যস্য দেহস্য তনূঃ অবস্থাঃ গুণ-সঙ্গাৎ দেহাদ্যধ্যাসাৎ কশ্চিৎ জীবঃ উপাদত্তে গৃহ্লাতি ক্বচিৎ চ জহাতি পরিত্যজতি চ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

বাল্যমাপঞ্চমাব্দাৎ কৌমারমাষোড়শবর্ষাৎ। ততো যৌবনমাপঞ্চচত্বারিংশতঃ। ততো বয়োমধ্যং আষষ্টিবর্ষাৎ তদুপরি জরা তদুপরি মৃত্যুঃ ॥ ৪৬ ॥

দেহসম্বন্ধাৎ জন্মমরণাদীনীত্যুপপাদিতমর্থমুপসংহরতি এতা ইতি। হ স্ফুটং। অন্যস্য দেহস্য তনূরবস্থা গুণসঙ্গাৎ প্রকৃত্যবিবেকাৎ কশ্চিৎ পরমেশ্বরানুগৃহীতঃ কথং জহাতি অবস্থাবতো দেহস্য দ্রষ্টা অবস্থাবান্ ভবতীতি বিবেকজ্ঞানেন ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৈশোরাস্ত্বকমাষোড়শবর্ষাৎ। ততো যৌবনমাপঞ্চচত্বারিংশতঃ। ততো বয়োমধ্যমাষষ্টি-বর্ষাৎ। ততো যাবজ্জীবনং জরৈব ততো মৃত্যুরিতি ॥ ৪৬ ॥

দেহসম্বন্ধাজ্জন্মমরণাদীনীত্যুপপাদিতমর্থমুপসংহরতি এতা ইতি। হ স্পষ্টং। মনোরথ-ময়ীঃ কর্ম্মপ্রাপিতমনোধ্যানপ্রাপ্তাঃ অন্যস্য দেহস্য তনূরবস্থাঃ গুণসঙ্গাদবিদ্যাহেতুকাৎ উপাদত্তে কশ্চিদ্ভগবদনুগৃহীতো জহাতি চ ॥ ৪৭ ॥

এক দেহেতেই অভিব্যক্ত হইয়া থাকে; আত্মার সহিত ইহাদের কোন সম্পর্ক নাই ॥ ৪৬ ॥

মানসিক সংস্কারভাবের তারতম্যেই উৎকৃষ্ট বা অপকৃষ্ট দেহের সৃষ্টি হইয়া থাকে। এবং দেহ হইতে সম্পূর্ণ পৃথক্ পুরুষ কেবল দেহাদিতে আত্ম-ভাবের ভাবনা বশতই কখন তাদৃশ দেহকে গ্রহণ করেন এবং পরে আবার ভগবদনুকম্পায় তাহা পরিহার করেন ॥ ৪৭ ॥

আভাস।

দেহের নববিধ অবস্থায় দেহী অবস্থিত বলিয়া প্রতীত হইলেও, পরমার্থত তিনি তাহা হইতে সম্পূর্ণ ভিন্ন ও অসংশ্লিষ্ট। কেবল আপনবোধে আসক্ত হইয়াই, সংসারী হন এবং দেহাদির আসক্তি পরিহার পূর্ব্বক ভগবানে আসক্তি করার ফলে, দেহাদির বিসর্জ্জনে মুক্তিপদবীতে আরোহণ করেন ॥ ৪৬ ॥ ৪৭ ॥

আত্মনঃ পিতৃপুত্রাভ্যামনুমেয়ৌ ভবাপ্যয়ৌ।
ন ভবাপ্যয়বস্তূনামভিজ্ঞো দ্বয়লক্ষণঃ ॥ ৪৮ ॥
তরোর্বীজবিপাকাভ্যাং যো বিদ্বান্ জন্মসংযমৌ।

অন্বয়ঃ।

পিতৃপুত্রাভ্যাং (পিতুঃ মরণাৎ ঔর্দ্ধদৈহিককর্ম্মাদিনা অপায়দর্শনাৎ তথা জাতকর্ম্মাদিনা পুত্রস্য জন্মদর্শনাৎ) আত্মনঃ স্বদেহস্য ভবাপ্যয়ৌ অনুমেয়ৌ এব; ভবাপ্যয়বস্তূনাং (দেহানাং) অভিজ্ঞঃ দ্রষ্টা, দ্বয়লক্ষণঃ ভবাপ্যয়লক্ষণঃ, ন ভবতি ॥ ৪৮ ॥

বীজবিপাকাভ্যাং তরোঃ জন্মসংযমৌ যঃ বিদ্বান্ জানাতি, সঃ দ্রষ্টা-তরোঃ বিলক্ষণঃ ভিন্নঃ, চ

শ্রীধরস্বামী।

নমু তদানীং মূর্চ্ছিতত্বেন জন্মমরণবান্ দেহো ন দৃশ্যতে তত্রাহ আত্মন ইতি। পিতৃদেহস্যৌর্দ্ধদৈহিকং কুর্ব্বতাঽপায়দর্শনাৎ পুত্রদেহস্য চ জাতকর্ম্মাণি কুর্ব্বতা জন্মদর্শনাদাত্মনঃ স্বদেহস্যাপি ভবাপ্যয়াবনুমেয়ৌ। এবঞ্চ দৃশ্যত্বে সতি ভবাপ্যয়বতাং বস্তূনাং দেহানাং অভিজ্ঞো দ্রষ্টা দ্বয়লক্ষণঃ ভবাপ্যয়ধর্ম্মকো ন ভবতি ॥ ৪৮ ॥

এতদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি তরোরিতি। তরুশব্দেনোদ্ভিজ্জমাত্রং লক্ষ্যতে। ফলপাকান্তস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু দেহস্যৈতা অবস্থা দেহিনা দৃশ্যন্তে এব কিন্তু নিষেকগর্ভজন্মমরণানি ন দৃশ্যন্তে তত্রাহ আত্মন ইতি। পিতৃদেহস্যৌর্দ্ধদেহিকং কর্ম্ম কুর্ব্বতাঽপায়দর্শনাৎ পুত্রদেহস্য চ জাতকর্ম্মাণি জন্মদর্শনাৎ আত্মনঃ স্বদেহস্যাপি ভবাপ্যয়াবনুমেয়ৌ। অত্র ভবশব্দেন নিষেকগর্ভজন্মান্যুপলক্ষিতানি। এবঞ্চ দৃশ্যত্বে সতি ভবাপ্যয়বতাং বস্তূনাং দেহানামভিজ্ঞো দ্রষ্টা দ্বয়লক্ষণঃ দেহলক্ষণবান্ ন ভবতি ॥ ৪৮ ॥

এতদেব দৃষ্টান্তেন স্পষ্টয়তি তরোরিতি। তরুশব্দেনোদ্ভিজ্জমাত্রমুচ্যতে। ততো

পিতার মৃত্যু এবং ঔর্দ্ধদৈহিক ক্রিয়ার দ্বারা ধ্বংস দর্শনে এবং পুত্রের জন্ম ও জাতকর্ম্মাদি নিরীক্ষণে উৎপত্তি অবলোকন করিলে, স্বকীয় দেহের উৎপত্তি হইয়াছে এবং কালক্রমে যে তাহার বিনাশ ঘটিবে, তাহা স্পষ্টত অনুমান করা যায়। দেহের উৎপত্তি ও ধ্বংস যিনি অবধারণ করেন, সেই আত্মা নিশ্চয়ই দৃশ্য দেহ নহে; জন্মমরণাদি অবস্থার যে অতীত ও নিত্য বিদ্যমান, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥ ৪৮ ॥

বীজভাব অঙ্কুরিত হইয়া, তরুর জন্ম হয়; এবং ফলোৎপাদনের পর সেই

আভাস।

স্বকীয় দেহের উৎপত্তি এবং ধ্বংস নিরূপণার্থ বিশেষ উদ্‌যোগ করিতে হয় না। পিতাপুত্রের সম্বন্ধ ও উভয়ের অবস্থার প্রতি লক্ষ্য করিলেই, তাহার যথেষ্ট পরিচয় লাভ হইয়া থাকে। কখন পুত্র হইয়া পিতার অন্ত্যেষ্টিক্রিয়া করিতেছেন, পরক্ষণেই আবার পুত্রের

তরোর্বিলক্ষণো দৃষ্ট এবং দ্রষ্টা তনোঃ পৃথক্ ॥ ৪৯ ॥
প্রকৃতেরেবমাত্মানমবিবিচ্যাবুধঃ পুমান্।
তত্ত্বেন স্পর্শসংমূঢ়ঃ সংসারং প্রতিপদ্যতে ॥ ৫০ ॥
সত্ত্বসঙ্গাদৃষীন্ দেবান্ অসাসুরমানুষান্।

অন্বয়ঃ।

যথা দৃষ্টঃ এবং তনোঃ দ্রষ্টা জীবঃ, অপি ততঃ দেহাৎ পৃথক্ ॥ ৪৯ ॥

এবং প্রকৃতেঃ সকাশাৎ আত্মানং অবিবিচ্য অবুধঃ স্বরূপানভিজ্ঞঃ, পুমান্ তত্ত্বেন পরমার্থ-দৃষ্ট্যা, স্পর্শসংমূঢ়ঃ (স্পর্শেষু বিষয়েষু সংমূঢ়ঃ আসক্তঃ সন্) সংসারং প্রতিপদ্যতে ॥ ৫০ ॥

সত্ত্বসঙ্গাৎ সত্ত্বকার্য্যশমদমাদ্যভিনিবেশাৎ, তদনুরূপৈঃ কর্ম্মভিঃ, ভ্রামিতঃ চালিতঃ,

শ্রীধরস্বামী।

ব্রীহ্যাদেরিত্যর্থঃ। যদ্বা। তরোরেবাস্ত্যঃ পরিণামো বিপাকঃ বীজাৎ জন্ম তদ্বিপাকাৎ সংযমং নাশঞ্চ বিদ্বান্ আত্মবিৎ ॥ ৪৯ ॥

অবিবেকিনঃ সংসারং প্রপঞ্চয়তি প্রকৃতেরিতি পঞ্চভিঃ। তত্ত্বেন তত্ত্বতোঽবিবিচ্য তত্ত্ব-দৃষ্ট্যা প্রকৃতৌ স্পর্শো দেহে অভিমানস্তেন সংমূঢ়ঃ প্রকৃতিস্পর্শাত্তদ্গুণাভিমান ইতি বা স্পর্শেষু বিষয়েষু সংমূঢ় ইতি বা ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লক্ষণয়া ফলপাকান্তস্য ব্রীহ্যাদেরিত্যর্থঃ। বীজাজ্জন্মবিপাকাৎ সংযমং নাশঞ্চ বিদ্বান্ ॥ ৪৯ ॥

বৃক্ষের ধ্বংস ঘটে; এই উভয় অবস্থা আদ্যোপান্ত যে ব্যক্তি অবলোকন করে, সে যেমন সেই বৃক্ষ হইতে সম্পূর্ণ ভিন্ন দ্রষ্টারূপে পরিদৃষ্ট হয়, সেইরূপ দেহের অবধারণকারী ক্ষেত্রজ্ঞ জীবও দেহ হইতে সম্পূর্ণ ভিন্ন; তাহাতে আর সন্দেহ নাই ॥ ৪৯ ॥

এই প্রকারে প্রকৃতির স্তর হইতে আপনাকে ভিন্ন বলিয়া অবধারণে অক্ষম স্বরূপানভিজ্ঞ পুরুষ পারমার্থিক দৃষ্টিতে দৃশ্যস্বরূপ দেহাদি বিষয়সমূহে আসক্ত হইয়া, জন্মমরণরূপ সংসারপ্রবাহে পতিত হয় ॥ ৫০ ॥

সত্ত্বগুণের কার্য্য শমদমাদিতে অভিনিবেশ বশত, তদনুরূপ সাত্ত্বিক কর্ম্মের অনুষ্ঠানে চালিত জীব দেবযোনি বা ঋষিযোনিতে জন্ম গ্রহণ করে; আবার রাজসিক কর্ম্মের দ্বারা অসুরযোনি ও মনুষ্যযোনি এবং তমোগুণের

আভাস।

জাতকর্ম্মে উৎসব করিতেছেন। তখন ঐ পুত্র যে, তাঁহার ঔর্দ্ধদৈহিক কর্ম্মের জন্য প্রস্তুত হইতেছে, তদ্বিষয়ে নিশ্চয় করা বিবেকী ব্যক্তির অবশ্য কর্ত্তব্য, সন্দেহ নাই। কিন্তু এতদ্দ্বারা অবশ্য অবধারণ করা কর্ত্তব্য যে, যিনি স্বকীয় দেহের উৎপত্তি ও নাশ লক্ষ্য করেন, তিনি দেহের অতীত। এই ভাবটীই পরবর্ত্তী শ্লোকের দ্বারা উদাহৃত হইয়াছে ॥ ৪৮ ॥ ৪৯ ॥

তমসা ভূততির্য্যক্ত্বং ভ্রামিতো যাতি কর্ম্মভিঃ ॥ ৫১ ॥
নৃত্যতো গায়তঃ পশ্যন্ যথৈবানুকরোতি তান্।
এবং বুদ্ধিগুণান্ পশ্যন্নীহোঽপ্যনুকার্য্যতে ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

দেবান্ ঋষীন্ দেবত্বং ঋষিত্বং, রজসা কামপ্রবৃত্তৈঃ কর্ম্মভিঃ, অসুরমানুষান্ অসুরত্বং মানুষত্বং, তথা তমসা প্রবৃত্তৈঃ কর্ম্মভিঃ, ভূততির্য্যক্ত্বং পিশাচত্বং তির্য্যক্ত্বং চ যাতি প্রাপ্নোতি ॥ ৫১ ॥

যথা নৃত্যতঃ গায়তঃ চ জনান্ পশ্যন্ পুমান্ তান্ তালাদিরসান্ অনুকরোতি স্বমনসি অনুবর্ত্তয়তি, এবং অনীহঃ নিষ্ক্রিয়ঃ অপি আত্মা, বুদ্ধিগুণান্ পশ্যন্ আত্মনি গুণৈঃ অনুকার্য্যতে ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

গুণভেদেন ত্রিবিধং তত্রাপি তত্তারতম্যেনৈকৈকত্র দ্বিবিধং সংসারমাহ সত্ত্বেতি ॥ ৫১ ॥

নন্বকর্ত্তুরাত্মনঃ কুতঃ কর্ম্মভির্ভ্রমণং তত্রাহ। নৃত্যতো গায়তো জনান্ পশ্যন্ যথাঽনুকরোতি তদ্গতস্বরতালাদিগতিং শৃঙ্গারকরুণাদিরসঞ্চ মনস্যনুবর্ত্তয়তীতি অনুকার্য্যতে। গুণৈর্বলাদিত্যর্থঃ। অনেন দৃষ্টান্তেন দৃশ্যধর্ম্মো দ্রষ্টরি স্ফুরতীতি দর্শিতং ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিবেকিনঃ সংসারং প্রপঞ্চয়তি। প্রকৃতেরুপাধেঃ সকাশাৎ আত্মানং স্বং। স্পর্শসংমূঢ়ঃ বিষয়াবিষ্টঃ ॥ ৫০ ॥ ৫১ ॥

দ্রষ্টুর্জীবস্য দৃশ্যাৎ পার্থক্যেঽপি দৃশ্যধর্ম্মগ্রহণে দৃষ্টান্তমাহ। নৃত্যতো গায়তো জনান্ পশ্যন্ বালো যথা অনুকরোতি। তদ্গতস্বরতালাদিগতিং শৃঙ্গারাদিরসঞ্চ মনস্যনুবর্ত্তয়তীত্যর্থঃ। অনুকার্য্যতে গুণৈর্বলাদিত্যর্থঃ ॥ ৫২ ॥

প্রেরণায় তামসিক কার্য্যের অনুষ্ঠানে পিশাচ ও নারকীয় তির্য্যক্‌যোনি এক জীবস্বরূপ আত্মাই গ্রহণ করিয়া থাকেন ॥ ৫১ ॥

যেমন অপরের নৃত্য গীত ও তাল রাগাদি দর্শনে অন্য ব্যক্তি মনে মনে তাহার অনুকরণে ভাল মন্দ বিচার করেন; অথচ নিজে সেই সেই কার্য্যে ব্যাপৃত হন না, সেইরূপ আত্মা নিষ্ক্রিয় হইলেও বুদ্ধিকৃত ব্যাপার দর্শনে আপনি যেন তাহার অনুকরণে আসক্ত হন মাত্র ॥ ৫২ ॥

আভাস।

অবিদ্যার প্রতি দৃষ্টি করিবামাত্র পুরুষ আত্মস্বরূপ বিস্মৃত হন এবং প্রকৃতিতত্ত্বকে স্বয়ংজ্ঞানে উপহিত হইয়া, প্রকৃতির ভাবে নানাপ্রকারে বিড়ম্বিত হন। প্রকৃতির গুণ অনুসারে বিভিন্ন যোনিতে জন্মগ্রহণ করেন এবং বস্তুত স্বয়ং বিকারবর্জ্জিত হইয়াও বিস্মৃতের ন্যায়, প্রতীত হন ॥ ৫০ ॥ ৫১ ॥ ৫২ ॥

উপাধিভূত বুদ্ধির ধর্ম্ম জাগ্রতাদি এবং দুঃখাদি উপহিত অর্থাৎ উপাধিগত অনুরক্ত

যথাম্ভসা প্রচলতা তরবোঽপি চলা ইব।
চক্ষুষা ভ্রাম্যমাণেন দৃশ্যতে ভ্রাম্যতীব ভূঃ॥ ৫৩॥
যথা মনোরথধিয়ো বিষয়ানুভবো মৃষা।
স্বপ্নদৃষ্টাশ্চ দাশার্হ তথা সংসার আত্মনঃ॥ ৫৪॥

অন্বয়ঃ।

যথা প্রচলতা অম্ভসা নিমিত্তেন তীরস্থাঃ তরবঃ অপি চলাঃ ইব দৃশ্যন্তে যথা ভ্রাম্যমাণেন চক্ষুষা ভূঃ ভ্রাম্যতী ইব দৃশ্যতে॥ ৫৩॥

যথা এতাঃ মনোরথধিয়ঃ স্বপ্নদৃষ্টাঃ চ ধিয়ঃ মৃষা তথা হে দাশার্হ! আত্মনঃ বিষয়ানুভবঃ সংসারঃ দেহাদ্যাত্মাধ্যাসঃ মৃষা এব॥ ৫৪॥

শ্রীধরস্বামী।

উপাধিধর্ম্মাংশোপহিতেঽবভাসস্ত ইত্যত্র দৃষ্টান্তমাহ যথাম্ভসেতি। তীরস্থা তরবো ধাবন্ত ইব দৃশ্যন্তে নৌকাস্থিতজনৈরিত্যর্থঃ। জলে প্রতিবিম্বিতা বা চঞ্চলা ইবেতি বিষয়গ্রাহকেণ মনসা পরিকল্পিতা এব তেষু লাবণ্যাদয়ো গুণা ন বস্তুতঃ সন্তি অতো মনোনিবন্ধন এবায়ং সংসার ইত্যভিপ্রেত্য গ্রাহকগুণা গ্রাহ্যেঽবভাসন্তে ইত্যত্র দৃষ্টান্তমাহ চক্ষুষেতি॥ ৫৩॥

ভোগস্যাপি মিথ্যাত্বে দৃষ্টান্তদ্বয়মাহ যথেতি॥ ৫৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যধর্ম্মা অন্যত্রাবভাসন্তে ইত্যত্র দৃষ্টান্তো যথেতি। অম্ভসা প্রচলতেব অত্র নৌকারূঢ়ৈর্জনৈস্তীরস্থা তরবো যথা চলা ইব দৃশ্যন্তে এবং কর্ত্তৃত্বভোক্তৃত্বাদয় উপাধিধর্ম্মা এব তদ্গ্রাহ্যে জীবে সর্ব্বভূতাদ্যাবিষ্টত্বাৎ সর্পাদিগ্রাহে মনুষ্যে সর্পাদিধর্ম্মা ইবাবভাসন্তে ইত্যত্র দৃষ্টান্তমাহ চক্ষুষেতি॥ ৫৩॥

তদেবং বিষয়ভোগা উপাধিধর্ম্মা এব জীবে মৃষা প্রতীতা ইত্যত্র দৃষ্টান্তদ্বয়মাহ যথেতি। বিষয়ানুভবো বিষয়ভোগঃ সংসারঃ সংসারবন্ধঃ॥ ৫৪॥

নৌকারোহণে নদীর স্রোতে গমনকালে তীরস্থ তরুরাজি বিপরীত দিকে গমন করিতেছে বলিয়া যেমন প্রতীত হয়, যেমন স্বীয় মস্তিষ্কের পীড়া নিবন্ধন দৃষ্টিশক্তির ভ্রমণে গৃহ ক্ষেত্রাদিকে ঘূর্ণিত বলিয়া উপলব্ধ হয়, সেইরূপ বুদ্ধি প্রভৃতি দেহের বিকারে আত্মাকে বিকৃত বলিয়া প্রতীত হয় মাত্র॥ ৫৩॥

মনোময় কল্পনাজাল এবং স্বপ্নদৃষ্ট পদার্থাবলি যেমন প্রকৃত প্রস্তাবে মিথ্যা বলিয়াই প্রতীত করা যায়, হে উদ্ধব! আত্মার বিষয়ানুভবরূপ সংসারদশা সেইরূপ কেবল দেহাদিতে আত্মস্বরূপের অধ্যাসে ঘটে মাত্র॥ ৫৪॥

আভাস।

আত্মাতে যেরূপে অবভাসিত হয়, তাহাই এস্থলে তরু ও ভূমির দৃষ্টান্তে প্রদর্শিত হইয়াছে। নৌকারোহণে নদী দিয়া গমনকালে ব্যক্তিবর নিকট তীরস্থ তরুসমূহকে যেমন বিপরীত মার্গে

অর্থে হ্যবিদ্যমানেঽপি সংসৃতির্ন নিবর্ত্ততে।
ধ্যায়তো বিষয়ানস্য স্বপ্নেঽনর্থাগমো যথা ॥ ৫৫ ॥
তস্মাদুদ্ধব মা ভুঙ্ক্ষ্ব বিষয়ানসদিন্দ্রিয়ৈঃ।

অন্বয়ঃ।

বিষয়ান্ ধ্যায়তঃ চিন্তয়তঃ, অস্য পুংসঃ, স্বপ্নে বিষয়াদ্যভাবকালেঽপি অনর্থাগমঃ (অনর্থস্য বিষয়নিষ্ঠসুখদুঃখাদেঃ আগমঃ সম্বন্ধঃ) যথা ভবতি তথা অর্থে সুখদুঃখাদিরূপে, আত্মনি অবিদ্যমানে অপি বিষয়ান্ ধ্যায়তঃ অস্য আত্মনঃ পুরুষস্য, সংসৃতিঃ সংসারঃ ন নিবর্ত্ততে ॥ ৫৫ ॥

তস্মাৎ হে উদ্ধব! অসদিন্দ্রিয়ৈঃ বিষয়ান্ মা ন, ভুঙ্ক্ষ্ব আত্মাগ্রহণনির্ভাতং (আত্মনঃ

শ্রীধরস্বামী।

নহু যদি মৃষা তর্হি কিং তন্নিবৃত্তিপ্রয়েণ ইত্যত আহ অর্থে হীতি। অস্য আত্মনঃ ॥ ৫৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংসারবন্ধস্য মিথ্যাত্বেঽপি তদুত্থং দুঃখং ন নিবর্ত্তত ইত্যাহ অর্থে উপাধিসম্বন্ধে অবিদ্যমানে অবস্তুভূতেঽপি সংসৃতিঃ সংসারসম্বন্ধোত্থং দুঃখং ন নিবর্ত্ততে। কস্য বিষয়ান্ ভোগবুদ্ধ্যা ধ্যায়তোঽস্য জীবস্য অবস্তুভূতস্যাপি দুঃখদত্বে দৃষ্টান্তঃ। স্বপ্নেঽনর্থাগমঃ সর্পাদিদংশঃ ॥ ৫৫ ॥

শয়ান পুরুষের সন্নিধানে কোন প্রকার বস্তু না থাকিলেও কেবল মনোময় ভাবই বস্তুরূপে স্বপ্নদর্শীর নিকট যেরূপ অবভাসিত হয়, সেইরূপ পদার্থ না থাকিলেও মনে মনে পদার্থের চিন্তা করাতেই তন্নিষ্ঠ সুখদুঃখাদিতে আত্মস্বরূপ জীবের সংসার আনয়ন করিয়া থাকে ॥ ৫৫ ॥

অতএব হে উদ্ধব! নরকপাতনের প্রধান কারণীভূত অসদিন্দ্রিয়গণের

আভাস।

গমন করিতে অনুভূত হয়, স্বীয় মস্তিষ্কের পীড়া বশত দৃষ্টিশক্তির ঘূর্ণন উপস্থিত হইলে, সম্মুখবর্ত্তী ভূমি ও গৃহাদিকে বিঘূর্ণিত বলিয়া যেমন বোধ হয়, সেইরূপ চিত্তের দোষে চৈতন্যস্বরূপ আত্মাকে কর্ত্তা ও ভোক্তা বলিয়া উপলব্ধ হইয়া থাকে ॥ ৫৩ ॥

বিষয়সম্ভোগ ও উপাধির ধর্ম্ম নিরর্থক জীবস্বরূপে যে কল্পিত হয়, তাহারই দৃষ্টান্তচ্ছলে কল্পনা ও স্বপ্নকে এই শ্লোকে উল্লেখ করিয়াছেন ॥ ৫৪ ॥

সংসার মায়াময় ও মিথ্যা হইলেও তাহার নিবৃত্তির জন্য যত্ন করা যে প্রয়োজন, তাহাই এই শ্লোকে প্রদর্শিত হইয়াছে। স্বাপ্নিক বস্তু মিথ্যা হইলেও স্বপ্নদর্শীকে তাহারা সুখী বা দুঃখী করিতে কোন মতে ত্রুটি করে না। সেস্থলে নিদ্রাভঙ্গের প্রয়োজন; নতুবা তাহার শান্তি নাই। সেইরূপ মায়াময় জগৎ অনিত্য ও মিথ্যা হইলেও, তাহার চিন্তার বিরাম না হইলে সংসারপ্রবাহের বিরাম নাই; সুতরাং সংসারের নিবৃত্তির জন্য শমদমাদি সাধনক্রমের বিশেষ প্রয়োজন ॥ ৫৫ ॥

আত্মাগ্রহণনির্ভাতং পশ্য বৈকল্পিকং ভ্রমং ॥ ৫৬ ॥
ক্ষিপ্তোঽবমানিতোঽসদ্ভিঃ প্রলব্ধোঽসূয়িতোঽথবা।
তাড়িতঃ সন্নিরুদ্ধো বা বৃত্ত্যা বা পরিহাপিতঃ ॥ ৫৭ ॥
নিষ্ঠিতো মূত্রিতো বাজ্ঞৈর্বহুধৈবং প্রকম্পিতঃ।

অন্বয়ঃ।

অধিষ্ঠানভূতস্য, অগ্রহণেন অজ্ঞানেন, নির্ভাতং অবভাসিতং, বস্তুতঃ অন্তঃকরণনিষ্ঠং) বৈকল্পিকং সুখদুঃখাদিকং, ভ্রমং ভ্রমসিদ্ধং, পশ্য ॥ ৫৬ ॥

অসদ্ভিঃ দুর্জ্জনৈঃ, ক্ষিপ্তঃ আক্ষিপ্তঃ, অবমানিতঃ তিরস্কৃতঃ, প্রলব্ধঃ উপহসিতঃ, অসূয়িতঃ দোষবত্তয়া দৃষ্টঃ, বৃত্ত্যা জীবিকয়া, পরিহাপিতঃ ত্যাজিতঃ, তাড়িতঃ সন্নিরুদ্ধঃ বা ॥ ৫৭ ॥

নিষ্ঠিতঃ নিষ্ঠীবনবিষয়ীকৃতঃ, মূত্রিতঃ মূত্রেণ আর্দ্রীকৃতঃ, এবং অজ্ঞৈঃ বহুধা প্রকম্পিতঃ আত্মনিষ্ঠাতঃ চালিতঃ, কৃচ্ছ্রগতঃ কষ্টপ্রাপ্তঃ, অপি শ্রেয়স্কামঃ মুক্তিকামঃ, জনঃ আত্মনা ধৈর্য্য-

শ্রীধরস্বামী।

অতো ভোগোদ্যমো ন কর্ত্তব্য ইত্যাহ তস্মাদিতি ॥ ৫৬ ॥

দুঃখপ্রতিকারোদ্যমমপি পরিত্যজ্য পরমেশ্বরনিষ্ঠৈনৈব ভাব্যমিত্যাহ ক্ষিপ্ত ইতি দ্বাভ্যাং। ক্ষিপ্তঃ আক্ষিপ্তঃ। সুপ্ত ইতি বা পাঠঃ প্রলব্ধ উপহসিতঃ সন্নিরুদ্ধো বদ্ধা স্থাপিতঃ ॥ ৫৭ ॥

নিষ্ঠ্যূত নিষ্ঠীবনবিষয়ীকৃতঃ মূত্রিতঃ মূত্রেণার্দ্রীকৃতঃ প্রকম্পিতঃ পরমেশ্বরনিষ্ঠাতঃ প্রচ্যা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্মাদ্ভোগবুদ্ধ্যা বিষয়ধ্যানমনর্থহেতুস্তস্মাত্ত্বং তং ত্যজেত্যাহ তস্মাদিতি। বিকল্পাদ্দেহাধ্যাসাদুদ্ভূতং ভ্রমমজ্ঞানং পশ্য কীদৃশং আত্মনো জীবস্য অগ্রহণমপ্রাপ্তিস্তত্র নির্ভাতং বিরাজমানং তদতিসাধকমিত্যর্থঃ ॥ ৫৬ ॥

বিষয়ভোগরহিতঃ কীদৃশস্তিষ্ঠেয়মিত্যপেক্ষায়ামাহ ক্ষিপ্ত ইতি দ্বাভ্যাং। ক্ষিপ্ত আক্ষিপ্তঃ বহির্নিঃসারিতো বা প্রলব্ধ উপহসিতঃ। অসূয়িতঃ দোষারোপবিষয়ীকৃতঃ। বৃত্ত্যা জীবিকয়া

দ্বারা আর বিষয়সম্ভোগ করিও না। অধিষ্ঠানভূত আত্মস্বরূপের অবধারণ করিতে অক্ষম হওয়াতেই, এই সুখদুঃখাদি বৈকল্পিক ভ্রমের আপতন হইয়া থাকে ॥ ৫৬ ॥

যদি দুর্জ্জন ব্যক্তিগণ কর্ত্তৃক আক্ষিপ্ত তিরস্কৃত উপহসিত এবং অনর্থক নিন্দিতও হও। কিম্বা তাহারা যদি তোমার জীবিকারও ব্যাঘাত করে, তোমাকে তাড়িত করে, কিম্বা বিষয় হইতে বঞ্চিত করে ॥ ৫৭ ॥

অধিক কি। যদি তোমার গাত্র বিষ্ঠা বা মূত্রের দ্বারাও প্রলিপ্ত করে, তথাপি মূর্খ অসৎ লোকগণের উৎপীড়নে আত্মনিষ্ঠা হইতে কখন প্রচলিত হওয়া তোমার উচিত নহে, বা তজ্জন্য মনোমধ্যে ক্লেশানুভব করা বিধেয় নহে।

শ্রেয়স্কামঃ কৃচ্ছ্রগত আত্মনাত্মানমুদ্ধরেৎ ॥ ৫৮ ॥

উদ্ধব উবাচ।

যথৈবমনুবুধ্যেয়ং বদ নো বদতাম্বর।

সুদুঃসহমিমং মন্যে আত্মন্যসদতিক্রমং ॥ ৫৯ ॥

বিদুষামপি বিশ্বাত্মন্ প্রকৃতির্হি বলীয়সী।

অন্বয়ঃ।

বিশিষ্টয়া বুদ্ধ্যা, আত্মানং উদ্ধরেৎ (ভগবদ্ধ্যাননিষ্ঠঃ এব ভবেৎ) ॥ ৫৮ ॥

উদ্ধবঃ উবাচ। হে বদতাম্বর (বদতাং উপদেষ্টৄণাং মধ্যে বরঃ শ্রেষ্ঠঃ, অসদ্ভিঃ কৃতং ইমং অতিক্রমং বিদুষাং অপি আত্মনি মনসি, সুদুঃসহং মন্যে অতঃ তৎসহনোপায়ং যথৈব অনুবুধ্যেয়ং এবং তথৈব নঃ অস্মান্, প্রতি বদ ॥ ৫৯ ॥

হে বিশ্বাত্মন্! হি যস্মাৎ প্রকৃতিঃ ত্বচ্ছক্তিরূপা অবিদ্যা বলীয়সী। ত্বদ্ধর্ম্মনিরতান্ (ত্বদ্ধর্ম্মেষু শ্রবণাদিষু নিরতান্) তে তব চরণাশ্রয়ান্ শান্তান্ রাগাদিদোষরহিতান্ ঋতে

শ্রীধরস্বামী।

বিত্তোঽপি কৃচ্ছ্রগতঃ কষ্টং প্রাপিতোঽপি তদা ধৈর্য্যমবলম্ব্য আত্মনা বুদ্ধ্যা আত্মানমুদ্ধরেৎ। শ্রীনারায়ণং স্মরেদিত্যর্থঃ ॥ ৫৮ ॥

এবং ত্বদুক্তং যথানুবুধ্যেয়ং তথা নঃ সর্ব্বান্ প্রতি বদ ॥ ৫৯ ॥

ত্বদ্ধর্ম্মনিরতানৃতে বিদুষামপ্যসদ্ভিঃ কৃতমতিক্রমমপরাধং সুদুঃসহং মন্যে ইত্যন্বয়ঃ॥ প্রকৃতিঃ স্বভাবঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রহিতীকৃতঃ নিষ্ঠিতঃ নিষ্ঠেব ক্ষেপপাত্রীকৃতঃ ॥ ৫৭ ॥ ৫৮ ॥

যথা অনুবুধ্যেয়ং তত্তৎসহনে যথা বিবেকং প্রাপ্নুয়ামেবং বদ ॥ ৫৯ ॥

বিদুষাং অসদতিক্রমসহনে উপায়ং জানতামপি প্রকৃতিরমর্ষাত্মকঃ স্বভাবঃ। ত্বদ্ধর্ম্ম-

---

মুক্তির কামনা থাকিলে, বিশেষ ধৈর্য্যসহকারে আপনাকে ভগবচ্চিন্তনে পরিনিষ্ঠিত রাখা সর্ব্বতোভাবে বিধেয় ॥ ৫৮ ॥

উদ্ধব বলিলেন ; হে ভগবন্! আপনার ন্যায় শ্রেষ্ঠ বক্তা আর নয়নগোচর হয় না। দেখুন্! অসৎ ব্যক্তিগণের উৎপীড়নে পণ্ডিতগণের চিত্তও ব্যাকুল হইয়া উঠে। তাঁহারাও অন্তঃকরণে তাদৃশ উৎপীড়ন সহ্য করিতে পারেন না। যাহাতে আমরা দুর্জ্জনের অত্যাচারকে অবলীলাক্রমে সহ্য করিতে পারি, অনুগ্রহ পূর্ব্বক সেই সকল উপায় আপনি আমার নিকট কীর্ত্তন করুন্। ৫৯ ॥

হে বিশ্বপতে! ভবদীয় অবিদ্যারূপা প্রকৃতিশক্তি অতীব প্রবলা; ভবদীয় শ্রবণ-মননাদি ধর্ম্মে মনোনিবেশ পূর্ব্বক রাগদ্বেষাদি দোষের পরিহারে

ঋতে তদ্ধর্ম্মনিরতান্ শান্তাংস্তে চরণাশ্রয়ান্ ॥ ৬০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

স এবমাশংসিত উদ্ধবেন ভাগবতমুখ্যেন দাশার্হর্ষভঃ।

অন্বয়ঃ।

সর্ব্বেষাং (অসদ্ভিঃ কৃতং অপরাধং) সুদুঃসহং এব ॥ ৬০ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীবাদরায়ণিঃ উবাচ। দশার্হর্ষভঃ (দাশার্হাণাং ঋষভঃ শ্রেষ্ঠঃ) শ্রবণীয়বীর্য্যঃ (শ্রবণীয়ং বীর্য্যং পরাক্রমঃ যস্য সঃ) সঃ মুকুন্দঃ (মুকং মুক্তিং সুখং বা দদাতি যঃ সঃ) ভাগবতমুখ্যেন

শ্রীধরস্বামী।

নিরস্য সর্ব্বসন্দেহানেকীকৃত্য সুদর্শনং। প্রকাশিতরহস্যং তং ভজামি গুরুমীশ্বরং ॥ ৬০ ॥

॥ * ॥ ইত্যেকাদশে দ্বাবিংশঃ ॥ * ॥

ত্রয়োবিংশে তিরস্কারসহনোপায় ঈর্য্যতে।
ভিক্ষুগীতপ্রকারেণ মনসঃ সংযমো ধিয়া ॥
দুর্জ্জনোপদ্রবে নূনং দুঃসহোঽপি মহীয়সাং।
অতশ্চতুর্ভিরধ্যায়ৈঃ সহনোপায়বর্ণনং ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিরতান্ ত্বদ্ভক্তান্ বিনেতি তেষাং ত্বৎসাধর্ম্ম্যপ্রাপ্ত্যা প্রকৃতিরকোপনৈবেত্যাহ শান্তান্ তত্র হেতুস্ত্বচ্চরণনিবাসান্ ॥ ৬০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশেঽত্র দ্বাবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
ত্রয়োবিংশে কদর্য্যস্য ধনজ্ঞানাপ্যয়োদয়ৌ।
গীতং দুঃখহরঞ্চোক্তং দুর্জ্জনাপ্তিতিরস্কৃতেঃ ॥ * ॥

যাঁহারা আপনার চরণে শরণাগত হইয়াছেন, তাদৃশ লোক ব্যতীত এই সকল অত্যাচার অন্যে কেহ কখন সহ্য করিতে পারে না ॥ ৬০ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতানুবাদে দ্বাবিংশোঽধ্যায় সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে নরনাথ! যাঁহার পবিত্র কীর্ত্তি শ্রবণ করিবার জন্য সকলেই উদগ্রীব হইয়া অবস্থান করে, সেই দাশার্হগণের অগ্রগণনীয় ভগবান্

আভাস।

ত্রয়োবিংশ অধ্যায়ে ভিক্ষুগীতা বর্ণনের দ্বারা তিরস্কার সহনোপায় ও বুদ্ধি দ্বারা মনের সংযম বর্ণিত হইয়াছে ॥

সভাজয়ন্‌ ভৃত্যবচো মুকুন্দস্তমাবভাষে শ্রবণীয়বীর্য্যঃ ॥ ১ ॥
শ্রীভগবানুবাচ ॥
বার্হস্পত্য স নাস্ত্যত্র সাধুর্বৈ দুর্জ্জনেরিতৈঃ।
দুরুক্তৈর্ভিন্নমাত্মানং যঃ সমাধাতুমীশ্বরঃ ॥ ২ ॥
ন তথা তপ্যতে বিদ্ধঃ পুমান্‌ বাণৈস্তু মর্ম্মগৈঃ।

অন্বয়ঃ।

উদ্ধবেন এবং আশংসিতঃ পৃষ্টঃ, সন্‌ ভৃত্যবচঃ (ভৃত্যস্য বচঃ) সভাজয়ন্‌ সংকুর্ব্বন্‌, তং উদ্ধবং অবভাষে উক্তবান্‌ ॥ ১ ॥

শ্রীভগবান্‌ উবাচ। হে বার্হস্পত্য! দুর্জ্জনেরিতৈঃ (দুর্জ্জনৈঃ ঈরিতৈঃ উক্তৈঃ) দুরুক্তৈঃ দুর্ব্বচনৈঃ ভিন্নং ক্ষুভিতং আত্মানং মনঃ সমাধাতুং ঈশ্বরঃ সমর্থঃ স্যাৎ সঃ তথাভূতঃ সাধুঃ অত্র লোকে ন অস্তি এব ইতি ত্বয়া সত্যং এব উক্তং ॥ ২ ॥

অসতাং মর্ম্মস্থাঃ (মর্ম্মসু এব স্থিতাঃ) পরুষেষবঃ (পরুষোক্তিরূপাঃ ইষবঃ বাণাঃ) যথা তুদন্তি

শ্রীধরস্বামী।

তত্র তাবদস্মিন্নধ্যায়ে ভিক্ষুগীতয়া গাথয়া মনোবিজয়ঃ। উত্তরস্মিন্‌ প্রকৃতিপুরুষবিবেকঃ তদুত্তরস্মিন্‌ গুণবৃত্তিবিজয়ঃ ততঃ পরস্মিন্‌ ঐলগীতয়া বিষয়সঙ্গত্যাগেন সৎসঙ্গ ইতি ক্রমেণোপায়া ভগবতা বর্ণ্যন্তে। আশংসিতঃ প্রার্থিতঃ। ভৃত্যস্য বচঃ সংকুর্ব্বন্‌ তং ভৃত্যং প্রত্যবভাষে ॥ ১ ॥

তত্র তাবদঙ্গীকারতস্তদ্বচঃ সংপূজয়তি দ্বাভ্যাং হে বার্হস্পতেঃ শিষ্য অত্র লোকে স সাধুর্নাস্তি যো দুর্জ্জনোক্তৈর্ভিন্নং ক্ষুভিতং মনঃ শময়িতুমীশ্বরঃ স্যাৎ ॥ ২ ॥

কুত ইত্যত আহ নেতি যথা মর্ম্মস্থা মর্ম্মস্বেব নিত্যং স্থিতাঃ পরুষোক্তিরূপা ইষবো বাণা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আশংসিতঃ প্রার্থিতঃ ॥ ১ ॥

হে বার্হস্পত্য বৃহস্পতেঃ শিষ্যেতি সোপপত্তিকং তদ্বাক্যমহমমানয়মেব কিন্তু পারমার্থিকোঽয়ং মার্গস্তদপ্যরুণা তেনাপ্যগম্যোত্তম এব ত্বয়া শিক্ষয়িতব্য ইতি ভাবঃ ॥ ২ ॥

মুকুন্দ ভাগবতপ্রধান উদ্ধব কর্ত্তৃক এই প্রকারে অভিহিত হইয়া, বিশেষ সন্তুষ্ট হইলেন এবং ভৃত্য উদ্ধব-কৃত প্রস্তাবের প্রশংসা করত তাঁহাকে সম্বোধন পূর্ব্ব বলিলেন ॥ ১ ॥

হে বৃহস্পতিশিষ্য উদ্ধব! তুমি বলিয়াছ যে, দুর্ব্বিনীত ব্যক্তিগণের দুর্ব্বাক্যবাণে বিতাড়িত মনকে সমাহিত করিতে পারে, এমন সাধু ত জগতে নয়নগোচর হয় না, এ কথা সত্য বটে ॥ ২ ॥

কারণ অসৎ ব্যক্তিগণে মর্ম্মবিদারক পরুষবাণী যেমন হৃদয়কে বিদীর্ণ করে, প্রকৃত প্রস্তাবে মর্ম্মবিদারক বাণে বিদ্ধ হইলেও লোকে তাদৃশ বেদনা

যথা তুদন্তি মর্ম্মস্থা হ্যসতাং পুরুষেষবঃ ॥ ৩ ॥
কথয়ন্তি মহৎপুণ্যমিতিহাসমিহোদ্ধব।
তমহং বর্ণয়িষ্যামি নিবোধ সুসমাহিতঃ ॥
কেনচিদ্ভিক্ষুণা গীতং পরিভূতেন দুর্জ্জনৈঃ।
স্মরতা ধৃতিযুক্তেন বিপাকং নিজকর্ম্মণাং ॥ ৪ ॥
অবন্তিষু দ্বিজঃ কশ্চিদাসীদাঢ্যতমঃ শ্রিয়া।

অন্বয়ঃ।

ব্যথয়ন্তি মর্ম্মগৈঃ (প্রাকৃতৈঃ) বাণৈঃ বিদ্ধঃ পুমান্ তু তথা ন তপ্যতে ॥ ৩ ॥

হে উদ্ধব! মহৎ পুণ্যং পুণ্যজনকং যং ইতিহাসং (বৃদ্ধাঃ) কথয়ন্তি তং অহং বর্ণয়িষ্যামি; ত্বং সমাহিতঃ সন্ তং নিবোধ অবধারয় ॥

দুর্জ্জনৈঃ পরিভূতেন অপি ধৃতিযুক্তেন কেনচিৎ ভিক্ষুণা নিজকর্ম্মণাং বিপাকং ফলং, স্মরতা সতা গীতং ॥ ৪ ॥

অবন্তিষু মালবেষু দেশেষু, শ্রিয়া ধনাদিসম্পদা আঢ্যতমঃ, বার্ত্তাবৃত্তিঃ (বার্ত্তা কৃষি-

শ্রীধরস্বামী।

যথা তুদন্তি ব্যথয়ন্তি তথা ইতরে বাণা ন তুদন্তি। অতস্তৈস্তথা ন তপ্যত ইত্যর্থঃ ॥ ৩ ॥

তথাপি ময়া বক্ষ্যমাণৈরুপায়ৈঃ সর্ব্বং সোঢ়ুং শক্যমিত্যভিপ্রায়েণ ইতিহাসং প্রস্তৌতি মহদ্‌যথা ভবতি তথা পুণ্যমিতিহাসং গাথাং কথয়ন্তি ॥ ৪ ॥

সতু ভিক্ষুঃ পূর্ব্বং ধনাঢ্যঃ কৃচ্ছ্রার্জ্জিতস্য ধনস্য নাশেন সংতপ্যমানো নির্ব্বিণ্ণঃ সন্ প্রব্রজ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরুষেষবঃ পরুষোক্তিরূপা ইষবঃ ॥ ৩ ॥

যদ্যপ্যেবমেব সর্ব্বত্র দৃষ্টং তদপি পরুষেষু বৈয়র্থকরমুপাখ্যানং শৃণ্বিত্যাহ কথয়ন্তীতি বিপাকং ফলং ॥ ৪ ॥

অবন্তিষু মালবেষু। বার্ত্তা কৃষিবাণিজ্যাদিরূপা বৃত্তি র্যস্য সঃ কদর্য্যো বিগীতঃ। যদুক্তং।

কখন অনুভব করে না ॥ ৩ ॥

হে উদ্ধব! মহাপবিত্র একটী পুরাতন, ইতিহাস এতৎসম্বন্ধে বৃদ্ধগণ সর্ব্বদা যেরূপ বর্ণন করিয়া থাকেন, আমি তোমার নিকট তাহা সম্যক্ কীর্ত্তন করিতেছি; তুমি সমাহিত চিত্তে তাহা অবধারণ কর। ॥

দুর্জ্জনগণের দুরুক্তিবাণে বিদীর্ণ-হৃদয় কোন এক ভিক্ষুক ব্রাহ্মণ ধৈর্য্যাবলম্বনে স্বকীয় কৃত কর্ম্মের ফল মনে মনে চিন্তা করত, যেরূপ মনোগতভাব ব্যক্ত করিয়াছিলেন, তাহা আমি বলিতেছি; শ্রবণ কর। ॥ ৪ ॥

অবন্তি নামক মালব-প্রদেশে ধনধান্যসম্পন্ন অতি সমৃদ্ধিশালী একজন

বার্ত্তাবৃত্তিঃ কদর্য্যস্তু কামী লুব্ধোঽতিকোপনঃ ॥ ৫ ॥
জ্ঞাতয়োঽতিথয় স্তস্য বাঙ্মাত্রেণাপি নার্চ্চিতাঃ।
শূন্যাবসথ আত্মাপি কালে কামৈরনর্চ্চিতঃ ॥
দুঃশীলস্য কদর্য্যস্য দ্রুহ্যন্তে পুত্রবান্ধবাঃ।
দারা দুহিতরো ভৃত্যা বিষণ্ণা নাচরন্ প্রিয়ং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

বাণিজ্যাদিরূপা বৃত্তিঃ যস্য সঃ। আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্ দেবতাতিথিভৃত্যাংশ্চ স কদর্য্য ইতি স্মৃতঃ) কামী লুব্ধঃ অতিকোপনঃ কশ্চিৎ দ্বিজঃ আসীৎ ॥ ৫ ॥

তস্য জ্ঞাতয়ঃ অতিথয়ঃ চ তেন বাঙ্মাত্রেণ অপি ন অর্চ্চিতাঃ; শূন্যাবসথে ধর্ম্মকর্ম্মহীনে গৃহে, স্থিতঃ আত্মা অপি কালে ভোগাবসরে কামৈঃ তেন ন অর্চ্চিতঃ ন সন্তোষিতঃ ॥

এবং দুঃশীলস্য কদর্য্যস্য তস্য পুত্রবান্ধবাঃ দারাঃ দুহিতরঃ ভৃত্যাঃ চ বিষণ্ণাঃ সন্তঃ প্রিয়ং ন অচরন্ অপিতু দ্রুহ্যন্তে স্ম ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

ভিক্ষামটন্ দুর্জ্জনৈরুপক্রুতঃ প্রস্তুতোপযোগিনীং গাথামগায়তেতি বক্তুং তস্য চরিতমাহ অবন্তিষ্বিত্যাদিনা অবন্তিষু মালবেষু বার্ত্তা কৃষিবাণিজ্যাদিরূপা বৃত্তির্যস্য কদর্য্যস্তু স্মৃতাবুক্তঃ। আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্। দেবতাতিথিভৃত্যাংশ্চ স কদর্য্য ইতি স্মৃতঃ ॥ ৫ ॥

তস্য যে জ্ঞাতয়ো অতিথয়োঽধ্বনীনাশ্চ তেন বাঙ্মাত্রেণাপি নার্চ্চিতা ইত্যর্থঃ। শূন্যাবসথে ধর্ম্মকামহীনে গেহে দেহে বা ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্। দেবতাতিথিভৃত্যাংশ্চ স কদর্য্য ইতি স্মৃতঃ ॥ ৫ ॥

শূন্যাবসথে ধর্ম্মকামশূন্যে গৃহাশ্রমে ॥

দুঃশীলস্য দুঃশীলায় দ্রুহ্যন্তে দ্রুহ্যন্তি ॥ ৬ ॥

ব্রাহ্মণ বাস করিতেন। তিনি কৃষি ও বাণিজ্য প্রভৃতি বিবিধ উপায়ে ধনোপার্জ্জন করত কেবল সঞ্চয়ার্থেই নিমগ্নচিত্ত ছিলেন; ধর্ম্ম কর্ম্মে উপেক্ষা করত, দেবতা অতিথি পুত্র এবং কলত্রগণকেও বঞ্চিত করিয়া, নিতান্ত কামপরতন্ত্র লোভী এবং অতি কোপনস্বভাবের পরিচয়ে কালাতিপাত করিতেন ॥ ৫ ॥

ঐ ব্রাহ্মণ স্বীয় জ্ঞাতিবর্গ বা অতিথিগণকে কখন মিষ্ট কথার প্রয়োগেও পরিতুষ্ট করেন নাই। ধর্ম্মকর্ম্মবিবর্জ্জিত তাদৃশ গৃহে অবস্থান পূর্ব্বক নিজের দেহকেও কখন অভিলষিত ভোগ প্রদানে পরিতৃপ্ত করেন নাই ॥

এই প্রকার নিতান্ত কৃপণের ন্যায় কুৎসিত ব্যবহারে কালাতিপাত করায়, তাঁহার পুত্র কলত্র কন্যা বন্ধু বান্ধব এবং ভৃত্যবর্গও দুঃখিত হইয়া, তাঁহার সহিত সদ্ব্যবহার করিত না; বরং তাঁহার উপর অত্যাচারই করিত ॥ ৬ ॥

তস্যৈবং যক্ষবিত্তস্য চ্যুতস্যোভয়লোকতঃ।
ধর্ম্মকামবিহীনস্য চুক্রুধুঃ পঞ্চভাগিনঃ॥ ৭॥
তদবধ্যানবিস্রস্তপুণ্যস্কন্ধস্য ভূরিদ।
অর্থোঽপ্যগচ্ছন্নিধনং বহ্বায়াসপরিশ্রমঃ॥ ৮॥
জ্ঞাতয়ো জগৃহুঃ কিঞ্চিৎ কিঞ্চিদ্দস্যব উদ্ধব।
দৈবতঃ কালতঃ কিঞ্চিদ্ব্রহ্মবন্ধো নৃপার্থিবাৎ॥

অন্বয়ঃ।

এবং উভয়লোকতঃ চ্যুতস্য ইহলোকপরলোকসম্ভাবনারহিতস্য, ধর্ম্মকামবিহীনস্য যক্ষবিত্তস্য (যক্ষাণাং বিত্তমিব কেবলং রক্ষণীয়ং বিত্তং যস্য তস্য) পঞ্চভাগিনঃ দেবপিতৃভূত-মনুষ্যব্রহ্মর্ষয়ঃ পঞ্চমহাযজ্ঞদেবতাঃ চুক্রুধুঃ॥ ৭॥

হে ভূরিদ! তদবধ্যানবিস্রস্তপুণ্যস্কন্ধস্য (তেষাং পঞ্চযজ্ঞভাগিনাং অবধ্যানেন অনাদরেণ নষ্টঃ, পুণ্যস্কন্ধঃ পুণ্যলেশঃ যস্য তস্য), বহ্বায়াসপরিশ্রমঃ (বহ্বায়াসৈঃ কেবলং পরিশ্রমঃ যস্মিন্ সঃ এবম্ভূতঃ) অর্থঃ অপি নিধনং নাশং গতঃ প্রাপ্তঃ॥ ৮॥

হে উদ্ধব! জ্ঞাতয়ঃ কিঞ্চিৎ ধনং দস্যবঃ চ কিঞ্চিৎ ধনং জগৃহুঃ। দৈবতঃ গৃহদাহাদিনা, কালতঃ, নৃভ্যঃ চৌরাদিভ্যঃ, পার্থিবাৎ রাজভ্যঃ ব্রহ্মবন্ধোঃ হেতোঃ চ অর্থঃ নিধনং অগচ্ছৎ॥

শ্রীধরস্বামী।

যক্ষাণাং বিত্তমিব কেবলং রক্ষণীয়ং বিত্তং যস্য পঞ্চভাগিনঃ পঞ্চযজ্ঞদেবতাঃ॥ ৭॥

তেষামবধ্যানমনাদরস্তেন বিস্রস্তো বিশীর্ণঃ পুণ্যস্য স্কন্ধঃ অর্থলাভমাত্রহেতুরংশো যস্য তস্য বহ্বায়াসৈঃ কৃষ্যাদিভিঃ কেবলং পরিশ্রমো যস্মিন্ সঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যক্ষাণাং বিত্তমিব কেবলং রক্ষণীয়ং বিত্তং যস্য তস্য। পঞ্চভাগিনঃ পঞ্চযজ্ঞদেবতাঃ॥ ৭॥

তেষামবধ্যানমনাদরঃ। বহ্বায়াসৈঃ কৃষ্যাদিভিঃ পরিশ্রমো যস্মিন্ সঃ॥ ৮॥

এইরূপ আচরণে ইহলোক এবং পরলোকে বঞ্চিত হইয়া, ধর্ম্ম ও ভোগ পরিত্যাগ পূর্ব্বক সেই ব্রাহ্মণ যক্ষের ন্যায়, কেবল ধনকে সঞ্চয় মাত্র করিয়াছিলেন; সুতরাং কর্ত্তব্য মহাপঞ্চযজ্ঞের অকরণে দেবতা, পিতৃলোক, মনুষ্য, ভূত লোক এবং ব্রহ্মর্ষিগণ তৃপ্তির অভাবে তাঁহার প্রতি কোপই করিয়াছিলেন॥৭॥

হে উদ্ধব! তুমি যেমন প্রচুর দানের দ্বারা জগতে কীর্ত্তি লাভ করিয়াছ, এই ব্রাহ্মণ সেইরূপ কেবল সঞ্চয়ের দ্বারা যথেষ্ট দুর্নামই সংগ্রহ করিয়াছিল। পঞ্চ মহাযজ্ঞের অনুষ্ঠান দ্বারা কোনরূপ পুণ্য সঞ্চয়ের অভাবে, কেবল ধন-সঞ্চয়ের দ্বারা তাঁহার পূর্ব্বকৃত পুণ্যের ক্ষয়ে বহু আয়াসলব্ধ ধনও কালক্রমে বিনষ্ট হইয়া গেল॥ ৮॥

হে উদ্ধব! তাঁহার জ্ঞাতিগণ কিছু ধন তাহার নিকট হইতে সংগ্রহ

স এবং দ্রবিণে নষ্টে ধর্ম্মকামবিবর্জ্জিতঃ।
উপেক্ষিতশ্চ স্বজনৈশ্চিন্তামাপ দুরত্যয়াং ॥ ৯ ॥
তস্যৈবং ধ্যায়তো দীর্ঘং নষ্টরায়স্তপস্বিনঃ।
খিদ্যতো বাষ্পকণ্ঠস্য নির্ব্বেদঃ সুমহানভূৎ ॥ ১০ ॥
স চাহেদমহো কষ্টং বৃথাত্মা মেঽনুতাপিতঃ।

অন্বয়ঃ।

এবং দ্রবিণে নষ্টে ধর্ম্মকামবিবর্জ্জিতঃ সঃ স্বজনৈঃ উপেক্ষিতঃ সন্ দুরত্যায়াং অপারাং, চিন্তাং আপ ॥ ৯ ॥

নষ্টরায়ঃ (নষ্টাঃ রায়ঃ অর্থাঃ যস্য তস্য) তপস্বিনঃ সন্তপ্তস্য, অতএব খিদ্যতঃ বাষ্পকণ্ঠস্য (বাষ্পং অশ্রু কণ্ঠে যস্য তস্য) এবং দীর্ঘং ধ্যায়তঃ তস্য সুমহান্ নির্ব্বেদঃ বৈরাগ্যপূর্ব্বকঃ বিবেকঃ অভূৎ ॥ ১০ ॥

সঃ চ জাতনির্ব্বেদঃ ইদং আহ। অহো! অত্যুৎকটং কষ্টং জাতং, যতঃ মে ময়া

শ্রীধরস্বামী।

দৈবতো গৃহদাহাদিতঃ। কালতঃ নিখাতং ধান্যাদি। নৃণাং পার্থিবানাঞ্চ দ্বন্দ্বৈক্যং তস্মাৎ ॥ ৯
নষ্টরায়ঃ নষ্টা রায়োঽর্থা যস্য তস্য তপস্বিনঃ সংতপ্তস্য ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈবতো গৃহদাহাদিনা কিঞ্চিৎ কালতঃ কালেনাপি নিখাতধান্যাদিকং কিঞ্চিৎ নৃপার্থিবাদিতি দ্বন্দ্বৈক্যং নৃভ্যশ্চোরাদিভ্যো রাজভ্যশ্চ নিধনমগচ্ছদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৯ ॥
কদর্য্যস্যাপি তস্যাপরাধঃ স্থগিতঃ তদ্ভোগান্তে প্রাচীনঃ সংস্কারবিশেষোঽয়মুদ্বুদ্ধ ইত্যাহ তস্যেতি ॥ ১০ ॥

করিল; কতক ধন দস্যুগণ অপহরণ করিল; কতক ধন গৃহদাহাদিতে ও কতক কালবশে স্বয়ংই বিনষ্ট হইয়া গেল। চোর কিছু লইল; অবশিষ্ট দুর্ব্বৃত্ত রাজাও কতক আত্মসাৎ করিল ॥

এই প্রকারে ব্রাহ্মণের যাবদীয় ধনসম্পত্তি বিনষ্ট হইলে, স্বজনগণ সকলেই তাঁহাকে উপেক্ষা করিল; তখন তিনি ধর্ম্মের বা ভোগের অনুষ্ঠান না করায় ভাবি আশায় নিরাশ হইয়া, অপার চিন্তা-সাগরে নিমগ্ন হইলেন ॥ ৯ ॥

ধনক্ষয়ে নিতান্ত ব্যথিতহৃদয় ব্রাহ্মণ বাষ্পগদ্গদকণ্ঠে খেদ করত সুদীর্ঘ চিন্তায় সাতিশয় বিহ্বল হইলেন; তখন তাঁহার হৃদয়ে বৈরাগ্যপূর্ব্বক বিবেকের উদয় হইল ॥ ১০ ॥

তিনি বৈরাগ্যের গভীর চিন্তায় নিমগ্ন হইয়া, মনে মনে বলিয়াছিলেন, অহো! কি ভীষণ দুঃখই সম্প্রতি আমার উপস্থিত হইল! আমি নিরর্থক

ন ধর্ম্মায় ন কামায় যস্যার্থায়াস ঈদৃশঃ ॥ ১১ ॥
প্রায়েণার্থঃ কদর্য্যাণাং ন সুখায় কদাচন।
ইহ চাত্মোপতাপায় মৃতস্য নরকায় চ ॥ ১২ ॥
যশো যশস্বিনাং শুদ্ধং শ্লাঘ্যা যে গুণিনাং গুণাঃ।
লোভঃ স্বল্পোঽপি তান্ হন্তি শ্বিত্রো রূপমিবেপ্সিতং ॥ ১৩ ॥
অর্থস্য সাধনে সিদ্ধে উৎকর্ষে রক্ষণে ব্যয়ে।

অন্বয়ঃ।

আত্মা দেহঃ বৃথা অনুতাপিতঃ ; যস্য মম অর্থায়াসঃ ঈদৃশঃ (উৎকটঃ তস্য মম অর্থঃ) ন ধর্ম্মায় ন কামায় জাতঃ ॥ ১১ ॥

প্রায়েণ কদাচন কদর্য্যাণাং অর্থঃ সুখায় ন ভবতি অপিতু ইহ আত্মোপতাপায়, তথা মৃতস্য নরকায় নরকোৎপাদনায় চ ভবতি ॥ ১২ ॥

শ্বিত্রঃ শ্বেতকুষ্ঠং যথা ঈপ্সিতং রূপং হন্তি তথা স্বল্পঃ অপি লোভঃ যশস্বিনাং যৎ শুদ্ধং যশঃ তথা গুণিনাং যে শ্লাঘ্যাঃ কীর্ত্তিতাঃ, গুণাঃ তান্ সর্ব্বান্ এব হন্তি ॥ ১৩ ॥

অর্থস্য সাধনে, সিদ্ধে অর্থে অপি তস্য উৎকর্ষে সম্বর্দ্ধনে, রক্ষণে ব্যয়বিনিয়োগে, নাশো

শ্রীধরস্বামী।

মে ময়া আত্মা দেহঃ। বৃথৈবাত্মানুতাপনং প্রপঞ্চয়তি ন ধর্ম্মায়েত্যাদিনা যস্য ঈদৃশোঽর্থায়াস স্তেন ময়া ॥ ১১ ॥

নরকায় চ সত্যপ্যর্থে ধর্ম্মানমুষ্ঠানাৎ ॥ ১২ ॥ শ্বিত্রঃ শ্বেতকুষ্ঠং ॥ ১৩ ॥

সিদ্ধেঽপ্যর্থে তস্যোৎকর্ষে সম্বর্দ্ধনে নাশোপভোগয়ো র্দ্বন্দ্বৈক্যং নাশে উপভোগে চেত্যর্থঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নষ্টরায়ো নষ্টধনস্য তপস্বিনঃ সন্তপ্তস্য ॥ ১১ ॥

নরকায় ব্যয়ভীত্যা নিত্যনৈমিত্তিককর্ম্মানমুষ্ঠানাৎ ॥ ১২ ॥ শ্বিত্রঃ শ্বেতকুষ্ঠং ॥ ১৩ ॥

অর্থস্য সাধনে উৎপাদনে সিদ্ধেঽপ্যর্থে উৎকর্ষেঽর্থস্য সম্বর্দ্ধনে নাশে উপভোগে যথা-

---

দেহ ও মনকে দুঃখ দিয়াছি! অহো! আমার ধনোপার্জ্জনের কষ্ট এত অধিক ; অথচ তাহার কোন অংশ ধর্ম্মকামার্থ এপর্য্যন্ত ব্যয়িত হইল না ॥ ১১ ॥

আমি বিশেষরূপে অবধারণ করিলাম যে, আমার ন্যায় কদর্য্য ব্যক্তির ধন কখন সুখোৎপাদন করে না ; বরং তাহার দ্বারা এ জগতে দুঃখেরই উপস্থিতি করায় এবং মরণের পর নরকেরই উৎপাদন করিয়া থাকে ॥ ১২ ॥

যেমন এক শ্বিত্র নামক কুষ্ঠরোগ সর্ব্বাঙ্গসুন্দর পুরুষের যাবদীয় রূপকে হরণ করে, সেইরূপ স্বল্প পরিমাণ লোভও বিপুলযশস্বীর বিশুদ্ধ যশঃ এবং গুণবান্ ব্যক্তির প্রার্থনীয় গুণগ্রামকে নিঃশেষে বিনষ্ট করিয়া ফেলে ॥ ১৩ ॥

নাশোপভোগ আয়াস স্ত্রাসশ্চিন্তা ভ্রমো নৃণাং ॥ ১৪ ॥
স্তেয়ং হিংসা নৃতং দম্ভঃ কামঃ ক্রোধঃ স্ময়ো মদঃ।
ভেদো বৈরমবিশ্বাসঃ সংস্পর্দ্ধা ব্যসনানিচ ॥
এতে পঞ্চদশানর্থা হ্যর্থমূলা মতা নৃণাং।
তস্মাদনর্থমর্থাখ্যং শ্রেয়োঽর্থী দূরতস্ত্যজেৎ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

উপভোগে নৃণাং আয়াসঃ কায়ক্লেশঃ, ত্রাসঃ ভয়ং, চিন্তা শোকমাত্রং, ভ্রমঃ চ ইত্যাদয়ঃ ভবন্তি ॥ ১৪ ॥

স্তেয়ং চৌর্য্যং, হিংসা পরপীড়নং, অনৃতং মিথ্যাবচনং, দম্ভঃ পরবঞ্চনানুরূপবেশধারণং, কামঃ পরকীয়বিত্তাপহারেচ্ছা, ক্রোধঃ তৎপ্রতিঘাতকেঽভিজ্বলনাত্মকঃ চিত্তবিকারঃ, স্ময়ঃ গর্ব্বঃ স্বস্মিন্ মহত্ত্ববুদ্ধিঃ, মদঃ বিবেকশূন্যতা, ভেদঃ বৈষম্যদর্শনং, বৈরং অবিশ্বাসঃ, সংস্পর্দ্ধা, পরোৎকর্ষাসহনং, ব্যসনানি স্ত্রীদ্যূতমদ্যবিষয়াণি ত্রীণি চ ॥

এতে পঞ্চদশ অর্থমূলাঃ (অর্থঃ এব মূলং কারণং যেষাং তে) হি নৃণাং অনর্থাঃ দুঃখহেতবঃ মতাঃ; শ্রেয়োঽর্থী মোক্ষার্থী, জনঃ তস্মাৎ এতৎ অর্থাখ্যং (অর্থঃ ইতি আখ্যা নাম যস্য তৎ) অনর্থং দূরতঃ ত্যজেৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

সাধনোৎকর্ষয়োরায়াসঃ ভতস্ত্রাসশ্চিন্তা চ নাশে ভ্রম ইতি ॥ ১৪ ॥

কিঞ্চ। অর্থপ্রাপ্ত্যর্থাঃ স্তেয়াদয়ঃ ষড়নর্থাঃ। প্রাপ্তেঽর্থে স্ময়াদয়ো ব্যসনৈঃ সহ নব। ব্যসনানি স্ত্রীদ্যূতমদ্যবিষয়াণি ত্রীণি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্ভবমায়াসাদয়ো ব্যসনানি স্ত্রীদ্যূতমদ্যবিষয়াণি ত্রীণীত্যুনবিংশতিঃ ॥ ১৪ ॥

তত্রায়াস-ত্রাস-চিন্তা-ভ্রমাঃ কেবলং দুঃখহেতব এব। স্তেয়াদয়স্তু পাপহেতবোঽপীতি পঞ্চদশৈবানর্থহেতবঃ ॥ ১৫ ॥

অর্থকে উপার্জ্জন করিতে হইলে, যেমন বিবিধ ক্লেশ ও দুঃখ আছে, অর্থ থাকিলেও তাহার সম্বর্দ্ধন, রক্ষা, ব্যয়, নাশ এবং উপভোগাদিতেও মানবের বিবিধ কায়ক্লেশ, ভয়, শোকচিন্তা এবং ভ্রমেরও সম্ভাবনা আছে ॥ ১৪ ॥

বিষয়-সম্ভোগের অনুরোধে মানবকে চৌর্য্যবৃত্তি, হিংসা, মিথ্যাভাষণ, দম্ভ, কাম, ক্রোধ, গর্ব্ব, মত্ততা, বৈষম্যদৃষ্টি, বৈরতা, স্পর্দ্ধা, অসূয়া এবং স্ত্রী, দ্যূত-ক্রীড়া ও মদ্যপান এই পঞ্চদশ প্রকার অনর্থের মধ্যে পতিত হইতে হয় ॥

এই পঞ্চদশ প্রকার অর্থজনিত অনর্থের দ্বারা মানবের দুঃখোৎপত্তি হইয়া থাকে; অতএব মুক্তিকামী ব্যক্তির পক্ষে অনর্থমূলক এই অর্থসমূহকে দূর হইতে বিসর্জ্জন করাই সর্ব্বতোভাবে বিধেয় ॥ ১৫ ॥

ভিদ্যন্তে ভ্রাতরো দারাঃ পিতরঃ সুহৃদস্তথা।
একা স্নিগ্ধাঃ কাকিণিনা সদ্যঃ সর্ব্বেঽরয়ঃ কৃতাঃ॥ ১৬॥
অর্থেনাল্পীয়সা হ্যেতে সংরব্ধা দীপ্তমন্যবঃ।
ত্যজন্ত্যাশু স্পৃধো ঘ্নন্তি সহসোৎসৃজ্য সৌহৃদং॥ ১৭॥
লব্ধ্বা জন্মামরপ্রার্থ্যং মানুষ্যং তদ্দ্বিজাগ্রতাং।

অন্বয়ঃ।

ভ্রাতরঃ দারাঃ পিতরঃ তথা সুহৃদঃ চ (ধনার্থং) ভিদ্যন্তে; একাঃ স্নিগ্ধাঃ অপি সর্ব্বে কাকিণিনা (কাকিণী তাবন্মাত্রেণ অল্পীয়সা অর্থেন হেতুনা) সদ্যঃ এব (সৌহৃদং স্নেহং পরিত্যজ্য) অরয়ঃ শত্রবঃ, কৃতাঃ ভবন্তি॥ ১৬॥

অল্পীয়সা অর্থেন হেতুনা সংরব্ধাঃ ক্ষুভিতচিত্তাঃ, দীপ্তমন্যবঃ স্পৃধঃ স্পর্দ্ধমানাঃ, সন্তঃ এতে সৌহৃদং সহসা উৎসৃজ্য তং ঘ্নন্তি; আশু শীঘ্রং এব ত্যজন্তি গৃহাৎ নিঃসারয়ন্তি॥ ১৭॥

অমরপ্রার্থ্যং (অমরৈঃ অপি প্রার্থ্যং অভিলষণীয়ং) মানুষ্যং তত্রাপি তদ্দ্বিজাগ্রতাং (তেষু

শ্রীধরস্বামী।

ভেদবৈরস্পর্দ্ধাঃ প্রপঞ্চয়তি দ্বাভ্যাং। ভিদ্যন্তে স্নেহং ত্যজন্তি কথম্ভূতাঃ একাঃ স্নিগ্ধাঃ একে একপ্রাণাঃ একপ্রাণাশ্চ তে আস্নিগ্ধাঃ অতিপ্রিয়াশ্চেত্যর্থঃ। কৃতঃ কাকিণিনা পুংস্ত্বমার্ষং বিংশতিবরাটিকা কাকিণীতয়া॥ ১৬॥

সংরব্ধাঃ ক্ষুভিতাঃ। স্পৃধঃ স্পর্দ্ধমানাঃ॥ ১৭॥

ইহ তাবদর্থনিষ্ঠানামেতেঽনর্থাঃ পরলোকেঽপ্যনর্থা এব তেষামিত্যাহ লব্ধ্বেতি ত্রিভিঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ঐকমত্যাদেকেচ তে অতিস্নেহবত্ত্বাদাস্নিগ্ধাশ্চ তে একা স্নিগ্ধা অপি ভ্রাত্রাদয়ঃ। কাকিণিনেত্যার্ষং বিংশতিবরাটিকামাত্রেণৈবার্থেন॥ ১৬॥

পিতা, মাতা, পুত্র, কলত্র, ভ্রাতা, বন্ধু ও বান্ধবগণ সকলের সহিতই এক ধনের উপলক্ষে বিষম বিচ্ছেদ উপস্থিত হয়। যাহারা নিতান্ত আপনার এবং স্নেহের পাত্র, অতি স্বল্প পরিমাণ অর্থের অনুরোধে তাঁহাদের সহিতও সৌহার্দ্দ-ভঙ্গ হয়; অধিক কি! ধনের উপরোধে তাহাদিগকে শত্রুতে পরিণত করা হয়॥ ১৬॥

অতি সামান্য ধনের নিমিত্ত তাঁহাদের চিত্তে ব্যথা দেওয়া হয়; তাঁহারা ক্রোধে প্রদীপ্ত হইয়া কলহ করত অকস্মাৎ সৌহার্দ্দ পরিত্যাগ করেন এবং তাদৃশ ধনলোভী কুটুম্বকে নষ্ট করিতে বা গৃহ হইতে দূরীকৃত করিতে কিছু মাত্র কুণ্ঠিত বা ভীত হন না॥ ১৭॥

অহো! মনুষ্যজীবন দেবতাগণেরও প্রার্থনীয়; তন্মধ্যে আবার শ্রেষ্ঠ

তদনাদৃত্য যে স্বার্থং ঘ্নন্তি যান্ত্যশুভাং গতিং ॥ ১৮ ॥
স্বর্গাপবর্গয়োর্দ্বারং প্রাপ্য লোকমিমং পুমান্।
দ্রবিণে কোঽনুষজ্জেত মর্ত্ত্যোঽনর্থস্য ধামনি ॥ ১৯ ॥
দেবর্ষিপিতৃভূতানি জ্ঞাতিবন্ধূংশ্চ ভাগিনঃ।
অসংবিভজ্য চাত্মানং যক্ষবিত্তঃ পতত্যধঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

মানুষ্যেষু দ্বিজাগ্রতাং ব্রাহ্মণ্যাং) জন্ম লব্ধ্বা তং অনাদৃত্য যে স্বার্থং ঘ্নন্তি মোক্ষং ন সাধয়ন্তি, তে অশুভাং গতিং নরকাদিকং এব যান্তি ॥ ১৮ ॥

স্বর্গাপবর্গয়োঃ দ্বারং সাধনভূতং, ইমং লোকং মনুষ্যদেহং, প্রাপ্য কঃ বা বিবেকী মর্ত্ত্যঃ মরণধর্ম্মশীলঃ, পুমান্ অনর্থস্য ধামনি আশ্রয়ে, দ্রবিণে ধনে, অনুষজ্জেত আসক্তিং কুর্য্যাৎ ॥১৯॥

দেবর্ষিপিতৃভূতানি জ্ঞাতিবন্ধূন্ চ ভাগিনঃ ভাগার্হান্ আত্মানং চ অসংবিভজ্য অন্নাদি-বিভাগেন অসন্তর্প্য যঃ যক্ষবিত্তঃ (যক্ষবৎ বিত্তরক্ষকঃ ভাতি সঃ) অধঃ পততি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

মানুষ্যং জন্ম তৎ তত্রাপি দ্বিজাগ্র্যতাং ব্রাহ্মণ্যং। স্বার্থং ঘ্নন্তি আত্মহিতং ন কুর্ব্বন্তি যে তে যান্তি ॥ ১৮ ॥

অমরপ্রার্থ্যতাং দর্শয়ন্নাহ স্বর্গেতি লোকং দেহং। অনুষজ্জেত আসক্তিং কুর্য্যাৎ ॥ ১৯ ॥

ঋষয়ো মনুষ্যযজ্ঞব্রহ্মযজ্ঞয়োর্দেবতাঃ। দেবপিতৃভূতানি ইতরেষু জ্ঞাতয়ঃ সগোত্রাঃ বন্ধবো বিবাহাদিনা সম্বন্ধাঃ তান্ অন্যাংশ্চ ভাগিনো ভাগার্হান্ আত্মানঞ্চাসংবিভজ্য অন্নাদিভি-রসন্তর্প্য ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্পৃধঃ স্পর্দ্ধমানাঃ ॥ ১৭—২০ ॥

ব্রাহ্মণকুলে জন্ম পরিগ্রহ করিয়া, যে ব্যক্তি তাহার মর্য্যাদার প্রতি উপেক্ষা করত মুক্তিসাধনে যত্নবান্ না হন, তিনি যে নরকার্ণবে নিপতিত হইবেন, তাহাতে আর সন্দেহ নাই ॥ ১৮ ॥

জীবজগতে মানব-যোনিই স্বর্গ ও মুক্তিলাভের শ্রেষ্ঠ দ্বার; তাদৃশ যোনি প্রাপ্ত হইয়া, কোন্ বিবেকী পুরুষ দেহের অকিঞ্চিৎকরত্ব ও ক্ষণবিধ্বংসিত্বের প্রতি লক্ষ্য করিয়াও অনর্থের আশ্রয়ীভূত ধনাদিতে আসক্ত হইয়া থাকে? ॥১৯॥

দেবলোক, পিতৃলোক, ভূতগ্রাম, জ্ঞাতি, বন্ধু, বান্ধব ও নিজের দেহ এবং যে কেহ এই ধনের অংশ গ্রহণে অধিকারী এই সকলকে যথান্যায় ধন-দানের দ্বারা পরিতৃপ্ত না করিয়া, যে ব্যক্তি কেবল যক্ষের ন্যায় ধনকে সঞ্চিত করে মাত্র, সে অধঃপতিত হয়, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২০ ॥

নিরর্থক ধনোপার্জ্জনের ব্যাপারে ব্যাপৃত থাকিয়া, আমার বল, পরমায়ু ও

ব্যর্থয়ার্থেহয়া বিত্তং প্রমত্তস্য বয়ো বলং।
কুশলা যে ন সিদ্ধ্যন্তি জরঠঃ কিন্নু সাধয়েৎ ॥ ২১ ॥
কস্মাৎ সংক্লিশ্যতে বিদ্বান্ ব্যর্থয়ার্থেহয়াসকৃৎ।
কস্যচিন্মায়য়া নূনং লোকোঽয়ং সুবিমোহিতঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

ব্যর্থয়া অর্থেহয়া ধনার্জ্জনব্যাপারেণ, প্রমত্তস্য মম, বিত্তাদি সর্ব্বং বয়ঃ বলং চ গতং ; যেন বিত্তাদিনা, কুশলাঃ ধর্ম্মাদয়ঃ, সিদ্ধ্যন্তি অথবা বিবেকিনঃ সিদ্ধ্যন্তি বিমুচ্যন্তে। ইদানীং জরঠঃ বৃদ্ধঃ, অহং নু কিং সাধয়ে ॥ ২১ ॥

(এবং অনর্থং বিদ্বান্ অপি) কস্মাৎ কারণাৎ, অসকৃৎ নিরন্তরং, ব্যর্থয়া অর্থেহয়া ধনোপার্জ্জনব্যাপারেণ সংক্লিশ্যতে। নূনং নিশ্চিতং, অয়ং লোকঃ কস্যচিৎ মায়য়া সুবিমোহিতঃ ইতি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

এবং বিমৃশ্যানুতপ্যমান আহ ব্যর্থয়া অর্থেহয়া প্রমত্তস্য মম বিত্তাদিগতমিতি শেষঃ। যেন বিত্তাদিনা কুশলা বিবেকিনঃ সিদ্ধ্যন্তি মুচ্যন্তে। জরঠো বৃদ্ধঃ ॥ ২১ ॥

অন্যমপি সসদৃশং শোচন্তি কস্মাদেবমনর্থং বিদ্বানপি সংক্লিশ্যতি কারণং সংভাবয়তি কস্যচিদিতি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যর্থয়া অর্থেহয়া মম প্রমত্তস্য বিত্তাদি গতমিতি শেষঃ। যেন বিত্তাদিনাপি ভগবদারাধন-বিনিযুক্তীকৃতেন কুশলা বিবেকিনঃ সিদ্ধ্যন্তি জরঠো মল্লক্ষণোঽয়ং জনঃ ॥ ২১ ॥

ধন সকলই বিনষ্ট হইল! অথচ বুদ্ধিমান্ ব্যক্তিগণ যে বিত্তাদির দ্বারা ধর্ম্ম, অর্থ ও কামাদির সঞ্চয় করিয়া অন্তে মুক্তিকে পর্য্যন্ত সংগ্রহ করিয়া থাকেন, আমি সেই ধন প্রাপ্ত হইয়াও, কেবল ব্যবহারের দোষে সেই সকল বিষয়ে বঞ্চিত হইলাম! সম্প্রতি প্রাচীন হইয়াছি ; এক্ষণে আর কি উপায় অবলম্বন করিব! ॥ ২১ ॥

অহো! এতাদৃশ অনর্থের বিষয় অবগত হইয়াও, মানব নিরন্তর অনর্থক ধনোপার্জ্জনের ব্যাপারে কেন যে এত ক্লেশ সহ্য করে, তাহা অবধারণ করিতে পারি না! আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, কোন একজন মহা-পুরুষের মহামায়ায় বিমোহিত হইয়াই, জীব এতাদৃশ দুর্দ্দশাগ্রস্ত হয়, সন্দেহ নাই ॥ ২২ ॥

ভীষণ মৃত্যু যখন উপস্থিত হইয়া মানবকে আক্রমণ করিবে, তখন তাহার ধন বা ধনদাতার সহিত কোন সম্পর্ক থাকিবে না! তখন তাহার কাম বা

কিং ধনৈর্ধনদৈর্বা কিং কামৈর্বা কামদৈরুত।
মৃত্যুনা গ্রস্যমানস্য কর্ম্মভির্বোত জন্মদৈঃ॥ ২৩॥
নূনং মে ভগবাংস্তুষ্টঃ সর্ব্বদেবময়ো হরিঃ।
যেন নীতো দশামেতাং নির্ব্বেদশ্চাত্মনঃ প্লবঃ॥ ২৪॥
সোঽহং কালাবশেষেণ শোষয়িষ্যেঽঙ্গমাত্মনঃ।

অন্বয়ঃ।

মৃত্যুনা গ্রস্যমানস্য জনস্য, ধনৈঃ ধনদৈঃ বা কিং কামৈঃ কামদৈঃ বা কিং উত জন্মদৈঃ কর্ম্মভিঃ বা কিং প্রয়োজনং॥ ২৩॥

নূনং নিশ্চিতং, মে মহ্যং, সর্ব্বদেবময়ঃ ভগবান্ হরিঃ তুষ্টঃ প্রসন্নঃ; যেন হরিণা এতাং বিত্তনাশাদিরূপাং দশাং অহং নীতঃ, যস্মাৎ আত্মনঃ জীবস্য (সংসারসমুদ্রতরণে) প্লবঃ এব নির্ব্বেদঃ বৈরাগ্যঃ জাতঃ॥ ২৪॥

সঃ জাতনির্ব্বেদঃ, অহং যদি (কালাবশেষঃ আয়ুঃ) স্যাৎ তদা কালাবশেষেণ আত্মনি

শ্রীধরস্বামী।

নন্বু নায়ং মোহিতঃ ক্লিশ্যতি কিন্তু ধনাদিভির্ভোগাদিলিপ্সয়া অত আহ কিং ধনৈরিতি উত পুনরপি॥ ২৩॥

ইদানীং সম্পন্নবিবেকঃ সন্ হৃষ্যন্নাহ নূনমিতি ত্রিভিঃ। যেন প্রীতেনাত্মপ্লবরূপো নির্ব্বেদশ্চ ভবতি স হরির্মে নূনং প্রীত ইতি॥ ২৪॥

অঙ্গং শোষয়িষ্যে তপসা। যদ্বা। বিদ্যয়া লয়ং নেষ্যামি যদি স্যাৎ কালাবশেষ স্বর্থা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

কস্মাদিতি স্বগতং পৃচ্ছতি তত্র স্বয়মেব প্রত্যুত্তরয়তি কস্যাচিদিতি॥ ২২॥ ২৩॥

তদানীমেব সম্পন্নবিবেকঃ সন্ হৃষ্যন্নাহ নূনমিতি ত্রিভিঃ। যেন তুষ্টেন হরিণা এতাং দশামহং প্রাপিতঃ। যেন তুষ্টেন হেতুনা নির্বেদশ্চ স্বস্য সংসারসিন্ধুপ্লবরূপঃ॥ ২৪॥

শোষয়িষ্যে যত্নতোঽস্য ভোগাসম্পাদনাদিতি ভাবঃ। অখিলস্বার্থে ভগবচ্চরণচিন্তনে-

---

অভিলষিত দ্রব্য সামগ্রীর দ্বারাই বা কি ফল উৎপন্ন হইবে? এবং জন্মপ্রদ কর্ম্মের দ্বারাই বা কি অভীষ্ট লাভ হইবে?॥ ২৩॥

এক্ষণে আমার নিশ্চয়ই বোধ হইতেছে যে, সর্ব্বদেবময় বিষ্ণু আমার প্রতি প্রসন্ন হইয়াছেন; তাঁহারই অনুগ্রহে আমি এতাদৃশ ধনহীন অবস্থাতে পরিণত হইয়াছি। এতাদৃশ দুরবস্থায় উপনীত না হইলে, আমার বৈরাগ্য কখনই উপস্থিত হইত না; এই বৈরাগ্যরূপ ভেলাকে অবলম্বন করিয়া, জীব এই ভবজলধিকে অনায়াসে অতিক্রম করিয়া থাকে॥ ২৪॥

সম্প্রতি আমার যেমন বৈরাগ্যের উদয় হইয়াছে, তেমনই যদি জীবনের

অপ্রমত্তোঽখিলে স্বার্থে যদি স্যাৎ সিদ্ধ আত্মনি ॥ ২৫ ॥
তত্র মামনুমোদেরন্ দেবা স্ত্রিভুবনেশ্বরাঃ।
মুহূর্ত্তেন ব্রহ্মলোকং খট্বাঙ্গঃ সমসাধয়ৎ ॥ ২৬ ॥
শ্রীভগবানুবাচ ॥
ইত্যভিপ্রেত্য মনসা আবন্ত্যো দ্বিজসত্তমঃ।
উন্মুচ্য হৃদয়গ্রন্থীন্ শান্তো ভিক্ষুরভূন্মুনিঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

মনসি, সিদ্ধঃ তুষ্টঃ, এব অখিলে স্বার্থে অপ্রমত্তঃ সাবধানঃ, সন্ তপসা অঙ্গং শোষয়িষ্যে ॥ ২৫ ॥

তত্র এব স্থিতৌ ত্রিভুবনেশ্বরাঃ দেবাঃ, মাং অনুমোদেরন্ অনুগৃহ্ণন্তু। যত্র মুহূর্ত্তেনাপি কালেন খট্বাঙ্গঃ ব্রহ্মলোকং সমসাধয়ৎ ॥ ২৬ ॥

শ্রীভগবান উবাচ। আবন্ত্যঃ অবন্তিদেশভবঃ দ্বিজসত্তমঃ মনসা ইতি এবং, অভিপ্রেত্য বিচার্য্য, হৃদয়গ্রন্থীন্ অহঙ্কারমমাকারান্ উন্মুচ্য শান্তঃ মুনিঃ মননশীলঃ, ভিক্ষুঃ অভূৎ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

মনস্যেব সিদ্ধস্তুষ্টঃ সন্ অখিলে স্বার্থে ধর্ম্মাদিসাধনে অপ্রমত্তঃ সন ॥ ২৫ ॥

অনুমোদেরন্ অনুগৃহ্ণন্তু ননু দেবৈরনুমোদিতোঽপি জরঠঃ অল্পেন কালেন কিং সাধয়িষ্যসি তত্রাহ মুহূর্ত্তেনেতি ॥ ২৬ ॥

অভিপ্রেত্য নিশ্চিত্য। আবন্ত্যঃ অবন্তিদেশভবঃ। হৃদয়গ্রন্থীন্ অহঙ্কার-মমকারান্ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হপ্রমত্তঃ। যদি কালাবশেষঃ আয়ুঃশেষঃ আত্মনি ময়ি স সিদ্ধঃ স্যাৎ ॥ ২৫ ॥

ত্রিভুবনেশ্বরা ইন্দ্রাদ্যা অনুমোদেরন্ মা বিঘ্নান্ কুর্ব্বন্ত্বিত্যর্থঃ। ননু তদাপ স্বল্পেন কালেন কিং সাধয়িষ্যসি তত্রাহ মুহূর্ত্তেনেতি ॥ ২৬ ॥

কিছুকালও অবশিষ্ট থাকে, তাহা হইলে মনে মনে সন্তুষ্ট থাকিয়া, যাবদীয় স্বার্থে জলাঞ্জলি প্রদান করিব; এবং বিশেষ সতর্কতার সহিত তপস্যার অনুষ্ঠানে দেহকে কর্ষণ করিব ॥ ২৫ ॥

এরূপ অবস্থায় উপস্থিত হইতে পারিলে, ত্রিভুবনাধিপতি দেববৃন্দও আমার অনুকূল আচরণে অনুগ্রহ করিবেন। অতি সামান্য কালের অনুষ্ঠানার্থ আমি কুণ্ঠিত বা আশ্বাসশূন্য নহি; কারণ আমি জানি। খট্বাঙ্গ অতি অল্পকালের মধ্যে এতদনুষ্ঠানেই ব্রহ্মপদবী লাভ করিয়াছিলেন ॥ ২৬ ॥

ভগবান্ বলিলেন, অবন্তিদেশীয় সেই ব্রাহ্মণ মনে মনে এইরূপ বিচার করত হৃদয়ের গ্রন্থিস্বরূপ অহঙ্কার ও মমতাকে পরিহার পূর্ব্বক শান্তভাব অবলম্বন করিলেন। এবং মনে মনে ভগবানকে নিরন্তর চিন্তা করত, সন্ন্যাসু

স চচার মহীমেতাং সংযতাত্মেন্দ্রিয়ানিলঃ।
ভিক্ষার্থং নগরগ্রামানসঙ্গোঽলক্ষিতোঽবিশৎ ॥ ২৮ ॥
তং বৈ প্রবয়সং ভিক্ষুমবধূতমসজ্জনাঃ।
দৃষ্ট্বা পর্য্যভবন্ ভদ্র বহ্বীভিঃ পরিভূতিভিঃ ॥ ২৯ ॥
কেচিত্ত্রিবেণুং জগৃহুরেকে পাত্রং কমণ্ডলুং।
পীঠঞ্চৈকেঽক্ষসূত্রঞ্চ কন্থাঞ্চীরাণি কেচন ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

সংযতাত্মেন্দ্রিয়ানিলঃ সঃ ইত্থং এতাং মহীং চচার তথা অসঙ্গঃ স্বাসক্তিশূন্যঃ অলক্ষিতঃ (স্বশ্রেষ্ঠ্যং অদ্যোতয়ন্) এব ভিক্ষার্থং নগরগ্রামান্ অবিশৎ ॥ ২৮ ॥

হে ভদ্র উদ্ধব! প্রবয়সং বৃদ্ধং, অবধূতং মলিনং, তং ভিক্ষুং দৃষ্ট্বা অসজ্জনাঃ বহ্বীভিঃ পরিভূতিভিঃ তিরস্কারসাধনৈঃ, পর্য্যভবন্ অবমেনিরে ॥ ২৯ ॥

কেচিৎ তস্য ত্রিবেণুং ত্রিদণ্ডং, জগৃহুঃ; একে কমণ্ডলুং পাত্রং, জগৃহুঃ, একে পীঠং আসনং, কেচন অক্ষসূত্রং কন্থাং চীরাণি চ জগৃহুঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

অসঙ্গঃ আসক্তিশূন্যঃ অলক্ষিতঃ শ্রৈষ্ঠ্যমদ্যোতয়ন্ ॥ ২৮ ॥

প্রবয়সং বৃদ্ধং অবধূতং মলিনং পর্য্যভবন্ অবমেনিরে হে ভদ্র পরিভূতিভিস্তিরস্কারৈঃ ॥২৯

পরিভবানেব দর্শয়তি কেচিদিতি সপ্তভিঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

হৃদয়গ্রন্থীন্ অহঙ্কার-মমকারান্ ॥ ২৭ ॥ ২৮ ॥

প্রবয়সং বৃদ্ধং পর্য্যভবন্ তিরশ্চক্রুঃ। পরিভূতিভিস্তিরস্কারসাধনৈঃ ॥ ২৯ ॥ ৩০ ॥

গ্রহণ করিলেন ॥ ২৭ ॥

তিনি দেহ, ইন্দ্রিয়গ্রাম ও প্রাণপঞ্চকে সংযত করত পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন; এবং নিজের যাবদীয় অভিমানে জলাঞ্জলি দিয়া, অনাসক্তভাবে নগরে নগরে ও গ্রামে গ্রামে ভিক্ষাবৃত্তির দ্বারা জীবনযাত্রা নির্ব্বাহ করিতে লাগিলেন ॥ ২৮ ॥

হে উদ্ধব! সেই মলিন-বেশধারী প্রাচীন ভিক্ষুককে অবলোকন করিয়া, দুরাচারী ব্যক্তিগণ তিরস্কার বাক্যে নানাপ্রকারে অবমানিত করিত ॥ ২৯ ॥

কেহ তাঁহার ত্রিদণ্ড কাড়িয়া লইত, কেহ বা কমণ্ডলু জলপাত্র বলপূর্ব্বক গ্রহণ করিত; কেহ আসন, কেহ অক্ষমালা, কেহ কন্থা ও চিরবসন খানও সংগ্রহ করিয়া লইত ॥ ৩০ ॥

আবার তাঁহাকে ঐ সমস্ত দেখাইয়া বলিত, অহে ব্রাহ্মণ! এই তোমার

প্রদায় চ পুনস্তানি দর্শিতান্যাদদুর্মুনেঃ। ৩১ ॥
অন্নঞ্চ ভৈক্ষসম্পন্নং ভুঞ্জানস্য সরিত্তটে।
মূত্রয়ন্তি চ পাপিষ্ঠাঃ ষ্ঠীবন্ত্যস্য চ মূর্দ্ধনি ॥
যতবাচং বাচয়ন্তি তাড়য়ন্তি ন বক্তি চেৎ।
তর্জ্জয়ন্ত্যপরে বাগ্ভিস্তেনোঽয়মিতিবাদিনঃ ॥
বধ্নন্তি রজ্জ্বা তং কেচিদ্বধ্যতাং বধ্যতামিতি ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

দর্শিতানি তানি পুনঃ তস্মৈ প্রদায় তস্মাৎ মুনেঃ সকাশাৎ তে আদদুঃ ॥ ৩১ ॥

ভৈক্ষসম্পন্নং ভিক্ষয়া লব্ধং, অন্নং সরিত্তটে নদীতীরে ভুঞ্জানস্য অস্য মূর্দ্ধনি তে পাপিষ্ঠাঃ মূত্রয়ন্তি ষ্ঠীবন্তি ফুৎকারেণ শ্লেষ্মাণং প্রক্ষিপন্তি চ ॥

যতবাচং তং তে বাচয়ন্তি। সঃ ন বক্তি চেৎ তাড়য়ন্তি ; অপরে বাগ্ভিঃ তর্জ্জয়ন্তি। তথা অয়ং স্তেনঃ চৌরঃ, ইতি বাদিনঃ কেচিৎ তং রজ্জ্বা বধ্নন্তি তথা বধ্যতাং বধ্যতাং ইতি কেচিৎ বদন্তি ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

ভো ভগবন্ গৃহাণেতি দর্শিতানি সন্তি প্রদায় পুনশ্চাদদুঃ ॥ ৩১ ॥

অন্যে মূত্রয়ন্তি মূর্দ্ধনি চ ষ্ঠীবন্তি ফুৎকারেণ শ্লেষ্মাণং প্রক্ষিপন্তি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রদায় চ পুনরাদদুঃ পুনরপি গৃহাণেতি দাতুং দর্শিতান্যপি নয়নকালে পুনরাদদুঃ আচ্ছিদ্য জগৃহুঃ ॥ ৩১ ॥

অন্যে মূত্রয়ন্তি মূর্দ্ধনি ষ্ঠীবন্তি ॥ ৩২ ॥

সামগ্রী লহ ! বলিয়া প্রদানও করিত বা সরাইয়া লইত ॥ ৩১ ॥

ভিক্ষাবৃত্তি অবলম্বনে অনেক পর্য্যটন দ্বারা অন্ন সংগ্রহ পূর্ব্বক যখন নদীতটে ভোজনার্থ উপবেশন করিতেন, তখন ঐ দুর্ব্বৃত্তগণ তাঁহার মস্তকে প্রস্রাব করিয়া দিত ; গাত্রে বিষ্ঠা প্রদান করিত এবং ফুৎকারের দ্বারা শ্লেষ্মার নিক্ষেপে তাঁহার সর্ব্বাঙ্গ প্লাবিত করিয়া দিত ॥

ব্রাহ্মণ যদি মৌনাবলম্বনে নিস্তব্ধ থাকিতেন, ঐ পাপিষ্ঠগণ যে কোন উপায়ে তাঁহাকে কথা কহাইত ; তাহাতেও যদি তিনি উত্তর প্রদানাদির দ্বারা তাহাদের সহিত কথা না কহিতেন, তিরস্কারবাক্যে তাঁহাকে তাড়না করিত। দেখ্ ! এই লোকটা ব্রাহ্মণ নহে, চোর ! এই বলিয়া কেহ কেহ সেই ব্রাহ্মণকে রজ্জুর দ্বারা বন্ধন করিত ; এবং ইহাকে মেরে ফেল ! মেরে ফেল ! বলিয়া চিৎকার ধ্বনি করিত ॥ ৩২ ॥

ক্ষিপন্ত্যেকেঽবজানন্ত এষ ধর্ম্মধ্বজঃ শঠঃ।
ক্ষীণবিত্ত ইমাং বৃত্তিমগ্রহীৎ স্বজনোজ্‌ঝিতঃ ॥ ৩৩ ॥
অহো এষ মহাসারো ধৃতিমান্ গিরিরাড়িব।
মৌনেন সাধয়ত্যর্থং বকবদ্দৃঢ়নিশ্চয়ঃ ॥ ৩৪ ॥
ইত্যেকে বিহসন্ত্যেনমেকে দুর্ব্বাতয়ন্তি চ।

অন্বয়ঃ।

এষঃ ধর্ম্মধ্বজঃ বহিরেব ধার্ম্মিকঃ অপি অন্তঃশঠঃ বঞ্চকঃ, ক্ষীণবিত্তঃ নষ্টধনঃ, অতএব স্বজনোজ্‌ঝিতঃ (স্বজনৈঃ উজ্‌ঝিতঃ ত্যক্তঃ সন্) ইমাং ভিক্ষাবৃত্তিং অগ্রহীৎ (নায়ং প্রকৃতঃ সন্ন্যাসী ইতি উক্ত্বা) একে ক্ষিপন্তি নিন্দন্তি অবজানন্তে চ ॥ ৩৩ ॥

অহো! এষঃ মহাসারঃ মহাবলঃ, গিরিরাট্ ইব ধৃতিমান্ ধৈর্য্যশালী; বকবৎ দৃঢ়নিশ্চয়ঃ সন্ মৌনেন অর্থং প্রয়োজনং, অভিলষিতং সাধয়তি ॥ ৩৪ ॥

ইতি ইত্থং প্রকারেণ একে বিহসন্তি একে চ এনং দুর্ব্বাতয়ন্তি তদুপর্য্যধোবায়ুং মুঞ্চন্তি

শ্রীধরস্বামী।

ক্ষিপন্তি নিন্দন্তি। নিন্দামেবাহ এষ ধর্ম্মধ্বজঃ ত্রিদণ্ডলিঙ্গোপজীবী শঠো লোকবঞ্চকঃ তদেবাহুঃ ক্ষীণবিত্ত ইতি ॥ ৩৩ ॥

মহাসারঃ অতিবলী ॥ ৩৪ ॥

দুর্ব্বাতয়ন্তি তদুপরি অধোবায়ুং মুঞ্চন্তি। ববন্ধুঃ শৃঙ্খলৈনিরুরুধুঃ কারাগৃহাদিষু দ্বিজং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মধ্বজঃ ত্রিদণ্ডলিঙ্গোপজীবী। শঠো লোকবঞ্চকঃ। বঞ্চনমেবাহুঃ ক্ষীণবিত্ত ইতি ॥ ৩৩

মহাসারঃ সারার্থগ্রাহীঃ ॥ ৩৪ ॥

এই লোকটা ভণ্ডধার্ম্মিক ও ভয়ানক প্রবঞ্চক। ইহার ধন ও সম্পত্তি বিনষ্ট হওয়ায়, আত্মীয়গণের নিকট হইতে বিতাড়িত হইয়াছে; সম্প্রতি ভিক্ষাবৃত্তি অবলম্বনে সন্ন্যাসী সাজিয়া, ধার্ম্মিকের পরিচয় দিতেছে; এই বলিয়া নিন্দাবাদের দ্বারা তাহারা তাঁহার অপমান করিত ॥ ৩৩ ॥

অহো! এই ব্যক্তির দেহ কিরূপ বলবান্! অথচ পরিশ্রম ব্যতীত জীবিকা নির্ব্বাহার্থ ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়াছে। ইনি গিরিরাজ হিমালয়ের ন্যায় ধৈর্য্যশালী এবং বকের ন্যায় দৃঢ়নিশ্চয় হইয়া, কেবল মৌনাবলম্বনেই স্বীয় উদ্দেশ্যসাধনে যত্ন করিতেছে ॥ ৩৪ ॥

এই প্রকার নানাবিধ কটূক্তির প্রয়োগে কেহ উপহাস করিত, কেহ বা তাঁহার গাত্রে অধোবায়ু নিঃসারণ করিয়া দিত। ঐ ব্রাহ্মণকে ক্রীড়নক জ্ঞানে ঐ দুর্বৃত্তগণ তাঁহার সহিত যথেচ্ছ ব্যবহার করিত। এমন কি! শৃঙ্খলাদির

তং ববন্ধু র্নিরুরুধু র্যথা ক্রীড়নকং দ্বিজং ॥ ৩৫ ॥
এবং স ভৌতিকং দুঃখং দৈহিকং দৈবিকঞ্চ যৎ।
ভোক্তব্যমাত্মনো দিষ্টং প্রাপ্তং প্রাপ্তমবুধ্যত ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

চ। ক্রীড়নকং যথা তথা তং দ্বিজং কেচন ববন্ধুঃ (শৃঙ্খলৈঃ) নিরুরুধুঃ (কারাগৃহাদিষু) ॥ ৩৫ ॥

এবং সঃ ভৌতিকং দুর্জ্জনাদিকৃতং, দৈহিকং জরাদিজনিতং, দৈবিকং শীতোষ্ণাদি-প্রভবং, প্রাপ্তং প্রাপ্তং যৎ দুঃখং তৎ আত্মনঃ স্বস্য, দিষ্টং প্রারব্ধং, ভোক্তব্যং এব ইতি সঃ অবুধ্যত নিশ্চিতবান্ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

শুকশারিকাদিকং যথা ॥ ৩৫ ॥

ভৌতিকং দুর্জ্জনাদিকৃতং দৈহিকং জরাদিনিমিত্তং দৈবিকং শীতোষ্ণাদিপ্রভবং দিষ্টং দৈবপ্রাপ্তং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দুর্ব্বাতয়ন্তি তদুপর্য্যপানবায়ুং মুঞ্চন্তি। ববন্ধুঃ শৃঙ্খলৈঃ কারাগৃহাদিষু দ্বিজং শুকশারিকা-দিকং যথা ॥ ৩৫ ॥

ভৌতিকং দুর্জ্জনাদিকৃতং। দৈহিকং জরাদিনিমিত্তং। দৈবিকং শীতোষ্ণাদিপ্রভবং। দিষ্টং দৈবপ্রাপ্তং ॥ ৩৬ ॥

দ্বারা তাঁহাকে বন্ধন করত কারাগৃহের মধ্যে নিবদ্ধ রাখিত ॥ ৩৫ ॥

এই প্রকারে সেই ব্রাহ্মণ দুর্জ্জনাদিকৃত ভৌতিক দুঃখ, জরাদি-জনিত দৈহিক দুঃখ এবং শীতোষ্ণাদি-জনিত দৈবিক বিবিধ দুঃখ নিরন্তর উপভোগ করিয়াও বিষণ্ণ বা বিহ্বল হইতেন না; প্রারব্ধ-জনিত যাবদীয় দুঃখকে অবশ্যই ভোগ করিতে হইবে; কখনই তাহার অন্যথা হইবে না, এইরূপ নিশ্চয় করত, সেই ব্রাহ্মণ শান্তচিত্তে সকলই সহ্য করিতেন ॥ ৩৬ ॥

আভাস।

ব্রাহ্মণ আদ্যোপান্ত নিজের অবস্থার আলোচনায় বিশেষরূপে অবধারণ করিলেন যে, লোকের গঞ্জনা ও উৎপীড়নরূপ আধিভৌতিক, মানসিক সন্তাপ ও জরাদিপীড়ারূপ আধ্যাত্মিক এবং দৈবদুর্ব্বিপাক বশত ধনাদির বিনাশরূপ আধিদৈবিক দুঃখ তাঁহার স্বীয় প্রারব্ধ বশতই উপস্থিত হইয়াছিল। ভোগ ব্যতীত তাদৃশ দুঃখের নিবৃত্তি নিতান্তই অসম্ভব। কারণ স্বকীয় পূর্ব্বসঞ্চিত কর্ম্মের ফল অবশ্যম্ভাবি। শাস্ত্রে উক্ত আছে, "অবশ্যম্ভাবিভাবানাং প্রতিকারো ভবেদ্ যদি। তদা দুঃখৈর্ন লিপ্যেরন্ নলরামযুধিষ্ঠিরাঃ"॥ অবশ্যম্ভাবি ঘটনার প্রতিকার করা যদি সম্ভবপর হইত, তাহা হইলে নলরাজা, শ্রীরামচন্দ্র এবং যুধিষ্ঠিরের ন্যায় শান্ত দান্ত বিচক্ষণ বুদ্ধিমান্ ও ধার্ম্মিক ব্যক্তিদিগকে তাদৃশ দুরবস্থাপন্ন হইতে হইত না। অন্যের প্রতি দোষারোপ না করিয়া, স্বকীয় দোষগণনায় তাহাদিগকে অবশ্য যে

পরিভূত ইমাং গাথামগায়ত নরাধমৈঃ।
পাতয়দ্ভিঃ স্বধর্ম্মস্থো ধৃতিমাস্থায় সাত্ত্বিকীং ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

স্বধর্ম্মাৎ পাতয়দ্ভিঃ নরাধমৈঃ দুর্জ্জনৈঃ পরিভূতঃ অপি সাত্ত্বিকীং ধৃতিং আস্থায় স্বধর্ম্মস্থঃ (স্বধর্ম্মে স্থিতঃ সঃ দ্বিজঃ) ইমাং গাথাং অগায়ত ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

ধর্ম্মাৎ পাতয়দ্ভিঃ পরিভূতোঽপি সাত্ত্বিকীং ধৃতিমাস্থায় স্বধর্ম্ম এব স্থিতঃ। ইমাং বক্ষ্যমাণাং গাথামগায়ত। সাত্ত্বিকী ধৃতিশ্চ। ধৃত্যা যয়া ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ। যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী। ইতি স্মৃতেঃ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বীয়ধর্ম্মনিষ্ঠাতঃ পাতয়দ্ভিরপি তৈঃ তৈঃ স্বধর্ম্মে স্থিত এব ইমাং বক্ষ্যমাণাং গাথামগায়ত। সাত্ত্বিকী ধৃতিশ্চ। ধৃত্যা যয়া ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ। যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকীতি ॥ ৩৭ ॥

দুর্ব্বৃত্ত নরাধমেরা তাঁহাকে স্বধর্ম্ম হইতে স্খলিত করিবার চেষ্টা করিলেও, সাত্ত্বিক ধৈর্য্য অবলম্বনে নিজ ধর্ম্মকে প্রতিপালন করত, সেই ব্রাহ্মণ নিম্নলিখিত উক্তিগুলির দ্বারা স্বীয় অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন ॥ ৩৭ ॥

আভাস।

ভোগ করিতে হইবে, এই ভাবের প্রতিপাদনার্থ তিনি প্রকাশ করিয়াছিলেন যে, সামান্যদৃষ্টিতে পীড়াপ্রদ উপদ্রবকারী মনুষ্যগণকে লোকে শত্রু-বিবেচনায় নরাধম নামে সজ্ঞিত করে বটে, কিন্তু তাহারা নিজের প্রয়োজনে যে তাদৃশ ক্লেশ প্রদান করে, তাহা নহে। কোন একটী দৈবী শক্তির প্রভাবে জনগণ অবশভাবে শত্রু বা মিত্রের বেশে উপস্থিত হয় মাত্র। ভগবান্ শ্রীরামচন্দ্র বলিয়াছিলেন, "সুখস্য দুঃখস্য ন কোঽপি দাতা পরো দদাতীতি কুবুদ্ধিরেষা। অহং করোমীতি বৃথাভিমানং স্বকর্ম্মসূত্রগ্রথিতো হি লোকঃ" ॥ অর্থাৎ অন্যে কখন অন্যকে সুখী বা দুঃখী করিতে পারে না। আমরা আপনাদিগকে যতদূর অপরিজ্ঞাত ও অসম্পৃক্তের ন্যায় বিবেচনা করি, প্রকৃত প্রস্তাবে আমরা তাদৃশ নহি। আমাদের সংবাদ আমরা নিজেরা তত না রাখিলেও, যিনি আমাদিগকে এরূপ দেহের সূচনা করত ধরাধামে প্রেরণ করিয়াছেন; রক্ত, মাংস, মেধ, অস্থি, স্নায়ু, মজ্জা ও শুক্রাদি দেহাবয়বের প্রতিসন্ধিতে তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া, যিনি তাহাদের স্ব স্ব প্রয়োজনীয় গতিতে পরিচালিত করিতেছেন, তিনি কি আর একজন মনুষ্যের সহিত অপর মনুষ্যের স্থূল-সম্বন্ধের প্রতি দৃষ্টি রাখিতে বিস্মৃত বা উদাসীন হইয়াছেন? দেহের আভ্যন্তরিক সম্বন্ধের ন্যায়, বাহ্য ব্যবহারে কোন্ ব্যক্তিকে কিরূপ সংস্রবে রাখিলে যে, প্রকৃত উৎকৃষ্ট ফল উত্তরোত্তর প্রসূত হইবে, তাহা তিনি বিশেষ বিবেচনা পূর্ব্বকই অবধারণ করিয়াছেন। সম্প্রতি তজ্জন্য

দ্বিজ উবাচ ॥

নায়ং জনো মে সুখদুঃখহেতু ন দেবতাত্মাগ্রহকর্ম্মকালাঃ।
মনঃ পরং কারণমামনন্তি সংসারচক্রং পরিবর্ত্তয়েদ যৎ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

দ্বিজঃ উবাচ। অয়ং জনঃ, দেবতা আত্মা গ্রহকর্ম্মকালাঃ চ মে মম সুখদুঃখহেতুঃ ন; শ্রুতয়ঃ তু মনঃ এব পরং কারণং ইতি আমনন্তি বর্ণয়ন্তি, যৎ যস্মাৎ, মনসঃ এব সংসারচক্রং পরিবর্ত্তয়েৎ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

তামেব ষোড়শশ্লোকীং গাথামাহ নায়মিতি ন চাত্মা নাপি গ্রহাদয়ঃ। মনঃ পরং কেবলং সুখদুঃখয়োঃ কারণং বদন্তি। মনসা হ্যেব পশ্যন্তি মনসা শৃণোতীত্যাদ্যাঃ শ্রুতয়ঃ ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহো দুঃখমেতাবৎ কঃ খলু দত্ত ইতি বিমৃশন্ন তাবদয়ং দুর্জ্জনো দত্ত ইত্যাহ নায়মিতি। নন্বু প্রত্যক্ষমর্থং কিমপলপসি স্বাতন্ত্র্যেণায়ং জনো ন দত্ত ইতি চেৎ কেষাঞ্চিৎ প্রেরণবশাদ্দত্ত ইত্যুচ্যতাং। তত্র প্রেরকান্ নিষেধতি ন দেবতা নাপ্যাত্মা নাপি গ্রহাদয়ঃ কিন্তু মন এব পরং কেবলং কারণং বদন্তি মনসা হ্যেব পশ্যতি মনসাহ্যেব শৃণোতীত্যাদ্যাঃ শ্রুতয়ঃ। পরিবর্ত্তয়েৎ পরিভ্রাময়েৎ ॥ ৩৮ ॥

ব্রাহ্মণ মনে মনে বলিয়াছিলেন যে, এই জন-সাধারণ বা দেবতানিচয়, গ্রহগণ, কর্ম্মকলাপ বা কাল কখন আমার দুঃখের কারণ নহে; আমার আত্মাও দুঃখময় নহেন যে, তাঁহারই স্বভাব বশত আমাকে এত দুঃখ অনুভব করিতে হইতেছে। কেবল মনই যে সকল দুঃখকে আনয়ন করে এবং আমাকে সংসারচক্রে নিরন্তর ঘূর্ণিত করে, শ্রুতিও তাহা স্পষ্টাক্ষরে স্বীকার করিয়াছেন ॥ ৩৮ ॥

আভাস।

উৎকণ্ঠিত হইয়া, অন্যের উপর দোষারোপ করা কোন মতেই সঙ্গত নহে। ৩৬। ৩৭ ॥

সাধারণ লোকের উপর শত্রু বা মিত্রবোধে দোষের আরোপ বা গুণের কীর্ত্তন করা যেমন কর্ত্তব্য নহে, সেইরূপ সুখদুঃখসম্বন্ধে দেবতা, আত্মা, গ্রহ, কর্ম্ম বা কালের উপর দোষ প্রদান করাও অবিধেয়। কারণ দেবতাগণ কর্ম্মের অধীন হইয়া, ছায়ার ন্যায় কর্ম্মানুরূপ ফলই প্রদান করিয়া থাকেন। কর্ম্ম ও নিজে উৎপন্ন হয় না এবং স্বেচ্ছানুসারে ফলের অভিব্যক্তি করে না। চেতন পুরুষ কর্ত্তৃক সম্পাদিত হইয়া, গ্রহাদিরূপে কালসহকারে ফলরূপে অভিব্যক্ত হয়। চৈতন্যস্বরূপ আত্মা অসঙ্গ ও কর্ম্মের অতীত; তাঁহার ঈক্ষণে মাত্র কামের আশ্রয়স্বরূপ মন যাবদীয় কর্ম্ম প্রসব করে এবং ঈশ্বরের নিয়তি অনুসারে তীব্র ও মন্দভেদে কাল গ্রহরূপ মধ্যবর্ত্তী যোজকের দ্বারা কর্ম্মের ফল জীবকে ভোগ করান। অতএব কেহ কিছু নহে; এক মনই সর্ব্বসম্পাদনকারি। শ্রুতি মনকেই মনুষ্যের বন্ধন ও মুক্তির কারণ

মনো গুণান্ বৈ সৃজতে বলীয় স্ততশ্চ কর্ম্মাণি বিলক্ষণানি।
শুক্লানি কৃষ্ণান্যথ লোহিতানি তেভ্যঃ সবর্ণাঃ সৃতয়ো ভবন্তি ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

বলীয়ঃ মনঃ গুণান্ (বিষয়েষু রাগদ্বেষাদিবৃত্তিবিশেষান্) সৃজতি ততঃ তেভ্যঃ গুণেভ্যঃ, শুক্লানি সাত্ত্বিকানি পুণ্যানি, কৃষ্ণানি তামসানি পাপানি, লোহিতানি রাজসানি পুণ্যপাপমিশ্রাণি, পরং বিলক্ষণানি কর্ম্মাণি ভবন্তি। তেভ্যঃ চ কর্ম্মভ্যঃ সবর্ণাঃ কর্ম্মানুরূপাঃ সৃতয়ঃ যোনয়ঃ, ভবন্তি। (পুণ্যাৎ দেবতাজন্ম; পাপাৎ পশ্বাদি জন্ম, মিশ্রাৎ মনুষ্যজন্ম) ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

পরিবর্ত্তনপ্রকারমেবাহ মন ইত্যাদিনা। গুণান্ গুণবৃত্তীঃ সৃজতি ততশ্চ তেভ্যো গুণেভ্যঃ শুক্লানি সাত্ত্বিকানি কৃষ্ণানি তামসানি লোহিতানি রাজসানি সবর্ণাস্তত্তৎকর্ম্মানুরূপাঃ সৃতয়ঃ দেবতীর্য্যঙ্‌নরাদিগতয়ঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিবর্ত্তনপ্রকারমাহ মন এব দোষপূর্ণেঽপি কনককামিন্যাদিবস্তুনি গুণান্ সৃজতে সৃজতি। ধনং বিনা কুতো ধর্ম্মাঃ স্রক্‌চন্দনবনিতাদ্যা ভোগাশ্চ কুতঃ সিদ্ধ্যন্তি তাংশ্চ বিনা কুতঃ সুখমতো ধনমুপার্জ্জনীয়মিতি। প্রথমং ধনোপার্জ্জনে দোষেঽপি মন এব প্রবর্ত্তয়তীত্যর্থঃ। বলীয় ইত্যরে মহানর্থকৃদ্ধন-কলত্রপুত্রাদিকমিত্যন্যতঃ স্বতো বা জড়িতং বিবেকমপি নৈব গৃহ্ণাতীতি ভাবঃ। কর্ম্মাণি মনঃপ্রবর্ত্তিতানি বিলক্ষণানি কানিচিৎ সাত্ত্বিকানি কানিচিত্তামসানি কানিচিদ্রাজসানি নন্বেকীভূতানীত্যর্থঃ। শুক্লানি ধর্ম্মোপযোগীনি কৃষ্ণানি নরকোপযোগীনি ক্রমেণ তেভ্যঃ সবর্ণাঃ সৃতয়ঃ দেবতির্য্যঙ্‌নরাদিজাতয়ঃ ॥ ৩৯ ॥

এই বলবান্ মন বিষয়ের অভিমুখে রাগদ্বেষাদিবিশিষ্ট বৃত্তির উদয় করিয়া দেয়; এবং সেই সমস্ত বৃত্তির অনুসারে পুণ্যপ্রদ সাত্ত্বিক কর্ম্ম, পাপবহ তামসিক কৃষ্ণকর্ম্ম এবং পুণ্যপাপমিশ্রিত রাজসিক কর্ম্মের উৎপত্তি হইয়া থাকে। এই কর্ম্মের অনুসারেই জীব বিচিত্র পুণ্যোৎপন্ন দেবযোনি, পাপোৎপন্ন পশ্বাদি জন্ম এবং পাপপুণ্যের মিলনে উৎপন্ন মনুষ্য জন্ম পর্য্যায়ক্রমে প্রাপ্ত হইয়া থাকে ॥ ৩৯ ॥

আভাস।

বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। মনই এই সংসারচক্র পরিচালিত করিতেছে। মনই সকলের অপেক্ষা প্রবল; এমন কি! দেবতাগণ পর্য্যন্ত মনের সামর্থ্যকে অতিক্রম করিতে পারেন নাই। মনই কামনা অনুসারে সুকৃতি ও দুষ্কৃতির উদয়ে জীবকে সৎকর্ম্মে বা অসৎ কর্ম্মে প্রবৃত্ত করাইয়া, উৎকৃষ্ট বা নিকৃষ্ট যোনিতে জন্মগ্রহণ করায়; এবং সুখ বা দুঃখের অসীম সাগরে নিপাতিত করে ॥ ৩৮ ॥ ৩৯ ॥

তথাপি মনের বন্ধন বা মনের সংসার বলিয়া কখনই অবধারণ করা বিধেয় নহে।

অনীহ আত্মা মনসা সমীহতা হিরণ্ময়ো মৎসখ উদ্বিচষ্টে।

অন্বয়ঃ।

সমীহতা সংকল্পবিকল্পৌ কুর্ব্বতা, মনসা সহ (নিয়ন্তৃত্বেন বর্ত্তমানঃ) মৎসখঃ (মম জীবস্য সখা হিতকর্ত্তা) আত্মা পরমেশ্বরঃ, যতঃ অনীহঃ অহংমমাভিমানরহিতঃ, অতঃ হিরণ্ময়ঃ প্রকাশ-বহুলঃ জ্ঞানময়ঃ, উদ্বিচষ্টে (উচ্চৈঃ অতিরোহিতজ্ঞানেন কেবলং পশ্যতি ন দুঃখসুখভাগ্ ভবতি)। অসৌ জীবস্তু স্বলিঙ্গং (স্বস্মিন্ আত্মনি লিঙ্গয়তি দ্যোতয়তি সংসারং তাদৃশং) শ্রীধরস্বামী।

তর্হি মনস এব সংসারঃ স্যান্নাত্মন ইত্যাশঙ্ক্যাহ অনীহ ইতি অয়মর্থঃ অবিদ্যয়া মনো-হধ্যাসেন ইয়মাত্মনঃ সংসৃতিঃ নতু স্বতঃ বতস্তদ্রহিতস্যেশ্বরস্য সা নাস্তি কিন্তু তদ্বতো জীবস্যৈবেতি তদেতদাহ মনসা সমীহমানেন সহ নিয়ন্তৃত্বেন বর্ত্তমানোঽপি পরমাত্মা অনীহঃ তৎক্রিয়াসঙ্গরহিতঃ যতো হিরণ্ময়ঃ বিদ্যাশক্তিপ্রধানঃ কুতঃ যতো মৎসখঃ মম জীবস্য সখা নিয়ন্তা অত উৎ উচ্চৈর্বিচষ্টে অতিরোহিতজ্ঞানেন কেবলং পশ্যতীত্যর্থঃ। অসৌ পুনরয়ং শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু তর্হি মনস এব সংসারোঽস্ত নাত্মনস্তত্র সত্যমাত্মা হ্যত্র শরীরে দ্বিবিধ একঃ পরমাত্মা মনোলেপরহিতঃ অন্যো জীবাত্মা তল্লেপসহিত এব। তত্র প্রথমং তাবৎ শৃণ্বিত্যাহ অনীহ ইতি মনসা সমীহমানেন সহ নিয়ন্তৃত্বেন বর্ত্তমানোঽপি পরমাত্মা অনীহঃ তৎক্রিয়াসঙ্গরহিতঃ যতো হিরণ্ময়ঃ স্বতন্ত্রচিন্ময়ঃ মম জীবস্য সখা উৎ উচ্চৈর্বিচষ্টে। অতিরোহিতজ্ঞানত্বাৎ ন কেবলং নির্লেপ এব পশ্যতীত্যর্থঃ। দ্বিতীয়ো জীবাত্মা তু স্বস্য লিঙ্গং লিঙ্গশরীরং মনঃ পরিগৃহ্য আত্মত্বেন স্বীকৃত্য তস্য মনসো গুণৈগুর্ণকৃতকর্ম্মভিঃ সঙ্গতঃ সঙ্গাৎ কামান্ জুষন্

এই সংকল্পবিকল্পকারি মনের অন্তরে নিয়ন্তারূপে যিনি নিত্য বিদ্যমান রহিয়াছেন, জীবের পরম সখা হিতকারী সেই পরমাত্মা কিন্তু অহঙ্কার বা মমতায় কোনমতে লিপ্ত নহেন। তাঁহার জ্ঞানের ইয়ত্তা নাই; তিনি সর্ব্বজ্ঞ-দৃষ্টিতে কেবল সাক্ষিভাবে সমস্ত অবলোকন করেন মাত্র; জীবভোগ্য সুখ বা দুঃখের অংশ নিজে কখন উপভোগ করেন না। জীব কিন্তু সংসারাব-ভাসক মনকে আত্মজ্ঞানে স্বীকার করত, মনের স্বরূপে আসক্ত হয় এবং

আভাস।

তদতিরিক্ত জীব নামক আত্মার সংসার বলিয়া স্বীকার করিতে হইবে। যদিও আত্মাশব্দে পরমাত্মাকেই লক্ষ্য হয় বটে, কিন্তু তিনি জীবদেহে কূটস্থ নির্ব্বিকারী ও সাক্ষিভাবেই অবস্থান করেন মাত্র। কিন্তু সূর্য্যের উদয়ে জলে প্রতিবিম্বিত সূর্য্যভাবে যেমন জলনিষ্ঠ কম্পাদি প্রতীত হয়, সেইরূপ পরমাত্মার পরমসত্তায় মনরূপ আধারে নিপতিত চিদাভাস জীবেরই সংসার ঘটিয়া থাকে। জলে নিপতিত সূর্য্যপ্রতিবিম্বের ন্যায়, চিদাভাস জীবাত্মা অবিদ্যার আবরণে মনকে আপনার স্বরূপ বলিয়া অবধারণ করে এবং মনোনিষ্ঠ যাবদীয় ভাবকে

মনঃ স্বলিঙ্গং পরিগৃহ্য কামান্ জুষন্নিবদ্ধো গুণসঙ্গতোঽসৌ ॥ ৪০ ॥
দানং স্বধর্ম্মো নিয়মো যমশ্চ শ্রুতঞ্চ কর্ম্মাণি চ সদ্ব্রতানি।
সর্ব্বে মনোনিগ্রহলক্ষণান্তাঃ পরোহি যোগো মনসঃ সমাধিঃ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

মনঃ পরিগৃহ্য আত্মত্বেন স্বীকৃত্য, তস্য মনসঃ গুণসঙ্গতঃ (গুণৈঃ কর্ম্মভিঃ সঙ্গতঃ সংবদ্ধঃ কামান্ জুষন্ সেবমানঃ, নিবদ্ধঃ ভবতি ॥ ৪০ ॥

দানং স্বধর্ম্মঃ স্ববর্ণাশ্রমোচিতকর্ম্মানুষ্ঠানং, নিয়মঃ যমঃ শ্রুতং অধ্যয়নং, কর্ম্মাণি তীর্থযাত্রাদীনি, সদ্ব্রতানি একাদশ্যুপবাসাদীনি সর্ব্বে এব মনোনিগ্রহলক্ষণান্তাঃ (মনসঃ নিগ্রহলক্ষণঃ অন্তো নিষ্ঠাফলং যেষাং তে তথাভূতাঃ) যতঃ মনসঃ সমাধিঃ নিগ্রহঃ এব পরঃ যোগঃ জ্ঞানং ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

জীবঃ স্বলিঙ্গং স্বস্মিন্নাত্মনি লিঙ্গয়তি দ্যোতয়তি সংসারমিতি তথা তন্মনঃ পরিগৃহ্য আত্মত্বেন স্বীকৃত্য তস্য মনসো গুণৈঃ কর্ম্মভিঃ সঙ্গতঃ সম্বদ্ধঃ গুণসঙ্গাদ্বা কামান্ জুষন্ নিবদ্ধ ইতি ॥৪০॥

অতো মনোনিগ্রহে কৃতে সর্ব্বং কৃতং স্যাৎ তং বিনা তু সর্ব্বং ব্যর্থমিত্যাহ দানমিতি দ্বাভ্যাং। স্বধর্ম্মো নিত্যনৈমিত্তিকঃ সদ্ব্রতানি একাদশ্যুপবাসাদীনি অন্যানি চ যাবন্তি কর্ম্মাণি এতে সর্ব্বে উপায়া মনোনিগ্রহলক্ষণো অন্তো নিষ্ঠা ফলং যেষাং তে তথা নমু জ্ঞানাঙ্গত্বং তেষাং প্রসিদ্ধং তত্রাহ মনসঃ সমাধির্নিগ্রহ এব পরো যোগো জ্ঞানং ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিবদ্ধঃ মনোঽধ্যাসাৎ জীবাত্মন এব সংসার ইত্যর্থঃ। মনসস্তু জড়ত্বেন সুখদুঃখানুভবাভাবাৎ স্বর্গনরকাপবর্গেষু মধ্যে ন কোঽপীতি ভাবঃ। ৪০ ॥

তস্মাৎ সর্ব্বানর্থকৃতো মনসো নিগ্রহে এব যতনীয়মিত্যাহ দানমিতি দানাদয় এতে সর্ব্বে উপায়া মনোনিগ্রহলক্ষণঃ অন্তঃশেষঃ ফলং যেষাং তে। যতো মনসঃ সমাধির্নিগ্রহ এব পরঃ সর্ব্বশ্রেষ্ঠো যোগঃ ॥ ৪১ ॥

মনের গুণে আপনাকে গুণবান্ বিবেচনা করত, বিষয়সম্ভোগে বদ্ধ হইয়া থাকেন ॥ ৪০ ॥

দান, স্বস্ববর্ণাশ্রমোচিত কর্ম্মের অনুষ্ঠান, যম, নিয়ম, অধ্যয়ন, তীর্থাদিতে গমন, একাদশ্যাদি উৎকৃষ্ট ব্রতের অনুষ্ঠান এবং অন্য যে কোন ধর্ম্ম-সম্বন্ধীয়

আভাস।

নিজের স্বরূপজ্ঞানে সুখী বা দুঃখী বোধে ধারণা করত কামনাস্রোতে ভাসমান হয়। অতএব মনের নিরোধে জীব বিশুদ্ধ স্বরূপলাভে মুক্ত হয় এবং মনের প্রশ্রয়ে সংসার-প্রবাহে ভাসমান থাকে। সুতরাং মনের নিগ্রহ করিতে পারিলেই, যাবতীয় সংসার-ব্যাপারের নিগ্রহ করা হয়; নতুবা সকল কর্ম্মই নিরর্থক। বেদাদিতে যে কোন ধর্ম্মানুষ্ঠানের ব্যাপার

সমাহিতং যস্য মনঃ প্রশান্তং দানাদিভিঃ কিং বদ তস্য কৃত্যং।
অসংযতং যস্য মনো বিনশ্যদ্দানাদিভিশ্চেদপরং কিমেভিঃ॥ ৪২॥

অন্বয়ঃ।

যস্য মনঃ সমাহিতং বশীকৃতং প্রশান্তং তস্য দানাদিভিঃ কিং কৃত্যং প্রয়োজনং, অস্তি তৎ বদ। যদি তু দানাদিভিঃ অপি যস্য মনঃ অসংযতং বশীকৃতং ন ভবতি, অপি তু বিনশ্যৎ (আলস্যাদিনা লীয়মানং ভবেৎ) তর্হি এভিঃ দানাদিভিঃ, তস্য অপরং প্রয়োজনং কিং স্যাৎ। ৪২।

শ্রীধরস্বামী।

অতো যস্য মনঃ সমাহিতং ভবতি তস্য কিং কৃত্যমস্তি বদেতি পরং প্রত্যুপদিশন্নিব স্বয়মেবাহ অসংযতং বিক্ষিপ্তং চেৎ। যদ্বা। বিনশ্যৎ আলস্যাদিনা লীয়মানঞ্চেৎ ভবেত্তর্হি এভির্দানাদিভিঃ কিমপরং প্রয়োজনং স্যান্ন কিঞ্চিদিত্যর্থঃ॥ ৪২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুধীভিরেকো মনোনিগ্রহ এবাপেক্ষণীয়ো নান্য ইত্যাহ। সমাহিতং বশীকৃতং চেৎ কিং দানাদিভিঃ। অসংযতং অবশীভূতং যতো বিনশ্যৎ লয়যুক্তং। অপরমমুংকৃষ্টং বিক্ষেপযুক্তঞ্চ চেৎ কিমেভির্দানাদিভিঃ॥ ৪২॥

কার্য্যের উল্লেখ শাস্ত্রাদিতে দেখিতে পাওয়া যায়, মনের নিগ্রহ করা পর্য্যন্তই যাবদীয় কর্ম্মের বিধান; কারণ মনের নিগ্রহই পরম যোগ এবং জ্ঞান বলিয়া অভিহিত হইয়াছে॥ ৪১॥

যে ব্যক্তির মন সমাহিত ও শান্তভাব অবলম্বন করিয়াছে, তাঁহার আর দানাদি নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান নিষ্প্রয়োজন। আর যদি দানাদি সৎকর্ম্মের অনুষ্ঠানে মনের সংযম না হইয়া থাকে, বরং আলস্যাদিতে মন বৃথা কালাতিপাত করে, তখন তাঁহার এই দানাদি পুণ্যকর্ম্মের দ্বারা কোন ফলই জন্মিল না, বলিয়া স্বীকার করিতে হইবে॥ ৪২॥

ব্রহ্মাদি যে কোন শ্রেষ্ঠ দেবতারই নাম উল্লেখ করা যাউক্ না, সকলেই

আভাস।

উপদিষ্ট হইয়াছে, সকলের চরম ও শ্রেষ্ঠ ফলই মনোনিবৃত্তি; তাহাতেই পরম শান্তি লাভ হয়। যদিও সেই সকল ধর্ম্মানুষ্ঠানের দ্বারা জ্ঞানের উদয় হয়, এরূপ স্বীকার করা হইয়াছে বটে, কিন্তু তাঁহাও মনোনিবৃত্তি অবলম্বনেই ঘটিয়া থাকে। আলোড়িত জলে প্রতিবিম্ব কিছুতেই সুস্পষ্ট প্রতীত হয় না; কিন্তু কোন উপায়ে জলকে নিশ্চল করিতে পারিলে, তত্রত্য প্রতিবিম্বকে যেমন সুস্পষ্ট প্রতীত করিবার জন্য আর কোন আয়াসের প্রয়োজন করে না সেইরূপ মনোরূপ সরোবরকে কামনাবায়ুর উদ্বেলন হইতে নিস্তব্ধ করাইতে পারিলে, জ্ঞানস্বরূপ আত্মসাক্ষাৎকারের আর কোন বিলম্ব থাকে না। জ্ঞান আপনি দেখা দেন॥ ৪০।৪১

মনোবশেঽন্যে হ্যভবন্ স্ম দেবা মনশ্চ নান্যস্য বশং সমেতি।
ভীষ্মো হি দেবঃ সহসঃ সহীয়ান্ যুঞ্জ্যাদ্বশং তং স হি দেবদেবঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

অন্যে ব্রহ্মাদয়ঃ দেবাঃ মনোবশে অভবন্ মনঃ তু অন্যস্য দেবাদেঃ, অপি বশং চ ন সমেতি ন গচ্ছতি। হি যস্মাৎ সঃ মনোলক্ষণঃ দেবঃ ভীষ্মঃ ভয়ঙ্করঃ, সহসঃ সহীয়ান্ বলবতোঽপি বলীয়ান্; অতঃ যঃ পুমান্ তং ভয়ঙ্করং মনঃ স্বস্য বশং যুঞ্জ্যাৎ কুর্য্যাৎ, সঃ তু দেবদেবঃ (দেবানাং অপি দেবঃ পূজনযোগ্যঃ) ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

নম্বিতরেন্দ্রিয়জয়ঃ প্রয়োজনং স্যাৎ নেত্যাহ মনোবশ ইতি। দেবা ইন্দ্রিয়াণি তদধিষ্ঠাতারো বা। ভীষ্মো যোগিনামপি ভয়করো মনোলক্ষণো দেবঃ। কুতঃ সহসো বলাদপি বলিনোঽপি বা সহীয়ান্ বলীয়ান্ অতস্তং যো বশবর্ত্তিনং কুর্য্যাৎ স এব দেবদেবঃ সর্ব্বেন্দ্রিয়জেতা ভবতি নান্যঃ তথাচ শ্রুতিঃ। মনসো বশে সর্ব্বমিদং বভূব নান্যস্য মনো বশমন্বিয়ায় ভীষ্মোহি দেবঃ সহসঃ সহীয়ানিতি ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নম্বিতরেন্দ্রিয়জয়োঽপ্যপেক্ষণীয় এব তত্র নেত্যাহ মনো বশে ইতি দেবা ইন্দ্রিয়াণি তদধিষ্ঠাতারশ্চ মনোবশে মনস এব বশেঽভবন্ বর্ত্তন্তে স্ম ভীষ্মঃ যোগিনামপি ভয়ঙ্করঃ মনোলক্ষণো দেবঃ যতঃ সহসঃ সহস্বিনোঽপি সহীয়ান্ বলিষ্ঠাদপি বলিষ্ঠ ইত্যর্থঃ। অতস্তং যো বশং যুঞ্জ্যাৎ কুর্য্যাৎ স হি দেবদেবঃ সর্ব্বেন্দ্রিয়জেতা। তথাচ শ্রুতিঃ। মনসো বশে সর্ব্বমিদং বভূব। নান্যস্য মনো বশমন্বিয়ায়। ভীষ্মোহি দেবঃ সহসঃ সহীয়ানিতি ॥ ৪৩ ॥

মনের অধীন; অথচ মন কাহারও পরতন্ত্র নহে। মন সর্ব্বপ্রধান; দেবতা সকলের অপেক্ষাও বলবান্ এবং ভয়ঙ্কর! মনের সদৃশ অন্য কাহারও সামর্থ্য অনুভূত হয় না। অতএব যে ব্যক্তি সেই দুর্দ্দান্ত মনের নিগ্রহসাধনে সক্ষম হইয়াছেন, তিনিই সমগ্র সংসারকে স্বীয় বশে আনয়ন করিয়াছেন; তিনি দেববৃন্দেরও পূজার্হ এবং অভিবাদনের যোগ্য পাত্র ॥ ৪৩ ॥

আভাস।

মনের নিগ্রহ করাই মানব-জীবনের প্রধান কর্ত্তব্য। যথেষ্ট ধর্ম্ম-কর্ম্মের অনুষ্ঠানেও যদি মন শান্ত না হইয়া থাকে, তবে অবশ্য অবধারণ করিতে হইবে যে, তাদৃশ ধর্ম্মানুষ্ঠানের মূলে কোন বিশেষ দোষ ছিল। অর্থাৎ মনের নিবৃত্তির প্রতি সর্ব্বাগ্রে লক্ষ্য করা হয় নাই। মনের নিবৃত্তি হইলে, সংসার-বিভ্রাট বিনিবৃত্ত হয় এবং ভগবৎসাক্ষাৎকার লাভে জীব মুক্তি লাভ করে। কিন্তু এই মনের নিগ্রহ করা নিতান্তই দুরূহ। বলপূর্ব্বক কেহ কখন মনকে নিগৃহীত করিতে পারেন নাই; মনের অনুগত থাকিয়া, তাহাকে বশীভূত করিতে হয়। অধিক কি! ব্রহ্মা, রুদ্র এবং ইন্দ্রাদি লোকপালগণ ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতা হইয়াও মনের

তং দুর্জ্জয়ং শত্রুমসহ্যবেগমরুন্তুদং তন্ন বিজিত্য কেচিৎ।
কুর্ব্বন্ত্যসদ্বিগ্রহমেব মর্ত্ত্যৈর্ম্মিত্রাণ্যুদাসীনরিপূন্ বিমূঢ়াঃ ॥ ৪৪ ॥
দেহং মনোমাত্রমিমং গৃহীত্বা মমাহমিত্যন্ধধিয়ো মনুষ্যাঃ।

অন্বয়ঃ।

কেচিৎ বিমূঢ়াঃ মূর্খাঃ তং অসহ্যবেগং অরুন্তুদং (অরুঃ মর্ম্ম তৎ তুদতি ব্যথয়তি ইতি) দুর্জ্জয়ং মনোরূপং শত্রুং ন বিজিত্য, তৎ তস্মাৎ (মনোবশবর্ত্তিত্বাদ্ধেতোঃ) অত্র সংসারে মর্ত্ত্যৈঃ সহ অসদ্বিগ্রহং কুর্ব্বন্তি অন্যান্ মিত্রাণি উদাসীনরিপূন্ চ কুর্ব্বন্তি ॥ ৪৪ ॥

মনোমাত্রং মনোভ্রমেণৈব ইমং স্বস্য দেহং অহং ইতি (তথা পুত্রাদিদেহং) মম ইতি

শ্রীধরস্বামী।

অতোঽসহ্যা রাগাদয়ো বেগা যস্য তং অতএবারুন্তুদং অরুর্ম্মর্ম্ম তত্তুদতি ব্যথয়তীতি অরুন্তুদঃ তং তৎ নেতি চ্ছেদঃ। তৎ ন বিজিত্য অজিত্বা ততস্তঃ যে কেচিৎ মর্ত্ত্যৈঃ কৈশ্চিৎ সহ অসদ্বিগ্রহং কুর্ব্বন্তি তত্র চানুকূলপ্রতিকূলাদীন্ অন্যান্ মিত্রাদীন্ চ কুর্ব্বন্তি তে বিমূঢ়া ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

ততশ্চানেন প্রকারেণ তে সংসারে ভ্রমন্তীত্যাহ দেহমিতি মনোমাত্রপরিকল্পিতমিমং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অরুর্ম্মর্ম্ম তত্তুদতি ব্যথয়তীতি অরুন্তুদস্তং ন বিজিত্বা ততস্ত এবাজিতাদ্ধেতোঃ কেচিন্মূঢ়াঃ মর্ত্ত্যৈঃ সহাসদ্বিগ্রহং কুর্ব্বন্তি। তত্র চানুকূলপ্রতিকূলাদীনন্যান্ মিত্রাদীন্ কুর্ব্বন্তি ॥ ৪৪ ॥

ততশ্চানেন প্রকারেণাবিদ্যয়া গ্রস্যমানা ভবন্তীত্যাহ দেহমিতি মনসো মাত্রা বৃত্তয়

যাহারা নিতান্ত অনভিজ্ঞ ও মূর্খ, তাহারাই কেবল এই অসহ্য-বিক্রম মর্ম্মবিদারক দুর্জ্জয় মনোরূপ শত্রুকে পরাজয় না করিয়া, তাহার অধীনে অবস্থান পূর্ব্বক সংসারে মর্ত্ত্য মানবের সহিত নানাপ্রকার বিগ্রহ উৎপাদন করত, কাহাকে মিত্র, কাহাকে শত্রু, কাহাকেও বা উদাসীন করিয়া তুলে ॥৪৫॥

কেবল মনোনিষ্ঠ ভ্রান্তির অধীনেই জীব স্বীয় দেহে অহংজ্ঞানের পরিচয়ে এবং পুত্রাদিতে মমতার প্রকাশে এই আমি, এই ইনি অন্য, বলিয়া অন্ধের ন্যায়

আভাস।

অধীনে অভিভূতের ন্যায়, কার্য্য করিয়া থাকেন; এতদর্থে ব্রহ্মমোহনাদি ব্যাপার পুরাণাদিতে যথেষ্ট শুনা যায়। অতএব পরমপুরুষার্থের হেতুভূত অদ্বিতীয় কারণই মনোনিগ্রহ; তদভাবে যাবদীয় সাংসারিক বিড়ম্বনা জীবকে ভোগ করিতে হয়। ॥ ৪৩ ॥ ৪৪ ॥

সংসারের কোন সামগ্রীর সহিত সম্পর্ক না ঘটিলেও, মন এক কল্পনার বলে সমস্তের সূচনা করিয়া দেয়; এবং "এই দেহ আমি এবং এই পুত্র বিত্তাদি আমার" এই অভিমানের দৃঢ় বন্ধনে চিরকাল জীবকে নিবদ্ধ রাখে। অথচ মনকে বশীভূত করিতে পারিলে, অনন্ত ভোগ্য সামগ্রী নিরন্তর সমক্ষে উপস্থিত থাকিলেও, জীব ক্ষণকালের জন্যও তাহাতে আসক্ত

এষোঽহমন্যোঽয়মিতি ভ্রমেণ দুরন্তপারে তমসি ভ্রমন্তি ॥ ৪৫ ॥
জনস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনশ্চাত্র হি ভৌময়োস্তৎ ।

অন্বয়ঃ।

এষঃ অহং, অন্যঃ অয়ং ইতি ভ্রমেণ অদ্ধধিয়ঃ মনুষ্যাঃ, দুরন্তপারে তমসি অজ্ঞানপূর্ণসংসারে, ভ্রমন্তি ॥ ৪৫ ॥

চেৎ যদি, জনঃ সুখদুঃখয়োঃ হেতুঃ স্যাৎ তদা অত্র অস্মিন্ পক্ষে আত্মনঃ কিং ? (সুখ-দুঃখয়োঃ কর্ম্মত্বং কর্ত্তৃত্বং বা যতঃ তৎ উভয়ং অপি) হি নিশ্চিতং ভৌময়োঃ ভূমিবিকারয়োঃ

শ্রীধরস্বামী।

স্বদেহমহমিতি পুত্রাদিদেহঞ্চ মমেতি স্বীকৃত্য তমসি সংসারে ভ্রমন্তি ॥ ৪৫ ॥

তদেবং মনস এব সুখদুঃখকারণত্বমুপপাদ্য ইদানীং জনাদীনাং ষন্নাং অকারণত্বং প্রপঞ্চয়তি জনস্থিতি যড়্‌ভিঃ। অত্র চাস্মিন্নপি পক্ষে আত্মনঃ কিং ন কিঞ্চিৎ সুখদুঃখকর্ম্মত্বং তৎকর্ত্তৃত্বং চেত্যর্থঃ। কুত ইত্যত আহ হি নিশ্চিতং ভৌময়ো ভূবিকারয়ো র্দেহয়োস্তৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্দ্রিয়াদয়ো যস্মিংস্তং দেহমিমং অহমিতি পুত্রাদিদেহঞ্চ মমেতি গৃহীত্বা স্বীকৃত্য তমসি সংসারে ॥ ৪৫ ॥

তদেবং মনস এব সুখদুঃখয়োঃ কারণত্বমুপপাদ্যেদানীং জনাদীনাং পূর্ব্বোক্তানাং ষন্নাম-কারণত্বং প্রপঞ্চয়তি। জনস্থিতি যড়্‌ভিঃ হেতুভিরিতি। জন এব জনং সুখয়তি জন এব জনং দুঃখয়তীতি চেৎ। অত্র চ অস্মিন্নপি পক্ষে আত্মনো জীবাত্মনঃ কিং ন কিঞ্চিদপি। যতস্তৎ সুখদুঃখকর্ত্তৃত্বং সুখদুঃখকর্ম্মত্বঞ্চ ভৌময়ো ভূবিকারদেহয়োরেব নাত্মনঃ। অমূর্ত্তস্য দেহা-ভিন্নত্বাৎ বস্তুনোঽভিমানিনস্তস্য তাড়নাদিষু কর্ত্তৃত্বকর্ম্মত্বানুপপত্তেঃ। নমু তদপি পীড়া ত্বাত্মন

ঘোর অজ্ঞানপূর্ণ সংসারে ভ্রমণ করিতে থাকে ।। ৪৫ ।।

সুখ বা দুঃখোৎপত্তির হেতুস্বরূপে যদি অন্য লোককেই নিরূপণ করা হয়, তাহা হইলে, জীবাত্মার সহিত তাহার কোন সম্পর্ক থাকে না ; কারণ দুঃখ বা সুখ পাঞ্চভৌতিক দেহাদিই প্রদান করিতেছে এবং পাঞ্চভৌতিক দেহেই

আভাস ।

হয় না ; এবং পদ্মপত্রস্থ জলবিন্দুর ন্যায়, নিঃসম্পর্কে অবস্থান পূর্ব্বক, প্রারব্ধক্ষয়ে কৈবল্য লাভ করে ॥ ৪৫ ॥

অতএব সাংসারিক সুখ বা দুঃখের কারণই এক মন ; ইহাই প্রতিপাদন করা হইল। এক্ষণে অন্য লোক, আত্মা, দেবতা, গ্রহ, কর্ম্ম এবং কাল এই ছয়টী যে সুখদুঃখের কারণ নহে, তাহাই নিম্ন-লিখিত ছয়টী শ্লোকে ছয়টী হেতুবাদের দ্বারা গ্রন্থকার নিরূপণ করিয়াছেন। অর্থাৎ এক জন মানব যদি অন্য মানবকে সুখী বা দুঃখী করে বলিয়া স্বীকার করা হয়, তাহা হইলে জীবাত্মার সহিত তাহার কোন সম্পর্ক থাকে না। কারণ সুখ বা দুঃখ বলিয়া অনুকূলভাবে এবং

জিহ্বাং ক্বচিৎ সংদশতি স্বদদ্ভি স্তদ্বেদনায়াং কতমায় কুপ্যেৎ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

দেহয়োঃ, এব ন তু আত্মনঃ। ক্বচিৎ (জনঃ) স্বদদ্ভিঃ জিহ্বাং সংদশতি তদা তস্যাং বেদনায়াং পীড়ায়াং কতমায় স কুপ্যেৎ॥ ৪৬॥

শ্রীধরস্বামী।

নত্বাত্মনঃ অমূর্ত্তস্যাক্রিয়স্য চ হননাদিষু কর্ম্মকর্তৃত্বানুপপত্তেঃ। তথাপি দুঃখমাত্রপর্য্যবসায্যে-বেতি চেদেবমপি পরমাত্মনঃ উভয়ত্রাপ্যেকত্বাৎ কোপবিষয়োঽস্তীতি স্বদেহদৃষ্টান্তেন দর্শয়তি জিহ্বামিতি॥ ৪৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এব প্রত্যক্ষীভবতীত্যত আহ জিহ্বামিতি তদ্বেদনায়াং তত্র বেদনায়াং পীড়ায়াং আত্মগামিন্যাং সত্যাং কতমায় কুপ্যেৎ কিং পীড়কেভ্যো দন্তাঃ কিং বা পীড্যমানায়ৈ জিহ্বায়ৈ। তত্র যথা পীড্যমানায়ৈ জিহ্বায়ৈ কোপস্যানৌচিত্যাৎ পীড়কেভ্যো দন্তাঃ কোপো ন ক্রিয়তে তথৈবা-ত্রাপি কোপো ন কর্ত্তব্য ইতি ভাবঃ। দুঃখস্যাত্মনো লিঙ্গাধ্যাসমূলকং সোঢ়ব্যমেব লিঙ্গং তু মন এবেতি তদ্‌তেঽন্যস্মৈ দোষো ন দেয় ইত্যগ্রিমশ্লোকেষু সর্ব্বত্রৈবমেবং জ্ঞেয়ং॥ ৪৬॥

তাহা অভিব্যক্ত হইয়া থাকে; আত্মা তাহা প্রদান করেন না এবং আত্মাতে তাহার অভিব্যক্তিও হয় না। যেমন স্বীয় দন্তের দ্বারা নিজের জিহ্বা দষ্ট হইলে যে বেদনা অনুভূত হয়, তজ্জন্য অন্যের প্রতি দোষারোপ করা যায় না, সেইরূপ সুখদুঃখের জন্যও অপর পুরুষকে দোষী করা অবিধেয়। ৪৬॥

আভাস।

প্রতিকূলভাবে যখন সুখ এবং দুঃখকে অনুভব করা যায়, তখন সুখদুঃখের তজ্জাতীয় মূর্ত্তি যে আছে, তাহাতে আর সন্দেহ নাই। মূর্ত্তি থাকিলে, মূর্ত্তিবিশিষ্ট পদার্থের সহিতই তাহার সম্বন্ধ হওয়া সম্ভব; অমূর্ত্তের সহিত সুখদুঃখের সম্বন্ধ হওয়া অসম্ভব। অতএব পার্থিব পদার্থ স্থূলদেহ এবং সূক্ষ্মদেহেরই মূর্ত্তি আছে; সুতরাং এতদুভয়ের সহিতই সুখ দুঃখের সম্বন্ধ হইয়া থাকে; অমূর্ত্ত আত্মার সহিত তাহাদের কোন সংস্রব নাই। কারণ একজন এক জনকে বধ করিল এবং এক জন নিহত হইল, এই কর্তৃত্ব ও কর্ম্মত্বের সঙ্গায় আত্মাকে সজ্জিত করা যায় না। তথাপি চৈতন্যস্বরূপ পুরুষেই সুখদুঃখের উপলব্ধি হয়, বলিয়া স্বীকার করিলেও চৈতন্যস্বরূপে দোষারোপ করা যায় না। কারণ দন্তের দ্বারা যখন জিহ্বাকে দংশন করা হয়, তখন একটী বেদনা বোধ হয় বটে; কিন্তু তজ্জন্য দন্ত বা জিহ্বাকে যেমন দোষারোপ করা নিতান্ত বাতুলের কর্ম্ম বলিয়াই গণনা করিতে হয়, সেইরূপ চৈতন্যস্বরূপ জীবাত্মা সমভাবে সকল দেহে বিরাজমান থাকায়, তদধিষ্ঠানে কোন দেহ অন্য দেহের উপর অত্যাচার করিলে, কে কাহার উপর ক্রোধের পরিচয় দিবে? বা দোষারোপ করিবে? অতএব নিজ শরীরে এবং পরশরীরে আত্মার একত্বনিবন্ধন দেহের পরস্পর উৎপাতে দেহীকে দোষী করা অবিধেয়। সে স্থলে অত্যাচারের কারণ বলিয়া, এক মনকেই স্বীকার করিতে হইবে;

দুঃখস্য হেতুর্যদি দেবতাস্তু কিমাত্মনস্তত্র বিকারয়োস্তৎ।
যদঙ্গমঙ্গেন নিহন্যতে কচিৎ ক্রুদ্ধ্যেত কস্মৈ পুরুষঃ স্বদেহে ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

যদি দেবতা দুঃখস্য হেতুঃ অস্তু, তদা তত্র পক্ষে আত্মনঃ কিং যতঃ তৎ উভয়ং সুখং দুঃখং চ বিকারয়োঃ এব। যৎ যদা কচিৎ স্বদেহে এব কেনচিৎ অঙ্গেন কিঞ্চিৎ অঙ্গং নিহন্যতে তদা পুরুষঃ কস্মৈ ক্রুদ্ধ্যেত ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

যদি দেবতা ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী অস্তু নাম তত্রাপি পক্ষে আত্মনঃ কিং স্যাৎ যতো বিকারয়োর্বিক্রিয়মাণয়োর্দেবতয়োস্তৎ হস্তেন মুখেঽভিহতে তেন বা হস্তে দষ্টে তদভিমানিনোর্বহ্নীন্দ্রয়োরেব তৎ নত্ববিক্রিয়স্যানহঙ্কারস্য চাত্মনঃ। দেবতানাঞ্চ সর্ব্বদেহেম্বভেদান্ন কোপবিষয়োঽস্তীতি দৃষ্টান্তমাহ যদ্‌যদা অঙ্গং দেবতাধিষ্ঠানং হস্তমুখাদি। অতএব পূর্ব্বত্র দেবতানধিষ্ঠানরূপভূবিকারমাত্রোদাহরণং ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদি দেবতা অস্তু নাম তত্রাপি পক্ষে আত্মনঃ কিং যতো বিকারয়োর্বিক্রিয়মাণয়োর্দেবতয়োরেব তৎ। হস্তেন মুখে অভিহতে তেন চ বিত্রমস্থিতি হস্তেঽভিশপ্তে তদভিমানিনোর্বহ্নীন্দ্রয়োর্দৈবতয়োরেব তদ্দুঃখং সম্ভবতু নাত্মনস্ততঃ পৃথগ্‌ভূতস্য দেবতানাঞ্চ সর্ব্বদেহেম্বভেদান্ন কোপবিষয়োঽস্তীতি স্বদেহদৃষ্টান্তমাহ যৎ যদা অঙ্গং মুখাদিকং অঙ্গেন হস্তাদীনাং ইন্দ্রাদ্যধিষ্ঠানেন বিহন্যতে চেদিত্যত এব পূর্ব্বত্র দেবতানধিষ্ঠানরূপ ভূবিকারমাত্রোদাহরণং ॥ ৪৭ ॥

মনুষ্যকে দুঃখাদি প্রদানের হেতু না বলিয়া, যদি দেবতাগণকেই হেতুরূপে স্থির করা যায়, তাহা হইলেও আত্মার সহিত তাহার সম্পর্ক কোথায়? কারণ ইন্দ্রিয় প্রভৃতি তত্ত্বগ্রামের উপর অধিষ্ঠাত্রীভাবে দেবতাগণ বিরাজ করেন; অতএব এক অঙ্গের দ্বারা অপর অঙ্গের ক্ষতি হইলে, যেমন বাহিরের কাহাকেও দোষী করা যায় না, সেইরূপ দেবতাকেও দুঃখের কারণরূপে নির্ণয় করিলে, দেবতান্তরের মধ্যেই পরস্পরের নিগ্রহ বলা হইল। প্রকৃত প্রস্তাবে দুঃখের অনুভবকর্ত্তা পুরুষ উপস্থিত দুঃখের জন্য কাহার উপর দোষারোপ করিবেন? ॥ ৪৭ ॥

আভাস।

কারণ মধ্যবর্ত্তী মন, দেহ ও আত্মার সহিত সম্পর্ক করাইয়া, অনুরাগ বা বিদ্বেষের উৎপাদন করে। পুরুষ বা পুরুষোপহিত দেহকে দুঃখাদির হেতু বলিয়া নির্দ্দেশ করা অসঙ্গত ॥ ৪৬ ॥

ইন্দ্রিয়াদি দেহবর্গের অধিষ্ঠাত্রী দেবতাগণই দেহাদির পরিচালনে দুঃখ এবং সুখ প্রদান করিয়া থাকেন, বলাও অসঙ্গত। কারণ তাহাতেও আত্মার সহিত কোন সম্পর্ক থাকে না।

আত্মা যদি স্যাৎ সুখদুঃখহেতুঃ কিমন্যতস্তত্র নিজস্বভাবঃ।

অন্বয়ঃ।

আত্মা যদি সুখদুঃখয়োঃ হেতুঃ স্যাৎ তত্র তস্মিন্ পক্ষে, অন্যতঃ কিং দূষণং যতঃ অন্যস্মৈ কুপ্যেৎ যতঃ সুখদুঃখাদি নিজস্বভাবঃ এব। নমু আত্মনঃ ব্যতিরিক্তং অন্যৎ যদি হি নিশ্চিতং

শ্রীধরস্বামী।

আত্মনঃ সুখদুঃখাদ্যাকারপরিণামঃ অতএব স এব হেতুর্যদি স্যাত্তত্র তস্মিন্ পক্ষে অন্যতঃ কিং ন কিঞ্চিদন্যতো ভবতি যস্মৈ কুপ্যেদিত্যর্থঃ যতো নিজস্বভাবঃ সঃ। নবাত্মনঃ তথা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মা জীবাত্মৈবেতি। ন হীষ্টকালোষ্ট্রাদিকং কেনচিদ্দুঃখয়িতুং শক্যং ততো জীবাত্মনশ্চেতনত্বমেব দুঃখানুভবহেতুরিতি চেত্তর্হি কিমন্যত ইতি। অন্যঃ কথং দূষণীয় ইত্যর্থঃ।

তবে আত্মাকেই যদি সুখদুঃখের কারণরূপে নিরূপণ করা হয়, তাহা হইলে অন্য কাহাকেও তজ্জন্য দোষী বলা যায় না। কারণ আত্মার স্বভাবসিদ্ধ ধর্ম্মই যখন সুখ বা দুঃখ, তখন তজ্জন্য অন্য কেহ শত্রু বা মিত্ররূপে

আভাস।

এক অঙ্গ দন্ত অন্য অঙ্গ জিহ্বাকে আঘাত করিল বলিলে, সর্ব্বাঙ্গাধিষ্ঠাতা চৈতন্যে যেমন দোষারোপ করা যায় না, সেইরূপ এক অঙ্গের বা ইন্দ্রিয়ের অধিপতি অন্য অধিপতির সহিত বিরোধ বা মিলনের পরিচয় দিলেও আত্মার সহিত কোন সম্পর্ক ঘটে না। এদিকে সকল দেহেই দেবতা এক; এক ব্যক্তির হস্তে যে দেবতা অধিষ্ঠান করেন, অপর ব্যক্তির হস্তেও সেই দেবতাই অধিষ্ঠান করিয়া থাকেন। তখন লোকের মধ্যে হস্তযুদ্ধ হওয়া অসম্ভব। যখন তাহা স্পষ্টত দেখা যাইতেছে, তখন দেবতা ব্যতীত অন্য মন আছে, যে মধ্যস্থলে থাকিয়া সকলের সহিত বিরোধ বা মিলন উৎপাদন করিয়া থাকে॥ ৫৭॥

কেহ বলেন যে, সুখ দুঃখাদি আত্মারই পরিণামবিশেষ ধর্ম্মমাত্র; ধর্ম্মী আত্মাতে স্বতই উদিত এবং উপলব্ধ হইয়া থাকে। এতদুত্তরে প্রকাশ করিলেন যে, তাহাও অসম্ভব; এবং যদিও হয়, তাহাতেও সুখ বা দুঃখের জন্য কাহারও উপর সন্তুষ্ট বা ক্রুদ্ধ হইবার কারণ নাই। অসম্ভব পক্ষে প্রকাশ করিলেন যে, ধর্ম্মীস্বরূপ আত্মা হইতে যে কোন সুখদুঃখাদি ধর্ম্মের উদয় হয়, তাহা কখন আত্মতত্ত্বাতিরিক্ত ভিন্ন তত্ত্ব নহে; উভয়ে সমানগুণবিশিষ্টই হইতে হইবে। তখন সমানজাতিতে অনুকূল ভাব ব্যতীত প্রতিকূল ভাবে পরস্পর ধর্ম্ম ধর্ম্মীর প্রতীতি কখনই হইতে পারে না। চেতন পুরুষ পৃথক্ভাবে জড়কে গ্রহণ করে, এবং চেতন চেতনে এবং জড় জড়ে অভেদভাবে মিশাইয়া যায়; দৃশ্য বা দ্রষ্টারূপে চেতনে চেতনে বা জড়ে জড়ে সম্পর্ক হইতে পারে না। এতদ্ব্যতীত চৈতন্যস্বভাবেই সুখদুঃখের উদয় আপনা হইতেই হইয়া থাকে, তখন দুঃখের জন্য কাহার উপর ক্রোধের প্রকাশ করা যাইবে? যদি বলা যায় যে, কারণরূপ আত্মা হইতে সুখ দুঃখাদি কার্য্যের উৎপত্তি হইতেছে বটে, তথাপি

নহ্যাত্মনোঽন্যদ্‌যদি তন্মৃষা স্যাৎ ক্রুধ্যেত কস্মান্ন সুখং ন দুঃখং ॥ ৪৮ ॥
গ্রহা নিমিত্তং সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনোঽজস্য জনস্য তে বৈ।

অন্বয়ঃ।

ন অস্তি তর্হি তৎ মৃষা ভ্রাস্ত্যা এব প্রতীতং স্যাৎ। কিঞ্চ আত্মব্যতিরিক্তং বস্তুতঃ সুখং দুঃখং চ ন অস্তি; অতঃ কস্মাৎ হেতোঃ কস্মৈ ক্রুধ্যেত ॥ ৪৮ ॥

কিঞ্চ যদি গ্রহাঃ আদিত্যাদয়ঃ, সুখদুঃখয়োঃ নিমিত্তং এবং তদা অজস্য আত্মনঃ, কিং ?

শ্রীধরস্বামী।

পরিণামোঽন্যনিমিত্তো ভবতি অতোঽস্তি কোপবিষয় ইতি চেত্তত্রাহ নহি ইতি আত্মব্যতিরিক্তং নাস্ত্যেব যদি স্যাদস্তীতি প্রতীয়েত তর্হি তন্মৃষৈব। অতঃ কস্মাদ্ধেতোঃ ক্রুধ্যেত যতো নাস্তি নিমিত্তং ন চ সুখং দুঃখঞ্চেত্যর্থঃ ॥ ৪৮ ॥

গ্রহপক্ষেঽপ্যজস্যাত্মনঃ কিং যতো জন্যত ইতি জনো দেহস্তস্যৈব জন্মলগ্নাপেক্ষয়া দ্বাদশাষ্টমাদিরাশিস্থাঃ গ্রহাঃ তে সুখদুঃখয়োর্নিমিত্তং ভবন্তি কিন্তান্তরীক্ষস্থৈর্গ্রহৈঃ অত্রন্ন-গ্রহস্যৈব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র আত্মনি নিজস্বভাবশ্চৈতন্যমেব সুখদুঃখহেতুরিত্যর্থঃ। নহি তচ্চৈতন্যমাত্মনঃ সকাশাদন্যৎ। যদিচ ততোঽন্যদেব ভদিতি মতং তর্হি তন্মতং মৃষা মিথ্যৈবাজ্ঞানকল্পিতমিত্যর্থঃ। তথা সত্যাত্মনো লোষ্ট্রাদীনামিব ন সুখং নচ দুঃখং স্যাদিত্যত কস্মাদ্ধেতো ক্রুধ্যেত ॥ ৪৮ ॥

গ্রহপক্ষেঽপ্যজস্যাজন্মতঃ আত্মনঃ কিং যতো জন্মতে ইতি জনো দেহস্তস্যৈব তে জন্মলগ্নাপেক্ষয়া দ্বাদশাষ্টমাদিরাশিস্থাঃ দুঃখনিমিত্তং ভবন্তি কিন্তান্তরীক্ষস্থৈস্তৈর্গ্রহৈস্তত্রস্থস্য

তিরস্কৃত বা পুরস্কৃত হইবার পাত্র নহে। কিন্তু আত্মাতিরিক্ত পদার্থই মিথ্যা ও ভ্রমমূলক; ভ্রান্তি বশতই তাহারা প্রতীত হইয়া থাকে। তখন আত্মব্যতিরিক্ত সুখ বা দুঃখ সমস্তই মিথ্যা ও অসৎ বলিয়া স্বীকার করিলে, দুঃখানুভবের জন্য কাহার উপরই ক্রুদ্ধ হওয়া যায় না ॥ ৪৮ ॥

আদিত্যাদি গ্রহগণকে যদি সুখদুঃখ প্রদানের নিদানরূপে নির্দ্দেশ করা হয়, তাহাতেই বা জন্মাদি বিকারবর্জ্জিত আত্মার সহিত কি সম্পর্ক সম্ভবপর

আভাস।

মায়ার দ্বারাই ইহারা ভিন্নভাব প্রতীত হয়; এতদুত্তরে বলিলেন যে, মায়া যখন মিথ্যা, তাহার গঠিত সামগ্রীও অবশ্য মিথ্যা হইবে। মায়ামাত্র মিদং দ্বৈতমদ্বৈতং পরমার্থতঃ ॥ সমগ্র সংসারই যখন ভ্রমের বিকাশ, তখন এক ভ্রমের জন্য আবার কোন্ ভ্রমকে দোষী করা যায়? আত্মা আনন্দস্বরূপ সৎ পদার্থ; দোষের পাত্র নহেন। যে দোষ দিবে, সেই তিনি। অথচ পীড়নের জন্য যাহাকে দোষী করিতে ইচ্ছা কর, সে পদার্থ মন ব্যতীত অন্য কাহাকেও লক্ষ্য হয় না ॥ ৪৮ ॥

গ্রহগণকেই যদি সুখদুঃখের কারণরূপে নির্ণয় করা যায়, তাহাও অসঙ্গত। কারণ জন্মাদি লগ্ন-নিরূপণে দৃষ্টির তারতম্যে গ্রহগণের সামর্থ্য দেহাদির উপরই ন্যস্ত হওয়া সঙ্গত।

গ্রহে গ্রহস্যৈব বদন্তি পীড়াং ক্রুধ্যেত কস্মৈ পুরুষস্ততোঽন্যঃ ॥ ৪৯ ॥
কর্ম্মাস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনস্তদ্ধি জড়াজড়ত্বে ।

অন্বয়ঃ ।

যতঃ (অন্যতে ইতি জনঃ দেহঃ তস্য) জনস্য তে গ্রহাঃ বৈ (দুঃখনিমিত্তং ভবন্তি) তথা গ্রহৈঃ (অন্তরীক্ষগতৈঃ) গ্রহস্য দেহস্য পীড়াং (দৈবজ্ঞাঃ) বদন্তি ; পুরুষঃ তু ততঃ গ্রহাৎ দেহাৎ চ অন্যঃ, কস্মৈ ক্রুধ্যেত ॥ ৪৯ ॥

কর্ম্ম সুখদুঃখয়োঃ হেতুঃ অস্তু ইতি চেৎ ; তত্রাপি পক্ষে আত্মনঃ কিং ? হি যস্মাৎ, তৎ

শ্রীধরস্বামী ।

পাদার্দ্ধাদি-দৃষ্ট্যাদি-ভেদৈঃ পীড়াং বদন্তি দৈবজ্ঞাঃ নতু গৃহকোণাদিষু স্থিতস্য তদ্দৃষ্ট্যগোচরস্য পুরুষস্য গ্রহগতৈব পীড়া তল্লগ্নোৎপন্নে দেহে তস্যাভিমানাত্তবতি অতঃ পুরুষস্ততো গ্রহাদ্দেহাচ্চান্যঃ কস্মৈ ক্রুধ্যেত ॥ ৪৯ ॥

কর্ম্ম হেতুশ্চেৎ অস্তিত্যহৃয়োপগমঃ কর্ম্মৈব নাস্তি কুতস্তস্য হেতুত্বমিতি তদাহ হি যস্মাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

গ্রহস্যৈব পাদার্দ্ধদৃষ্ট্যাদিভেদৈঃ পীড়াং বদন্তি জ্যোতির্ব্বিদঃ। নতু গৃহকোণাদিস্থিতস্য তদ্দৃষ্ট্যগোচরস্য পুরুষস্যাগ্রতো গ্রহগতৈব পীড়া তল্লগ্নোৎপন্নে দেহে ভবতীতি পুরুষস্ত্বাত্মাতু ততো দেহাদন্যঃ ॥ ৪৯ ॥

কর্ম্মহেতুশ্চেদস্তু ইত্যহৃয়োপগমঃ কর্ম্মৈব ন সম্ভবেৎ কুতস্তদ্ধেতুত্বমিত্যাহ তৎ কর্ম্ম হি যস্মাদেকস্য জড়ত্বে সতি সম্ভবেৎ জড়ত্বাদ্বিকারিত্বোপপত্তেরজড়ত্বাদ্ধিতানুসন্ধানতঃ প্রবৃত্তি-

---

হইতে পারে ? কারণ গ্রহগণের সহিত অন্যদেহেরই সম্পর্ক আছে; যে গ্রহের যে লগ্নে যে দেহের জন্ম হয়, তাহার সহিতই তাহার সুখ দুঃখ প্রদানের সম্বন্ধ ঘটে ; কিন্তু যিনি সুখদুঃখের ভোক্তা জীবাত্মা, তিনি গ্রহও নহেন, বা দেহও নহেন। অতএব নিজের অনুভূতির জন্য তিনি কাহাকে নিন্দা করিবেন ? ॥ ৪৯ ॥

কেবল কর্ম্মকেই যদি সুখ দুঃখের কারণরূপে নিরূপণ করা যায়, তাহাতেও আত্মার সহিত তাহার কোন সংশ্রব হওয়া সঙ্গত নহে ; কারণ জড় ও চেতনের

আভাস ।

পুরুষচৈতন্যে তাহার কোন সম্পর্কই নাই। পুরুষ বিশুদ্ধ জ্ঞানস্বরূপ; অসঙ্গ পুরুষের সহিত সুখ দুঃখের সম্পর্ক করাইতে গ্রহগণের কোন সামর্থ্য নাই। অতএব দুঃখের অনুভূতির জন্য কাহার উপর ক্রোধের পরিচয় হইতে পারে ? ॥ ৪৯ ॥

স্বীয় পূর্ব্বসঞ্চিত কর্ম্মকেই যদি সুখদুঃখের হেতু বলিয়া নির্দ্দেশ করা যায়, তাহাতে কেবল দোষদৃষ্টির স্বীকার করা হয় মাত্র। কারণ কর্ম্ম কখন দুঃখাদির উৎপত্তি করে না। কারণ সম্পন্ন হইবার সঙ্গে সঙ্গেই কর্ম্ম স্বতই অসিদ্ধ হইয়া যায়। জড় এবং চিতের সংসর্গে কর্ম্মের

দেহস্ত্বচিৎপুরুষোঽয়ং সুপর্ণঃ ক্রুদ্ধ্যেত কস্মৈ নহি কর্ম্মমূলং ॥ ৫০ ॥
কালস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনস্তত্র তদাত্মকোঽসৌ।

অন্বয়ঃ।

কর্ম্ম (তজ্জনিতসুখদুঃখাদিকং চ সর্ব্বং একস্য জড়াজড়ত্বে জড়চৈতন্যাত্মকত্বে, সত্যেব স্যাৎ) অত্র তু দেহঃ অচিৎ জড়ঃ এব অয়ং পুরুষঃ তু সুপর্ণঃ শুদ্ধজ্ঞানস্বরূপঃ, এব অতঃ দুঃখাদিকং কর্ম্মমূলং ন; বিবেকী কেন নিমিত্তেন, কস্মৈ ক্রুদ্ধ্যেত ॥ ৫০ ॥

সুখদুঃখয়োঃ হেতুঃ তু কালঃ ইতি চেৎ; তত্র পক্ষে, আত্মনঃ কিং ? যতঃ অসৌ কালঃ তদাত্মকঃ আত্মাংশভূতঃ এব। অতঃ যথা (স্বাংশভূতাৎ বিস্ফুলিঙ্গাৎ) অগ্নেঃ তাপঃ ন ভবতি;

শ্রীধরস্বামী।

তৎ কর্ম্ম একস্য জড়াজড়ত্বে সতি স্যাৎ জড়ত্বাদ্বিকারিতোপপত্তেঃ অজড়ত্বাচ্চ হিতানুসন্ধানতঃ প্রবৃত্তিসম্ভবাৎ অচিজ্জড়ো দেহঃ অতস্তস্য প্রবৃত্তির্ন সম্ভবতি পুরুষস্তু সুপর্ণঃ শুদ্ধ জ্ঞানস্বরূপঃ অতঃ কস্মৈ ক্রুধ্যেত অতঃ সুখদুঃখয়োর্মূলভূতং কর্ম্মৈব নাস্তীতি ॥ ৫০ ॥

অত্র কালপক্ষেঽপি আত্মনঃ কিং যতোঽসৌ কালাত্মক এব ব্রহ্মাংশত্বাৎ স্বাংশস্য স্বতঃ পীড়া নাস্তীত্যত্র দৃষ্টান্তঃ নাগ্নের্হেতো স্তদংশস্য জ্বালাদেঃ তাপো দাহতো বা নাশোঽস্তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্ভবাৎ। অচিজ্জড়ো দেহঃ পুরুষস্তু সুপর্ণঃ শুদ্ধচৈতন্যরূপঃ। নচ শুদ্ধচৈতন্যস্য জড়দেহেন শুদ্ধতেজস স্তমসেব সাহিত্যং স্যাদতঃ কস্মৈ ক্রুধ্যেত। হি যতঃ কর্ম্মৈব নাস্তি যৎ সুখদুঃখয়োর্মূলং ॥ ৫০ ॥

কালপক্ষেঽপ্যাত্মনঃ কিং যতোঽসৌ জীবাত্মা তদাত্মকঃ। জীবাত্মনো ব্রহ্মাংশত্বাৎ কালব্রহ্মণোরৈক্যাৎ অংশস্যাংশিনঃ সকাশাৎ পীড়া নাস্তীত্যত্র দৃষ্টান্তঃ অগ্নের্হেতোস্তদংশস্য

একত্র অবিনাভাব সম্বন্ধই যেমন কর্ম্মের উৎপত্তি কারণ, তখন তাহার স্বরূপও সেইরূপ চিজ্জড়াত্মক অবিনাভাবসম্বন্ধ পদার্থেই অভিব্যক্ত হইয়া থাকিবে। এস্থলে কিন্তু দেহ সম্পূর্ণ জড় এবং পুরুষ সম্পূর্ণ চেতন ও বিশুদ্ধ জ্ঞানস্বরূপ। অতএব সেই পুরুষে বা দেহে যখন দুঃখাদির উপলব্ধি করায়, তখন উভয়াত্মক কর্ম্ম কখন দুঃখাদির মূলীভূত কারণ নহে ॥ ৫০ ॥

পূর্ব্বোক্ত সকল গুলিকে হেতু না বলিয়া, কেবল কালকে যদি হেতুরূপে নির্দ্দেশ করা যায়, তাহাও অসঙ্গত। কারণ কালও পরমাত্মসম্ভূত। অতএব

আভাস।

আকৃতি হয়; সুতরাং ইহাতে উভয়রূপ চিজ্জড়াত্মক ভাব আছে। দেহ সম্পূর্ণ জড় এবং পুরুষ সম্পূর্ণ চেতন। দ্বিতীয়ত চিৎ এবং জড়ের সম্পর্ক নিবৃত্ত হইলে, কর্ম্মস্বরূপেরও নিবৃত্তি হইয়া যায়; তখন কর্ম্মের দ্বারা সুখদুঃখের উৎপত্তি স্বীকার করা নিতান্তই অসঙ্গত ॥ ৫০ ॥

নাগ্নেহি তাপো ন হিমস্য তৎ স্যাৎ ক্রুদ্ধ্যেত কস্মৈ ন পরস্য দ্বন্দ্বং ॥ ৫১ ॥
ন কেনচিৎ ক্বাপি কথঞ্চনাস্য দ্বন্দ্বোপরাগঃ পরতঃ পরস্য।

অন্বয়ঃ।

যথা চ স্বাংশাৎ হিমকণাৎ, হি হিমস্য তৎশৈত্যং ন ভবতি, তথা পরস্য কারণভূতস্য, আত্মনঃ স্বাংশভূতাৎ কালাৎ, দ্বন্দ্বং সুখদুঃখাদিকং, ন সম্ভবতি; অতঃ কেন নিমিত্তেন বিবেকী কস্মৈ ক্রুদ্ধ্যেত। ৫১ ॥

কেনচিৎ অপি কর্ত্রা করণেন চ ক্বাপি দেশে কালে চ কথঞ্চন কেনাপি প্রকারেণ, পরস্য অসঙ্গস্য, অস্য আত্মনঃ, পরতঃ প্রকৃতিতঃ দ্বন্দ্বোপরাগঃ সুখদুঃখাদিসম্বন্ধঃ, ভবতি। যথা

শ্রীধরস্বামী।

তত্রোপাধিভূতকাষ্ঠাংশদাহান্নাশঃ স্যাদিতি দৃষ্টান্তান্তরমাহ হিমস্য তচ্ছৈত্যাৎ তদংশস্য তুষারকণস্য নাশকং ন স্যাদিত্যর্থঃ। কিঞ্চাত্মাংশত্বং বস্তুতঃ পর এবায়ং নচ পরস্য দ্বন্দ্বং সুখদুঃখাদিকমস্তীতি ॥ ৫১ ॥

তদেবং ষড়েতে হেতবঃ প্রসিদ্ধা নিরস্তা যদি কশ্চিদ্ধেত্বন্তরমুদ্ভাবয়েৎ তদপি বস্তুমহিমা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্বালাদেস্তাপো নাস্তি হিমস্যাপি তৎশৈত্যং হিমকণস্য নস্যাৎ অতঃ কস্মৈ ক্রুধ্যেত। তদেবং পরস্য স্বরূপতো মায়াতীতস্য জীবাত্মনঃ দ্বন্দ্বং সুখদুঃখাদিকং নাস্তীতি ষড়েতে হেতবো নিরস্তাঃ ॥ ৫১ ॥

যদি কশ্চিদ্ধেত্বন্তরমুদ্ভাবয়েত্তদপি বস্তুমহিম্না ন সম্ভবতীত্যাহ নেতি। পরতঃ অন্যস্মাদ্ধেতোঃ যতঃ পরস্য মায়াতীতস্য ননু তর্হ্যপরোক্ষস্য দুঃখানুভবস্য কো হেতুস্তত্র পূর্ব্বোক্ত

স্বীয় অংশসম্ভূত বিস্ফুলিঙ্গ হইতে অগ্নির যেমন তাপানুভব হয় না, এবং হিমকণা হইতে যেমন হিমস্বরূপের শৈত্যের বৃদ্ধি হয় না, সেইরূপ মূলীভূত আত্মার স্বীয় অংশোৎপন্ন কাল হইতে সুখদুঃখাদি দ্বন্দ্বভাবের উপচয় হওয়াও সম্পূর্ণ অসম্ভব। অতএব সুখদুঃখাদির নিমিত্ত কারণ বিবেচনায় বিবেকী কাহাকে অপরাধী সাব্যস্ত করিবেন ? ॥ ৫১ ॥

আভাস।

অতএব সর্ব্বশ্রেষ্ঠ কালকেই সুখদুঃখের নিয়ামক বলিয়া যদি নির্ণয় করা হয়, তাহাও অসঙ্গত। কারণ কালও আত্মা হইতে পৃথক্ নহে। যে উপাদনভূত পরমাত্মা হইতে কালের উৎপত্তি হইয়াছে, আত্মাও সেই উপাদান হইতে পৃথক্ ভাবে যেন উৎপন্নের ন্যায় প্রতীত হন। অতএব আত্মার সহিত কালের সহচরভাবে অভেদ সম্বন্ধ স্বীকার করিতে হইবে। নিজে কখন কেহ নিজের অনিষ্ট করে না। অগ্নি কখন তদংশ জ্যোতির ব্যাঘাত করে না; হিম কখন শৈত্যাংশের প্রতিবন্ধক জন্মায় না; সেইরূপ ব্রহ্মস্বরূপ কালও কখন আত্মার বিরোধী বলিয়া স্বীকার করা যায় না ॥ ৫১ ॥

যথাহমঃ সংস্থতিরূপিণঃ স্যাদেবং প্রবুদ্ধো ন বিভেতি ভূতৈঃ ॥ ৫২ ॥
এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠামধ্যাসিতাং পূর্ব্বতমৈর্ম্মহর্ষিভিঃ।

অন্বয়ঃ।

সংস্থতিরূপিণঃ (আত্মনি অবিদ্যমানাং অপি সংস্থতিং রূপয়তি প্রকাশয়তি যঃ তস্য) অহমঃ অহঙ্কারস্য, যথা স ভবতি তথা আত্মনা ন ভবতি ইতি অহঙ্কারাধ্যাসাৎ এব আত্মনি প্রতীয়তে ন বাস্তবোঽস্তি অতএব) এবং প্রবুদ্ধঃ (দেহান্তঃকরণাধ্যাসাৎ এব তত্র অহং মমাভিমানঃ ততো ভেদঃ রাগদ্বেষাদিঃ ততঃ কর্ম্মাণি ততো জন্ম, সুখদুঃখাদি বস্তুতস্তু আত্মনি ন সন্তি ইতি বিদ্বান্) সঃ ভূতৈঃ কৃত্বা ন বিভেতি ॥ ৫২ ॥

পূর্ব্বতমৈঃ মহর্ষিভিঃ অধ্যাসিতাং স্বীকৃতাং, এতাং পরাত্মনিষ্ঠাং (পরস্মিন্ আত্মনি নিষ্ঠাং

শ্রীধরস্বামী।

যেঙ্কারাং ন সম্ভবতীত্যাহ ন কেনচিদিতি। নম্বপরোক্ষঃ কথমপহ্নূয়তে তত্রাহ যথেতি সংস্থতিমবিদ্যমানামেব নিরূপয়তি প্রকাশয়তীতি তথা তস্যাহমঃ অহঙ্কারস্য যথাস্যাৎ ন তথা পরতঃ প্রকৃতেঃ পরস্যাত্মনো দ্বন্দ্বসম্বন্ধঃ অহঙ্কারনিমিত্তোঽসৌ ন বাস্তব ইত্যর্থঃ। এবং প্রবুদ্ধো যঃ স ভূতৈঃ কৃত্বা ন বিভেতি ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনোঽধ্যাস এবেত্যাহ যথাহম ইতি মনঃপ্রধানে লিঙ্গদেহে যোঽহঙ্কার স্তস্মাদেব নান্যস্মাৎ যথাশব্দ এবার্থে। সংস্থতিং সংসারবন্ধং নিরূপয়িতুং শীলং যস্য তস্মাৎ। এবং প্রবুদ্ধো যঃ স ভূতৈঃ কৃত্বা ন বিভেতি। জীবাত্মা হি স্বরূপতঃ শুদ্ধ এব। ন তস্য কালকর্ম্মাদয়ো দুঃখহেতবঃ। কিন্ত্ববিদ্যয়া দেহেঽহঙ্কারাৎ দেহস্য অধ্যাস এব স চ দেহো মনঃপ্রধানত্বাৎ মন এবেতি তদেব দুঃখহেতুরিতি প্রকরণার্থঃ দেহাধ্যাসে সতি তু জীবাত্মনঃ শুদ্ধত্বেঽপগতে অধ্যাসানুগাঃ যদ্যপি হেতবো যথাযোগমুদ্ভবন্তীতি নির্গলিতার্থঃ ॥ ৫২ ॥

অতএব আত্মাস্বরূপ জীব পরমার্থত অসঙ্গ; তথাপি প্রকৃতি হইতে সমুৎপন্ন সুখদুঃখাদি দ্বন্দ্বসম্বন্ধ জীবস্বরূপে যাহা অনুভূত হয়, তাহা কখন অন্য কোন কর্ত্তা বা করণের উপলক্ষে কোন নির্দ্দিষ্ট কালে বা নির্দ্দিষ্ট প্রকারে যে ঘটে, তাহা নহে। এক অভিমানই সম্পর্কহীন সংসারকে আত্ম-স্বরূপে প্রতীত করায়। প্রকৃত প্রস্তাবে আত্মার সহিত সংসারের কোন সংস্রব নাই। জলে সূর্য্য-প্রতিবিম্বের ন্যায়, অন্তঃকরণে আত্মার অধ্যাস ঘটে; এবং জলকম্পনে প্রতিবিম্বের কম্পনের ন্যায়, চিত্তে অভিমানের উদয়ে, চিত্তস্থ বাসনাজালে ও চিত্তপরিণামে সমুৎপন্ন দেহাদিতে আত্মার অধ্যাস বশত তন্নিষ্ঠ সুখদুঃখাদি দ্বন্দ্বসমূহ আত্মা আপনাতে আরোপ করত, সংসারে বদ্ধ হন; এই বিচারটী যাঁহার হৃদয়ে নিয়ত উদ্দিক্ত থাকে, তাঁহাকে আর সংসারভয়ে ভীত হইতে হয় না ॥ ৫২ ॥

অহং তরিষ্যামি দুরন্তপারং তমো মুকুন্দাঙ্ঘ্রিনিষেবয়ৈব ॥ ৫৩ ॥

শ্রীভগবানুবাচ ॥

নির্ব্বিদ্য নষ্টদ্রবিণো গতক্লমঃ প্রব্রজ্য গাং পর্য্যটমান ইত্থং।

নিরাকৃতোঽসদ্ভিরপি স্বধর্ম্মাদকম্পিতোঽমুং মুনিরাহ গাথাং ॥ ৫৪ ॥

অন্বয়ঃ।

নিরন্তরানুসন্ধানং) সমাস্থায় অঙ্গীকৃত্য, মুকুন্দাঙ্ঘ্রিনিষেবয়া (মুকুন্দস্য মোক্ষদাতুঃ ভগবতঃ অঙ্ঘ্রিনিষেবয়া) দুরন্তপারং তমঃ সংসারং, অহং তরিষ্যামি ॥ ৫৩ ॥

শ্রীভগবান্ উবাচ। নষ্টদ্রবিণঃ গতক্লমঃ খেদরহিতঃ, নির্বিদ্য বিষয়ভোগাৎ বিরজ্য, (গৃহাৎ) প্রব্রজ্য গাং পৃথিবীং, পর্য্যটমানঃ ইত্থং উক্তপ্রকারেণ, অসদ্ভিঃ দুর্জ্জনৈঃ, নিরাকৃতঃ তিরস্কৃতঃ, অপি স্বধর্ম্মাৎ ভগবদনুধ্যানাৎ, অকম্পিতঃ অপ্রচলিতঃ, মুনিঃ মননশীলঃ, ব্রাহ্মণঃ অমুং পূর্ব্বোক্তাং, গাথাং আহ ॥ ৫৪ ॥

শ্রীধরস্বামী।

অতোঽহমপি অনয়ৈব পরমাত্মনিষ্ঠয়া তরিষ্যামীত্যাহ এতামিতি সোঽহমিত্যন্বয়ঃ। নন্বিয়ং নিষ্ঠৈব কথং ভবেৎ তদাহ মুকুন্দেতি ॥ ৫৩ ॥

প্রস্তাবেন সহ গাথার্থং সংক্ষেপতো দর্শয়তি দ্বাভ্যাং ইত্থং নষ্টদ্রবিণো নির্ব্বিদ্য গতক্লমঃ প্রব্রজ্য গাং পর্য্যটন্ অসদ্ভির্নিরাকৃতোঽপি স্বধর্ম্মাদকম্পিতঃ সন্ মুনিরমুং গাথামগায়দিত্যন্বয়ঃ ॥ ৫৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ তস্য বিস্মস্মপিতা প্রাগ্‌ভবী যা শুদ্ধা সদ্ভক্তির্মনসি প্রাদুর্ভূতা। প্রাদুর্ভূতায়াশ্চ তস্যাং স্বস্য সন্ন্যাসং দ্বন্দ্বসহনোপায়মুক্তলক্ষণমেতাবন্তং বিচারং চাবধারয়ন্সচ্চরণনিষেবয়ামৃতসিন্ধুনিমগ্ন উচ্চৈর্নৃত্যন্ সহর্ষাটোপমাহ এতামিতি সোঽহমিত্যন্বয়ঃ। পরমাত্মনিষ্ঠাং দেহদৈহিকাভিমানেভ্যঃ পরঃ শুদ্ধো য আত্মা জীবস্তস্য নিষ্ঠাং বিচারিতলক্ষণং স্বরূপং কেবলমাস্থায়েতি পরমাত্মনিষ্ঠায়ামেতস্যাং মম অা ঈষৎ স্থিতিমাত্রমেব তমঃ সংসারন্ত সেবয়ৈব তরিষ্যামি নতুনয়েত্যর্থঃ এবকারাল্লভ্যতে নমু তর্হি পরমাত্মনিষ্ঠায়াং স্থিতিমাত্রমপি কিং করোষি তত্রাহ পূর্ব্বতমৈঃ প্রাচীনৈরধ্যাসিতামিতি ॥ ৫৩ ॥

কদর্য্যোপাখ্যানংতদুপাখ্যানোত্থাপনপ্রয়োজনঞ্চাহ শ্লোকদ্বয়েন নির্বিদ্যেতি ॥ ৫৪ ॥

পূর্ব্ব পূর্ব্ব মহর্ষিগণের অনুষ্ঠিত এই পরমাত্মজ্ঞানের বিষয় নিরন্তর অনুশীলন করত, সেই মোক্ষদাতা ভগবানের চরণচিন্তনেই আমি এই দুরন্তপার ভীষণ সংসার-জলধিকে অবলীলাক্রমে অতিক্রম করিব, সন্দেহ নাই ॥৫৩॥

ভগবান্ বলিলেন, হে উদ্ধব! ঐ ব্রাহ্মণের যাবদীয় ধনসম্পত্তি বিনষ্ট হইলেও, মনোমধ্যে কোন খেদের উদয় হয় নাই; বরং বিষয়সম্ভোগ হইতে সহজে বিরত হইয়া, সন্ন্যাস গ্রহণে সমগ্র ধরণীতলে উদাসীনের ন্যায় পর্য্যটন

সুখদুঃখপ্রদো নান্যঃ পুরুষস্যাত্মবিভ্রমঃ।
মিত্রোদাসীনরিপবঃ সংসারস্তমসঃ কৃতঃ ॥ ৫৫ ॥
তস্মাৎ সর্ব্বাত্মনা তাত নিগৃহাণ মনো ধিয়া।
ময্যাবেশিতয়া যুক্ত এতাবান্ যোগসংগ্রহঃ ॥ ৫৬ ॥

অন্বয়ঃ।

পুরুষস্য জীবস্য, সুখদুঃখপ্রদঃ অন্যঃ ন অস্তি ; (তৎ সর্ব্বং) আত্মবিভ্রমঃ (আত্মনঃ মনসঃ ভ্রমঃ এব) তথা মিত্রোদাসীনরিপবঃ অপি কল্পিতাঃ এব। এবং পুরুষস্য সংসারঃ তমসঃ আত্মাজ্ঞানতঃ, এব কৃতঃ ॥ ৫৫ ॥

তস্মাৎ সংসারস্য ভ্রমকল্পিতত্বাৎ, ময়ি আবেশিতয়া ধিয়া যুক্তঃ সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন, মনঃ নিগৃহাণ সমাহিতং কুরু! হে তাত উদ্ধব! এতাবান্ এব যোগসংগ্রহঃ (যোগস্য সংগ্রহঃ পরমোৎকর্ষঃ উক্তঃ) ॥ ৫৬ ॥

শ্রীধরস্বামী।

মিত্রোদাসীনরিপবঃ সর্ব্বোঽপি সংসারঃ তমসঃ অজ্ঞানতঃ আত্মনো মনসো বিভ্রমমাত্রঃ কৃতঃ নত্বাত্মিক ইত্যর্থঃ ॥ ৫৫ ॥

উক্তং দ্বন্দ্বসহনোপায়মুপসংহরতি তস্মাদিতি ॥ ৫৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মবিভ্রম ইতি পঞ্চম্যর্থে প্রথমা। আত্মবিভ্রমাদন্যোমেত্যর্থঃ। অতএব তমসোঽজ্ঞানস্বরূপাৎ মিত্রাদিরূপঃ সংসারঃ ॥ ৫৫ ॥

উক্তং দ্বন্দ্বসহনোপায়মুপসংহরতি। এতাবান্ মনোনিগ্রহপর্য্যন্ত এবেত্যর্থঃ ॥ ৫৬ ॥

করিতে লাগিলেন। দুর্ব্বৃত্তগণের তাদৃশ অসদাচরণে নিগৃহীত হইলেও সেই ব্রাহ্মণ পরমাত্মচিন্তনরূপ ব্রাহ্মণের পরম ধর্ম্ম হইতে ক্ষণকালের জন্যও স্খলিত হন নাই। তিনি পরমাত্মচিন্তনে নিবিষ্টমনা হইয়াই পূর্ব্বোক্ত উক্তি সমুদায়ের উল্লেখ করিয়াছিলেন ॥ ৫৪ ॥

জীবশব্দ-বাচ্য পুরুষচৈতন্যে সুখদুঃখের উপলব্ধি অন্য কোন কারণে হইতে পারে না ; স্বকীয় উপাধিভূত মনের ভ্রমই যাবদীয় অনর্থের মূল ; ইহার উপলক্ষে শত্রু মিত্র বা উদাসীন প্রভৃতি বিচিত্র ভাব কেবল কল্পিত হইয়া থাকে মাত্র। আত্মস্বরূপের অনবধানতাই ভীষণ সংসারকে আনয়ন করে ॥ ৫৫ ॥

অতএব বিষম-ভ্রমরূপ অবিদ্যার দ্বারাই যখন সংসার কল্পিত হয়, তখন পরমাত্মস্বরূপ আমাতে চিত্ত সমাহিত করত, সর্ব্বপ্রযত্নে মনেরই নিগ্রহ কর। হে বৎস! এই তোমার নিকট যোগের পরম উৎকর্ষের বিষয় সম্যক্

য এতাং ভিক্ষুণা গীতাং ব্রহ্মনিষ্ঠাং সমাহিতঃ।
ধারয়ন্ শ্রাবয়ন্ শৃণ্বন্ দ্বন্দ্বৈর্নৈবাভিভূয়তে॥ ৫৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ভিক্ষুগীতং ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥
অথ তে সংপ্রবক্ষ্যামি সাংখ্যং পূর্ব্বৈর্বিনিশ্চিতং।

অন্বয়ঃ।

ভিক্ষুণা গীতাং এতাং ব্রহ্মনিষ্ঠাং কঃ জনঃ সমাহিতঃ এব ধারয়ন্ শৃণ্বন্ শ্রাবয়ন্ চ বর্ত্ততে সঃ দ্বন্দ্বৈঃ ক্ষুৎপিপাসাসুখদুঃখাদিভিঃ, ন অভিভূয়তে ॥ ৫৭ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীভগবান্ উবাচ। পূর্ব্বৈঃ কপিলাদিভিঃ যৎ সাংখ্যং শাস্ত্রং বিনিশ্চিতং তৎ তে তুভ্যং

শ্রীধরস্বামী।

মনোনিগ্রহাশক্তোঽপি এতৎশ্রবণাদিনিষ্ঠস্তৎ ফলং প্রাপ্নোতীত্যাহ য ইতি। দ্বন্দ্বৈঃ সুখদুঃখাদিভিঃ। ভিক্ষুগীতং মিষং কৃত্বা ভক্তচিত্তগতং হরিঃ। মোহং নিয়ন্ত্রিহাভাতি পরমানন্দরূপতঃ ॥ ৫৭ ॥

॥ * ॥ ইত্যেকাদশে ত্রয়োবিংশঃ ॥ * ॥

চতুর্বিংশেতু সাংখ্যেন মনোমোহো নিবার্য্যতে।
আত্মনঃ সর্ব্বভাবানামাগমাপায়চিন্তয়া ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনোনিগ্রহণাশক্তোঽপ্যেতচ্ছ্রবণাদিনা তৎফলং প্রাপ্নোতীত্যাহ য ইতি ॥ ৫৭ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশে ত্রয়োবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

কীর্ত্তন করিলাম ॥ ৫৬ ॥

সেই ভিক্ষুবেশধারী সন্ন্যাসী ব্রাহ্মণ কর্ত্তৃক পরিকীর্ত্তিত এই পরমাত্মচিন্তনব্যাপার যিনি সমাহিতচিত্তে ধারণ এবং শ্রবণ করত অন্যকে শ্রবণ করান, তাঁহাকে আর ক্ষুৎপিপাসা এবং শোকমোহাদি জনিত সুখদুঃখে কখন অভিভূত হইতে হয় না ॥ ৫৭ ॥

ইতি একাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ত্রয়োবিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

চতুর্বিংশ অধ্যায়ে আত্মার এবং অন্য সকল পদার্থের আবির্ভাব ও তিরোভাব চিন্তাপুরঃসর সাংখ্যযোগ বর্ণনে জীবের মনোমোহ নিবারণ বিবৃত হইয়াছে ॥

যদ্বিজ্ঞায় পুমান্ সদ্যো জহ্যাদ্বৈকল্পিকং ভ্রমং ॥ ১ ॥

আসীজ্জ্ঞানমথোহ্যর্থ একমেবাবিকল্পিতং।

অন্বয়ঃ।

অথ ইদানীং অহং সংপ্রবক্ষ্যামি; যং তত্ত্বং, বিজ্ঞায় পুমান্ বৈকল্পিকং ভেদনিষ্ঠং, ভ্রমং সদ্যঃ এব জহ্যাৎ ॥ ১ ॥

অথ দ্রষ্টৃত্বেন জ্ঞানং, তথা দৃশ্যত্বেন হি অথ কৃৎস্নঃ অপি অর্থঃ পদার্থঃ, আদৌ অযুগে (যুগেভ্যঃ পূর্ব্বং প্রলয়ে) কৃতযুগে চ যদা বিবেকনিপুণাঃ জনাঃ ভবন্তি তত্রাপি অবিকল্পিতং

শ্রীধরস্বামী।

স্বপদদ্বন্দ্বভক্তানামদ্বন্দ্বত্বায় সংযমং।

চিত্তস্যোক্ত্বা পুনঃ কৃষ্ণঃ সাংখ্যমত্রাহ তৎকৃতে ॥ * ॥

অদ্বয়াৎ পরমাত্মনো মায়য়া প্রকৃতিপুরুষদ্বারা সর্ব্বং দ্বৈতং উদেতি পুনস্তত্রৈব লীয়তে ইত্যনুসন্দধানস্য দ্বন্দ্বভ্রমো নিবর্ত্তত ইতি বক্তুং সাংখ্যং প্রস্তৌতি অথেতি পূর্ব্বৈঃ কপিলাদিভির্বিনিশ্চিতং বৈকল্পিকং ভেদনিমিত্তং ভ্রমং সুখদুঃখাদিরূপং ॥ ১ ॥

অথো শব্দঃ কাৎস্ন্যেন জ্ঞানং দ্রষ্টৃত্বেন দৃশ্যঃ কৃৎস্নোঽপ্যর্থশ্চ বিকল্পশূন্যমেকমেব ব্রহ্মণ্যেব লীনমাসীদিত্যর্থঃ। কদেত্যপেক্ষায়ামাহ যদেতি। অযুগে যুগেভ্যঃ পূর্ব্বং প্রলয় ইত্যর্থঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চতুর্বিংশেতু সূত্রাদ্যা হেতবোঽস্য যতোঽভবন্। পুনস্তদেব বিবিশুরেতৎ সাংখ্যং নিরূপিতং। মনঃপ্রধানলিঙ্গদেহেঽহংবুদ্ধিরেবাত্মনো দুঃখকারণমিতি ভিক্ষুগীতাদবগতং সা চানাত্মবুদ্ধিরাত্মানাত্মবিবেকে সতি নিবর্ত্ততে। সা চাত্মানাত্মবিবেকঃ সাংখ্যজ্ঞানমূল ইত্যতঃ সাংখ্যমুপদিশন্নাহ অথেতি। বিকল্পো দেহস্তদ্ভবমধ্যাসরূপং ভ্রমং ত্যজেৎ ॥ ১ ॥

জ্ঞানং ব্রহ্ম পরমাত্মভগবচ্ছব্দবাচ্যস্মিত্যর্থঃ। যজ্জ্ঞানমদ্বয়ং ব্রহ্মেতি পরাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ইতি সূতোক্তেঃ। অথোশব্দঃ কাৎস্ন্যে অবিকল্পিতং বিকল্পশূন্যমেকমেব জ্ঞানং ব্রহ্মৈবার্থো বস্ত্বাসীৎ কদেত্যপেক্ষায়ামাহ অযুগে যুগেভ্যঃ পূর্ব্বং প্রলয় ইত্যর্থঃ। তথা আদৌ

ভগবান্ বলিলেন! পূর্ব্ব পূর্ব্ব কপিলাদি আচার্য্যগণ কর্ত্তৃক বিনিশ্চিত যে অপূর্ব্ব সাংখ্যশাস্ত্রের নাম তুমি শ্রবণ করিয়াছ, এবং যে পরম তত্ত্ব অবধারণ করিলে, জীব ভ্রমনিবন্ধন ভেদপ্রদ অভিমান এবং মমতার হস্ত হইতে অব্যাহতি পায়, অদ্য তোমার নিকট সেই পরম তত্ত্বের উপদেশ প্রদান করিতেছি, শ্রবণ কর ॥ ১ ॥

সৃষ্টির পূর্ব্বে যখন কোন যুগাদির নিরূপণ ছিল না, তাদৃশ প্রলয়কালে দ্রষ্টৃরূপ জ্ঞান এবং দৃশ্যরূপ সমগ্র পদার্থ অভিন্নরূপে জ্ঞানস্বরূপ এক পরমব্রহ্মেই বিলীন ছিল; সত্যযুগেও বিবেকনিপুণ ব্যক্তিগণ এতদুভয়কে অভেদ ভাবেই গ্রহণ করিয়াছেন ॥ ২ ॥

যদা বিবেকনিপুণা আদৌ কৃতযুগেঽযুগে ॥ ২ ॥
তন্মায়াফলরূপেণ কেবলং নির্ব্বিকল্পিতং।
বাঙ্মনোঽগোচরং সত্যং দ্বিধা সমভবদ্বৃহৎ ॥ ৩ ॥
তয়োরেকতরো হ্যর্থঃ প্রকৃতিঃ সোভয়াত্মিকা।
জ্ঞানং ত্বন্যতমো ভাবঃ পুরুষঃ সোঽভিধীয়তে। ৪ ॥

অন্বয়ঃ।

ভেদশূন্যং একং ব্রহ্মণি লীনং জ্ঞানং এব আসীৎ ॥ ২ ॥

তৎ কেবলং একং নির্ব্বিকল্পিতং বাঙ্মনসয়োঃ অগোচরং অবিষয়ং, সত্যং পরমার্থভূতং, বৃহৎ ব্রহ্ম, মায়াফলরূপেণ (মায়ায়াঃ অহং বহু স্যামিতি সংকল্পস্য ফলরূপেণ) দ্বিধা সমভবৎ ॥ ৩ ॥

তয়োঃ দ্বিধাভূতয়োঃ অংশয়োঃ মধ্যে একতরঃ পদার্থঃ উভয়াত্মিকা কার্য্যকারণাত্মিকা প্রকৃতিঃ ইতি অন্যতমঃ তু ভাবঃ জ্ঞানং চৈতন্যরূপঃ এব। সঃ পুরুষঃ ইতি অভিধীয়তে ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

তথা আদৌ যৎ কৃতযুগং তস্মিংশ্চ অন্যদাপি যদা বিবেকনিপুণা জনা ভবন্তি তদাপি তেষাং ভেদাস্ফূর্ত্তেঃ ॥ ২ ॥

তদ্বৃহদ্ব্রহ্ম বাঙ্মনোগোচরং যথা ভবতি তথা মায়াদৃশ্যং ফলং তৎপ্রকাশঃ তদ্রূপেণ মায়াবিলাসরূপেণ বা দ্বিধাভূৎ ॥ ৩ ॥

তয়োর্দ্বিধাভূতয়োরংশয়োর্মধ্যে উভয়াত্মিকা কার্য্যকারণরূপিণী ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যৎ কৃতযুগং তস্মিংশ্চ অন্যদাপি যদা বিবেকনিপুণা জ্ঞানিনো ভবন্তি তদাপি তেষাং ভেদাস্ফূর্ত্তেঃ ॥ ২ ॥

তদেব কেবলমেকমপি বৃহদ্ব্রহ্ম মায়া বহিরঙ্গাখ্যস্বশক্তিঃ ফলং ফলভোক্তৃ স্বীয়চিৎকণরূপ-তটস্থশক্তিশ্চ তদ্রূপেণ দ্বিবিধং সম্যগভবৎ। দ্বিবিধমপি তদ্বিশিনষ্টি নির্বিকল্পিতং ব্রহ্মতো নির্ভেদং তয়োস্তচ্ছক্তিত্বাৎ বাঙ্মনসয়োরগোচরং মায়ায়া অব্যক্তস্বরূপত্বাৎ জীবস্যাতিসৌক্ষ্ম্যাৎ সত্যং দ্বয়োরেব নিত্যত্বাৎ ॥ ৩ ॥

তয়োর্দ্বিধাভূতয়োর্মধ্যে একতরো মায়াখ্যোঽর্থঃ প্রকৃতিঃ। সা চোভয়াত্মিকা কার্য্যকারণ-রূপিণী অন্যতমোঽর্থঃ জ্ঞানং জ্ঞানস্বরূপঃ। স চ পুরুষো জীবঃ ॥ ৪ ॥

সেই বাক্য এবং মনের অগোচরীভূত কেবল নির্ব্বিকল্প সত্যস্বরূপ অদ্বিতীয় পরমার্থভূত পরমব্রহ্ম "আমি বহু হইব", এই সংকল্পরূপা মায়ার প্ররোহফলে স্ব স্বরূপে দুইভাগে বিভক্ত হইলেন ॥ ৩ ॥

এতদুভয় অংশের মধ্যে একভাগে কার্য্যকারণাত্মিকা প্রকৃতি নাম্নী দৃশ্য-বর্গের মূল পদার্থ এবং অন্যভাগে চৈতন্যস্বরূপ জ্ঞান পৃথক্‌রূপে পরিচিত

তমোরজঃসত্ত্বমিতি প্রকৃতেরভবন্ গুণাঃ।
ময়া প্রক্ষোভ্যমানায়াঃ পুরুষানুমতেন চ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

পুরুষানুমতেন পুরুষপ্রেরিতেন, ময়া কালরূপেণ, প্রক্ষোভ্যমানায়াঃ আলোড়িতায়াঃ প্রকৃতেঃ সকাশাৎ তমোরজঃসত্ত্বং ইতি গুণাঃ ত্রয়ঃ অভবন্ অভিব্যক্তাঃ বভূবুঃ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

অভবন্ অভিব্যক্তা বভূবুরিত্যর্থঃ। ময়া পরমেশ্বরেণ জীবাদৃষ্টপ্রযুক্তত্বাৎ সৃষ্টেঃ পুরুষানুমতত্বং। যদ্বা। স্বস্যৈব প্রকৃতীক্ষণরূপা য পুরুষাবস্থা তদনুমতেন তদ্দ্বারেণেত্যর্থঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ময়া মহৎস্রষ্টৃমহাপুরুষস্বরূপেণ পুরুষস্য জীবস্যানুমতেন অস্মদ্বিধস্য জীবস্য প্রাক্তনকর্ম্ম-জ্ঞানভক্তিসাধনানি সংপদ্যন্তামিত্যাত্মকেন সৃষ্টের্জীবাদৃষ্টপ্রযুক্তত্বাৎ ॥ ৫ ॥

হইল; এই জ্ঞানস্বরূপ চৈতন্যভাগই পুরুষনামে অভিহিত হন ॥ ৪ ॥

এই পুরুষের প্রেরণারূপ ভগবচ্চেষ্টাশক্তি মহাকালের উত্তেজনায় মূলা প্রকৃতির অন্তরে প্রক্ষোভিত ভাব উপস্থিত হয় এবং এই বিক্ষুব্ধা প্রকৃতির সন্নিধান হইতে সত্ত্ব রজঃ ও তমঃ এই গুণত্রয় উদিত হইল ॥ ৫ ॥

আভাস।

চতুর্ব্বিংশ অধ্যায়ে সৃষ্ট্যাদি জগতের অনন্ত কার্য্যকারণ ভাব যে সর্ব্বকারণকারণ পরমব্রহ্ম হইতে উৎপন্ন হইয়া বিচিত্ররূপে বিরাজ করে এবং প্রলয়ে তাঁহাতেই আবার বিলীন হয়, এই ভাবের পরিচয়ে সাংখ্য-শাস্ত্রের নিগূঢ় তত্ত্ব অভিহিত করা হইয়াছে। মনঃপ্রধান লিঙ্গদেহে অহংবুদ্ধিই জীবের পক্ষে দুঃখের একমাত্র কারণ; ইহাই ভিক্ষুগীতার দ্বারা প্রকাশ করা হইয়াছে। আত্মানাত্মবিচারের দ্বারা অনাত্মবুদ্ধি নিবৃত্ত হয়; এবং সেই আত্মানাত্মবিচার সাংখ্যজ্ঞানের উপরই নির্ভর করে। সুতরাং প্রকৃতি হইতে আরম্ভ করিয়া, স্থূলভূত পর্য্যন্ত তত্ত্বগ্রামের উদয় ও নিবৃত্তির নিরূপণে সাংখ্যজ্ঞানেরই উপদেশ এই চতুর্ব্বিংশ অধ্যায়ে সুস্পষ্ট করিয়াছেন। ভগবান্ মনু বলিয়াছেন, "দ্বিধা কৃত্বাত্মনো দেহমর্দ্ধেন পুরুষোঽভবৎ। অর্দ্ধেন নারী তস্যাং স বিরাজমসৃজৎ প্রভুঃ" ॥ এই নামরূপাত্মক জগৎ সৃষ্ট হইবার পূর্ব্বে এক অদ্বিতীয় পরমব্রহ্ম মাত্র ছিলেন। তিনি নিজের স্বরূপকে উভয় পুরুষ ও নারী, অর্থাৎ প্রকৃতিতে বিভক্ত করিলেন এবং সেই প্রকৃতিতে উক্ত পুরুষের প্রতিবিম্বরূপ ঈক্ষণযোগে প্রথম বিরাট্‌রূপের সৃষ্টি করিলেন। পরমাত্মশক্তির চেষ্টার নামই কাল। সুতরাং কালসহকারে পুরুষসংযোগে প্রকৃতি হইতে জগতের রচনা হইল, এইরূপ স্বীকার করিতে হয়। অর্থাৎ "পুরুষস্য দর্শনার্থং কৈবল্যার্থং তথা প্রধানস্য। পঙ্গ্বন্ধবদুভয়োরপি সংযোগ স্তৎকৃতঃ সর্গঃ" ॥ পরস্পরে পৃথক্ হইবার পর, পুরুষ প্রকৃতিতেই স্বীয় স্বরূপ অবলোকন করায়, প্রকৃতির তত্ত্ব অবধারণে যেমন অগ্রসর হইলেন, প্রকৃতিও পুরুষপ্রতিবিম্বে আপনাকে চেতনের ন্যায়

তেভ্যঃ সমভবৎ সূত্রং মহান্ সূত্রেণ সংযুতঃ।
ততো বিকুর্ব্বতো জাতো যোঽহঙ্কারো বিমোহনঃ॥ ৬॥

অন্বয়ঃ।

তেভ্যঃ গুণেভ্যঃ (ক্রিয়াশক্তিমৎ) সূত্রং সমভবৎ। সূত্রেণ তেন সংযুতঃ (জ্ঞানশক্তিমান্) মহান্ সমভবৎ। বিকুর্ব্বতঃ ততঃ মহতঃ সকাশাৎ যঃ বিমোহনঃ (জীবস্য দেহাদ্যধ্যাসরূপভ্রমহেতুঃ) সঃ অহঙ্কারঃ জাতঃ॥ ৬॥

শ্রীধরস্বামী।

সূত্রং ক্রিয়াশক্তিমান্ প্রথমো বিকারঃ। ততো মহান্ জ্ঞানশক্তিঃ। নম্বয়ং মহানেব প্রথমো বিকারস্তত্রাহ সচ জ্ঞানক্রিয়াগর্ভত্বাৎ সূত্রেণ সংযুতো ন পৃথক্ একমেব তত্বং ক্রিয়াজ্ঞানশক্তিভ্যাং দ্বিধোচ্যত ইত্যর্থঃ। বিমোহনঃ জীবস্য ভ্রমহেতুঃ স জাতঃ॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূত্রং ক্রিয়াশক্তিমান্ প্রথমো বিকারঃ। নমু প্রথমো বিকারো জ্ঞানশক্তির্মহানিতি প্রসিদ্ধস্তত্রাহ মহান্ যঃ প্রসিদ্ধঃ স হি সূত্রেণ সংযুতঃ। তত্র তত্র সূত্রসহিত এব স জ্ঞেয় ইত্যর্থঃ। বিমোহনঃ জীবস্য ভ্রমহেতুঃ॥ ৬॥

এই গুণত্রয় হইতে ক্রিয়াশক্তিসম্পন্ন সূত্রাত্মা হিরণ্যগর্ভের উৎপত্তি হইল; এবং এই সূত্রাত্মার সহিত মিলিত হইয়া, জ্ঞানশক্তি মহত্তত্ত্ব বুদ্ধিনামে অভিহিত হন। এই মহত্তত্ত্বের বিকারে অভিমান-নামক অহঙ্কারতত্ত্বের উৎপত্তি হয়, যাহার প্রভাবে দেহাদিতে অধ্যাস-নিবন্ধন জীবের ভ্রম জন্মে॥ ৬॥

আভাস।

প্রতীতি করিয়া, কার্য্যক্ষেত্রে অগ্রসর হইলেন। উভয়েই সর্ব্বব্যাপী বিভু পদার্থ; পরস্পরের একত্র সন্নিবেশ সর্ব্বত্রই বিদ্যমান থাকিলেও, প্রকৃতি দৃশ্য এবং পুরুষ দ্রষ্টা এইরূপ লক্ষ্য করিয়া পরস্পরের প্রতি পরস্পরের দৃষ্টিভাবই উভয়ের সংযোগ বলিয়া সাংখ্যকার কীর্ত্তন করিয়াছেন। পঙ্গু দেখে কিন্তু চলিতে পারে না; এবং অন্ধের চরণ সত্ত্বেও দর্শনের অভাবে তাহার গতিশক্তির বিকাশ হয় না। কিন্তু পঙ্গু যদি অন্ধের স্কন্ধে আরোহণ করে, তখন এতদুভয়ের মিলনে যেমন একটী দৃষ্টিশক্তি ও চলনশক্তি বিশিষ্ট সম্পূর্ণ মানবের কার্য্য হইতে পারে, সেইরূপ জড়া প্রকৃতিশক্তি চেতন পুরুষের ছায়াপতনরূপ অনুগ্রহ লাভে পরস্পরে মিলিত হইয়া, একটী সর্ব্বশক্তিমান্ কর্ত্তার পরিচয় দেন। অন্ধ চলনাদি কার্য্য করে; পঙ্গু তাহাকে জ্ঞানের উপদেশে সাহায্য করে মাত্র; সেইরূপ চেতন পুরুষের ঈক্ষণে প্রকৃতি পরিণত হইয়া, সমগ্র সংসার প্রসব করেন। প্রকৃতি যদবধি গুণত্রয়ের সাম্যাবস্থায় অবস্থিত ছিলেন, ততকাল ভগবানের মায়া বা শক্তিরূপে অভেদভাবে তাঁহাতেই আশ্রিত ছিলেন। গুণত্রয়ের ন্যূনাধিক চক্রে বিষমভাবে প্রতীতিই প্রকৃতির পৃথক্‌ভাবে অবস্থান। নভোমণ্ডলস্থ সূর্য্য জলে প্রতিবিম্বিত হইলে, জ্যোতিঃশূন্য জলও উজ্জ্বল মূর্ত্তি ধারণ করে এবং তৎপার্শ্বস্থ গৃহের

বৈকারিক স্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিবিৎ।
তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং চিদচিন্ময়ঃ॥ ৭॥

অন্বয়ঃ।

সচ অহং অহঙ্কারঃ বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তৈজসঃ রাজসঃ, তামসঃ চ ইতি হি ত্রিবৃৎ ত্রিবিধঃ তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং তথা চিদচিন্ময়ঃ উভয়গ্রন্থিরূপঃ জাতঃ॥ ৭॥

শ্রীধরস্বামী।

যতস্তন্মাত্রাদীনাং কারণং মনঃশব্দেনাত্র দেবানামপ্যুপলক্ষণং চিদচিন্ময়ঃ চিদাভাসব্যাপ্তত্বাদুভয়গ্রন্থিরূপ ইতি জীবোপাধিত্বং দর্শিতং যদ্যপি তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদি শ্রুতেরন্নময়ংহি সৌম্য মন ইত্যাদি শ্রুতেশ্চ প্রথমং ভূতানি জায়ন্তে তেভ্যশ্চাপঞ্চীকৃতেভ্যঃ প্রাণাদিক্রমেণ সমষ্ট্যাত্মকং লিঙ্গশরীরং পঞ্চীকৃতেভ্যশ্চ ব্রহ্মাণ্ডং তস্মিন্ বৈরাজস্তদন্তর্যামী লীলাবিগ্রহঃ ক্ষীরাব্ধিশায়ী শ্রীনারায়ণঃ তন্নাভিপদ্মেচ বৈরাজস্য ভোগপরিগ্রহশ্চতুরাননস্ততো যথাবসরমন্যেষাং জীবানামাবির্ভাব ইতি প্রক্রিয়া তথাপি চিত্তাভিব্যক্তিপূর্ব্বকোহহঙ্কার স্ততো ভূতেন্দ্রিয়াদি ব্যবহার ইত্যেতাবতা মহদাদিক্রমেণ সৃষ্টিরুচ্যতে তথা চোক্তং মৃন্নোহবিষ্ণুলিঙ্গাদ্যৈঃ সৃষ্টির্যা চোদিতান্যথা। উপায়ঃ সোহবতারায় নাস্তি ভেদঃ কথঞ্চনেতি॥৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহং অহঙ্কারঃ। ত্রিবৃৎ বৃত্তিত্রয়বান্ তন্মাত্রেন্দ্রিয়মনসামিতি ব্যুৎক্রমেণ যথাসংখ্যং চিদচিন্ময় ইতি স্বয়মচিন্ময়োহপি জীবোপাধিত্বেন তদৈক্যাচ্চিজ্জড়গ্রন্থিরূপত্বাচ্চিদচিন্ময়ঃ॥ ৭॥

এই অহঙ্কার আবার সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভেদে ত্রিবিধ পরিকীর্ত্তিত; এবং তন্মাত্র পঞ্চ, দশবিধ ইন্দ্রিয় ও মন এই অহঙ্কার তত্ত্ব হইতে জন্মে। এই অহঙ্কার তত্ত্বে চেতন অচেতন উভয় ভাবই বিদ্যমান থাকে॥ ৭॥

আভাস।

অভ্যন্তরে প্রতিফলিত হইয়া, অন্ধকারময় গৃহকেও আলোকিত করিয়া থাকে। এস্থলে সূর্য্যচ্ছায়াবিশিষ্ট জলে যেমন উভয় সূর্য্য এবং জল এই উভয়ের ধর্ম্মই দৃষ্ট হয়, সেইরূপ চিদাভাস বিশিষ্টা প্রকৃতিতেও উভয় পুরুষ এবং প্রকৃতির ধর্ম্ম জড়ভাব ও চৈতন্যভাব উভয়ই পরিদৃষ্ট হইয়া থাকে। তবে যিনি যাহার অনুগত হইয়া, উত্তরোত্তর পরিণামের প্রশ্রয় দেন, তিনি পরিণত প্রধানের ধর্ম্ম ও রূপের পরিচয়ে নিজে ক্রমশ তুচ্ছ ও বিলুপ্ত প্রায় হইয়া থাকেন। অর্থাৎ প্রকৃতি পুরুষের সংযোগে পরিণতি পূর্ব্বক যে সৃষ্টিক্রম আরম্ভ হয়, তন্মধ্যে অহঙ্কারতত্ত্বই কেন্দ্রস্থানীয়; অর্থাৎ অহঙ্কারতত্ত্ব হইতে উত্তরোত্তর যতই স্থূলতর ও স্থূলতম তত্ত্ব উৎপন্ন হয়, সেই সমস্ত তত্ত্বে কেবল প্রকৃতিধর্ম্মের পরিচয়ে চৈতন্যতত্ত্ব বিলুপ্ত প্রায় হইয়া যায়। এবং অহঙ্কারের উর্দ্ধে প্রকৃতির বিলোপে কেবল পুরুষচৈতন্যের অবভাসন হইতে থাকে। নিম্ন স্তরে জীবের বন্ধন এবং উপরের স্তরে উত্তরোত্তর মুক্তির ক্রমই সাংখ্যকর্ত্তা প্রদর্শন করিয়াছেন॥ ১—৭॥

অর্থস্তন্মাত্রিকাজ্জজ্ঞে তামসাদিন্দ্রিয়াণি চ।
তৈজসাদ্দেবতা আসন্নেকাদশ চ বৈকৃতাৎ ॥ ৮ ॥
ময়া সংচোদিতা ভাবাঃ সর্ব্বে সংহত্যকারিণঃ।
অণ্ডমুৎপাদয়ামাসুর্ম্মায়তনমুত্তমং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তন্মাত্রিকাৎ শব্দাদিতন্মাত্রকারণাৎ তামসাৎ অহঙ্কারাৎ ইন্দ্রিয়াণি দশ অভবন্। বৈকৃতাৎ সাত্ত্বিকাৎ (দিগ্‌বাতার্কপ্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাশ্চন্দ্রঃ চ ইতি) একাদশ দেবতাঃ অভবন্ ॥ ৮ ॥

ময়া সঙ্কোদিতাঃ প্রেরিতাঃ সংহত্যকারিণঃ সর্ব্বে তে ভাবাঃ মম উত্তমং আয়তনং ক্রীড়াস্থানং, অণ্ডং উৎপাদয়ামাসুঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তন্মাত্রিবিধাৎ ত্রিবিধপ্রপঞ্চোৎপত্তিং দর্শয়তি অর্থ ইতি। তন্মাত্রিকাচ্ছব্দাদিতন্মাত্রকারণাত্তামসাৎ তদ্দ্বারার্থো মহাভূতরূপো জজ্ঞে বভূব ভূতানামাবরণস্বভাবত্বাৎ ইন্দ্রিয়াণি দশ তৈজসাৎ রাজসাৎ তেষাং প্রবৃত্তিস্বভাবত্বাৎ বৈকৃতাৎ সাত্ত্বিকাৎ দেবতাঃ দিগ্বাতার্কপ্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাঃ। চন্দ্রশ্চেত্যেকাদশ চশব্দান্মনশ্চ তেষাং প্রকাশস্বভাবত্বাৎ ॥ ৮ ॥

মম বৈরাজান্তর্যামিনঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তন্মাত্রিকাৎ তন্মাত্রকারণাত্তামসাদথ আকাশাদি ভূতপঞ্চকং জজ্ঞে তস্যাবরণস্বভাবত্বাত্তামসত্বং। কারণস্য কার্য্যনিরাসরূপত্বাৎ তস্য নিরাস ইত্যর্থে বুছনকঠজিনেত্যাদিনা কুমুদাদিত্বাৎ ঠচা তন্মাত্রিক ইতি সিদ্ধং। ইন্দ্রিয়াণি দশ তৈজসাৎ। তেষাং প্রবৃত্তিস্বভাবত্বাত্তৈজসত্বং। বৈকৃতাৎ সাত্ত্বিকাৎ দেবতা দিগ্বাতাদয়ঃ চকারান্মনশ্চ তেষাং প্রকাশস্বভাবাৎ সাত্ত্বিকত্বং ॥ ৮ ॥ ভাবাঃ সূত্রাদয়ঃ ॥ ৯ ॥

সন্তো দিশন্তি চক্ষূংষি বহিরর্কঃ সমুত্থিতঃ।

অন্বয়ঃ।

কিঞ্চ অন্নং যথা প্রাণিনাং প্রাণঃ জীবনং, আর্ত্তানাং পীড়িতানাং, যথা অহং শরণং পীড়ানিবর্ত্তকঃ, যথা চ প্রেত্য পরলোকে, ধর্ম্মঃ এব নৃণাং বিত্তং তথা অর্ব্বাক্ সংসারপতনাৎ, বিভ্যতঃ পুংসঃ সন্তঃ এব অরণং রক্ষকাঃ ॥ ৩২ ॥

সমুত্থিতঃ সম্যগুদিতঃ অর্কঃ যথা বহির্বিষয়ে চক্ষূংষি দিশতি তথা সন্তঃ জ্ঞানাত্মকানি চক্ষূংষি দিশন্তি। অতঃ সন্তঃ এব দেবতাঃ ইব আরাধ্যাঃ, বান্ধবাঃ ইব সৎকারার্হাঃ, আত্মাবৎ

শ্রীধরস্বামী।

কিঞ্চ। যথা অন্নমেব প্রাণো জীবনং, অহমেব যথা শরণং ধর্ম্ম এব যথা প্রেত্য পরলোকে বিত্তং তথা সন্ত এবার্ব্বাক্ সংসারপতনাদ্বিভ্যতঃ পুংসঃ অরণং শরণং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা প্রাণিনামন্নার্থিনামন্নমেব প্রাণাঃ। অন্নং বিনা প্রাণা ন সিদ্ধ্যন্তি তথৈব ভক্তীচ্ছূনাং সন্ত এব ভক্তিঃ। তান্ বিনা ভক্তি র্ন সিদ্ধ্যতি। যথৈবার্ত্তানামনাথানামহমেব শরণং রক্ষকস্তথৈব ভক্তিচ্ছূনাং সন্ত এব রক্ষকাঃ। যথৈব নৃণাং প্রেত্য মৃত্বা কালপাশাদ্বিভ্যতাং ধর্ম্ম এব বিত্তং শরণং। তথৈব নরস্য ভজনমার্গং প্রাপ্য বর্ত্তমানস্য অর্ব্বাক্ ইতস্ততঃ কামক্রোধাদিবর্ত্মপাতিপাশাদ্বিভ্যতঃ সন্ত এব ভক্তিমার্গরক্ষকাঃ শরণং ॥ ৩২ ॥

কিং বহুনা সতাং মার্গে প্রতিষ্ঠাস্নূনাং নৃণাং সন্ত এব সর্ব্বনির্ব্বাহকা ইত্যাহ। সন্ত এব মাং সাক্ষাদ্দর্শয়িতুং চক্ষূংষি নববিধভজনানি দিশন্তি দদতি। কিঞ্চ। সূর্য্যং বিনা চক্ষুর্ভিরপি ন কার্য্যসিদ্ধিরিতি চেৎ সন্ত এব বহিঃস্থিতঃ সম্যগুত্থিতোঽর্কঃ ভজনচক্ষুঃপ্রকাশক ইতি ভাবঃ। তস্মাদ্ভক্তিবর্ত্মচারিণাং সন্ত এব দেবতা নত্বিন্দ্রাদ্যাঃ। সন্ত এব বান্ধবা নতু পিতৃপিতৃব্যমাতুলাদয়ঃ। সন্ত এব আত্মা প্রেমাস্পদং নতু দেহো জীবাত্মা বা এবং সন্ত এবাহ-

তাপিত ব্যক্তির এক মাত্র উৎকৃষ্ট অবলম্বনই যেমন আমি এবং মৃত্যুর পর পরলোকগত জীবের পক্ষে ইহ-সঞ্চিত ধর্ম্মই যেমন প্রধান সম্বল, সেইরূপ সংসার-ভয়ে ভীত ব্যক্তির পক্ষে সাধুকেই উৎকৃষ্ট অবলম্বন বলিয়া অবধারণ করিতে হইবে॥ ৩২ ॥

দিবাকর উদিত হইয়া, নৈশ অন্ধকারের নিবারণে যেমন বাহ্য বিষয়ের প্রতীতির জন্য লোচনকে প্রণোদিত করেন, সাধু সেইরূপ সন্নিহিত হইয়া, অজ্ঞান-অন্ধকারের নিবারণে নববিধ ভজনের জন্য সংসারী জীবের জ্ঞাননেত্রকে অগ্রসর করিয়া দেন। অতএব ভক্তিমার্গের অনুশীলনকারী সাধু ইন্দ্রাদি দেবতার ন্যায় আরাধনীয়, হিতকারী স্বজনবর্গের ন্যায় মাননীয়,

দেবতা বান্ধবাঃ সন্তঃ সন্ত আত্মাহমেব চ ॥ ৩৩॥
বৈতসেনস্ততোঽপ্যেবমুর্ব্বশ্যা লোকনিস্পৃহঃ।
মুক্তসঙ্গো মহীমেতামাত্মারামশ্চচার হ ॥ ৩৪॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ঐলগীতং ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৬ ॥ * ॥

অন্বয়ঃ।

প্রীতিযোগ্যাঃ, কিং বহুনা সন্তঃ অহং এব সদ্‌দৃষ্ট্যা সেব্যাঃ এব ॥ ৩৩॥

বৈতসেনঃ (বীতাঃ স্ত্রীত্বপ্রাপ্ত্যা বৈরূপ্যং গতা সেনা যস্য সঃ বীতসেনঃ সুদ্যুম্নঃ, তস্য পুত্রঃ বৈতসেনঃ পুরূরবাঃ) এবং উক্তপ্রকারেণ, উর্ব্বশ্যাঃ লোকনিস্পৃহঃ (লোকাৎ স্থানাৎ অবলোকনাৎ বা নিস্পৃহঃ) মুক্তসঙ্গঃ আত্মারামঃ চ সন্ এতাং মহীং চচার হ॥ ৩৪॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। সন্তশ্চক্ষূংষি সগুণনিগুর্ণজ্ঞানানি। অর্কঃ পুনঃ সম্যগুথিতোঽপি বহিস্তদপ্যেকমেব চক্ষুরিত্যর্থঃ ॥ ৩৩॥

অধ্যায়ার্থমুপসংহরতি বৈতসেন ইতি। সুদ্যুম্নভাবেন উমাবনং প্রবিষ্টস্য বীতা স্ত্রীভাবং প্রাপ্তা সেনা যস্য তস্য স্ত্রীভাবং প্রাপ্তস্য পুত্রো বৈতসেনঃ পুরূরবাঃ এবমুক্তপ্রকারেণ। উর্ব্বশ্যা লোকাৎ স্থানাৎ অবলোকনাদ্বা নিস্পৃহঃ ততোঽপি সৎসঙ্গাদপি হেতোর্মুক্তসঙ্গঃ সন্ আত্মারামো ভূত্বা যথেষ্টং চচার ইতি॥ ৩৪॥

॥ * ॥ ইত্যেকাদশে ষড়্‌বিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিষ্টদেবো নতু তাংস্ত্যক্তা প্রতিমারূপোঽহমপীতি ভাবঃ ॥ ৩৩॥

অধ্যায়ার্থমুপসংহরতি বৈতসেন ইতি বীতা স্ত্রীত্বপ্রাপ্ত্যা বৈরূপ্যং প্রাপ্তা সেনা যস্য স বীতসেনঃ সুদ্যুম্নো নবমস্কন্ধে খ্যাতস্তস্য পুত্রো বৈতসেনঃ পুরূরবাঃ। এবমুক্তপ্রকারেণ ততোঽপি উর্ব্বশীলোকাদপি এতাং মহীং চচার। যত উর্ব্বশ্যা লোকাৎ স্থানাদবলোকনাদ্বা নিস্পৃহঃ॥ ৩৪॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশে ষড়্‌বিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আত্মার ন্যায় প্রিয় পাত্র এবং সৎস্বরূপ ইষ্টদেবতার ন্যায় সম্ভজনীয়। প্রতিমাতে যেমন দেবতার আবির্ভাব হয়, সাধুর মূর্ত্তিতেই আমি সেইরূপ জীবের সন্নিধানে আবির্ভূত হইয়া থাকি ॥ ৩৩॥

সুদ্যুম্ননন্দন পুরূরবা এই প্রকার নির্ব্বেদের প্রকাশ করত উর্ব্বশীর প্রেম

উদ্ধব উবাচ ॥

ক্রিয়াযোগং সমাচক্ষ্ব ভবদারাধনং প্রভো।
যস্মাত্ত্বাং যে যথার্চ্চন্তি সাত্বতাঃ সাত্বতর্ষভ ॥ ১ ॥
এতদ্বদন্তি মুনয়ো মুহুর্নিঃশ্রেয়সং নৃণাং।

অন্বয়ঃ।

উদ্ধবঃ উবাচ। হে প্রভো সাত্বতর্ষভ! যস্মাৎ সাধনসমূহাৎ, যে সাত্বতাঃ ভক্তাঃ, সাত্বতর্ষভং ভক্তপালকং, ত্বাং যথা অর্চ্চন্তি তৎ ভবদারাধনং ক্রিয়াযোগং, সমাচক্ষ্ব কথয়! ॥ ১ ॥

নারদঃ ভগবান্ ব্যাসঃ (দেবানাং) আচার্য্যঃ অঙ্গিরসঃ সুতঃ বৃহস্পতিঃ, অন্যে মুনয়ঃ

শ্রীধরস্বামী।

সপ্তবিংশে ক্রিয়াযোগঃ সদ্যশ্চিত্তপ্রসাদকঃ।
সর্ব্বকামাপ্তিহেতুশ্চ সাঙ্গঃ প্রোক্তঃ সমাসতঃ ॥ * ॥

রাগাদ্যাকুলচিত্তানাং কুতোঽসঙ্গাদিসম্ভবঃ। ইতি কৃষ্ণার্চ্চনং ভদ্রমনুস্মৃত্যানুপৃচ্ছতি। ক্রিয়াযোগমিতি ভবদারাধনরূপং যস্মাদিতি করণাধিষ্ঠানাদিপ্রশ্নঃ সর্ব্বকারকাণাং নিমিত্তস্যাবশিষ্টত্বাৎ যথেতি কস্মিন্নধিষ্ঠানাদৌ কেন প্রকারেণেতি প্রশ্নঃ যেঽধিকারিণঃ সাত্বতা ভক্তাঃ ॥ ১ ॥

অস্য পুনর্বিশেষতঃ প্রশ্নে কারণমাহ চতুর্ভিঃ। এতৎ ত্বদর্চ্চনং নিঃশ্রেয়সকরং বদন্তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রিয়াযোগাভিধা ভক্তিঃ সপ্তবিংশেঽর্চ্চনাত্মিকা।
নানোপচারৈরর্চ্চায়াং স্বধর্ম্মসহিতোচ্যতে ॥ * ॥

উক্তলক্ষণসৎসঙ্গসহিতা ভক্তিঃ পুত্রকলত্রাদ্যাসক্তচিত্তৈর্দুর্লভেত্যতস্তেষামপি নিস্তারিকামাগমোক্তার্চ্চনভক্তিমনুস্মৃত্য পৃচ্ছতি ক্রিয়াযোগমিতি। যস্মাৎ যং ক্রিয়াযোগমাশ্রিত্য ॥ ১ ॥

পরিহারে তদীয় লোক হইতে নিবৃত্ত হইলেন এবং পরমাত্মচিন্তনে পরিনিষ্ঠিত হইয়া, অনাসক্তভাবে এই ভূমণ্ডলে বিচরণ করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষড়্বিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

উদ্ধব বলিলেন, হে ভক্তজনপালক প্রভো ভগবন্! ভক্ত সাধুগণ যে সাধনপ্রণালীর অনুষ্ঠানে আপনার অর্চ্চনা করিয়া থাকেন, সেই সকল ক্রিয়াযোগের বিষয় আমার নিকট কীর্ত্তন করুন্ ॥ ১ ॥

কারণ এতৎসম্বন্ধে দেবর্ষি নারদ, ভগবান্ ব্যাসদেব, অঙ্গিরা-নন্দন

আভাস।

সপ্তবিংশতি অধ্যায়ে সদ্যঃ চিত্ত-প্রসাদক ও সর্ব্বকাম-প্রাপ্তির হেতুভূত ক্রিয়াযোগের সংক্ষেপ বিবরণ বর্ণিত হইয়াছে ॥

নারদো ভগবান্ ব্যাস আচার্য্যোঽঙ্গিরসঃ সুতঃ ॥ ২ ॥
নিঃসৃতং তে মুখাম্ভোজাদ্‌যদাহ ভগবানজঃ।
পুত্রেভ্যো ভৃগুমুখোভ্যো দেব্যৈচ ভগবান্ ভবঃ ॥ ৩ ॥
এতদ্ধি সর্ব্ববর্ণানামাশ্রমাণাঞ্চ সম্মতং।
শ্রেয়সামুত্তমং মন্যে স্ত্রীশূদ্রাণাঞ্চ মানদ ॥ ৪ ॥
এতৎ কমলপত্রাক্ষ কর্ম্মবন্ধবিমোক্ষণং।

অন্বয়ঃ।

মননশীলাঃ বিবেকিনঃ চ মুহুঃ পুনঃ পুনঃ এতৎ ভগবদর্চ্চনং, এব নৃণাং নিশ্রেয়সং মঙ্গলকরং, ইতি বদন্তি ॥ ২ ॥

তে তব মুখাম্ভোজাৎ নিঃসৃতং ত্বদুপদিষ্টং, যৎ তত্ত্বং তৎ ভগবান্ অজঃ ব্রহ্মা, স্বস্য পুত্রেভ্যঃ তথা ভগবান্ ভবঃ মহাদেবঃ, দেব্যৈ পার্ব্বত্যৈ, অপি আহ ॥ ৩ ॥

হে মানদ! ব্রহ্মাদীনাং সম্মতং এতৎ ত্বৎপূজনং, এব সর্ব্ববর্ণানাং ত্রৈবর্ণিকানাং, আশ্রমাণাং স্ত্রীশূদ্রাণাং, শ্রেয়সাং ধর্ম্মাদিচতুর্বিধফলানাং, উত্তমং সাধনং অহং মন্যে ॥ ৪ ॥

হে কমলপত্রাক্ষ পদ্মপলাশলোচন! হে বিশ্বেশ্বরেশ্বর! এতৎ কর্ম্মবন্ধবিমোক্ষণং

শ্রীধরস্বামী।

অঙ্গিরসঃ সুতো বৃহস্পতিঃ ॥ ২ ॥

নিঃসৃতং ত্বয়োপদিষ্টমিত্যর্থঃ। দেব্যৈ পার্ব্বত্যৈ ॥ ৩ ॥

সর্ব্ববর্ণানাং ত্রৈবর্ণিকানাং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতৎ ত্বদর্চ্চনং ॥ ২—৪ ॥

দেবগুরু বৃহস্পতি এবং অন্যান্য বিবেকী মুনিগণও এই ভগবদর্চ্চনাকেই জীবের নিঃশ্রেয়সপ্রদ বলিয়া বারংবার উপদেশ দিয়াছেন ॥ ২ ॥

ভবদীয় মুখপদ্ম-বিনিঃসৃত এই পবিত্র উপদেশভাগ ভগবান্ কমলযোনিও তাঁহার মানসপুত্র ভৃগু প্রভৃতি মুনিবৃন্দকে প্রদান করিয়াছিলেন এবং অধিক কি! দেবাদিদেব ত্রিলোচনও ভবানীকে এইরূপ উপদেশই প্রদান করিয়াছিলেন ॥ ৩ ॥

হে মানদ! ব্রহ্মাদি দেবতাগণের অভিমত এই ভবদীয় পূজনকার্য্য যে, দ্বিজাতিবর্গের সকল বর্ণাশ্রমের এবং স্ত্রী ও শূদ্রগণের পক্ষেও ধর্ম্মাদি চতুর্ব্বিধ ফলপ্রাপ্তির সর্ব্বোৎকৃষ্ট উপায়, তাহা আমি বিলক্ষণ অবধারণ করিয়াছি ॥ ৪ ॥

হে পদ্মপলাশলোচন! এই বিশ্ব-সংসারে যিনি যতই ঐশ্বর্য্য ও সামর্থ্যের পরিচয়ে শ্রেষ্ঠত্বলাভ করিয়াছেন, সেই সকলের সর্ব্বশ্রেষ্ঠ এবং একমাত্র

ভক্তায় চানুরক্তায় ব্রূহি বিশ্বেশ্বরেশ্বর ॥ ৫ ॥
শ্রীভগবানুবাচ ॥
নহ্যন্তোঽনন্তপারস্য কর্ম্মকাণ্ডস্য চোদ্ধব।
সংক্ষিপ্তং বর্ণয়িষ্যামি যথাবদনুপূর্ব্বশঃ ॥ ৬ ॥
বৈদিকস্তান্ত্রিকো মিশ্র ইতি মে ত্রিবিধো মখঃ।

অন্বয়ঃ।

ত্বদারাধনং তব অনুরক্তায় ভক্তায় মহ্যং ব্রূহি ॥ ৫ ॥

শ্রীভগবান্ উবাচ। হে উদ্ধব! অনন্তপারস্য (নাস্তি অন্তঃ গ্রন্থতঃ, পারঃ চ অনুষ্ঠানতঃ চ যস্য তস্য) কর্ম্মকাণ্ডস্য অন্তঃ হি ন অস্তি; অতঃ যথাবৎ অনুপূর্ব্বশঃ ক্রমেণ, সংক্ষিপ্তং বর্ণয়িষ্যামি ॥ ৬ ॥

বৈদিকঃ, তান্ত্রিকঃ, মিশ্রঃ উভয়াত্মকঃ, ইতি মে মম মখঃ পূজা, ত্রিবিধঃ এব; তত্র ত্রয়াণাং

শ্রীধরস্বামী।

বিশ্বেশ্বরেশ্বর বিশ্বেশ্বরা যে তেষামীশ্বর ॥ ৫ ॥

কর্ম্মকাণ্ডস্য পূজাবিধানস্য নাস্ত্যন্তো গ্রন্থতঃ পারং বা অনুষ্ঠানতো যস্য তস্য ॥ ৬ ॥

বৈদিক এব মন্ত্রো বৈদিকান্যেবাঙ্গানি চ যস্মিন্ পুরুষসূক্তাদৌ স বৈদিকঃ। এবং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ ত্বং মদ্ভক্তঃ পরমানুরাগী ভবসি তবানেন কিং তত্রাহ ভক্তায়াপি অনুরক্তায়াপি ব্রূহি ॥ ৫ ॥

মদর্চ্চনলক্ষণস্য কর্ম্মকাণ্ডবিশেষস্য নাস্ত্যন্তঃ। যতোঽনন্তপারস্য নাস্ত্যন্তঃ শাস্ত্রতঃ পারঞ্চানুষ্ঠানতোঽপি যস্য ॥ ৬ ॥

বৈদিক এব মন্ত্রো বৈদিকান্যেবাঙ্গানি চ যস্মিন্ পুরুষসূক্তাদৌ স বৈদিকঃ। এবং

নিয়ন্তা আপনি মাত্র! আপনার নিকট কোন বিষয় অজ্ঞাত নাই। আমিও আপনার নিতান্ত শরণাগত আজ্ঞাবাহী ভক্ত! অতএব যাহাতে এই ঘোর কর্ম্মপাশ হইতে জীব অনায়াসে মুক্তিলাভ করিতে পারে, তাহারই উপায়-ভূত ভবদীয় আরাধনা কার্য্যের বিশেষ উপদেশ আমাকে প্রদান করুন্! ॥ ৫ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে উদ্ধব! কর্ম্মকাণ্ডের ইয়ত্তা নাই; এতৎ সম্বন্ধে গ্রন্থও অনন্ত এবং তাহার প্রকরণও অনন্ত। অতএব যথাবিধি প্রকরণ অনুসারে আমি অতি সংক্ষেপে বর্ণন করিতেছি, শ্রবণ কর! ॥ ৬ ॥

বৈদিক, তান্ত্রিক এবং উভয়মিশ্রিত ভেদে ভগবানের উপাসনার প্রণালী তিন প্রকার আছে। অর্থাৎ বেদমন্ত্র এবং বেদোক্ত দ্রব্য সামগ্রীর আয়োজনে অনুষ্ঠিত ক্রমটীকে বৈদিক; তান্ত্রিক মন্ত্র, যন্ত্র ও উপচারের দ্বারা অনুষ্ঠিত

ত্রয়াণামীপ্সিতেনৈব বিধিনা মাং সমর্চ্চয়েৎ ॥ ৭ ॥
যদা স্বনিগমেনোক্তং দ্বিজত্বং প্রাপ্য পুরুষঃ।
যথা যজেত মাং ভক্ত্যা শ্রদ্ধয়ৈতন্নিবোধ মে ॥ ৮ ॥
অর্চ্চায়াং স্থণ্ডিলেঽগ্নৌ বা সূর্য্যে বাপ্সু হৃদি দ্বিজঃ।
দ্রব্যেণ ভক্তিযুক্তোঽর্চ্চেৎ স্বগুরুং মামমায়য়া ॥ ৯ ॥

অন্বয়ঃ।

মধ্যে ঈপ্সিতেন অভিলষিতেন, অন্যতমেন বিধিনা প্রকারেণ মাং সমর্চ্চয়েৎ ॥ ৭ ॥

যদা (ত্রৈবর্ণিকঃ) পুরুষঃ স্বনিগমেন স্বাধিকারপ্রবৃত্তেন বেদেন উক্তং দ্বিজত্বং উপনয়নং, প্রাপ্য শ্রদ্ধয়া ভক্ত্যা চ যথা মাং যজেত পূজয়েৎ, তৎএতৎ প্রকারং, মে মত্তঃ, নিবোধ শৃণু ॥৮ ॥

অর্চ্চায়াং প্রতিমায়াং, স্থণ্ডিলে ভূমৌ, সূর্য্যে, অপ্সু বা হৃদি দ্রব্যেণ গন্ধপুষ্পাদিনা স্বগুরুং মাং, অমায়য়া ফলাভিসন্ধিলক্ষণকাপট্যত্যাগেন, দ্বিজঃ ভক্তিযুক্তঃ, এব অর্চ্চেৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তান্ত্রিকোঽপি। মিশ্রোঽষ্টাক্ষরাদিঃ মখঃ পূজা ॥ ৭ ॥

যদা ত্রৈবর্ণিকো যজেত তদা বিশেষমাহ যদেতি গর্ভাষ্টমৈকাদশাব্দিককালে স্বনিগমেন স্বাধিকারপ্রবৃত্তেন বেদেনোক্তং দ্বিজত্বমুপনয়নং ॥ ৮ ॥

অর্চ্চায়াং প্রতিমাদৌ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তান্ত্রিকঃ গোতমীয়তন্ত্রাদ্যুক্তঃ। মিশ্রোঽষ্টাক্ষরাদিরুভয়োক্তঃ মখঃপূজা ত্রয়াণাং মধ্যে যদীপ্সিতং তেনৈব ॥ ৭ ॥

স্বনিগমেন স্বাধিকারপ্রবৃত্তেন বেদেনোক্তং দ্বিজত্বং প্রাপ্য পুরুষঃ যদা যথা যজেত তন্নিবোধেত্যন্বয়ঃ ॥ ৮ ॥　　অর্চ্চায়াং প্রতিমায়াং ॥ ৯ ॥

প্রকরণকে তান্ত্রিক বলা যায় এবং এই উভয় প্রণালী ও উপচারের আয়োজনে প্রতিপাদিত প্রকরণকে মিশ্র-প্রণালী কহা যায়। ইহার মধ্যে স্বীয় অভিপ্রায় অনুসারে যে কোন প্রণালী অবলম্বনে মানব আমার অর্চ্চনা করিতে অগ্রসর হইবে, তাহাতেই শ্রেয়োলাভ হয়, সন্দেহ নাই ॥ ৭ ॥

ব্রাহ্মণাদি বর্ণত্রয় স্ব স্ব অধিকারানুরূপ বেদোক্ত প্রণালীর দ্বারা উপনীত হইয়া, শ্রদ্ধা ও ভক্তি-সহকারে যে যে প্রকরণের অনুষ্ঠানে আমার অর্চ্চনা করিবেন, তাহা আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি, শ্রবণ কর। ॥ ৮ ॥

দ্বিজাতিগণ কর্ম্মফলের প্রতি আসক্তি পরিত্যাগ পূর্ব্বক ভগবৎস্বরূপ আমাকে অর্চ্চনা করিবার নিমিত্ত, গন্ধপুষ্পাদি বিবিধ উপচারের দ্বারা প্রতিমা, স্থণ্ডিলে (ভূমিতে) সূর্য্যমণ্ডলে, জলে বা স্বীয় হৃদয়-মন্দিরে ভক্তি পূর্ব্বক

পূর্ব্বং স্নানঞ্চ কুর্ব্বীত ধৌতদন্তোঽঙ্গশুদ্ধয়ে।
উভয়ৈরপিচ স্নানং মন্ত্রৈর্মৃদ্গ্রহণাদিভিঃ॥ ১০॥
সন্ধ্যোপাস্ত্যাদি কর্ম্মাণি বেদেনাচোদিতানি মে।
পূজাং তৈঃ কল্পয়েৎ সম্যক্ সংকল্পঃ কর্ম্মপাবনীং॥ ১১॥
শৈলী দারুময়ী লৌহী লেপ্যা লেখ্যা চ সৈকতা।

অন্বয়ঃ।

তত্র পূর্ব্বং ধৌতদন্তঃ সন্ অঙ্গশুদ্ধয়ে উভয়ৈঃ বৈদিকতান্ত্রিকমন্ত্রৈঃ, মৃদ্গ্রহণাদিভিঃ দেহে মৃদ্গোময়লেপনাদিভিঃ, স্নানং কুর্ব্বীত॥ ১০॥

যস্য যানি সন্ধ্যোপাস্ত্যাদিকর্ম্মাণি সন্ধ্যোপাসনাদীনি কর্ম্মাণি বেদেন আচেদিতানি সাকল্যেন বিহিতানি, তৈঃ সহ সম্যক্‌সংকল্পঃ পূর্ণমনোরথঃ, সন্ কর্ম্মপাবনীং কর্ম্মপাশবিমোচনীং, মে মম, পূজাং কল্পয়েৎ কুর্য্যাৎ॥ ১১॥

শৈলী শিলাময়ী, লৌহী সুবর্ণাদিময়ী, লেপ্যা মৃচ্চন্দনাদিভিঃ ভিত্তৌ লিখিতা, লেখ্যা

শ্রীধরস্বামী।

স্নানে বিশেষমাহ উভয়ৈর্বৈদিকৈস্তান্ত্রিকৈশ্চ মন্ত্রৈঃ॥ ১০॥

কিঞ্চ। সন্ধ্যোপাসনাদীনি কর্ম্মাণি আচোদিতানি সাকল্যেন বিহিতানি যস্য যানি তৈঃ সহ মে পূজাং কুর্য্যাৎ নতু তানি পরিত্যজ্যেত্যর্থঃ। সম্যক্ পরমেশ্বরবিষয় এব সংকল্পো যস্য তথাভূতঃ সন্। কর্ম্মপাবনীং কর্ম্মনির্হারিণীং॥ ১১॥

অর্চ্চাভেদানাহ সার্দ্ধেন। শৈলী শিলাময়ী, লোহী সুবর্ণদিধাতুময়ী, লেপ্যা মৃচ্চন্দনাদি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উভয়ৈর্বৈদিকৈস্তান্ত্রিকৈশ্চ মন্ত্রৈঃ॥ ১০॥

চোদনাচোদিতানি শাস্ত্রবিহিতানি যানি তৈঃ সহ পূজাং কল্পয়েৎ কুর্য্যাৎ স এব সম্যক্‌-সংকল্পঃ পূর্ণমনোরথঃ। কর্ম্মপাবনীং কর্ম্মনির্হারিণীং॥ ১ ॥

আরাধনা করিতে পারেন॥ ৯॥

সর্ব্বাগ্রে দন্তধাবন পূর্ব্বক স্নান করা বিধেয়; স্নানকালে বৈদিক ও তান্ত্রিক মন্ত্রের দ্বারা মৃত্তিকা ও গোময়াদি অঙ্গে লেপন করত দেহশুদ্ধির জন্য অবগাহন স্নান করা বিধেয়॥ ১০॥

ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের মধ্যে যে বর্ণের প্রতি যেরূপ বৈদিক সন্ধ্যাবন্দনাদির ব্যবস্থা আছে, যথাবিধি মন্ত্রাদি পূর্ব্বক সেই সকল সমাপন করিয়া, কর্ম্মপাশ-বিমোচনী মদীয় পূজার অনুষ্ঠান করিবেন॥ ১১॥

শিলাময়ী, সুবর্ণাদি ধাতুময়ী, মৃত্তিকা বা চন্দনাদির লেপনে প্রস্তুত করা, চিত্রপট, সিকতাময়ী, মনোময়ী এবং মণিময়ী ভেদে অষ্টবিধ প্রতিমাতে আমার

মনোময়ী মণিময়ী প্রতিমাষ্টবিধা স্মৃতা ॥ ১২ ॥
চলাচলেতি দ্বিবিধা প্রতিষ্ঠা জীবমন্দিরং।
উদ্বাসাবাহনে ন স্তঃ স্থিরায়ামুদ্ধবার্চ্চনে ॥ ১৩ ॥
অস্থিরায়াং বিকল্পঃ স্যাৎ স্থণ্ডিলেতু ভবেদ্দ্বয়ং।

অন্বয়ঃ।

চিত্ররূপা, সৈকতা সিকতাময়ী, মনোময়ী মনসৈব চিন্তিতা, তথা মণিময়ী চ ইতি অষ্টবিধা প্রতিমা স্মৃতা ॥ ১২ ॥

প্রতিষ্ঠা (প্রকর্ষেণ তিষ্ঠতি অস্যামিতি প্রতিষ্ঠা প্রতিমা) পুনঃ চলা অচলা চ ইতি দ্বিবিধা; (তত্র মনোময়ীপ্রতিমায়াস্তু) জীবঃ জীবস্থানং এব মন্দিরং। তত্র হে উদ্ধব! স্থিরায়াং (মন্দিরে প্রতিষ্ঠাপূর্ব্বকস্থাপিতায়াং) অর্চ্চনে উদ্বাসাবাহনে (উদ্বাসঃ বিসর্জ্জনং আবাহনঞ্চ) ন স্তঃ ॥ ১৩ ॥

অস্থিরায়াং তু (উদ্বাসাবাহনয়োঃ) বিকল্পঃ স্যাৎ। তত্রাপি শালগ্রামে তু ন কুর্য্যাৎ স্থণ্ডিলে

শ্রীধরস্বামী।

ময়ী। হৃদি পূজায়াং মনোময়ী ॥ ১২ ॥

প্রকর্ষেণ তিষ্ঠত্যস্যামিতি প্রতিষ্ঠা প্রতিমৈব জীবস্য ভগবতো মন্দিরং। যদ্বা। প্রতিষ্ঠয়া কলান্যাসেন ভগবন্মন্দিরং ভবতীতি। প্রতিমাভেদেন বিশেষমাহ সার্দ্ধেন উদ্বাসো বিসর্জ্জনং স্থিরায়ামর্চ্চনে ॥ ১৩ ॥

বিকল্পঃ শালগ্রামে ন কুর্য্যাৎ। সৈকতায়াং কুর্য্যাৎ। অন্যত্র কুর্য্যাদ্বা ন বেতি। অবিলে-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতিমাভেদেন'হ শৈলী শিলাময়ী। লোহী স্বর্ণাদিময়ী ॥ ১২ ॥

প্রকর্ষেণ স্থীয়তেঽস্যামিতি প্রতিষ্ঠা প্রতিমা জীবমন্দিরং সর্ব্বজীবানামাশ্রয়ঃ সাক্ষাদহমেবেত্যর্থঃ। সা চাচলা শ্রীজগন্নাথাদিঃ। চলা বালমুকুন্দাদিঃ। উদ্বাসো বিসর্জ্জনঞ্চ আবাহনঞ্চ তে স্থিরায়াং অচলায়াং চলায়াঞ্চ ন স্ত ইতি প্রতিষ্ঠাসময়ে এব নিত্যস্থায়িত্বেনাবাহনাৎ। অস্থিরায়ামস্থৈর্য্যস্বভাবায়াং সৈকত্যাং লেপ্যায়াঞ্চ বিকল্পঃ। সা যদি কতিচিদ্দিনানি স্থিরীকৃতা স্যাত্তদা ভক্তিবিশ্বাসভেদবশাৎ কশ্চিন্ন কুরুতে অন্যথাতু কুরুতে চ। শালগ্রামেতু নৈব কুর্য্যাৎ। স্থণ্ডিলে উপলিপ্তস্থলে স্থিত্যুপলক্ষণং। সৈকত্যামপি কুর্য্যাদেবেত্যর্থঃ ॥ ১৩ ॥

অর্চ্চনার বিধান আছে ॥ ১২ ॥

প্রাণ-প্রতিষ্ঠাদির দ্বারা ভগবদ্ভাবের আবির্ভাব হয়, এরূপ প্রতিমাও চলা ও অচলাভেদে দুই প্রকার। মনোময়ী জীবের হৃদয়রূপ প্রতিমাতে ভগবান্ নিত্যপ্রতিষ্ঠিত; তাদৃশ নিত্যপ্রতিষ্ঠিত প্রতিমাতে আর নিত্য আবাহন বা বিসর্জ্জনের প্রয়োজন নাই ॥ ১৩ ॥

স্নপনন্ত্ববিলেপ্যায়ামন্যত্র পরিমার্জ্জনং ॥ ১৪ ॥
দ্রব্যৈঃ প্রসিদ্ধৈ র্মদ্‌যাগঃ প্রতিমাদিষমায়িনঃ।
ভক্তস্য চ যথালব্ধৈর্হৃদি ভাবেন চৈব হি ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

তু তৎ স্বয়ং ভবেদেব। অবিলেপ্যায়াং মৃণ্ময়লেখ্যব্যতিরিক্তায়াং, স্নপনং স্যাৎ; অন্যত্র বিলেপ্যায়াং বিলেখ্যায়াং, চ পরিমার্জ্জনং এব ভবেৎ ॥ ১৪ ॥

প্রসিদ্ধৈঃ শাস্ত্রবিহিতৈঃ, যথালব্ধৈঃ দেশকালবিত্তানুসারেণ প্রাপ্তৈঃ, দ্রব্যৈঃ অমায়িনঃ নিষ্কামস্য, ভক্তস্য প্রতিমাদিষু মদ্‌যাগঃ মম পূজনং ভবতি। হৃদি তু মদ্‌যাগঃ ভাবেন (মনোময়ৈঃ এব দ্রব্যৈঃ) হি তু ভবতি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

প্যায়াং মৃণ্ময়লেখ্যব্যতিরিক্তায়াং অন্যত্র বিলেপ্যায়াং লেখ্যায়াঞ্চ পরিমার্জ্জনমেব ॥ ১৪ ॥

ইদানীং সকামনিষ্কামভেদেন বিশেষমাহ দ্রব্যৈরিতি। প্রকর্ষেণ সিদ্ধৈঃ সুশোভনৈঃ। অমায়িনো নিষ্কামস্য ভক্তস্যতু যথালব্ধৈঃ যত্র চন্দনাদি সর্ব্বদা ন লভ্যতে তত্র হৃদি ভাবেন ভাবনয়া। যদ্বা হৃদিচেন্মদ্‌যাগস্তদা ভাবেন মনোময়ৈর্দ্রব্যৈরিত্যর্থঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিলেপ্যায়াং লেপ্যলেখ্যমূর্ত্তিব্যতিরিক্তায়াং স্নপনং অন্যত্র লেপ্যলেখ্যয়োস্তথা দারুময্যাঞ্চ পরিমার্জ্জনমেব ॥ ১৪ ॥

প্রসিদ্ধৈঃ প্রকর্ষেণ ধনাদিসিদ্ধৈঃ খণ্ডঘৃতচন্দনকুঙ্কুমাদিভিঃ। অমায়িনো নিস্পৃহস্য ভক্তস্য তু যথালব্ধৈর্যদৃচ্ছয়া প্রাপ্তৈর্দ্রব্যৈ হৃদি ভাবেন ভাবনয়া চ মনসৈবোপস্থাপিতৈর্হৃল ভৈরপি সুরভিপয়ঃপরমান্নাদিভিরপীত্যর্থঃ ॥ ১৫ ॥

অস্থিরা প্রতিমাতে কেবল আবাহন এবং বিসর্জ্জনের নিত্য আবশ্যক হয়; তন্মধ্যে শালগ্রামশিলায় আবাহন বা বিসর্জ্জন নাই। স্থণ্ডিলে এই দুইটীই প্রয়োজন। মৃণ্ময়ী লেখ্যা ও চিত্রে স্নানের প্রয়োজন নাই; কিন্তু লেপননির্ম্মিতা প্রতিমাতে স্নানের পরিবর্ত্তে, মার্জ্জন করিতে হইবে মাত্র। ১৪ ॥

শাস্ত্রবিহিত এবং দেশ, কাল ও বিত্তানুসারে সংগৃহীত দ্রব্য সামগ্রীর আয়োজনে নিষ্কাম ভক্তি-সহকারে প্রতিমাসমূহে মদীয় পূজা হইয়া থাকে। জীবের হৃদয়রূপ মনোময়ী প্রতিমাতে ভগবদারাধনার্থ কোন উপচারের অপেক্ষা নাই; বিশুদ্ধভাবই তথায় পূজার উৎকৃষ্ট উপচার ॥ ১৫ ॥

হে উদ্ধব! প্রতিমাকে স্নান করাইয়া, বেশ ভূষার দ্বারা শোভিত করাই সেব্য-সেবকের তৃপ্তির কারণ হয়; এবং প্রধান অঙ্গকে লক্ষ্য করিয়া, তাহাতে অধিষ্ঠিত দেবতার উল্লেখ পূর্ব্বক মন্ত্রোচ্চারণে প্রতিমায় প্রাণাদির প্রতিষ্ঠা

স্নানালঙ্করণং শ্রেষ্ঠমর্চ্চায়ামেতদুদ্ধব।
স্থণ্ডিলে তত্ত্ববিন্যাসো বহ্নাবাজ্যাপ্লুতং হবিঃ॥
সূর্য্যে চাভ্যর্হণং শ্রেষ্ঠং সলিলে সলিলাদিভিঃ॥ ১৬॥

অন্বয়ঃ।

হে উদ্ধব! স্নানালঙ্করণং চ অর্চ্চায়াং এব শ্রেষ্ঠং (সেবকস্য প্রিয়ং); স্থণ্ডিলে তু তত্ত্ব-বিন্যাসঃ (যথাস্থানং অঙ্গপ্রধানদেবানাং তত্তন্মন্ত্রৈঃ স্থাপনং) তথা বহ্নৌ আজ্যাপ্লুতং হবিঃ, সূর্য্যে অভ্যর্হণং উপস্থানার্ঘ্যাদি, তথা সলিলে সলিলাদিভিঃ পূজনং এব শ্রেষ্ঠং প্রিয়ং॥ ১৬॥

শ্রীধরস্বামী।

অধিষ্ঠানভেদেন প্রধানোপচারমাহ স্নানেতি সার্দ্ধেন। তত্ত্ববিন্যাসো যথাস্থানমঙ্গপ্রধান-দেবতানাং তত্তন্মন্ত্রৈঃ স্থাপনমভ্যর্হণং। উপস্থানার্ঘ্যাদিনা পূজনং শ্রেষ্ঠমিতি সর্ব্বত্র সম্বধ্যতে সলিলাদিভিস্তর্পণাদিনা যজনং॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রেবর্ত্তী।

তত্ত্বানামঙ্গপ্রধানদেবতানাং বিশেষতো যথাস্থানং ন্যাসস্তত্তন্মন্ত্রৈঃ স্থাপনমাত্রং নত্বলঙ্করণা-দিকং। আজ্যেন প্লুতং সিক্তং হবিস্তিলাদিকং যজ্ঞিয়ং বস্তু॥

অভ্যর্হণং অর্ঘ্যোপস্থাপনাদি। সলিলেতু সলিলাদিভিরেব যজনং॥ ১৬॥

করা কর্ত্তব্য। হুতাশনে ঘৃতপ্লুত সমিধপ্রদান, সূর্য্যে উপস্থান ও অর্ঘ্য-প্রদান, এবং জলে জলাদি উপচার-প্রদানে ভগবানের অর্চ্চনা করিলেই তাঁহার প্রসন্নতা লাভ করা যায়॥ ১৬॥

আভাস।

উদ্ধবের প্রার্থনানুসারে ভগবান্ শ্রীকৃষ্ণ ক্রিয়াযোগের মাহাত্ম্য প্রকাশার্থ পরিচয় দিয়াছেন যে, ক্রিয়াযোগই জীবের জন্ম এবং মুক্তির এক মাত্র উপায়। জ্ঞান বা ভক্তি সমস্তই ক্রিয়ার অধীন; ক্রিয়ার অনুষ্ঠান না করিলে, কাল্পনিক জ্ঞান বা ভক্তির অনুশীলনে প্রকৃত প্রস্তাবে কোনরূপ ফলোদয়ের সম্ভাবনা নাই: অথচ প্রকৃত জ্ঞান বা ভক্তি না থাকিলেও কেবল ক্রিয়াযোগের প্রভাবে জীব প্রকৃত জ্ঞান এবং ভক্তি লাভে কৃতার্থ হইতে পারে। গীতাতেও উক্ত আছে, "নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ।" নিরন্তর কর্ম্ম করাই মানবের এক মাত্র কর্ত্তব্য; তাহা হইলে জ্ঞান ও ভক্তি আপনা হইতেই প্রাপ্ত হওয়া যায়; কিন্তু জ্ঞান বা ভক্তির প্রাপ্তিকামনায় তৎপ্রতি লক্ষ্য করিয়া, নিশ্চিন্তমনে ক্রিয়াযোগের অনুষ্ঠানে উদাসীন থাকিলে, কখনই তাহার প্রাপ্তি ঘটে না। একটী সুপক্ক অম্র হস্তে লইয়া সহস্র অম্রের প্রত্যা-শায় যদি তাহারই প্রতি কৃষক অবলোকন করিতে থাকে, তাহা হইলে শত বৎসরেও যেমন তাহার সাধ মিটে না; কিন্তু আপাতত অম্রফলটীর মধুর আস্বাদ বা বীজস্বরূপের প্রতি বিশেষ মমতা না করিয়া, যত্নপূর্ব্বক মৃত্তিকাতে তাহা প্রোথিত করত সাবধানে জলসিঞ্চনাদি ব্যাপারে নিযুক্ত থাকিলে, অম্রবৃক্ষের জননে অনন্ত ফল ধারণ করে; সেইরূপ মুক্তিস্বরূপ বা ভক্তিস্বরূপ

শ্রদ্ধয়োপহৃতং প্রেষ্ঠং ভক্তেন মম বার্য্যপি।
ভূর্য্যপ্যভক্তোপহৃতং ন মে তোষায় কল্পতে ॥
গন্ধো ধূপঃ সুমনসো দীপোঽন্নাদ্যঞ্চ কিং পুনঃ ॥ ১৭ ॥
শুচিঃ সম্ভৃতসম্ভারঃ প্রাগ্দর্ভৈঃ কল্পিতাসনঃ।

অন্বয়ঃ।

ভক্তেন শ্রদ্ধয়া উপহৃতং আনীতং, বারিমাত্রং অপি মম প্রেষ্ঠং প্রিয়ং, ভবতি; অশ্রদ্ধয়া দত্তং ভূরি অপি গন্ধাদিকং মে মম তোষায় ন কল্পতে। অতঃ গন্ধঃ ধূপঃ সুমনসঃ দীপঃ অন্নাদ্যং চ শ্রদ্ধয়া দত্তং চেৎ মম প্রেষ্ঠং ভবতি তত্র পুনঃ কিং বক্তব্যং ॥ ১৭ ॥

প্রাগেব সম্ভৃতসম্ভারঃ (সম্ভৃতাঃ সম্ভারাঃ পূজাসাধনানি যেন সঃ) প্রাগ্দর্ভৈঃ কল্পিতাসনঃ

শ্রীধরস্বামী।

সর্ব্বত্র সাধারণমাহ শ্রদ্ধয়েতি সার্দ্ধেন ॥ ১৭ ॥

এবমধিকারাদিব্যবস্থামুক্ত্বা ইদানীং পূজাপ্রকারমাহ শুচিরিতি। সম্ভৃতাঃ সম্ভারাঃ পূজাসাধনানি যেন সঃ প্রাগগ্রৈর্দর্ভৈঃ। যদ্বা। প্রাগেব সম্ভৃতসম্ভারঃ সন্নাসীনঃ নত্বাসীনঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুমনসঃ পুষ্পাণি ॥ ১৭ ॥

ইদানীং পূজাপ্রকারমাহ শুচিরিতি। প্রাগুদগ্রা প্রাঙ্মুখ উদঙ্মুখো বা অর্চ্চায়ামচলায়াং

ভক্ত যদি সামান্য বারি মাত্রও শ্রদ্ধা সহকারে আমার উদ্দেশে প্রদান করে, তাহাও আমি প্রিয় বলিয়া জ্ঞান করি; কিন্তু প্রচুর পরিমাণে অপূর্ব্ব গন্ধাদি দ্রব্য সামগ্রীও যদি অশ্রদ্ধাপূর্ব্বক প্রদান করে, তাহাতে আমার কিছুমাত্র সন্তোষ লাভ হয় না। অতএব গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্যাদি উপচার সামগ্রী বিশেষ শ্রদ্ধাসহকারে প্রদত্ত হইলে যে আমার তৃপ্তি সাধন তাহাতে হইবে, সে বিষয়ে আর সন্দেহ কি? ॥ ১৭ ॥

ভগবদারাধনার্থ উপবেশন করিবার পুর্ব্বে পূজাদ্রব্য সংগ্রহ পূর্ব্বক নিজের সমীপে প্রস্তুত রাখিবে! এবং নিজে স্নানাদি দ্বারা পবিত্র হইয়া, স্বয়ং

আভাস।

আপাতত মনোরম ভাবের মাধুর্য্যের প্রতি লক্ষ্য না করিয়া, বীজরূপে উভয়কে গ্রহণ করত ক্রিয়াযোগরূপ ভূমিতে তাহা প্রোথিত করা যায়, তাহা হইলে কালক্রমে উহাতে যে অনন্ত মুক্তি ও ভক্তি প্রসূত হইবে, তাহাতে আর সন্দেহ নাই। ভগবান্ অর্জ্জুনকে লক্ষ্য করত বলিয়াছেন, "নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে। তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি ॥" জ্ঞানের সদৃশ পবিত্র বস্তু নাই বটে, কিন্তু জ্ঞান হউক্। বলিয়া বসিয়া থাকিলে, জ্ঞানলাভের কোন্ সম্ভাবনা নাই। জ্ঞানলাভের প্রতি আশা করিলে, যোগে সিদ্ধ হওয়া প্রয়োজন। সেই সিদ্ধিই ক্রিয়াযোগ। ক্রিয়াযোগে সিদ্ধ হইতে পারিলে, জ্ঞান আপনা

আসীনঃ প্রাগুদগ্বার্চ্চেদর্চ্চায়াং ত্বথ সম্মুখঃ ॥ ১৮ ॥
কৃতন্যাসঃ কৃতন্যাসাং মদর্চ্চাং পাণিনা মৃজেৎ।
কলসং প্রোক্ষণীয়ঞ্চ যথাবদুপসাধয়েৎ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

(কল্পিতং আসনং যেন সঃ স্নানাদিনা) শুচিঃ প্রাঙ্মুখঃ উদঙ্মুখঃ বা আসনে আসীনঃ, (স্থিরায়াং) অর্চ্চায়াং তু সম্মুখঃ (অর্চ্চাভিমুখঃ উপবিষ্টঃ) অথ অর্চ্চেৎ ॥ ১৮ ॥

(অথ গুর্ব্বাদিনমস্কারপূর্ব্বকং যথোপদেশং স্বস্মিন্) কৃতন্যাসঃ (কৃতগাঙ্গকরন্যাসঃ ভক্তঃ, কৃতন্যাসাং (কৃতঃ মূলমন্ত্রন্যাসঃ যস্যাং তাং) মদর্চ্চাং পাণিনা মৃজেৎ (নির্ম্মাল্যাদ্যপকর্ষণাদিনা শোধয়েৎ); কলসং পূর্ণকুম্ভং, প্রোক্ষণীয়ং প্রোক্ষণার্থোদকপাত্রং, চ যথাবৎ উপসাধয়েৎ চন্দন-পুষ্পাদিভিঃ সংস্কুর্য্যাৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

সন্ পশ্চাত্তত্তংসস্তারার্থং বারংবারমুত্তিষ্ঠেদিত্যর্থঃ। প্রাঙ্মুখো উদঙ্মুখো বা আসীনো অর্চ্চায়াস্তু স্থিরায়াং সম্মুখঃ অর্চ্চাভিমুখঃ উপবিষ্টঃ সন্ ॥ ১৮ ॥

অনন্তরং গুর্ব্বাদিনমস্কারপূর্ব্বকং যথোপদেশং স্বস্মিন্ কৃতন্যাসঃ কৃতো মূলমন্ত্রন্যাসো যস্যাং তাং মমার্চ্চামামৃজেৎ নির্ম্মাল্যাদ্যপকর্ষণাদিনা শোধয়েৎ। কলসং পূর্ণকুম্ভং প্রোক্ষণীয়ং প্রোক্ষণার্থমুদকপাত্রং উপসাধয়েৎ চন্দনপুষ্পাদিভিঃ সংস্কুর্য্যাৎ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তু সম্মুখঃ অর্চ্চায়ামভিমুখঃ ॥ ১৮ ॥

ততশ্চ গুর্ব্বাদিনমস্কারপূর্ব্বকং যথোপদেশং স্বস্মিন্ কৃতন্যাসঃ। কৃতো মূলমন্ত্রেণ ন্যাসো যস্যাং তাং। মমার্চ্চাং নির্ম্মাল্যাদিদূরীকরণেন শোধয়েৎ। প্রোক্ষণীয়ং প্রোক্ষণীয়োদক-পাত্রং উপসাধয়েৎ পুষ্পাদিভিঃ সংস্কুর্য্যাৎ ॥ ১৯ ॥

পূর্ব্বাভিমুখী বা উত্তরাভিমুখী হইয়া প্রতিমাকে সম্মুখবর্ত্তী করত কুশ নির্ম্মিতাদি বিহিত আসনে উপবেশন করিবেন এবং ভগবানের আরাধনা আরম্ভ করিবেন ॥ ১৮ ॥

পরে গুরুকে প্রণাম পূর্ব্বক অঙ্গন্যাস ও করন্যাস করিতে হয়; অনন্তর মূল মন্ত্রের উচ্চারণে প্রতিমাতেও অঙ্গন্যাসাদি করিয়া, হস্তমার্জ্জন দ্বারা

আভাস।

হইতেই হৃদয়-মন্দিরে উদিত হয়; তজ্জন্য অন্য কোন প্রয়াসের প্রয়োজন নাই। এই ক্রিয়া-যোগই মানবজীবনের একটী অপূর্ব্ব রহস্য; যাহার অনুরোধে, মানব ইতর যোনির কথা দূরে থাকুক্! দেবযোনির সমীপেও অসূয়ার ভাজন হইয়া থাকে। দেবতাগণও মানব-জীবনের প্রাপ্তিকামনায় প্রার্থনা করিয়া থাকেন। কিন্তু সেই ক্রিয়াযোগ কেবল কর্ম্মনামে অভিহিত নহে; কারণ সৎ ও অসৎভেদে সাধারণত কর্ম্মও দুই শ্রেণীতে বিভক্ত। তন্মধ্যে

তদদ্ভির্দ্দেবযজনং দ্রব্যাণ্যাত্মানমেব চ।
প্রোক্ষ্য পাত্রাণি ত্রীণ্যদ্ভিস্তৈস্তৈর্দ্রব্যৈশ্চ সাধয়েৎ॥

অন্বয়ঃ।

তদদ্ভিঃ প্রোক্ষণীয়জলৈঃ দেবযজনং দেবপূজাস্থানাদিকং, দ্রব্যাণি, আত্মানং স্বদেহং, এব চ প্রোক্ষ্য (দেশিকঃ পূজকঃ, পাদ্যাদ্যর্থং) ত্রীণি পাত্রাণি অদ্ভিঃ কলশোদকৈঃ (পূরিতানি) তৈঃ তৈঃ দ্রব্যৈঃ চ সাধয়েৎ॥

শ্রীধরস্বামী।

তদদ্ভিঃ প্রোক্ষণীয়াদ্ভিঃ দেবযজনং দেবপূজাস্থানং। পাদ্যাদ্যর্থং ত্রীণি পাত্রাণি কলসোদকৈঃ পূরিতানি তৈস্তৈর্দ্রব্যৈশ্চ সাধয়েৎ তত্র পাদ্যাদিদ্রব্যাণি। পাদ্যেশ্যামাক-দূর্ব্বাব্জ-বিষ্ণু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদদ্ভিঃ প্রোক্ষণীয়াভিরদ্ভির্দেবযজনং দেবপূজাস্থানং তৈস্তৈর্দ্রব্যৈরিতি। পাদ্যং শ্যামাক-দূর্ব্বাব্জবিষ্ণুক্রান্তাভিরিষ্যতে। গন্ধপুষ্পাক্ষতযবকুশাগ্রতিলসর্ষপাঃ। দূর্ব্বা চেতি ক্রমাদর্ঘ্য-দ্রব্যাষ্টকমুদীরিতং। জাতীলবঙ্গককোলৈর্মতমাচমনীয়কমিতি॥

প্রতিমার অঙ্গ হইতে নির্ম্মাল্যাদির অপসারণে অঙ্গ সংস্কার করিবে। তদনন্তর একটী জলপূর্ণ কুম্ভ ও প্রোক্ষণার্থ উদকপাত্র স্থাপন পূর্ব্বক চন্দন ও পুষ্পাদির দ্বারা যথাবিধি তাহা সংস্কৃত করিবে॥ ১৯॥

ইহার পর প্রোক্ষণীয় উদকপাত্র হইতে জল লইয়া, পূজার স্থান, পূজাদ্রব্য এবং স্বীয় কলেবর প্রোক্ষণ পূর্ব্বক, পাদ্য অর্ঘ্য ও আচমনীয়ার্থ তিনটী পাত্র পূর্ণ করিবে। এতদ্ব্যতীত শাস্ত্রোক্ত মাঙ্গল্য দ্রব্যও ঐ পাত্রত্রয়ে প্রদান করিবে॥

আভাস।

সৎকর্ম্মই ক্রিয়াযোগ এবং অসৎকর্ম্মই ক্রিয়াভোগ নামে আখ্যাত করিতে হইবে। সৎকর্ম্মের দ্বারা মুক্তি এবং অসৎ কর্ম্মের দ্বারাই ভোগ বা সংসার আনীত হয়। কিন্তু কোন্ কর্ম্ম সৎ এবং কোন্টাই বা অসৎ ইহার প্রকৃত স্বরূপ ব্যবহারিক জীবের পক্ষে নিরূপণ করা নিতান্তই দুরূহ। কারণ সত্যকথন চিরকাল সৎকর্ম্ম বলিয়া প্রথিত থাকিলেও, সময়ে সময়ে তাহাই আবার বিশেষ অনিষ্টের কারণ হইয়া, অসৎ নামে অভিহিত হইতে পারে। সুতরাং কর্ম্মস্বরূপের সাধারণ ভাবের প্রতি তীক্ষ্ণ দৃষ্টি করিয়া পাছে আমরা তাহার সদসৎ ভাবকে ধারণা করিতে না পারি, সেইজন্য গোবিন্দ অর্জ্জুনকে বলিলেন, "কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।" ইন্দ্রিয়নিচয়ের দাসত্ব স্বীকারে ভোগপরতন্ত্র না হইয়া, তাহাদের সকলের বিপক্ষে চিত্তকে সংযত করত যে কোন কর্ম্মের অনুষ্ঠান করিবে, তাহাই সৎ এবং ভোগপরতন্ত্র হইয়া যে কোন ক্রিয়ার অনুশীলন করিবে, তাহাই অসৎ। অতএব চিত্তের সংযম করা বা না করাই সৎ বা অসতের পরিচয়। চিত্তের সংযম না করিয়া, ভোগপরতন্ত্র হইলে যে কি দুর্গতি লাভ করিতে হয়, ঐলরাজই তাহার যথেষ্ট দৃষ্টান্তস্থল। এবং চিত্তকে

পাদ্যার্ঘ্যাচমনীয়ার্থং ত্রীণি পাত্রাণি দেশিকঃ।
হৃদা শীর্ষ্ণা চ শিখয়া গায়ত্র্যা চাভিমন্ত্রয়েৎ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

তত্র পাদ্যার্ঘ্যাচমনীয়ার্থং তানি ত্রীণি পাত্রাণি দেশিকঃ আচার্য্যঃ, যথাক্রমং হৃদা শীর্ষ্ণা, শিখয়া; হৃদয়ায় নমঃ, শিরসে স্বাহা, শিখায়ৈ বষট্ ইত্যাদিমন্ত্রৈঃ গায়ত্র্যা চ অভিমন্ত্রয়েৎ ॥২০॥

শ্রীধরস্বামী।

ক্রোন্তাদিরিষ্যতে গন্ধপুষ্পাক্ষত যব-কুশাগ্র-তিল-সর্ষপাঃ। দূর্ব্বা চেতি ক্রমাদর্ঘ্যদ্রব্যাষ্টক-মুদীরিতং। জাতীলবঙ্গককোলৈর্যুতমাচমনীয়কমিতি তানিচ ত্রীণি পাত্রাণি যথাক্রমং হৃদয়াদিমন্ত্রৈর্গায়ত্র্যাচ সর্ব্বাণ্যভিমন্ত্রয়েৎ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

তানি চ ত্রীণি। দেশিকঃ পূজকঃ। ক্রমেণ হৃদয়াদিমন্ত্রৈঃ গায়ত্র্যা চ ॥ ২০ ॥

পরে সেই পাদ্য, অর্ঘ্য ও আচমনীয় পাত্র করাগ্রের দ্বারা স্পর্শ পূর্ব্বক আচার্য্য বা যজমান "হৃদয়ায় নমঃ, শিরসে স্বহা," এবং "শিখায় বষট্," এই মন্ত্রম দ্বারা গায়ত্রীপাঠ পূর্ব্বক মন্ত্রপূত করিবেন ॥ ২০ ॥

আভাস।

সংযত করিয়া ক্রিয়ার অনুষ্ঠান করিলে, মানব যে কতদূর উন্নতি লাভ করিতে পারে, তাহারই পরিচয় এই অধ্যায়ে ব্যাসলেখনি আশ্রয়ে ভগবান্ প্রকাশ করিয়াছেন। অসংযতচেতা পুরুষ সমগ্র সংসারের উপর প্রভুত্ব স্থাপনে ভগবানকে পর্য্যন্ত যে বাধ্য করিতে পারেন, তাহাই এই ক্রিয়াযোগ-প্রকরণে পূজাপ্রণালী অবলম্বনে ভগবান্ উদ্ধবকে উপদেশ দিয়াছেন। মানব সংযতচেতা হইলে যে, কি অনুপম সামর্থ্য সংগ্রহ করিতে পারে এবং কিরূপ বশিত্বের পরিচয় দিতে পারে, তাহাই এই প্রতিমাপূজায় প্রকাশ করিয়াছেন। প্রতিমাদির পূজা কেবল বালকের ক্রীড়াকাণ্ডের ন্যায়, নিরর্থক পৌত্তলিক ধর্ম্মের পরিচয় নহে। এইরূপ পূজা দ্বারা যে কেবল পূজকের চিত্তে অভ্যাসগুণের শ্রীবৃদ্ধি হয়, এমতও নহে; অর্চ্চক সংযত চিত্ততার গুণে যথেচ্ছ বশিত্বের ও ঈশিত্বের পরিচয় দিতে পারেন। একটী স্থূল পদার্থ লোষ্ট্রকাষ্ঠ প্রভৃতিকে নিজের প্রয়োজনানুরূপ কার্য্যে পরিণত করাইতে হইলে, স্থূল ইন্দ্রিয় হস্ত পদাদি দ্বারাই তাহার নিয়োগ করিতে হয়; কিন্তু সূক্ষ্ম চেতনাবিশিষ্ট জীবকে স্বীয় প্রয়োজন-সাধনার্থ প্রবর্ত্তিত করাইতে হইলে, স্থূল দেহাবলম্বনের বিশেষ প্রয়োজন করে না, সূক্ষ্ম মনের প্রভাবে তাহার মনকে অভিভূত ও প্রণোদিত করিতে পারিলেই, সেই জীবের দ্বারা নিজের কার্য্যোদ্ধার করা যায়। যে পর্য্যন্ত অন্যের মনকে বশীভূত করা না যায়, সে পর্য্যন্ত তাহার স্থূল দেহের দ্বারা বা মানসিক চেষ্টার দ্বারা কোন উপকার বা অপকারের প্রত্যাশা নাই। একজন ব্যক্তিকে প্রসন্ন করিতে পারিলে, তদ্দ্বারা নিজের উপকার এবং ক্রোধান্ধ করিতে পারিলে, তদ্দ্বারা অপকার হইবার ফল প্রত্যক্ষসিদ্ধ, তাহাতে আর সন্দেহ

পিণ্ডে বায়্বগ্নিসংশুদ্ধে হৃৎপদ্মস্থাং পরাং মম।
অণ্বীং জীবকলাং ধ্যায়েন্নাদান্তে সিদ্ধভাবিতাং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

তদনন্তরং পিণ্ডে দেহে, বায়্বগ্নিসংশুদ্ধে (কোষ্ঠগতেন বায়ুনা শোষিতে আধারগতে-নাগ্নিনা দগ্ধে, পুনর্ললাটস্থচন্দ্রমণ্ডলামৃতপ্লাবনেন অমৃতময়ে জাতে সতি) হৃৎপদ্মস্থাং পরাং শ্রেষ্ঠাং নাদান্তে (নাদাঃ অকারোকারমকারবিন্দুনাদাঃ পঞ্চাশাঃ তত্র নাদান্তে) সিদ্ধভাবিতাং সিদ্ধৈঃ ধ্যাতাং মম অণ্বীং জীবকলাং (জীবঃ কলা অংশঃ যস্যাঃ তাং) মূর্ত্তিং ধ্যায়েৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

তদনন্তরং পিণ্ডে দেহে বায়্বগ্নিসংশুদ্ধ ইতি কোষ্ঠগতেন বায়ুনা শোষিতে আধারগতে-নাগ্নিনা দগ্ধে পুনর্ললাটস্থচন্দ্রমণ্ডলামৃতপ্লাবনেনামৃতময়ে জাতে তস্মিন্ হৃৎপদ্মস্থাং পরাং শ্রেষ্ঠাং জীবকলাং শ্রীনারায়ণমূর্ত্তিং ধ্যায়েৎ। কথম্ভূতাং নাদান্তে সিদ্ধভাবিতাং প্রণবস্যাকারোকার-মকারবিন্দুনাদাঃ পঞ্চাংশাঃ তত্র নাদান্তে সিদ্ধৈর্ধ্যাতাং। তথাচ শ্রুতিঃ। যো বেদাদৌ স্বরঃ প্রোক্তো বেদান্তে চ প্রতিষ্ঠিতঃ। তস্য প্রকৃতিলীনস্য যঃ পরঃ স মহেশ্বর ইতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ পিণ্ডে দেহে বায়্বগ্নিসংশুদ্ধে ইতি কোষ্ঠগতেন বায়ুনা শোষিতে আধারগতেনাগ্নিনা দগ্ধে পুনর্ললাটস্থচন্দ্রমণ্ডলামৃতপ্লাবনেনামৃতময়ে জাতে তস্মিন্ হৃৎপদ্মস্থাং পরাং শ্রেষ্ঠাং জীবকলাং জীবঃ কলা যস্যাস্তাং। শ্রীনারায়ণমূর্ত্তিং ধ্যায়েৎ। নাদান্তে ইতি প্রণবস্যা-কারোকারমকারবিন্দুনাদাঃ পঞ্চাংশাস্তত্র নাদান্তে সিদ্ধৈর্ধ্যাতাং। তথাচ শ্রুতিঃ। যো বেদাদৌ স্বরঃ প্রক্তো বেদান্তে চ প্রতিষ্ঠিত ইতি ॥ ২১ ॥

তদনন্তর প্রাণায়াম করা আবশ্যক; এই প্রাণায়ামের দ্বারা কোষ্ঠগত বায়ু কর্ত্তৃক শোষিত, আধারগত অগ্নির দ্বারা দগ্ধ এবং ললাটস্থ চন্দ্রমণ্ডলগত অমৃতের ক্ষরণে পুনঃ অমৃতায়মান দেহের অভ্যন্তরে হৃদয়পদ্মমধ্যে সিদ্ধ-সেবিত জীবকলিকাস্বরূপ মদীয় সর্ব্বোৎকৃষ্ট ভাগবতী মূর্ত্তিকে প্রণবোচ্চারণ পূর্ব্বক ধ্যান করিবেন ॥ ২১ ॥

আভাস।

নাই। অতএব স্থূল সম্বন্ধীয় উপকার বা অপকারের জন্য স্থূলের উপর ততদূর নির্ভর না দিয়া, সূক্ষ্মের উপরই সর্ব্বতোভাবে তাহা নির্ভর করে। দেহশক্তির অপেক্ষা মানসিক শক্তিই প্রবল। মানব কখন বলপূর্ব্বক একটী হস্তী বা অশ্বকে বশীভূত করিতে পারে না; মানসিক শক্তিবলে প্রচণ্ডকায় বিপুলবিক্রম একটী হস্তীকে ভৃত্যের ন্যায় স্বীয় অধীনে আনয়ন পূর্ব্বক আপন কার্য্যসাধন করিয়া থাকে। অতএব এই মানসিক বলের প্রয়োগবিধি জানা প্রয়োজন; এবং তাহা সম্যক্ অবধারণ করিতে পারিলে, যদি বিপুল হস্তিদেহকে কার্য্যে পরিণত করাইতে পারা যায়, তখন প্রচুর পরিমাণ মানসিক শক্তি সংগ্রহ করিতে পারিলে

তয়াত্মভূতয়া পিণ্ডে ব্যাপ্তে সংপূজ্য তন্ময়ঃ।
আবাহ্যার্চ্চাদিষু স্থাপ্য ন্যস্তাঙ্গং মাং প্রপূজয়েৎ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

তয়া আত্মভূতয়া স্বেনৈকভাবেন চিন্তিতয়া, মন্মূর্ত্ত্যা ব্যাপ্তে পিণ্ডে স্বদেহে, এব (মানসোপচারৈঃ মাং) সংপূজ্য তন্ময়ঃ সন্ অর্চ্চাদিষু আবাহ্য (স্থাপনমুদ্রয়া চ) স্থাপ্য স্থাপয়িত্বা, ন্যস্তাঙ্গং (ন্যস্তানি অঙ্গানি হৃদয়াদ্যঙ্গমন্ত্রদেবতাঃ যস্মিন্ তং) মাং প্রপূজয়েৎ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তয়া আত্মভূতয়া স্বেনৈকভাবেন চিন্তিতয়ামৃতময়ে পিণ্ডে দীপেন প্রভয়া গৃহ ইব ব্যাপ্তে সতি তস্মিন্নেবাদৌ মানসৈরুপচারৈঃ সংপূজ্য তন্ময়ঃ সন্নর্চ্চাদিম্বাবাহ্য স্থাপনমুদ্রয়া স্থাপয়িত্বা ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তয়া ভগবন্মূর্ত্ত্যা আত্মভূতয়া পরমাত্মস্বরূপয়া স্বপ্রভাভিঃ পিণ্ডে দেহে দীপেন স্বপ্রভাভির্গেহে ইব ব্যাপ্তে সতি প্রথমং সংপূজ্য মানসৈরুপচারৈরভ্যর্চ্য তন্ময়ঃ সন্নর্চ্চাদিষু আবাহ্য স্থাপয়িত্বা ন্যস্তাঙ্গং মাং মদঙ্গে ন্যাসান্ কৃত্বেত্যর্থঃ॥ ২২ ॥

ধ্যানস্থ হইয়া স্বকীয় জীবভাবের সহিত পরমাত্মভাবের অভেদ চিন্তনে ভগবন্মূর্ত্তির দ্বারাই যথন স্বীয় দেহ সম্পূর্ণ ব্যাপ্ত অবধারণ করিতে পারিবেন, তথন মানসোপচারে আত্মস্বরূপেই আমার পূজা করিবেন। এই প্রকারে ভগবদ্ভাবে তন্ময় হইয়া, ভক্ত প্রতিমাদিতে আবাহন পূর্ব্বক সেই ভাব তাহাতে স্থাপন করিবেন। তথন সেই হৃদয়াদি অঙ্গ প্রত্যঙ্গে মন্ত্র ও দেবতার উল্লেখ পূর্ব্বক প্রতিষ্ঠিত প্রতিমাদিতে ভগবৎস্বরূপ আমার পূজা করিবেন ॥ ২২ ॥

আভাস।

এবং তাহার প্রয়োগ জানিলে, একটী পর্ব্বত বা সমুদ্রকে নিজের বশীভূত এবং ফলপ্রদ করিতে কেন পারা যাইবে না? একটী অচেতন লোষ্ট্র বা কাষ্ঠখণ্ডে হস্তের বল প্রদান করা যায় এবং সেই পদার্থ শক্তিশূন্য ও অচেতন হইলেও সেই বলের সাহায্যে শক্তিবিশিষ্ট হইয়া দূরে নিক্ষিপ্ত হয়। হস্ত যে পরিমাণ বল লোষ্ট্রকে প্রদান করে, লোষ্ট্র সেই পরিমাণ বল লাভে সেই পরিমাণ দূরে নিক্ষিপ্ত হয়; বল যতক্ষণ লোষ্ট্রে থাকে, ততক্ষণ সে অচেতনের ন্যায় নিস্তব্ধ থাকিতে পারে না; শূন্যমার্গে উড়িতে থাকে; বল হ্রাস হইলেই সে ভূমিতে নিপতিত হয়। বল যদি চিরস্থায়ী হইত, লোষ্ট্র কখনই নিপতিত হইত না। অতএব প্রত্যক্ষত দেখা যায় যে, দেহশক্তি ও তাহার প্রয়োগবিধি পরিজ্ঞাত থাকিলে, স্থূল জগতের উপর বিলক্ষণ প্রতিপত্তি করা যাইতে পারে। কিন্তু যাবতীয় শক্তি মানসিক শক্তির উপর নির্ভর করে এবং মানসিক শক্তিও চিত্তশক্তির উপর নির্ভর করে। অতএব সংযমক্রিয়া দ্বারা চিত্তে বল সংগৃহীত হইলে, বুদ্ধি মন ইন্দ্রিয় ও দেহের মধ্য দিয়া তাহা প্রণোদিত

পাদ্যোপস্পর্শার্হণাদীনুপচারান্ প্রকল্পয়েৎ।
ধর্ম্মাদিভিশ্চ নবভিঃ কল্পয়িত্বাসনং মম ॥

অন্বয়ঃ।

তত্র ধর্ম্মাদিভিঃ (ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাণি তথা অধর্ম্মাজ্ঞানাবৈরাগ্যানৈশ্বর্য্যাণি তৈঃ) নবভিঃ শক্তিভিঃ চ কর্ণিকাকেশরোজ্জ্বলং (কর্ণিকায়াঃ কেশরৈঃ তত্র সূর্য্যাদিমণ্ডলৈঃ উজ্জ্বলং)

শ্রীধরস্বামী।

কথং পূজয়েত্তদাহ পাদ্যেতি দ্বাভ্যাং ধর্ম্মাদিভির্মাসনং। তত্র পদ্মঞ্চ কল্পয়িত্বা উভাভ্যাং বেদতন্ত্রাভ্যাং উভয়সিদ্ধয়ে বেদতন্ত্রোক্ত ভুক্তিমুক্তি প্রাপ্তয়ে। অয়মর্থঃ ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাণি আসনপর্য্যঙ্কস্যাগ্নেয়াদিচতুষ্কোণেষু পাদাঃ অধর্ম্মাদীনি পূর্ব্বাদিদিক্ষু গাত্রাণি ত্রয়ো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপস্পর্শং আচমনং অর্হণমর্ঘ্যং প্রকল্পয়েৎ সমর্পয়েৎ। কিং কৃত্বা ধর্ম্মাদিভিরাগ্নেয়াদি-কোণেষু ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যৈঃ পূর্ব্বাদিদিক্ষু তথৈবাধর্ম্মাদ্যৈশ্চ তন্মধ্যে নবভি শক্তিভি-

অনন্তর ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য এবং অধর্ম্ম, অজ্ঞান, অবৈরাগ্য এবং অনৈশ্বর্য্য এই অষ্টবিধ দলে শোভিত, নববিধ শক্তিতে উপচিত এবং সূর্য্যমণ্ডলের ন্যায় উজ্জ্বল কর্ণিকাকেশরে প্রতিভাত অষ্টদল পদ্মকে আমার

আভাস।

করিতে পারিলে স্থূল, সূক্ষ্ম, চেতন, অচেতন সকল সামগ্রীর উপর যে উপায়ে স্বীয় সামর্থ্যের পরিচয় দিতে পারা যায় এবং তৎপরিবর্ত্তে যে অনুপম ফল লাভ করা যায়, তাহাই এই প্রতিমাদির পূজাপ্রণালী অবলম্বনে ভগবান্ জগতকে উপদেশ দিয়াছেন। ইহা যে কেবল স্থূল জগতের উপর ক্রিয়া করে, এমত নহে; পরম সূক্ষ্ম ঐশী শক্তিকেও সংগ্রহ করিতে পারে। ক্ষুদ্র যেমন বৃহতে মিলিত হয়, বৃহৎ হইতেও ক্ষুদ্র আপন ফল গ্রহণ করিতে পারে। সূর্য্য হইতে মানব দৃষ্টিশক্তি প্রাপ্ত হয় বটে, কিন্তু সূর্য্যে চিত্ত সমাহিত করিতে পারিলে, স্বয়ং সূর্য্যভাবে আকারিত ও ভাবিত হইয়া, সূর্য্যতুল্য গুণলাভে মানবও সমগ্র ভুবনের জ্ঞান প্রাপ্ত হইয়া থাকেন। পূজাপ্রণালীতে উক্ত আছে, "অর্চ্চকস্য তপোযোগাদর্চ্চনস্যাতিশায়নাৎ। আভিরূপ্যাচ্চ বিম্বানাং দেবঃ সান্নিধ্যমৃচ্ছতি॥" পূজকের চিত্ত সংযম, যাহাতে চিত্তসংযত করিতে হইবে সে প্রতিমার অনুরূপতা এবং প্রতিমা ও পূজকের মধ্যে পরস্পরের চিত্ত, মন, ইন্দ্রিয় ও দেহশক্তির আদান প্রদানসম্বন্ধের তীব্রতা অনুসারে অভীষ্ট-দেব প্রতিমাতে আশ্রয় করিয়া, পূজকের মনোভীষ্ট পূরণ করিয়া থাকেন। মনোগত ভাবের প্রকাশ ও প্রয়োগার্থ ভগবান্ মানবকে প্রধানত দুইটী ইন্দ্রিয় প্রদান করিয়াছেন। বাক্ ও পাণি উক্ত কার্য্যদ্বয় সাধন করিয়া থাকে। প্রদানের সামর্থ্য পাণিতে এবং প্রকাশের সামর্থ্য বাগিন্দ্রিয়ে। এই উভয়ের জন্য মন্ত্র ও মুদ্রার বিশেষ প্রয়োজন। মন্ত্রের উচ্চারণে ও মুদ্রার প্রয়োগে অচেতন প্রতিমা পূজকের দেহানুরূপ ভাবে ভাবিত হয়; ইহাই প্রতিমার প্রাণাদির

পদ্মমষ্টদলং তত্র কর্ণিকাকেশরোজ্জ্বলং ।
উভাভ্যাং বেদতন্ত্রাভ্যাং মহ্যং তূভয়সিদ্ধয়ে ॥ ২৩ ॥
সুদর্শনং পাঞ্চজন্যং গদাসীষুধনুর্হলান্ ।
মুষলং কৌস্তুভং মালাং শ্রীবৎসঞ্চানুপূজয়েৎ ॥ ২৪ ॥

অন্বয়ঃ ।

অষ্টদলং পদ্মং এব মম আসনং কল্পয়িত্বা উভয়সিদ্ধয়ে ভুক্তিমুক্তিপ্রাপ্তয়ে, উভাভ্যাং এব বেদতন্ত্রাভ্যাং পাদ্যোপস্পর্শার্হণাদীন্ উপচারান্, মহ্যং প্রকল্পয়েৎ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ২৩ ॥

(তত্রাবরণপূজায়াং আয়ুধাদিপূজামাহ) সুদর্শনং পাঞ্চজন্যং শংখং গদাসীষুধনুর্হলান্ মুষলং চ তথা কৌস্তুভং মালাং উরসি শ্রীবৎসং চিহ্নং চ অনুপূজয়েৎ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী ।

গুণাঃ পট্টিকাঃ তত্র পূর্ব্বাদিক্রমেণ মধ্যে চ বিমলোৎকর্ষিণী জ্ঞানক্রিয়াযোগাস্তথৈব চ। প্রহ্বী সত্যা তথেশানানুগ্রহা নবশক্তয়ঃ। এবং যথোপদেশং ধর্ম্মাদিভির্বিমলাদিভিশ্চ শক্তিভিরাসনং কল্পয়িত্বেতি। কর্ণিকয়া কেশরৈস্তত্রস্থসূর্য্যাদিমণ্ডলৈশ্চোজ্জ্বলমিত্যর্থঃ ॥ ২৩ ॥

আয়ুধাদিপূজামাহ সুদর্শনমিতি ত্রিভিঃ তত্র স্বস্বাঙ্গমিত্যাবরণপূজা সূচিতা। আসনেনৈব শক্ত্যাবরণমপ্যুক্তং। ততঃ সুদর্শনাদীনি মুষলান্তান্যায়ুধানি অষ্টদিক্ষু কৌস্তুভমালা-শ্রীবৎসানুরসি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বিমলাদ্যাভিশ্চ মমাসনং যোগপীঠং তত্রাষ্টদলং পদ্মঞ্চ কল্পয়িত্বা বেদতন্ত্রাভ্যাং বেদোক্তেন তন্ত্রোক্তেনচ প্রকারেণ উভয়সিদ্ধয়ে ভুক্তিমুক্তিপ্রাপ্তয়ে মহ্যমুপচারান্ দদ্যাৎ ॥ ২৩ ॥

আসনরূপে কল্পনা করত ভোগ এবং মুক্তিলাভের কামনায় উভয় বেদ এবং তন্ত্রোক্ত মন্ত্র ও প্রকরণ অনুসারে গন্ধ, পুষ্প, ধূপ, দীপ এবং নৈবেদ্যাদি উপাচরের নিবেদনে আমার বাহ্যপূজা সমাপন করিবে ॥ ২৩ ॥

ইহার পর সুদর্শন চক্র, পাঞ্চজন্য শংখ, গদা, ধনুঃ, বাণ, অসি, হল এবং মুষল এই অষ্টবিধ অস্ত্র, গলদেশে কৌস্তুভমণি ও বনমালা এবং বক্ষস্থলে শ্রীবৎসলাঞ্ছিত চিহ্নকে যথাক্রমে পূজা করিবে ॥ ২৪ ॥

আভাস ।

প্রতিষ্ঠা। উপকরণাদির সংশ্রবে ও সাহায্যে প্রতিমা ও পূজকের দোষ তিরোহিত হইয়া বিশুদ্ধ পবিত্র ভাব আনীত হয়; সুতরাং প্রতিষ্ঠার বিধি অনুসারে পূজক প্রতিমাতে যাবতীয় ইন্দ্রিয়শক্তি ও প্রাণশক্তি প্রদান করিয়া থাকেন; তখন জল যেমন প্রণালীকার মধ্য দিয়া অন্য পাত্রে নিপতিত হয়, সেইরূপ পূজকের দেহশক্তি ও ইন্দ্রিয়াদির বল মুদ্রার আশ্রয়ে প্রতিমাতে নিপতিত হয় এবং প্রতিমাতেও এরূপ যোগ্যতা জন্মে যে, আমঘটের ন্যায়, সেই সমস্ত দৈবীশক্তি প্রতিমা হইতে বিগলিত হয় না। যেমন দুই খণ্ড মেঘ একত্র

নন্দং সুনন্দং গরুড়ং প্রচণ্ডং চণ্ডমেবচ।
মহাবলং বলঞ্চৈব কুমুদং কুমুদেক্ষণং ॥ ২৫ ॥
দুর্গাং বিনায়কং ব্যাসং বিষক্সেনং গুরূন্ সুরান্।
স্বে স্বে স্থানে ত্বভিমুখান্ পূজয়েৎ প্রোক্ষণাদিভিঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ততঃ নন্দং সুনন্দং গরুড়ং প্রচণ্ডং চণ্ডং মহাবলং বলং কুমুদং কুমুদেক্ষণং দুর্গাং বিনায়কং ব্যাসং বিষক্সেনং গুরূন্ সুরান্ এবং স্বে স্বে স্থানে স্থিতান্ এতান্ দেবস্য অভিমুখান্ তান্ প্রোক্ষণাদিভিঃ অর্ঘ্যাদিভিঃ, পূজয়েৎ ॥ ২৫ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

নন্দাদীন্ পার্ষদানষ্টদিক্ষু; গরুড়ং পুরতঃ ॥ ২৫ ॥

দুর্গাদীন্ কোণেষু। গুরূন্ বামতঃ। সুরানিন্দ্রাদিলোকপালান্ পূর্ব্বাদিদিক্ষু; এবমেতান্ দেবস্যাভিমুখান্ প্রোক্ষণাদিভিঃ অর্ঘ্যাদিভিঃ পূজয়েদিত্যর্থঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুদর্শনাদিমুষলান্তান্যায়ুধানি অষ্টদিক্ষু। কৌস্তুভমালাশ্রীবৎসানুরসি পূজয়েৎ ॥ ২৪ ॥ ২৫ ॥ স্বে স্বে স্থানে নত্বভিমুখানিতি নন্দাদীন্ পার্ষদান্ অষ্টদিক্ষু। গরুড়ং পুরতঃ। দুর্গাদীন্

অনন্তর আবরণ-দেবতার পূজা করা প্রয়োজন। যথা নন্দ, সুনন্দ, গরুড়, প্রচণ্ড, চণ্ড, মহাবল, বল, কুমুদ, কুমুদেক্ষণ, দুর্গা, গণেশ, ব্যাস, বিষক্সেন, গুরুগণ এবং ইন্দ্রাদিলোকপালগণ মূলদেবতার অভিমুখে ও অষ্টদিকে স্ব স্ব স্থানে অবস্থান করিতেছেন, এইরূপ স্থির করত, গন্ধাদি প্রদানে তাঁহাদিগের ও পূজা করিবে ॥ ২৫ ॥ ২৬ ॥

আভাস।

মিলিত হইবার উপক্রমে, পরস্পরের তাড়িতশক্তি পরস্পরের মধ্যে আদান প্রদান সম্বন্ধে উভয়ে সমানভাবে তাড়িতবাহী হইয়া যায়, সেইরূপ পূজকের পুরোবর্ত্তী প্রতিমা বস্তুত অচেতন ও শক্তিশূন্য হইলেও, পূজকের প্রদান-প্রণালীতে পূজকের দেহতুল্য শক্তি ও ইন্দ্রিয়-বিশিষ্ট হইয়া উঠে। ততক্ষণও প্রতিমাতে শিষ্যত্ব ভাব। তখন পূজক নিজের হৃদয়ে পরমাত্মস্বরূপকে চিন্তা করিতে থাকেন এবং আত্মহারা হইয়া পরমাত্মভাবে পরিনিষ্ঠিত হইলে, তাঁহার সর্ব্বাবয়ব অভীষ্টদেবময়ই হইয়া যায়। সেই মুহূর্ত্তে বহ্নিময় কাষ্ঠখণ্ডের ন্যায়, পূজকের দেহাদিও ব্রহ্মময় হইয়া পড়ে। সেই সময় ব্রহ্মজ্ঞানী গুরু উপযুক্ত শিষ্যকে যেমন ব্রহ্মজ্ঞান প্রদানে কৃতার্থ করেন, পূজকও স্বকীয় পরমাত্মভাব প্রতিমাতে সমর্পণ পূর্ব্বক প্রতিমাকে পরমাত্মভাবময় করিয়া তুলেন। পূজক প্রারব্ধ অনুসারে সময়ান্তরে ভোগের উপস্থিতিতে পরম ভাব বিস্মৃত হইতে পারেন; কিন্তু প্রতিমাতে প্রারব্ধভোগের কোন সম্ভাবনা নাই। সুতরাং ব্রহ্মভাবের নিবারণ হইবারও কোন সম্ভাবনা নাই। তবে আধারের যদি কোনরূপ দোষ ঘটে,

চন্দনোশীরকর্পূরকুঙ্কুমাগুরুবাসিতৈঃ।
সলিলৈঃ স্নাপয়েন্মন্ত্রৈর্নিত্যদা বিভবে সতি ॥ ২৭ ॥
স্বর্ণঘর্ম্মানুবাকেন মহাপুরুষবিদ্যয়া।

অন্বয়ঃ।

বিভবে ঐশ্বর্য্যে বিদ্যমানে, সতি চন্দানোশীরকর্পূরকুঙ্কুমাগুরুবাসিতৈঃ (উশীরং তৃণবিশেষমূলং) সলিলৈঃ (অন্যথা শুদ্ধৈরেব সলিলৈঃ) মন্ত্রৈঃ মন্ত্রপূর্ব্বকং, মাং নিত্যদা স্নাপয়েৎ ॥ ২৭ ॥

স্বর্ণঘর্ম্মানুবাকেন (স্বর্ণং ঘর্ম্মং পরিবেদনমিতি) মহাপুরুষবিদ্যয়া (জিতং তে পুণ্ডরীকাক্ষ

শ্রীধরস্বামী।

পাদ্যাদীনুপচারান্ কল্পয়েদিত্যুক্তং তানেব গুণবিধিভিঃ প্রপঞ্চয়তি চন্দনেতি ষড়্ভিঃ ॥২৭॥

মন্ত্রানাহ স্বর্ণঘর্ম্মানুবাকঃ সুবর্ণঘর্ম্মং পরিবেদনমিত্যাদি মহাপুরুষবিদ্যা জিতন্তে পুণ্ডরীকাক্ষ নমস্তে বিশ্বভাবন। সুব্রহ্মণ্য নমস্তেঽস্তু মহাপুরুষ পূর্ব্বজেতি। পৌরুষং সুক্তং সহস্রশীর্ষে-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কোণেষু গুরূন্ বামতঃ সুরানিন্দ্রাদিলোকপালান্ পূর্ব্বাদিদিক্ষু। প্রোক্ষণাদিভিঃ প্রোক্ষণপূর্ব্বকার্য্যাদিভিঃ ॥ ২৬ ॥ ২৭ ॥

কেন মন্ত্রেণ পূজয়েত্তত্রাহ স্বর্ণঘর্ম্মানুবাকেন। স্বর্ণং ঘর্ম্মং পরিবেদনমিত্যাদিনা মহাপুরুষবিদ্যয়া; জিতন্তে পুণ্ডরীকাক্ষ নমস্তে বিশ্বভাবনেত্যাদিকয়া; পৌরুষেণ সূক্তেন সহস্রশীর্ষে-

---

যদি ঐশ্বর্য্য এবং অর্থসামর্থ্য থাকে, তাহা হইলে প্রত্যহই চন্দন উশীর-তৃণ, কর্পূর কুঙ্কুম ও অগুরুর মিলনে সুগন্ধীকৃত জলের দ্বারা মন্ত্র পূর্ব্বক আমার স্নান করান বিধেয় ॥ ২৭ ॥

স্বর্ণঘর্ম্মনামক বেদোক্ত অনুবাক্, মহাপুরুষ মন্ত্র এবং সহস্রশীর্ষাদি পুরুষ-

আভাস।

তবে পুনরায় প্রতিষ্ঠার প্রয়োজন হয়। শালগ্রামাদিতে আধারোচিত দোষের সম্ভাবনা নাই; প্রতিষ্ঠা অর্থাৎ আবাহন বা বিসর্জ্জনেরও আবশ্যক নাই। কোন সময়ে উপার্জ্জনে অক্ষম গৃহস্থ যেমন পূর্ব্বসঞ্চিত উপার্জ্জনের দ্বারা অক্লেশে জীবনযাত্রা নির্ব্বাহ করিতে পারে, সেইরূপ তীব্র উপাসনার ফলে প্রতিমাদিতে সংগৃহীত দেবভাবের সহায়ে, পূজক অন্য অসমর্থকালেও ভগবৎসান্নিধ্য লাভে বঞ্চিত হন না। এই অধ্যায়ের শ্লোকসমূহের দ্বারা আধারভূত প্রতিমার উৎকর্ষ-সাধন ও পূজকের সাধনপ্রণালী বর্ণিত হইয়াছে। এ সকল বিষয় ও প্রণালী সাধকমাত্রেই বিশেষ অবগত আছেন, তৎসম্বন্ধে প্রশস্ত ব্যাখ্যার দ্বারা এস্থলে আর গ্রন্থকে পরিবর্দ্ধিত করা হইল না। স্ব স্ব গুরু ও শাস্ত্র হইতেই পূজাপদ্ধতি অবধারণ করা বিধেয় ॥ ১১—২৬ ॥

প্রতিমাদিতে ভগবদুপাসনা সম্বন্ধে যে কোন মন্ত্র, যন্ত্র, মুদ্রা, আসন, অঙ্গন্যাসাদি, গন্ধ, পুষ্প, উদকপাত্র এবং ধূপ, দীপ ও নৈবেদ্যাদি ব্যবস্থা আছে, তাহার উল্লেখ দ্বারা এস্থলে

পৌরুষেণাপি সূক্তেন সামভীরাজনাদিভিঃ ॥ ২৮ ॥
বস্ত্রোপবীতাভরণপত্রস্রগ গন্ধানুলেপনৈঃ।
অলং কুর্ব্বীত সপ্রেম মদ্ভক্তো মাং যথোচিতং ॥ ২৯ ॥
পাদ্যমাচমনীয়ঞ্চ গন্ধং সুমনসোঽক্ষতান্।
ধূপদীপোপহার্য্যাণি দদ্যান্মে শ্রদ্ধয়ার্চ্চকঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

ইত্যাদি) পৌরুষেণ সূক্তেন (সহস্রশীর্ষেত্যাদিনা) রাজনাদিভিঃ সামভিঃ মন্ত্রৈঃ মাং স্নাপয়েদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৮ ॥

মদ্ভক্তঃ সপ্রেম যথা ভবতি তথা বস্ত্রোপবীতাভরণপত্রস্রগ্ গন্ধানুলেপনৈঃ যথোচিতং মাং অলংকুর্ব্বীত ॥ ২৯ ॥

অর্চ্চকঃ পাদ্যং আচমনীয়ং গন্ধং সুমনসঃ পুষ্পাণি, অক্ষতান্, ধূপদীপোপহার্য্যাণি (উপহার্য্যং নৈবেদ্যং) মে মহ্যং, শ্রদ্ধয়া দদ্যাৎ সমর্পয়েৎ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ত্যাদি; রাজনাদীনি ইন্দ্রং নরোমে মধিতাহবন্ত ইত্যস্যামৃচি গীতানি আদিশব্দেন রৌহিণ্যাদীনি ॥ ২৮ ॥

বস্ত্রাদ্যুপচারেষু অলঙ্কারলক্ষণং গুণং বিধত্তে বস্ত্রেতি। পত্রাণি কপোলবক্ষঃস্থলাদিষু লিখিতাঃ পত্রভঙ্গ্যঃ। মদ্ভক্তশ্চেৎ সপ্রেম যথা ভবতি তথা যথোচিতমলংকুর্ব্বীত ॥ ২৯ ॥

উক্তার্থে সর্ব্বসাধারণং শ্রদ্ধালক্ষণং গুণং বিধত্তে পাদ্যমিতি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ত্যাদিনা সামনীরাজনাদিভিঃ। ইন্দ্রং নরো মে মধিতা ইত্যস্যামৃচি গীতৈঃ। আদিশব্দেন রোহিণ্যাদৈঃ ॥ ২৮ ॥

পত্রস্রক্ তুলসীপত্রমালা ॥ ২৯ ॥ ৩০ ॥

সূক্ত এবং রাজনাদি মন্ত্রোচ্চারণ পূর্ব্বক আমার স্নান করাইবে ॥ ২৮ ॥

অনন্তর যাহাতে প্রেম ও ভক্তির উদয় হয়, তজ্জন্য বস্ত্র, উপবীত, আভরণ, তুলসীদল, মাল্য, গন্ধ, এবং অনুলেপনাদির দ্বারা ভক্ত আমার প্রতিমাকে ভূষিত করিবে ॥ ২৯ ॥

পূজক পাদ্য, আচমনীয়, গন্ধ, পুষ্প, অক্ষত, ধূপ, দীপ এবং নৈবেদ্যাদি উপকরণ-সমূহ বিশেষ শ্রদ্ধাসহকারে আমাকে অর্পণ করিবে ॥ ৩০ ॥

আভাস।

গ্রন্থের কলেবর বৃদ্ধির আর প্রয়োজন নাই; তবে ভক্তগণের প্রতিবোধিত হওয়া কর্ত্তব্য যে, ইহার প্রত্যেকটীরই প্রয়োজন আছে এবং গুণবিধি অনুসারে প্রত্যেকটীর দ্বারা প্রতিমাদি পূজ্য আধারে পূজকের ভাবস্ফূর্ত্তি, তাহার প্রয়োগ যোগ্যতা এবং প্রতিমাতে তাহার বিনিয়োগ

গুড়পায়সসর্পীংষি শস্কুল্যাপূপমোদকান্।
সংযাবদধিসূপাংশ্চ নৈবেদ্যং সতি কল্পয়েৎ॥ ৩১॥
অভ্যঙ্গোন্মর্দ্দনাদর্শদন্তধাবাভিষেচনং।
অন্নাদ্যগীতনৃত্যানি পর্ব্বণি স্যুরুতান্বহং॥ ৩২॥

অন্বয়ঃ।

(বিভবে) সতি, গুড়পায়সসর্পীংষি, শস্কুল্যাপূপমোদকান্ সংযাবদধিসূপাংশ্চ নৈবেদ্যং মহ্যং কল্পয়েৎ॥ ৩১॥

(বিভবে সতি) অভ্যঙ্গোন্মর্দ্দনাদর্শদন্তধাবাভিষেচনং অন্নাদ্যগীতনৃত্যানি অন্বহং প্রতিদিনং, কর্ত্তব্যানি স্যুঃ; তদভাবে পর্ব্বণি একাদশ্যাদৌ (যথাসম্ভবং কার্য্যাণি)॥ ৩২॥

শ্রীধরস্বামী।

নৈবেদ্যবৈভবলক্ষণং গুণং বিধত্তে গুড়পায়সেতি শস্কুল্যঃ তৈলপক্কবিশেষাঃ আপূপাঃ অপূপানাং মণ্ডকাদীনাং সমূহাঃ সূপা ব্যঞ্জনানি। সতি বিভব ইতি শেষঃ॥ ৩১॥

কালভেদেন গুণান্ বিধত্তে অভ্যঙ্গেতি। অভিষেচনং পঞ্চামৃতস্নপনং। অন্নাদ্যেতি অন্নং ভোজ্যং আদ্যং ভক্ষ্যং পর্ব্বণ্যেকাদশ্যাদৌ অন্বহং প্রত্যহং বা বিভবে সতীতি॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

গুড়বিকারান্ মৎস্যণ্ডীফাণিতাদীন্ পায়সং পরমান্নং। শস্কুল্যঃ কর্ণাকারাঃ ঘৃতপক্কা গুঝা ইতি খ্যাতাঃ। আপূপাঃ পূয়া ইতি খ্যাতাঃ। সতি বিভব ইতি শেষঃ॥ ৩১॥

অভ্যঙ্গেতি প্রথমং দন্তধাবনং ততঃ সুগন্ধিতৈলেনাভ্যঙ্গঃ ততঃ কুঙ্কুমকর্পূরচূর্ণাদিভিরুদ্বর্ত্তনং। ততঃ পঞ্চামৃতাদ্যৈঃ সুগন্ধিজলেন চ স্নপনং ততোঽত্রান্নুক্তমপি অনর্ঘ্যকৌষেয়-বস্ত্ররত্নালঙ্কারচন্দনাদ্যালেপস্রগাদিকং। তত আদর্শো দর্পণঃ। ততো গন্ধপুষ্পধূপদীপাচমনীয়ানি দেয়ানি। অন্নাদ্যেতি চতুর্ব্বিধ-স্বাদ্বন্নসুগন্ধজলতাম্বূলমালারাত্রিকপুষ্পশয্যাব্যজনাদিকং ততো বাদ্যগীতনৃত্যানি স্যুঃ। পর্ব্বণ্যুৎসবে সতি উত বিভবে সত্যন্বহমপি স্যুঃ॥ ৩২॥

যদি ধনবল থাকে, তাহা হইলে গুড়, পায়স, ঘৃত, তৈলপক্ক শস্কুলী, পিষ্টক, মোদক, পরমান্ন, দধি, সূপাদি ব্যঞ্জন ও বিবিধ উপকরণবিশিষ্ট নৈবেদ্যাদি প্রদানে নিত্যই আমার অর্চ্চনা করা বিধেয়॥ ৩১॥

সুগন্ধি তৈলের দ্বারা গাত্রমার্জ্জন, দন্তধাবন, আদর্শপ্রদর্শন, অভিষেক, অন্নভোগ এবং নৃত্য গীতাদি উৎসবের সহিত যদি নিত্য আমার অর্চ্চনা

আভাস।

যোগ্যতায় প্রতিপত্তি ঘটায়। উপকরণের দ্বারা অর্চ্চনাবিধিতে অর্চ্চকের যেমন উপযোগিতা জন্মে, প্রতিমাতেও তাহার গ্রহণসামর্থ্য উপস্থিত হয়। প্রাণপ্রতিষ্ঠায় যেমন মুদ্রাপ্রকরণে পূজকের ইন্দ্রিয়াদি তত্ত্বগ্রাম প্রতিমাতে প্রবিষ্ট হইয়া, ইন্দ্রিয়বিশিষ্টের ন্যায় প্রতিমা প্রতিষ্ঠিত হয়, সেইরূপ মন্ত্রের উচ্চারণে পাদ্যাদি উপচারসমূহ আহৃত ইষ্টদেবসমীপে সমর্পিত হইয়া

বিধিনা বিহিতে কুণ্ডে মেখলা গর্ত্তবেদিভিঃ।
অগ্নিমাধায় পরিতঃ সমূহেৎ পাণিনোদিতং ॥ ৩৩ ॥
পরিস্তীর্য্যাথ পর্য্যুক্ষেদন্বাধায় যথাবিধি।

অন্বয়ঃ।

বিধিনা স্বগৃহ্যোক্তপ্রকারেণ, মেখলাগর্ত্তবেদিভিঃ বিহিতে কুণ্ডে অগ্নিং আধায় তৎ উদিতং প্রজ্বলিতং, অগ্নিং পাণিনা পরিতঃ সমূহেৎ একত্রমেলয়েৎ ॥ ৩৩ ॥

অথ পুনঃ দর্ভৈঃ তং পরিস্তীর্য্য পর্য্যুক্ষেৎ সর্ব্বতঃ প্রোক্ষয়েৎ। ততঃ যথাবিধি অন্বাধায় (অন্বাধানসংজ্ঞকং ব্যাহৃতিভিঃ সমিৎপ্রক্ষেপাদিরূপং কর্ম্ম কৃত্বা অগ্নেরুত্তরতঃ) দ্রব্যাণি হোমো-

শ্রীধরস্বামী।

ফলভূয়স্ত্বার্থিনোঽগ্নাবপি পূজাপ্রকারমাহ বিধিনা স্বগৃহ্যোক্তপ্রকারেণ মেখলাদিভিরুপলক্ষিতে বিহিতে নির্ম্মিতে তদুক্তং বিস্তারোচ্ছ্রায়তস্তিস্রো মেখলাশ্চতুরঙ্গুলাঃ। হস্তমাত্রো ভবেদ্গর্ত্তঃ সযোনির্বেদিকা তথেত্যাদি। উদিতমুজ্জ্বলিতমগ্নিং পরিতঃ সমূহেৎ একত্র মেলয়েৎ ॥ ৩৩ ॥

দর্ভৈঃ পরিস্তীর্য্য পরিতঃ প্রোক্ষয়েৎ অন্বাধায় অন্বাধানসংজ্ঞকং ব্যাহৃতিভিঃ সমিৎ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ফলভূয়স্ত্বার্থিনোঽগ্নাবপি পূজাপ্রকারমাহ বিধিনেতি। বিস্তারোচ্ছ্রায়তস্তিস্রো মেখলাশ্চতুরঙ্গুলাঃ। হস্তমাত্রো ভবেদ্গর্ত্তঃ সযোনির্ব্বেদিকা তথেতি বিধিঃ। উদিতং প্রজ্বলিতমগ্নিং সমূহেৎ একত্র মেলয়েৎ। ৩৩ ॥

ততশ্চ দর্ভৈঃ পরিস্তীর্য্য আবৃত্য পরিতঃ প্রোক্ষয়েৎ। অন্বাধায় অন্বাধানসংজ্ঞকং

করিবার সামর্থ্য না থাকে, তবে একাদশী প্রভৃতি পর্ব্বোপলক্ষেও তাদৃশ যথাসম্ভব আমার পূজা করিবে ॥ ৩২ ॥

স্ব স্ব গৃহ্যোক্ত প্রকরণ অনুসারে মেখলা, গর্ত্ত ও বেদির বিধানে কুণ্ড প্রস্তুত করত অগ্ন্যাধান পূর্ব্বক হুতাশনকে প্রজ্বলিত করিবে; এবং হোমবিধি অনুসারে প্রজ্বলিত হুতাশনকে জোড়হস্তে জলবেষ্টন পূর্ব্বক মিলিত করিয়া দিবে ॥ ৩৩ ॥

পরে কুণ্ডের চতুর্দ্দিকে কুশের দ্বারা আস্তরণ করত যথাবিধি অন্বাধান নামক কর্ম্মের অনুষ্ঠানে প্রোক্ষণ করিবে। অনন্তর প্রোক্ষণীয় জলের দ্বারা

আভাস।

থাকে। কর্ম্মপদ্ধতিতে মন্ত্রাদির যথেষ্ট উল্লেখ আছে; গ্রন্থবাহুল্যভয়ে এস্থলে আর তাহার উল্লেখ করা হইল না। নিজের প্রিয় ও মনোজ্ঞ পদার্থ ব্যতীত অপরিষ্কৃত ও অবিহিত ভোজ্যাদি অভীষ্ট দেবাদিকে সমর্পণ করা বিধেয় নহে। ২৩—৩২ ॥

পূজাদি প্রায় সকল কর্ম্মেই হোমের ব্যবস্থা দেখিতে পাওয়া যায়। প্রতিমাতে আবাহন ও প্রয়োগ-ব্যবস্থা যেরূপ প্রদর্শিত হইয়াছে, হোমকুণ্ডস্থ হুতাশনেও সেই সকল ব্যবহারই সুসম

প্রোক্ষণ্যাসাদ্য দ্রব্যাণি প্রোক্ষ্যাগ্নৌ ভাবয়েত মাং ॥ ৩৪ ॥
তপ্তজাম্বূনদপ্রখ্যং শঙ্খচক্রগদাম্বুজৈঃ।
লসচ্চতুর্ভুজং শান্তং পদ্মকিঞ্জল্কবাসসং ॥ ৩৫ ॥
স্ফুরৎকিরীট-কটক-কটিসূত্রবরাঙ্গদং।

অন্বয়ঃ।

পযোগানি, আসাদ্য নিধায়, প্রেক্ষণ্যা প্রোক্ষণীপাত্রোদকেন, প্রোক্ষ্য অগ্নৌ অগ্নিস্বরূপে মাং ভাবয়েৎ ধ্যায়েৎ ॥ ৩৪ ॥

(তত্র ধ্যেয়ং আত্মরূপং বিশিনষ্টি) তপ্তজাম্বূনদপ্রখ্যং তপ্তসুবর্ণতুল্যতেজস্বিনং, শঙ্খ-চক্রগদাম্বুজৈঃ লসচ্চতুর্ভুজং (লসন্তঃ শোভমানাঃ চত্বারঃ ভুজাঃ যস্য তং) শান্তং মনোজ্ঞরূপং, পদ্মকিঞ্জল্কবাসসং (পদ্মস্য কিঞ্জল্কাঃ কেশরাঃ তদ্বৎ বাসঃ যস্য তং)। ৩৫ ॥

স্ফুরৎকিরীটকটককটিসূত্রবরাঙ্গদং শ্রীবৎসবক্ষসং (শ্রীবৎসঃ বক্ষসি যস্য তং) ভ্রাজৎ-

শ্রীধরস্বামী।

প্রক্ষেপাদিরূপং কর্ম্ম কৃত্বা অগ্নেরুত্তরতো দ্রব্যাণি হোমোপযোগীন্যাসাদ্য নিধায় প্রোক্ষণ্যা প্রোক্ষণীপাত্রোদকেন প্রোক্ষ্য অগ্নৌ মাং ধ্যায়েৎ। ৩৪ ॥

শঙ্খাদিভিরুল্লসন্তঃ শোভমানাশ্চত্বারো ভুজা যস্য তং। ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যাহৃতিভিঃ সমিৎপ্রক্ষেপণাদিরূপং কর্ম্ম কৃত্বা আসাদ্য অগ্নেরুত্তরতো নিধায় প্রোক্ষণ্যা

প্রোক্ষণ পূর্ব্বক অগ্নির উত্তরদিক্ হইতে হোমের দ্রব্যসামগ্রী নিকটে লইবে এবং অগ্নিস্বরূপে আমার মূর্ত্তি চিন্তা করিবে ॥ ৩৪ ॥

ধ্যানকালে গালিত সুবর্ণ-সদৃশ আভাবিশিষ্ট পদ্মকেশরের ন্যায় পীত-বসন-পরিহিত চতুর্ভুজ শঙ্খ, চক্র, গদা ও পদ্মধারী মদীয় মনোজ্ঞ মূর্ত্তির চিন্তা করিবে ॥ ৩৫ ।

মস্তকে কিরীট, গলদেশে কৌস্তুভমণি ও বনমালা, বক্ষঃস্থলে শ্রীবৎস-লাঞ্ছিত চিহ্ন, হস্তে বলয়, কটিতে কটিসূত্র এবং অন্যান্য দীব্যাভরণে ভূষিত

আভাস।

পথ প্রদর্শিত হইয়াছে। তবে এক জন ব্যক্তিকে হস্তধারণ পূর্ব্বক আপন সমীপে আনয়ন করত স্বীয় অভিপ্রায়ানুরূপ কার্য্য করাইবার জন্য বাক্য প্রয়োগে যথেষ্ট পরিচয় প্রদান করিলেও, মানসিক ভাবের বিনিময়ার্থ কিঞ্চিৎ অপেক্ষা থাকে; আনীত ব্যক্তি মৌখিক কথা ও দেহের বল ব্যতীত মানসিক ভাব অবগত হইবার জন্য কিঞ্চিৎ অপেক্ষা করে। আনয়ন-কারী যে কোন উপায়ে মনোগত ভাব প্রকাশ করিবা মাত্র, আনীত ব্যক্তি কার্য্যে প্রবৃত্ত হয়। প্রতিমার প্রতিষ্ঠা বা মন্ত্রোচ্চারণে উপচারাদির প্রদানে বাহ্য পূজার সমাপ্তি হয় বটে, কিন্তু তেজোমাত্রা বহ্নিতে ইষ্টদেবতার মূর্ত্তিচিন্তনে আহুতি প্রদানের দ্বারা প্রতিমা ও পূজকের

শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎ কৌস্তুভং বনমালিনং ॥ ৩৬ ॥
ধ্যায়ন্নভ্যর্চ্য দারূণি হবিষাভিঘৃতানি চ।
প্রাস্যাজ্য ভাগাবাঘারৌ দত্ত্বা চাজ্যাপ্লুতং হবিঃ।
জুহুয়ান্মূলমন্ত্রেণ ষোড়শর্চ্চাবদানতঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

কৌস্তুভং যস্য তং) বনমালিনং ॥ ৩৬ ॥

(এবম্ভূতং মাং) ধ্যায়ন্ অভ্যর্চ্য হবিষা ঘৃতেন অভিঘৃতানি সংসিক্তানি, দারূণি শুষ্ক-সমিধঃ, প্রাস্য প্রক্ষিপ্য, আঘারৌ (প্রজাপতয়ে স্বাহা, ইন্দ্রায় স্বাহা ইতি চোত্তরদক্ষিণ-পরিধি-সন্ধিং আরভ্য অগ্নিমধ্যাদাপরিধ্যন্তং ঘৃতক্ষরণরূপৌ) আজ্যভাগৌ (অগ্নয়ে স্বাহা, সোমায় স্বাহা ইতি হোমরূপৌ) দত্ত্বা আজ্যপ্লুতং (আজ্যেন ঘৃতেন প্লুতং) হবিঃ মূলমন্ত্রেণ (ওঁ নমো নারায়ণায় স্বহা ইত্যনেন) তথা ষোড়শর্চ্চা (ষোড়শঃ ঋচঃ যস্মিন্ তেন পুরুষসূক্তেন) অবদানতঃ (প্রত্যৃচং হোমং জ্ঞেয়ং তথা মন্ত্রৈঃ) জুহুয়াৎ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

স্ফুরন্তি কিরীটাদীনি যস্য তং ॥ ৩৬ ॥

হবিষা ঘৃতেন অভিঘৃতানি সংসিক্তানি দারূণি শুষ্কসমিধঃ প্রাস্য প্রক্ষিপ্যাঘারৌ তৎ-সংজ্ঞকৌ যাগৌ এবমাজ্যভাগৌ চ দত্ত্বা তদর্থা আহুতী হুত্বেত্যর্থঃ। তত্রাঘারৌ প্রজাপতয়ে স্বাহা ইন্দ্রায় স্বাহেতি চোত্তরদক্ষিণপরিধিসন্ধিমারভ্যাগ্নিমধ্যাদাপরিধ্যান্তং ঘৃতক্ষরণরূপৌ আজ্যভাগৌ অগ্নয়ে স্বাহা সোমায় স্বাহেত্যেবং হোমরূপৌ। মূলমন্ত্রেণাষ্টাক্ষরেণ তথা ষোড়শ ঋচো যস্মিন্ তেন পুরুষসূক্তেন চ অবদানতঃ প্রত্যৃচমাহুতিগ্রহণেনেত্যর্থঃ। পুরুষসূক্তে-নারাধনপক্ষে স এব মূলমন্ত্রঃ। তেনৈব প্রত্যৃচমবদানতো হোম ইতি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রোক্ষণীপাত্রোদকেন প্রোক্ষ্য মাং অন্তর্যামিতয়া বহ্নৌ বর্ত্তমানং ॥ ৩৪—৩৬ ॥

হবিষা অভিঘৃতানি সিক্তানি। গৃঘৃ সেচনে। প্রাস্য অগ্নৌ প্রক্ষিপ্য আঘারৌ তৎ-সংজ্ঞকৌ যাগৌ এবমাজ্যভাগৌ চ দত্ত্বা তদর্থা আহুতীর্দত্ত্বেত্যর্থঃ। আজ্যপ্লুতং ঘৃতসিক্তং হবির্স্তিলাদিকং বক্ষিয়ং ষোড়শ ঋচো যস্মিংস্তেন পুরুষসূক্তেন চ। অবদানতঃ প্রতিঋচমাহুতি-গ্রহণেনেত্যর্থঃ ॥ ৩৭ ॥

মদীয় মূর্ত্তির ভাবনা করিবে ॥ ৩৬ ॥

এইরূপ ধ্যান পূর্ব্বক আমার অর্চ্চনা করিয়া, ঘৃতাক্ত শুষ্ক সমিধ অগ্নিতে প্রদান করিবে। পরে প্রজাপতয়ে স্বাহা, ইন্দ্রায় স্বাহা এই মন্ত্রদ্বয়ে উত্তর

আভাস।

আন্তরীক শক্তির বিনিময় হইয়া থাকে। ইহার দ্বারা স্থূলাপেক্ষা সূক্ষ্মক্রিয়ার অভিব্যক্তি হয় এবং পূজাদি যাবতীয় দৈবকার্য্যে বিশেষ অনুকূলতাই সাধিত হইয়া থাকে ॥ ৩৩—৩৭ ॥

ধর্ম্মাদিভ্যো যথান্যায়ং মন্ত্রৈঃ স্বিষ্টিকৃতং বুধঃ।
অভ্যর্চ্যাথ নমস্কৃত্য পার্ষদেভ্যো বলিং হরেৎ॥ ৩৮॥
মূলমন্ত্রং জপেদ্ব্রহ্ম স্মরন্নারায়ণাত্মকং।

অন্বয়ঃ।

তথা মন্ত্রৈঃ স্বাহান্তৈঃ, যথান্যায়ং পূজাক্রমেণ, ধর্ম্মাদিভ্যঃ জুহুয়াৎ ততঃ বুধঃ (অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা ইত্যেবং) স্বিষ্টিকৃতং চ হুত্বা (অগ্নিস্থং ভগবন্তং) অভ্যর্চ্য অথ নমস্কৃত্য পার্ষদেভ্যঃ নন্দাদিভ্যঃ, বলিং হরেৎ॥ ৩৮॥

(ততঃ পূজাস্থানমাগত্য তত্রোপবিশ্য) নারায়ণাত্মকং ব্রহ্ম স্মরন্ (যথাশক্তি) মূলমন্ত্রং জপেৎ (যতঃ অগ্নৌ বহিশ্চ প্রতিমায়াং ভগবতো ভোজনসমাপ্তিং ধ্যাত্বা) আচমনং দত্ত্বা

শ্রীধরস্বামী।

হে উদ্ধব! তোমার প্রশ্নটী যেমন অপূর্ব্ব, আমিও সেইরূপ বিশেষ বিবেচনা পূর্ব্বক তাহার উত্তর দিয়াছি! তোমার প্রশ্নটীকেও যিনি মনোমধ্যে ধারণা করিতে পারেন, তিনিও বেদের অতি রহস্য সনাতন পরম ব্রহ্মকে

আভাস।

সমর্পণ করিলেই আংশিক দেহ দান বুঝায়; এবং তদ্দ্বারাই ভগবৎপ্রাপ্তি ঘটে। যাহারা সে ভক্তিতে অপারক, তাহারাই সংসারে বঞ্চিত। ভগবান্ উদ্ধবকে যে কোন উপদেশ বাক্য প্রদান করিয়াছিলেন, তন্মধ্যে ইহাই সার উপদেশ। যাঁহার হৃদয়ে ভগবান্ নিত্য বিরাজ করেন, এই সংসারে তিনিই যথার্থ বিরাজ করেন; এবং ভক্তসভা তাঁহার সৌন্দর্য্যেই আলোকিত হয়, সন্দেহ নাই॥ ২২—২৩॥

সনাতনং ব্রহ্মগুহ্যং পরং ব্রহ্মাধিগচ্ছতি ॥ ২৪ ॥
য এতন্মম ভক্তেষু সংপ্রদদ্যাৎ সুপুষ্কলং।
তস্যাহং ব্রহ্মদায়স্য দদাম্যাত্মানমাত্মনা ॥ ২৫ ॥
য এতৎ সমধীয়ীত পবিত্রং পরমং শুচি।
স পূয়েতাহরহর্ম্মাং জ্ঞানদীপেন দর্শয়ন্ ॥
য এতচ্ছ্রদ্ধয়া নিত্যমব্যগ্রঃ শৃণুয়ান্নরঃ।
ময়ি ভক্তিং পরাং কুর্ব্বন্ কর্ম্মভির্ন স বধ্যতে ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

(বেদেঽপি রহস্যং) সনাতনং নিত্যং, পরং ব্রহ্ম অধিগচ্ছতি প্রাপ্নোতি ॥ ২৪ ॥

যঃ জনঃ, সুপুষ্কলং (বিস্তৃতং যথা ভবতি তথা) এতৎ আত্মবিজ্ঞানং মম ভক্তেষু সংপ্রদদ্যাৎ তস্য ব্রহ্মদায়স্য ব্রহ্মোপদেষ্টুঃ, আত্মনা স্বয়ং এব অহং আত্মানং দদামি ॥ ২৫ ॥

যঃ এতৎ পবিত্রং পরমং শুচি শোধকং, আত্মবিজ্ঞানং সমধীয়ীত উচ্চৈঃ পঠেৎ, সঃ জ্ঞানদীপেন অন্যান্ অপি মাং অহরহঃ দর্শয়ন্ স্বয়ং পূয়েত ॥

যঃ নরঃ অব্যগ্রঃ সাবধানঃ সন্ নিত্যং এতৎ তত্ত্বং শ্রদ্ধয়া শৃণুয়াৎ সঃ ময়ি পরাং অহৈতুকীং, ভক্তিং কুর্ব্বন্ কর্ম্মভিঃ ন বধ্যতে ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

অনুসন্দধ্যাৎ সচ। ব্রহ্মগুহ্যং বেদেঽপি রহস্যং ॥ ২৪ ॥

সুপুষ্কলং যথা ভবতি তথা ব্রহ্মদায়স্য ব্রহ্ম দদাতীতি তথা তস্য জ্ঞানোপদেষ্টুঃ ॥ ২৫ ॥

সমধীয়ীত উচ্চৈঃ পঠেৎ। পরমং শুচি অন্যেষামপি শোধকং। পূয়েত শুদ্ধ্যেৎ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তব প্রশ্নং ময়া সুবিবিক্তং দত্তোত্তরং যো ধারয়েৎ এতদুপাখ্যানমপি যো ধারয়েৎ ॥ ২৪ ॥

সুপুষ্কলং যথা স্যাত্তথা ব্রহ্ম দদাতীতি ব্রহ্মদায়স্তস্যেতি চতুর্থ্যর্থে ষষ্ঠী ॥ ২৫ ॥ ২৬ ॥

প্রাপ্ত হইয়া থাকেন সন্দেহ নাই ॥ ২৪ ॥

যে ব্যক্তি অতি বিশদভাবে এই আত্ম-বিজ্ঞানের উপদেশ আমার ভক্তগণকে প্রদান করেন, সেই বেদোপদেষ্টা ব্যক্তিকে আমি স্বয়ংই আত্মস্বরূপ প্রদান করিয়া থাকি ॥ ২৫ ॥

এই পরম পবিত্র সর্ব্বপাপ-নিবারণ আত্ম-বিজ্ঞানটী যিনি উচ্চকণ্ঠে পাঠ করেন, তিনি জ্ঞানালোকের উদ্দীপনে অন্যের সন্নিধানে মদীয় স্বরূপ নিত্য প্রকাশ করায়, নিজেই পবিত্র হন ॥

যে ব্যক্তি অতি সাবধানে এবং শ্রদ্ধা-সহকারে এই পরমাত্মতত্ত্বটী নিত্য শ্রবণ করেন, তিনি অহৈতুকী ভক্তি লাভে, কর্ম্মবন্ধনে আর আবদ্ধ হন না ॥ ২৬ ॥

অপ্যুদ্ধব ত্বয়া ব্রহ্ম সখে সমুপধারিতং।
অপি তে বিগতো মোহঃ শোকশ্চাসৌ মনোভবঃ॥ ২৭ ॥
নৈতত্ত্বয়া দাম্ভিকায় নাস্তিকায় শঠায় চ।
অশুশ্রূষোরভক্তায় দুর্ব্বিনীতায় দীয়তাং ॥ ২৮ ॥
এতৈর্দোষৈর্বিহীনায় ব্রহ্মণ্যায় প্রিয়ায় চ।
সাধবে শুচয়ে ব্রূয়াদ্ভক্তিঃ স্যাচ্ছূদ্রযোষিতাং ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

অপি কিং হে উদ্ধব সখে! ত্বয়া ব্রহ্ম সমুপধারিতং, অপি তে মোহঃ মনোভবঃ অসৌ শোকঃ আধ্যাত্মিকাদিতাপত্রয়ঃ বিগতঃ এব ॥ ২৭ ॥

এতৎ তত্ত্বং দাম্ভিকায় ধর্ম্মধ্বজায়, নাস্তিকায় বেদে বিশ্বাসরহিতায়, শঠায় বঞ্চকায়, অশুশ্রূষোঃ অশুশ্রূষবে, অভক্তায় দুর্ব্বিনীতায় ত্বয়া ন দীয়তাং ॥ ২৮ ॥

এতৈঃ দোষৈঃ বিহীনায় ব্রহ্মণ্যায় ব্রাহ্মণভক্তায়, প্রিয়ায় সাধবে শুচয়ে এব ব্রূয়াৎ; তথা শূদ্রযোষিতাং (শূদ্রাণাং যোষিতাং চ মধ্যে) যদি ভক্তিঃ স্যাৎ তর্হি তেভ্যস্তাভ্যশ্চ ব্রূয়াৎ ॥২৯

শ্রীধরস্বামী।

সম্যগ্‌জ্ঞানানুৎপত্তৌ পুনরুপদেক্ষ্যামীত্যাশয়েন পৃচ্ছতি অপীতি অপি কিং ॥ ২৭ ॥

উপধারিতমাকলয্যাহ নৈতদিতি। শঠায় বঞ্চকায় ॥ ২৮ ॥

শূদ্রাণাং যোষিতাঞ্চ যদি ভক্তিঃ স্যাত্তর্হি ব্রূয়াৎ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিত্যসিদ্ধস্য নিস্ত্রৈগুণ্যস্যাপি উদ্ধবস্য জ্ঞানাদিগ্রহণার্থং স্বশক্ত্যৈব মোহমুৎপাদ্য জ্ঞানাদ্যুপদেশেন পুনস্তং নিরাকৃত্য লীলয়া পৃচ্ছতি অপি তে ইতি ॥ ২৭ ॥

ব্রহ্মগুহ্যং বেদরহস্যং পরব্রহ্মস্বরূপং অশুশ্রূষোরশ্রদ্ধয়া শৃণ্বতে ॥ ২৮ ॥

শূদ্রাণাং যোষিতাঞ্চ যদি ভক্তিঃ স্যাত্তর্হি তেভ্যস্তাভ্যশ্চ ব্রূয়াৎ ॥ ২৯ ॥

হে সখে উদ্ধব! আমার উপদেশে তুমি পরম ব্রহ্মকে সম্যক্ অবধারণ করিলে ত! তোমার আন্তরিক মোহ এবং শোকাদি আধ্যাত্মিক তাপত্রয় অপনোদিত হইয়াছে ত? ॥ ২৭ ॥

এই পরমাত্মতত্ত্ব কখন দাম্ভিক, বেদবাক্যে অবিশ্বাসী নাস্তিক প্রবঞ্চক বা ভক্তিরহিত দুর্ব্বিনীত এবং শ্রবণে অনিচ্ছুক ব্যক্তিকে প্রদান করা বিধেয় নহে ॥ ২৮ ॥

এই সমস্ত দোষ যাহাদিগের নাই, যাহারা ব্রাহ্মণের উপকারী সাধু পবিত্র প্রিয়পাত্র, তাহাদিগকেই প্রদান করিবে। অধিক কি! স্ত্রী বা শূদ্রও যদি ভক্তিবিশিষ্ট হয়, তাহাদিগকেও প্রদান করিবে ॥ ২৯ ॥

নৈতদ্বিজ্ঞায় জিজ্ঞাসোর্জ্ঞাতব্যমবশিষ্যতে ।
পীত্বা পীযূষমমৃতং পাতব্যং নাবশিষ্যতে ॥ ৩০ ॥
জ্ঞানে কর্ম্মণি যোগে চ বার্ত্তায়াং দণ্ডধারণে ।

অন্বয়ঃ ।

যথা পীযূষং স্বাদু, অমৃতং পীত্বা পাতব্যং অন্যৎ ন অবশিষ্যতে তথা এতৎ ব্রহ্মতত্ত্বং বিজ্ঞায় জিজ্ঞাসোঃ জ্ঞাতব্যং অন্যং কিঞ্চিৎ ন অবশিষ্যতে ॥ ৩০ ॥

জ্ঞানে কর্ম্মণি যোগে চ বার্ত্তায়াং কৃষ্যাদৌ, দণ্ডধারণে দণ্ডনীতৌ চ নৃণাং যাবান্ মোক্ষঃ, শ্রীধরস্বামী ।

এতজ্জ্ঞানে পুমান্ কৃতার্থো ভবতীত্যাহ নৈতদিতি । অত্র দৃষ্টান্তমাহ পীত্বেতি । পীযূষং স্বাদু ॥ ৩০ ॥

ননু সন্তি বহূনি শ্রেয়াংসি তত্তৎফলসাধনানি সত্যং সন্ত্যভক্তানাং ভক্তস্যতু সর্ব্বমহমেব অতো মদেকশরণো ভবেত্যাহ জ্ঞান ইতি জ্ঞানাদৌ যাবান্ ধর্ম্মাদিলক্ষণশ্চতুর্বিধোঽর্থস্তাবান্ শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যদ্যপি ভক্ত্যৈব কৃতার্থস্য মদ্ভক্তস্য জ্ঞানেন নাস্তি প্রয়োজনং তদপি জ্ঞানং নাম কীদৃশমিতি কদাচিৎ কস্যচিদ্ভক্তস্য যদি জিজ্ঞাসা স্যাত্তদা তেন ইদমেব দ্রষ্টব্যমত্র জ্ঞানস্যাপি সত্ত্বাদিত্যাহ নৈতদিতি । পীযূষং সুধাং পীত্বা পাতব্যং অমৃতং পেয়মমৃতান্তরং নাবশিষ্যতে ॥ ৩০ ॥

ননু যদি কস্যচিদ্ভক্তস্য জ্ঞানকর্ম্মাদিফলেঽপি লিপ্সা স্যাত্তদা তেন জ্ঞানাদিকমভ্যসনীয়মেবেতি তত্রোদ্ধবং লক্ষীকৃত্য নৈবেত্যাহ জ্ঞানে ইতি । জ্ঞানাদৌ যাবানর্থঃ ফলং মোক্ষাদি-

যেমন অতীব স্বাদু অমৃত পান করিলে, আর অন্য কিছু পান করিবার সাধ থাকে না, সেইরূপ এই পরমাত্মতত্ত্ব একবার অবগত হইতে পারিলে, সংসারে আর কিছুই অবগত হইবার বাকী থাকে না ॥ ৩০ ॥

আত্মানাত্ম-বিচাররূপ জ্ঞানে, যজ্ঞাদি কর্ম্মে, যমাদি যোগে, কৃষ্যাদি বার্ত্তায় এবং দণ্ডনীতির অনুশীলনে মানব যে যে ধর্ম্ম, অর্থ, কাম এবং মোক্ষ

আভাস ।

একা ভক্তির দ্বারা কৃতার্থ ভক্তের আর জ্ঞানের প্রয়োজন হয় না, সত্য ! কিন্তু পাছে ভক্তের একটী অভাব থাকা স্বীকার করা হয়, এই নিমিত্ত জ্ঞানের স্বরূপ এই স্থলে ব্যাখ্যা করা হইয়াছে । অর্থাৎ ভক্ত যদি জ্ঞানের স্বরূপ জিজ্ঞাসা করেন, তখন তাঁহাকে বলা হইবে যে, তাঁহার অবধারিত বিষয় অপেক্ষা জ্ঞান আর অন্য কিছু নহে । এই পরমাত্মতত্ত্বের অবধারণ হইলে, আর কোন জ্ঞাতব্য বিষয় থাকে না । যাহারা প্রকৃত ভক্ত নহে, তাহারা বিষয়লম্পট ; পরিজ্ঞাত হইবার জন্য তাহাদের অনন্ত বিষয় থাকে । ভক্ত বা জ্ঞানীর আর ভিন্ন বিষয় থাকে না । নিষ্কাম কর্ম্ম বা জ্ঞানের ফলে ভক্তের আর প্রয়াস ঘটিবার সম্ভাবনা

শ্রীশুক উবাচ ॥

স এবমাদর্শিতযোগমার্গস্তদোত্তমশ্লোকবচো নিশম্য।

বদ্ধাঞ্জলিঃ প্রত্যুপরুদ্ধকণ্ঠো ন কিঞ্চিদূচেঽশ্রুপরিপ্লুতাক্ষঃ ॥ ৩৩ ॥

বিষ্টভ্য চিত্তং প্রণয়াবঘূর্ণং ধৈর্য্যেণ রাজন্ বহু মন্যমানঃ।

কৃতাঞ্জলিঃ প্রাহ যদুপ্রবীরং শীর্ষ্ণা স্পৃশংস্তচ্চরণারবিন্দং ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। এবং আদর্শিতযোগমার্গঃ (আদর্শিতঃ যোগস্য মার্গঃ যস্মৈ সঃ) উদ্ধবঃ তদা উত্তমশ্লোকস্য ভগবতঃ, বচঃ নিশম্য শ্রুত্বা, অশ্রুপরিপ্লুতাক্ষঃ উপরুদ্ধকণ্ঠঃ বদ্ধাঞ্জলিঃ সন কিঞ্চিৎ ন প্রতি উচে ॥ ৩৩ ॥

প্রণয়াবঘূর্ণং (প্রণয়েন প্রেম্না অবঘূর্ণং ক্ষুভিতং) চিত্তং ধৈর্য্যেণ বিষ্টভ্য বহুমন্যমানঃ (আত্মানং কৃতার্থং মন্যমানঃ) শীর্ষ্ণা তচ্চরণারবিন্দং স্পৃশন্ কৃতাঞ্জলিঃ চ সন্ যদুপ্রবীরং শ্রীকৃষ্ণং প্রাহ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

আদর্শিতো যোগমার্গো যস্মৈ সঃ ॥ ৩৩ ॥

প্রণয়েনাবঘূর্ণং ক্ষুভিতং চিত্তং ধৈর্য্যেণ বিষ্টভ্য বহুমন্যমান আত্মানং কৃতার্থং মন্যমানঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ময়া সহৈব আত্মভূয়ায় স্বভূত্যৈ কল্পতে যোগ্যো ভবতি চকারেণৈতৎফলমননুসংহিতং ফলন্তু প্রেমবৎপার্ষদত্বমিতি ॥ ৩২ ॥ ৩৩ ॥

প্রণয়েনাবঘূর্ণং অবগতঘূর্ণাকং মহাব্যগ্রং চিত্তং ধৈর্য্যেণ বিষ্টভ্য তদ্দত্তশক্ত্যৈব যদৈর্ষ্যমভূত্তদেব বহুমন্যমানঃ ॥ ৩৪ ॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! এই প্রকারে যোগের পথ সম্যক্ অবধারণ করিয়া, উদ্ধব আপনাকে কৃতার্থ জ্ঞান করিলেন; তিনি উত্তমশ্লোক ভগবানের কথা শ্রবণে বিহ্বল হইয়া পড়িলেন; লোচনদ্বয় আনন্দাশ্রুতে পরিপূর্ণ হইয়া গেল; তাঁহার কণ্ঠ রুদ্ধ হইয়া গেল; করজোড়ে দণ্ডায়মান রহিলেন মাত্র, কিন্তু আর কিছু বলিতে পারিলেন না। ৩৩ ॥

প্রেমে অবসন্নপ্রায় চিত্তকে কথঞ্চিৎ স্থির করিয়া, যখন আপনাকে কৃতার্থ

আভাস।

ফলের অপেক্ষা, অমায়াময় সত্যস্বরূপ ফলে ভক্তের অধিকার জন্মে। কিন্তু ফলমাত্রই মায়াময়; তখন ভক্তের জন্য ভগবান্‌কে সেই সকল সর্ব্বভাবে স্বয়ং প্রতীত হইয়া, ভক্তের সাধ পূরণ করিবার জন্য নিজের নিত্য নিরঞ্জন অমায়াময় ভাবকেই সর্ব্বরূপে প্রদর্শিত করাইতে হইবে। ভক্ত নাশাদি বিকার-বর্জ্জিত পরমার্থভূত গুণাতীত সত্যময় জ্ঞোশ্বাদি লাভে ভগবানের সহিতই নিত্য সিদ্ধ লোকে গমন করিয়া থাকেন। ইহাই ভগবানের অতুল কৃপার পরিচয় ॥ ৩২—৩৪ ॥

উদ্ধব উবাচ ॥

বিদ্রাবিতো মোহময়োঽন্ধকারো য আশ্রিতো মে তব সন্নিধানাৎ।

বিভাবসোঃ কিন্নু সমীপগস্য শীতং তমো ভীঃ প্রভবন্ত্যজাদ্য ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

উদ্ধবঃ উবাচ। যঃ মোহময়ঃ অন্ধকারঃ মে ময়া, আশ্রিতঃ আসীৎ সঃ তব সন্নিধানাৎ উপদেশাৎ, অধুনা বিদ্রাবিতঃ; হে অজাদ্য ব্রহ্মণোঽপি জনক! বিভাবসোঃ অগ্নেঃ, সমীপগস্য সমীপস্থস্য কিং শীতং তমঃ ভীঃ নু প্রভবন্তি? ন কিমপীত্যর্থঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

মে ময়া য আশ্রিত আসীৎ স তব সন্নিধানেনৈব বিদ্রাবিতঃ। প্রভবন্তি কিন্নু বাধায়ৈ সমর্থানি ভবন্তি। অজাদ্য ব্রহ্মণোঽপি জনক ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যো মে ময়া মোহমহান্ধকার আশ্রিতঃ সর্ব্বযাদববিরাজিত মৎপ্রভুসহিতা দ্বারকেয়ৎ পরিচ্ছিন্নৈব সংপ্রতি নশ্বরেতি বিচারময়ঃ স তয়া বিদ্রাবিত ইতি তৃতীয়স্কন্ধদর্শিতোদ্ধব-প্রশ্নানন্তরমনন্যজ্ঞেয়স্বীয়সিদ্ধান্তরহস্যপ্রদীপং আদিদেশারবিন্দাক্ষ আত্মনঃ পরমাং স্থিতিমিতি চ নর্ব্যাখ্যিতমুদ্ধবায়াদাত্তৎকথা এতদুত্তরাপ্যত্রৈবোক্তা জ্ঞেয়া। অতঃ কালদ্বয়োদ্ভূতং শ্রীবরাহচেষ্টিতং। একত্রৈবাহ মৈত্রেয় ইতিবৎ ॥ ৩৫ ॥

জ্ঞান করিলেন, তখন মস্তক অবনত করত ভগবানের পাদপদ্ম স্পর্শ করিলেন এবং কৃতাঞ্জলিপুটে সম্বোধন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে বলিলেন ॥ ৩৪ ॥

হে দীনবন্ধো! যে ভীষণ অন্ধকার-সদৃশ মোহকে আশ্রয় করিয়া আমি এতকাল কালাতিপাত করিতেছিলাম, এক্ষণে আপনার উপদেশে আমার সে সকল অজ্ঞান বিদূরিত হইয়াছে! আপনি ব্রহ্মারও সৃষ্টিকর্ত্তা! অগ্নির সমীপস্থ জীবের যেমন শীত, অন্ধকার এবং অদর্শন-নিবন্ধন ভয় আর থাকে না, আপনার সান্নিধ্য লাভে আমারও সেইরূপ সকল ভয় নিবারণ হইল! ॥ ৩৫ ॥

আভাস।

ভক্তকে আর বৈরাগ্য-সাধনের জন্য যত্ন করিবার প্রয়োজন হয় না। হুতাশনের সমীপে উপবেশন করিলে, যেমন শীতাদিজনিত ক্লেশ থাকে না, সেইরূপ ভগবৎসান্নিধ্য লাভে ভক্তের যাবদীয় সাংসারিক ভাব স্বতই সরিয়া যায়। ভগবান্ কিন্তু ভক্তের কেবল দুঃখ নিবারণ করিয়াই ক্ষান্ত থাকেন না। তিনি আত্মজ্ঞানের আলোক ভক্তহৃদয়ে উদ্দীপিত করিয়া দেন। ভক্ত সেই জ্ঞানালোকের প্রসাদে সমস্তই প্রত্যক্ষবৎ প্রতীত করেন। ভক্ত সামান্য জরা-রোগাদিবিশিষ্ট মায়িক কলেবর ভগবানকে সমর্পণ করিয়া, যখন তাদৃশ ফলভাগী হইয়াছেন, তখন কোন্ বিবেচনায় তাদৃশ জগজ্জীবনকে পরিত্যাগ করিয়া, তিনি অন্যত্র গমন করিতে পারেন? উদ্ধবের একান্ত বাসনা, তিনি শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া অন্যত্র গমন না করেন; কিন্তু যে

প্রত্যর্পিতো মে ভবতানুকম্পিনা ভৃত্যায় বিজ্ঞানময়ঃ প্রদীপঃ।
হিত্বা কৃতজ্ঞস্তব পাদমূলং কোঽন্যং সমীয়াচ্ছরণং ত্বদীয়ং ॥ ৩৬ ॥
বৃক্ণশ্চ মে সুদৃঢ়ঃ স্নেহপাশো দাশার্হবৃষ্ণ্যন্ধকসাত্বতেষু।

অন্বয়ঃ।

অনুকম্পিনা দয়ালুনা ভবতা ভৃত্যায় মে মহ্যং, বিজ্ঞানময়ঃ প্রদীপঃ প্রত্যর্পিতঃ, অতঃ তব কৃতজ্ঞঃ (ত্বয়া কৃতং অনুগ্রহং জানন্ সন্) কঃ জনঃ ত্বদীয়ং পাদমূলং হিত্বা পরিত্যজ্য অন্যং শরণং, সমীয়াৎ আশ্রয়েৎ ॥ ৩৬ ॥

কিঞ্চ সৃষ্টিবিবৃদ্ধয়ে ত্বয়া স্বমায়য়া দাশার্হবৃষ্ণ্যন্ধকসাত্বতেষু যাদবাদিষু, মে মম, যঃ সুদৃঢ়ঃ স্নেহপাশঃ

শ্রীধরস্বামী।

কিঞ্চ। যদ্যপি তব সন্নিধানাদেব গতঃ তথাপ্যনুকম্পিনা ভবতা বিজ্ঞানময়ঃ প্রদীপশ্চ প্রত্যর্পিতঃ স্বমায়য়াপহৃতঃ পুনঃ সমর্পিতঃ। অতস্তব কৃতজ্ঞঃ যস্ত্বয়া কৃতমনুগ্রহং জানাতি স কো নাম ত্বদীয়ং পাদমূলং হিত্বান্যচ্ছরণং সমীয়াদাশ্রয়েৎ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যর্পিত ইতি। ময়া তুভ্যমাত্মবুদ্ধীন্দ্রিয়াদিসহিতং শরীরমর্পিতং ত্বয়া তু বিজ্ঞানময়ঃ স্বানুভবময়ঃ প্রদীপঃ প্রত্যর্পিতঃ। অতোঽহং প্রতিক্ষণমেব সর্ব্বদেশকালবর্ত্তিনঃ স্বপরিকর-বিশিষ্টস্য তব মাধুর্য্যানুভবেন ত্বয়া পূর্ণীকৃত এব সম্প্রতি বর্ত্তে। মচ্ছরীরেণানেন যত্ত্বং চিকীর্ষসি তৎ কুরু। যত্র ক্বাপি প্রস্থাপয়িতুমিচ্ছসি তত্র প্রস্থাপয় অত্রৈব প্রস্থাপয়েতি ভাবঃ। যতঃ কৃতজ্ঞস্তত্ত্যাস্তব পাদমূলং হিত্বা অন্যত্তদীয়মপি স্থূলং শরণং স্বগৃহমপি কো নাম সমীয়াৎ গচ্ছেৎ। যদিচ তত্রাপি বর্ত্তমানস্য তব সাক্ষাদনুভবঃ স্যাত্তদা গচ্ছেদপি ন কাপ্যত্র হানিঃ। প্রত্যুত তন্নিদেশপালনঞ্চেতি ভাবঃ ॥ ৩৬ ॥

নন্ন তর্হি যাদবাদিষু স্নেহং হিত্বা কথং গন্তুং প্রভবিষ্যসি তত্রাহ বৃক্ণশ্ছিন্নঃ। অয়মর্থঃ। দাশার্হাদিষু মে দ্বিবিধঃ স্নেহপাশঃ। তত্র যঃ স্বমায়য়া ত্বয়া সৃষ্টিবিবৃদ্ধয়ে প্রসারিতঃ;

আপনি নিতান্ত অনুগ্রহ প্রকাশ পূর্ব্বক আপনার এই দাসের প্রতি সমুজ্জ্বল বিজ্ঞানালোক প্রদান করিয়াছেন! আপনার কৃত উপকারকে একবার অবধারণ করিতে পারিলে, জগতে এমন কোন্ ব্যক্তি আছে যে, ভবদীয় পাদপদ্ম পরিত্যাগ করত অন্যের আশ্রয় গ্রহণ করে? ॥ ৩৬ ॥

সৃষ্টির মর্য্যাদা রক্ষা করত প্রজাবৃদ্ধির বাসনায় দাশার্হ বৃষ্ণী ও অন্ধকাদি যদুবংশীয়গণের প্রতি আমার যে সুদৃঢ় স্নেহপাশ আপনি পূর্ব্বে স্বীয় মায়া-

আভাস।

পরিমাণ কর্ম্মের অনুষ্ঠান করিলে এবং বিশুদ্ধচিত্ত হইলে, কৃষ্ণসঙ্গ আর পরিত্যক্ত হয় না, উদ্ধব সম্পূর্ণ সেই স্তর পর্য্যন্ত অগ্রসর হইতে পারিয়াছিলেন না বলিয়াই, শ্রীকৃষ্ণ তাঁহাকে নিজ সমীপে না রাখিয়া সাধনার্থ বদরিকাশ্রমে যাইতে অনুমতি করিয়াছিলেন ॥ ৩৬ ॥

প্রসারিতঃ সৃষ্টিবিবৃদ্ধয়ে ত্বয়া স্বমায়য়া হ্যাত্মসুবোধহেতিনা ॥ ৩৭ ॥
নমোঽস্তু তে মহাযোগিন্ প্রপন্নমনুশাধি মাং।
যথা ত্বচ্চরণাম্ভোজে রতিঃ স্যাদনপায়িনী ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

প্রসারিতঃ সঃ আত্মসুবোধহেতিনা পরমাত্মজ্ঞানশস্ত্রেণ ত্বয়ৈব বৃক্ণঃ সংচ্ছিন্নঃ ॥ ৩৭ ॥

হে মহাযোগিন্! তে তুভ্যং, নমঃ অস্তু! ত্বচ্চরণাম্ভোজে অনপায়িনী শাশ্বতী, রতিঃ যথা স্যাৎ তথা প্রপন্নং মাং অনুশাধি শিক্ষয়! ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। দাসার্হাদিষু যস্ত্বয়া স্বমায়য়া স্নেহপাশঃ প্রসারিতঃ স ত্বয়ৈব আত্মজ্ঞানশস্ত্রেণ বৃক্ণশ্ছিন্নঃ ॥ ৩৭ ॥

এবং যদ্যপি ত্বয়া বহুকৃতং তথাপ্যেতাবং প্রার্থয়ে ইত্যাহ নমোঽস্ত্বিতি। অনুশাধি অনুশিক্ষয়। অনুশাসনীয়মাহ যথেতি। মুক্তাবপ্যনপায়িনী ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দাশার্হাদয়ঃ স্বপুত্রপৌত্রাদিরূপেণ পুনরপ্যভীক্ষ্ণং বর্দ্ধন্তাং ততশ্চাস্মৎসমৃদ্ধিঃ সদৈবাকল্পং সর্ব্বদিগ্দেশব্যাপিনী সর্ব্ববিজয়িনী ভূয়াদিত্যাভিমানিকঃ স্নেহপাশঃ স্বমায়য়া আত্মসুবোধাস্ত্রেণ বৃক্ণ এব যস্তু তদ্রূপগুণকথাপরিচর্য্যামাধুর্য্যাস্বাদনিবন্ধনস্তেষু স্নেহপাশঃ সতু মে ভূষণভূতো বর্ত্তত এব ত্বয়া জ্ঞানদীপোঽর্পণাৎ যত্রৈব যাস্যামি তত্রৈব বৃষ্ণ্যাদিসহিতঃ ত্বদ্বিশিষ্টামেব দ্বারকাং সাক্ষাদ্দ্রক্ষ্যামি তত্র কৃতকার্যঃ ত্বয়া আনেষ্যমাণ এষ্যামীতি ৩৭ ॥

হে মহাযোগিন্! মহাযোগবলেন। সর্ব্বত্রৈব মাং স্বানুভাবনয়া আনন্দয়িতুং প্রবৃত্ত ॥ ৩৮ ॥

বলেই প্রসারিত করিয়াছিলেন, সম্প্রতি পরমাত্মজ্ঞানরূপ তীক্ষ্ণ শস্ত্রের দ্বারা নিজেই তাহা চ্ছেদন করিয়াছেন। আমার স্নেহবন্ধন শিথিল হইয়া গিয়াছে! ॥ ৩৭ ॥

হে মহাযোগিন্! আপনাকে প্রণাম করি! আমি আপনার নিতান্ত শরণাগত হইয়াছি! ভবদীয় চরণকমলে যাহাতে আমার অচলা ভক্তি ও প্রীতি জন্মে, অনুগ্রহ পূর্ব্বক তদ্বিষয়ক উপদেশ আমাকে প্রদান করুন্ ॥ ৩৮ ॥

আভাস।

উদ্ধবের মনোমধ্যে নিজের অধিকারিত্ব-সম্বন্ধে কিছু বিশ্বাস ছিল। তিনি ভগবানকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে পতিতপাবন! স্নেহবন্ধনই জীবের পক্ষে সংসারের কারণ। পুত্র কলত্রাদিতে স্নেহ না থাকিলে, সৃষ্টির মর্য্যাদা সুরক্ষিত হয় না। এই নিমিত্ত স্বয়ং ভগবানই জীবের হৃদয়ে সেই বৃত্তির উদ্রেকে সংসার-বন্ধন দৃঢ় করিয়াছেন। হে ভগবন্! আমিও সেই বন্ধনে এতকাল আবদ্ধ থাকিয়া, সংসার-ধর্ম্মে মনযোগী ছিলাম। কিন্তু আপনিইত সম্প্রতি আমার

শ্রীভগবানুবাচ ॥

গচ্ছোদ্ধব ময়াদিষ্টো বদর্য্যাখ্যং মমাশ্রমং।

তত্র মৎপাদতীর্থোদে স্নানোপস্পর্শনৈঃ শুচিঃ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে উদ্ধব! ময়া আদিষ্টঃ (মদাজ্ঞয়াএব) ত্বং মম বদর্য্যাখ্যং আশ্রমং গচ্ছ! তত্র মৎপাদতীর্থোদে স্নানোপস্পর্শনৈঃ শুচিঃ পবিত্রঃ সন্ ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

তদুক্তং ওমিত্যঙ্গীকৃত্য তথাপি ময়াদিষ্টো লোকসংগ্রহার্থমেতাবৎ কুর্ব্বিত্যাহ গচ্ছেতি আদিষ্টো নিযুক্তঃ ॥৩৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো উদ্ধব সর্ব্বযাদবেষু মৎপরিকরেষু মধ্যে মত্তুল্যত্বাৎ ত্বমেব মৎপ্রতিমূর্ত্তিরসি। নোদ্ধবোঽণ্বপি মন্ন্যূনো যদ্গুণৈর্নার্দ্দিতঃ প্রভুঃ। অতো মদ্বয়ুনং লোকং গ্রাহয়ন্নিহ তিষ্ঠত্বিতি মদুক্তেরতো যৎ কৃত্যমহং স্বেন সাধয়ামি তত্ত্বয়া সাধয়িতুং শক্যোম্যত এব পূর্ব্বং ব্রজভূমিং প্রতি ত্বমেব প্রস্থাপিতো যথা তথৈব সম্প্রতি ত্বাং বদরিকাশ্রমং প্রস্থাপয়িতুমিচ্ছামি তত্র হি মদংশ শ্রীনরনারায়ণাদিমহামুনীন্দ্রা মাং দিদৃক্ষন্তে। মিথিলাদিভূতলপ্রদেশসুতলবৈকুণ্ঠাদীন্ পূর্ব্বং গতবতা ময়া তত্রতত্রস্থাঃ শ্রুতদেব-বহুলাশ্ববলিবৈকুণ্ঠনাথাদ্যা মাং দিদৃক্ষবঃ স্বদর্শন-দানেন স্বীয়জ্ঞানাদ্যুপদেশেন চ তে কৃতার্থীকৃতা স্তথাধুনা বদরিকাশ্রমো গন্তুং ন শক্যতে সপাদশতবর্ষরূপস্বাবতারমর্য্যাদাময়স্য সম্প্রতি সমাপ্তীভূতত্বাদতোঽধুনা প্রপন্নমনুশাধি মামিতি। যদি মাং প্রার্থয়সে তর্হি ইয়মেব সম্প্রতি মমাজ্ঞেতি মনসা মনসৈব সংকল্প্য প্রকটমাহ গচ্ছেতি। হে উদ্ধবেতি। ত্বমন্বর্থসংজ্ঞত্বাৎ সদৈব সর্ব্বজনোৎসবপ্রদো ভবস্যেবাধুনাতু স্বনিষ্ঠজ্ঞানবৈরাগ্যাদিস্বশক্তিপ্রদানেনাপি ত্বং তত্র জনোৎসববিশেষপ্রদোঽপি ময়া কৃত ইতি ভাবঃ ॥ ৩৯ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিলেন, হে উদ্ধব! আমার উপদেশ অনুসারে তুমি বদরিকাশ্রমে গমন কর! তথায় বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গাতে স্নান ও তদীয় জল-স্পর্শাদি দ্বারা ক্রমশ পবিত্র হইবে ॥ ৩৯ ॥

আভাস।

চিত্ত হইতে সে বন্ধনকে ছেদন করিয়াছেন! আমার হৃদয়ে জ্ঞানের আলোক প্রজ্বালিত করিয়াছেন! তবে আর কেন ঘোর অন্ধকার-পূর্ণ সংসারে নিক্ষেপ করিবার জন্য, আপনার সঙ্গকে ত্যাগ করাইতেছেন? হে মহাযোগিন্! আপনি সর্ব্বপ্রকারে আমাকে আনন্দের চরম সীমায় স্থান দিয়াও কেন পুনরায় নিরানন্দ-সাগরে ভাসাইতেছেন? অবশ্য আমার বিষয়বাসনা দূরীভূত হইয়াছে বটে, কিন্তু একটী অভাব যেন আমাতে সুস্পষ্ট প্রতীত হই-তেছে। কারণ যেরূপ প্রেম ও আসক্তি-সহকারে পুত্র কলত্র এবং বিষয়বৈভবে আমি নিমগ্নমনা

ঈক্ষয়ালকনন্দায়া বিধূতাশেষকল্মষঃ।
বসানো বল্কলান্যঙ্গ বন্যভুক্ সুখনিস্পৃহঃ ॥ ৪০ ॥
তিতিক্ষু র্দ্বন্দ্বমাত্রাণাং সুশীলঃ সংযতেন্দ্রিয়ঃ।
শান্তঃ সমাহিতধিয়া জ্ঞানবিজ্ঞানসংযুতঃ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

তথা অলকনন্দায়াঃ গঙ্গায়াঃ, ঈক্ষয়া দর্শনেন, বিধূতাশেষকল্মষঃ (বিধুতং অশেষং কল্মষং যেন সঃ তথাবিধঃ সন্) বল্কলানি বসানঃ পরিদধানঃ, বন্যভুক্, সুখনিস্পৃহঃ বিষয়সুখে নিস্পৃহঃ ॥৪০॥

দ্বন্দ্বমাত্রাণাং শীতোষ্ণাদিবিষয়াণাং তিতিক্ষুঃ সুশীলঃ সংযতেন্দ্রিয়ঃ, শান্তঃ রাগাদিরহিতঃ অতএব জ্ঞানবিজ্ঞানসংযুতঃ সন্ সমাহিতধিয়া ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

স্নানাদেঃ পূর্ব্বমেব মৎপাদোদকতীর্থভূতায়া অলকনন্দায়া গঙ্গায়া ঈক্ষয়া। বসানঃ পরিদধানঃ ॥ ৪০ ॥

দ্বন্দ্বমাত্রাণাং শীতোষ্ণাদিবিষয়াণাং। সুশীল আর্জ্জবাদিস্বভাবঃ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈক্ষয়া স্বকর্ত্তৃকাবলোকনেনৈব অলকনন্দায়া বিধূতং খণ্ডিতমশেষকল্মষং যেন সঃ। তেষাস্তে হৃষভিদ্ধরিরিতি নবমোক্তেরুদ্ধবস্য সর্ব্ববৈষ্ণবাগ্রগণ্যত্বাদত্রাশেষমিতি পদমুপন্যস্তং ॥ ৪০ ॥ ৪১ ॥

সেই অলকনন্দার দর্শনে ও স্পর্শনে সর্ব্ববিধ পাপ হইতে বিমুক্ত হইয়া তুমি বৃক্ষের বল্কল পরিধান পূর্ব্বক গ্রাম্যসুখে জলাঞ্জলি দিয়া, বন্য ফলমূলাদি ভোজনেই জীবনযাত্রা নির্ব্বাহ কর! ॥ ৪০ ॥

শীতোষ্ণ ও সুখদুঃখাদি দ্বন্দ্বভাবাপন্ন বিপরীত বিষয়সমূহের তীব্র তাড়নাকে সহ্য করত সচ্চরিত্র রাগদ্বেষাদিশূন্য ও জিতেন্দ্রিয় হইয়া, জ্ঞান ও বিজ্ঞানের অনুশীলনে তুমি যত্ন কর ॥ ৪১ ॥

আভাস।

থাকিতাম, বিষয়াসক্তি বিদূরিত হইলেও, সেরূপ প্রেম ও আসক্তির আকর্ষণে আপনার প্রতি ত আমার চিত্ত এখনও ধাবিত হইতেছে না! তাহাদের বিয়োগে তৎকালে যেরূপ ক্লেশানুভব হইত, আমার এক্ষণে আপনার বিয়োগ উপস্থিত দেখিয়া এবং ভাবিয়াও ত মন তাদৃশ দুঃখ অনুভব করিতেছে না। অতএব আপনার বিরহে, প্রাণ যাহাতে আকুল হইয়া ক্রন্দন করিতে থাকে; বিষয়-বিরহ অপেক্ষা আপনার বিরহ যাহাতে লক্ষগুণ অধিক সামর্থ্য আমার চিত্তে বিকাস করিতে পারে, এরূপ অধিকার আমাকে প্রদান করুন্। আপনার বিরহই যেন আমার হৃদয়ে নিরন্তর জাগরূক থাকে, আপনি তাহারই ব্যবস্থা করুন্। এতদুত্তরে ভগবান্ বলিলেন, বিষয়-বৈরাগ্যই

মত্তোঽনুশিক্ষিতং যত্তে বিবিক্তমনুভাবয়ন্।
ময্যাবেশিতবাক্‌চিত্তো মদ্ধর্ম্মনিরতো ভব ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

এতৎ তে ত্বয়া যৎ মত্তঃ মৎসকাশাৎ অনুশিক্ষিতং তৎ বিবিক্তং সুবিচারিতং, অনুভাবয়ন্ চিন্তয়ন্, ময়ি আবেশিতবাক্‌চিত্তঃ তথা মদ্ধর্ম্মনিরতঃ ভব ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

তে তথা বিবিক্তং সুবিচারিতং ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মত্তঃ সকাশাৎ যদ্ ভক্তিজ্ঞানবৈরাগ্যাদিকমনুশিক্ষিতং তত এব বিবেকং বিবেকবিশেষং অনুভাবয়ন্ তত্রত্যশ্রীনরনারায়ণাদীংস্ত্বাং পৃচ্ছত ইতি শেষঃ ॥ ৪২ ॥

তুমি আমার নিকট হইতে এপর্য্যন্ত যাহা শ্রবণ করিলে, একাগ্রচিত্তে সেই সকল বিষয়ের মীমাংসা মনোমধ্যে অবধারণ পূর্ব্বক বাক্য ও চিত্ত আমাতে সমর্পণ করত, মদীয় ধর্ম্মেই নিরত হও! ॥ ৪২ ॥

আভাস।

যে কেবল জীবকে পরমার্থ-প্রাপ্তির উপযোগী করিয়া দেয়, তাহা নহে। বিষয়বৈরাগ্য কেবল ব্যাঘাত নিবারণ করে মাত্র; ঈশ্বরপ্রেম কিন্তু উদিত হইয়া, চিত্ত হইতে চৈতন্যস্বরূপ জীবতত্ত্বকে নিকাশিত করত, পরমাত্মস্বরূপ চৈতন্যজলধিতে মিলাইয়া দেয়। সংসারাসক্তি ছেদন করিয়াছ বটে, কিন্তু ঈশ্বরভক্তির চরম সীমায় উপনীত হইতে হইলে, চিত্তের দোষ নিবারণ করা ব্যতীত, কিছু গুণ প্রদান করিতে হইবে। সে গুণ বানপ্রস্থ যতিধর্ম্মের অনুষ্ঠানেই সংগৃহীত হইয়া থাকে। গৃহস্থাশ্রম-কালে কামপূরক বিষয়ের সংস্রবে বিষয়নিষ্ঠ কামবিষ চিত্তাদি চতুর্বিংশতি দেহতত্ত্বকে জর্জ্জরিত করিয়াছে। চিত্ত হইতে আরম্ভ করিয়া, স্থূল রক্ত মাংস শুক্র ও ত্বক্ পর্য্যন্ত দেহের সকল অংশই যেন কিছু অভিনব নিজের অনুকূল ভাব পাইবার প্রত্যাশায় নিরন্তর ব্যগ্র ছিল; সুতরাং প্রথিত থাকিবার দোষেই চিরাভ্যস্ত। কিন্তু গৃহস্থাশ্রমের অন্তিম দশায় অতিপ্রাপ্তি বা অপ্রাপ্তি নিবন্ধন জীবের মানসিক আশার নিবৃত্তির সঙ্গে সঙ্গে স্থূল দেহাদির আকাঙ্ক্ষাভাবও নিবৃত্ত হইয়া যায়। বাল্য এবং যৌবনে যেমন উত্তরোত্তর আকাঙ্ক্ষার বৃদ্ধি এবং উত্তরোত্তর পুষ্টি হয়, প্রৌঢ় এবং বার্দ্ধক্যে সেইরূপ উত্তরোত্তর নিরাকাঙ্ক্ষার বৃদ্ধি এবং উপাধির ক্ষয় হইয়া থাকে। ফলটী বৃক্ষের শাখাগ্রে উদগত হইয়া, ক্রমান্বয়ে বৃক্ষসার রসকে আকর্ষণ করিয়া পুষ্ট হইতে চায়। পুষ্টির সীমায় (ডাঁসা অবস্থায়) উপনীত হইবা মাত্র, আর রসাকর্ষণ করে না; তখন প্রাপ্ত রসের স্ফুরিত দশায় পক্ব ভাব ধারণ করে; সেইটাই যেন ফলের ফলত্বের পরিচয়; তখন প্রকৃত আস্বাদ ধারণ করে এবং ক্রমশ বিষাদে পচিয়া স্বরূপ পরিত্যাগ করে। বাল্য বা ব্রহ্মচর্য্য ও গৃহস্থাশ্রম মনুষ্যত্ব-সংগ্রহের কাল; বানপ্রস্থাশ্রম মনুষ্যত্বের পূর্ণ বিকাশ কাল এবং বার্দ্ধক্য বা সন্ন্যাসাশ্রমকালে মনুষ্যত্ব পরিহারের সুষ্ঠু উপায়কালেই

অতিব্রজ্য গতীস্তিস্রো মামেষ্যসি ততঃ পরং ॥ ৪৩ ॥

শ্রীশুক উবাচ ॥

স এবমুক্তো হরিমেধসোদ্ধবঃ প্রদক্ষিণং তং পরিসৃত্য পাদয়োঃ।

শিরো নিধায়াশ্রুকলাভিরার্দ্রধীর্ন্যষিঞ্চদদ্বন্দ্বপরোঽপ্যপক্রমে ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

ততঃ পরং দেহপাতানন্তরং তিস্রঃ গতীঃ ত্রিগুণাত্মিকাঃ দেবতির্য্যঙ্‌মনুষ্যযোনীঃ অতিব্রজ্য অতিক্রম্য, মাং এষ্যসি ॥ ৪৩ ॥

শ্রীশুকঃ উবাচ। হরিমেধসা (হরতি সংসারং মেধা বুদ্ধিঃ যদ্বিষয়া তেন শ্রীকৃষ্ণেন) এবং উক্তঃ আর্দ্রধীঃ সঃ উদ্ধবঃ অদ্বন্দ্বপরঃ সুখদুঃখবিনির্মুক্তঃ, অপি অপক্রমে নির্গমনসময়ে, তং শ্রীকৃষ্ণং, প্রদক্ষিণং পরিসৃত্য পরিক্রম্য, পাদয়োঃ শিরঃ নিধায় অশ্রুকলাভিঃ তৎপাদৌ অষিঞ্চৎ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

তিস্রঃ ত্রিগুণাত্মিকা গতীরতিক্রম্য ॥ ৪৩ ॥

হরিমেধসা সংসারং হরতি মেধা যস্য তেন শ্রীকৃষ্ণেন অদ্বন্দ্বপরোঽপি সুখদুঃখবিনির্ম্মুক্তোঽপি অপক্রমে নির্গমনসময়ে ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মদ্ব্যাবেশিতবাকৃচিত্তত্বাদেব মদ্ধর্ম্মা মন্নিষ্ঠা যে বুদ্ধিপ্রভৃতিতাসর্ব্বজ্ঞত্বসর্ব্বশক্তিত্বাদয়স্তৈরিয়ত্তস্তদ্যুক্তো ভবেতি তত্তৎসমাধানযোগ্যং তীর্থমাশীর্ব্বাদঃ কৃতঃ। ততশ্চ তিস্রস্ত্রিগুণাত্মিকা গতীরতিব্রজ্য তত্রত্যান্ মুনীন্ গুণত্রয়গতীরতিক্রান্তান্ কৃত্বেত্যর্থঃ। নিষ্পাদিতমদাদেশো মামেষ্যসি যোগবলেন ময়ৈবাবেষ্যমাণস্ত্বমত্রৈব মৎসমীপমাগমিষ্যসীত্যর্থঃ ॥ ৪৩ ॥

হরিমেধসা প্রেম্ণা মনো হরন্তী মেধা যস্য তেন। অপক্রমে ততোঽপগতিসময়ে অদ্বন্দ্বপরোঽপি প্রেমমূলকশোকমোহাদিদ্বন্দ্ববিশিষ্টোঽভূদিত্যর্থঃ ॥ ৪৪ ॥

এইরূপ আচরণ করিলে, দেহ-পতনের পর সত্ত্ব রজঃ ও তমোগুণের অধিকারভুক্ত দেব, মনুষ্য ও তির্য্যগ্‌যোনিকে অতিক্রম করিয়া, পরমাত্মস্বরূপ মোক্ষপদ লাভ করিবে, সন্দেহ নাই ॥ ৪৩ ॥

শুকদেব বলিলেন, সংসার-দুঃখহারী শ্রীকৃষ্ণ এইরূপ বলিলে, উদ্ধবের চিত্ত প্রেমে আর্দ্র হইয়া গেল; তিনি সুখদুঃখাদি দ্বন্দ্বসম্পর্কের সংস্রব না

আভাস।

নিরূপণ করা প্রয়োজন। ভগবান্ শ্রীকৃষ্ণ উদ্ধবকে বলিলেন যে, শ্রোতব্যঃ শ্রুতিবাক্যেভ্যো মন্তব্য শ্চোপপত্তিভিঃ। মত্বা চ সততং ধ্যেয় ইতি বেদান্তভিভিঃ। শ্রীমুখে উপদেশ প্রাপ্ত হইবা মাত্রই, কৃতার্থ হওয়া যায় না। উপদিষ্ট বিষয়ের আলোচনায়, মনন করা প্রয়োজন; পরে প্রকৃত ভাব মনোমধ্যে স্থির হইলে, চিত্তে একাগ্রতা জন্মে। তখনই জীব কৃতার্থ হয়। ভগবান্

সুহৃত্ত্যজস্নেহবিয়োগকাতরো ন শক্নুবংস্তং পরিহাতুমাতুরঃ।
কৃচ্ছ্রং যযৌ মূর্দ্ধনি ভর্তৃপাদুকে বিভ্রন্নমস্কৃত্য যযৌ পুনঃ পুনঃ ॥ ৪৫ ॥

অন্বয়ঃ।

সুহৃত্ত্যজস্নেহবিয়োগকাতরঃ (সুহৃস্ত্যজঃ স্নেহঃ যস্মিন্ তেন বিয়োগাৎ কাতরঃ ভীতঃ) অতএব তং শ্রীকৃষ্ণং, পরিহাতুং অশক্নুবন্ আতুরঃ বিহ্বলঃ, সন্ উদ্ধবঃ কৃচ্ছ্রং কষ্টং, যযৌ প্রাপ। ততশ্চ ভর্তুঃ পাদুকে মূর্দ্ধনি বিভ্রৎ পুনঃ পুনঃ নমস্কৃত্য (বিশালাং) যযৌ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। সুদুস্ত্যজঃ স্নেহো যস্মিন্ তেন বিয়োগাৎ কাতরো ভীতঃ অতএব তং পরিহাতুমশক্নুবন্ আতুরো বিহ্বলঃ সন্ কৃচ্ছ্রং কষ্টং যযৌ প্রাপ। ততশ্চ ভর্তুঃ পাদুকে তেনৈব কৃপয়া দত্তে মূর্দ্ধ্নি বিভ্রৎ অতিনির্ব্বন্ধরূপয়া তদাজ্ঞয়া তং পুনঃ পুনর্নমস্কৃত্য যযৌ। অত্র চ। পৃষ্ঠতোহন্বগমন্তর্তুঃ পাদবিশ্লেষণাক্ষম ইত্যাদি তৃতীয়স্কন্ধোপক্রমোক্তানুসারেণ বদরিকাশ্রমং গচ্ছন্ ভগবতঃ প্রভাসযাত্রামুপশ্রুত্য শনৈঃ পৃষ্ঠতো গতঃ সন্ উপসংহৃতনিজকুলং ভগবন্তং একান্তে দৃষ্ট্বা তৎকালপ্রাপ্তেন মৈত্রেয়েণ সহ পুনঃ কৃপয়া ভগবতোপদিষ্টং তত্ত্বমাকলয্য তদাজ্ঞাতো যথাবিধি দ্রষ্টব্যং ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ ভর্তৃপাদুকে তেনৈব কৃপয়া দত্তে মূর্দ্ধ্নি বিভ্রৎ অতিনির্ব্বন্ধরূপয়া তদাজ্ঞয়া তং পুনঃ পুনর্নমস্কৃত্য যযৌ। তত্র গচ্ছন্নপি তৃতীয়স্কন্ধোপক্রমোক্তকথানুসারেণ পুনরপি পরাবৃত্য ভগবন্তমেকান্তে দৃষ্ট্বা সন্নিধিমর্থান্ পৃষ্ট্বা তদুত্তরাধিগতসমস্তভগবল্লীলাতত্ত্বসিদ্ধান্তো বিদ্রাবিতো মোহমহান্ধকার ইত্যাদ্যুক্ত্বা পুনরপি তদাজ্ঞয়া যথাবিধি দ্রষ্টব্যং ॥ ৪৫ ॥

রাখিলেও, কৃষ্ণবিরহ যেন তৎকালে তাঁহার পক্ষে বিশেষ গুরুতর বলিয়াই বোধ হইতে লাগিল। তথা হইতে প্রস্থানকালে উদ্ধব কৃষ্ণকে প্রদক্ষিণ পূর্ব্বক স্বকীয় মস্তক তদীয় চরণোপরি ন্যস্ত করিলেন এবং অবিরল প্রেমাশ্রুর বর্ষণে তাঁহার চরণদ্বয় অভিষিঞ্চিত করিলেন ॥ ৪৪ ॥

যে শ্রীকৃষ্ণের প্রেম সম্পূর্ণ অপরিহার্য্য, অদ্য তাঁহার সহিত বিরহ উপস্থিত

আভাস।

উপদেশ ভাগকে জীর্ণ করিবার জন্য, বাসুদেব উদ্ধবকে বদরিকাশ্রমে উপস্থিত হইয়া, যতিধর্ম্মের অনুশীলন করিতে আদেশ করিলেন। এবং বলিলেন যে, উপদেশের মর্ম্ম আয়ত্ত হইলে, প্রকৃত ঈশ্বরপরায়ণ হইয়া, মানব মুক্তিলাভ করে। উদ্ধবের তাৎকালিক বৈরাগ্য বা ঈশ্বরভক্তি কেবল কল্পনায় মাত্র। বৈরাগ্য ও ভক্তিকে কার্য্যে পরিণত করা প্রয়োজন, বলিয়াই উদ্ধবকে বদরিকাশ্রমে যাইয়া, তপস্যা করিবার জন্য শ্রীকৃষ্ণ আদেশ করিলেন ॥ ৩৮—৪৩ ॥

তৎকালে উদ্ধব বন্ধ্যাতীতের ন্যায় অনুমিত হইলেও, সর্ব্বব্যাপী শ্রীকৃষ্ণের বিরহকে নিতান্ত গুরুতর বলিয়াই জ্ঞান করিয়াছিলেন। শোকে একান্ত কাতর হইলে, ভগবান্ দয়া করিয়া নিজের

ততস্তমন্তর্হৃদি সংনিবেশ্য গতো মহাভাগবতো বিশালাং।
যথোপদিষ্টাং জগদেকবন্ধুনা তপঃ সমাস্থায় হরেরগাদ্গতিং ॥ ৪৬ ॥
য এতদানন্দসমুদ্রসংভৃতং জ্ঞানামৃতং ভাগবতায় ভাষিতং।

অন্বয়ঃ।

ততশ্চ তং ভগবন্তং, অন্তর্হৃদি হৃদয়মধ্যে, সংনিবেশ্য ধ্যায়ন্, মহাভাগবতঃ উদ্ধবঃ, বিশালাং বদরিকাশ্রমং, গতঃ সন্ তপঃ সমাস্থায় কৃত্বা, জগদেকবন্ধুনা শ্রীকৃষ্ণেন, যথোপদিষ্টাং উক্তপ্রকারাং, হরেঃ গতিং অগাৎ প্রাপ ॥ ৪৬ ॥

যোগেশ্বরসেবিতাঙ্ঘ্রিণা কৃষ্ণেন, ভাগবতায় উদ্ধবায়, ভাষিতং কথিতং, এতৎ আনন্দসমুদ্রসম্ভৃতং (আনন্দরূপঃ ভগবান্ তংসমুদ্রঃ বেদঃ ততঃ সংভৃতং নিঃসারিতং যদ্বা আনন্দসমুদ্রঃ ভগবদ্ভক্তিমার্গঃ

শ্রীধরস্বামী।

বিশালাং বদরিকাশ্রমং গতঃ সন্ হরের্গতিমগাৎ। কথম্ভূতাং তেনৈব জগদেকবন্ধুনা যথোপদিষ্টাং তদামৃতত্বং প্রতিপদ্যমানো ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ। অতিব্রজ্য গতী স্তিস্রো মামেষ্যতি ততঃ পরমিত্যেবমুক্তপ্রকারাং ॥ ৪৬ ॥

আনন্দসমুদ্রো ভগবদ্ভক্তিমার্গস্তস্মিন্ সংভৃতমেকীকৃতং এতৎ যঃ সচ্ছ্রদ্ধয়া আসেব্য ঈষদপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

বিশালাং বদরিকাশ্রমং। হরের্হেতোরেব গতিং অগাৎ দ্বারকাং প্রতিগমনমাপ ॥ ৪৬ ॥

আনন্দসমুদ্রো ভগবদ্ভক্তিযোগস্তেন সম্ভৃতং সম্যগ্ধৃতং এতৎ যঃ সচ্ছ্রদ্ধয়া আসেব্য ঈষদপি

হইবে, এই চিন্তায় একান্ত কাতরহৃদয় উদ্ধব মনে মনে নিতান্ত বিহ্বল হইয়া পড়িলেন। তিনি শ্রীকৃষ্ণের পাদুকাদ্বয় মস্তকে ধারণ করত, বারংবার নমস্কার করিয়া, বদরিকাশ্রমে প্রস্থান করিলেন ॥ ৪৫ ॥

পরে ভগবান্ বাসুদেবকে নিরন্তর হৃদয়কমলে ধ্যান করত, ভাগবতপ্রধান উদ্ধব বিশাল বদরিকাশ্রমে উপস্থিত হইয়া, ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিলেন; এবং জগদ্বন্ধু শ্রীকৃষ্ণের উপদেশ অনুসারে কার্য্য করত, অন্তে বৈষ্ণবপদবী লাভ করিয়াছিলেন ॥ ৪৬ ॥

ব্রহ্মাদি যোগেশ্বরগণ যাঁহার চরণসেবা নিত্য করিয়া থাকেন, সেই ভক্তবৎসল শ্রীকৃষ্ণ সমগ্র বেদরূপ সমুদ্রকে মন্থন করিয়া, যে পরমানন্দপূর্ণ ব্রহ্মজ্ঞান ভক্তপ্রধান উদ্ধবকে প্রদান করিয়াছিলেন, যে কেহ শ্রদ্ধাতিশয়ে তাহার অনু-

আভাস।

পাদুকা তাঁহাকে প্রদান করিলেন। উদ্ধব কৃষ্ণপাদুকা মস্তকে লইয়া, বদরিকাশ্রমের অভিমুখে যাত্রা করিলেন ॥ ৪৫ ॥

কৃষ্ণেন যোগেশ্বরসেবিতাঙ্ঘ্রিণা সচ্ছ্রদ্ধয়াসেব্য জগদ্বিমুচ্যতে ॥ ৪৭ ॥
ভবভয়মপহর্ত্তুং জ্ঞানবিজ্ঞানসারং নিগমকৃদুপজহ্রে ভৃঙ্গবদ্বেদসারং।

অন্বয়ঃ।

তস্মিন্ সম্ভৃতং একীকৃতং) জ্ঞানামৃতং যঃ সচ্ছ্রদ্ধয়া আসেব্য বর্ত্ততে সঃ বিমুচ্যতে (তৎসঙ্গেন) জগৎ অপি মুচ্যতে ॥ ৪৭ ॥

ভবভয়ং (ভবঃ সংসারঃ ভয়ং জরারোগাদিনিমিত্তং তদ্ভয়ং) অপহর্ত্তুং হন্তুং, যঃ নিগমকৃৎ বেদকর্ত্তা, ভৃঙ্গবৎ বেদসারং জ্ঞানবিজ্ঞানসারং তথা উদধিতঃ কারণসমুদ্রাৎ অমৃতং উপজহ্রে

শ্রীধরস্বামী।

সেবিত্বা বর্ত্ততে স বিমুচ্যত ইতি কিং বক্তব্যং। তৎসঙ্গেন জগদপি বিমুচ্যত ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

এবং কৃতোপদেশং জগদ্গুরুং প্রণমতি ভবভয়মিতি। ভবঃ সংসারঃ ভয়ং চ জরারোগাদি-নিমিত্তং তদ্ভয়ং নিবৃত্তানাং প্রবৃত্তানাঞ্চ ভৃত্যবর্গাণাং যথাযোগ্যমপহর্ত্তুং যোঽমৃতদ্বয়মুপজহ্রে উদ্ধৃতবান্ তদেবাহ। বেদসারমেকং কিং তজ্জ্ঞানবিজ্ঞানরূপঞ্চ তৎ সারং শ্রেষ্ঠঞ্চ ভৃঙ্গবৎ ভৃঙ্গো যথা পুষ্পমকোপয়ন্নেবামৃতমুপহরতি তথা স্বয়ং কৃতবেদানুসারেণৈব উদধিতশ্চৈকং তচ্চোভয়ং যথাযথং ভৃত্যবর্গান্ অপায়য়ৎ তং নতোঽস্মীতি। যেনানুকম্পিতং বিশ্বমুদ্ধবপ্রশ্ননির্ণয়ৈঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সেবিত্বা বর্ত্ততে স বিমুচ্যত ইতি কিং বক্তব্যং তৎসঙ্গেন জগদপি বিমুচ্যত ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

সর্ব্বান্তে জগদ্গুরুং প্রণমতি ভবভয়মিতি। বেদেভ্যঃ সারং উপজহ্রে উদ্ধৃতবান্। নম্বন্যে মুনয়ো দর্শনকর্ত্তারো বেদসারমুপজহ্রুরেব সত্যং তে দুর্গমস্য বেদস্য তাৎপর্য্যং ন সম্যগভি-জানন্তীতি ন তদ্বাক্যং বিশ্বস্যতে অয়ং ভগবাংস্তু ন তথেত্যাহ নিগমকৃদিতি। যো হি কস্যাপ্যস্য কর্ত্তা সএব খলদুর্গমস্যাপি তস্যার্থং জানত্যেবেতি ভাবঃ। ভৃঙ্গবদিতি বেদপুষ্পোদ্যানস্য মকরন্দমিত্যর্থঃ। ভৃত্যবর্গান্ অপায়য়ৎ। অভক্তানসুরাংস্তু বঞ্চয়ামাসেতি দৃষ্টান্তাভিপ্রায়ে-

শীলন করেন, তিনি নিজে মুক্ত হয়েন এবং তাঁহার সংসর্গে জগৎবাসীও মুক্তিলাভ করে, সন্দেহ নাই ॥ ৪৭ ॥

জরারোগাদিযুক্ত ভীষণ জন্মমৃত্যুরূপ সংসারের নিবারণার্থ যে বেদ-কর্ত্তা জনার্দ্দন ভৃঙ্গের ন্যায়, সমগ্র বেদের সারভূত জ্ঞান এবং বিজ্ঞান সংগ্রহ করিয়াছেন, এবং সমুদ্র-মন্থনে অমৃত সংগ্রহ করিয়া, যিনি যথোপযুক্ত উভয়বিধ ভৃত্যবর্গকে এই উভয় প্রকার অমৃত প্রদানে কৃতার্থ করেন, সেই

আভাস।

সর্ব্বান্তে উদ্ধব জগদ্গুরুকে প্রণাম করত বলিলেন, হে ভক্তজন-প্রতিপালক! আপনার ভক্তই কৃতার্থ! প্রবৃত্তিমার্গ বা নিবৃত্তিমার্গের মধ্যে যে কোন পথ ভক্ত অবলম্বন করুক্ না, আপনার নিকট কখন বঞ্চিত হয় না। বেদরূপ পুষ্পোদ্যানের অপূর্ব্ব জ্ঞানমকরন্দ সংগ্রহ করিয়া, নিবৃত্তি-

অমৃতমুদধিতশ্চাপায়য়দ্ভৃত্যবর্গান্ পুরুষমৃষভমাদ্যং কৃষ্ণসংজ্ঞং নতোঽস্মি ॥ ৪৮

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে বদর্য্যাশ্রমপ্রবেশ একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৯ ॥ * ॥

রাজোবাচ ॥

ততো মহাভাগবত উদ্ধবে নির্গতে বনং।

অন্বয়ঃ।

উপহৃতবান্, তৎ চ উভয়ং অমৃতং যথাযথং ভৃত্যবর্গান্ অপায়য়ৎ তং ঋষভং পুরুষং আদ্যং জগৎকারণং কৃষ্ণসঞ্জ্ঞং কৃষ্ণাখ্যং, নতঃ অস্মি ॥ ৪৮ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

তং বন্দে পরমানন্দং নন্দনন্দনরূপিণং ॥ ৪৮ ॥

॥ * ॥ ইত্যেকাদশে একোনত্রিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ণাহ অমৃতং উদধিসারমিত্যর্থঃ। মোহিনীরূপেণ দেবানেবাপায়য়ৎ। অসুরাংস্তু বঞ্চয়া-মাসেব তং নতোঽস্মি ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশস্যোনত্রিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

জগৎকারণকারণ আদিভূত কৃষ্ণাখ্য পরম পুরুষকে আমরা প্রণাম করি ॥ ৪৮ ॥

ইতি একাদশ স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত একোনত্রিংশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

রাজা পরীক্ষিৎ বলিলেন হে মুনিবর! ভাগবতপ্রধান উদ্ধব কৃষ্ণসন্নিধান

আভাস।

পথাবলম্বীকে এবং জলধিকে মন্থন করিয়া অমৃত সংগ্রহ পূর্ব্বক প্রবৃত্তিমার্গাবলম্বীকে কৃতার্থ করেন। হে পরমানন্দমূর্ত্তি নন্দনন্দন! আপনাকে প্রণাম করি ॥ ৪৮ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত ঊনত্রিংশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

প্রথমাধ্যায়ে যে মুষলোৎপত্তির কথা পূর্ব্বে বর্ণিত হইয়াছে, সম্প্রতি স্বীয় ধামে গমনেচ্ছায় শ্রীকৃষ্ণকর্ত্তৃক মুষলোপলক্ষে যদুবংশের ধ্বংস-বিবরণ এই ত্রিংশ অধ্যায়ে উপবর্ণিত হইল।

সুমগ্র যদুবংশ ব্রহ্মশাপে অভিভূত হইলেও ভগবান্ শ্রীকৃষ্ণকে সে শাপের প্রভাব প্রবল হওয়া

দ্বারবত্যাং কিমকরোদ্ভগবান্ ভূতভাবনঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

রাজা পরীক্ষিৎ উবাচ। ততঃ মহাভাগবতে উদ্ধবে, বনং নির্গতে সতি ভূতভাবনঃ ভগবান্ শ্রীকৃষ্ণঃ দ্বারবত্যাং কিং অকরোৎ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ত্রিংশে তু প্রাগুপক্ষিপ্তমৌষলচ্ছলতো হরিঃ।
স্বধাম গন্তুমিচ্ছন্ সংজহার নিজং কুলং ॥
বিরাগায় পুরা ঘোরমুপক্ষিপ্তং হি মৌষলং।
কথাবসানে তত্রৈব বিশেষং পরিপৃচ্ছতি ॥ * ॥

তত ইতি ত্রিভিঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবরূপান্ যদূংস্ত্রিংশে প্রভাসং যাপিতান্ প্রভুঃ।
সংহৃত্য স্বর্গং প্রস্থাপ্য বৈকুণ্ঠং স্বাংশতোঽব্রজৎ ॥ * ॥

ব্রহ্মশাপেন উপসংসৃষ্টে উপসংহৃতে সতি সর্ব্বেষাং নেত্রাণাং সর্ব্বস্য মহাদেবস্যাপি নেত্রাণাং প্রেয়সীং অতিপ্রিয়াং তনুং কথমত্যজৎ। কেষাঞ্চিন্মুনীনাং মতে যৎ তস্য তনুত্যাগঃ শ্রূয়তে তৎ কথং সম্ভবেন্নৈব সংভবেদিত্যর্থঃ। তত্তনোঃ সচ্চিদানন্দস্বরূপত্বে তত্ত্যাগাসম্ভবাৎ। বিপ্রঃ খলু বিপ্রত্বং স্বীয়ং কথং ত্যজেদিত্যুক্তে বিপ্রত্বং নৈব ত্যজেদিতি লভ্যতে। যদ্বা। সবিশেষণে হি বিধিনিষেধৌ বিশেষণমুপসংক্রামতঃ সতি বিশেষ্যবাধ ইতি ন্যায়েন

হইতে বদরিকাশ্রমে প্রস্থান করিলে, ভূতভাবন ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বারাবতীতে কি কি কার্য্য সমাধা করিয়াছিলেন? তাহাই বর্ণন করুন্ ॥ ১ ॥

আভাস।

কোন মতে সঙ্গত নহে। তবে শাপের প্রসঙ্গে যাদবরূপে তাঁহার অনুকরণভাবটী মাত্র তিরোহিত হইয়াছিল, স্বীকার করিতে হইবে। কারণ শ্রীকৃষ্ণের দেহত্যাগ বলাই অসঙ্গত। যেহেতু ভগবানের দেহই সচ্চিদানন্দস্বরূপ। তাহা তিনি ত্যাগ করিয়াছিলেন বলিলে, তাঁহার অস্তিত্বেরই বিলোপ হইয়া পড়ে। বিপ্র কখন বিপ্রত্ব পরিত্যাগ করিতে পারেন না। ধর্ম্মী কখন নিজের স্বরূপ পরিহারে সমর্থ হয় না; তবে ধর্ম্মী হইতে যে ধর্ম্মের বিকাস ঘটে, তাঁহারই অবিকাস বা বিলোপ হওয়া সম্ভব। অথবা বিশেষ্যের বিশেষণ ভাগেরই পরিবর্ত্তন মাত্র ঘটে, মূল বিশেষ্যের বিপর্য্যয় অসম্ভব। যেমন পথিক গুরুভারে ক্লান্ত হইয়া, জলপূর্ণকুম্ভ পরিত্যাগ করিল বলিলে, কুম্ভের জল মাত্র পরিত্যাগ করিয়াছিল, কুম্ভ কখন পরিত্যাগ করে নাই বুঝায়, সেইরূপ ভগবান্ "প্রেয়সী তনু" ত্যাগ করিয়াছিলেন বলিলে, তনুর প্রেয়সী ভাবকে মাত্র পরিত্যাগ করিয়াছিলেন, বুঝিতে হইবে। সচ্চিদানন্দ স্বরূপই ভগবানের বিগ্রহ; সাধারণ-লোচনে তাহা কখন গ্রাহ্য নহে। পতিত জীবের উদ্ধারার্থ স্বীয়

ব্রহ্মশাপোপসংসৃষ্টে স্বকুলে যাদবর্ষভঃ।
প্রেয়সীং সর্ব্বনেত্রাণাং তনুং স কথমত্যজৎ ॥ ২ ॥
প্রত্যাক্রষ্টুং নয়নমবলা যত্র লগ্নং ন শেকুঃ
কর্ণাবিষ্টং ন সরতি ততো যৎ সতামাত্মলগ্নং।

অন্বয়ঃ।

ব্রহ্মশাপোপসংসৃষ্টে (ব্রহ্মশাপেন উপসংসৃষ্টে উপদ্রুতে সতি) স্বকুলে সঃ যাদবর্ষভঃ শ্রীকৃষ্ণঃ, সর্ব্বনেত্রাণাং সর্ব্বলোকানাং, প্রেয়সীং তনুং কথং অত্যজৎ ॥ ২ ॥

যত্র যস্মিন্ বপুষি লগ্নং নয়নং প্রত্যাক্রষ্টুং পরাবর্ত্তয়িতুং, অবলাঃ স্ত্রিয়ঃ ন শেকুঃ; যং চ কর্ণ-রন্ধ্রেণ প্রবিষ্টং সৎ সতাং আত্মলগ্নং (আত্মনি লগ্নং লিখিতং ইব) ততঃ ন সরতি ন নির্গচ্ছতি;

শ্রীধরস্বামী।

ব্রহ্মশাপোপসংসৃষ্টে স্বকুলে সতি। অয়ং ভাবঃ। ভগবতি নহি শাপঃ প্রভবতি যাদব-ত্বানুকরণাচ্চ সোঽপি কথঞ্চিন্মান্যঃ অতঃ কিমকরোদিতি। তদেতদুক্তং কথমত্যজদিতি সর্ব্বনেত্রাণামিতি সর্ব্বেন্দ্রিয়োপলক্ষণং ॥ ২ ॥

তৎ প্রপঞ্চয়তি প্রত্যাক্রষ্টুমিতি। যস্মিন্ রূপে লগ্নং নয়নং পরাবর্ত্তয়িতুমবলা ন শেকুঃ যচ্চ কর্ণরন্ধ্রেণ প্রবিষ্টং সৎ সতামাত্মনি মনসি লগ্নং লিখিতমিব তিষ্ঠতি ততো ন সরতি ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তনুমিতি বিশেষ্যপদে বাধাৎ প্রেয়সীমিতি বিশেষণপদ এবান্বিতস্ত্যাগোঽয়ং জ্ঞেয়ঃ। সজলকণকলসং পান্থস্ত্যজতীত্যুক্তে ভারবহনশ্রমান্নিজ লীকৃতস্য কলসস্য গ্রহণং যথা প্রতীয়ত ইতি ॥ ১ ॥ ২ ॥

তনোস্ত্যাগেঽনুপপত্তীর্দর্শয়তি প্রত্যাক্রষ্টুমিতি। যত্র বপুষি লগ্নং নয়নং প্রত্যাক্রষ্টুং পরাবর্ত্তয়িতুং অবলাস্তন্নিত্যপ্রেয়স্যো রুক্মিণ্যাদ্যা ন শেকুঃ। যচ্চ কর্ণাবিষ্টং শ্রবণদ্বারা

স্বকীয় যদুবংশ ব্রহ্মশাপগ্রস্ত হইলে যদুপতি শ্রীকৃষ্ণ সর্ব্বলোচনানন্দকর নিজ দেহ কি প্রকারে পরিত্যাগ করিলেন? ॥ ২ ॥

অহো! যে অপূর্ব্ব কলেবরে নয়ন একবার নিপতিত হইলে, কুল-কামিনীগণ তাহা প্রত্যাহরণ করিতে পারিতেন না; যাহার শ্রুতি-মধুর বার্ত্তা শ্রবণেন্দ্রিয় অবলম্বনে একবার চিত্তে প্রবিষ্ট হইলে, সাধুগণ আর

আভাস।

বিগ্রহকে জীবের গ্রাহ্য করানই ভগবানের আবির্ভাব। এবং জীবের গ্রহণীয় ভাবের সম্বরণ করাই ভগবানের তিরোভাব ॥ ১ ॥ ২ ॥

এই শ্লোকে ভগবদ্বিগ্রহের উৎকর্ষ বর্ণিত হইয়াছে। শ্রীকৃষ্ণের বিগ্রহ গুণের অতীত; সুতরাং তাঁহার স্বরূপের লক্ষণ করা অসম্ভব। অতএব তটস্থ লক্ষণের দ্বারা এবং ক্রিয়ার

যচ্ছ্রীর্বাচাং জনয়তি রতিং কীর্ত্ত্যমানা কবীনাং
দৃষ্ট্বা জিষ্ণোর্যুধি রথগতং যচ্চ তৎসাম্যমীয়ুঃ ॥ ৩ ॥
ঋষিরুবাচ ॥
দিবি ভুব্যন্তরীক্ষে চ মহোৎপাতান্ সমুত্থিতান্।

অন্বয়ঃ।

যচ্ছ্রীঃ (যস্য শ্রীঃ শোভা) কীর্ত্ত্যমানা কবীনাং বাচাং রতিং চ জনয়তি; যং চ জিষ্ণোঃ অর্জ্জুনস্য, রথগতং (রথে গতং স্থিতং) দৃষ্ট্বা যুধি মৃতাঃ জনাঃ তৎসাম্যং (তস্য সাম্যং সারূপ্যং) ঈয়ুঃ গতাঃ, তৎ বপুঃ কথং অত্যজৎ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৩ ॥

ঋষিঃ উবাচ। দিবি ভুবি অন্তরীক্ষে চ সমুত্থিতান্ মহোৎপাতান্ দৃষ্ট্বা কৃষ্ণঃ সুধর্ম্মায়াং

শ্রীধরস্বামী।

নির্গচ্ছতি যস্য শ্রীঃ শোভা সঙ্কীর্ত্ত্যমানা কবীনাং বাচাং রতিমুল্লাসবিশেষং জনয়তি তেষাং মানং জগৎপূজ্যতাং জনয়তীতি কিমু ব্যক্তব্যং যচ্চ বিষ্ণো রূপং জিষ্ণোরর্জ্জুনস্য রথে স্থিতং দৃষ্ট্বা যুধি মৃতা স্তৎসাম্যং সারূপ্যমীয়ুঃ প্রাপ্তাঃ তৎ কেন রূপেণাত্যজদিত্যন্বয়ঃ ॥ ৩ ॥

দিবি সূর্য্যপরিবেশাদীন্ ভুবি ভূকম্পাদীন্ অন্তরীক্ষে দিগ্দাহাদীন্ মহোৎপাতান্ দ্বার-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ণরন্ধ্রে প্রবিষ্টং সত্যং তদ্বর্ণধানামাত্মরামাণামাত্মনি লগ্নং লিখিতমিব তিষ্ঠতি ততো ন সরতি যস্য শ্রীঃ শোভা বর্ণ্যমাণা কবীনাং ব্যাসাদীনাং বাচাং রতিমুল্লাসবিশেষং জনয়তি যচ্চ জিষ্ণোরর্জ্জুনস্য রথগতং যুধি দৃষ্ট্বা সাম্যমীয়ুঃ সাযুজ্যং প্রাপ্তাঃ অতস্তদ্বপুর্গুণাতীতং সাক্ষাদ্ব্রহ্মৈব ভবেৎ। নহি গুণময়বস্তুদর্শনেন সাযুজ্যং ভবেৎ। অতএব শ্রুতিভিরুক্তং;

তাহা পরিত্যাগে সমর্থ হন না; যে কলেবরের সৌন্দর্য্য-শোভা একবার পরিকীর্ত্তিত হইলে, শব্দশাস্ত্রে সুপণ্ডিত কবিগণের কবিত্য-শক্তিরই উত্তরোত্তর শ্রীবৃদ্ধি হইয়া থাকে এবং কুরুযুদ্ধকালে অর্জ্জুনের সারথিরূপে রথস্থ যে কেশবকে নয়নগোচর করিয়া, রণশায়ী ব্যক্তিগণ তৎসারূপ্য লাভে মোক্ষপদ প্রাপ্ত হইয়াছেন, অহো! তাদৃশ দেহ তিনি কি প্রকারে পরিত্যাগ করিলেন? ॥৩॥

বাদরায়ণি বলিলেন, হে নরনাথ! নভোমণ্ডলে সূর্য্যমণ্ডলাদি, জগতে ভূমিকম্পাদি এবং অন্তরীক্ষে দিগ্দাহাদি বিবিধ উৎপাতের উপস্থিতি

আভাস।

দ্বারা তাহার ভাবের পরিচয় দেওয়া হইয়াছে। রুক্মিণী প্রভৃতি নিত্য প্রেয়সীগণ এবং গোপকামিনীগণ কৃষ্ণরূপ সন্দর্শনে যে কি অপার আনন্দ অনুভব করিতেন, তাহা বর্ণনাতীত। জাগতিক কোন রূপ তাহার তুলনা দিতে পারে না। যে রূপের বর্ণন একবার কর্ণরন্ধ্রে প্রবেশ করিলে, সাধুর চিত্তে অঙ্কিত হইবার ন্যায় চিরপ্রতিষ্ঠিত থাকে; যে কলেবরের

দৃষ্ট্বাসীনান্ সুধর্ম্মায়াং কৃষ্ণঃ প্রাহ যদূনিদং ॥ ৪ ॥

শ্রীভগবানুবাচ ॥

এতে ঘোরা মহোৎপাতা দ্বার্ব্বত্যাং যমকেতবঃ ।

অন্বয়ঃ ।

সভায়াং আসীনান্ যদূন্ ইদং প্রাহ ॥ ৪ ॥

শ্রীভগবান্ উবাচ । হে যদুপুঙ্গবাঃ ! এতে যমকেতবঃ (যমস্য কেতবঃ ধ্বজাঃ ইব মৃত্যু-

শ্রীধরস্বামী ।

মেবোৎপাদিতত্বাৎ অন্তৈর্দুষ্প্রতিকারান্ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নিভৃতমরুন্মনোহক্ষদৃঢ়যোগযুজো হৃদি যন্মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাদিতি নাপি গুণময়ং সতামাস্বরামাণামাম্বলম্বং তিষ্ঠেৎ । নাপি নিত্যং প্রেয়স্যো লক্ষ্ম্যাদ্যাহ্লাদিনীশক্তয়ঃ প্রাকৃতে ধর্ম্মাসক্তন্তি তস্মাত্তদ্বপুস্ত্যাগং বর্ণয়ন্তো মুনয়স্তন্মায়ামোহিতা এবেতি ॥ ৩ ॥ ৪ ॥

অত্রান্তরে ভগবান্ কিঞ্চিৎ পরামমর্শ । কুরুক্ষেত্রযাত্রায়াং নানাদিগ্‌দেশতো মাং মিলিতুমাগতানাং লোকানাং মধ্য এবালক্ষিতমাগত্য কলির্মাং প্রাবোচৎ । প্রভো ভুবি মদধিকারো কদা ভবিষ্যতীতি । ময়োক্তং মল্লীলাসমাপ্ত্যন্তরমেবাতো মদন্তর্দ্ধানলক্ষণানন্তরমেব ময়া দত্তাধিকারঃ কলিঃ পৃথিব্যামধিকরিষ্যতি । কিঞ্চ । মদবতারে সংপ্রতি ধর্ম্মোঽয়ং কৃতযুগতোঽপ্যাধিক্যেন চতুষ্পাদেব বর্দ্ধতে ধর্ম্মস্যাস্যৈতাদৃশে প্রাবল্যে সতি কলিঃ কথমধিকর্ত্তুং শক্নুয়াৎ তস্য হি পাদৈকশেষধর্ম্মে সত্যেবাধিকারযোগ্যতা ইতি নিয়মঃ । ন চ নিমিত্তাপায়ে নৈমি-

অবলোকন করিয়া কমললোচন শ্রীকৃষ্ণ সুধর্ম্মা-সভায় সমাসীন যদুগণকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৪ ॥

হে যদুশ্রেষ্ঠগণ ! এই দ্বারাবতীতে যে প্রকার ভীষণ উৎপাত সমস্ত পরিদৃষ্ট হইতেছে, তাহাতে যেন যমরাজের প্রচণ্ড কালের ধ্বজাই অতি

আভাস ।

সৌন্দর্য্য-বর্ণনায় ব্যাসাদি বিচক্ষণগণের কবিত্বের পরিচয় হইয়াছে, অধিক কি ! মরণকালে বীরপুরুষগণ অর্জ্জুনের সারথিরূপে যাঁহাকে রথে একবার মাত্র অবলোকন করিয়া মরণান্তে ব্রহ্মসাক্ষাৎকারের ফল মুক্তিস্বরূপকে প্রাপ্ত হইয়াছেন, সেই ভগবদ্বিগ্রহ কখন গুণময় বা পরিত্যাগের বিষয় হইতে পারে না । যাঁহারা ভগবদ্বিগ্রহের ত্যাগ বা গ্রহণ স্বীকার করেন, তাঁহারা নিশ্চয়ই সেই ভগবন্মায়ায় মোহিতচিত্ত সন্দেহ নাই । ৩ ॥ ৪ ॥

ইত্যবসরে ভগবান্ শ্রীকৃষ্ণ মনে মনে স্থির করিলেন যে, কুরুক্ষেত্র যাত্রাকালে যখন নানা দিক্ ও দেশ হইতে জনগণ আমার সহিত সাক্ষাৎ করিতে আগমন করিয়াছিল, তখন সকলের অজ্ঞাতসারে কলিও তথায় উপস্থিত হইয়া আমাকে বলিয়াছিল যে, হে প্রভো ! জগতে আমার অধিকার কবে প্রবৃত্ত হইবে ? আমি তাহার উত্তরে প্রকাশ করিয়াছিলাম যে,

মুহূর্ত্তমপি ন স্থেয়মত্র নো যদুপুঙ্গবাঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

সূচকাঃ, ঘোরাঃ মহোৎপাতাঃ দ্বার্ব্বত্যাং দৃশ্যন্তে। অতঃ মুহূর্ত্তং অপি অত্র অস্মাভিঃ ন স্থেয়ং ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

যমস্য কেতবঃ ধ্বজা ইব মৃত্যুসূচকা ইত্যর্থঃ। নোঽস্মাভিঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিকস্যাপ্যপায় ইতি ন্যায়েন মৎপ্রাকট্যাভাবে সতি তাদৃশধর্ম্মস্যাপ্যপায় ইতি বাচ্যং; সর্ব্বজগৎপাবন্যা মহাকীর্ত্তিদেব্যা সর্ব্বত্রৈব জাগরূকত্বেনৈব স্থিতত্বাৎ। কিঞ্চ। মদনুকূল-প্রতিকূল তটস্থলোকানাং মধ্যে প্রতিকূলা ময়া সংহৃতা এব। সাম্প্রতং রামাবতারেণৈব সর্ব্বলোকসমক্ষমেব স্বধামবাসিভিঃ সার্দ্ধং বৈকুণ্ঠারোহণে সতি অনুকূলা দ্বিগুণিতভক্তয়ো ভবিষ্যন্তি অত্যনুকূলাস্ত পরমোৎকণ্ঠাবন্তঃ শতগুণিতপ্রেমাণস্তটস্থা অপি পরমাশ্চর্য্যদর্শনেন ভক্তা ভবিষ্যন্তীতি ধর্ম্মঃ প্রত্যুত বর্দ্ধিষ্যতে এব কথং কলেঃ প্রভুতালেশোঽপি সম্ভাব্যস্তস্মাদ্ধর্ম্ম-সঙ্কোচনার্থমধর্ম্মমতং কেনাপি প্রকারেণোত্থাপয়িষ্যামি। তত্রায়ং প্রকারঃ। স্বীয়লীলা-পরিকরৈর্যদুভিঃ সহ দ্বারবত্যামেব যথাস্থিতমেব বিরাজিষ্যে কিন্তু প্রাপঞ্চিকসর্ব্বলোকচক্ষুর্ভ্য-স্তিরোভূয়ৈব তথা প্রদ্যুম্নশাম্বাদিষু মন্নিত্যপরিকরেষু তত্তদ্বিভূতয়ো যে দেবা কন্দর্পকার্ত্তিকেয়া-দয়ঃ প্রবেশিতা বর্ত্তন্তে তানেব যোগবলেন তত্তদ্দেহতোঽলক্ষিতমেব নিষ্কাশ্য প্রদ্যুম্নাদিত্বে-নৈবাভিমন্যমানান্ সর্ব্বলোকলোচনেষ্বপি তথৈব ভাতান্ কৃত্বা তৈরন্যৈশ্চ দ্বারকাবাসিভিঃ

শীঘ্র নিকটবর্ত্তী বলিয়াই আমার প্রতীত হইতেছে। অতএব আমার বিবেচনায় এস্থানে আর মুহূর্ত্তকালও আমাদের বাস করা বিধেয় নহে ॥ ৫॥

আভাস।

আমার লীলার সমাপনেই তোমার অধিকার আরম্ভ হইবে। অতএব আমার অন্তর্দ্ধানের পরই পৃথিবী অধিকারার্থ কলিকে অনুমতি দিয়াছি। কিন্তু আমার অবতার-কালে সম্প্রতি কৃতযুগের অপেক্ষা উৎকর্ষ লাভে পূর্ণ চারি পাদেই ধর্ম্ম বিরাজ করিতেছে। অতএব ধর্ম্মের এরূপ প্রাবল্যাবস্থায় কলি কি প্রকারে অধিকার লাভ করিতে পারিবে? যখন কেবল এক পাদ মাত্র ধর্ম্ম থাকিবে, তখনই কলির অধিকার-যোগ্যতা। কিন্তু আমার অবতারভাবই যখন ধর্ম্মের উন্নতির কারণ, তখন নিমিত্তের খণ্ডনে নৈমিত্তিক ধর্ম্মেরও খণ্ডন অবশ্য হইবে, এরূপ স্থির করা বিধেয় নহে। কারণ জগৎপবিত্রকারিণী কীর্ত্তিদেবী আমার অবতারের অভাবেও কখন নিদ্রিতা হইবেন না। আমার অনুকূল এবং প্রতিকূল জনগণের মধ্যে বিপক্ষ পক্ষীয়গণকে প্রায় উপসংহার করিয়াছি; সম্প্রতি রামাবতারের ন্যায়, সকল লোকের সমক্ষেই আমার বৈকুণ্ঠবাসী পার্ষদগণের সহিত একত্র হইয়া, আমি বৈকুণ্ঠে গমন করিলে, অনুকূল ভক্তির প্রভাবে দ্বিগুণ ভক্তিরই উদ্রেক ঘটিবে। অত্যন্ত অনুকূল এবং নিতান্ত উৎকণ্ঠা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সার্দ্ধং প্রভাসং গত্বা, দানধ্যানমধুপানাদিকং কারয়িত্বা তানাধিকারিকভক্তান্ স্বস্বাধিকারেষু স্বর্গ এব প্রস্থাপ্য তদন্যৈর্দ্বারকাবাসিজনৈঃ সহ দাশরথিস্বরূপ ইব বৈকুণ্ঠং প্রস্থাস্যে কিন্তু লোকলোচনেষু মায়াদোষং প্রবেশ্যৈব যেন লোকা এবং মংস্যন্তে দ্বারাবত্যাঃ সকাশান্নিষ্ক্রম্য সর্ব্বে যদুবংশ্যাঃ প্রভাসং গত্বা ব্রহ্মশাপগ্রস্তা মধু পীত্বা মত্তাঃ পরস্পরপ্রহৃতা দেহাংস্তত্যজুঃ পরমেশ্বরোঽপি সরামস্ত্যক্তমানুষদেহ এব স্বধামারুরোহ। তস্মান্মানুষশরীরমিদমনিত্যং মায়িকমিত্যেকে বদিষ্যন্তি মন্মানুষশরীরাবজ্ঞা হি মহাপরাধ এব। যদুক্তং ময়ৈব। অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতমিতি। তৎ ফলমপ্যুক্তং। মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ। রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতা ইতি। অর্থশ্চ। যদি তে ভক্তা স্তদা মোঘাশাঃ স্যু র্মৎপ্রাপ্ত্যাশাস্তেষাং মোঘা যদি তে কর্ম্মিণস্তদা মোঘকর্ম্মাণস্তেষাং স্বর্গো ন ভবেৎ যদি তে জ্ঞানিনস্তদা মোঘজ্ঞানাস্তেষাং মোক্ষো ন ভবেদিতি যতস্তে রাক্ষসীমিতি অন্যেতু পরমেশ্বরেণাপি গৃহীতস্য সর্ব্বস্যাপি শরীরস্য দৃশ্যত্বাদনিত্যত্বমেব দিব্যমানুষদেহয়োশ্চিরন্তনত্বাচিরন্তনত্বাভ্যামেব ভেদ ইতি। অপরেতু যথৈব কুরুবংশো নিপাতিতস্তথৈব স্ববংশং এব কৃষ্ণঃ প্রভাসে নিপপাতেত্যেবমধমবিজ্ঞমানিদুর্জ্জনকুমতশ্রবণজননানুমোদনপ্রচারণৈ র্ধর্ম্মঃ সদ্য এব পাদৈকশেষো ভবিষ্যতি যথা ধবলোজ্জ্বলমপি শঙ্খং পিত্তাদিদোষোপহতচক্ষুষো মলিনপীতমেব পশ্যন্তি তথৈব সচ্চিদানন্দময়ীমপি মন্নির্যাণলীলাং মায়াদোষোপহতচিত্তচক্ষুষঃ প্রদ্যুম্নাদিসর্ব্বপরিকরসহিতমদ্দেহত্যাগরুক্মিণ্যাদিমহিষীবহ্নি-

আভাস।

বিশিষ্ট ভক্তগণ আমার পরমাশ্চর্য্য ক্রিয়াকলাপ নয়নগোচর করিলে, জগতে ভক্তের সংখ্যাই পরিবার্দ্ধিত হইবে। অতএব কলির প্রভুত্ব ভবিষ্যতে কোনমতে সম্ভবপর বলিয়াই আমার অনুমান হয় না। অতএব কলির প্রচারার্থ ধর্ম্মের সংকোচ পূর্ব্বক কোন প্রকারে অধর্ম্মমতের উত্থাপন করা এক্ষণে প্রয়োজন। সুতরাং স্বীয় লীলার উপকরণস্থানীয় যদুগণের সহিত যেমন ছিলাম এইস্থানে সেইরূপেই অবস্থান করি। কিন্তু সাধারণ দৃষ্টিতে তিরোধানের ব্যাপার প্রকাশ করিব। ইহাতে প্রদ্যুম্ন ও শাম্বাদি মদীয় নিত্য পরিকরগণের মধ্যে বিভূতিস্বরূপ কন্দর্প ও কার্ত্তিকেয়াদি যে সকল দেবতা প্রবেশ পূর্ব্বক অবস্থান করিতেছেন, তাঁহাদিগকে সকলের অজ্ঞাতসারে সেই সেই দেহ হইতে নিষ্কাশিত করত সাধারণত প্রদ্যুম্নাদিভাবে প্রকাশমান দ্বারকাবাসিগণের সহিতই প্রভাসে গমন করিব। তথায় দান, ধ্যান ও মধুপানাদি করাইয়া তাদৃশ ভক্তবেশধারিগণকে স্ব স্ব অধিকারানুরূপ লোকে প্রেরণ করত অন্যান্য দ্বারকাবাসিগণের সহিত বৈকুণ্ঠেই প্রস্থান করিব। ইহাতে কিন্তু লোকলোচনে মায়াদোষের প্রবেশে জনগণ মনে করিবে যে, দ্বারাবতী হইতে নির্গত হইয়া, যদুবংশীয়গণ প্রভাস-তীর্থে গমন করত, ব্রহ্মশাপের প্রভাবে মধুপানে উন্মত্ত হইয়া পরস্পর যুদ্ধ করতই দেহত্যাগ করিল। ভগবান্ শ্রীকৃষ্ণও বলরাম সহ একত্র মনুষ্যবিগ্রহ পরিত্যাগ পূর্ব্বক স্বধামে গমন করিলেন। অতএব ভগবান্ যে দেহ ধারণ করিয়াছিলেন,

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রবেশাদিদুরবস্থাময়ীং প্রাকৃতীমেব দ্রক্ষ্যন্তি নিশ্চেষ্টন্তি চ। ন কেবলং প্রাকৃতা কিন্তু মদংশাদর্জ্জুনাদয়োঽপি তথৈব বৈশম্পায়নপরাশরাদয়ো মুনয়োঽপি স্বস্বসংহিতাসু বর্ণয়েয়ুরপি কলিপ্রাবল্যপরম্পরাসিদ্ধ্যর্থং কলৌ জনিষ্যমাণেন শঙ্করেণ মত্তক্তেনাপি বেদান্তভাষ্যং তথা প্রপঞ্চয়িষ্যতে যথা তচ্ছাস্ত্রমধীত্যাধীত্য সূক্ষ্মো যঃ কারণোপাধিমায়াধ্যোঽনেকশক্তিমান্ স এব ভগবদ্দেহ ইতি ভাষ্যকৃতাং মতম্মিতি হতবুদ্ধয়ো ব্যাখ্যাস্যন্তে ইতি বিভাব্য মহোৎপাতামুৎপাদ্য সশঙ্কসসম্ভ্রমমাহ এতে ঘোরা ইতি। নচাত্র ভগবতো নৈষ্ঠুর্য্যমাশঙ্কনীয়ং। ভক্তক্তেতরাণাং লোকানাং প্রাচীনদুরদৃষ্টবিপাকসময় এব স তত্তৎকুমতপথ প্রাদুর্ভাবকো ভবেত্তগবদিচ্ছা তু সদসৎকর্ম্মোদ্বোধেঽপি নিমিত্তমস্ত্যেবান্যথা বুদ্ধাদ্যবতারস্যাপি নৈষ্ঠুর্য্যং প্রসজ্জেত। ভগবতা তু স্বভক্তভজনসংশয়দূরীকরণার্থং স্বলীলাতত্ত্বসিদ্ধান্তমুদ্ধবং প্রত্যুক্তবানেব। যদুক্তমুদ্ধবেনৈব ইত্যাবেদিতহার্দ্দায় মহ্যং স ভগবান্ পরঃ। আদিদেশারবিন্দাক্ষ আত্মনঃ পরমাং স্থিতিমিতি। আত্মনঃ স্বস্য স্থিতিং ব্যবসিতিং লীলাপরিপাটীঞ্চ দ্বারকাদিধাম নিত্যনিবাসঞ্চেতি তত্রার্থঃ। অতএবান্তর্দ্ধানলীলাতত্ত্বঞ্চোক্তং। প্রদর্শ্যাতপ্ততপসামবিতৃপ্তদৃশাং নৃণাং। আদায়ান্তরধাদ্যস্তু স্ববিম্বং লোকলোচনমিতি। লোকানাং লোচনানি নিময়া যত্র তাদৃশং বিম্বং স্বদেহমাদায়ৈবান্তরধাদিতি তত্রার্থঃ। ন চ বিম্বপদস্যার্থান্তরং কল্প্যং যত্তস্তদুত্তরশ্লোকেষু যন্মর্ত্যলীলৌপয়িকমিতি যদ্ধর্ম্মসূনোর্বত রাজসূয়ে ইত্যাদিষু বপুরিত্যেবার্থো দৃষ্টঃ। অতএব কৃষ্ণদ্যুমণি নিম্লোচে ইতি কৃষ্ণান্তর্দ্ধানস্য সূর্য্যাস্তময়েনোপমা। মায়াদোষো-

আভাস।

তাহা অনিত্য মায়াময় মানবকলেবর মাত্র; এইরূপ অভিপ্রায়ও কেহ কেহ প্রকাশ করিবে। কিন্তু ভগবানের অবতার-দেহ মনুষ্য-কলেবর বলিয়া যাহারা অবজ্ঞা করিবে, তাহারা ঘোর অপরাধী। গীতাতে উক্ত আছে, "যাহারা আম্মাকে মনুষ্যদেহধারী বলিয়া অবজ্ঞা করিয়া থাকে, তাহাদিগকে রাক্ষসযোনিতে গমন করিতে হইবে। তাহাদের জ্ঞানালোচনা, কর্ম্মের অনুষ্ঠান বা ভক্তিযোগে কোন ফলোদয় হয় না। কেহ বলিবে যে, পরমেশ্বর হইয়াও যখন তিনি দৃশ্য শরীর ধারণ করিয়াছিলেন, তখন সে শরীরের অবশ্য ক্ষয় এবং ধ্বংস আছে। তবে দেবদেহ কিছু অধিক দীন স্থায়ী; মানবদেহ অল্পদীন স্থায়ী, এই মাত্র উভয়ের মধ্যে পার্থক্য স্বীকার করিতে হইবে। কেহ বলিবে যে, কুরুবংশের যেমন ধ্বংস হইয়াছিল, সেইরূপ শ্রীকৃষ্ণ নিজের বংশও প্রভাসে নিহত করিয়াছেন। এই প্রকার অবিজ্ঞ দুর্জ্জন ব্যক্তিগণের মত শ্রবণ, তাহার কল্পনা, অনুমোদন এবং প্রচারাদির দ্বারা ধর্ম্ম দিন দিন এক এক পাদ করিয়া হ্রাস হইলে, শেষ একপাদ মাত্র অবশিষ্ট কালে কলি পৃথিবীতে স্থান অধিকার করিবে। যেমন পিত্তদোষদূষিত লোচনে জনগণ বিশদ ধবল শঙ্খকেও মলিন এবং পীতবর্ণ দেখে, সেইরূপ মায়াদোষদূষিতলোচন মানবগণ সচ্চিদানন্দস্বরূপ আমারও প্রদ্যুম্নাদি মদীয় পরিকরবর্গের দেহত্যাগে মৃত্যু এবং রুক্মিণী প্রভৃতি মহিষীগণে অগ্নি-প্রবেশাদি তুচ্ছ প্রাকৃতিক ভাবেরই পরিচয় তাহারা পাইবে। কেবল লোক যে তাদৃশ ভাব নয়ন-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পহতচক্ষুষঃ কুমতমীললম্বিরে ইত্যপি তেনৈবোক্তং। দেবস্য মায়য়া স্পৃষ্টা যে চান্যদস-দাশ্রিতাঃ। ভ্রাম্যতে ধী র্ন তদ্বাক্যৈরাত্মন্যুপ্তাত্মনো হরাবিতি। যে মায়াদোষোপহতচক্ষুষঃ যেচ বহির্মুখা অন্যদসৎকর্ম্মবাদকুমতং আশ্রিতা স্তেষাং বাক্যৈঃ কৃষ্ণো দেহং তত্যাজেতি। কৃষ্ণঃ স্বকৃতমধর্ম্মফলং প্রাপেতি ভাষণৈ র্ধীর্ন ভ্রাম্যতি। কস্য আত্মনি হরৌ ভগবতি উপ্তা-ত্মনো নিক্ষিপ্তচিত্তস্য ভক্তজনস্যেতি তত্রার্থঃ। অথ ভগবতো বিগ্রহনামধামগুণলীলাপরি-করাণাং নিত্যত্বে প্রমাণানি। গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং বৃন্দাবনসুরভূরুহতলাসীনং সততং সমরুদ্গণোঽহং পরময়া স্তুত্যা তোষয়ামীতি গোপালতাপনী শ্রুতিঃ। তথা বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নোঽনিরুদ্ধোঽহং মৎস্যঃ কূর্ম্মো বরাহো নরসিংহো বামনো রামো রামো রামঃ কৃষ্ণো বুদ্ধঃ কল্কিরহং শতধাহং সহস্রধাহং অমিতোঽহমনন্তোঽহং নৈবৈতে জায়ন্তে নৈবৈতে ম্রিয়ন্তে নৈষামজ্ঞানবন্ধো ন মুক্তিঃ সর্ব্ব এব হ্যেতে পূর্ণা অজরা অমৃতাঃ পরমাঃ পরমানন্দা ইতি মাধ্বভাষ্যপ্রণীতা শ্রুতিঃ। নির্দ্দোষপূর্ণগুণবিগ্রহ আত্মতন্ত্রো নিশ্চেতনাত্মকশরীরগুণৈশ্চ হীনঃ। আনন্দমাত্রমুখপাদসরোরুহাদিরিতি ধ্যানবিন্দূপনিষৎ। সদ্রূপমদ্বয়ং ব্রহ্ম মধ্যা-দ্যন্তবিবর্জ্জিতং। স্বপ্রভং সচ্চিদানন্দং ভক্ত্যা জানাতি চাব্যয়মিতি বাসুদেবোপনিষৎ। নন্দ-ব্রজজনানন্দী সচ্চিদানন্দবিগ্রহ ইতি ব্রহ্মাণ্ডপুরাণং। সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ। হনোপাদানরহিতা নৈব প্রকৃতিজা কচিদিতি মহাবারাহং। যুগে যুগে বিষ্ণু-

আভাস।

গোচর করিবে, এমত নহে; মদংশজাত অর্জ্জুনাদিও এইরূপ ধারণা করিবে। অধিক কি! বৈশম্পায়ন এবং পরাশরাদি মুনিগণও স্ব স্ব সংহিতার মধ্যে এইরূপই বর্ণন করিবেন। কলির উত্তরোত্তর প্রাবল্য-লাভের জন্য মদীয় ভক্তচূড়ামণি শঙ্করও কলিযুগে জন্ম পরিগ্রহ করত, এই অভিপ্রায়েই বেদান্তভাষ্যের প্রচার করিবেন। তাঁহার শাস্ত্রের বিশেষ আলো-চনায় বিপরীত-বুদ্ধিবিশিষ্ট পণ্ডিতাভিমানী মানবগণ স্পষ্টই প্রকাশ করিবে যে, মূল কারণ সমষ্টি-মায়াকে উপাধিরূপে গ্রহণ করতই ঈশ্বর দেহধারী হইয়াছেন। এই প্রকার নানা-বিধ আশঙ্কার অনুমানে "এতে ঘোরা" ইত্যাদি শ্লোকের অবতারণা হইয়াছে। বিবিধ উৎপাত বর্ণনে ভগবানের যে দৌর্ব্বল্যের পরিচয় হইয়াছে, তাহা নহে; অভক্ত ঈশ্বর-পরাঙ্মুখ ব্যক্তিগণের প্রাচীন দুরদৃষ্টের ভোগকালে তদনুরূপ কুপথের প্রাদুর্ভাবক নিমিত্তও সংঘটিত হয়; এই প্রকার সদসৎ কর্ম্মের প্ররোচনায় ভগবানের ইচ্ছাই নিমিত্ত বলিয়া স্বীকার করিতে হইবে। নতুবা বুদ্ধাদি অবতারে দোষস্পর্শ ঘটে। ভগবান্ কিন্তু স্বীয় ভক্তজনের সংশয়কে অপনোদিত করিবার জন্য স্বকীয় লীলাতত্ত্বের মীমাংসা উদ্ধবকে উপদেশ দিয়াছিলেন। কারণ উদ্ধবের নিজের উক্তিতেই প্রকাশ আছে যে, সেই পদ্ম-পলাশলোচন পরমপুরুষ ভগবান্ আমাকে প্রিয়জ্ঞানে স্বকীয় পরম তত্ত্ব আমাকে প্রকাশ করিয়াছেন। লীলার পারিপাট্য এবং দ্বারকাদি স্বীয় নিত্য নিবাসস্থল এবং অন্তর্দ্ধান-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রনাদিমূর্ত্তিমানাস্থায় শিষ্টং পরিপাতি দুষ্টহেতি নারসিংহং। যো বেত্তি তৌতিকং দেহং কৃষ্ণস্য পরমাত্মনঃ। স সর্ব্বস্মাদ্বহিষ্কার্য্যঃ শ্রৌতস্মার্ত্তবিধানতঃ। মুখং তস্যাবলোক্যাপি সচেলঃ স্নানমাচরেদিতি বৃহদ্বৈষ্ণবঞ্চ। ন ভূতসঙ্ঘসংস্থানো দেহোঽস্য পরমাত্মন ইতি। অমৃতাংশোঽমৃতবপুরিতি মহাভারতং। অমৃতং মরণবর্জ্জিতং বপুর্যস্যেতি তত্র শ্রীশঙ্করাচার্য্য-ব্যাখ্যা চ প্রসিদ্ধা; শাব্দং ব্রহ্ম দধৎ বপুরিতি। বস্তুতঃপূর্ভাতি বিভূষণায়ুধৈরব্যক্তচিদ্ব্যক্তম-ধারয়দ্বিভুরিতি; ববন্ধ প্রাকৃতং যথেতি। সত্যজ্ঞানানন্তানন্দমাত্রৈকরসমূর্ত্তয় ইতি। স্বেচ্ছাময়স্য নতু ভূতময়স্যেতি। ত্বয্যেব নিত্যসুখবোধতনাবিতি শ্রীভাগবতঞ্চ। নাম্নাং নিত্যত্বে ওঁ আস্য জানন্তো নাম চিদ্বিবিক্তনেতি শ্রৌতমন্ত্রঃ। বহূনি সন্তি নামানি রূপাণি চ সুতস্য তে ইতি বর্ত্তমাননির্দ্দেশশ্চ। যত্তু অনামরূপ এবায়ং ভগবান্ হরিরীশ্বরঃ। অকর্ত্তেতি চ যো বেদৈঃ স্মৃতিভিশ্চাভিধীয়তে ইতি পাদ্মাদিবচনং। তত্র বাসুদেবাধ্যাত্মবাক্যমেব সমাধায়কং যথা। অপ্রসিদ্ধেস্তদ্গুণানামনামাসৌ প্রকীর্ত্তিতঃ। অপ্রাকৃতত্বাদ্রূপস্যাপ্যরূপোঽসাবুদীর্য্যতে। সম্বন্ধেন প্রধানস্য হরের্নাস্ত্যেব কর্ত্তৃতা। অকর্ত্তারমতঃ প্রাহুঃ পুরাণং তং পুরাবিদ ইতি। এবমুপাসকানাং সিদ্ধার্থং ব্রহ্মণো রূপকল্পনেত্যত্র রূপং মূর্ত্তিঃ। শৈলী দারুময়ী লৌহময়ী বা তস্য কল্পনা রামকৃষ্ণাদ্যাকারত্বেন নির্ম্মাণমিতি তত্রার্থো জ্ঞেয় ইতি। ধাম্নাং নিত্যত্বে আসাং মধ্যে সাক্ষাদ্ব্রহ্মগোপালপুরী হীতি গোপালতাপনী শ্রুতিঃ। নিত্যাং মে মথুরাং বিদ্ধি পুরীং

আভাস।

লীলার অপূর্ব্ব রহস্য বর্ণনে শ্রীকৃষ্ণ, আমাকে কৃতার্থ করিয়াছেন। উদ্ধব-বাক্যে উক্ত হই-য়াছে যে, ভগবান্ স্বীয় বিম্ব গ্রহণে অন্তর্হিত হইলেন। এখানে বিম্বশব্দে প্রতিবিম্ব না বলিয়া, দেহই বুঝিতে হইবে; কারণ পরবর্ত্তী শ্লোকেই প্রকাশ আছে যে, মর্ত্ত্যলীলার উপযোগি বপু ধারণে তিনি ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে উপস্থিত ছিলেন, এরূপ বলায়, কেবল প্রতিবিম্ব বলিলে, কার্য্যসিদ্ধির সম্ভাবনা নাই; দেহই স্বীকার করিতে হইবে। দিবাকরের অস্তের সহিত শ্রীকৃষ্ণের অন্তর্দ্ধানের উপমা প্রদর্শিত হইয়াছে। মায়াদোষে দূষিতচক্ষু ব্যক্তিগণই তত্ত্বসম্বন্ধে অনেক কুমত অবলম্বন করত প্রলাপোক্তির পরিচয় যে দিয়া থাকে, তাহা উদ্ধবোক্তিতেই বারংবার প্রকাশ আছে। যথা; যাহারা প্রকৃতই অজ্ঞানী, তাহারাই কেবল বলেন যে, শ্রীকৃষ্ণ মানবদেহ ত্যাগ করিয়াছিলেন এবং নিজের কর্ম্মফল প্রাপ্ত হইয়াছিলেন। কিন্তু এই সমস্ত প্রলাপবচনে সমর্পিতপ্রাণ ভক্তচিত্তে কোনরূপ ব্যাঘাত উপস্থিত করে না। ভগবানের বিগ্রহ, নাম, ধাম, গুণ, লীলা এবং পরিকরগণের নিত্যত্ব সম্বন্ধে বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় যথেষ্ট প্রমাণ উদ্ধার করিয়াছেন। গোপালতাপনী শ্রুতিতে উক্ত আছে, "বৃন্দাবনস্থ দেবতরুর পাদমূলে সমাসীন সচ্চিদানন্দ-বিগ্রহ শ্রীকৃষ্ণকে স্তব করি।" মাধ্বভাষ্য-প্রণিতা শ্রুতিতে উক্ত আছে, "আমি বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ। আমি কূর্ম্ম, বরাহ, নরসিংহ, বামন, পরশুরাম, শ্রীরাম, বলরাম ও কৃষ্ণ; আমি বুদ্ধ ও কল্কি। আমি শতধাগে,

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরস্কার প্রদান করিবেন। এই দেখুন! আপনার পূর্ব্বপ্রদত্ত স্বর্ণালঙ্কারাদি পুরস্কার সামগ্রী লইয়া আমি পুত্র, পৌত্র, ভ্রাতা, বন্ধু ও বনিতা সহ একত্র নির্ব্বিঘ্নে ও সুস্থশরীরে আপনার দেশীয় সকল লোকের অজ্ঞাতসারে নিজ গৃহে উপস্থিত হইয়াছি। অতএব এই অদ্ভুত ইন্দ্রজাল বিদ্যার পুরস্কার আপনার নিকট প্রার্থনা করি। ঐন্দ্রজালিক নটের ন্যায়, ভূতভাবন শ্রীকৃষ্ণ সাধারণত লোকদৃষ্টিতে বিবিধ ব্যাপারের উপস্থিতি প্রদর্শন করাইয়া, যাদবগণের মধ্যে ব্রহ্মশাপোপলক্ষে কলহের প্রকাশে যুদ্ধ এবং নিজেরও এরকামুষ্টি গ্রহণে ক্ষণকাল ক্রীড়া দেখাইয়া, নিজে অন্তর্হিত হইলেন এবং নিজের মায়ামহিমায় সকলকেই উপসংহার করিয়া লইলেন॥ ৯॥

শ্রীকৃষ্ণাবতারে ভগবান্ মনুষ্যবিগ্রহ ধারণে আবির্ভূত হইলেও, বিশুদ্ধ সচ্চিদানন্দ-বিগ্রহের পরিচয় যথেষ্টই প্রদান করিয়াছেন। তাঁহার অমানুষত্বসম্বন্ধে কোন প্রকার সন্দেহ করিবার প্রয়োজন নাই। কারণ মনুষ্যবিগ্রহ ধারণে যমালয় হইতে তিনি গুরুপুত্রকে আনয়ন করিয়াছিলেন। সান্দীপনি গুরুর পুত্র সমুদ্রজলে নিমগ্ন হইয়া, পঞ্চজন নামক অসুর কর্তৃক ভক্ষিত হন; এবং যমসদনে নীত হন। দক্ষিণাচ্ছলে গুরু যখন শ্রীকৃষ্ণের নিকট সেই মৃতপুত্রকে প্রার্থনা করেন, তখন শ্রীকৃষ্ণ প্রথম জলাধিপতি বরুণের সমীপে উপস্থিত হইয়া, গুরুপুত্র প্রার্থনাচ্ছলে বরুণকে কৃতার্থ

জিগ্যেহস্তকান্তকমপীশমসাবনীশঃ কিং স্বাবনে স্বরনয়ন্ মৃগয়ুং সদেহং ॥ ১০ ॥

অন্বয়ঃ।

কান্তকং (অন্তকানাং অন্তকং মৃত্যুঞ্জয়ং অপি) ঈশং রুদ্রং, বাণসংগ্রামে জিগ্যে জিতবান্, তথা মৃগয়ুং লুব্ধকং, অপি যঃ স্বঃ স্বর্গং, অনয়ৎ নিন্যে, অসৌ শ্রীকৃষ্ণঃ কিং স্বাবনে স্বরক্ষণে, অনীশঃ অসমর্থঃ ? ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

বান্ শরণদঃ শরণাগতরক্ষকঃ ত্বাঞ্চ ব্রহ্মাস্ত্রদগ্ধং যো রক্ষিতবান্ যশ্চ অন্তকানামন্তকমপি ঈশং শ্রীরুদ্রং বাণসংগ্রামে জিতবান্। যঃ স্বঃ স্বর্গমনয়ৎ নিন্যে অসৌ স্বাবনে স্বরক্ষণে অনীশঃ কিং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জিতবানিত্যর্থঃ। কিমন্যদ্বক্তব্যং। যশ্চান্তকানামন্তকং ঈশং মহারুদ্রমপি বাণসংগ্রামে জিতবান্ অহো যশ্চ মৃগয়ুং জরাখ্যং স্ববৈকুণ্ঠবিশেষং সশরীরমেব প্রাপয়ামাস। স কথং স্বস্য স্বানাং যদূনাঞ্চ অবনে ঈশো ন ভবতি। অপি তু ভবত্যেবাতঃ স স্বপার্ষদৈঃ সহ সদাপি প্রপঞ্চগোচরীভূতোহপি বিরাজিতুং শক্নোত্যেবেতি ভাবঃ ॥ ১০ ॥

তোমার এই অঙ্গকে মাতৃগর্ভে রক্ষা করিয়াছিলেন, যিনি মহাকাল মৃত্যুঞ্জয়কেও বাণযুদ্ধে পরাস্ত করিয়াছিলেন ; অধিক কি ! সেই জরানামক ব্যাধকেও যিনি স্বর্গধামে প্রেরণ করিয়াছেন, তাঁহার কি নিজের দেহকে বা যাদবগণকে রক্ষা করিবার সামর্থ্য ছিল না ? ॥ ১০ ॥

আভাস।

করেন। পরে পঞ্চজন অসুরের প্রাণনাশ করিয়া, তাহাকে সালোক্যপদ প্রদান করেন ; অবশেষে যমনিকেতনে গমন করত যমকে চরিতার্থ করিয়া, মৃত গুরুপুত্রকে পূর্ব্ববৎ জীবিত অবস্থায় আনয়ন করিয়া গুরুকে প্রদান করেন। এ সামর্থ্য কখন মানবদেহে সম্ভবপর নহে। অবশ্য ব্রহ্মতেজে এ কার্য্য সাধিত হইতে পারে। কারণ কঠোপনিষদে উক্ত আছে যে, নচিকেতা নামক ব্রহ্মতেজস্বী এক বালক যমালয়ে গমন করিয়াও যমের নিকট হইতে চারিটী বর গ্রহণে পুনরায় পিতৃসন্নিধানে প্রত্যাগমন করেন এবং পিতার মঙ্গলসাধন করিয়াছিলেন। কিন্তু শ্রীকৃষ্ণের নিকট ব্রহ্মতেজও স্থান পায় নাই। কারণ অশ্বত্থামা যখন উত্তরার গর্ভস্থ সন্তান পরীক্ষিৎকে নিধন করিবার অভিপ্রায়ে ব্রহ্মাস্ত্র নিক্ষেপ করেন, তখন শ্রীকৃষ্ণ উত্তরার গর্ভে প্রবেশপূর্ব্বক দগ্ধপ্রায় সন্তানকে রক্ষা করত ব্রহ্মাস্ত্র আপনাতে উপশমিত করান। কালও ইহার উপর প্রতিপত্তিলাভে কখন সমর্থ হয় নাই। কারণ মৃত্যুকে যিনি জয় করিয়াছিলেন, সেই ত্রিলোচনও বাণ-যুদ্ধসময়ে শ্রীকৃষ্ণের নিকট পরাস্ত হন। অহো ! নিজের অনিষ্টকারী জরানামক ব্যাধকেও তিনি স্বশরীরে স্বর্গে প্রেরণ করেন, তখন তিনি কি আর নিজের দেহ বা যাদবগণকে ব্রহ্মকোপানল হইতে রক্ষা করিতে পারিতেন না ? তিনি সমস্ত পারিতেন এবং পারিয়াছিলেন ; তবে জগতে সদনুষ্ঠানের ক্রম প্রদর্শন করাইবার জন্য মাত্র যথোপযুক্ত ব্যবহারের পরিচয় দিয়াছেন মাত্র ॥ ১০ ॥

তথাঽপ্যশেষস্থিতিসম্ভবাপ্যয়েষনন্যহেতুর্যদশেষশক্তিধৃক্।
নৈচ্ছৎ প্রণেতুং বপুরত্র শেষিতং মর্ত্ত্যেন কিং স্বস্থগতিং প্রদর্শয়ন্॥ ১০॥

অন্বয়ঃ।

যদ্যপি অশেষস্থিতিসম্ভবাপ্যয়েষু (অশেষস্য জগতঃ স্থিতিসম্ভবাপ্যয়েষু) অনন্যহেতুঃ স্বতন্ত্রকারণং, যৎ যস্মাৎ, অশেষশক্তিধৃক্, তথাপি (যাদবান্ সংহৃত্য) শেষিতং স্বকীয়ং বপুঃ অত্র প্রণেতুং (অত্র স্থাপয়িতু স্বলোকং নেতুং বা) ন ঐচ্ছৎ। যতঃ মর্ত্ত্যেন মনুষ্যদেহেন কিং ন কিমপি প্রয়োজনং ইতি স্বস্থগতিং (স্বস্থানাং আত্মনিষ্ঠানাং দিব্যাং গতিং) প্রদর্শয়ন্ এব॥ ১১॥

শ্রীধরস্বামী।

নমু যদি সমর্থস্তর্হি কিঞ্চিৎকালমত্রৈব তেন বপুষা কিং নাতিষ্ঠত্তত্রাহ তথাপীতি। যদ্যপ্যুক্তপ্রকারেণ অশেষস্য জগতঃ স্থিত্যাদিষু অনন্যহেতুঃ নিরপেক্ষ এব কারণং স্বয়ং যদ্যস্মাৎ অশেষশক্তিধৃক্ তথাপি যাদবান্ সংহৃত্য নিজং বপুরত্র শেষিতং অবশেষিতং প্রণেতুং কর্ত্তুং নৈচ্ছৎ কিন্তু স্বমেব লোকমনয়ৎ। অত্র হেতুঃ। মর্ত্ত্যেন দেহেন কিং ন কিঞ্চিৎ কার্য্যমিতি স্বস্থানামাত্মনিষ্ঠানাং দিব্যাং গতিমেব প্রকৃষ্টাং দর্শয়ন্ অন্যথা তেঽপি দিব্যাং গতিমনাদৃত্য যোগবলেন দেহসিদ্ধিং বিধায়াত্রৈব রন্তং যতেরন্ তস্মাভূদিত্যেতদর্থমিতি ভাবঃ॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথাপি যদ্যপ্যেবং নিরঙ্কুশৈশ্বর্য্যস্তদপীত্যর্থঃ। তত্র নিরঙ্কুশৈশ্বর্য্যমাহ অশেষাণামেব লোকানাং স্থিতিসম্ভবাপ্যয়েষনন্যহেতুঃ নিরপেক্ষঃ স এবৈকঃ কারণং যতোঽশেষাঃ শক্তী ধত্তে ইতি সঃ। তথাপি দেবান্ স্বর্গে প্রস্থাপ্য বপুঃ সপার্ষদস্য স্বস্য শরীরং শেষিতং অবশেষিতং প্রণেতুং মর্ত্ত্যলোকে প্রকটীভূতং কর্ত্তুং নৈচ্ছৎ অপিত্বন্তর্দ্ধাপয়িতুমেবৈচ্ছৎ। কুতঃ মর্ত্ত্যেন মর্ত্ত্যলোকেন কিং ভগবতা মর্ত্ত্যলোকাপেক্ষা ন কৃতেতি ভাবঃ। কিন্তু স্বর্গলোকাপেক্ষা কৃতৈব। স্বর্গস্থানাং ব্রহ্মাদীনাং প্রার্থনয়ৈব মর্ত্ত্যলোকে প্রাদুর্ভাবাৎ তেষামেব প্রার্থনয়া বৈকুণ্ঠঞ্চ জগামেতি ব্যঞ্জয়ন্ বিশিনষ্টি। স্বস্থগতিং প্রদর্শয়ন্ স্বর্গস্থান্ ব্রহ্মাদীন্ প্রতি গতিং বৈকুণ্ঠগমনং প্রদর্শয়ন্ জ্ঞাপয়ন্ সন্ ব্যাখ্যান্তরন্ত আদায়ন্তরধাদ্যস্ত স্ববিম্বং লোকলোচনমিত্যাদ্যুদ্ধববাক্যবিরোধাদসুরসম্মতত্বাচ্চ ভক্তৈরগ্রাহ্যং। তস্যাসুরসম্মতত্বং ভক্তাগ্রাহ্যত্বঞ্চোদ্ধবেনৈবোক্তং যথা। দেবস্য মায়য়া স্পৃষ্টা যে চান্যদসদাশ্রিতাঃ। ভ্রাম্যতে ধীর্ন তদ্বাক্যৈরাত্মন্যুপ্তাত্মনো হরাবিতি॥ ১১॥

আভাস।

এই বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও প্রলয়-কার্য্যে যিনি একমাত্র প্রধান কারণ, এবং সমগ্র শক্তি যাঁহাতে নিরন্তর বিরাজ করিয়া থাকে, তিনি সমস্ত যাদব-

আভাস।

ভগবান্ সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন এবং এই অচিন্ত্যরচনাবিশিষ্ট জগৎ-সংসারের সৃষ্টি, স্থিতি ও পালন কার্য্যে তিনি এক মাত্র কারণ। তাঁহার নিকট আর অন্য কোন কারণের অপেক্ষা

য এতাং প্রাতরুত্থায় কৃষ্ণস্য পদবীং নরঃ।
প্রযতঃ কীর্ত্তয়েদ্ভক্ত্যা তামেবাপ্নোত্যনুত্তমাং ॥ ১২ ॥
দারুকো দ্বারকামেত্য বসুদেবোগ্রসেনয়োঃ।
পতিত্বা চরণাবস্রৈর্ ন্যষিঞ্চৎ কৃষ্ণবিচ্যুতঃ ॥

অন্বয়ঃ।

যঃ নরঃ প্রাতঃ উত্থায় কৃষ্ণস্য এতাং পদবীং বৈকুণ্ঠগমনরূপাং, প্রযতঃ সমাহিতঃ, সন্ ভক্ত্যা কীর্ত্তয়েৎ সঃ তাং এব অনুত্তমাং গতিং প্রাপ্নোতি ॥ ১২ ॥

কৃষ্ণবিচ্যুতঃ দারুকঃ দ্বারকাং এত্য বসুদেবোগ্রসেনয়োঃ চরণৌ পতিত্বা অশ্রুভিঃ তৌ ন্যষিঞ্চৎ ॥

শ্রীধরস্বামী।

এতাং উক্তপ্রকারাং পদবীং গতিং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পদবীং নির্ধাণমার্গং। অত্র পরামিতি অনুত্তমামিতি পদাভ্যাং ভগবতো নির্ধাণলীলেয়ং সচ্চিদানন্দাত্মিকৈব সর্ব্বথা জ্ঞেয়া। লোকদৃষ্ট্যা মায়িকত্বপ্রতীতিস্ত্বকিঞ্চিৎকরা সুধিয়ামিতি দ্যোতিতং ॥ ১২ ॥

তৎ শ্রুত্বেতি পূর্ব্বং যথা ভগবন্নিত্যপরিকরপ্রদ্যুম্নানিরুদ্ধাদ্যংশা এব দ্বারকাতঃ প্রভাস-

গণকে উপসংহার করিয়াও স্বকীয় অবশিষ্ট দেহকে মর্ত্ত্যভূমে রাখিতে বা স্বীয় বৈকুণ্ঠধামে লইয়া যাইতে ইচ্ছা করেন নাই। কারণ মর্ত্ত্য মানব-দেহের কোন প্রয়োজন নাই; এই দিব্যা গতিরই প্রয়োজন, এই উপদেশ ভক্তগণকে দেওয়াই তাঁহার মূল অভিপ্রায়। ১১ ॥

যে ব্যক্তি প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া, বিশেষ শ্রদ্ধা ও ভক্তিসহকারে ভগবান্ শ্রীকৃষ্ণের বৈকুণ্ঠ-গমনের ব্যাপার কীর্ত্তন করেন, তিনি সর্ব্বোৎকৃষ্টা পরমা গতিই লাভ করেন, সন্দেহ নাই ॥

এদিকে কৃষ্ণ-সারথি দারুক শ্রীকৃষ্ণের নিকট হইতে বিদায় লইয়া, দ্বারকায়

আভাস।

করে না; তথাপি সমগ্র যদুবংশীয়গণের নিধনে যখন তাঁহার নিজের কলেবর মাত্র অবশিষ্ট ছিল, তখন তাহাও তিনি জগতে আর রাখিতে বাঞ্ছা করিলেন না। যে প্রকার কার্য্যের সাধনার্থ তাদৃশ দেহের প্রকটন করা হইয়াছিল, সে কার্য্যের সমাপনে আর তাদৃশ দেহ রাখিবার কোন প্রয়োজন মনে করেন নাই; বরং পাছে ভক্তগণ যোগবলে দেহসিদ্ধির বিধানে জগতেই ভোগ করিতে বাসনা করেন, দৈবী গতির প্রতি অনাদর প্রদর্শন করেন, এই নিমিত্ত তিনি নিজের দেহ জগতে না রাখিয়াই অন্তর্হিত হইলেন ॥ ১১ ॥

কথয়ামাস নিধনং বৃষ্ণীনাং কৃৎস্নশো নৃপ।
তচ্ছ্রুত্বোদ্বিগ্নহৃদয়া জনাঃ শোকবিমূর্চ্ছিতাঃ॥
তত্র স্ম ত্বরিতা জগ্মুঃ কৃষ্ণবিশ্লেষবিহ্বলাঃ।
ব্যসবঃ শেরতে যত্র জ্ঞাতয়ো ঘ্নন্ত আননং॥ ১৩॥
দেবকী রোহিণী চৈব বসুদেবস্তথা সুতৌ
কৃষ্ণরামাবপশ্যন্তঃ শোকার্ত্তা বিজহুঃ স্মৃতিং॥
প্রাণাংশ্চ বিজহুস্তত্র ভগবদ্বিরহাতুরাঃ।
উপগুহ্য পতীংস্তাত চিতামারুরুহুঃ স্ত্রিয়ঃ॥

অন্বয়ঃ।

হে নৃপ! কৃৎস্নশঃ সর্ব্বেষাং বৃষ্ণীনাং নিধনং কথয়ামাস। তৎ নিধনং শ্রুত্বা উদ্বিগ্নং ভীতং হৃদয়ং যেষাং তে) অতএব শোকবিমূর্চ্ছিতাঃ (শোকেন বিমূর্চ্ছিতাঃ) কৃষ্ণবিশ্লেষবিহ্বলাঃ (কৃষ্ণবিশ্লেষেণ বিহ্বলাঃ তে জনাঃ আননং ঘ্নন্তঃ তাড়য়ন্তঃ, যত্র ব্যসবঃ মৃতাঃ, জ্ঞাতয়ঃ শেরতে ত্বরিতাঃ সন্তঃ তত্র এব জগ্মুঃ ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ১৩॥

দেবকী রোহিণী তথা বসুদেবঃ এব চ রামকৃষ্ণৌ সুতৌ অপশ্যন্তঃ শোকার্ত্তাঃ এব স্মৃতিং বিজহুঃ মূর্চ্ছিতাঃ জাতাঃ; তথা ভগবদ্বিরহাতুরাঃ (ভগবদ্বিরহেণ আতুরাঃ) অতঃ তত্র প্রভাসে প্রাণান্ বিজহুঃ॥

শ্রীধরস্বামী।

তদেবং ভগবতা স্বলোকং গচ্ছতা বসুদেবাদীনামপি তৎপ্রাপ্তয়ে য উপায়শ্চিন্তিত আসীত্তমাহ দারুক ইত্যাদিনা॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাজগ্মুস্তথৈব দেবকীরোহিণ্যাদ্যংশা এব প্রভাসমাগমমূলভূতাস্ত দেবক্যাদ্যা দ্বারকায়াং প্রাপঞ্চিকলোকদৃষ্টা ব্যরাজন্তেবেতি জ্ঞেয়ং॥ ১৩॥

উপস্থিত হইলেন এবং বসুদেব ও উগ্রসেনের চরণপ্রান্তে পতিত হইয়া, নয়নজলে তাঁহাদের চরণদ্বয় ভাসাইয়া দিলেন॥

হে রাজেন্দ্র! তাঁহাদের সহিত সাক্ষাৎ করিয়া, দারুক সমগ্র যদুবংশের নিধনবার্ত্তা নিবেদন করিলেন। দ্বারকাবাসিগণ তাদৃশ নিধনবার্ত্তা শ্রবণে নিতান্ত ভীত এবং উৎকণ্ঠিত হইলেন। তাঁহারা কৃষ্ণবিরহ-দুঃখে কাতর এবং শোকাহত হইয়া মূর্চ্ছিতের ন্যায়, স্বীয় বদনমণ্ডলে হস্তভাড়ন করত, জ্ঞাতিগণ জীবন পরিত্যাগে যে স্থানে পতিত ছিলেন, দ্রুতবেগে তথায় উপনীত হইতে লাগিলেন॥ ১৩।

দেবকী, রোহিণী এবং বসুদেব পুত্রদ্বয় রামকৃষ্ণকে নয়নগোচর না করিয়া, শোকে মূর্চ্ছিত হইলেন; ভগবদ্বিরহ এত তীব্রভাবে তাঁহাদের হৃদয়কে তৎকালে স্পর্শ করিয়াছিল যে, তাঁহারা সেই প্রভাসতীর্থেই জীবন পরিত্যাগ করিলেন॥

রামপত্ন্যশ্চ তদ্দেহমুপগুহ্যাগ্নিমাবিশন্।
বসুদেবপত্ন্যস্তদ্গাত্রং প্রদ্যুম্নাদীন্ হরেঃ স্নুষাঃ ॥
কৃষ্ণপত্ন্যোঽবিশন্নগ্নিং রুক্মিণ্যাদ্যাস্তদাত্মিকাঃ ॥ ১৪ ॥
অর্জ্জুনঃ প্রেয়সঃ সখ্যুঃ কৃষ্ণস্য বিরহাতুরঃ।
আত্মানং সান্ত্বয়ামাস কৃষ্ণগীতৈঃ সদুক্তিভিঃ ॥ ১৫ ॥
বন্ধূনাং নষ্টগোত্রাণামর্জ্জুনঃ সাম্পরায়িকং।
হতানাং কারয়ামাস যথাবদনুপূর্ব্বশঃ ॥

অন্বয়ঃ।

অন্যাঃ স্ত্রিয়ঃ স্বস্বপতীন্ উপগুহ্য আলিঙ্গ্য, চিতাং আরুরুহুঃ। রামপত্ন্যঃ চ তদ্দেহং উপগুহ্য আলিঙ্গ্য, অগ্নিং আবিশন্। বসুদেবপত্ন্যঃ তদ্গাত্রং আলিঙ্গ্য; তথা হরেঃ স্নুষাঃ পুত্রভার্য্যাঃ, প্রদ্যুম্নাদীন্ আলিঙ্গ্য তথা রুক্মিণ্যাদ্যাঃ তদাত্মিকাঃ (অন্তর্হিতং কৃষ্ণং এব ধ্যায়ন্ত্যঃ) অগ্নিং অবিশন্ ॥ ১৪ ॥

প্রেয়সঃ প্রিয়তমস্য, সখ্যুঃ কৃষ্ণস্য বিরহাতুরঃ অর্জ্জুনঃ কৃষ্ণগীতৈঃ সদুক্তিভিঃ শোকমোহাদিনিরাসবচনৈঃ, আত্মানং সান্ত্বয়ামাস সমাহিতং অকরোৎ ॥ ১৫ ॥

তথা নষ্টগোত্রাণাং নষ্টসন্ততীনাং, হতানাং বন্ধূনাং যৎ সাম্পরায়িকং পরলোকসাধনং দাহপিণ্ডোদকদানাদি কর্ম্ম তৎ যথাবৎ যথাবিধি অনুপূর্ব্বশঃ ক্রমেণ, অর্জ্জুনঃ কারয়ামাস ॥

শ্রীধরস্বামী।

কৃষ্ণরামৌ স্তুতাবপশ্যন্তঃ ॥ ১৪ ॥

সদুক্তিভিঃ সত্যাঽবিতথা উক্তয়ো যেষু তৈঃ। নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃতঃ মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়মিত্যাদিভিঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

উপগুহ্যেত্যাদিকমবস্তুভূতং ব্যাখ্যাতাভিপ্রায়ং ॥ ১৪ ॥ ১৫ ॥

ভগবদালয়ং বর্জ্জয়িত্বেতি। নিত্যং সন্নিহিতস্তত্রেত্যাদি বাক্যাং স্বমতমেবৈতন্ন পরমতমিতি

অন্যান্য নারীগণ স্ব স্ব মৃত পতির দেহকে আলিঙ্গন করিয়া, চিতারোহণে প্রাণত্যাগ করিলেন। বলরামের পত্নীগণ বলরামদেহকে আলিঙ্গন করত অগ্নিতে প্রবেশ করিলেন। এবং এই প্রকারে বসুদেবের পত্নীগণও বসুদেব-দেহ এবং পুত্রবধূগণ প্রদ্যুম্নাদির দেহ আলিঙ্গনে অগ্নিতে প্রবেশ করিলেন। ১৪ ॥

অর্জ্জুন হৃদয়সখা ও প্রাণপ্রিয় কৃষ্ণের বিরহে নিতান্তই ব্যাকুল হইয়াছিলেন বটে, কিন্তু কৃষ্ণকথিত মোহনিবারক সদুপদেশগুলিকে স্মরণ করত, চিত্তকে কথঞ্চিৎ সান্ত্বনা করিলেন ॥ ১৫ ॥

এবং প্রভাসে নিহত অথচ যাহাদের কোন সন্ততি নাই, তাদৃশ বন্ধুগণের পরলোকের সাধনভূত দাহ ও পিণ্ডদানাদি কর্ম্ম যথাবিধি ক্রমান্বয়ে অর্জ্জুন নির্ব্বাহ করিলেন ॥

দ্বারকাং হরিণা ত্যক্তাং সমুদ্রোঽপ্লাবয়ৎ ক্ষণাৎ।
বর্জ্জয়িত্বা মহারাজ শ্রীমদ্ভগবদালয়ং ॥
নিত্যং সন্নিহিতস্তত্র ভগবান্ মধুসূদনঃ।
স্মৃত্যাঽশেষাশুভহরং সর্ব্বমঙ্গলমঙ্গলং ॥
স্ত্রীবালবৃদ্ধানাদায় হতশেষান্ ধনঞ্জয়ঃ।
ইন্দ্রপ্রস্থং সমাবেশ্য বজ্রং তত্রাভ্যষেচয়ৎ ॥
শ্রুত্বা সুহৃদ্বধং রাজন্নর্জ্জুনাত্তে পিতামহাঃ।
ত্বান্তু বংশধরং কৃত্বা জগ্মুঃ সর্ব্বে মহাপথং ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

হে মহারাজ! শ্রীমদ্ভগবতঃ আলয়ং বর্জ্জয়িত্বা হরিণা ত্যক্তাং দ্বারকাং সমুদ্রঃ ক্ষণাৎ তস্মিন্ এব ক্ষণে, অপ্লাবয়ৎ ॥

তত্র মন্দিরে ভগবান্ মধুসূদনঃ নিত্যং সন্নিহিতঃ বর্ত্ততে; অতএব স্মৃত্যা স্মৃতিমাত্রেণৈব অশেষাশুভহরং সর্ব্বপাপনিবর্ত্তকং, সর্ব্বমঙ্গলমঙ্গলং (সর্ব্বেভ্যঃ মঙ্গলেভ্যঃ মঙ্গলং শ্রেষ্ঠং তৎ মন্দিরং এব ॥

ধনঞ্জয়ঃ অর্জ্জুনঃ, হতশেষান্ স্ত্রীবালবৃদ্ধান্ আদায় ইন্দ্রপ্রস্থং সমাবেশ্য তত্র বজ্রং অনিরুদ্ধ-পুত্রং রাজ্যে অভ্যষেচয়ৎ।

হে রাজন্! অর্জ্জুনাৎ সুহৃদ্বধং শ্রুত্বা তে তব পিতামহাঃ যুধিষ্ঠিরাদয়ঃ ত্বাং বংশধরং রাজানং, কৃত্বা সর্ব্বে মহাপথং হিমালয়ং জগ্মুঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

নষ্টগোত্রাণাং নষ্টসন্ততীনাং সাম্পরায়িকং পিণ্ডোদকাদি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেচিদাচক্ষতে তর্হি যাদবান্তরালয়াদিকং সমুদ্রপ্লাবনাৎ কিমনিত্যমেবেত্যন্যে তৎ প্রত্যাচক্ষতে ॥ ১৬ ॥

হে মহারাজ! এদিকে শ্রীহরি যেমন দ্বারকা পরিত্যাগ করিলেন, সেই মুহূর্ত্তেই কেবল ভগবানের আলয়টী ব্যতীত সমগ্র দ্বারকাভূমিকে সমুদ্র জলে প্লাবিত করিয়া ফেলিল ॥

এই মন্দিরে কিন্তু ভগবান্ নিত্য সন্নিহিত আছেন। অতএব এই মন্দিরের স্মরণ মাত্র করিলেও, জীবের সকল পাপের মোচন হয় এবং যারদীয় মঙ্গল লাভ হয়, সন্দেহ নাই ॥

অনন্তর অর্জ্জুন হতাবশিষ্ট বালক ও বৃদ্ধগণকে লইয়া ইন্দ্রপ্রস্থে গমন করিলেন এবং অনিরুদ্ধপুত্র বজ্রকে তথাকার সিংহাসনে অভিষিক্ত করিলেন ॥

হে রাজেন্দ্র! অর্জ্জুনের মুখে সুহৃদগণের নিধন-বার্ত্তা শ্রবণ করিয়া, যুধিষ্ঠিরাদি ভবদীয় পিতামহগণ আপনার ন্যায় বংশধরকে রাজ্যে অভিষিক্ত করিয়া, মহাপ্রস্থান হিমালয়ে যাত্রা করিলেন ॥ ১৬ ॥

য এতদ্দেবদেবস্য বিষ্ণোঃ কর্ম্মাণি জন্ম চ।
কীর্ত্তয়েচ্ছ্রাবয়েন্মর্ত্ত্যঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৭ ॥
ইত্থং হরের্ভগবতো রুচিরাবতারং বীর্য্যাণি বাল্যচরিতানি চ শন্তমানি।
অন্যত্র চেহ চ শ্রুতানি গৃণন্মনুষ্যো ভক্তিং পরাং পরমহংসগতৌ লভেত ॥ ১৮
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মেকাদশস্কন্ধে মৌষলং নামৈকত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৩১ ॥ * ॥
সমাপ্তশ্চায়মেকাদশঃ স্কন্ধঃ । * ॥

অন্বয়ঃ।

যঃ মর্ত্ত্যঃ মনুষ্যঃ, বিষ্ণোঃ কৃষ্ণস্য, এতৎ জন্ম তৎকৃতানি কর্ম্মাণি কীর্ত্তয়েৎ শ্রাবয়েৎ চ সঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৭ ॥

ইত্থং এবং, যথা ত্বয়া শ্রুতানি তথা ভগবতঃ হরেঃ রুচিরাবতারং (রুচিরাবতারস্য) শন্তমানি পরমানন্দজনকানি, বীর্য্যাণি ইহ পুরাণে অন্যত্র পুরাণান্তরে চ শ্রুতানি বাল্যচরিতানি চ গৃণন্ কীর্ত্তয়ন্ পুরুষঃ পরমহংসগতৌ (পরমহংসানাং গতৌ প্রাপ্যে) ভগবতি পরাং ভক্তিং লভতে প্রাপ্নোতি ॥ ১৮ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একত্রিংশত্তমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

আদিত আরভ্য শ্রীকৃষ্ণচরিতকীর্ত্তনস্য ফলমাহ য ইতি দ্বাভ্যাং ॥ ১৭ ॥

শন্তমানি পরমমঙ্গলানি। পরমহংসগতৌ শ্রীকৃষ্ণে ॥ ১৮ ॥

এবমেকাদশস্কন্ধে ভাবার্থস্য প্রদীপিকা।
স্বাজ্ঞানধ্বান্তভীতেন শ্রীধরেণ প্রকাশিতা ॥ * ॥
॥ * ॥ ইত্যেকাদশে একত্রিংশঃ ॥ * ॥ ওঁ তৎ সৎ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আদিত আরভ্য শ্রীকৃষ্ণচরিতকীর্ত্তনাদেঃ ফলমাহ য ইতি দ্বাভ্যাং ॥ ১৭ ॥

বালচরিতানি আষোড়শাচ্চ বালঃ স্যাদিতি প্রসিদ্ধে বৃন্দাবনীয়চরিতানি তৃতিসুখদ-স্বমানীত্যর্থঃ। অন্যত্র পুরাণাদিষু ইহ শ্রীভাগবতেচ শ্রুতানি পরাং পরমশ্রেষ্ঠাং ॥ ১৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশৈকত্রিংশোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
গোবর্দ্ধনগিরৌ পূর্ণা সহমাসে রবেস্তিথৌ।
একাদশস্কন্ধটীকা স্বীকারয়তু মাং প্রভুং ॥
ব্যাচক্ষাণোঽনভিজ্ঞত্বং স্বীয়ং ব্যক্তমহং ব্যধাং।
যদেতে ন হসন্তোঽপি সন্ত এব গতির্মম ॥

যে মানব ভগবানের এই অপূর্ব্ব জন্ম ও লীলাবৃত্তান্ত কীর্ত্তন করেন এবং অন্যের নিকট শ্রবণ করান, তিনি সকল পাপ হইতে নিষ্কৃতি লাভ করিয়া থাকেন ॥ ১৭ ॥

ভক্তদুঃখহারী ভগবান্ শ্রীহরির পরমানন্দজনক মধুর অবতার-লীলা এবং এই পুরাণে বা পুরাণান্তরে বর্ণিত এই সমস্ত অপূর্ব্ব বাল্যলীলা যে ব্যক্তি সর্ব্বদা কীর্ত্তন করেন, তিনি পরমহংসগণের প্রাপ্য দুর্ল্লভ ভগবৎপ্রেম ও ভক্তি অতি সত্বর লাভ করিয়া থাকেন, সন্দেহ নাই ॥ ১৮ ॥

ইত্যেকাদশে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রি কৃত একত্রিংশাধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভাগবতম্।

মহর্ষি শ্রীকৃষ্ণদ্বৈপায়ন-প্রণীতম্।

শ্রীশ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকয়া টীকয়া,

শ্রীযুক্ত বিশ্বনাথ-চক্রবর্ত্তিকৃত-সারার্থদর্শিন্যা টিকয়া চ সমেতম্।

শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ানুবাদাভাসো-

কৃত-টিপ্পনী সমেতঞ্চ।

দ্বাদশ স্কন্ধঃ।

শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিণা প্রকাশিতম্।

ভবানীপুর, ৩৭নং বলরাম বসুর ঘাট রোড

কলিকাতা।

ভবানীপুর,

নিউ টাউন যন্ত্রে শ্রীমন্মথনাথ মিত্র দ্বারা মুদ্রিতম্।

সন ১৩১৮ সাল, ১৮ই ফাল্গুন মাস।

মূল্য ১৲ এক টাকা।

যাঁহার টীকার মাধুর্য্যে সমগ্র ভারতবর্ষীয় পণ্ডিত-সমাজ সম্পূর্ণ বিমোহিত। সেই পূজ্যপাদ শ্রীশ্রীধরস্বামীর আভিজাত্য সম্বন্ধের অনুসন্ধানে আমাদের দেশীয় কুলাচার্য্যগণের গ্রন্থে অবগত হইলাম যে, তিনি রাঢ়দেশবাস ছিলেন।

গৌড়াধিপতি রাজা আদিশূর পুত্রেষ্টি যাগের নিমিত্ত শাণ্ডিল্য-গোত্র ভট্টনারায়ণ, কাশ্যপ-গোত্র দক্ষ, ভরদ্বাজ-গোত্র শ্রীহর্ষ, সাবর্ণ-গোত্র বেদগর্ভ এবং বাৎস-গোত্র ছান্দড় নামক যে পঞ্চজন সাগ্নিক ব্রাহ্মণ কান্যকুব্জ হইতে আনয়ন করিয়াছিলেন, তন্মধ্যে ভট্টনারায়ণের বংশে তিনি জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। সুতরাং শ্রীহর্ষ ও ভট্টনারায়ণ নামক দুই জনের বংশের আংশিক তালিকা ধারাবাহিক ভাবে নিম্নে প্রদত্ত হইল।

শাণ্ডিল্য-গোত্র কান্যকুব্জাগত ভট্টনারায়ণ-বংশ।

দ্বাদশ স্কন্ধের সূচী পত্র।

পৃষ্ঠা।

ভরদ্বাজ-গোত্র শ্রীহর্ষ-বংশ।

১। শ্রীহর্ষ (ভরদ্বাজ গোত্র) কাণ্যকুব্জাগত।
২। ধান্দু
৩। শ্রীনিবাস
৪। মেধাতিথি
৫। আবর
৬। ত্রিবিক্রম
৭। কাক
৮। ধুরন্ধর
৯। শুষি
১০। মাধবাচার্য্য
১১। কোলাহল সন্ন্যাসী
১২। উৎসাহ (প্রতিগ্রাহ পরাঙ্মুখ কুলীন)
১৩। মহাদেব
১৪। বিশ্বেশ্বর
১৫। ভব
১৬। পশুপতি
১৭। কৃষ্ণ
১৮। মহেশ্বর
১৯। হরি
২০। কামদেব
২১। ভরত
২২। রামনাথ
২৩। কল্যাণচাঁদ
২৪। রুক্মিণীকান্ত
২৫। গোপাল
২৬। দয়ারাম
২৭। কালীচরণ
২৮। শম্ভুচন্দ্র
২৯। লক্ষ্মীনারায়ণ
৩০। ভগবতী চরণ
৩১। শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রী উপেন্দ্র হরেন্দ্র যোগেন্দ্র

শ্রীখগেন্দ্রনাথশাস্ত্রীর পুত্র: শ্রীকৃষ্ণনাথ রামনাথ শিবনাথ তারানাথ

শ্রীমদ্ভাগবতম্।

দ্বাদশ স্কন্ধঃ।

প্রথমাধ্যায়ঃ।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

রাজোবাচ।

স্বধামানুগতে কৃষ্ণে যদুবংশবিভূষণে।

কস্য বংশোঽভবৎ পৃথ্ব্যামেতদাচক্ষ্ব মে মুনে॥

অন্বয়ঃ।

যদুবংশবিভূষণে (যদুবংশস্য ভূষণবৎ শোভাবহে) শ্রীকৃষ্ণে স্বধামানুগতে সতি পৃথ্ব্যাং কস্য বংশঃ অভবৎ? হে মুনে! এতৎ মে মহ্যং, আচক্ষ্ব কথয়!॥

শ্রীধরস্বামী।

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায়॥

অমন্তি পরমানন্দকৃপাপাঙ্গ-লসদ্দৃশঃ। যা নিত্যমনুবর্ত্তন্তে সম্পদো বিগতাবৃশঃ॥

উক্ত স্ত্রয়োদশাধ্যায়ৈ র্দ্বাদশে ত্বাশ্রয়ঃ স্বতঃ। অধিষ্ঠানাবধিত্বাভ্যামাশ্রয়শ্চেশ্বরঃ স্বতঃ॥

উক্তো লয়াবধিত্বেন প্রাকৃতাত্যন্তিকে লয়ে। অধিষ্ঠানতয়া চোক্তো মহাপুরুষবর্ণনে॥

তত্রাদৌ ষড়্ভিরধ্যায়ৈঃ শুকঃ প্রাহ পরীক্ষিতে। শেষৈস্তত্রাখিলাঞ্চাহ সূতঃ পৃষ্টোঽথ সত্রিভিঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ওঁ শ্রীগুরবে নমঃ॥

প্রণম্য শ্রীগুরুং ভূয়ঃ শ্রীকৃষ্ণং করুণার্ণবং। লোকনাথং জগচ্চক্ষুঃ শ্রীশুকং তমুপাশ্রয়ে॥

গোপরামাজনপ্রাণপ্রেয়সেঽতিপ্রভুষ্ণবে। তদীয়প্রিয়দাস্যায় মাং মদীয়মহং দদে॥

ত্রয়োদশভিরধ্যায়ৈর্দ্বাদশে তু চতুর্বিধঃ। নিরোধ উক্তঃ শ্রীকৃষ্ণকথাপ্যত্রোপসংহৃতো॥

ত্রিভিরাদৌ কলৌ ধর্ম্মদ্রোহিণঃ কথ্যতে কথা। একেন প্রলয়স্যাথ দ্বাভ্যাং শুকপরীক্ষিতোঃ

রাজা পরীক্ষিৎ বলিলেন হে ভগবন্! যদুবংশ-বিভূষণ ভগবান্ শ্রীকৃষ্ণ

আভাস।

দ্বাদশস্কন্ধে ত্রয়োদশ অধ্যায়ে বর্ণিত হইয়াছে। তন্মধ্যে প্রথমাধ্যায়ে কলির প্রভাবে বর্ণাশ্রমধর্ম্ম বশতঃ মলিনীকৃত ভাবি মাগধবংশীয় রাজাদিগের নাম কীর্ত্তন এবং কৃষ্ণভক্তি ব্যতীত মুক্তির অন্য পথ নাই, ইহারই বর্ণন হইয়াছে।

শ্রীশুক উবাচ ॥

যোঽন্ত্যঃ পুরঞ্জয়ো নাম ভাব্যো বার্হদ্রথো নৃপঃ।
তস্যামাত্যস্তু শুনকো হত্বা স্বামিনমাত্মজং ॥

অন্বয়ঃ।

এবং পৃষ্টঃ শ্রীশুকঃ উবাচ। বার্হদ্রথঃ বৃহদ্রথ-বংশে ভবঃ অন্ত্যঃ যঃ পুরঞ্জয়ঃ ইতি তদাখ্যঃ নৃপঃ প্রোক্তঃ অস্যৈব রিপুঞ্জয়ঃ ইতি নামান্তরং; তস্য অমাত্যঃ শুনকঃ নাম তং স্বামিনং পুরঞ্জয়ং, হত্বা প্রদ্যোতসংজ্ঞং, আত্মজং স্বপুত্রং রাজানং কর্ত্তা করিষ্যতি, যৎপুত্রঃ যস্য

শ্রীধরস্বামী।

আশ্রয়াশ্রয়ণে কার্য্যো ন বিলম্বো মনীষিণা। ইত্যেতৎ কালবৈষম্যং চতুর্ভি স্তাবদুচ্যতে ॥
তত্র তু প্রথমে ভাবি মাগধান্বয়ভূমিপান্। কলিপ্রভাবতঃ প্রাহ সঙ্করাদিমলীমসান্ ॥ * ॥

এবম্ভূতে সোমবংশে মুকুন্দস্যৈবরক্রীড়া বর্ণিতা।
অথ স এব বংশো ভাবি বর্ণ্যতে কৃষ্ণভক্তিমুক্তা মুক্তেব স্থ নাস্তীতি বক্তুং।

তদেবং বৈবস্বতমনুবংশে সোমবংশপ্রস্তাবেন শ্রীকৃষ্ণাবতারচরিতানি সপ্রপঞ্চমনুবর্ণিতানি অথেদানীং ভাবিসোমবংশঃ কলৌ বিজাতীয়সঙ্করাদিমলীমসো বৈরাগ্যদ্বারা শ্রীকৃষ্ণস্যৈব ভক্তিনিগমনায়ানুবর্ণ্যতে। তত্র তু সোমবংশশাখাসু চিরকালানুবর্ত্তিতয়া মাগধবংশোঽনুক্রম্যতে। তত্র পুরোর্বংশে উপরিচরো বসুঃ তস্য বৃহদ্রথ স্তস্য জরাসন্ধ স্তস্য সহদেবঃ পুত্রোঽভূদিত্যুক্তং নবমস্কন্ধে। তত্রৈব সহদেবান্মার্জারিঃ ততঃ শ্রুতশ্রব আদয়ো রিপুঞ্জয়ান্তা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুরাণস্য তথৈকেন মার্কণ্ডেয়স্য চ ত্রিভিঃ। সূর্য্যস্যাখ্যানবৃন্দস্য শাস্ত্রপূর্ব্বৈঃ ক্রমাস্ত্রিভিঃ ॥
তত্র তু প্রথমে ভাবি ভূমিপানাং কথোচ্যতে। মাগধান্বয়জাতানাং কলিকল্মষশালিনাং ॥

তদেবং চন্দ্রবংশাবতংসস্য শ্রীকৃষ্ণচন্দ্রস্য চরিতামৃতকথাসিন্ধুঃ স্কন্ধদ্বয়েন বর্ণিত স্তত্রৈব লোকান্ নিমজ্যানন্দয়িতুমিদানীং তেষাং ততোঽন্যত্র বৈরাগ্যমুৎপাদয়িতুং তস্যৈব চন্দ্রবংশস্যাল্পিমো ভাবী ভাগো বর্ণ্যতে। তত্র চন্দ্রবংশশাখায়াং পুরোর্বংশে উপরিচরো বসুঃ তস্য পুত্রো বৃহদ্রথঃ তস্য জরাসন্ধঃ তস্য সহদেবঃ পুত্রোঽভূদিত্যুক্তং নবমস্কন্ধে। পুনশ্চ তত্রৈব সহদেবস্য মার্জ্জারি স্তস্য শ্রুতশ্রবা ইত্যেবং রিপুঞ্জয়ান্তা বিংশতি র্ভাবিনো রাজানো নিরূপিতাঃ।

স্বীয় বৈকুণ্ঠধামে গমন করিলে, কোন্ বংশ বিভূতি লাভে ধরাধাম শাসন করিয়াছিলেন, তাহা আমার নিকট বর্ণন করুন্। ॥

এই প্রকার অভিহিত হইয়া, মহামুনি শুকদেব বলিলেন, বৃহদ্রথ বংশের শেষ সন্তান যিনি রাজা হইবেন, তিনি রিপুঞ্জয় (পুরঞ্জয়) নামে অভিহিত হইবেন; তাঁহার অমাত্যের নাম শুনক। এই শুনক কৌশলক্রমে মহারাজ পুরঞ্জয়ের প্রাণবধ করিয়া, তদীয় রাজ-সিংহাসনে স্বীয় তনয় প্রদ্যোতকে আরূঢ় করাইবেন। এই প্রদ্যোতের এক পুত্র জন্মিবে, তাঁহার নাম পালক

প্রদ্যোতসংজ্ঞং রাজানং কর্ত্তা যৎপালকঃ সুতঃ ॥ ১॥
বিশাখযূপস্তৎপুত্রো ভবিতা রাজক স্ততঃ।
নন্দিবর্দ্ধন স্তৎপুত্রঃ পঞ্চ প্রদ্যোতনা ইমে॥
অষ্টত্রিংশোত্তরশতং ভোক্ষ্যন্তি পৃথিবীং নৃপাঃ।
শিশুনাগ স্ততো ভাব্যঃ কাকবর্ণস্তু তৎসুতঃ॥
ক্ষেমধর্ম্মা তস্য সুতঃ ক্ষেত্রজ্ঞঃ ক্ষেমধর্ম্মজঃ।
বিধিসারঃ সুতস্তস্যাজাতশত্রু র্ভবিষ্যতি॥

অন্বয়ঃ।

প্রদ্যোতস্য পালকঃ (অনকঃ বা) সুতঃ ভবিতা তৎপুত্রঃ বিশাখযূপঃ, ততঃ, তস্মাৎ রাজকঃ পুত্রঃ ভবিতা। তৎপুত্রঃ নন্দিবর্দ্ধনঃ ॥ ১॥

ইমে পঞ্চ প্রদ্যোতনাঃ প্রদ্যোতন-প্রভৃতয়ঃ নৃপাঃ অষ্টত্রিংশোত্তরশতং সংবৎসরান্ পৃথিবীং ভোক্ষ্যন্তি পালয়িষ্যন্তি। ততঃ নন্দিবর্দ্ধনাৎ শিশুনাগাখ্যঃ সুতঃ ভাব্যঃ ভবিতা, তস্য সুতঃ কাকবর্ণঃ তস্য ক্ষেমধর্ম্মা তস্য ক্ষেমধর্ম্মজঃ (ক্ষেত্রধর্ম্মেণ জাতঃ) সুতঃ ক্ষেত্রজ্ঞঃ। তস্য পুত্রঃ বিধিসারঃ তস্য অজাতশত্রুঃ সুতঃ ভবিষ্যতি ॥

তৎসুতঃ (অজাতশত্রোঃ পুত্রঃ) দর্ভকঃ ভাবী ভবিষ্যতি, দর্ভকস্য অজয়ঃ পুত্রঃ স্মৃতঃ। আজেয়ঃ অজয়স্য সুতঃ নন্দিবর্দ্ধনঃ; তৎসুতঃ মহানন্দিঃ ॥

শ্রীধরস্বামী।

বিংশতি র্ভাবিনো রাজানো নিরূপিতাঃ তদুপরিতনং বংশং সঙ্করাদিদোষৈঃ প্রপঞ্চয়তি যোঽস্ত্য ইতি। রিপুঞ্জয় এব পুরঞ্জয়ঃ স্বামিনং পুরঞ্জয়ং হত্বা স্বপুত্রং প্রদ্যোতনামানং রাজানং করিষ্যতি। যৎ যস্য পালকো নাম সুতো ভবিষ্যতি ॥ ১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র স্কন্ধে তদুপরিতনং বংশং সঙ্করাদিদোষৈ র্মলিনীভূতং বর্ণয়তি যোঽস্ত্য ইতি। রিপুঞ্জয় এব পুরঞ্জয়ঃ। বার্হদ্রথঃ বৃহদ্রথবংশ্যঃ স্বামিনং রিপুঞ্জয়ং হত্বা স্বপুত্রং প্রদ্যোতং রাজানং করিষ্যতি। যৎ যস্য প্রদ্যোতস্য সুতঃ পালকঃ পালকসংজ্ঞঃ ॥ ১॥

(পাঠান্তরে অলক) তৎসুত, বিশাখ-যূপ, তৎতনয় রাজক এবং তাঁহার পুত্র নন্দিবর্দ্ধন নামে অভিহিত হইবেন ॥ ১॥

এই প্রদ্যোত-বংশীয় উত্তরোত্তর পাঁচ জন নৃপতি ক্রমান্বয়ে এক শত অষ্টত্রিংশৎ বৎসর পৃথিবীতে রাজত্ব করিবেন। তৎপরে নন্দিবর্দ্ধনের ঔরসে এক পুত্র জন্ম গ্রহণ করিবেন, তাঁহার নাম শিশুনাগ। শিশুনাগের পুত্র কাকবর্ণ, তাঁহার তনয় ক্ষেত্রধর্ম্মা, তত্তনয় ক্ষেমধর্ম্মজ; ক্ষেত্র-ধর্ম্মে জন্ম গ্রহণ করায়, তিনি ক্ষেত্রজ্ঞ নামে অভিহিত হইবেন। এই ক্ষেত্রজ্ঞের পুত্র বিধিসার

দর্ভকস্তৎসুতো ভাবী দর্ভকস্যাজয়ঃ স্মৃতঃ।
নন্দিবর্দ্ধন আজেয়ো মহানন্দিস্তু তৎসুতঃ॥
শৈশুনাগা দশৈবৈতে ষষ্ট্যুত্তরশতত্রয়ং।
সমা ভোক্ষ্যন্তি পৃথিবীং কুরুশ্রেষ্ঠ কলৌ নৃপাঃ॥ ২॥
মহানন্দিসুতো রাজন্ শূদ্রাগর্ভোদ্ভবো বলী।
মহাপদ্মপতিঃ কশ্চিন্নন্দঃ ক্ষত্রবিনাশকৃৎ॥
ততো ভূপা ভবিষ্যন্তি শূদ্রপ্রায়া অধার্ম্মিকাঃ॥ ৩॥
স একচ্ছত্রাং পৃথিবীমনুল্লঙ্ঘিতশাসনঃ।

অন্বয়ঃ।

হে কুরুশ্রেষ্ঠ! এতে দশ শৈশুনাগাঃ শিশুনাগাদয়ঃ নৃপাঃ কলৌ কলিযুগে ষষ্ট্যুত্তর-শতত্রয়ং সমাঃ সম্বৎসরান্ পৃথিবীং ভোক্ষ্যন্তি। ২।

হে রাজন্! শূদ্রাগর্ভোদ্ভবঃ, বলী বলবান্ মহাপদ্মপতিঃ মহাপদ্মসংখ্যায়াঃ সেনায়াঃ ধনস্য বা পতিঃ) ক্ষত্রবিনাশকৃৎ ক্ষত্রকুল-বিনাশকঃ নন্দঃ ইতি খ্যাতঃ কশ্চিৎ প্রসিদ্ধঃ মহানন্দিসুতঃ ভবিষ্যতি। ততঃ প্রভৃতি ভূপাঃ শূদ্রপ্রায়াঃ অধার্ম্মিকাঃ ভবিষ্যন্তি। ৩।

সঃ অনুল্লঙ্ঘিত-শাসনঃ মহাপদ্মঃ নন্দঃ দ্বিতীয়ঃ ভার্গবঃ পরশুরামঃ, ইব একচ্ছত্রাং

শ্রীধরস্বামী।

প্রদ্যোতনাঃ প্রদ্যোতন-সংজ্ঞাঃ। ২।

নন্দো নাম কশ্চিৎ মহাপদ্মসংখ্যায়াঃ সেনায়া ধনস্য বা পতি র্ভবিষ্যতি। অতএব মহাপদ্ম ইত্যপি তস্য নাম। ৩।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রদ্যোতবংশত্বাৎ প্রদ্যোতনাঃ। আজেয়ঃ অজয়স্য সুতঃ। ২।

এবং তাঁহার তনয় অজাতশত্রু নামে কথিত হইবেন।

এই অজাতশত্রুর নন্দন দর্ভক; তাঁহার তনয় অজয় এবং তাঁহার নন্দিবর্দ্ধন; তাঁহার সুত মহানন্দি এবং তৎপুত্র শিশুনাগ নামে উক্ত হইবেন। হে কুরুবর! কলিযুগে এই শিশুনাগাদি উত্তরোত্তর দশ জন নৃপতি ক্রমান্বয়ে তিন শত ষষ্টি সম্বৎসর কাল রাজত্ব ভোগ করিবেন। ২।

হে রাজন্! মহানন্দির ঔরসে দাসী শূদ্রার গর্ভে অতীব বলবান্ মহাপদ্ম সংখ্যক সৈন্য এবং ধনের অধিপতি ক্ষত্রিয়বিনাশকারী নন্দ নামে এক জন প্রবল পরাক্রম রাজা জন্ম গ্রহণ করিবেন। তাঁহার পর হইতে যাবদীয় রাজা শূদ্রবৎ এবং অত্যন্ত অধার্ম্মিক হইবেন। ৩।

এই মহাপদ্ম নন্দের শাসনকে অতিক্রম করে, এরূপ কেহ তৎকালে থাকিবে

শাসিষ্যতি মহাপদ্মো দ্বিতীয় ইব ভার্গবঃ ॥ ৪ ॥
তস্য চাষ্টৌ ভবিষ্যন্তি সুমাল্যপ্রমুখাঃ সুতাঃ।
য ইমাং ভোক্ষ্যন্তি মহীং রাজানশ্চ শতং সমাঃ ॥ ৫ ॥
নব নন্দান্ দ্বিজঃ কশ্চিৎ প্রপন্নানুদ্ধরিষ্যতি।
তেষামভাবে জগতীং মৌর্য্যা ভোক্ষ্যন্তি বৈ কলৌ ॥ ৬ ॥
স এব চন্দ্রগুপ্তং বৈ দ্বিজো রাজ্যেঽভিষেক্ষ্যতি।
তৎসুতো বারিসারস্তু ততশ্চাশোকবর্দ্ধনঃ ॥

অন্বয়ঃ।

(একমেব ছত্রং রাজচিহ্নং যস্যাং তাং) পৃথিবীং শাসিষ্যতি পালয়িষ্যতি ॥ ৪ ॥

তস্য নন্দস্য সুমাল্যপ্রমুখাঃ অষ্টৌ সুতাঃ ভবিষ্যন্তি; যে সুতাঃ রাজানঃ শতং সমাঃ সংবৎসরান্, ইমাং মহীং ভোক্ষ্যন্তি ॥ ৫ ॥

প্রপন্নান্ বিশ্বস্তান্ বিখ্যাতান্ এতান্ নব নন্দান্ (নন্দং তৎ পুত্রান্ চ) কশ্চিৎ (চাণক্যঃ) দ্বিজঃ উদ্ধরিষ্যতি বিনাশয়িষ্যতি। তেষাং নন্দানাং অভাবে (সোমবংশে সমাপ্তে) কলৌ মৌর্য্যাঃ মৌর্য্যসংজ্ঞকাঃ রাজানঃ জগতীং পৃথিবীং, বৈ ভোক্ষ্যন্তি ॥ ৬ ॥

সঃ এব দ্বিজঃ মৌর্য্যপ্রথমং চন্দ্রগুপ্তং তন্নামানং রাজ্যে অভিষেক্ষ্যতি। তস্য চন্দ্রগুপ্তস্য সুতঃ বারিসারঃ ততঃ চ অশোকবর্দ্ধনঃ পুত্রঃ ভবিষ্যতি ॥

শ্রীধরস্বামী।

ক্ষত্রোৎসাদনে দৃষ্টান্তঃ ভার্গবঃ পরশুরাম ইব ॥ ৪ ॥　　সমাঃ সংবৎসরান্ ॥ ৫ ॥

নব নন্দান্ নন্দঞ্চ তৎপুত্রাংশ্চ ইত্যেবং নব প্রপন্নান্ বিশ্বস্তান্ বিখ্যাতান্ বা দ্বিজঃ কৌটিল্যবাৎস্যায়নাদি-পর্য্যায় শ্চাণক্যঃ উদ্ধরিষ্যতি উন্মূলয়িষ্যতি। মৌর্য্যাঃ মৌর্য্যসংজ্ঞাঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স নন্দঃ মহাপদ্মপতিত্বান্মহাপদ্মঃ। ক্ষত্রবিনাশকত্বে দৃষ্টান্তঃ ভার্গবঃ পরশুরাম ইব ॥ ৩—৫ ॥

নব নন্দান্ নন্দঞ্চ তৎপুত্রানষ্টৌ চেত্যেবং নব প্রপন্নান্ বিশ্বস্তান্ দ্বিজ শ্চাণক্যঃ উদ্ধরিষ্যতি উন্মূলয়িষ্যতি। মৌর্য্যা মৌর্য্যসংজ্ঞাঃ ॥ ৬ ॥

না; তিনি দ্বিতীয় পরশুরামের ন্যায়, একচ্ছত্রা ধরণীর শাসন করিবেন ॥ ৪ ॥

এই নন্দের সুমাল্য প্রভৃতি আটটী পুত্র জন্মিবে। তাঁহারা ক্রমান্বয়ে এক শত বৎসর এই পৃথিবীতে রাজত্ব ভোগ করিবেন ॥ ৫ ॥

চাণক্য নামে কোন এক ব্রাহ্মণ এই মহারাজ নন্দ এবং তদীয় অষ্ট জন পুত্রের উৎসাদন করিবেন এবং এই নন্দবংশের নির্ম্মূলনে কলিযুগে মৌর্য্য নামে এক মহাবংশীয়গণ পৃথিবীকে ভোগ করিবেন ॥ ৬ ॥

মহাবুদ্ধি চাণক্য মৌর্য্য-বংশের আদিভূত চন্দ্রগুপ্তকে রাজ-সিংহাসনে

সুযশা ভবিতা তস্য সঙ্গতঃ সুযশঃ সুতঃ।
শালিশুক স্তত স্তস্য সোমশর্ম্মা ভবিষ্যতি॥
শতধন্বা সুতস্তস্য ভবিতা তদ্ বৃহদ্রথঃ॥ ৭॥
মৌর্য্যা হ্যেতে দশ নৃপাঃ সপ্তত্রিংশচ্ছতোত্তরং।
সমা ভোক্ষ্যন্তি পৃথিবীং কলৌ কুরুকুলোদ্বহ॥ ৮॥
হত্বা বৃহদ্রথং মৌর্য্যং তস্য সেনাপতিঃ কলৌ।
পুষ্পমিত্রস্তু শুঙ্গাদ্যঃ স্বয়ং রাজ্যং করিষ্যতি॥

অন্বয়ঃ।

তস্য সুযশাঃ তস্য সংগতঃ, তস্য শালিশুকঃ, তস্য সোমশর্ম্মা ভবিষ্যতি। তস্য শতধন্বা, তস্য বৃহদ্রথঃ, তথা পরাহুাক্তো দশরথঃ চ। এবং এতে দশ সপ্ত ত্রিংশচ্ছতোত্তরং বর্ষাণি ভুবং কলৌ ভোক্ষ্যন্তি। ৭॥ ৮॥

বৃহদ্রথস্য সেনাপতিঃ পুষ্পমিত্রঃ সঃ স্বামিনং হত্বা রাজ্যং করিষ্যতি। সঃ শুঙ্গপ্রথমঃ। তস্য অগ্নিমিত্রঃ, তস্য সুজ্যেষ্ঠঃ পুত্রঃ ভবিতা; তস্য বসুমিত্রঃ তস্য ভদ্রকঃ তস্য পুলিন্দঃ সুতঃ ভবিষ্যতি॥

শ্রীধরস্বামী।

কথং ভোক্ষ্যন্তি তদাহ স এবেতি। চন্দ্রগুপ্তং মৌর্য্যপ্রথমং॥ ৭॥

তেষাং পঞ্চমো দশরথঃ পরাশরাদিভিরুক্তোঽত্রাপ্যনুসন্ধেয়ঃ। তেন সহ মৌর্য্যা দশ-সপ্তত্রিংশদুত্তরং শতং সমাঃ॥ ৮॥

বৃহদ্রথস্য সেনাপতিঃ পুষ্পমিত্রো নাম স্বামিনং হত্বা রাজ্যং করিষ্যতি। স চ শুঙ্গানাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কথং ভোক্ষ্যন্ত্যত আহ স এবেতি। চন্দ্রগুপ্তং মৌর্য্যেষু প্রথমং। ততশ্চেতি চকারাৎ বিষ্ণুপুরাণোক্তো দশরথো জ্ঞেয়ঃ। তৎ তদনন্তরং॥ ৭॥

রাজা সপ্তত্রিংশদুত্তরশতং সমাঃ॥ ৮॥

অভিষিক্ত করিবেন। চন্দ্রগুপ্তের পুত্র বারিসার এবং তৎপুত্র অশোক-বর্দ্ধন নামে অভিহিত হইবেন॥

তৎপুত্র সুযশা, তাঁহার সুত সংগত, তাঁহার শালিশুক এবং তাঁহার তনয় সোমশর্ম্মা নামে অভিহিত হইবেন। তাঁহার পুত্র শতধন্বা, তাঁহার বৃহদ্রথ এবং দশরথাদি নামে কথিত হইবেন। এই দশ জন মৌর্য্যবংশীয় রাজা এক শত সপ্তত্রিংশৎ বৎসর পৃথিবী ভোগ করিবেন॥ ৭॥ ৮॥

বৃহদ্রথের সেনাপতি পুষ্পমিত্র স্বকীয় প্রভুকে নিহত করত, স্বয়ং রাজ-সিংহাসনে অধিরূঢ় হইবেন। ইনিই শুঙ্গবংশের প্রথম রাজা। তাঁহার

অগ্নিমিত্র স্তত স্তস্মাৎ সুজ্যেষ্ঠো ভবিতা ততঃ।
বসুমিত্রো ভদ্রকশ্চ পুলিন্দো ভবিতা সুতঃ॥
ততো ঘোষঃ সুত স্তস্মাদ্বজ্রমিত্রো ভবিষ্যতি।
ততো ভাগবত স্তস্মাদ্দেবভূতিঃ কুরূদ্বহ॥
শুঙ্গা দশৈতে ভোক্ষ্যন্তি ভূমিং বর্ষশতাধিকং॥ ৯॥
ততঃ কণ্বানিয়ং ভূমি র্যাস্যত্যল্পগুণান্নৃপ।
শুঙ্গং হত্বা দেবভূতিং কণ্বোঽমাত্যস্তু কামিনং॥
স্বয়ং করিষ্যতে রাজ্যং বসুদেবো মহামতিঃ।
তস্য পুত্রস্তু ভূমিত্র স্ততো নারায়ণঃ সুতঃ॥ ১০॥

অন্বয়ঃ।

তস্য ঘোষঃ তস্য বজ্রমিত্রঃ, তস্য ভাগবতঃ, তস্য দেবভূতিঃ; এতে দশ শুঙ্গাঃ কলৌ দ্বাদশাধিকং শতং বর্ষাণি ভূমিং ভোক্ষ্যন্তি॥ ৯॥

কামিনং পরস্ত্রীলম্পটং দেবভূতিনামানং শুঙ্গং হত্বা তদমাত্যঃ বসুদেবনামা কণ্বঃ স্বয়ং রাজ্যং করিষ্যতি। হে নৃপ! ততঃ ইয়ং স্বল্পগুণা ভূমিঃ কাণ্বান্ যাস্যতি॥

শ্রীধরস্বামী।

প্রথমঃ ততোঽগ্নিমিত্রাদয়ো নব ইত্যেবং শুঙ্গা দশবর্ষশতাধিকং দ্বাদশাধিকং বর্ষশতং॥ ৯॥

কথং কাণ্বান্ যাস্যতি তদাহ শুঙ্গমিতি। পরস্ত্রীকামিনং দেবভূতিনামানং শুঙ্গং হত্বা তদমাত্যো বসুদেবনামা কণ্বো রাজ্যং করিষ্যতি॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুষ্পমিত্রো নাম শুঙ্গানাং প্রথমঃ। ততোঽগ্নিমিত্রাদয়ো নব ইত্যেবং শুঙ্গা দশ॥ ৯॥

কথং কণ্বান্ যাস্যতি তত্রাহ শুঙ্গমিতি। পরস্ত্রীকামিনং দেবভূতিনামানং শুঙ্গং হত্বা॥১০॥

তনয় অগ্নিমিত্র; তাঁহার সুজ্যেষ্ঠ, তাঁহার বসুমিত্র এবং তাঁহার ভদ্রক এবং তৎপুত্র পুলিন্দ নামে কথিত হইবেন॥

পুলিন্দের তনয় ঘোষ, তাঁহার পুত্র বজ্রমিত্র, তদৌরসে ভাগবত এবং তাঁহার পুত্র দেবভূতি নামে অভিহিত হইবেন। শুঙ্গবংশীয় এই দশ জন নৃপতি এক শত দ্বাদশ বৎসর পৃথিবীর আধিপত্য ভোগ করিবেন॥ ৯॥

শুঙ্গবংশের শেষ নৃপতি দেবভূতি এক জন ভীষণ লম্পট এবং কামুক পুরুষ হইবেন। সুতরাং কৌশল-ক্রমে তাঁহাকে নিহত করিয়া, তদীয় অমাত্য কণ্ববংশীয় বসুদেব স্বয়ং রাজসিংহাসনে আরোহণ করিবেন। হে মহারাজ! কণ্ববংশ-সম্ভূত রাজন্যবর্গের শাসনাধীনে ধরণী হীনবীর্য্যা হইবেন॥

বসুদেবের ঔরসে তৎপুত্র ভূমিত্র, তাঁহার তনয় নারায়ণ এবং তাঁহার

কাণ্বায়না ইমে ভূমিং চত্বারিংশচ্চ পঞ্চ চ।
শতানি ত্রীণি ভোক্ষ্যন্তি বর্ষাণাঞ্চ কলৌ যুগে ॥ ১১ ॥
হত্বা কাণ্বং সুশর্ম্মাণং তদ্ভৃত্যো বৃষলো বলী।
গাং ভোক্ষ্যত্যন্ধ্রজাতীয়ঃ কঞ্চিৎ কালমসত্তমঃ ॥
কৃষ্ণনামাথ তদ্ভ্রাতা ভবিতা পৃথিবীপতিঃ।
শ্রীশান্তকর্ণস্তৎপুত্রঃ পৌর্ণমাসস্তু তৎসুতঃ ॥
লম্বোদরস্তু তৎপুত্রস্তস্মাচ্চিবিলিকো নৃপঃ।
মেঘস্বাতিশ্চিবিলিকাদ্দৃঢ়মানস্তু তস্য চ ॥
অনিষ্টকর্ম্মা হালেয়স্তলকস্তস্য চাত্মজঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

তস্য পুত্রঃ ভূমিত্রঃ তস্য নারায়ণঃ, তস্য সুশর্ম্মা; এতে চত্বারঃ কাণ্বায়নাঃ কলৌ চত্বারিংশচ্চ পঞ্চ চ ত্রীণি শতানি চ বর্ষাণি ভুবং ভোক্ষ্যন্তি ॥ ১০ ॥ ১১ ॥

ততঃ কাণ্বং সুশর্ম্মাণং হত্বা তদ্ভৃত্যঃ আন্ধ্রজাতীয়ঃ শূদ্রঃ কঞ্চিৎ কালং গাং ভোক্ষ্যতি। ততঃ তদ্ভ্রাতা কৃষ্ণনামা ভূপঃ ভবিতা। তস্য পুত্রঃ শ্রীশান্তকর্ণঃ তস্য পৌর্ণমাসঃ, তস্য লম্বোদরঃ তস্মাৎ চিবিলিকঃ, তস্য মেঘস্বাতিঃ; তস্য দৃঢ়মানঃ; তস্য অনিষ্টকর্ম্মা, তস্য হালেয়ঃ তস্য তলকঃ আত্মজঃ সুতঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

কণ্বানাং চতুর্থঃ সুশর্ম্মা। ইমে বসুদেবাদয়ঃ কাণ্বায়নাঃ বর্ষাণাং ত্রীণি শতানি পঞ্চচত্বারিংশদ্বর্ষাণি চ ভোক্ষ্যন্তি ॥ ১১ ॥

কণ্বানামন্তিমং সুশর্ম্মাণং হত্বা বলিনামা তদ্ভৃত্যো গাং ভোক্ষ্যতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বসুদেবাদয়ঃ কাণ্বায়নাঃ ॥ ১১ ॥

সুশর্ম্মা নামে পুত্র জন্ম গ্রহণ করিবেন। কণ্ববংশীয় এই চারি জন ভূপতি প্রায় তিন শত পঞ্চ চত্বারিংশৎ বর্ষ রাজত্ব-ভোগ করিবেন ॥ ১০ ॥ ১১ ॥

পরিণামে এই কণ্ববংশীয় সুশর্ম্মাকে নিহত করিয়া, তদীয় ভৃত্য আন্ধ্র-জাতীয় এক জন শূদ্র কিছুকাল পৃথিবী পালন করিবেন। তাঁহার পর তদীয় ভ্রাতা কৃষ্ণ ভ্রাতৃ-সিংহাসনে রাজা হইবেন। তাঁহার পুত্র শ্রীশান্তকর্ণ; তাঁহার পৌর্ণমাস; তাঁহার লম্বোদর, তাঁহার চিবিলিক এবং তাঁহার মেঘস্বাতি নামে পুত্র জন্ম গ্রহণ করিবেন। এই মেঘস্বাতির পুত্র দৃঢ়মান্, তাঁহার সুত অনিষ্টকর্ম্মা, তাঁহার হালেয় এবং তাঁহার আত্মজ তলক নামে অভিহিত হইবেন ॥ ১২ ॥

পুরীষভেরু স্তৎপুত্র স্ততো রাজা সুনন্দনঃ।
চকোরো বটকো যত্র শিবস্বাতি ররিন্দম॥
তস্যাপি গোমতী পুত্রঃ পুরীমান্ ভবিতা ততঃ।
মেদঃশিরাঃ শিরস্কন্ধো যজ্ঞশ্রী স্তৎসুত স্ততঃ॥
বিজয় স্তৎসুতো ভাব্য শ্চন্দ্রবীজঃ স লোমধিঃ।
এতে ত্রিংশন্নৃপতয় শ্চত্বার্য্যব্দশতানি চ॥
ষট্পঞ্চাশচ্চ পৃথিবীং ভোক্ষ্যান্তি কুরুনন্দন॥ ১৩॥
সপ্তাভীরা আবভৃত্যা দশগর্দ্দভিনো নৃপাঃ।
কঙ্কাঃ ষোড়শ ভূপালা ভবিষ্যন্ত্যতিলোলুপাঃ॥

অন্বয়ঃ।

তস্য পুরীষভেরুঃ তস্য পুত্রঃ রাজা সুনন্দনঃ; তস্য চকোরঃ; তস্য বহুসংজ্ঞকাঃ অষ্ট পুত্রাঃ। তত্র নবমঃ শিবস্বাতিঃ; তস্য গোমতী, ততঃ পুরীমান্ ততঃ মেদশিরাঃ, তস্য শিরস্কন্ধঃ, তস্য যজ্ঞশ্রীঃ, তস্য বিজয়ঃ তস্য চন্দ্রবীজঃ; তস্য লোমধিঃ। হে কুরুনন্দন! এতে ত্রিংশৎ রাজানঃ কলৌ চত্বার্য্যব্দশতানি ষট্পঞ্চাশৎ চ বর্ষাণি ভূমিং ভোক্ষ্যন্তি॥ ১৩॥

তস্য আভীরাঃ সপ্ত, ততঃ গর্দ্দভিনঃ নৃপাঃ দশ, কঙ্কাঃ ষোড়শঃ তে চ সর্ব্বে এব লোলুপাঃ বিষয়াসক্তাঃ ভবিষ্যন্তি। ততঃ যবনাঃ অষ্টৌ ততঃ চতুঃস্বরাঃ (রুক্করাঃ) চতুর্দ্দশ ততঃ গুরুণ্ডাঃ

শ্রীধরস্বামী।

যত্র যেষু বহুসংজ্ঞকেষু অষ্টসু নবমঃ শিবস্বাতিনামা ভবিতা॥ ১৩॥

শ্রীশিবনাথ চক্রবর্ত্তী।

সুশর্ম্মাণমিতি কাণ্বানামন্তিমঃ সুশর্ম্মা জ্ঞেয়ঃ। বলী বলিসংজ্ঞঃ॥ ১২॥ ১৩॥

তাঁহার পুত্র পুরীষভেরু, তাঁহার সুনন্দন, তাঁহার চকোর; এবং তাঁহার বহুসংজ্ঞক আটটী পুত্র জন্ম গ্রহণ করিবেন। তাঁহাদের সকলের কনিষ্ঠ এবং শিবস্বাতি নামে অপর একটী নবম পুত্র জন্মিবেন। এই শিবস্বাতির তনয় গোমতী, তাঁহার ঔরসে পুরীমান্ তাঁহার মেদশিরা; তাঁহার শিবস্কন্ধ, তাঁহার যজ্ঞশ্রীঃ তাঁহার বিজয়, তাঁহার চন্দ্রবীজ, তাঁহার লোমধি নামে পুত্র জন্ম গ্রহণ করিবেন। হে কুরুনন্দন! এই ত্রিংশৎ রাজা কলিযুগে চারি শত ষট্পঞ্চাশৎ বৎসর পৃথিবী ভোগ করিবেন॥ ১৩॥

অবভৃত দেশবাসী সাত জন আভীর; দশ জন গর্দ্দভি এবং কঙ্ক-বংশীয় ষোড়শ জন ব্যক্তি অতিলোলুপ রাজা হইবেন। এতদ্ব্যতীত আট জন যবন চতুর্দ্দশ সংখ্যক চতুঃস্বর এবং আর দশ জন গুরুণ্ড এবং মৌল-বংশীয় একাদশ জন উত্তরোত্তর রাজা হইবেন। তন্মধ্যে মৌল-বংশীয় ব্যতীত

ততোঽষ্টৌ যবনা ভাব্যাশ্চতুর্দ্দশ চতুঃস্বরাঃ।
ভূয়ো দশ গুরুণ্ডাশ্চ মৌলা একাদশৈব তু॥ ১৪ ॥
এতে ভোক্ষ্যন্তি পৃথিবীং দশবর্ষ শতানি চ।
নবাধিকাঞ্চ নবতিং মৌলা একাদশ ক্ষিতিং॥
ভোক্ষ্যন্ত্যব্দশতান্যঙ্গ ত্রীণি তৈঃ সংস্থিতে ততঃ।
কিলকিলায়াং নৃপতয়ো ভূতনন্দোঽথ বঙ্গিরিঃ॥ ১৫ ॥
শিশুনন্দিস্তু তদ্ভ্রাতা যশোনন্দিঃ প্রবীরকঃ।
ভোক্ষ্যন্ত্যেতে বর্ষশতং ভবিষ্যন্ত্যধিকানি ষট্॥ ১৬ ॥

অন্বয়ঃ।

দশ, ততঃ মৌলাঃ একাদশ এতে সর্ব্বে মৌলব্যতিরিক্তাঃ পঞ্চষষ্টি নৃপাঃ একোনশতাধিকং বর্ষ সহস্রং বর্ষাণি কলৌ ভুবং ভোক্ষ্যন্তি॥ ১৪॥

মৌলেষু মৃতেষু কিলকিলায়াং পুর্য্যাং ভূতনন্দঃ অথ বঙ্গিরিঃ শিশুনন্দিঃ তদ্ভ্রাতা যশোনন্দিঃ, প্রবীরকঃ এতে রাজানঃ ষড়ধিকং বর্ষশতং বর্ষাণি ভূপাঃ ভবিষ্যন্তি॥ ১৫॥ ১৬॥

শ্রীধরস্বামী।

আবভৃত্যাঃ অবভৃতা নগরী তদ্রাজানঃ॥ ১৪॥

এতে আভীরাদয়ো মৌলব্যতিরিক্তাঃ পঞ্চষষ্টি নৃপা একোনশতাধিকং বর্ষসহস্রং পৃথিবীং ভোক্ষ্যন্তি। ততঃ পূর্ব্বোক্তা এব একাদশ মৌলা ত্রীণি অব্দশতানি ক্ষিতিং ভোক্ষ্যন্তি তৈঃ সংস্থিতেষু তেষু মৌলেষু মৃতেষু কিলকিলায়াং পুর্য্যাং নৃপতয়ো ভবিষ্যন্তীত্যুত্তরেণান্বয়ঃ॥ ১৫॥

অধিকানি চ ষড়্বর্ষাণি॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আবভৃত্যা অবভৃতির্নগরী তত্র ভবাঃ॥ ১৪॥

এতে মৌলব্যতিরিক্তাঃ। মৌলাস্ত্বেকাদশত্রীণ্যব্দশতানি তে মৌলৈঃ সংস্থিতে মৃতে সতি। কিলাকলায়াং পুর্য্যাং॥ ১৫॥

ষড় বর্ষাণি অধিকানি ভবিষ্যন্তি ভাবীনি ব্যাপ্য ভোক্ষ্যন্তি পালয়িষ্যন্তি॥ ১৬॥

আভীর প্রভৃতি রাজাগণ সর্ব্ব সমেত একোনশতাধিক এক সহস্র সম্বৎসর পৃথিবীকে ভোগ করিবেন॥ ১৪॥

এবং এই একাদশ মৌল তিন শত বৎসর পৃথিবী ভোগ করিবেন। ক্রমশ মৌল বংশীয়গণের অন্ত হইলে, কিলকিলা নাম্নী পুরীতে রাজধানী স্থাপন পূর্ব্বক নিম্নলিখিত ব্যক্তিগণ পৃথিবী সম্ভোগ করিবেন। তাঁহাদের মধ্যে প্রথম ভূতনন্দ; দ্বিতীয় বঙ্গিরি, পরে তদীয় ভ্রাতা শিশুনন্দি, তাঁহার তনয় প্রবীরক। ইঁহারা সকলে এক শত ছয় বৎসর কাল রাজত্ব ভোগ করিবেন॥ ১৫॥ ১৬॥

তেষাং ত্রয়োদশ সুতা ভবিতারশ্চ বাহ্লিকাঃ।
পুষ্পমিত্রোঽথ রাজন্যো দুর্ম্মিত্রোঽস্য তথৈবচ ॥ ১৭ ॥
এককালা ইমে ভূপাঃ সপ্তান্ধ্রাঃ সপ্ত কোশলাঃ।
বৈদূরপতয়ো ভাব্যা নৈষধা স্তত এব হি ॥ ১৮ ॥
মাগধানাঞ্চ ভবিতা বিশ্বস্ফূর্জ্জিঃ পুরঞ্জয়ঃ।

অন্বয়ঃ।

তেষাং ভূতনন্দাদীনাং যথাযথং সুতাঃ ত্রয়োদশ বাহ্লিক-নামানঃ ভবিষ্যন্তি। অথ কশ্চিৎ পুষ্পমিত্রঃ নৃপঃ ভবিষ্যতি ; তস্য পুত্রঃ দুর্ম্মিত্রঃ ॥ ১৭ ॥

তথা অন্ধ্রাঃ সপ্ত, কোশলাঃ সপ্ত, বৈদূরপতয়ঃ নিষধাশ্চ এতে এককালাঃ মাণ্ডলিকাঃ রাজানঃ বাহ্লিকেভ্যঃ এব ভবিষ্যন্তি ॥ ১৮ ॥

ততঃ মাগধানাং বিশ্বস্ফূর্জ্জিঃ ভবিতা ততঃ পরঃ প্রতাপেনাতিপ্রসিদ্ধঃ, পুরঞ্জয়ঃ অন্যান্।

শ্রীধরস্বামী।

তেষাং ভূতনন্দাদীনাং যথাযথং বাহ্লিকনামানঃ ত্রয়োদশ সুতা ভবিষ্যন্তি। অথ পুষ্পমিত্রনামান্যো রাজন্যঃ অস্য চ দুর্ম্মিত্রো নাম পুত্রঃ ॥ ১৭ ॥

অন্ধ্রাঃ কোশলাঃ বৈদূরপতয়ঃ নৈষধাশ্চ এতেচ তত্তদ্দেশনামভিঃ প্রখ্যাতাঃ তুল্যকালাঃ খণ্ডমণ্ডলেষু ভূপাঃ তত এব তেভ্যো বাহ্লিকেভ্য এব ভাব্যা ভবিষ্যন্তি ॥ ১৮ ॥

ততশ্চ মাগধানাং রাজা বিশ্বস্ফূর্জ্জির্নাম ভবিতা স চ পূর্ব্বোক্তাৎ পুরঞ্জয়াৎ পরঃ অতিপ্রসিদ্ধঃ পুরঞ্জয়ঃ সন্ বর্ণান্ ব্রাহ্মণাদীন্ পুলিন্দযদুমদ্রকসংজ্ঞান্ ম্লেচ্ছপ্রায়ান্ করিষ্যতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষাং ভূতনন্দাদীনাং ত্রয়োদশ বাহ্লিকনামানো ভবিষ্যন্তি। অথেত্যন্য এব পুষ্পমিত্রঃ ক্ষত্রিয়োঽস্য দুর্ম্মিত্রো নাম পুত্রঃ ॥ ১৭ ॥

এককালাঃ খণ্ডমণ্ডলপতয়ঃ ॥ ১৮ ॥

ততশ্চ মাগধানাং মধ্যে কশ্চিদ্বিশ্বস্ফূর্জ্জির্নাম পুরঞ্জয়ঃ পুরাণাং জেতা পরঃ প্রাচীনঃ পুরঞ্জয়ো

এই ভূতনন্দ প্রভৃতি পাঁচ জন রাজার ত্রয়োদশ জন পুত্র জন্মিবেন ; তাঁহারা সকলে বাহ্লিক নামে অভিহিত হইবেন। ইহার পর পুষ্পমিত্র নামে নরপতি হইবেন ; তাঁহার পুত্রের নাম দুর্ম্মিত্র হইবে ॥ ১৭ ॥

এই প্রকারে সেই বাহ্লিক বংশ হইতে সাত অন্ধ্র, সাত কোশল এই চতুর্দ্দশ নরপতি বৈদুর্য্যপতি এবং নৈষধপতি হইয়া, এক কালে খণ্ড-মণ্ডল সমূহে রাজ্য স্থাপন করিবেন ॥ ১৮ ॥

পরে মগধ দেশে দ্বিতীয় পুরঞ্জয় তুল্য বিশ্বস্ফূর্জ্জি নামে এক জন নরাধিপ হইবেন ; ইনি পূর্ব্বোক্ত পুরঞ্জয়ের অপেক্ষা অতি প্রসিদ্ধ হইবেন এবং

করিষ্যতি পরো বর্ণান্ পুলিন্দ-যদু-মদ্রকান্॥ ১৯॥
প্রজা শ্চাব্রহ্মভূয়িষ্ঠাঃ স্থাপয়িষ্যতি দুর্ম্মতিঃ।
বীর্য্যবান্ ক্ষত্রমুৎসার্য্য পদ্মবত্যাং স বৈ পুরি॥
অনুগঙ্গামাপ্রয়াগং গুপ্তাং ভোক্ষ্যতি মেদিনীং॥ ২০॥
সৌরাষ্ট্রাবন্ত্যাভীরাশ্চ শূরা অর্ব্বুদ-মালবাঃ।
ব্রাত্যা দ্বিজা ভবিষ্যন্তি শূদ্রপ্রায়া জনাধিপাঃ॥ ২১॥

অন্বয়ঃ।

এব বর্ণান্ ব্রাহ্মণাদীন্ পুলিন্দ যদু মদ্রক সংজ্ঞান্ ম্লেচ্ছপ্রায়ান্ করিষ্যতি। ১৯।

পদ্মবত্যাং পুরিস্থিতঃ বৈ সঃ বীর্য্যবান্ দুর্ম্মতিঃ বিশ্বস্ফূর্জ্জিঃ ক্ষত্রং উৎসার্য্য অব্রহ্মভূয়িষ্ঠাঃ অত্রৈবর্ণ্যপ্রচুরাঃ প্রজাঃ স্থাপয়িষ্যতি। তথা অনুগঙ্গাং গঙ্গাদ্বারং আরভ্য প্রয়াগপর্য্যন্তং গুপ্তাং পালিতাং, মেদিনীং ভোক্ষ্যতি। ২০।

ততঃ সৌরাষ্ট্রাঃ আবন্ত্যাঃ আভীরাঃ শূরাঃ অর্ব্বুদমালবাঃ দ্বিজাঃ ব্রাত্যাঃ উপনয়নাদি-সংস্কারহীনাঃ, তথা জনাধিপাঃ চ শূদ্রপ্রায়াঃ ভবিষ্যন্তি। ২১।

শ্রীধরস্বামী।

অপরানিতি পাঠে অন্যান্ পুলিন্দাদিসংজ্ঞান্ বর্ণান্ করিষ্যতীত্যর্থঃ। ১৯।

স চ এবং কৃত্বা অব্রহ্মণ্যভূয়িষ্ঠা অত্রৈবর্ণ্যপ্রচুরাঃ সতীঃ প্রজাঃ স্থাপয়িষ্যতি স চ পদ্মবত্যাং পুরি অনুগঙ্গাং গঙ্গাদ্বারমারভ্য প্রয়াগপর্য্যন্তাং গুপ্তাং পালিতাং মেদিনীং ভোক্ষ্যতি॥ ২০।

তদনন্তরঞ্চ সৌরাষ্ট্রাদিদেশবর্ত্তিনো দ্বিজা ব্রাত্যা উপনয়নাদিরহিতা ভবিষ্যন্তি। ২১।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয় ইবেত্যর্থঃ। বর্ণান্ ব্রাহ্মণাদীন্ পুলিন্দযদুমদ্রকসংজ্ঞান্ ম্লেচ্ছপ্রায়ান্ করিষ্যতি। ১৯।

অব্রহ্মভূয়িষ্ঠা বেদরহিতা বহুতরাঃ। ক্ষেত্রং পুণ্যক্ষেত্রং উৎসাদ্য উৎসন্নং কৃত্বা॥ ২০।

ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয়কে অতি নীচ পুলিন্দ যদু এবং মদ্রক নামে ম্লেচ্ছ জাতিতে পরিণত করিবেন॥ ১৯॥

সেই বীর্য্যবান্ নীচাশয় বিশ্বস্ফূর্জ্জি ক্ষত্রিয়গণের উৎসাদন করত, ব্রাহ্মণ ক্ষত্রিয় এবং বৈশ্যগণের মধ্যে বর্ণবিভাগ শূন্য ম্লেচ্ছপ্রায় শূদ্র প্রজার প্রতিষ্ঠা করত, পদ্মবতী পুরীতে অবস্থান পূর্ব্বক গঙ্গাদ্বার অবধি প্রয়াগ পর্য্যন্ত পালিতা ভূমি সমূহ ভোগ করিবেন॥ ২০॥

সৌরাষ্ট্র, অবন্তী আভীর, শূর, অর্ব্বুদ ও মালব দেশীয় ব্রাহ্মণগণ উপ-নয়নাদি সংস্কার হীন হইবেন এবং রাজন্যবর্গও শূদ্রপ্রায় হইবেন॥ ২১॥

সমস্ত প্রজাবর্গের মধ্যে ব্রাহ্মণাদি বর্ণত্রয় বেদাচার-বর্জ্জিত; ক্ষত্রিয় রাজন্য-বর্গ সংস্কার-রহিত এবং শূদ্রগণ ম্লেচ্ছাচার হইয়া সিন্ধুনদীর তট, চন্দ্রভাগা

সিন্ধোস্তটং চন্দ্রভাগাং কৌন্তিং কাশ্মীরমণ্ডলং ।
ভোক্ষ্যন্তি শূদ্রা ব্রাত্যাদ্যা ম্লেচ্ছা অব্রহ্মবর্চ্চসঃ ॥ ২২ ॥
তুল্যকালা ইমে রাজন্ ম্লেচ্ছপ্রায়াশ্চ ভূভৃতঃ ॥ ২৩ ॥
এতেঽধর্ম্মানৃতপরাঃ ফল্গুদা স্তীব্রমন্যবঃ ।
স্ত্রীবালগোদ্বিজঘ্নাশ্চ পরদারধনাদৃতাঃ ॥ ২৪ ॥
উদিতাস্তমিতপ্রায়া অল্পসত্ত্বাল্পকায়ুষঃ ।
অসংস্কৃতাঃ ক্রিয়াহীনা রজসা তমসাবৃতাঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ ।

এতে সর্ব্বে অব্রহ্মবর্চ্চসঃ বেদাচারশূন্যাঃ দ্বিজাঃ ব্রাত্যাদ্যাঃ নৃপাঃ শূদ্রাঃ ম্লেচ্ছাঃ চ সিন্ধোঃ তটং চন্দ্রভাগাং কৌন্তীং কাশ্মীরমণ্ডলং ভোক্ষ্যন্তি। হে রাজন্! ইমে ম্লেচ্ছপ্রায়াঃ ভূভৃতঃ চ তুল্যকালাঃ ভবিষ্যন্তি ॥ ২২ ॥ ২৩ ॥

কিঞ্চ এতে সর্ব্বে অধর্ম্মাঃ অনৃতপরাঃ ফল্গুদাঃ অল্পদাতারঃ, তীব্রমন্যবঃ স্ত্রীবাল-গোদ্বিজঘ্নাঃ চ তথা পরদার-ধনয়োঃ আদৃতাঃ আদরযুক্তাঃ তদ্‌গ্রহণশীলাঃ ভবিষ্যন্তি ॥ ২৪ ॥

উদিতপ্রায়াঃ ক্ষণে তুষ্টাঃ, অস্তমিতপ্রায়াঃ ক্ষণে রুষ্টাঃ, অল্পসত্ত্বাঃ ধৈর্য্যশূন্যাঃ অল্পকায়ুষঃ,

শ্রীধরস্বামী ।

অব্রহ্মবর্চ্চসঃ বেদাচারশূন্যাঃ ॥ ২২ ॥

ইমে ম্লেচ্ছপ্রায়াঃ ভূভৃত স্তুল্যকালা ভবিষ্যন্তি ॥ ২৩ ॥

কিঞ্চ। এতে সর্ব্বেঽধর্ম্মানৃতপরাঃ অধর্ম্মে অনৃতে চ পরিনিষ্ঠিতাঃ ফল্গুদা অল্পদা অল্পদাতারঃ ॥ ২৪ ॥

উদিতাস্তমিতপ্রায়াঃ হর্ষশোকাদিবহুলাঃ অসংস্কৃতাঃ গর্ভাধানাদিসংস্কাররহিতাঃ ॥ ২৫ ॥

কৌন্তী এবং কাশ্মীর-মণ্ডল সম্ভোগ করিবেন। হে নরনাথ! এই কলিযুগে প্রকৃত প্রজাপালক ধরাপতিগণও কালোচিত ব্যবহারেরই অনুকরণ করিবেন ॥ ২২ ॥ ২৩ ॥

তৎকালীন প্রজাপতিগণ অধার্ম্মিক, মিথ্যা-পরতন্ত্র, কৃপণ এবং অত্যন্ত কোপনস্বভাব হইবেন। পরদার এবং পরধনের প্রতি অত্যাসক্তি নিবন্ধন স্ত্রী বালক গো এবং দ্বিজকুলের নিধনে কথনই তাঁহারা পশ্চাৎপদ হইবেন না ॥২৪॥

অতি যৎসামান্য লাভেই একান্ত হৃষ্ট এবং সামান্য ক্ষতিতেই একান্ত সন্তপ্ত হইবেন। ক্ষণে রুষ্ট ক্ষণে তুষ্ট হইয়া, অতি নির্ব্বীর্য্যেরই পরিচয় প্রদান করিবেন। ইহাদের পরমায়ুও অতি অল্প হইবে। গর্ভাধানাদি সর্ব্বপ্রকার সংস্কার এবং বর্ণাশ্রমাদি কোনরূপ আচার প্রজাদিগের আর থাকিবে না। সর্ব্বদাই রজঃ এবং তমোগুণে সমাচ্ছন্ন থাকিয়া, ক্রোধ এবং মোহ-ব্যাপারেই নিমগ্ন থাকিবে।

প্রজাস্তে ভোক্ষ্যিষ্যন্তি ম্লেচ্ছা রাজন্যরূপিণঃ ॥ ২৬ ॥
তন্নাথা স্তে জনপদাস্তচ্ছীলাচারবাদিনঃ।
অন্যোন্যতো রাজভিশ্চ ক্ষয়ং যাস্যন্তি পীড়িতাঃ ॥ ২৭ ॥
॥ *। ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে রাজবংশানুকীর্ত্তনং নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১ ॥ * ॥

অন্বয়ঃ।

অসংস্কৃতাঃ গর্ভাধানাদি-সংস্কাররহিতাঃ বর্ণাশ্রমক্রিয়াহীনাঃ; রজসা তমসা চ আবৃতাঃ অতঃ রাজন্যরূপিণঃ ম্লেচ্ছাঃ তে প্রজাঃ ভোক্ষ্যিষ্যন্তি ধনাদ্যপহারাদিনা পীড়য়িষ্যন্তি। ২৫। ২৬।

তন্নাথাঃ (তে উক্তবিধাঃ নাথাঃ যেষাং তে) তে জনপদাঃ দেশবর্ত্তিনঃ জনাঃ, তচ্ছীলাচার-বাদিনঃ (তেষাং ইব শীলং আচারঃ বাদঃ চ তদ্বন্তঃ অন্যোন্যতঃ রাজতঃ (রাজভিঃ) পীড়িতাঃ ক্ষয়ং যাস্যন্তি। ২৭।

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃতান্বয়ে প্রথমোঽধ্যায়ঃ।

শ্রীধরস্বামী।

প্রজা ভক্ষয়িষ্যন্তি ধনাদ্যপহারাদিনা পীড়য়িষ্যন্তি। ২৬।

কিঞ্চ। তন্নাথা স্তে নাথা যেষাং তে জনপদা দেশবর্ত্তিনো মনুষ্যাঃ তচ্ছীলাচারবাদিনঃ তেষামেব শীলমাচারো বাদশ্চ তদ্বন্তঃ। ২৭।

। *। ইতি দ্বাদশে প্রথমঃ। *।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ সৌরাষ্ট্রাদিদেশবর্ত্তিনো দ্বিজা ব্রাত্যাঃ সংস্কারহীনা ভবিষ্যন্তি। ২১—২৭।

। *। ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বাদশে প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং। *।

এদিকে নরপতিগণও ম্লেচ্ছবৎ ব্যবহারে প্রজাপালন পরিত্যাগ করিয়া, প্রজা-ভোজনেই প্রবৃত্ত হইবে। প্রজাগণের ধনাদি অপহরণ করত, আপনাদের ইন্দ্রিয়-চরিতার্থেই তাঁহারা উন্মত্ত হইবেন ॥ ২৫। ২৬ ॥

অহো! তাদৃশ ম্লেচ্ছাচারী রাজাগণের অধীনে অবস্থান পূর্ব্বক তত্তৎ দেশ-বাসী জনসমূহও অনুরূপ স্বভাব এবং আচারনিষ্ঠ হইবে। নিরন্তর মিথ্যা ব্যব-হারের বশবর্ত্তী হইয়া, পরস্পরের দ্বারা পরস্পরে প্রপীড়িত এবং স্বেচ্ছাচারী রাজন্যবর্গের দৌরাত্ম্যে অবসন্ন হইয়া, ক্রমশ ক্ষয় প্রাপ্ত হইবে ॥ ২৭ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্র নাথ শাস্ত্রিকৃত প্রথম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

শুকদেব বলিলেন, হে রাজন্! এই প্রকারে প্রবল কলির প্রভাবে ধরণীতল হইতে ধর্ম্ম, সত্য, শৌচ, ক্ষমা, দয়া, আয়ুঃ, বল এবং কর্ত্তব্যাকর্ত্তব্যের

শ্রীশুক উবাচ ॥

ততশ্চানুদিনং ধর্ম্মঃ সত্যং শৌচং ক্ষমা দয়া।

কালেন বলিনা রাজন্নঙ্ক্ষ্যত্যায়ুর্বলং স্মৃতিঃ ॥ ১ ॥

বিত্তমেব কলৌ নৃণাং জন্মাচারগুণোদয়ঃ।

ধর্ম্মন্যায়ব্যবস্থায়াং কারণং বলমেব হি ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ততঃ চ হে রাজন্! বলিনা কালেন ততঃ অগ্রে অনুদিনং ধর্ম্মঃ সত্যং শৌচং ক্ষমা দয়া আয়ুঃ বলং, স্মৃতিঃ (কর্ত্তব্যাকর্ত্তব্যানুসন্ধানং) নঙ্ক্ষ্যতি ॥ ১ ॥

জন্মাচারগুণোদয়ঃ (জন্মনিমিত্তঃ সদাচারনিমিত্তঃ বা যো গুণঃ লোকে উৎকর্ষঃ, তস্য উদয়ঃ যস্মাৎ তথাভূতং) বিত্তং এব (বিত্তবতো নীচস্যাপি উৎকর্ষঃ নতু তদ্ধীনস্য উত্তম-কুলোৎপত্ত্যাদিমতঃ) তথা ধর্ম্মন্যায়য়োঃ ব্যবস্থায়াং ধনাভিজনাদি বলং এব কারণং ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

দ্বিতীয়েতু কলের্দোষবৃদ্ধৌ কল্ক্যবতারতঃ।

অধর্ম্মিষ্ঠে জনে নষ্টে পুনঃ কৃতযুগাগমঃ ॥ * ॥

কলিধর্ম্মান্ প্রপঞ্চয়তি ততশ্চেত্যাদিনা ॥ ১ ॥

ধর্ম্মন্যায়য়োর্ব্যবস্থায়াং বলমেব ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিতীয়েতু কলের্দোষবর্দ্ধনস্তে কল্কিসম্ভবঃ।

কলের্বৃদ্ধিপরিজ্ঞানং তদন্তে সত্যমুচ্যতে ॥ * ॥

কলিদোষানাহ তত ইতি ॥ ১ ॥

অনুসন্ধানরূপ মানবের স্মৃতিশক্তি উত্তরোত্তর বিলুপ্ত হইয়া যাইবে ॥ ১ ॥

তখন সৎকুল-সম্ভূত বা সদাচারনিষ্ঠ হইলে, পূর্ব্বে লোকে যে গৌরব প্রাপ্ত হইত, প্রবল কালের প্রভাবে অতি নীচ ব্যক্তি কেবল ধনাদির সাহায্যে সেই গৌরব লাভ করিবে। সৎকুল-সম্ভূত এবং সদাচারনিষ্ঠ ব্যক্তি যদি ধন-হীন হন, তাহা হইলে, তাঁহার আর সম্মান থাকিবে না। ধার্ম্মিক এবং ন্যায়দর্শী বলিতে হইলে, এক ধনবানের প্রতিই সকলের লক্ষ্য পড়িবে। এক ধনই সকলের পক্ষে প্রধান বল বলিয়া পরিগণিত হইবে ॥ ২ ॥

কেবল আনুরক্তি এবং প্রেমের অনুরোধেই পতি পত্নীর সম্মীলন হইবে; স্বকীয় কুল এবং গোত্রাদির শ্রীবৃদ্ধির জন্যই যে দারা গ্রহণ, সে ভাব সম্পূর্ণ

আভাস।

দ্বিতীয় অধ্যায়ে কলির দোষ-বৃদ্ধির পরে কল্কী অবতার ও অধার্ম্মিকদিগের নাশ পূর্ব্বক পুনঃ সত্য-যুগাগমের বর্ণন ॥

দাম্পত্যেঽভিরুচির্হেতু র্মায়ৈব ব্যাবহারিকে।
স্ত্রীত্বে পুংস্ত্বেচ হি রতি বিপ্রত্বে সূত্রমেব হি ॥ ৩॥
লিঙ্গমেবাশ্রমখ্যাতাবন্যোন্যাপত্তিকারণং।
অবৃত্ত্যা ন্যায়দৌর্ব্বল্যং পাণ্ডিত্যে চাপলং বচঃ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

দাম্পত্যে ভার্য্যাপতিভাবে অভিরুচিঃ এব হেতুঃ ন কুলগোত্রবৃদ্ধেচ্ছাদিঃ। ব্যবহারিকে ক্রয়-বিক্রয়াদি-ব্যাপারে মায়া বঞ্চনং, এব হেতুঃ নতু নিষ্কপটতয়া বর্ত্তনং, স্ত্রীত্বে পুংস্ত্বে চ তয়োঃ শ্রৈষ্ঠ্যে রতিকৌশলং এব হেতুঃ ন কুলাচারো বা। তথা সূত্রং সূত্রধারণং এব বিপ্রত্বে হেতুঃ ॥ ৩ ॥

আশ্রমাণাং খ্যাতৌ জ্ঞানে, তথা অন্যোন্যাপত্তৌ পরস্পর-নমস্কারাদি-ব্যবহারে চ কারণং হেতুঃ লিঙ্গং দণ্ডাজিনাদিকং এব নতু তত্ত্ববিচারঃ আচার-বিশেষঃ বা। পাণ্ডিত্যে চাপলং বচঃ বহুভাষণং এব হেতুঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দাম্পত্যে ভার্য্যাপতিভাবে অভিরুচিরেব হেতুর্ন কুলগোত্রাদিঃ। ব্যাবহারিকে ক্রয়-বিক্রয়াদৌ। স্ত্রীত্বে পুংস্ত্বে চ তয়োঃ রতিকৌশলমেব শ্রৈষ্ঠ্যে হেতুঃ ন কুলমাচারো বা ॥ ৩ ॥

আশ্রমাণাং খ্যাতৌ জ্ঞানে লিঙ্গমেব দণ্ডাজিনাদিকং হেতুঃ নত্বাচারবিশেষঃ। অন্যোন্যাপত্তিকারণঞ্চ আশ্রমাদাশ্রমান্তরপ্রাপ্তৌ চ কারণং। যদ্বা। বহূদকহংসাদীনাং অন্যোন্যাপত্তৌ নমস্কারাদিব্যবহারে কারণং। অবৃত্ত্যা মুদ্রার্পণাদাবসামর্থ্যেন ন্যায়দুর্ব্বলত্বং পরাজয়ঃ। চাপলং বচঃ বহুভাষণং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিত্তমেবেতি। যস্য বিত্তং বর্ত্ততে স এব সৎকুলজন্মা স এব সদাচারঃ স এব সদ্গুণ ইত্যেবাগ্রে ব্যাখ্যেয়ং ॥ ২ ॥ ৩ ॥

অন্যোন্যাপত্তৌ পরস্পরমুৎকর্ষাপকর্ষপ্রাপ্তৌ লিঙ্গমেব দণ্ডাজিনশিখাত্যাগাদিকমেব কারণং

বিলুপ্ত হইবে। ক্রয় বিক্রয়াদি বাণিজ্য-ব্যাপারে প্রবঞ্চনাই প্রধান সম্বল হইবে। বাণিজ্যের ভিত্তিতে সত্য ব্যবহার এবং নিষ্কপট আচরণ সম্পূর্ণ বিলুপ্ত হইবে। নারী বা পুরুষের উৎকর্ষ কেবল রতিকৌশলের উপরই নির্ভর করিবে। কুলাচার-পরায়ণ বলিয়া কেহ আর প্রশংসার পাত্র হইবেন না। এবং বিপ্রত্বের পরিচয়ে কেবল সূত্র-ধারণই এক মাত্র হেতু হইবে ॥৩॥

ব্রহ্মচারী প্রভৃতি আশ্রম-চতুষ্টয়ের পরিচয়ার্থ লোকে কেবল দণ্ড এবং অজিনাদি আশ্রম-চিহ্ন ধারণ করিবে মাত্র; আচার বিশেষের অনুষ্ঠানে প্রকৃত তত্ত্বের বিচার আর করিবে না। বহুভাষিত্বই তৎকালে পাণ্ডিত্যের প্রধান পরিচয়-স্থল হইবে ॥ ৪ ॥

অনাঢ্যতৈবাসাধুত্বে সাধুত্বে দম্ভ এব হি।
স্বীকার এব চোদ্বাহে স্নানমেব প্রসাধনং ॥ ৫ ॥
দূরে বার্য্যয়নং তীর্থং লাবণ্যে কেশধারণং।
উদরম্ভরতা স্বার্থঃ সত্যত্বে ধার্ষ্ট্যমেব হি ॥
দাক্ষ্যং কুটুম্বভরণং যশোঽর্থে ধর্ম্মসেবনং।

অন্বয়ঃ।

অসাধুত্বে চৌর্য্যাদ্যভিযোগে নীচত্বে চ অনাঢ্যতা দরিদ্রতা এব হেতুঃ; সাধুত্বে উৎকৃষ্টত্বে চ দম্ভঃ দেহালঙ্কারঃ, এব হেতুঃ ন স্বাচারঃ; উদ্বাহে বিবাহে, পরস্পর-স্বীকারঃ এব হেতুঃ (নতু শাস্ত্রীয়ো বিধিঃ)। প্রসাধনং দেহ-মলাপনয়নং এব স্নানং নতু তীর্থাবগাহনং। ৫।

দূরে বর্ত্তমানং বার্য্যয়নং জলাশয়ঃ, এব তীর্থং ন তু গঙ্গাদি; লাবণ্যে নিমিত্তে কেশধারণং এব হেতুঃ। উদরম্ভরতা উদর-ভরণং এব স্বার্থঃ পরমপুরুষার্থঃ; নতু ধর্ম্মাদিঃ। সত্যত্বে ধার্ষ্ট্যং এব হেতুঃ নতু যথার্থ-ভাষণং।

শ্রীধরস্বামী।

অসাধুত্বে চৌর্য্যাদ্যভিযোগে। প্রসাধনং অলঙ্কারঃ। ৫।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নতু জ্ঞানসদাচারাদিকং। অবৃত্ত্যা মুদ্রাদ্যর্পণাসামর্থ্যেনৈব হেতুনা ন্যায়দৌর্ব্বল্যাৎ ন্যায়ে পরাজয়ঃ। চাপলং বচঃ চাপল্যযুক্তং ভাষণং। ৪। ৫।

কলিযুগে দরিদ্র ব্যক্তিই চৌর্য্যাদি অপরাধে অভিযুক্ত এবং নীচ বলিয়া গণ্য হইবে এবং যাহারা ঘোর দাম্ভিক এবং বেশভূষাদির দ্বারা দেহকে সজ্জিত রাখিবে, তাহারা আচারবান্ না হইলেও, সাধু এবং উৎকৃষ্ট ব্যক্তি বলিয়া পরিগণিত হইবে। বিবাহ-সম্বন্ধে শাস্ত্রবিধির কোন অপেক্ষা থাকিবে না; পরস্পরের মধ্যে সৌসাদৃশ্য বশত অঙ্গিকারই তাদৃশ সম্পর্কের প্রধান কারণ ঘটিবে। কেবল দেহের মলা দূরীকরণার্থই স্নানের ব্যবস্থা হইবে; তীর্থাবগাহনাদি পুণ্যোপলক্ষেই যে স্নান, তাহাতে আর কাহারও লক্ষ্য থাকিবে না। ৫ ॥

দূরবর্ত্তী জলাশয়কেই তীর্থবৎ সেবা করিবে; নিকটস্থ গঙ্গাদিকেও উপেক্ষা করিবে; দেহ-লাবণ্যের পরিচয়ার্থ কেশ-সংস্কার করিবে; এবং ধর্ম্মানুষ্ঠানের পরিবর্ত্তে যথাভিলষিত উদর-ভরণকে পরম পুরুষার্থ বলিয়া সাধারণের জ্ঞান হইবে। এবং ধৃষ্টতার আচরণই সত্য-ব্যবহারের প্রধান পরিচয়-স্থল হইবে; যথার্থ কথনের সহিত তখন কোন সম্পর্কই আর থাকিবে না ॥

পুত্র-কলত্রাদি পরিবারবর্গের ভরণপোষণেই দক্ষতার পরিচয় হইবে; ধর্ম্মাদির সঞ্চয়ার্থই যে পরিবারবর্গের প্রতিপালন, সে ভাব তাহাদের মনে

এবং প্রজাভিদুষ্টাভিরাকীর্ণে ক্ষিতিমণ্ডলে।
ব্রহ্মবিট্ ক্ষত্রশূদ্রাণাং যো বলী ভবিতা নৃপঃ॥ ৬॥
প্রজা হি লুব্ধৈ রাজন্যৈ নির্ঘৃণৈ র্দস্যুধর্ম্মভিঃ।
আচ্ছিন্নদারদ্রবিণা যাস্যন্তি গিরিকাননং॥ ৭॥
শাকমূলামিষক্ষৌদ্রফলপুষ্পাষ্টিভোজনাঃ।
অনাবৃষ্ট্যা বিনঙ্ক্ষ্যন্তি দুর্ভিক্ষ-কর-পীড়িতাঃ॥

অন্বয়ঃ।

দাক্ষ্যং নৈপুণ্যং কুটুম্বভরণং এব হেতুঃ নতু ধর্মাদি-পুরুষার্থ-সম্পাদনং। যশোঽর্থে ধর্ম্মসেবনং নতু পরলোকার্থে। এবং দুষ্টাভিঃ প্রজাভিঃ ক্ষিতিমণ্ডলে আকীর্ণে সতি ব্রহ্মবিট্-শূদ্রাণাং মধ্যে যঃ বলী সঃ এব নৃপঃ ভবিতা॥ ৬॥

কিঞ্চ লুব্ধৈঃ নির্ঘৃণৈঃ নিষ্কৃপৈঃ দস্যুধর্ম্মভিঃ লুণ্ঠকৈঃ রাজন্যৈঃ আচ্ছিন্নদারদ্রবিণাঃ (আচ্ছিন্নাঃ অপহৃতাঃ দারাঃ দ্রবিণানি চ যাসাং তাঃ) প্রজাঃ গিরিকাননং এব যাস্যন্তি॥ ৭॥

যতঃ অনাবৃষ্ট্যা যঃ দুর্ভিক্ষঃ আহারালাভঃ তথা রাজকরশ্চ স্বামি-গ্রাহ্যভাগশ্চ তাভ্যাং পীড়িতাঃ শাক-মূলামিষ-ক্ষৌদ্র-ফলপুষ্পাষ্টি-ভোজনাঃ প্রজাঃ বিনঙ্ক্ষ্যন্তি॥

শ্রীধরস্বামী।

দূরে বর্ত্তমানং বার্য্যয়নং জলাশয়ঃ তীর্থং নতু গঙ্গাদিঃ। স্বার্থঃ পুরুষার্থঃ॥ ৬॥
আচ্ছিন্না অপহৃতা দারা দ্রবিণানি চ যাসাং তাঃ॥ ৭॥

আর স্থান পাইবে না। কেবল যশের জন্যই তাহারা ধর্ম্মের অনুষ্ঠান করিবে; পরলোকের প্রতি কটাক্ষপাতও করিবে না। এই প্রকার দুষ্ট প্রজাবর্গের দ্বারা ধরাধাম সমাচ্ছন্ন হইলে, নর-পতিত্বের কোন নিয়ম আর থাকিবে না। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্রের মধ্যে যে বলবান্, সেই রাজত্বভোগ করিবে॥ ৬॥

কিন্তু এই প্রকারে বিষয়-লম্পট কৃপাশূন্য দস্যুধর্ম্মাবলম্বী রাজন্যবর্গের অত্যাচারে প্রজাবর্গ ক্রমশঃ ধন, মান, দারা এবং ক্ষেত্রবিত্তাদিতে বঞ্চিত হইয়া, রাজভয়ে নগর পরিত্যাগ পূর্ব্বক, পর্ব্বত-গুহা ও কাননাদিতে আশ্রয় গ্রহণ করিবে॥ ৭॥

এদিকে অনাবৃষ্টি এবং দুর্ভিক্ষাদি নৈসর্গিক অত্যাচার ও আহারের অভাবে প্রজাগণ বনজাত শাক, মূল, আমিষ, মধু, ফল, পুষ্প এবং বীজাদি ভোজন করিয়া অতি কষ্টে জীবন ধারণ করিলেও, রাজ-করে প্রপীড়িত হইয়া, ক্রমশ উৎসন্ন হইবে॥

অহো! অভাবে পতিত হইয়া, শীতাদি ঋতুর প্রাবল্যও সহ্য করিতে পারিবে না; তাহাতে আবার পরস্পরে বিবেষ বশত বিনষ্ট হইবে; এদিকে

শীতবাতাতপপ্রাবৃড়্ হিমৈরন্যোন্যতঃ প্রজাঃ।
ক্ষুত্তৃড়্ভ্যাং ব্যাধিভিশ্চৈব সংতপ্স্যন্তে চ চিন্তয়া ॥
ত্রিংশৎবিংশতি বর্ষাণি পরমায়ুঃ কলৌ নৃণাং ॥ ৮ ॥
ক্ষীয়মাণেষু দেহেষু দেহিনাং কলিদোষতঃ।
বর্ণাশ্রমবতাং ধর্ম্মে নষ্টে বেদপথে নৃণাং ॥ ৯ ॥
পাষণ্ডপ্রচুরে ধর্ম্মে দস্যুপ্রায়েষু রাজসু।
চৌর্য্যানৃতবৃথাহিংসা-নানাবৃত্তিষু বৈ নৃষু ॥ ১০ ॥

অন্বয়ঃ।

তথা শীতাদিভিঃ অন্যোন্যতশ্চ পীড়িতাঃ প্রজাঃ নঙ্ক্ষ্যন্তি। তথা ক্ষুত্তৃড়্ভ্যাং ব্যাধিভিঃ চিন্তয়া চ শোকেন সংতপ্স্যন্তে। কলৌ ত্রিংশৎ বিংশতি চ বর্ষাণি নৃণাং পরমায়ুঃ ভবিষ্যতি ॥৮॥

কলিদোষতঃ দেহিনাং দেহেষু ক্ষীয়মাণেষু তথা বর্ণাশ্রমবতাং নৃণাং ধর্ম্মে বেদপথে নষ্টে সতি ॥ ৯ ॥

ধর্ম্মে পাষাণ্ড-প্রচুরে স্ব-স্বমত-কল্পিত-বেদবিরুদ্ধ-ধর্ম্ম-নিশ্চিতে সতি, রাজসু দস্যুপ্রায়েষু যেন কেনাপি প্রকারেণ ধনাদি-গ্রহণ-তৎপরেষু সৎসু, তথা নৃষু চৌর্য্যানৃত-বৃথাহিংসা-নানা বৃত্তিষু সৎসু ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অস্থি বীজং। ৮ ॥

ক্ষীয়মাণেষিত্যাদীনাং ইত্থং কলৌ গতপ্রায় ইতি পঞ্চমেনান্বয়ং। ক্ষীয়মাণেষু অল্পপ্রমাণেষু ॥ ৯ ॥

দস্যুপ্রায়েষু চৌরতুল্যেষু চৌর্য্যানৃতবৃথাহিংসাদ্যা নানাবৃত্তয়ো যেষাং তেষু ॥ ১০ ॥

আবার ক্ষুধা, পিপাসা, শোক, ব্যাধি এবং অভিলষিত বিষয়ের অপ্রাপ্তি নিবন্ধন উৎকট চিন্তায় মানবগণ একান্ত অভিসন্তপ্ত হইবে। কলির পূর্ণাবস্থায় মানবের সাধারণত পরমায়ুঃ পঞ্চাশৎ বর্ষ হইবে ॥ ৮ ॥

এই প্রকার কলিদোষে দেহধারী প্রাণিগণের দেহাদি জীর্ণ শীর্ণ হইয়া আসিলে এবং বর্ণাশ্রম-বিশিষ্ট মানবগণের ধর্ম্ম-প্রবর্ত্তক বেদ-পথ ক্রমশ বিলুপ্ত হইয়া আসিলে ॥ ৯ ॥

লোকসমূহ শাস্ত্র এবং প্রাচীন ব্যবহার উপেক্ষা করত, আপন আপন অভিরুচি অনুসারেই ধর্ম্ম কর্ম্মের ব্যবস্থা করিবে। এদিকে রাজাগণও দস্যুর ন্যায় আচরণে যে কোন উপায়ে প্রজাবর্গের ধনাদি আকর্ষণে প্রবৃত্ত হইবেন; সাধারণ প্রজাগণের মধ্যেও চৌর্য্য মিথ্যা এবং নৃশংসাদি বৃত্তির প্রশ্রয়ে সকলেই বিব্রত হইবে ॥ ১০ ॥

শূদ্রপ্রায়েষু বর্ণেষু ছাগপ্রায়াসু ধেনুষু ।
গৃহপ্রায়েষ্বাশ্রমেষু যৌনপ্রায়েষু বন্ধুষু ॥ ১১ ॥
অণুপ্রায়াস্বোষধীষু শমীপ্রায়েষু স্থাস্নুষু ।
বিদ্যুৎপ্রায়েষু মেঘেষু শূন্যপ্রায়েষু সদ্মসু ॥ ১২ ॥
ইত্থং কলৌ গতপ্রায়ে জনেষু খরধর্ম্মিষু ।

অন্বয়ঃ ।

বর্ণেষু শূদ্র-প্রায়েষু আচার-ভ্রষ্টেষু ব্রাহ্মণাদিষু সৎসু, ধেনুষু ছাগপ্রায়াসু প্রমাণতঃ ক্ষীরতঃ চ অজাতুল্যাসু সন্ন্যাসাদ্যাশ্রমেষু গৃহপ্রায়েষু (গৃহিবৎ মৈথুনাদি-বিষয়-ভোগ-পরায়ণেষু, বন্ধুষু যৌন-প্রায়েষু যোনি-সম্বন্ধঃ যৌনঃ তৎপ্রায়েষু ॥ ১১ ॥

অণুপ্রায়াসু অতিসূক্ষ্মাসু ওষধীষু লতাগুল্মাদিষু, স্থাস্নুষু মহাবৃক্ষেষু শমীপ্রায়েষু (পরিমাণতঃ ছায়াতঃ ফলতঃ চ) শমীবৎ হ্রস্বেষু ; মেঘেষু বিদ্যুৎপ্রায়েষু তড়িদ্বৎ বহুলেষু অপি স্বল্পজলেষু ; সদ্মসু গৃহেষু শূন্যপ্রায়েষু অতিথি-ভোজনাদি-সৎকারাদি-ধর্ম্ম-রহিতেষু সৎসু ॥১২॥

ইত্থং জনেষু খর-ধর্ম্মিষু দুঃসহ-চেষ্টিতেষু সৎসু কলৌ গতপ্রায়ে সমাপ্তপ্রায়ে, সতি ভগবান্

শ্রীধরস্বামী ।

ছাগপ্রায়াসু প্রমাণতঃ ক্ষীরতশ্চ অজাতুল্যাসু ॥ ১১ ॥

স্থাস্নুষু বৃক্ষেষু বিদ্যুৎপ্রায়েষু তড়িদ্বহুলেষু শূন্যপ্রায়েষু । ধর্ম্মরহিতেষু সদ্মসু গৃহেষু ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বার্দ্ধ্যয়ণং জলাশয়ঃ ॥ ৬—১১ ॥

কলির প্রাবল্যে ব্রাহ্মণাদি বর্ণ-চতুষ্টয় আচারভ্রষ্ট হইয়া শূদ্রবৎ প্রতীত হইবে ; ধেনুসমূহ আকারে এবং দুগ্ধদান সম্বন্ধে ছাগতুল্য হইবে ; এদিকে সন্ন্যাসাদি আশ্রম-চতুষ্টয় গৃহস্থের ন্যায় মৈথুনাদি বিষয়-সম্ভোগে প্রবৃত্ত হইবে । তৎকালে সপিণ্ডাদি সম্পর্ক পরিহার পূর্ব্বক, যৌন-সম্পর্ক-বিশিষ্ট ব্যক্তিগণকেই বন্ধু বলিয়া গ্রহণ করিবে ॥ ১১ ॥

লতা গুল্মাদি ওষধি সমূহ হীনবীর্য্য এবং অতি সূক্ষ্মভাবে পরিণত হইবে ; এবং মহাবৃক্ষ সমূহও ক্ষুদ্র-কলেবর ফলশূন্য শমীবৃক্ষের ন্যায় পরিণত হইবে । মেঘ সমূহ ক্ষণিকপ্রভা বিদ্যুতের ন্যায় স্বল্পতোয়া হইবে । গৃহস্থগণের গৃহে অতিথি সৎকারাদি ধর্ম্ম কর্ম্মের বিলোপে উৎসব-শূন্য শ্মশানবৎ প্রতীত হইবে ॥ ১২ ॥

অহো ! গর্দ্দভ যেমন সামান্য উদর-ভরণাদি অকিঞ্চিৎকর শান্তির অনুরোধে ভার বহনাদি বিষম ক্লেশ সহ্য করিয়া থাকে, কলিযুগে মানবগণও সামান্য সুখের লালসায় সংসারের গুরুভার নিরন্তর বহন করিবে । এই প্রকার

ধর্ম্মত্রাণায় সত্ত্বেন ভগবানবতরিষ্যতি ॥ ১৩ ॥
চরাচরগুরো র্বিষ্ণো রীশ্বরস্যাখিলাত্মনঃ।
ধর্ম্মত্রাণায় সাধূনাং জন্মকর্ম্মাপনুত্তয়ে ॥ ১৪ ॥
সম্ভলগ্রামমুখ্যস্য ব্রাহ্মণস্য মহাত্মনঃ।
ভবনে বিষ্ণুযশসঃ কল্কিঃ প্রাদুর্ভবিষ্যতি ॥ ১৫ ॥
অশ্বমাশুগমারুহ্য দেবদত্তং জগৎপতিঃ।

অন্বয়ঃ।

ধর্ম্মত্রাণায় শুদ্ধসত্ত্বেন বপুষা অবতরিষ্যতি ॥ ১৩ ॥

চরাচর-গুরোঃ পূজ্যস্য ঈশ্বরস্য অখিলাত্মনঃ সর্ব্বকারণস্য বিষ্ণোঃ জন্ম ধর্ম্মত্রাণায় তথা সাধূনাং কর্ম্মাপনুত্তয়ে মোক্ষায় ॥ ১৪ ॥

সম্ভল-গ্রামে মুখ্যস্য শ্রেষ্ঠস্য মহাত্মনঃ নাম্না বিষ্ণুযশসঃ ব্রাহ্মণস্য ভবনে কল্কিঃ নাম ভগবান্ প্রাদুর্ভবিষ্যতি ॥ ১৫ ॥

আশুগং শীঘ্রগামিনং দেবদত্তং তন্নামকং অসাধুদমনং অশ্বং আরুহ্য অষ্টৈশ্বর্য্য গুণাম্বিতঃ

শ্রীধরস্বামী।

জনেষু খরধর্ম্মিষু দুঃসহচেষ্টিতেষু কলৌ গতপ্রায়ে সমাপ্তপ্রায়ে ॥ ১৩ ॥

এতৎ প্রপঞ্চয়তি চতুর্ভিঃ। চরাচরগুরোরীশ্বরস্যৈব ধর্ম্মত্রাণে হেতুঃ গুরুত্বেশ্বরত্বয়োরুপাদানং। অখিলস্য বিশ্বস্যাত্মনঃ কারণস্য ইত্যেবম্ভূতস্য বিষ্ণোর্জন্ম সাধূনাং ধর্ম্মত্রাণায়। ধর্ম্মত্রাণ-প্রয়োজনমাহ কর্ম্মাপনুত্তয়ে মোক্ষায় ॥ ১৪ ॥

সম্ভলগ্রামে মুখ্যস্য নাম্না বিষ্ণুযশসো ব্রাহ্মণস্য ভবনে গৃহে ॥ ১৫ ॥

ধর্ম্মত্রাণপ্রকারমাহ অশ্বমিতি অসাধবো দম্যন্তে যেন তমশ্বমারুহ্য অসিনা দস্যূন্ কোটিশো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বাদুষু বৃক্ষেষু ॥ ১২ ॥ ১৩ ॥

বিষ্ণোর্জন্ম ভবিষ্যতি সাধূনাং কর্ম্মাপনুত্তয়ে মোক্ষায় ॥ ১৪ ॥ ১৫ ॥

নানাবিধ অধর্ম্মাদি ক্লেশপ্রদ কলিযুগের সমাপ্তি কাল উপস্থিত হইলে, ধর্ম্মের পুনঃ প্রতিষ্ঠার্থ ভূতভাবন ভগবান্ বিষ্ণু সত্ত্বমূর্ত্তি পরিগ্রহে অবতীর্ণ হইবেন ॥ ১৩ ॥

চরাচর-গুরু সর্ব্ব-কারণ-কারণ নিখিলপতি ভগবানের আবির্ভাব কেবল ধর্ম্মের রক্ষা-বিধান পূর্ব্বক সাধুগণের হিতের উপলক্ষেই মাত্র জানিতে হইবে। ১৪ ॥

সম্ভল গ্রামে এক জন বিশিষ্ট মহামনা বিষ্ণুযশা নামক ব্রাহ্মণের গৃহে ভগবান্ কল্কি নামে অবতীর্ণ হইবেন ॥ ১৫ ॥

অতি দ্রুতগামী দেবদত্ত নামক অসাধু-দলন অশ্বে আরোহণ পূর্ব্বক, অণিমাদি

অসিনাসাধুদমনমষ্টৈশ্বর্য্যগুণান্বিতঃ ॥
বিচরন্নাশুনা ক্ষৌণ্যাং হয়েনাপ্রতিমদ্যুতিঃ।
নৃপলিঙ্গচ্ছদো দস্যূন্ কোটিশো নিহনিষ্যতি ॥ ১৬ ॥
অথ তেষাং ভবিষ্যন্তি মনাংসি বিশদানি বৈ।
বাসুদেবাঙ্গরাগাতিপুণ্যগন্ধানিলস্পৃশাং ॥
পৌরজানপদানাং বৈ হতেষখিলদস্যুষু।

অন্বয়ঃ।

(অষ্টৈশ্বর্য্যাণি অণিমাদীনি গুণাঃ সত্যসংকল্পাদয়ঃ তৈঃ অন্বিতঃ যুক্তঃ) অপ্রতিমদ্যুতিঃ জগৎপতিঃ কল্কিঃ আশুনা শীঘ্রগামিনা, তেন হয়েন ক্ষৌণ্যাং বিচরন্ কোটিশঃ নৃপলিঙ্গচ্ছদঃ রাজবেশেন ছন্নান্ (কর্ম্মণা) দস্যূন্ অসিনা নিহনিষ্যতি। ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ১৬ ॥

অথ অনন্তরং বাসুদেবাঙ্গরাগাতিপুণ্য-গন্ধানিলস্পৃশাং তেষাং পৌরজানপদানাং জনানাং মনাংসি বিশদানি বিবেকযোগ্যানি নির্ম্মলানি ভবিষ্যন্তি ॥

অখিলদস্যুষু হতেষু সৎসু পৌরজানপদানাং হৃদি সত্ত্বমূর্ত্তৌ ভগবতি বাসুদেবে স্থিতে

শ্রীধরস্বামী।

নিহনিষ্যতীত্যুত্তরেণান্বয়ঃ অসাধুদমন ইতি পাঠে কল্কিবিশেষণং তৎপ্রপঞ্চয়তি আশুনা শীঘ্রগামিনা তেন হয়েন ক্ষৌণ্যাং বিচরন্ অণিমাদ্যষ্ট ঐশ্বর্য্যাণি গুণাশ্চ সত্যসঙ্কল্পাদয়ঃ তৈরন্বিতঃ নৃপলিঙ্গচ্ছদো রাজবেশচ্ছন্নান্ ॥ ১৬ ॥

ততশ্চ পুনঃ কৃতযুগপ্রবৃত্তিং বক্তুমাহ সার্দ্ধাভ্যাং। তেষাং পৌরজানপদানাং মনাংসি বিশদানি ভবিষ্যন্তি। অত্র হেতুঃ বাসুদেবস্যাঙ্গরাগেণ চন্দনাদিনা অতিপুণ্যগন্ধো যোঽনিলঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবৈঃ প্রস্থাপিতত্বাৎ দেবদত্তং। আশুনা শীঘ্রগামিনা। অসাধবো দম্যন্তে যেন তমসাধুদমনং। নৃপলিঙ্গচ্ছদঃ রাজবেশচ্ছন্নান্ ॥ ১৬ ॥

অষ্টৈশ্বর্য্য-সমন্বিত অমিত-পরাক্রম জগৎপতি কল্কি সেই বেগবান্ অশ্বের প্রভাবে সমগ্রা ধরণী পর্য্যটন করত, রাজবেশধারী প্রচ্ছন্ন দস্যুপ্রায় ব্যক্তিগণকে কৃপাণ হস্তে নিহত করিবেন ॥ ১৬ ॥

তদনন্তর সেই ভগবান্ বাসুদেবের অঙ্গরাগাদি-জনিত পবিত্র চন্দন ও তুলস্যাদির মনোহর গন্ধ-সম্পৃক্ত গন্ধবহের সম্পর্কে পুরবাসী মানব মাত্রেরই মন বিবেক এবং বৈরাগ্যরসে প্লাবিত হইয়া, নির্ম্মল ভাব ধারণ করিবে ॥

এই প্রকারে দস্যুপ্রায় নিকৃষ্ট মানবগণের নিধন সাধন হইলে, জনসাধারণের হৃদয়ে ভগবদ্ভাবের আবির্ভাব হইবে। তখন তাহাদেরও মহত্তর উৎকৃষ্ট সন্তান সন্ততি ক্রমশঃ জন্ম পরিগ্রহ করিবে ॥ ১৭ ॥

তেষাং প্রজাবিসর্গশ্চ স্থবিষ্ঠঃ সম্ভবিষ্যতি।
বাসুদেবে ভগবতি সত্ত্বমূর্ত্তৌ হৃদি স্থিতে॥ ১৭॥
যদাবতীর্ণো ভগবান্ কল্কি র্ধর্ম্মপতি র্হরিঃ।
কৃতং ভবিষ্যতি তদা প্রজাসূতিশ্চ সাত্ত্বিকী॥ ১৮॥
যদা চন্দ্রশ্চ সূর্য্যশ্চ তথা তিষ্যবৃহস্পতী।
একরাশৌ ভবিষ্যন্তি সমেষ্যন্তি তদা কৃতং॥ ১৯॥

অন্বয়ঃ।

সতি তেষাং জনানাং প্রজাবিসর্গঃ পুত্রাদ্যুৎপত্তিরূপঃ স্থবিষ্ঠঃ স্থূলঃ বিস্তৃতঃ সম্ভবিষ্যতি॥ ১৭॥

ধর্ম্মপতিঃ ধর্ম্মপালকঃ ভগবান্ কল্কিঃ হরিঃ যদা অবতীর্ণঃ ভবিষ্যতি তদা কৃতং সত্যযুগং ভবিষ্যতি; প্রজানাং প্রসূতিঃ চ সাত্ত্বিকী ভবিষ্যতি॥ ১৮॥

যদা চন্দ্রঃ সূর্য্যঃ তিষ্যঃ পুষ্যঃ নক্ষত্রঃ বৃহস্পতিঃ ইতি চত্বারঃ একরাশৌ তত্রাপি পুষ্য-নক্ষত্রে সমেষ্যন্তি সহৈব প্রবেক্ষ্যন্তি তদা তৎ কৃতযুগং ভবিষ্যতি॥ ১৯॥

শ্রীধরস্বামী।

তং স্পৃশন্তীতি তথা তেষাং স্থবিষ্ঠঃ স্থূলতরঃ॥ ১৭॥

কৃতযুগপ্রবৃত্তিমাহ যদাবতীর্ণ ইতি প্রজানাং সূতিঃ প্রসূতিঃ॥ ১৮॥

তদবতারকালোপলক্ষণমাহ যদা চন্দ্রশ্চেতি তিষ্যঃ পুষ্যঃ অয়মর্থঃ চন্দ্রসূর্য্যবৃহস্পতীনাং যদা পুষ্যনক্ষত্রযোগঃ তদা কৃতযুগং ভবিষ্যতীতি যদ্যপি প্রতি দ্বাদশাব্দং কর্কটরাশৌ বৃহস্পতৌ বর্ত্তমানে তিস্রাসু অমাবাস্যাসু তেষাং ত্রয়াণামপি পুষ্যযোগঃ সম্ভবতি তথাপি তেষাং সহ প্রবেশোঽত্র বিবক্ষিতঃ সমেষ্যন্তীতি বচনাৎ। অতো নাতিপ্রসঙ্গঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থবিষ্ঠঃ ধর্ম্মনিষ্ঠতয়া স্থূলতরঃ॥ ১৭॥ সূতিঃ প্রসূতিঃ॥ ১৮॥

সত্যযুগারম্ভকালং লক্ষয়তি। যদেতি তিষ্যঃ পুষ্যঃ। অয়মর্থঃ। চন্দ্রসূর্য্যবৃহস্পতীনাং যদা পুষ্যনক্ষত্রে যোগস্তদা কৃতযুগং ভবিষ্যতীতি। যদ্যপি প্রতি দ্বাদশাব্দং কর্কটরাশৌ বৃহস্পতৌ বর্ত্তমানে তিস্রাসু অমাবাস্যাসু তেষাং ত্রয়াণামপি পুষ্যযোগঃ সম্ভবতি তথাপি তেষাং সহ প্রবেশোঽত্র বিবক্ষিতঃ। সমেষ্যন্তীতি বচনাৎ অতো নাতিপ্রসঙ্গঃ॥ ১৯॥

ধর্ম্মপাল জনার্দ্দন কল্কিরূপে যখন ধরাধামে অবতীর্ণ হইবেন, তখনই সত্যযুগ আরম্ভ হইবে। এবং সাধারণ প্রজাগণের সন্তান সন্ততিও তৎকাল হইতে সত্ত্বগুণাবলম্বী হইবে॥ ১৮॥

যখন চন্দ্র সূর্য্য এবং বৃহস্পতি এক রাশিস্থিত হইয়া পুষ্য নক্ষত্রে প্রবেশ করিবেন, তখনই সত্যযুগের পুনঃ প্রারম্ভ হইবে॥ ১৯॥

হে রাজন্! যে সকল রাজা অতীত হইয়াছেন এবং যাঁহারা পরে

যেঽতীতা বর্ত্তমানা যে ভবিষ্যন্তি চ পার্থিবাঃ।
তে ত উদ্দেশতঃ প্রোক্তা বংশজাঃ সোমসূর্য্যয়োঃ ॥ ২০ ॥
আরভ্য ভবতো জন্ম যাবন্নন্দাভিষেচনং।
এতদ্বর্ষসহস্রন্তু শতং পঞ্চদশোত্তরং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

যে অতীতাঃ বর্ত্তমানাঃ ভাব্যাঃ যে নৃপাঃ হে রাজন্। তে সোম-সূর্য্যয়োঃ বংশজাঃ পার্থিবাঃ উদ্দেশতঃ সংক্ষেপতঃ, ময়া প্রোক্তাঃ। ২০।

ভবতঃ জন্ম আরভ্য যাবৎ নন্দাভিষেচনং ইতি পঞ্চদশোত্তর শতাধিকং বর্ষসহস্রং ভবতি। ২১।

শ্রীধরস্বামী।

এবং নবমস্কন্ধমারভ্য অনুক্রান্তং বৈবস্বতমনোর্বংশদ্বয়ং নিগময়তি যেঽতীতা ইতি। উদ্দেশতঃ সংক্ষেপতঃ। ২০।

কলিযুগাবান্তরবিশেষং বক্তুমাহ আরভ্যেত্যাদিনা বর্ষসহস্রং পঞ্চদশোত্তরং শতঞ্চেতি কয়াপি বিবক্ষয়া অবান্তরসংখ্যেয়ং বস্তুতস্তু পরীক্ষিত-নন্দয়োরন্তরং যাভ্যামূনং বর্ষাণাং সার্দ্ধসহস্রং ভবতি যতঃ পরীক্ষিৎ সমকালং মাগধং মার্জ্জারিমারভ্য রিপুঞ্জয়ান্তা বিংশতী রাজানঃ সহস্র-সম্বৎসরং ভোক্ষ্যন্তীত্যুক্তং নবমস্কন্ধে যে বার্হদ্রথ-ভূপালা ভাব্যাঃ সাহস্রবৎসরমিতি ততঃ পঞ্চ প্রদ্যোতনা অষ্টত্রিংশৎ শতং শিশুনাগাশ্চ ষষ্ট্যুত্তরশতত্রয়ং ভোক্ষ্যন্তি পৃথিবীমিত্যত্রৈ-বোক্তত্বাৎ। ২১।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নবমমারভ্যোপক্রান্তাং কথামুপসংহরতি যেঽতীতা ইতি। ২০।

এতদ্বর্ষসহস্রমিত্যেবৈব সংখ্যাপ্রমাণী কর্ত্তব্যা। পরীক্ষিত-সমকালবর্ত্তি মার্জ্জারি-প্রভৃতী-নামানন্দাৎ ভোগকালসংখ্যয়া তু কিঞ্চিন্ন্যূনং সার্দ্ধসাহস্রংবর্ষাণি ভবন্তি তত্তেষাং খণ্ডমণ্ডল-পতীনাং বিলাপ্যানন্তর্য্যেণ সংখ্যাতানীতি জ্ঞেয়ং ॥ ২১ ॥

উৎপন্ন হইবেন, সোম এবং সূর্য্যবংশীয় সেই সমস্ত নরপতিগণের বৃত্তান্ত আমি সংক্ষেপে আপনার নিকট বর্ণন করিয়াছি। । ২০ ।

হে রাজন্ পরীক্ষিৎ! আপনার জন্ম হইতে আরম্ভ করিয়া, মহানন্দের রাজ্যাভিষেক কালাবধি এক সহস্র এক শত পঞ্চদশ বৎসর অতিবাহিত হইবে ॥ ২১ ॥

আভাস।

রাজা পরীক্ষিতের জন্ম হইতে সোমবংশের সমাপ্তি পর্য্যন্ত যত কাল অতিবাহিত হইয়েছে, তাহার নিরূপণার্থ নন্দাভিষেক কালকেই সোমবংশের সমাপ্তি অবধারিত করা হইয়াছে। ইহাতে এক সহস্র এক শত পঞ্চদশ বর্ষ মোট গণনায় পাওয়া যায়। প্রকৃত

সপ্তর্ষীণাঞ্চ পূর্ব্বৌ যৌ দৃশ্যেতে উদিতৌ দিবি।
তয়োস্তু মধ্যে নক্ষত্রং দৃশ্যতে যৎ সমং নিশি ॥

অন্বয়ঃ।

সপ্তর্ষীণাং মধ্যে যৌ পূর্ব্বৌ উদয়-সময়ে প্রথমং উদিতৌ পুলহ-ক্রতু-সংজ্ঞৌ তয়োঃ তু মধ্যে যৎ সমং দক্ষিণতঃ সমদেশাবস্থিতং অশ্বিন্যাদিষন্যতমং নক্ষত্রং নিশি দৃশ্যতে ॥

শ্রীধরস্বামী।

কলেঃ প্রবৃত্তিং বৃদ্ধিঞ্চ নিরূপয়িতুং কালজ্ঞানোপলক্ষণমাহ সপ্তর্ষীণাঞ্চেতি। অয়মর্থঃ প্রাগগ্র-শকটাখ্যং তারাসপ্তকং সপ্তর্ষি-মণ্ডলং তত্র কিঞ্চিদুন্নতরেখাগ্রস্থানীয়ো মরীচি স্ততঃ পশ্চাদানম্র-যুগকন্ধরাকায়ো বশিষ্ঠঃ সভার্য্য স্ততঃ পশ্চাদীষদুত্তরস্থানীয়োঽঙ্গিরাঃ ততঃ পশ্চাৎ চতুরস্রতারা-চতুষ্কে ঐশান্যামত্রিঃ। ততো দক্ষিণতঃ পুলস্ত্যঃ পুলস্ত্যাৎ পশ্চিমতঃ পুলহঃ তত উত্তরতঃ ক্রতুঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ কলেরুৎপত্তিকালং বৃদ্ধিকালঞ্চ নিরূপয়িতুং কালজ্ঞানবিশেষমাহ সপ্তর্ষীণামিতি প্রাগগ্রং শকটাকারং তারাসপ্তকং সপ্তর্ষি-মণ্ডলং তত্রোদয়সময়ে পূর্ব্বৌ প্রথমমুদিতৌ পুলহ-ক্রতুসংজ্ঞৌ যৌ নিশি দৃশ্যেতে তয়োর্মধ্যে সতমশ্বিন্যাদ্যন্যতমমেকৈকং নক্ষত্রং তিষ্ঠতি

সপ্তর্ষি-মণ্ডলের উদয়-কালে যে দুইটী নক্ষত্র পুলহ এবং ক্রতু নামে প্রথম আকাশ-পথে উদিত পরিদৃষ্ট হয়, তাহাদের উভয়ের অন্তরে সমদেশাবস্থিত অশ্বিন্যাদি এক একটী নক্ষত্র যথাক্রমে উদিত হইয়া থাকে। সেই এক একটী নক্ষত্রের সহিত যুক্ত থাকিয়া এই সপ্তর্ষি মণ্ডল মনুষ্য পরিমাণে এক

আভাস।

প্রস্তাবে পরীক্ষিৎ রাজা এবং মহানন্দির রাজ্যাভিষেক কালের মধ্যে দুই বৎসর ন্যূন দেড় হাজার বৎসর হয়। কারণ পরীক্ষিতের সমকালীন মাগধ-বংশীয় মার্জ্জারি রাজাকে আরম্ভ করিয়া, শেষ রাজা রিপুঞ্জয় পর্য্যন্ত বিংশতি সংখ্যক রাজা সহস্র সম্বৎসর কাল রাজত্ব করেন; ইহা নবম স্কন্ধে বিশেষরূপে উক্ত হইয়াছে। বার্হদ্রথ নামে যে ভূপালগণ হন, তাঁহারা সহস্র বৎসর রাজত্ব করেন। তাহার পরই প্রদ্যোতন-বংশীয়গণ এক শত অষ্টত্রিংশৎ বৎসর রাজত্ব করেন। তাহার পর শিশুনাগ-বংশীয়গণ তিন শত ষষ্টি বৎসর রাজত্ব করেন। তাহা হইলে বার্হদ্রথ হইতে শিশুনাগ-বংশীয়গণ পর্য্যন্ত ১৪৯৮ বৎসর হয়। পাশ্চাত্য গণনায় খ্রীষ্ট জন্মাইবার ৩৬১ বৎসর পূর্ব্ব পর্য্যন্ত নন্দরাজের রাজত্ব পরিগণিত হইয়াছে; সুতরাং ১৪৯৮+৩৬১+১৯১১=৩৭৭০ বৎসর পরীক্ষিতের জন্ম হইতে অদ্যাবধি-কাল গণনা করা যাইতে পারে। ২১।

কলির প্রবৃত্তি এবং শ্রীবৃদ্ধি নিরূপণার্থ কালোপলক্ষিত সপ্তর্ষি মণ্ডলের গতি বা নক্ষত্র-ভোগের কাল নিরূপিত হইয়াছে। পূর্ব্বাগ্র শকটাকার তারা-সপ্ত সপ্তর্ষি নামে অভিহিত। তন্মধ্যে কিঞ্চিৎ উন্নত রেখায় অগ্রস্থানীয় মরীচি; তাহার পশ্চাদ্ভাগে অবনত যুগ-কন্ধরাকার

তেনৈব ঋষয়ো যুক্তা স্তিষ্ঠন্ত্যব্দশতং নৃণাং।
তে ত্বদীয়ে দ্বিজাঃ কালে অধুনা চাশ্রিতা মঘাঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

তেন যুক্তাঃ এতে ঋষয়ঃ নৃণাং অব্দশতং তিষ্ঠন্তি; তে চ দ্বিজাঃ ত্বদীয়ে কালে অধুনা মঘাঃ আশ্রিতাঃ বর্ত্তন্তে; পূর্ব্বয়োঃ ক্রতু-পুলহয়োঃ মঘানাং চ সাম্যাবস্থিত্যুপক্রম-কাল এব কলি-প্রবেশ-কালঃ ইতি সূচিতং ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

এবং স্থিতে তেষাং মধ্যে যৌ পূর্ব্বৌ উদয়সময়ে প্রথমমুদিতৌ দৃশ্যেতে পুলহ-ক্রতু-সংজ্ঞৌ তয়োস্ত মধ্যে তয়োঃ পূর্ব্বয়োশ্চ মধ্যে যৎ সমং দক্ষিণতঃ সমদেশাবস্থিতং অশ্বিন্যাদিষু অন্যতমং নক্ষত্রং দৃশ্যতে তেন তথৈব যুক্তা নৃণামব্দশতং তিষ্ঠন্তি তে চ দ্বিজাঃ ত্বদীয়ে কালে অধুনা মঘা আশ্রিতা বর্ত্তন্তে ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একৈকশতবর্ষং ব্যাপ্য তেন তেনৈব যুক্তা ঋষয় স্তিষ্ঠন্তি ইতি নিয়মঃ। অধুনা তু তে মঘাশ্রিতা বর্ত্তন্তে ইতি তেনাশ্লেষাশ্রিতেষু কৃষ্ণপ্রাদুর্ভাবঃ। মঘাশ্রিতেষু তেষু তদন্তর্দ্ধানং কলিপ্রবেশশ্চ পূর্ব্বাষাঢ়াং প্রাপ্তেষু কলের্বৃদ্ধিরিত্যুত্তরগ্রন্থদৃষ্ট্যা জ্ঞেয়ং ॥ ২২ ॥

শত বৎসর ব্যাপিয়া অবস্থান করিয়া থাকেন। হে রাজন্! আপনার সময়ে সেই সপ্তর্ষি মণ্ডল সম্প্রতি মঘা নক্ষত্রকে আশ্রয় করত অবস্থান করিতেছেন। অর্থাৎ পূর্ব্বোক্ত পুলহ এবং ক্রতুর মধ্যে এক্ষণে মঘা নক্ষত্র অবস্থান করিতেছে; এবং এই মঘা নক্ষত্রের উপস্থিতির কাল হইতেই কলির প্রবেশ সূচিত হইয়াছে ॥ ২২ ॥

আভাস।

ভার্য্যা-সহিত বশিষ্ঠ; তাহার পশ্চাদ্ভাগে ঈষদুত্তর স্থানীয় অঙ্গিরা; তাহার পশ্চাতে চতুরস্র তারা-চতুষ্কে ঈশান কোণাভিমুখে অত্রি; তাহার দক্ষিণভাগে পুলস্ত্য; পুলস্ত্যের পশ্চিমভাগে পুলহ এবং তাহার উত্তর দিকে ক্রতু। এই ভাবে সপ্তর্ষি মণ্ডল অবস্থান করিতেছেন। তন্মধ্যে প্রথম উদয়কালে সর্ব্বাগ্রে পুলহ এবং ক্রতু নামক যে তারাদ্বয় প্রথম উদিত পরিদৃষ্ট হয়, এই তারাদ্বয়ের মধ্যে সম-দক্ষিণ-ভাগে সমদেশ অবলম্বনে অশ্বিন্যাদি অপর সপ্তবিংশতি নক্ষত্র ক্রমান্বয়ে উদিত পরিদৃষ্ট হয়। এবং এই অশ্বিন্যাদি প্রত্যেক নক্ষত্র উক্ত সপ্তর্ষিমণ্ডল সহ মনুষ্য-পরিমাণে এক শত বর্ষ কাল অবস্থান করে। রাজা পরীক্ষিতের রাজ্যাধিকার কালে সপ্তর্ষি-মণ্ডল মঘা নক্ষত্রকে আশ্রয় করিয়াছিলেন। সুতরাং অশ্লেষার আশ্রয় কালে শ্রীকৃষ্ণের আবির্ভাব হইয়াছিল। ঋষিমণ্ডল যখন মঘাকে আশ্রয় করিলেন, তখন শ্রীকৃষ্ণের অন্তর্দ্ধান হইল এবং কলিরও প্রবেশ ঘটিল। এবং মঘা হইতে পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের আশ্রয় কাল পর্য্যন্ত কলির একান্ত বৃদ্ধি।

বিষ্ণোর্ভগবতো ভানুঃ কৃষ্ণাখ্যোঽসৌ দিবং গতঃ।
তদাবিশৎ কলি র্লোকং পাপে যদ্রমতে জনঃ॥ ২৩॥
যাবৎ স পাদপদ্মাভ্যাং স্পৃশন্নাস্তে রমাপতিঃ।

অন্বয়ঃ

এবং পূর্ব্বতঃ প্রবিষ্টঃ অপি কলিঃ যাবৎ ভগবতঃ বিষ্ণোঃ ভানুঃ (ভাতীতি ভানুঃ অবতারঃ) কৃষ্ণাখ্যঃ পাদ-পদ্মাভ্যাং পৃথিবীং স্পৃশন্ আস্তে স্ম, তাবৎ সঃ পৃথিবীং পরাক্রান্তুং অভিভবিতুং বৈ নিশ্চয়ে, ন অশকৎ ন সমর্থঃ অভূৎ। যদা তু অসৌ রমাপতিঃ দিবং বৈকুণ্ঠং, গতঃ তদা॥

শ্রীধরস্বামী।

তেষু মধ্যাসু বর্ত্তমানেষু সৎসু যদা বিষ্ণোর্ভানু র্ভাতীতি ভানুঃ শুদ্ধসত্ত্বাত্মকো দেহঃ দিবং বৈকুণ্ঠং গতঃ তদা কলিযুগমবিশৎ যৎ যস্মিন্ যুগে জনঃ পাপে রমতে ইতি কলিযুগস্য লক্ষণং। ২৩।

নমু শ্রীকৃষ্ণে পৃথিব্যাং বর্ত্তমানে সন্ধ্যারূপেণ কলিঃ প্রবিষ্ট এব আসীৎ সত্যং তথাপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রাপি মঘাস্বেব যদা ভগবতো ভানুঃ শ্রীকৃষ্ণস্য কিরণরূপো বৈকুণ্ঠনাথঃ দিবং বৈকুণ্ঠং গতঃ কৃষ্ণাখ্যঃ কৃষ্ণত্বেন আসম্যক্ খ্যাতি র্যস্য সঃ। ভাতীতি ভানুঃ শুদ্ধসত্ত্বাত্মকো দেহ ইতি স্বামিচরণাঃ। ২৩।

নমু দ্বাপরস্য সন্ধ্যাংশশেষে ভগবদবতারমধ্য এব যদা দুর্য্যোধনো দ্যূতং প্রবর্ত্তয়ামাস তত্রো দ্রৌপদীবস্ত্রাকর্ষণসময়মেব ভগবদাবিষ্টং কলিঃ পৃথিব্যামধিকর্ত্তুং প্রথমং শুভমুহূর্ত্তং

সুতরাং অনেক পূর্ব্বে কলি প্রবেশ করিলেও, ভগবান্ বিষ্ণু সর্ব্ব-প্রকাশ-ময় ভাস্কর-সান্নভ কৃষ্ণাবতার-পাদপদ্মের সংশ্রবে যদবধি ধরণীকে স্পর্শ করত অবস্থান করিয়াছিলেন, তদবধি কলি পৃথিবীকে অভিভূত করিতে সমর্থ হন নাই; যে সময় সেই শ্রীপতি জনার্দ্দন অবতারের উপসংহারে বৈকুণ্ঠে গমন করিলেন, সেই সময় হইতেই কলি প্রকৃত প্রস্তাবে ধরাধামে প্রবেশ করেন।

আভাস।

অবশ্য সপ্তর্ষি-মণ্ডল যখন মঘাকে আশ্রয় করেন, তখন সন্ধ্যা এবং সন্ধ্যাংশ লইয়া কলির প্রায় দ্বাদশ শত বৎসর কাল অতীত হইয়াছিল; কিন্তু ভগবান্ নারায়ণ কৃষ্ণ মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া, ধরাধামে যদবধি বিদ্যমান ছিলেন, তদবধি কলির প্রাবল্য হইতে পারে নাই। তিনি যে দিবস যে ক্ষণে ধরাধাম হইতে তিরোহিত হইলেন, পাপ কলি সেই মুহূর্ত্ত হইতেই নিজ পরাক্রমের পরিচয় দিতে আরম্ভ করিয়াছে। কারণ ত্রেতাযুগের সন্ধ্যাংশ-শেষ হইতে কৃষ্ণাবতারাবধি কালও কলির অধিকারভুক্ত; এবং দুর্য্যোধন কর্ত্তৃক দ্যূতক্রীড়ার প্রবর্ত্তনা এবং দ্রৌপদীর বস্ত্র-হরণ-কাল কলি-প্রবেশের উত্তম অবসর হইলেও, কেবল বিশুদ্ধ সত্ত্বাত্মক কৃষ্ণমূর্ত্তির আবির্ভাবে কলির উদ্যম সফল হয় নাই। তৎকালে ধর্ম্ম পূর্ণ চারি

তাবৎ কলি র্বৈ পৃথিবীং পরাক্রান্তুং ন চাশকৎ॥ ২৪॥
যদা দেবর্ষয়ঃ সপ্ত মঘাসু বিচরন্তি হি।
তদা প্রবৃত্তস্তু কলি র্দ্বাদশাব্দশতাত্মকঃ॥ ২৫॥
যদা মঘাভ্যো যাস্যন্তি পূর্ব্বাষাঢ়াং মহর্ষয়ঃ।
তদা নন্দাৎ প্রভৃত্যেষ কলির্বৃদ্ধিং গমিষ্যতি॥ ২৬॥

অন্বয়ঃ।

কলিঃ লোকং অবিশৎ; যৎ যস্মাৎ কলিপ্রবেশাৎ জনঃ পাপে রমতে ইতি দ্বয়োরন্বয়ঃ॥ ২৩॥ ২৪॥

যদা এব সপ্ত দেবর্ষয়ঃ মঘাসু বিচরন্তি স্ম তদা তু দিব্যেন মানেন সন্ধ্যাংশাভ্যাং সহ দ্বাদশাব্দশতাত্মকঃ কালঃ সন্ধ্যাং অতিক্রম্য লোকং প্রবিষ্টঃ॥ ২৫॥

যদা মহর্ষয়ঃ মঘাভ্যঃ পূর্ব্বাষাঢ়াং যাস্যন্তি তদা (প্রদ্যোতনাৎ প্রভৃতি বৃদ্ধিং গচ্ছন্) নন্দাৎ প্রভৃতি অতিবৃদ্ধিং গমিষ্যতি॥ ২৬॥

শ্রীধরস্বামী।

তাবত্তস্য পরাক্রমো নাভবদিত্যাহ যাবদিত্যাদি। পরাক্রান্তুং অভিভবিতুং॥ ২৪॥

অতো যথোক্ত এব কলি-প্রবেশ-কাল ইত্যাহ যদা দেবর্ষয় ইতি দ্বাদশাব্দশতাত্মক ইতি। দিব্যেন মানেন সন্ধ্যাসন্ধ্যাংশাভ্যাং সহ যো দ্বাদশাব্দশতাত্মকঃ স কলিঃ তদা সন্ধ্যামতিক্রম্য প্রবিষ্ট ইত্যর্থঃ॥ ২৫॥

কলেঃ প্রবেশকালমুক্ত্বা তস্য বৃদ্ধিকালমাহ যদেতি। তদা প্রদ্যোতনাৎ প্রভৃতি বৃদ্ধিং গচ্ছন্ নন্দাৎ প্রভৃতি অতিবৃদ্ধিং গমিষ্যতীত্যর্থঃ॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চকারেতি শ্রুতং সত্যং তদপি স তদাকিঞ্চিৎকর এবাসীদিত্যাহ যাবদিতি। কৃষ্ণাবতারমধ্যে কিল চতুর্ভি বর্ত্তসে যেন পাদৈ লোকসুখাবহৈরিতি পৃথিব্যুক্তেস্ত্রেতাযুগতোঽপি ধর্ম্মস্য প্রাবল্যাৎ কুত কলেস্তদা পরাক্রম ইতি ভাবঃ॥ ২৪॥

অতো মঘাস্বেব ঋষিষু কৃষ্ণান্তর্দ্ধানক্ষণসমনন্তরক্ষণ এব কলিঃ প্রবিষ্ট ইত্যাহ যদেতি। দ্বাদশাব্দশতাত্মক ইতি দিব্যেন মানেন সন্ধ্যাসন্ধ্যাংশাভ্যাং সহেত্যর্থঃ॥ ২৫॥

কলের্বৃদ্ধিকালমাহ যদেতি॥ ২৬॥

এবং কলির প্রবেশ-নিবন্ধন জনগণও প্রকৃত প্রস্তাবে পাপ-পথে প্রবৃত্ত হইয়াছে॥ ২৩॥ ২৪॥

এই সপ্তর্ষি-মণ্ডল যখন মঘা নক্ষত্রে অবস্থান করিতেছেন, ইতিমধ্যে

আভাস।

পাদেই বিদ্যমান ছিলেন। সুতরাং ত্রেতাযুগের অপেক্ষা তৎকালে ধর্ম্মের প্রাবল্য থাকায়, কলির প্রাদুর্ভাব হইবার সম্ভব হয় নাই॥ ২২—২৫॥

যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেব তদাহনি ।
প্রতিপন্নং কলিযুগমিতি প্রাহুঃ পুরাবিদঃ ॥ ২৭ ॥
দিব্যাব্দানাং সহস্রান্তে চতুর্থে তু পুনঃ কৃতং ।
ভবিষ্যতি তদা নৃণাং মন আত্ম-প্রকাশকং ॥ ২৮ ॥

অন্বয়ঃ ।

শ্রীকৃষ্ণঃ যস্মিন্ এব অহনি দিবং যাতঃ তস্মিন্ এব অহনি তত্রাপি ক্ষণে কলিযুগং প্রতিপন্নং প্রজাভিভবে যোগ্যং জাতং ইতি পুরাবিদঃ প্রাহুঃ ॥ ২৭ ॥

দিব্যাব্দানাং দেবমান-বর্ষাণাং সহস্রস্য অন্তে চতুর্থে কলিযুগে ব্যতিক্রান্তে সতি পুনঃ কৃতং ভবিষ্যতি । যদা নৃণাং মনঃ আত্মনঃ স্বরূপস্য প্রকাশকং ভবিষ্যতি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

নতু যদা কলে লিঙ্গমুপলব্ধং তদৈব প্রবিষ্ট ইতি যুক্তং । ততঃ পূর্ব্বমেব প্রবেশঃ পরং বৃদ্ধিরিত্যত্র কিং প্রমাণং তত্রাহ যস্মিন্নিতি প্রতিপন্নং প্রবিষ্টং ইতি জাতং । পুরাবিদঃ পূর্ব্বজ্ঞাতারঃ ॥ ২৭ ॥

কলেরনন্তরং কৃতযুগপ্রবেশমাহ দিব্যাব্দানামিতি । চতুর্থে কলৌ প্রবেশনাব্দ-পরিমিতেনাংশেনাপি সহাতীতে সতীত্যর্থঃ । কৃতযুগপ্রবেশচিহ্নমাহ যদা নৃণাং মন আত্মপ্রকাশকং ভবিষ্যতি তদেতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নহু কলেঃ প্রথমসন্ধ্যায়াং কৃষ্ণোঽবতীর্ণ ইতি নবীনা বদন্তি তন্নেত্যাহ যস্মিন্নিতি । অতো যুগানাং পূর্ব্বসন্ধ্যাংশশেষে এব আরম্ভসময় ইতি যো নিয়মঃ সোঽপি কলে র্ভগবৎ-প্রভাবাদ্যর্থ এবাভূদিতি ভাবঃ ॥ ২৭ ॥

কৃতযুগপ্রবেশকালমাহ দিব্যেতি । চতুর্থে কলৌ তদীয়সন্ধ্যাংশশেষসময়ে ইত্যর্থঃ ॥ ২৮ ॥

সন্ধ্যা ও সন্ধ্যাংশ লইয়া দেব-পরিমাণে দ্বাদশ শত সম্বৎসর কাল কলির প্রবেশ অতিবাহিত হইল ॥ ২৫ ॥

সপ্তর্ষি-মণ্ডল যখন মঘাকে অতিক্রম করিয়া, পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে গমন করিবেন, তখন কলির অত্যন্ত শ্রীবৃদ্ধি জানিতে হইবে ; এবং সেই কাল প্রদ্যোতনের রাজত্ব কাল হইতে আরম্ভ করিয়া, মহানন্দের রাজত্ব কাল অবধি কলি অতিশয় পরিবর্দ্ধিত অবধারণীয় ॥ ২৬ ॥

যে দিবস শ্রীকৃষ্ণ জগৎ হইতে অন্তর্হিত হইয়াছেন, সেই দিবস এবং সেই মুহূর্ত্ত হইতে কলি-যুগ প্রবল হইয়া, প্রজাবর্গের পরাভবে সমর্থ হইয়াছেন ; এইরূপ পুরাণবিদ্ পণ্ডিতগণ প্রকাশ করিয়া থাকেন ॥ ২৭ ॥

এই প্রকারে দেব-পরিমিত সহস্র সম্বৎসরের অবসানে চতুর্থ কলি-যুগের

ইত্যেষ মানবো বংশো যথা সংখ্যায়তে ভুবি।
তথা বিট্ শূদ্র বিপ্রাণাং তা স্তা জ্ঞেয়া যুগে যুগে ॥ ২৯ ॥
এতেষাং নাম-লিঙ্গানাং পুরুষাণাং মহাত্মনাং।
কথামাত্রাবশিষ্টানাং কীর্ত্তিরেব স্থিতা ভুবি ॥ ৩০ ॥
দেবাপিঃ শান্তনো র্ভ্রাতা মরুশ্চেক্ষ্বাকুবংশজঃ।

অন্বয়ঃ।

ইতি এবম্ভূতঃ এষঃ মানবঃ বৈবস্বত-মনোঃ বংশঃ যথা সংখ্যায়তে যাভিঃ উচ্চ-নীচাবস্থাভিঃ সম্যক্ কথ্যতে তথা বিট্-শূদ্র-বিপ্রাণামপি তাঃ তাঃ অবস্থাঃ যুগে যুগে জ্ঞেয়াঃ ॥ ২৯ ॥

নাম-লিঙ্গানাং (নাম এব লিঙ্গং জ্ঞাপকং যেষাং তেষাং) কথামাত্রাবশিষ্টানাং (কথা-মাত্রং এব অবশিষ্টং যেষাং তেষাং) মহাত্মনাং এতেষাং পুরুষাণাং কীর্ত্তিঃ এব ভুবি স্থিতা ॥ ৩০ ॥

শান্তনোঃ ভ্রাতা সোমবংশ্যঃ দেবাপিঃ ইক্ষ্বাকু-বংশজঃ সূর্য্যবংশ্যঃ মরুঃ চ মহাযোগ-

শ্রীধরস্বামী।

রাজবংশোক্তাং স্থিতিং ব্রাহ্মণাদি বংশেষপ্যতিদিশতি ইত্যেষ ইতি। যথা যাভিরুচ্চনীচা-বস্থাভি স্তাস্তা অবস্থাঃ বংশা ইতি বা পাঠঃ ॥ ২৯ ॥

এতৎ কীর্ত্তনস্য বৈরাগ্যোপযোগিতামাহ এতেষামিতি। নামৈব লিঙ্গং জ্ঞাপকং যেষাং তেষাং কথামাত্রেণৈবাবশিষ্টানাং কীর্ত্তিরেব স্থিতা নতু রাজ্যং পুত্রাদয়ো বা ॥ ৩০ ॥

কলাবুৎপন্নানাং রাজবংশাদানাং পুনঃপ্রবৃত্তপ্রকারমাহ দেবাপিঃ সোমবংশজঃ মরুশ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মানবো বংশো যথা সংখ্যায়তে মনুবংশ্যানাং যাবত্যঃ সংখ্যা যথোক্তা ইত্যর্থঃ। তথৈব তত্র তত্রত্যানাং বৈশ্যাদিবংশ্যানামপি তাবত্যঃ সংখ্যা অনুক্তা অপি জ্ঞেয়াঃ ॥ ২৯ ॥

নামৈব লিঙ্গং জ্ঞাপকং যেষাং ॥ ৩০ ॥

অস্ত হইলে, পুনরায় সত্যযুগের প্রবৃত্তি-কাল আরম্ভ হইবে। তৎ-পরিচয়ে প্রকাশ পাইবে যে, মানবগণের চিত্ত আত্মাবধারণে অগ্রসর হইতে থাকিবে, সন্দেহ নাই ॥ ২৮ ॥

অহো! বৈবস্বত মনুর বংশধরগণের উন্নত এবং অবনত অবস্থার সম্বন্ধে যথা সংখ্যা আমি যেমন বর্ণন করিয়াছি, অন্যান্য বৈশ্য শূদ্র এবং ব্রাহ্মণ-গণেরও অবস্থা যুগানুক্রমে সেইরূপই অবধারণ করিতে হইবে ॥ ২৯ ॥

সেই সকল মহাত্মাগণ সকলেই অন্তর্হিত হইয়াছেন; অহো! তাঁহাদের নাম ব্যতীত সংসারে আর কোন চিহ্নই নাই বটে, কিন্তু তাঁহাদের কীর্ত্তি অক্ষয়া হইয়া, এখনও ধরাধামে বিরাজ করিতেছে ॥ ৩০ ॥

কলাপগ্রাম আসতে মহাযোগবলান্বিতৌ ॥
তাবিহেত্য কলেরন্তে বাসুদেবানুশিক্ষিতৌ ।
বর্ণাশ্রমযুতং ধর্ম্মং পূর্ব্ববৎ প্রথয়িষ্যতঃ ॥ ৩১ ॥
কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চেতি চতুর্যুগং ।
অনেন ক্রমযোগেন ভুবি প্রাণিষু বর্ত্ততে ॥ ৩২ ॥
রাজন্নেতে ময়া প্রোক্তা নরদেবা স্তথাপরে ।
ভূমৌ মমত্বং কৃত্বান্তে হিত্বেমাং নিধনং গতাঃ ॥ ৩৩ ॥

অন্বয়ঃ ।

বলান্বিতৌ এতৌ কলাপগ্রামে (বদর্য্যাশ্রমস্থঃ যোগিনাং প্রসিদ্ধঃ আবাসঃ তস্মিন্) আসাতে ॥

কলেঃ অন্তে কৃত-যুগাদৌ বাসুদেবেন ভগবতা অনুশিক্ষিতৌ উপদিষ্টৌ তৌ ইহ লোকে এত্য বর্ণাশ্রম-ধর্ম্মং পূর্ব্ববৎ প্রথয়িষ্যতঃ ॥ ৩১ ॥

অনেন ক্রমযোগেন কৃতাদি চতুর্যুগং ভুবি প্রাণিষু বর্ত্ততে ॥ ৩২ ॥

হে রাজন্ ! ময়া প্রোক্তাঃ এতে নরদেবাঃ রাজানঃ তথা অপরে চ ভূমৌ মমত্বং কৃত্বা অন্তে ইমাং পৃথ্বীং হিত্বা নিধনং গতাঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী ।

সূর্য্যবংশজঃ । কলাপগ্রামো নাম যোগিনামাবাসঃ প্রসিদ্ধঃ ॥ ৩১ ॥

ইমমেব প্রকারং প্রতি চতুর্যুগং দর্শয়তি কৃতমিতি ॥ ৩২ ॥

এতেষাং নামলিঙ্গানামিত্যাদি যদুক্তং তৎপ্রপঞ্চয়ন্ত রাজানাত পঙ্ক্তিঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

কলাবুৎসন্নানাং রাজবংশানাং পুনঃপ্রবৃত্তিপ্রকারমাহ । দেবাপিঃ সোমবংশজঃ ॥ ৩১ ॥

ইমমেব প্রকারং প্রতি চতুর্যুগং দর্শয়তি কৃতমিতি ॥ ৩২ ॥ ৩৩ ॥

শান্তনুর ভ্রাতা সোমবংশীয় দেবাপি এবং সূর্য্যবংশীয় ইক্ষাকু-বংশ-সম্ভূত মরু মহাযোগ-বলে উভয়ে বলীয়ান্ হইয়া, বদর্য্যামস্থ যোগিগণের প্রসিদ্ধ আশ্রয় কলাপগ্রামে অদ্যাবধি অবস্থান করিতেছেন ॥

কলিযুগের অবসান কাল উপস্থিত হইলে, সত্যযুগের প্রারম্ভে ভগবানের উপদেশ অনুসারে তাঁহারা উভয়ে সংসার-ক্ষেত্রে প্রবেশ পূর্ব্বক প্রাচীন বর্ণাশ্রম ধর্ম্মের পুনঃ প্রতিষ্ঠা করিবেন ॥ ৩১ ॥

হে রাজন্ ! সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলি নামে এই যুগ চতুষ্টয় যথাক্রমে প্রাণিবর্গের উপর এই প্রকারেই প্রতিপত্তি করিতেছে ॥ ৩২ ॥

হে রাজন্ ! আমি যে সকল নরপতির নাম কীর্ত্তন করিলাম, তাঁহারা এবং অন্যান্য আরও অনেকে এই ধরিত্রীর উপর একবার আত্মর অমতার স্থাপন

কৃমিবিড়্ভস্মসংজ্ঞান্তে রাজনাম্নোঽপি যস্য চ।
ভূতধ্রুক্ তৎকৃতে স্বার্থং কিং বেদ নিরয়ো যতঃ॥ ৩৪॥
কথং সেয়মখণ্ডাভূঃ পূর্ব্বৈর্মে পুরুষৈর্ধৃতা।
মৎপুত্রস্য চ পৌত্রস্য মৎপূর্ব্বা বংশজস্য বা॥ ৩৫॥

অন্বয়ঃ।

যস্য চ রাজনাম্নঃ রাজা ইতি নাম যস্য তস্যাপি দেহস্য অন্তে কৃময়ঃ বিষ্ঠা ভস্ম ইতি বা সংজ্ঞা ভবিষ্যতি। তৎকৃতে তদর্থে যঃ ভূতধ্রুক্ (ভূতেভ্যঃ দ্রুহ্যতি সঃ কিং স্বার্থং বেদ? ন বেদ। যতঃ ভূতদ্রোহাৎ কর্ত্তুঃ নিরয়ঃ ভবতি। ৩৪।

সা ইয়ং অখণ্ডা ভূঃ মে মম পূর্ব্বৈঃ পুরুষৈঃ ধৃতা সা ইদানীং মৎপূর্ব্বা চ সতী মৎ পুত্রাদেঃ কথং স্যাৎ। ৩৫।

শ্রীধরস্বামী।

মমত্বং কৃষ্ণেত্যানেন সূচিতাং ভূতদ্রোহপ্রবৃত্তিং নিন্দতি কৃমীতি। রাজনাম্নঃ রাজেতি নাম যস্য তস্যাপি দেহস্যান্তে কৃময়ো বিষ্ঠা ভস্মেতি বা সংজ্ঞা ভবিষ্যতি। তৎকৃতে তদর্থং যো ভূতধ্রুক্ ভূতেভ্যো দ্রুহ্যতি স কিং স্বার্থং বেদ কুত ইত্যপেক্ষায়াং হেতুত্বেন, ভূতদ্রোহং বিশিনষ্টি যতো ভূতদ্রোহাৎ নিরয়ো ভবতীতি। ৩৪।

মমত্বপ্রকারং প্রপঞ্চয়তি কথমিতি সেয়মখণ্ডা ভূমিঃ পূর্ব্বৈঃ পুরুষৈর্ধৃতা সতী ইদানীং মৎপূর্ব্বাচ সতী মৎপুত্রাদেঃ কথং স্যাদিত্যেবং। ৩৫।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজনাম্নোঽপি দেহস্য অন্তে মরণে সতি কৃম্যাদিকমেব নাম ভবেৎ। তস্য দেহস্য কৃতে। ৩৪।

মমত্বপ্রকারমভিনয়েন দর্শয়তি কথমিতি। মৎপূর্ব্বা চ সতী মৎপুত্রাদেঃ কথং স্যাদিত্যেবং। ৩৫।

করিয়া আবার কিছুকাল পরেই এই পৃথিবীকে পরিত্যাগ পূর্ব্বক মৃত্যুমুখে নিপতিত হইয়াছেন॥ ৩৩॥

অহো! নামে রাজরাজেশ্বর হইলেও, তাঁহারি দেহ কিন্তু পরিণামে কৃমী বিষ্ঠা অথবা ভস্মে পরিণত হইয়া থাকে; অতএব তাদৃশ ক্ষণভঙ্গুর দেহের অনুরোধে কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি জীব-হিংসা করিয়া থাকে? যে জীব হিংসার উপলক্ষে, মানবকে নিরয়গামী হইতে হয়, তাহার অনুষ্ঠানে কি কখন প্রকৃত স্বার্থ লাভ হইয়া থাকে!॥ ৩৪॥

এই সমগ্রা ধরণী আমার পূর্ব্ব পুরুষগণ চিরকাল ভোগ করিয়া আসিয়াছেন; সম্প্রতি তাহা আমার করতলস্থাই আছে; এক্ষণে আমার অবর্ত্তমানে

দেহোঽবয়ময়ং কায়ং গৃহীত্বাত্মতয়া বুধাঃ।
মহীং মমতয়া চোভৌ হিত্বা তেঽদর্শনং গতাঃ॥ ৩৬॥
যে যে ভূপতয়ো রাজন্ ভুঞ্জতে ভুবমোজসা।
কালেন তে কৃতাঃ সর্ব্বে কথামাত্রাঃ কথাসু চ॥ ৩৭॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে কলিধর্ম্মো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

অন্বয়ঃ।

অবুধাঃ দেহাতিরিক্তাত্ম-জ্ঞান-বিধুরাঃ, দেহোঽবয়ময়ং তেষাং পরিণামরূপং কায়ং এব আত্মতয়া গৃহীত্বা মহীং চ মমতয়া গৃহীত্বা অভিমত্য, উভৌ মহীকায়ৌ, হিত্বা অন্তে প্রারব্ধাবসানে, তে অদর্শনং গতাঃ মরণং প্রাপ্তাঃ॥ ৩৬॥

হে রাজন্! যে যে রাজানঃ ওজসা বলেন ভুবং ভুঞ্জতে স্ম তে সর্ব্বে কথাসু ক্রিয়মাণাসু কথামাত্ররূপাঃ কালেন কৃতাঃ। অতঃ নিবৃত্তি-মার্গঃ এব শ্রেয়ান্॥ ৩৭॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

উভৌ মহীং কায়ঞ্চ অদর্শনং মৃত্যুং॥ ৩৬॥

উপসংহরতি যে যে ইতি তে সর্ব্বে কথাসু ক্রিয়মাণাসু কথামাত্রাঃ কালেন কৃতাঃ॥ ৩৭॥

॥ * ॥ ইতি দ্বাদশে দ্বিতীয়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কায়ং আত্মতয়া মহীঞ্চ মমতয়া গৃহীত্বা। উভয়ৌ মহীকায়ৌ। অদর্শনং মৃত্যুং॥ ৩৬॥ ৩৭॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বাদশে দ্বিতীয়োঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

আমার পুত্র পৌত্রগণ আবার কোন্ উপায়ে তাহা অক্ষুণ্ণ ভাবে ভোগ করিবে, এই চিন্তাতেই মানবের মন সতত উৎকণ্ঠিত থাকে॥ ৩৫॥

আত্ম-জ্ঞান-বিমূঢ় ব্যক্তিগণ ক্ষিত্যাদি ভূত-পঞ্চকের পরিণামে সমুৎপন্ন এই মাংসময় কলেবরকেই স্বয়ং বলিয়া উপলব্ধি করে এবং এই ধরণ্যাদি ভোগ্য পদার্থকে "আমার" বলিয়া মনে করে; কিন্তু অতি সামান্য কাল পরেই উভয় ধরণ্যাদি ভোগ্য বস্তু এবং ভোগায়তন স্বকীয় দেহ পরিত্যাগ পূর্ব্বক, প্রারব্ধাবসানে মৃত্যুগ্রাসে নিপতিত হইয়া, কে কোথায় যে গমন করে, কেহই তাহার বর্ণন বা অনুসন্ধান করিতে পারে না॥ ৩৬॥

হে নরনাথ! এযাবৎ যে যে রাজা এই পৃথিবীকে বলদর্পে ভোগ করিয়াছেন, তাহাদের কথা মাত্র লোকমুখে শুনিতে পাওয়া যায়, তাহাদের কাহারও

শ্রীশুক উবাচ ॥

দৃষ্ট্বাত্মনি জয়ব্যগ্রান্ নৃপান্ হসতি ভূরিয়ং।

অহো মা বিজিগীষন্তি মৃত্যোঃ ক্রীড়নকা নৃপাঃ ॥ ১ ॥

কাম এষ নরেন্দ্রাণাং মোঘঃ স্যাদ্বিদুষামপি।

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। আত্মনি ভূমৌ জয়ঃ তস্মিন্ ব্যগ্রান্ উদ্যুক্তান্ নৃপান দৃষ্ট্বা ইয়ং ভূঃ হসতি যথা অহো! মৃত্যোঃ ক্রীড়নকাঃ অধীনাঃ নৃপাঃ মাং বিজিগীষন্তি বিজয়েন বশীকৃত্য ভোক্তুং ইচ্ছন্তি ॥ ১ ॥

যেন কামেন ফেণোপমে জলবুদ্বুদ-তুল্যে নশ্বরে দেহে পিণ্ডে শরীরে, যে নৃপাঃ অতি

শ্রীধরস্বামী।

তৃতীয়ে ভূমিগীতৈস্তু রাজাদোষাদি বর্ণ্যতে।

কলৌচ দোষভূয়িষ্ঠে দোষহন্ত্রী হরের্নুতিঃ ॥ * ॥

দেহে অহন্তাং ভূমৌচ মমতাং কুর্ব্বন্তু অতোঽবুধা ইত্যুক্তং তদেব ভূমিগীতৈঃ প্রপঞ্চয়তি দৃষ্ট্বেত্যাদিনা। আত্মনি পৃথিব্যাং জয়ে ব্যগ্রান্ উদ্যুক্তান্। হাসপ্রকারমাহ অহো। ইতি মা মাং ॥ ১ ॥

যেন কামেন ফেণোপমে পিণ্ডে দেহে বিশ্রম্ভিতাঃ বিশ্বাসং নীতাঃ যে তেষাং নরেন্দ্রাণাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তৃতীয়ে তু ভুবো হাস্যং ধর্ম্মপাদব্যবস্থিতিঃ। কলে র্দোষো দোষহারি হরিস্মরণমুচ্যতে। কথং সেয়মখণ্ডা ভূরিত্যবুধানাং মনোরথ উক্তস্তমেব পৃথিব্যা বর্ণনেন প্রপঞ্চয়তি। দৃষ্ট্বেতি। মা মাং ॥ ১ ॥

কিছু অন্য চিহ্ন মাত্রও নাই। অতএব প্রবৃত্তিমার্গ পরিহারে নিবৃত্তিমার্গের আশ্রয় গ্রহণ করাই সর্ব্বতোভাবে শ্রেয়ঃ ॥ ৩৭ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দ্বিতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! ভূমির উপর আধিপত্য লাভের জন্য একান্ত যত্নশীল নরগণকে নয়নগোচর করিয়া, ধরিত্রী হাস্য করত বলিয়া থাকেন যে, অহো! ক্রীড়া-পুত্তলিকা সদৃশ মৃত্যুর সম্পূর্ণ পরতন্ত্র এই রাজাগণ আমাকে অধীনা করত ভোগ করিতে বাসনা করিতেছে ॥ ১ ॥

অহো! পিতৃ পিতামহাদি স্বজনবর্গের প্রতিনিয়ত মৃত্যু স্বচক্ষে প্রত্যক্ষ

আভাস।

তৃতীয় অধ্যায়ে ভূমিগীত দ্বারা রাজ্যের দোষাদি বর্ণন এবং দোষ-বহুল কলিযুগে শ্রীহরির শ্রবণ কীর্ত্তনাদি নিস্তার লাভের প্রধান উপায়, তাহাই বর্ণিত হইয়াছে।

যেন ফেণোপমে পিণ্ডে যেঽতিবিস্রম্ভিতা নৃপাঃ ॥ ২ ॥
পূর্ব্বং নির্জ্জিত্য ষড়্বর্গং জেষ্যামো রাজমন্ত্রিণঃ।
ততঃ সচিব-পৌরাপ্তকরীন্দ্রানথ কণ্টকান্ ॥ ৩ ॥
এবং ক্রমেণ জেষ্যামঃ পৃথ্বীং সাগরমেখলাং।
ইত্যাশাবদ্ধহৃদয়া ন পশ্যন্ত্যন্তিকেঽন্তকং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

বিস্রম্ভিতাঃ বিশ্বাসং প্রাপ্তাঃ, বিদুষাং (পিত্রাদি দৃষ্টান্তেন আত্মনঃ মৃত্যুবশ্যতাং জানতাং অপি) তেষাং নরেন্দ্রাণাং সঃ এষঃ কামঃ মোঘঃ ব্যর্থঃ এব স্যাৎ ॥ ২ ॥

পূর্ব্বং ষড়্বর্গং (পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি একং মনঃ ইতি ইন্দ্রিয়-ষট্কং) নির্জ্জিত্য রাজমন্ত্রিণঃ জেষ্যামঃ। ততঃ সচিবান্ অমাত্যান্ পৌরান্ পুরবাসিনঃ আপ্তান্ রাজ-গুর্ব্বাদীন্, করীন্দ্রান্ হস্তিপান্, অথ অন্যান কণ্টকান্ ভক্তুল্যান্ শত্রূন্ জেষ্যামঃ ॥ ৩ ॥

এবং ক্রমেণ (সাগরঃ মেখলা যস্যাঃ তাং) সাগর-মেখলাং পৃথ্বীং জেষ্যামঃ ইতি এবম্ভূতয়া আশয়া বদ্ধং হৃদয়ং যেষাং তে নৃপাঃ অন্তিকে সমীপে, বর্ত্তমানং অন্তকং মৃত্যুং, ন পশ্যন্তি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

স এব কামো মোঘ এব স্যাৎ ॥ ২ ॥

কামমেব দর্শয়তি পূর্ব্বমিতি দ্বাভ্যাং। ইন্দ্রিয়ার্থলম্পটস্য ন রাজ্যপ্রাপ্তিঃ স্যাদিতি প্রথমমিন্দ্রিয়ষড়্বর্গং নির্জ্জিত্য রাজমন্ত্রিণো জেষ্যামঃ বশীকরিষ্যামঃ। সচিবাঃ অমাত্যাঃ। করীন্দ্রান্ হস্তিপাংশ্চ জেষ্যামঃ। কণ্টকান্ প্রতিপক্ষান্ অস্য অপাস্য অকণ্টকানিতি বা পাঠঃ ॥ ৩ ॥

এবং কেচিদাশাবদ্ধহৃদয়াঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেন কামেন পিণ্ডে দেহে ॥ ২ ॥

কামমেব দর্শয়তি পূর্ব্বমিতি দ্বাভ্যাং। তত্রেন্দ্রিয়ার্থলম্পটস্য রাজ্যপ্রাপ্তির্ন স্যাদতঃ প্রথমমিন্দ্রিয়ষড়্বর্গং জিত্বা অস্য মৎপ্রতিপক্ষনৃপস্য ॥ ৩ ॥ ৪ ॥

করিয়াও জলবিম্ববৎ নিতান্ত ক্ষণধ্বংসী স্ব স্ব দেহকে চিরস্থায়ী জ্ঞানে ধরণীর উপর আধিপত্য বিস্তারের বাসনা করা নরপতিগণের পক্ষে যে সম্পূর্ণ নিষ্ফল, তাহাতে আর সন্দেহ নাই ॥ ২ ॥

সকল উদ্যমের মূলে জিতেন্দ্রিয় হওয়া প্রয়োজন। সুতরাং ভূতিকামী ব্যক্তি মনে করেন যে, ইন্দ্রিয়াদি ষড়্বর্গকে বশীভূত করিয়া, প্রথমত রাজমন্ত্রীকে আপনার পক্ষপাতী অন্তরঙ্গ করা প্রয়োজন; পরে ক্রমশ অমাত্যবর্গ, প্রতিবেশী জন, তৎপরে গুরুজনগণ এবং ক্রমশ হস্তীপালগণকে বশীভূত করিয়া, সমগ্র সাম্রাজ্যকে নিষ্কণ্টক শত্রুশূন্য করিতে বাসনা করেন ॥ ৩ ॥

তৎপরে উত্তরোত্তর ভূমি জয় করত, সাগর-বেষ্টিতা সমগ্রা ধরণীকে

সমুদ্রাবরণাং জিত্বা মাং বিশন্ত্যব্ধিমোজসা ।
কিয়দাত্মজয়স্যৈতন্মুক্তিরাত্মজয়ে ফলং ॥ ৫ ॥
যাং বিসৃজ্যৈব মনব স্তৎসুতাশ্চ কুরূদ্বহ ।
গতা যথাগতং যুদ্ধে তাং মাং জেষ্যন্ত্যবুদ্ধয়ঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ ।

কিন্তু সমুদ্রাবরণাং মাং জিত্বাপি ওজসা বলেন, অব্ধিং বিশন্তি দ্বীপান্তরাণি তথা সমুদ্রান্তর্গত-রত্নানি আহর্ত্তুং ইচ্ছন্তি । কিন্তু যতঃ আত্মজয়ে ফলং মুক্তিঃ উক্তা তস্য আত্মজয়স্য এতৎ ভূ-জয়াদিকং কিয়ৎ ফলং স্যাৎ ? ॥ ৫ ॥

হে কুরূদ্বহ ! মনবঃ তৎসুতাঃ চ যাং মাং বিসৃজ্য এব যথা আগতং তথা গতাঃ মৃতাঃ তাং মাং এতে অবুদ্ধয়ঃ যুদ্ধে জেষ্যন্তি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী ।

এবং কেচিৎ পুনর্মাং জিত্বাপ্যতিতৃষ্ণয়া অব্ধিং বিশন্তি । তদেবমিন্দ্রিয়জয়েন যে রাজ্যং সাধয়িতুমিচ্ছন্তি তেঽত্যমন্দা ইত্যাহ কিয়দিতি ॥ ৫ ॥

অন্তকং ন পশ্যন্তীত্যুক্তং তদেবাহ যামিতি । কুরূদ্বহেতি ভূমিগীতং কথয়ন্ শুকঃ সম্বোধয়তি কুলোদ্বহা ইতি তু পাঠঃ সুগমঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মাং পৃথিবীং জিত্বা অতিতৃষ্ণয়া অব্ধিং বিশন্তি তদীয়রত্নান্যাহর্তুমিতি ভাবঃ । এবমিন্দ্রিয়জয়েন যে রাজ্যং সাধয়িতুমিচ্ছন্তি তে মন্দা ইত্যাহ কিয়দিতি ॥ ৫ ॥

জয় করিবেন বলিয়া চির-সঞ্চিত আশাকে হৃদয়-মন্দিরে প্রতিপালন করেন; কিন্তু কৃতান্ত যে করাল কবল প্রসারিত করত তাঁহাকে গ্রাস করিবার জন্য প্রতীক্ষা করিতেছেন, তাহা ভ্রমেও একবার দর্শন করেন না ॥ ৪ ॥

অহো ! সমুদ্র-পরিবেষ্টিতা সমগ্রা ধরণী লাভেও তাহাদের আশার পরিসমাপ্তি হয় না ! পরিশেষে সমুদ্র-গর্ভজাত রত্নাকর এবং দ্বীপাদিরও অধিকার লাভের জন্য সমুদ্রে আত্ম-সমর্পণ করিতেও ত্রুটি করে না। কিন্তু কি আশ্চর্য্য ! যে আত্ম-জয়ের ফলে পরম নিবৃত্তি-স্বরূপ মুক্তি পর্য্যন্ত প্রাপ্ত হওয়া যায়, সেই আত্ম-জয়কে তাহারা সামান্য অকিঞ্চিৎকর বিষয়-লাভেই নিয়োজিত করে ॥ ৫ ॥

হে কুরুশ্রেষ্ঠ ! পূর্ব্ব পূর্ব্ব মনুগণ ও তাঁহাদের বংশধরগণ আমাকে অধিকার করিয়াছিলেন বটে, কিন্তু কেহই সে অধিকারকে অক্ষুণ্ণ রাখিতে পারেন নাই ! প্রারব্ধাবসানে সকলেই নিহত হইয়াছেন। অহো ! তাদৃশ আমাকে প্রাপ্ত হইবার নিমিত্ত নির্ব্বোধ ব্যক্তিগণই কেবল যুদ্ধে সমরশায়ী হইতেছে ॥৬॥

মংকৃতে পিতৃপুত্রাণাং ভ্রাতৃণামপি বিগ্রহঃ।
জায়তে হ্যসতাং রাজ্যে মমত্ববদ্ধচেতসাং ॥
মমৈবেয়ং মহী কৃৎস্না ন তে মূঢ়েতি বাদিনঃ।
স্পর্দ্ধমানা মিথো ঘ্নন্তি ম্রিয়ন্তে মংকৃতে নৃপাঃ ॥ ৭ ॥
পৃথুঃ পুরূরবা গাধি র্ভরতো নহুষোঽর্জ্জুনঃ।
মান্ধাতা সগরো রামঃ খট্বাঙ্গো ধুন্ধুহা রঘুঃ ॥
তৃণবিন্দু র্যযাতিশ্চ শর্য্যাতিঃ শান্তনু র্গয়ঃ।
ভগীরথঃ কুবলয়াশ্বঃ ককুৎস্থো নৈষধো নৃগঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

মংকৃতে রাজ্যে মমতা-বদ্ধ-চেতসাং অসতাং পিতৃপুত্রাণাং ভ্রাতৃণাং অপি পরস্পরং বিগ্রহঃ কলহঃ জায়তে ॥

হে মূঢ়! মমৈব ইয়ং কৃৎস্না মহী; ন তে ইতি বাদিনঃ বদন্তঃ স্পর্দ্ধমানাঃ নৃপাঃ মিথঃ ঘ্নন্তি তথা মংকৃতে তে ম্রিয়ন্তে চ ॥ ৭ ॥

হে বিভো! পৃথুঃ পুরূরবাঃ, গাধিঃ, নহুষঃ, ভরতঃ, অর্জ্জুনঃ, মান্ধাতা, সগরঃ, রামঃ, খট্বাঙ্গঃ, ধুন্ধুহা, রঘুঃ তৃণবিন্দুঃ, যযাতিঃ, শান্তনুঃ, শর্য্যাতিঃ, গয়ঃ, ভগীরথঃ, কুবলয়াশ্বঃ, ককুৎস্থঃ,

শ্রীধরস্বামী

অবুদ্ধয় ইত্যুক্তং তৎ প্রপঞ্চয়তি মংকৃত ইতি ॥ ৭ ॥

রামো নাম কশ্চিদ্রাজা যথা লোকবৃত্ত্যা দাশরথিরেব নির্দ্দিষ্টঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাগতং যথাজ্ঞানং স্বস্বজ্ঞানমনতিক্রমদা বিরক্তা ভূত্বা বনং গতা ইত্যর্থঃ। তাং মায়েত্তে মন্দা বুদ্ধে জেষ্যান্তি ॥ ৬ ॥ ৭ ॥

রাজ্যৈশ্বর্য্যে আসক্তচেতা অবিবেকী মানবগণের মধ্যে ভ্রাতৃ-বিচ্ছেদ, অধিক কি। পিতা পুত্রের মধ্যেও কলহ সর্ব্বদাই পরিলক্ষিত হইয়া থাকে ॥

কলহ করিয়া কেহ বলে, ঐ ভূমি আমার; রে মূর্খ! ইহা ত তোমার কখনই নহে। এই প্রকার উভয়ে স্পর্দ্ধা করত, কেবল এক আমারই উপলক্ষে পরস্পরে পরস্পরকে নিহত করে এবং নিজেও আত্মঘাতী হয় ॥ ৭ ॥

পৃথু পুরূরবা, গাধি, ভরত, নহুষ, কার্ত্তবীর্য্যার্জ্জুন, মান্ধাতা, সগর, রাম খট্বাঙ্গ, ধুন্ধুহা, রঘু, তৃণবিন্দু, যযাতি, শর্য্যাতি, শান্তনু, গয়, ভগীরথ, কুবলয়াশ্ব, ককুৎস্থ, নৈষধ নল, নৃগ, হিরণ্যকশিপু, বৃত্র, লোক-ভয়ঙ্কর রাবণ, নমুচি, শম্বর, ভৌম হিরণ্যাক্ষ এবং তারক প্রভৃতি অতুল ঐশ্বর্য্য-সম্পন্ন অন্যান্য অনেক দৈত্যবংশীয় রাজা জন্ম গ্রহণ করিয়াছিলেন; তাঁহাদের মধ্যে প্রায়

হিরণ্যকশিপু র্বৃত্রো রাবণো লোকরাবণঃ।
নমুচিঃ শম্বরো ভৌমো হিরণ্যাক্ষোঽথ তারকঃ॥
অন্যে চ বহবো দৈত্যা রাজানো যে মহেশ্বরাঃ।
সর্ব্বে সর্ব্ববিদঃ শূরাঃ সর্ব্বে সর্ব্বজিতোঽজিতাঃ॥ ৯॥
মমতাং ময্যবর্ত্তন্ত কৃত্বোচ্চৈ র্মর্ত্ত্যধর্ম্মিণঃ।
কথাবশেষাঃ কালেন হ্যকৃতার্থাঃ কৃতা বিভো॥ ১০॥

অন্বয়ঃ।

নৈষধঃ, নৃগঃ, হিরণ্যকশিপুঃ, বৃত্রঃ, লোকরাবণঃ ভয়প্রদঃ, রাবণঃ, নমুচিঃ, শম্বরঃ, ভৌমঃ, হিরণ্যাক্ষঃ, তারকঃ, এতে অন্যে চ বহবঃ মহেশ্বরাঃ দৈত্যাঃ রাজানঃ সর্ব্বে সর্ব্ববিদঃ বিচক্ষণাঃ শূরাঃ তথা সর্ব্বে সর্ব্বজিতঃ অজিতাঃ অপি মর্ত্ত্যধর্ম্মিণঃ মরণস্বভাবাঃ, যে ময়ি উচ্চৈঃ অধিকাং মমতাং কৃত্বা অবর্ত্তন্ত তে সর্ব্বে অকৃতার্থাঃ অপূর্ণ-মনোরথাঃ এব কালেন কথাবশেষাঃ কৃতাঃ সংবৃত্তাঃ॥ ৮॥ ৯॥ ১০॥

শ্রীধরস্বামী।

লোকং রাবয়তি রোদয়তীতি লোকরাবণঃ॥ ৯॥

ময়ি উচ্চৈ র্মমতাং কৃত্বা যেঽবর্ত্তন্ত তে কালেন কথাবশেষাঃ কৃতাঃ বিভো ইতি সম্বোধনং কুরূদ্বহ ইতি বৎ॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাবো নাম কশ্চিদন্যো রাজা নতু দাশরথিরিতি স্বামিচরণাঃ॥ ৮॥ ৯॥

ময়ি উচ্চৈ র্মমতাং কৃত্বা যে বর্ত্তন্ত তে কালে কথাবশেষা অভুবন্। কিন্তু তে ন হ্যকৃতার্থা অপি তু কৃতার্থা এব প্রাপ্তস্বস্বাভীষ্টা এব কৃতাঃ। পর্য্যাপ্তাঃ পূর্ণা এব রূপগুণাদিভিস্তদাপি তে কথাবশেষা অভুবন্। অর্ব্বাচীনাস্তু অকৃতার্থা ধনাদিভিরপ্যপূর্ণাঃ কিমুতেতি ভাবঃ। বৃগ-পর্য্যাপ্তয়োঃ কৃতং পর্য্যাপ্তিঃ পরিপূর্ণতেত্যমরঃ॥ ১০॥

সকলেই বিলক্ষণ বুদ্ধিমান্ প্রবল-পরাক্রম এবং সর্ব্ব-জয়ী হইলেও, সকলেই মরণ-ধর্ম্মশীল মানব। তাহারা সকলেই উৎকট আশার বিস্তারে, আমার উপর আধিপত্য স্থাপনে যত্নবান্ হইয়াছিলেন; কিন্তু কাহারই আশা ফলবতী হয় নাই। কালক্রমে সকলেই কাল কবলে কবলিত হইয়াছেন; এক্ষণে কেবল তাঁহাদের নাম শুনা যায় মাত্র; আর তাঁহাদের কোন চিহ্নই জগতে নাই॥ ৮॥ ৯॥ ১০॥

হে বিভো! পরীক্ষিৎ! বিষয়-বৈভবের কোন সারই নাই। সংসারে বৈরাগ্যই সর্ব্বতোভাবে শ্রেয়ঃ বলিয়া প্রতিপাদন করিবার অভিপ্রায়েই, এই সকল লোকের নাম আপনার নিকট কীর্ত্তন করিলাম। অর্থাৎ সংসারে যথেষ্ট

কথা ইমাস্তে কথিতা মহীয়সাং বিতায় লোকেষু যশঃ পরেয়ুষাং ।
বিজ্ঞানবৈরাগ্যবিবক্ষয়া বিভো বচো বিভূতীর্ন তু পারমার্থ্যং ॥ ১১ ॥
যত্তূত্তমঃশ্লোক-গুণানুবাদঃ প্রস্তূয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ ।
তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

বিজ্ঞান-বৈরাগ্য-বিবক্ষয়া, বিজ্ঞানং বিষয়াণাং অসারত্বজ্ঞানং, বৈরাগ্যং চ তয়োঃ বিবক্ষয়া হে বিভো ! লোকেষু যশঃ সংকীর্ত্তিং বিতার্য্য পরেয়ুষাং পরলোকং গতানাং, মহীয়সাং মাহাত্ম্য-যুক্তানাং, রাজ্ঞাং ইমাঃ কথাঃ তে তুভ্যং ময়া কথিতাঃ। তু কিন্তু এতাঃ কথাঃ বাচঃ বিভূতীঃ বিভূতয়ঃ বাগ্‌বিলাস-মাত্ররূপাঃ ; নতু পারমার্থ্যং পরমার্থপরং এতৎ কথনং ন ভবতি ॥ ১১ ॥

যঃ তু অমঙ্গলঘ্নঃ সর্ব্বদোষনিবর্ত্তকঃ, উত্তমশ্লোকস্য ভগবতঃ গুণানাং অনুবাদঃ কথনং সদ্ভিঃ প্রস্তূয়তে সংগীয়তে, কৃষ্ণে অমলাং পরম-পুরুষার্থরূপাং ভক্তিং অভীপ্সমানঃ ইচ্ছন্‌ নিত্যং তত্রাপি অভীক্ষ্ণং পুনঃ পুনঃ তং এব শৃণুয়াৎ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

রাজবংশানুকথনস্য তাৎপর্য্যমাহ কথা ইমা ইতি। বিজ্ঞানং বিষয়াসারতাজ্ঞানং ততো বৈরাগ্যং তয়োর্বিবক্ষয়া পরেয়ুষাং মৃতানাং বচো বিভূতীর্বাগ্বিলাসমাত্ররূপাঃ পারমার্থ্যং পরমার্থযুক্তং কথনং ন ভবতীত্যর্থঃ ॥ ১১ ॥

কস্তর্হি পুরুষাণাং উপাদেয়ঃ পরমার্থস্তমাহ যস্ত্বিতি। নিত্যং প্রত্যহং তত্রাপ্যভীক্ষ্ণং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজবংশকথনস্য তাৎপর্য্যমাহ কথা ইতি। মহীয়সাং প্রিয়ব্রতাদীনাং পরেয়ুষাং পরং শ্রীভগবত্তমীয়ুষাং প্রাপ্তানাং কিমর্থং কথিতা স্তত্রাহ বিজ্ঞানং তেষাং ভগবদনুভবঃ বৈরাগ্যঞ্চ তয়োর্বিবক্ষয়া তেষাং তথাচরণং শ্রোতৃজনা অপি শিক্ষন্ত্বিতি ভাবঃ। হে বিভো ইতি ত্বমপি তাদৃশ একো ভবসীতি ভাবঃ। কিঞ্চ ইমাঃ কথা বচো বিভূতী র্বচসাং বিভূতয়ো ন ভবন্তি কিন্তু পারমার্থ্যং কথানাং পরমার্থতয়ৈব জ্ঞেয়েত্যর্থঃ ॥ ১১ ॥

তস্মান্মহীয়সাং তেষাং কথা নিত্যং শৃণুয়াদেব। কৃষ্ণগুণানুবাদেতু তেভ্যো মহিষ্ঠেভ্যোঽপ্যধিকতমানাং কৃষ্ণলীলাপরিকরাণাং মহতাং কথাভির্বিচিত্রে বিশেষং শৃণ্বিত্যাহ য ইতি।

যশ এবং কীর্ত্তির বিস্তারে যাঁহারা প্রতিষ্ঠিত হইয়াছিলেন, তাঁহারাও মৃত্যু মুখে নিপতিত হইয়া, অবশভাবে এবং অনিচ্ছা সত্ত্বেও সমস্ত পরিহার করিতে বাধ্য হইয়াছিলেন ; তাঁহাদের নাম ও ইতিহাস বর্ণনের দ্বারা কেবল বাক্যের আড়ম্বর করা হইল মাত্র। বৈরাগ্যই এখানকার একমাত্র জ্ঞাতব্য বিষয়। নতুবা রাজাদের নাম বা কীর্ত্তি উল্লেখের সহিত পরমার্থের কোন সংস্রব নাই ॥১১॥

হে রাজেন্দ্র ! রাজাদের নামাদির উল্লেখে ষত্নবান্‌ না হইয়া, ভগবান্‌

রাজোবাচ ॥

কেনোপায়েন ভগবন্ কলের্দোষান্ কলৌ জনাঃ।
বিধমিষ্যন্ত্যুপচিতান্ তন্মে ব্রূহি যথা মুনে ॥ ১৩ ॥
যুগানি যুগধর্ম্মাংশ্চ মানং প্রলয়কল্পয়োঃ।
কালস্যেশ্বররূপস্য গতিং বিষ্ণোর্মহাত্মনঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

রাজা পরীক্ষিৎ উবাচ। হে ভগবন্! কলৌ কলিযুগে জনাঃ কলেঃ উপচিতান্ বৃদ্ধিং প্রাপ্তান দোষান্ কেন উপায়েন বিধমিষ্যন্তি? হে মুনে! তৎ মে মহ্যং যথাবৎ ব্রূহি ॥ ১৩ ॥

প্রলয়-কল্পয়োঃ সংহার-স্থিতি-কালয়োঃ মানং যুগানি যুগধর্ম্মাণি, মহাত্মনঃ ঈশ্বররূপস্য বিষ্ণোঃ কালস্য গতিং চ ব্রূহি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

কলিদোষোপচয়ে সতি ভক্তেরসম্ভবং মন্যমানঃ পৃচ্ছতি কেনোপায়েনেতি। বিধমিষ্যন্তি নাশয়িষ্যন্তি। যথা যথাবৎ ॥ ১৩ ॥

কালযুগে কঃ পরমো ধর্ম্ম ইতি বুভুৎসয়া পৃচ্ছতি যুগানীতি ত্রহীতাম্বয়ঃ। আত্যান্তিক-জিজ্ঞাসয়া পুনঃ পৃচ্ছতি প্রলয়কল্পয়োঃ সংহারাদ্যাতকালয়োঃ। ন চায়ং বহির্মুখঃ প্রশ্ন ইত্যাহ কালস্যেতি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উত্তমঃশ্লোকস্য ভগবতো গুণানুবাদ স্তেষু তেষু স্কন্ধেষু কচিৎ কচিদ্দশমেতু সর্ব্বত্রৈব তং নিত্য-মেব অভীক্ষ্ণমেব। ভক্তিমভীপ্সমান এব শৃণুয়াদেবেত্যবধারণচতুষ্টয়ং ॥ ১২ ॥

বিধমিষ্যান্তি নাশয়িষ্যন্তি। যথা যথাবৎ ॥ ১৩ ॥

যুগানীতি ত্রহীত্যম্বয়ঃ। প্রলয়কল্পয়োঃ সংহারস্থিতিকালয়োঃ। নচায়ং বহির্মুখঃ প্রশ্ন ইত্যাহ কালস্যেতি ॥ ১৪ ॥

নারায়ণের গুণানুবাদেই যত্নশীল হওয়া বিধেয়। কারণ তদ্দ্বারা যাবতীয় অমঙ্গলই নিবারিত হয়। অহো! ভগবান্ শ্রীকৃষ্ণে অমলা ভক্তির প্রার্থনায় হৃষীকেশেরই গুণানুবাদ নিরন্তর শ্রবণ করা কর্ত্তব্য ॥ ১২ ॥

রাজা পরীক্ষিৎ বলিলেন, হে ব্রহ্মন্! কলি-যুগের প্রাদুর্ভাব-কালে কলির দোষ-সমূহ প্রবল বেগ ধারণ করিলে, তৎকালীন মানবগণ কোন্ উপায়ে সেই সকল দোষের আক্রমণ হইতে অব্যাহতি লাভ করিবে, হে মুনে! আপনি তাহাই অবধারণ করুন্। ॥ ১৩ ॥

যুগ সমূহের নাম, যথাক্রমে তাহাদের ধর্ম্ম, সংহার এবং স্থিতিকালের পরিমাণ এবং মহাত্মা কালরূপী ভগবান্ বিষ্ণুর গতির বিষয় আমাকে উপদেশ করুন্। ॥ ১৪ ॥

শ্রীশুক উবাচ ॥
কৃতে প্রবর্ত্ততে ধর্ম্মশ্চতুষ্পাত্তজ্জনৈ র্ধৃতঃ ।
সত্যং দয়া তপো দানমিতি পাদা বিভো র্নৃপ ॥ ১৫ ॥
সন্তুষ্টাঃ করুণা মৈত্রাঃ শান্তা দান্তা স্তিতিক্ষবঃ ।
আত্মারামাঃ সমদৃশঃ প্রায়শঃ শ্রমণা জনাঃ ॥ ১৬ ॥
ত্রেতায়াং ধর্ম্মপাদানাং তুর্য্যাংশো হীয়তে শনৈঃ ।
অধর্ম্মপাদৈ রনৃত-হিংসাঽসন্তোষ-বিগ্রহৈঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ ।

শ্রীশুকঃ উবাচ । হে নৃপ ! সত্যং দয়া, তপঃ দানং ইতি পাদাঃ যস্য বিভোঃ পূর্ণস্য ধর্ম্মস্য, সঃ চতুষ্পাদ্ ধর্ম্মঃ তজ্জনৈঃ কৃতযুগবর্ত্তিজনৈঃ ধৃতঃ এব কৃতে প্রবর্ত্ততে ॥ ১৫ ॥

তদা চ সর্ব্বে জনাঃ (দৈবাৎ লব্ধেন অন্নাদিনা) সন্তুষ্টাঃ করুণাঃ, মৈত্রাঃ শান্তাঃ দান্তাঃ তিতিক্ষবঃ দ্বন্দ্বসহিষ্ণবঃ সমদৃশঃ সর্ব্বত্রাত্মদর্শিনঃ, আত্মারামাঃ প্রায়শঃ শ্রমণাঃ ভবন্তি ॥ ১৬ ॥

ত্রেতায়াং তু অধর্ম্মপাদৈঃ অনৃতাদিভিঃ ক্রমেণ ধর্ম্মপাদানাং তুর্য্যাংশঃ শনৈঃ হীয়তে ক্ষীয়তে ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী ।

অত্র যুগধর্ম্মাংস্তাবদাহ কৃত ইতি তজ্জনৈ স্তৎকালীনজনৈঃ । দানং অরাগদ্বেষতয়া অভয়দানং তদেব প্রথমস্কন্ধে শৌচশব্দেনোক্তং বিভোঃ সম্পূর্ণস্য ধর্ম্মস্য ॥ ১৫ ॥

তদানীন্তন-জনানাহ সন্তুষ্টা ইতি । মৈত্রা ভূতমৈত্রীযুক্তাঃ । শ্রমণা আত্মাভ্যাসবন্তঃ ॥১৬॥

অনৃতেন সত্যং হিংসয়া দয়া অসন্তোষেণ তপঃ । বিগ্রহেণ দানমিতি যথাসংখ্যযোজ্যং ॥১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রথমং যুগধর্ম্মানাহ কৃত ইতি । তজ্জনৈ স্তৎকালভবৈ র্লোকৈ র্ধৃতো ধৃতঃ । দানমিতি দৈপ শোধনে ইত্যস্মাৎ শৌচমিত্যর্থঃ । তথৈব প্রথমস্কন্ধোক্তেঃ ॥ ১৫ ॥

শ্রমণা আত্মাভ্যাসবন্তঃ ॥ ১৬ ॥

অনৃতেন সত্যং । হিংসয়া দয়া । অসন্তোষেণ তপঃ । বিগ্রহেণ শৌচং ॥ ১৭ ॥

মহর্ষি শুকদেব বলিলেন, হে রাজন্ ! সত্যযুগের প্রাদুর্ভাব-কালে ধর্ম্ম পূর্ণ চারি পাদেই বিরাজ করেন ; এবং তৎকালীন জনগণও সত্য, দয়া, তপস্যা এবং দান নামে ধর্ম্মের পাদ-চতুষ্টয় পূর্ণমাত্রায় প্রতিপালন করেন ॥১৫॥

সত্যযুগে প্রজাবর্গ সকলেই প্রারব্ধ-লব্ধ ভোগেই প্রচুর সন্তুষ্ট, পরস্পরের প্রতি পরস্পরে করুণাবান্, মিত্র-ভাবাপন্ন, শান্ত দান্ত এবং ত্যাগশীল হন ; সকলেই আপনার ন্যায় অন্যের প্রতি প্রেম দৃষ্টি করেন এবং আত্মজ্ঞান সম্পন্ন ও উদ্যমশীল হন ॥ ১৬ ॥

তদা ক্রিয়াতপোনিষ্ঠা নাতিহিংস্রা ন লম্পটাঃ।
ত্রৈবর্গিকাস্ত্রয়ীবৃদ্ধা বর্ণা ব্রহ্মোত্তরা নৃপ ॥ ১৮ ॥
তপঃসত্যদয়াদানেষর্দ্ধং হ্রসতি দ্বাপরে।
হিংসাতুষ্ট্যনৃতদ্বেষৈর্ধর্ম্মস্যাধর্ম্মলক্ষণৈঃ ॥ ১৯ ॥
যশস্বিনো মহাশীলাঃ স্বাধ্যায়াধ্যয়নে রতাঃ।

অন্বয়ঃ।

হে নৃপ। তদা জনাঃ ক্রিয়াতপোনিষ্ঠাঃ ক্রিয়াযজ্ঞাদি-বিশিষ্টাঃ, ন অতিহিংস্রাঃ, ন লম্পটাঃ অনাসক্তাঃ, ত্রৈর্গিকাঃ ধর্ম্মার্থ-কামপরাঃ, ত্রয়ীবৃদ্ধাঃ বৈদিককর্ম্মসু নিপুণাঃ, তথা বর্ণাঃ চ ব্রহ্মোত্তরাঃ ব্রাহ্মণাধিকাঃ ভবন্তি ॥ ১৮ ॥

দ্বাপরে যুগেতু অধর্ম্মস্য লক্ষণৈঃ চিহ্নৈঃ, পদৈঃ হিংসাতুষ্ট্যনৃতদ্বেষৈঃ ধর্ম্মস্য তপঃ সত্য-দানেষু অর্দ্ধং হ্রসতি। (তত্র অনৃতেন সত্যং, হিংসয়া দয়া, অসন্তোষেণ তপঃ, তথা বিগ্রহেণ দানমিতি) ॥ ১৯ ॥

তদা জনাঃ চ যশস্বিনঃ কীর্ত্তিপ্রিয়াঃ, মহাশীলাঃ মহাযজ্ঞাদ্যনুষ্ঠানশীলাঃ, স্বাধ্যায়াধ্যয়নে

শ্রীধরস্বামী।

ব্রহ্মোত্তরা ব্রাহ্মণাধিকাঃ ॥ ১৮ ॥

হিংসাতুষ্ট্যনৃতদ্বেষৈরিত্যয়ং ক্রমোঽত্র ন বিবক্ষিতঃ। ধর্ম্মস্যার্দ্ধং হ্রসতি ক্ষীয়তে। অধর্ম্মস্য লক্ষণৈশ্চিহ্নৈঃ পাদৈরিত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মোত্তরা ব্রাহ্মণাধিকাঃ ॥ ১৮ ॥

ত্রেতাযুগে চতুষ্পাদ ধর্ম্মের একপাদ হ্রাস হওয়ায়, অধর্ম্মাংশ মিথ্যা, হিংসা, অসন্তোষ এবং কলহেরই শ্রীবৃদ্ধি ক্রমশঃ আরম্ভ হইল ॥ ১৭ ॥

সুতরাং যজ্ঞাদি ক্রিয়া এবং পাপ-নির্হারক তপস্যার উদ্‌যোগ আরম্ভ হইল। এবং মানবগণও অতি হিংস্র বা একান্ত বিষয়-লোলুপ হয় না। তখন মোক্ষের প্রতি দৃষ্টি পরিত্যাগ করিয়া, প্রজাবর্গ কেবল ধর্ম্ম, অর্থ এবং কাম এই ত্রিবর্গ-সাধনেই প্রবৃত্ত হইয়া, বেদবিহিত কর্ম্মকাণ্ডে অনুরক্ত হইয়া থাকে। জাতি বিভাগে ব্রাহ্মণের ভাগই সর্ব্বাতিরিক্ত হয় ॥ ১৮ ॥

দ্বাপরযুগে ধর্ম্মের দুই পাদ হ্রাস হওয়ায়, সত্য, দয়া, তপস্যা ও দানেরও মাত্রা অর্দ্ধ হইয়া গেল; এবং হিংসা, অতুষ্টি, মিথ্যা এবং দ্বেষভাবরূপ অধর্ম্মের লক্ষণ ক্রমশঃ পরিবর্দ্ধিত হইয়া উঠিল ॥ ১৯ ॥

লোকসমূহও যশের প্রার্থনায় চরিত্রবান্ ও স্বাধ্যায়-সম্পন্ন হইতে লাগিল; প্রচুর ধন সংগ্রহে উদ্‌যোগী এবং বহু-পরিবার-বিশিষ্ট হইতেই বাসনা ও

আঢ্যাঃ কুটুম্বিনো হৃষ্টা বর্ণাঃ ক্ষত্রদ্বিজোত্তরাঃ ॥ ২০ ॥
কলৌ তু ধর্ম্মপাদানাং তুর্য্যাংশোঽধর্ম্মহেতুভিঃ।
এধমানৈঃ ক্ষীয়মানো হ্যন্তে সোঽপি বিনঙ্ক্ষ্যতি ॥ ২১ ॥
তস্মিন্ লুব্ধা দুরাচারা নির্দ্দয়াঃ শুষ্কবৈরিণঃ।
দুর্ভগা ভূরিতর্ষাশ্চ শূদ্রদাশোত্তরাঃ প্রজাঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

হৃষ্টাঃ ; ধনাঢ্যাঃ কুটুম্বিনঃ ; বর্ণাঃ ক্ষত্রদ্বিজোত্তরাঃ ক্ষত্রিয়প্রধানাঃ চ ভবন্তি ॥ ২০ ॥

কলৌ তু ধর্ম্মপাদানাং তুর্য্যাংশঃ চতুর্থাংশঃ, অবশিষ্যতে ; সঃ অপি এধমানৈঃ বর্দ্ধমানৈঃ, অধর্ম্মহেতুভিঃ অধর্ম্মপাদৈঃ, অহরহঃ ক্ষীয়মাণঃ অন্তে বিনঙ্ক্ষ্যতি ॥ ২১ ॥

তস্মিন্ কলৌ শুষ্কবৈরিণঃ নির্হেতুক-বৈরিণঃ, দুর্ভগাঃ ভাগ্যহীনাঃ, ভূরিতর্ষাঃ অর্থকামতৃষ্ণাকুলাঃ, শূদ্রাঃ দাশাঃ কৈবর্ত্তাদয়ঃ চ উত্তরাঃ প্রধানাঃ যেষাং তথাভূতাঃ লুব্ধাঃ দুরাচারাঃ নির্দ্দয়াঃ প্রজাঃ ভবিষ্যন্তি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

যশস্বিনঃ কীর্ত্তিপ্রিয়াঃ। ক্ষত্রদ্বিজোত্তরাঃ ক্ষত্রিয়-ব্রাহ্মণপ্রধানাঃ ॥ ২০ ॥

কলৌ ধর্ম্মপাদানাং তুর্য্যাংশ শ্চতুর্থাংশোঽবশিষ্যতে ॥ ২১ ॥

শূদ্রদাশোত্তরাঃ শূদ্রকৈবর্ত্তাদি-প্রধানাঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হিংসেত্যত্র ক্রমো ন বিবক্ষিতঃ ॥ ১৯ ॥ ২০ ॥

ধর্ম্মহেতূনাং সত্যাদীনাং অধর্ম্মহেতুভিরনৃতাদিভিঃ ॥ ২১ ॥

শূদ্রদাশোত্তরাঃ শূদ্রকৈবর্ত্তপ্রধানাঃ ॥ ২২ ॥

আনন্দ উপভোগ করিতে লাগিলেন। এই সময়ে ব্রাহ্মণের সহিত ক্ষত্রিয়-প্রধান জাতিরই প্রশ্রয় হইল ॥ ২০ ॥

কলিযুগে ধর্ম্মের এক পাদ মাত্র অবশিষ্ট রহিল ; তাহাও ক্রমশ অধর্ম্মের হেতুভূত মিথ্যাদির দ্বারা এতই কলুষিত হইতে লাগিল যে, ক্রমশ পরিণামে তাহাও সম্পূর্ণ বিলুপ্ত হইয়া যাইবে ॥ ২১ ॥

এই ঘোর কলিযুগে মানবগণ একান্ত লোভী, আচার-হীন, নির্দ্দয় এবং বিনা কারণে বৈরতায় প্রবৃত্ত হইবে। অতীব দুর্ভাগাবান্ হইয়া জন্ম গ্রহণ করায়, সর্ব্বদাই দুরাশায় প্রবৃত্ত হইবে। এই সময় ব্রাহ্মণত্ব এবং ক্ষত্রিয়ত্বের অপলোপে প্রজাবর্গ নিকৃষ্ট পরিচর্য্যা-পরায়ণ কৈবর্ত্তাদি শূদ্র-ভাবাপন্ন হইবে ॥ ২২ ॥

হে নরনাথ! সত্ত্ব, রজঃ এবং তমঃ এই তিনটী গুণ মানবে পরিদৃষ্ট হয় ;

সত্ত্বং রজস্তম ইতি দৃশ্যন্তে পুরুষে গুণাঃ।
কাল-সঞ্চোদিতা স্তে বৈ পরিবর্ত্তন্ত আত্মনি ॥ ২৩ ॥
প্রভবন্তি যদা সত্ত্বে মনো বুদ্ধীন্দ্রিয়াণি চ।
তদা কৃতযুগং বিদ্যাজ্‌জ্ঞানে তপসি যদ্রুচিঃ ॥ ২৪ ॥
যদা কর্ম্মসু কাম্যেষু ভক্তি র্যশসি দেহিনাং।
তদা ত্রেতা রজোবৃত্তিরিতি জানীহি বুদ্ধিমন্ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

সত্ত্বাদয়ঃ গুণাঃ পুরুষে দৃশ্যন্তে ; তে চ কালেন সঞ্চোদিতাঃ আত্মন মনসি পরিবর্ত্তন্তে (হ্রাসোল্লাসাভ্যাং স্বকার্য্যং কুর্ব্বন্তি) ॥ ২৩ ॥

তত্র মনঃ ইন্দ্রিয়াণি চ যদা সত্ত্বে প্রভবন্তি অতিশয়েন বর্ত্তন্তে, তদা কৃতযুগং বিদ্যাৎ জানীয়াৎ। যৎ যদা জ্ঞানে তপসি চ রুচিঃ ভবতি ॥ ২৪ ॥

হে বুদ্ধিমন্! যদা কাম্যেষু কর্ম্মসু তথা যশসি চ দেহিনাং ভক্তিঃ রুচিঃ তদা রজোবৃত্তিঃ ত্রেতাযুগং ইতি জানীহি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

যুগানামেবস্তুতবৈষম্যকারণমাহ সত্ত্বমিতি পঞ্চভিঃ ॥ ২৩ ॥

মনশ্চ বুদ্ধিশ্চ ইন্দ্রিয়াণি চ সত্ত্বে যদা প্রভবন্তি অতিশয়েন বর্ত্তন্তে ॥ ২৪ ॥

যদাতু কর্ম্মাদিষু ভক্তিঃ প্রীতিস্তদা রজোবৃত্তি-প্রধানং ত্রেতাযুগমিতি জানীহি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা একস্যাপি গ্রহস্য সূর্য্যাদে র্দশায়াং গ্রহাণামন্তর্দ্দশা ভবন্তি তথৈবেকস্যাপি যুগস্য মধ্যে চত্বারি যুগানি তিষ্ঠন্ত্যতঃ কলিমধ্যেঽপি কদাচিৎ কদাচিন্ন ধর্ম্মহ্রাস স্তত্রাপ্যেকৈকস্মিন্ পুংস্যেবং দ্রষ্টব্যমিত্যাহ সত্ত্বমিতি। আত্মন্যন্তঃকরণে পরিবর্ত্তন্তে যাতায়াতং কুর্ব্বন্তি ॥ ২৩ ॥

এতদ্বিবৃণোতি প্রভবন্তীতি সত্ত্বে নিষ্কামধর্ম্মে ॥ ২৪ ॥

কাম্যেষু সকামধর্ম্মেষু ভক্তিঃ প্রীতিঃ ॥ ২৫ ॥

এবং কালের প্রেরণায় তাহাদের মনোমধ্যে এই গুণত্রয়ের পরিবর্ত্তনও নিরন্তর ঘটিয়া থাকে। কলিযুগেও মানব-বিশেষের হৃদয়ে পূর্ণ সত্যযুগের ন্যায় সত্ত্বগুণ, এবং সত্যযুগে পূর্ণ কলিযুগের ন্যায় তমোগুণের পরিচয় পাওয়া যায় ॥ ২৩ ॥

মানবের মন এবং জ্ঞানেন্দ্রিয় পঞ্চ যখন সত্ত্বগুণের দ্বারা পরিবর্দ্ধিত হয়, তখনই সত্যযুগ বলিয়া অবধারণ করিবে। এই সময় মানবের মন জ্ঞান এবং তপোঽনুষ্ঠানে প্রবৃত্ত হয় ॥ ২৪ ॥

যখন কাম্য কর্ম্মে এবং যশের প্রার্থনায় দেহিগণের প্রবৃত্তি জন্মে, হে বিজ্ঞ! তখনই রজোবৃত্তিবিশিষ্ট ত্রেতাযুগের প্রারম্ভ বলিয়া নিশ্চয় করিবেন ॥ ২৫ ॥

যদা লোভ স্ত্বসন্তোষো মানো দম্ভোঽথ মৎসরঃ।
কর্ম্মণাঞ্চাপি কাম্যানাং দ্বাপরং তদ্রজস্তমঃ॥ ২৬॥
যদা মায়াঽনৃতং তন্দ্রা নিদ্রা হিংসা বিষাদনং।
শোকমোহৌ ভয়ং দৈন্যং স কলিস্তামসঃ স্মৃতঃ॥ ২৭॥
যস্মাৎ ক্ষুদ্রদৃশো মর্ত্যাঃ ক্ষুদ্রভাগ্যা মহাশনাঃ।

অন্বয়ঃ।

যদা তু লোভঃ অসন্তোষঃ মানঃ দম্ভঃ পরপ্রতারণানুকূল-বেশ-ধারণং, মৎসরঃ কাম্যানাং কর্ম্মণাং চ বিষয়ে প্রীতিঃ ভবতি, তদা রজস্তমঃপ্রধানং দ্বাপরং জানীহি॥ ২৬॥

যদা মায়া কাপট্য, অনৃতং মিথ্যা, তন্দ্রা আলস্যং, নিদ্রা, বিষাদনং দুঃখং, শোকমোহৌ হিংসা পরপীড়নং, ভয়ং দৈন্যং চ ভবন্তি তদা তামসঃ তমোগুণপ্রধানঃ কলিঃ স্মৃতঃ॥ ২৭॥

যস্মাৎ মর্ত্ত্যাঃ ক্ষুদ্রদৃশঃ মন্দমতয়ঃ ক্ষুদ্রভাগ্যাঃ মহাশনাঃ অতিভোজনাঃ, কামিনঃ বিত্ত-

শ্রীধরস্বামী।

কাম্যানাং কর্ম্মণাং বিষয়ে যদা প্রীতিস্তদা রজস্তমঃ-প্রধানং দ্বাপরং জানীহি॥ ২৬॥
বিষাদনং দুঃখং॥ ২৭॥
কলিদোষান্ প্রপঞ্চয়তি যস্মাদিত্যাদিনা যস্মাৎ কলের্হেতোঃ ক্ষুদ্রদৃশঃ মন্দমতয়ঃ ক্ষুদ্রভাগ্যা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদা কাম্যানাং কর্ম্মণাং কাম্যেষু কর্ম্মস্বিত্যর্থঃ। চকারাদধর্ম্মেষ্বপি প্রীতিস্তদা রজস্তম-প্রধানং দ্বাপরং জানীহি; তত্র লোভাদয়ো ভবন্তীত্যন্বয়ঃ॥ ২৬॥
যদা কেবলেম্বধর্ম্মেষ্বেব প্রীতিস্তদা তামসঃপ্রসিদ্ধঃ কলিরেব। তদা মায়ানৃতাদয়ঃ বিষাদনং বিষাদঃ॥ ২৭॥

যে সময় লোভ, অসন্তোষ, অভিমান, দম্ভ এবং মাৎসর্য্য-ভাব মানবের হৃদয়ে জাগরূক হইয়া কেবল কাম্য কর্ম্মের অভিমুখে তাহাদের চিত্ত প্রধাবিত হয়, তখনই তমোবহুল রজোগুণ-বিশিষ্ট দ্বাপর যুগের আরম্ভ বলিয়া অবধারণ করিতে হইবে॥ ২৬॥

আবার যে সময় মায়ারূপা বঞ্চনা, অনৃত-স্বরূপ মিথ্যা, আলস্য, নিদ্রা, হিংসা, বিষাদ, শোক, মোহ, ভয় এবং দৈন্যভাব প্রবল হইয়া, মানবের চিত্তকে অভিভূত করিবে, তখনই তমঃ-প্রধান কলিযুগের প্রারম্ভ বলিয়া অবধারণ করিতে হইবে॥ ২৭॥

কলিযুগের মানবগণ ক্ষুদ্রদর্শী এবং নীচাশয় হইবে। উহারা দুর্ভাগ্যবান্ বিত্তশূন্য অথচ বহুভোজী এবং কামুক হইবে। নারীগণ প্রায়ই স্বেচ্ছাচারিণী এবং অসতী হইবে॥ ২৮॥

কামিনো বিত্তহীনাশ্চ স্বৈরিণ্যশ্চ স্ত্রিয়োঽসতীঃ ॥ ২৮ ॥
দস্যূৎকৃষ্টা জনপদা বেদাঃ পাষণ্ডদূষিতাঃ।
রাজানশ্চ প্রজাভক্ষ্যাঃ শিশ্নোদরপরা দ্বিজাঃ ॥ ২৯ ॥
অব্রতা বটবোঽশৌচা ভিক্ষবশ্চ কুটুম্বিনঃ।
তপস্বিনো গ্রামবাসা ন্যাসিনোঽত্যর্থলোলুপাঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

হীনাঃ চ স্বৈরিণ্যঃ পুংশ্চল্যঃ অসতীঃ অসত্যঃ, দুঃশীলাঃ চ স্ত্রিয়ঃ ভবন্তি ॥ ২৮ ॥

জনপদাঃ দস্যূৎকৃষ্টাঃ চৌরপ্রধানাঃ, বেদাঃ চ পাষণ্ডদূষিতাঃ (পাষণ্ডৈঃ কল্পিত-বিরুদ্ধ-নানামতৈঃ দূষিতাঃ) প্রজাভক্ষ্যাঃ প্রজাপীড়ন-পরাঃ রাজানঃ দ্বিজাঃ শিশ্নোদর-পরায়ণাঃ ॥ ২৯ ॥

বটবঃ ব্রহ্মচারিণঃ অব্রতাঃ আচারহীনাঃ, অশৌচাঃ ভবিষ্যন্তি, ভিক্ষবঃ কুটুম্বিনঃ স্ত্রী-সহিতাঃ, তপস্বিনঃ বনং বিহায় গ্রামবাসাঃ ভবিষ্যন্তি, ন্যাসিনঃ অত্যর্থলোলুপাঃ ভবিষ্যন্তি ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

অল্পভাগাঃ মহাশনা বহ্বাহারাঃ, বিত্তহীনা অপি কামিনঃ। স্বৈরিণ্যঃ পুংশ্চল্যঃ অসতীঃ অসত্যঃ ॥ ২৮ ॥

দস্যূৎকৃষ্টা দস্যব উৎকৃষ্টাঃ প্রচুরা যেষু তে ॥ ২৯ ॥

অব্রতা বিহিতাচারশূন্যাঃ শৌচশূন্যাশ্চ বটবো ব্রহ্মচারিণো ভবিষ্যন্তি। কুটুম্বিনশ্চ গৃহস্থাঃ স্বয়ং ভিক্ষাটনপরা ভবিষ্যন্তি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ কলের্দোষান্ প্রপঞ্চয়তি যস্মাদিতি যস্মাৎ কলের্হেতোঃ ॥ ২৮ ॥ ২৯ ॥

বটবো ব্রহ্মচারিণঃ। অব্রতা ব্রতহীনাঃ শৌচহীনাশ্চ ভবিষ্যন্তি। কুটুম্বিনো গৃহস্থা ভিক্ষবঃ ভিক্ষাটনপরা এব নতু ভিক্ষাং দাস্যন্তি। তপস্বিনো বানপ্রস্থাঃ। বনং হিত্বা গ্রামবাসাঃ গ্রামে গৃহস্থানেব স্বতপো দর্শয়িষ্যন্তীত্যর্থঃ। ন্যাসিনো যতয়ঃ। অত্যর্থলোলুপাঃ বিত্ত-সংগ্রহে প্রবর্ত্তিষ্যন্তে ॥ ৩০ ॥

জনপদাদি নগর-সমূহে দস্যুগণেরই প্রাবল্য ঘটিবে। বেদ-পথ পাষণ্ড ধর্ম্মধ্বজিগণের দ্বারা দূষিত হইবে। নরপতিগণ প্রকৃত প্রজাপালন ব্যাপার বিস্মৃত হইয়া, কোন্ উপায়ে প্রজাবর্গের ধন আত্মসাৎ করিতে পারেন, তাহারই উপায় সর্ব্বদা অনুসরণ করিবেন। ব্রাহ্মণাদি বর্ণত্রয় কেবল আহার বিহারেই কৃতার্থতা জ্ঞান করিবে ॥ ২৯ ॥

উপনীত ব্রাহ্মণ-কুমার ব্রহ্মচর্য্য পরিহারে অশুচীর ন্যায় আচরণ করিবে। চতুর্থাশ্রমী ভিক্ষু কলত্রাদি পরিজনে পরিবেষ্টিত হইবে। বনবাস পরিহারে লোক-রঞ্জনার্থ তপস্বী গ্রামে আসিয়া বাস করিবেন এবং সন্ন্যাসিগণ অর্থ-

হ্রস্বকায়া মহাহারা ভূর্য্যপত্যা গতহ্রিয়ঃ।
শশ্বৎ কটুকভাষিণ্যশ্চৌর্য্যমায়োরুসাহসাঃ ॥ ৩১ ॥
পণয়িষ্যন্তি বৈ ক্ষুদ্রাঃ কিরাটাঃ কূটকারিণঃ।
অনাপদ্যপি মংস্যন্তে বার্ত্তাং সাধু-জুগুপ্সিতাং ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

হ্রস্বকায়াঃ ক্ষুদ্রকলেবরাঃ, মহাহারাঃ অত্যাশনাঃ, ভূর্য্যপত্যাঃ বহুপুত্রবত্যঃ, গতহ্রিয়ঃ ত্যক্তলজ্জাঃ, শশ্বৎ নিত্যং, [কটুকভাষিণ্যঃ] অপ্রিয়বাদিন্যঃ, চৌর্য্যং চ মায়া চ কাপট্যং চ তেষু উরু সাহসং চ যাসাং তাঃ স্ত্রিয়ঃ তথাভূতাঃ ভবিষ্যন্তি। ৩১।

ক্ষুদ্রাঃ নীচাঃ ধর্ম্মবিচাররহিতাঃ অতএব কূটকারিণঃ বঞ্চকাঃ, সন্তঃ কিরাটাঃ বণিজঃ, পণয়িষ্যন্তি ক্রয়-বিক্রয়াদি-ব্যবহারং প্রবর্ত্তয়িষ্যন্তি। কিঞ্চ সর্ব্বে জনাঃ অনাপদি অপি জুগুপ্সিতাং নিন্দিতাং, বার্ত্তাং বৃত্তিং, সাধু মংস্যন্তে। ৩২।

শ্রীধরস্বামী।

পুনরপি স্ত্রীণাং স্বভাবমাহ হ্রস্বকায়া ইতি কটুকভাষিণ্যঃ অপ্রিয়বাদিন্যঃ। চৌর্য্যঞ্চ মায়া চ কপটং উরু চ সাহসং যাসাং তাঃ। ৩১।

কিরাটা বণিজঃ পণয়িষ্যন্তি ক্রয়বিক্রয়াদি-ব্যবহারং বর্ত্তয়িষ্যন্তি। কিঞ্চ। সর্ব্বে জনা অনাপদ্যপি জুগুপ্সিতাং নিন্দিতাং বার্ত্তাং বৃত্তিং সাধু মংস্যন্তে ॥ ৩২।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুনরপি স্ত্রিয়ো বর্ণয়তি হ্রস্বেতি ॥ ৩১।

কিরাটাঃ বণিজঃ। কূটকারিণঃ অধর্ম্মেণ কপটং কৃত্বা পণয়িষ্যন্তি ব্যবহারং প্রবর্ত্তয়িষ্যন্তি। কিঞ্চ। সর্ব্বে এব বর্ণা অনাপদ্যপি জুগুপ্সিতাং বার্ত্তাং সাধু মংস্যন্তে। ৩২।

লালসায় প্রমত্ত হইয়া, ইতস্ততঃ বিচরণ করিবেন ॥ ৩০ ॥

কলিযুগের কামিনীগণের কলেবর অতি ক্ষুদ্র হইবে; তাহাদিগের লজ্জা থাকিবে না; প্রচুর আহার করিবে এবং হীনবীর্য্য পুত্র কন্যা সংখ্যায় যথেষ্ট প্রসব করিবে। সর্ব্বদাই কটুভাষিণী হইবে এবং চৌর্য্য ব্যাপারে ও বঞ্চনাদিতে প্রচুর সাহসের পরিচয় দিবে ॥ ৩১ ॥

অতি নীচাশয় প্রবঞ্চক বণিক্‌গণই ক্রয় বিক্রয়াদি বাণিজ্য-কার্য্যে ব্যাপৃত হইবে। এবং সাধারণত লোকসমূহ আপদ্‌কাল উপস্থিত না হইলেও, সাধু-জন-বিগর্হিত ঘৃণিত উপায়কেও শ্রেষ্ঠ জীবিকোপায় বলিয়া অবলম্বন করিবে ॥ ৩২ ॥

সর্ব্বপ্রকারে গুণবান্ প্রভুও যদি নির্ধন হইয়া পড়েন, তাহা হইলে পূর্ব্ব-পালিত ভৃত্যও আর পূর্ব্বভাব স্মরণ না করিয়া, অবলীলাক্রমে তাদৃশ ধনহীন

পতিং ত্যক্ষ্যন্তি নির্দ্রব্যং ভৃত্যা অপ্যখিলোত্তমং।
ভৃত্যং বিপন্নং পতয়ঃ কৌলং গাশ্চাপয়স্বিনীঃ॥ ৩৩॥
পিতৄন্ ভ্রাতৄন্ সুহৃজ্জ্ঞাতীন্ হিত্বা সৌরতসৌহৃদাঃ।
ননান্দৃশ্যালসম্বাদ-দীনাঃ স্ত্রৈণাঃ কলৌ নরাঃ॥
শূদ্রাঃ প্রতিগ্রহীষ্যন্তি তপোবেশোপজীবিনঃ।
ধর্ম্মং বক্ষ্যন্ত্যধর্ম্মজ্ঞা অধিরুহ্যোত্তমাসনং॥

অন্বয়ঃ।

অখিলোত্তমং সর্ব্বোত্তমং, অপি নির্দ্রব্যং ধনহীনং, পতিং স্বামিনং, ভৃত্যাঃ ত্যক্ষ্যন্তি। পতয়ঃ চ কৌলং কুল-পরম্পরাপ্রাপ্তং, উপকারিণং আপাততঃ-বিপন্নং (রোগাদিভিঃ) ভৃত্যং তথা অপয়স্বিনীঃ দুগ্ধদোহাঃ, গাঃ চ ত্যক্ষ্যন্তি॥ ৩৩॥

সৌরত-সৌহৃদাঃ (সৌরতং সুরত-নিমিত্তং সৌহৃদং স্নেহঃ যেষাং তে) স্ত্রৈণাঃ স্ত্রীবশ্যাঃ নরাঃ কলৌ পিতৄন্ ভ্রাতৄন্ সুহৃজ্জ্ঞাতীন্ হিত্বা ননান্দরঃ ভার্য্যাভগিন্যঃ শ্যালাঃ তৈঃ সম্বাদঃ মন্ত্রালোচনং যেষাং তে তথাবিধাঃ দীনাঃ ভবিষ্যন্তি॥

তপোবেশোপজীবিনঃ (তপোবেশেন ধারণেন উপজীবন্তীতি) অধর্ম্মজ্ঞাঃ (অধর্ম্মং এব জানন্তীতি ন ধর্ম্মং তথাভূতাঃ) শূদ্রাঃ উত্তমাসনং (উত্তমং ব্যাসাদি-ধর্ম্ম-বক্তৄণাং শ্রেষ্ঠং আসনং) অধিরুহ্য ধর্ম্মং বক্ষ্যন্তি তথা প্রতিগ্রহীষ্যন্তি দানগ্রহণং করিষ্যন্তি॥

শ্রীধরস্বামী।

সর্ব্বোত্তমমপি পতিং দ্রব্যহীনং ভৃত্যা ত্যক্ষ্যন্তি। পতয়শ্চ বিপন্নং রোগাদিভি র্ব্যাপারাক্ষমং কৌলং কুলপরম্পরয়া আগতং, ত্যক্ষ্যন্তি। অপয়স্বিনীঃ দুগ্ধদোহাঃ॥ ৩৩॥

সৌরতং সুরতনিমিত্তং সৌহৃদং যেষাং তে অতএব ননান্দরো ভার্য্যাভগিন্যঃ শ্যালা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অখিলোত্তমমপি পতিং নির্দ্রব্যং ভার্য্যাস্তথা ভৃত্যা অপি ত্যক্ষ্যন্তি। পতয়শ্চ বিপন্নং রোগাদিগ্রস্তং কৌলং কুলপরম্পরাগতমপি ত্যক্ষ্যন্তি। গাশ্চ বৃদ্ধত্বাদপয়স্বিনীস্ত্যক্ষ্যন্তি॥ ৩৩॥

প্রভুকে পরিত্যাগ করিবে। প্রভুগণও কুল-পরম্পরায় ভৃত্যত্ব স্বীকারে উপকারী ভৃত্যও যদি রোগাদি কোন কারণে কখন বিপন্ন হয়, তৎক্ষণাৎ তাহাকে পরিত্যাগ করিবে। অধিক কি! পয়স্বিনী গাভীও যখন বার্দ্ধক্য বশত দুগ্ধদানে অসমর্থা হইবে, প্রভু আর তাহাকে প্রতিপালন করিবে না; যথেচ্ছ পরিত্যাগ করিবে॥ ৩৩॥

কলিযুগে সুরতানুরোধেই সুহৃদ্ সংগৃহীত হইবে। কারণ মানবগণ স্ত্রীর অনুরোধে বৃদ্ধ পিতা, মাতা, ভ্রাতা, ভগ্নী, সুহৃদ্ ও জ্ঞাতিগণকে পরিত্যাগ করিয়া, পত্নীর ভগ্নী ও ভ্রাতাগণের সম্বর্দ্ধনাতেই সর্ব্বদা বিব্রত হইবে। এবং তাহাদের মন্ত্রণাই হৃদয়ে বিশেষ আদরণীয় হইবে॥

নিত্যমুদ্বিগ্নমনসো দুর্ভিক্ষকরকর্ষিতাঃ ।
নিরন্নে ভূতলে রাজন্ননাবৃষ্টিভয়াতুরাঃ ॥ ৩৪ ॥
বাসোঽন্নপান-শয়ন-ব্যবায়-স্নান-ভূষণৈঃ ।
হীনাঃ পিশাচ-সন্দর্শা ভবিষ্যন্তি কলৌ প্রজাঃ ॥ ৩৫ ॥
কলৌ কাকিণিকেঽপ্যর্থে বিগৃহ্য ত্যক্তসৌহৃদাঃ ।
ত্যক্ষ্যন্তি হি প্রিয়ান্ প্রাণান্ হনিষ্যন্তি স্বকানপি ॥

অন্বয়ঃ ।

হে রাজন্ ! ভূতলে নিরন্নে সতি অনাবৃষ্টি-ভয়াতুরাঃ (অনাবৃষ্টি-ভয়েন চ আতুরাঃ কাতরাঃ) দুর্ভিক্ষ-কর-কর্ষিতাঃ (দুর্ভিক্ষেণ রাজকরেণ চ কর্ষিতাঃ) পীড়িতাঃ প্রজাঃ নিত্যং উদ্বিগ্নমনসঃ ভবিষ্যন্তি ॥ ৩৪ ॥

কলৌ বাসোঽন্নপান-শয়ন-ব্যবায়-স্নান-ভূষণৈঃ হীনাঃ প্রজাঃ পিশাচ-সন্দর্শাঃ পিশাচসদৃশাঃ ভবিষ্যন্তি ॥ ৩৫ ।

কলৌ কাকিণিকে বিংশতি বরাটিকামাত্রে, অত্যল্পে অপি অর্থে বিষয়ে বিগৃহ্য বিরোধং কৃত্বা, ত্যক্ত-সৌহৃদাঃ সন্তঃ স্বকান্ স্বজনান্ হনিষ্যন্তি ; তত্র অসমর্থাঃ চেৎ প্রিয়ান্ প্রাণান্ ত্যক্ষ্যন্তি ॥

শ্রীধরস্বামী ।

ভার্য্যাভ্রাতরঃ তৈঃ সম্বাদো মন্ত্রালোচনং যেষাং তে ননন্দুরিতি বা পাঠঃ ॥ ৩৪ ॥
পিশাচসন্দর্শাঃ পিশাচ-সদৃশাঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ননন্দরোঽত্র ভার্য্যাভগিন্যঃ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

প্রকৃত ধর্ম্মজ্ঞান-বিমূঢ় শূদ্র-জাতি তাপসের বেশ ধারণে ব্যাসাদি ধর্ম্ম-বক্তৃগণের উচ্চাসনে সভামধ্যে আরোহণ করত, ধর্ম্ম-বিষয়ের উপদেশ প্রদান করিবে এবং তদুপলক্ষে দানাদি গ্রহণ করত জীবনোপায় সংগ্রহ করিবে ॥

হে রাজন্ ! ধরাধাম অন্নশূন্য হইলে, অনাবৃষ্টি প্রভৃতি উৎপাত ভয়ে কাতর প্রজাবর্গ দুর্ভিক্ষ এবং রাজকরে প্রপীড়িত হইয়া সর্ব্বদা উদ্‌ভ্রান্ত-চিত্তে অবস্থান করিবে ।। ৩৪ ॥

অহো ! কলিযুগে অন্ন, বস্ত্র, পান, শয্যা, পত্নীসুখ, স্নান এবং ভূষণাদি ভোগোপকরণে বঞ্চিত হইয়া, লোক সকল পিশাচের ন্যায় পরিভ্রমণ করিবে ॥৩৫

অধিক কি ! বিংশতি বরাটিকা মাত্র মূল্যের সম্পত্তির জন্য কলহ করত আত্মীয়গণের সহিত বিচ্ছেদ করিয়া, তাহাদের প্রাণ বধ করিবে ; নতুবা আপনারা আত্মহত্যা করিবে ।।

প্রবল কলিযুগে শিশ্নোদর-পরায়ণ নীচাশয় মানবগণ বৃদ্ধ পিতা মাতা

ন রক্ষিষ্যন্তি মনুজাঃ স্থবিরৌ পিতরাবপি।
পুত্রান্ ভার্য্যাঞ্চ কুলজাং ক্ষুদ্রাঃ শিশ্নোদরম্ভরাঃ॥ ৩৬॥
কলৌ ন রাজন্ জগতাং পরং গুরুং ত্রিলোকনাথানতপাদপঙ্কজং।
প্রায়েণ মর্ত্ত্যা ভগবন্তমচ্যুতং যক্ষ্যন্তি পাষণ্ডবিভিন্নচেতসঃ॥ ৩৭॥
যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ পতন্ স্খলন্ বা বিবশো গৃণন্ পুমান্।
বিমুক্তকর্ম্মার্গল উত্তমাং গতিং প্রাপ্নোতি যক্ষ্যন্তি ন তং কলৌ জনাঃ॥৩৮॥

অন্বয়ঃ।

শিশ্নোদরম্ভরাঃ অতঃ ক্ষুদ্রাঃ নীচাঃ মনুজাঃ স্থবিরৌ বৃদ্ধৌ পিতরৌ পুত্রান্ কুলজাং ভার্য্যাং চ ন রক্ষিষ্যন্তি। ৩৬॥

কলৌ মর্ত্ত্যাঃ পাষাণ্ড-বিভিন্ন-চেতসঃ (পাষণ্ডৈঃ বেদবিরুদ্ধমার্গৈঃ ভিন্নচেতসঃ সন্তঃ) ত্রিলোকনাথৈঃ ব্রহ্মাদিভিঃ আনতং নমস্কৃতং পাদপঙ্কজং যস্য তং) জগতাং পরং গুরুং পূজ্যং অচ্যুতং ভগবন্তং ন প্রায়েণ যক্ষ্যন্তি॥ ৩৭॥

ম্রিয়মাণঃ আতুরঃ পুমান্ বিবশঃ পতন্ স্খলন্ বা যস্য ভগবতঃ নামধেয়ং গৃণন্ উচ্চারয়ন্ বিমুক্ত-কর্ম্মার্গলঃ (বিমুক্তাঃ কর্ম্মরূপাঃ অর্গলাঃ প্রতিবন্ধাঃ যস্য তথাভূতঃ সন্) উত্তমাং গতিং বৈকুণ্ঠলোকাদিকং প্রাপ্নোতি কলৌ জনাঃ তং ভগবন্তং অপি ন যক্ষ্যন্তি। ৩৮॥

শ্রীধরস্বামী।

কাকিণিকে বিংশতি বরাটকমাত্রেঽপ্যর্থে বিষয়ভূতে বিগৃহ্য বৈরং কৃত্বা॥ ৩৬॥

মহাত্তমনর্থমাহ কলাবিতি দ্বাভ্যাং ত্রিলোকনাথৈরানতং নমস্কৃতং পাদপদ্মং যস্য তং ন যক্ষ্যন্তি ন পূজয়িষ্যন্তি পাষণ্ডৈর্বিভিন্নমন্যথা কৃতং চেতো যেষাং তে। ৩৭॥

বিবশো গৃণন্ বিমুক্তাঃ কর্ম্মরূপাঃ অর্গলাঃ প্রতিবন্ধা যস্য সঃ। ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কাকিণিকে বিংশতিবরাটিকামাত্রেঽপি অর্থে বিষয়ে বিগৃহ্য কলহং কৃত্বা। ৩৬।

কিঞ্চ। কলেঃ সন্ধ্যানন্তরং তু মহাত্তমনর্থমাহ কলাবিতি দ্বাভ্যাং। ৩৭। ৩৮।

কুলবধূ বা পুত্রকে পর্য্যন্ত প্রতিপালনে স্বীকার করিবে না॥ ৩৬।

বেদ-বিরুদ্ধ পাষণ্ডগণের মতাশ্রয়ে উদ্‌ভ্রান্তচিত্ত মানবগণ ব্রহ্মাদি লোক-পালগণ কর্ত্তৃক পূজিত-চরণ ত্রিলোক-তারণ ভগবান্ অনন্তদেবেরও আর আরাধনা করিবে না॥ ৩৭॥

অহো! মুমূর্ষু আতুর ব্যক্তি বিবশভাবে পতিত বা স্খলিত অবস্থায় যে ভগবানের নামটী মাত্র উচ্চারণ করিয়া, কর্ম্ম-বন্ধনের হস্ত হইতে নিষ্কৃতি লাভে সর্ব্বোৎকৃষ্ট বৈকুণ্ঠলোকে গমন করে, এই ভীষণ কলিযুগে তাহারা সেই ভগবানের নাম পর্য্যন্তও গ্রহণ করিবে না॥ ৩৮॥

পুংসাং কলিকৃতান্ দোষান্ দ্রব্যদেশাত্মসম্ভবান্।
সর্ব্বান্ হরতি চিত্তস্থো ভগবান্ পুরুষোত্তমঃ॥
শ্রুতঃ সংকীর্ত্তিতো ধ্যাতঃ পূজিতশ্চাদৃতোঽপি বা।
নৃণাং ধুনোতি ভগবান্ হৃৎস্থো জন্মাযুতাশুভং॥ ৩৯॥
যথা হেম্নি স্থিতো বহ্নি দুর্ব্বর্ণং হন্তি ধাতুজং।
এবমাত্মগতো বিষ্ণুর্যোগিনামশুভাশয়ং॥ ৪০॥

অন্বয়ঃ।

পুরুষোত্তমঃ ভগবান্ চিত্তস্থঃ সন্ পুংসাং কলিকৃতান্ দ্রব্য-দেশাত্ম-সম্ভবান্ দ্রব্যদেশৌ আত্মা বিষয়াসক্তং মনঃ, তৈঃ সম্ভবান্ সর্ব্বান্ দোষান্ হরতি॥

শ্রুতঃ সংকীর্ত্তিতঃ ধ্যাতঃ পূজিতঃ আদৃতঃ বা ভগবান্ হৃৎস্থঃ নৃণাং জন্মাযুতস্য অশুভং ধুনোতি হরতি॥ ৩৯॥

যথা হেম্নি স্থিতঃ বহ্নিঃ ধাতুজং তাম্রাদি ধাতু-সংশ্লেষেণ জাতং হেম্নঃ দুর্ব্বর্ণং হন্তি এবং আত্মনি মনসি গতঃ বিষ্ণুঃ যোগিনাং অশুভাশয়ং হন্তি॥ ৪০॥

শ্রীধরস্বামী।

তদেবং কলিদোষান্ প্রপঞ্চ্য প্রস্তুতং তন্নিস্তারোপায়মাহ পুংসামিতি ষড়্‌ভিঃ। দ্রব্যদেশাত্মভিঃ সম্ভবো যেষাং তান্। চিত্তস্থঃ চিত্তে স্ফুরিতঃ॥ ৩৯॥

অয়মেবোপায়ঃ নান্য ইতি সদৃষ্টান্তমাহ যথেতি ধাতুজং তাম্রাদিসংশ্লেষজাতং হেম্নো দুর্ব্বর্ণং মালিন্যং তত্র স্থিতো বহ্নিরেব হরতি নতু তোয়াদি এবং যোগিনামপি বিষ্ণুরেব নতু যোগাদিকমিত্যর্থঃ॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তং কেনোপায়েন কলিদোষান্ নাশয়িষ্যন্তি তত্রোত্তরমাহ পুংসামিতি। দ্রব্যদেশমনঃসু শুদ্ধভাবেন সম্ভবো যেষাং তান্। চিত্তস্থঃ স্মৃতঃ সন্ ন কেবলমেতানেব দোষান্ হরতি অপি তু প্রাচীনার্জ্জিতমপি সর্ব্বমপি পাপমিত্যাহ শ্রুত ইতি॥ ৩৯॥

কিঞ্চান্তঃকরণশুদ্ধৌ ভগবৎস্মরণাদিরেবোপায়ো নান্য ইতি সদৃষ্টান্তমাহ যথেতি। ধাতুজং তাম্রাদিসংশ্লেষজাতং হেম্নো দুর্ব্বর্ণং মালিন্যং তত্র স্থিতো বহ্নিরেব হরতি নতু তোয়াদি। এবং যোগিনামপি বিষ্ণুরেব নতু যমনিয়মাদিকং॥ ৪০॥

দ্রব্য বা দেশের দোষে মানবের চিত্তে কলি কর্ত্তৃক যে সকল দোষ সমুৎপন্ন হয়, পুরুষোত্তম ভগবান্ একবার সেই চিত্তে প্রবিষ্ট হইলে, কলির সকল দোষ বিনষ্ট করেন, সন্দেহ নাই॥ ৩৯॥

তাঁহার নাম শ্রবণ, গুণ-কীর্ত্তন, রূপের চিন্তা এবং চরণ পূজা বা প্রেমার্দ্র-হৃদয়ে আপন জ্ঞানে তাঁহাকে সম্বোধন মাত্র করিলে, সেই হৃষীকেশ হৃদয়ে উদিত হন এবং অযুত জন্মকৃত পাপরাশি নিমেষ মাত্রে নির্ম্মূলিত করেন॥

বিদ্যা তপঃ প্রাণনিরোধমৈত্রী-তীর্থাভিষেক-ব্রতদানজপ্যৈঃ।
নাত্যন্তশুদ্ধিং লভতেঽন্তরাত্মা যথা হৃদিস্থে ভগবত্যনন্তে॥
তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ হৃদিস্থং কুরু কেশবং।
ম্রিয়মাণো হ্যবহিত স্ততো যাতি পরাং গতিং॥ ৪১॥
ম্রিয়মাণৈরভিধ্যেয়ো ভগবান্ পরমেশ্বরঃ।

অন্বয়ঃ।

অনন্তে ভগবতি হৃদিস্থে সতি অন্তরাত্মা যথা অত্যন্ত-শুদ্ধিং লভতে তথা বিদ্যাদিভিঃ ন লভতে।

হি যস্মাৎ অবহিতঃ তদ্ধ্যানপরঃ ম্রিয়মাণঃ ততঃ ভগবদ্ধ্যানাৎ এব পরাং গতিং যাতি। তস্মাৎ হে রাজন্! সর্ব্বাত্মনা কেশবং হৃদিস্থং কুরু।॥ ৪১॥

সর্ব্বাত্মা সর্ব্বসম্ভবঃ পরমেশ্বরঃ ভগবান্ ম্রিয়মাণৈঃ অভিধ্যেয়ঃ সন্ আত্মভাবং স্বস্বরূপং

শ্রীধরস্বামী।

এতদেব বিবৃণোতি বিদ্যেতি বিদ্যা দেবতোপাসনা॥ ৪১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদ্বিবৃণোতি বিদ্যেতি॥

যতো ম্রিয়মাণো হ্যজামিলাদিসদৃশোঽপি জনঃ। অবহিতঃ ন বিদ্যতে বহিতং অবহিতং অবধানং যস্য তথাভূতোঽপি ততঃ কেশবাৎ যথাকথঞ্চিদপি স্মৃতাৎ॥ ৪১॥

অভিধ্যেয়ঃ ধ্যাতুং শক্যশ্চেত্তদা আত্মভাবং আত্মনি প্রেমাণং নয়তি তান্ প্রাপয়তি নম্ন তৎসময়ে ভগবদ্ধ্যানং তেষাং কথং জ্ঞেয়ং স্যাত্তত্রাহ সর্ব্বাত্মা। লোকা ন জানন্ত নাম স তু

অহো! তাম্রাদি ধাতুর সংস্রবে উপচিত সুবর্ণের বিবর্ণ যেমন অগ্নি অন্তঃস্থ হইয়া বিদূরিত করে, ভগবান্ বিষ্ণু যোগিজনের হৃদয়ে প্রবিষ্ট হইয়া, সেইরূপ তাঁহাদের চিত্তস্থ দূরিত-রাশির নির্হরণ করিয়া থাকেন॥ ৪০॥

অনন্তদেব ভগবান্ নারায়ণ অন্তরে প্রবিষ্ট হইলে, অন্তরাত্মা যেমন নির্ম্মল-ভাব ধারণ করে, সেইরূপ চিত্তশুদ্ধি অন্য কোন উপায়ে হয় না। ব্রহ্ম-বিচার-রূপ বিদ্যা, তপস্যা, প্রাণায়াম এবং মৈত্রী প্রভৃতি রাজযোগ, তীর্থসেবা, একাদশ্যাদি ব্রত, দান বা মন্ত্র জপাদির দ্বারা সেরূপ চিত্ত-নৈর্ম্মল্য কিছুতেই প্রাপ্ত হওয়া যায় না॥

ভগবানকে চিন্তা করিতে করিতে প্রাণত্যাগ করিলে, যখন পরম গতি লাভ হয়, তখন সর্ব্বান্তঃকরণে হে রাজন! ভগবান্ কেশবকেই হৃদয়ে ধারণ করুন।॥ ৪১॥

সর্ব্ব-কারণ-কারণ সর্ব্বান্তর্যামী অখিলপতি নারায়ণকে যে ব্যক্তি কেবল

আত্মভাবং নয়ত্যঙ্গ সর্ব্বাত্মা সর্ব্বসম্ভবঃ ॥ ৪২ ॥
কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥ ৪৩ ॥
কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ।

অন্বয়ঃ

প্রতি হে অঙ্গ! নয়তি! ॥ ৪২ ॥

হে রাজন্! দোষনিধেঃ দোষবহুলস্য, কলেঃ হি একঃ মহান্ গুণঃ অস্তি। যৎ কৃষ্ণস্য কীর্ত্তনাৎ এব মুক্তবন্ধঃ সন নরঃ পরং পদং ব্রজেৎ ॥ ৪৩ ॥

কৃতে সত্যযুগে, বিষ্ণুং ধ্যায়তঃ, ত্রেতায়াং মখৈঃ যজ্ঞৈঃ, যজতঃ দ্বাপরে পরিচর্য্যায়াং যৎ

শ্রীধরস্বামী।

আত্মভাবং স্বস্বরূপং ॥ ৪২ ॥

ইদানীং কলিং স্তৌতি কলের্দোষনিধে রাজন্নিতি দ্বাভ্যাং ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জানাত্যেবেত্যর্থঃ। নমু কথং সকৃদ্ধ্যানমাত্রাদেব প্রেমাণং দদাতি তত্রাহ। সর্ব্বেষাং সাধ্যানাং সাধনানাঞ্চ সম্ভবো যস্মাৎ সঃ। মহোদারস্য তস্য কিমেতচ্চিত্রমিতি ভাবঃ ॥ ৪২ ॥

ইদানীং কলেঃ সর্ব্বেভ্যোঽপি যুগেভ্যঃ শ্রৈষ্ঠ্যমাহ কলেরিতি দ্বাভ্যাং। দোষাণাং নিধেরপি কলেরেকো গুণো রাজন্নস্তি বিরাজমানো বাস্তি। যথা এক এব রাজা অসংখ্যানপি দস্যূন্ হন্তি তথৈবৈক এব গুণঃ সর্ব্বানপ্যুক্তলক্ষণদোষান্ হন্তীতি ভাবঃ। স এব কস্তত্রাহ কীর্ত্তনাদেবেতি নাত্র ধ্যানাদেরপ্যপেক্ষেত্যর্থঃ। যদ্বা। কীর্ত্তনাদেব কিমুত কীর্ত্তনসহিতধ্যানাদিভ্যঃ। পরং সর্ব্বোৎকৃষ্টং পুরুষার্থং প্রেমাণং ॥ ৪৩ ॥

সর্ব্বযুগগতানি ভগবৎপ্রাপ্তিসাধনানি কলিরেকএব দদাতি তত্রাপি স্বসম্ভবাদেকস্মাৎ সর্ব্ব-

প্রাণ-প্রয়াণ কালে একবার মাত্র হৃদয়ে ধারণ করিতে পারে, আর তাহার অমঙ্গলের ভয় থাকে না। ভক্তবৎসল ভগবান্ তাহাকে স্বকীয় পরমার্থ ভাব প্রদানে চির নির্বৃত করিয়া থাকেন ॥ ৪২ ॥

হে রাজন্! কলিযুগকে দোষের সাগর বলিয়া স্বীকার করিলেও, এমন একটী প্রধান গুণ তাহার আছে! যাহার অনুরোধে অন্যান্য যুগের অপেক্ষা উৎকৃষ্ট বলিলেও অত্যুক্তি হয় না। কারণ কলিযুগে ভগবান্ বাসুদেবের গুণ-কীর্ত্তন করিলেই জীব সংসার-বন্ধন হইতে মুক্তি লাভে পরম পদে গমন করে, সন্দেহ নাই ॥ ৪৩ ॥

অহো! সত্যযুগে প্রাণায়ামাদি যোগাঙ্গের অনুষ্ঠানে ভগবানকে ধ্যান করিলে যে ফল প্রাপ্ত হওয়া যায়, ত্রেতাযুগে ভূরি আয়োজনে বহুকাল ও আয়াস-সাধ্য জ্যোতিষ্টোমাদি যজ্ঞের সম্পাদনে যে ফল লাভ হয় এবং দ্বাপরে

দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে যুগানু-বর্ণনং নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

কালস্তে পরমাণ্বাদির্দ্বিপরার্দ্ধাবধি নৃপ।

অন্বয়ঃ।

ফলং ভবতি কলৌ হরিকীর্ত্তনাৎ এব তৎ ফলং ভবতি ॥ ৫৪ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥

শ্রীশুকঃ উবাচ। হে নৃপ! পরমাণ্বাদিঃ দ্বিপরার্দ্ধাবধিঃ কালঃ তে কথিতঃ; তথা যুগমানং

শ্রীধরস্বামী।

তৎ সর্ব্বং হরিকীর্ত্তনাদেব কলৌ ভবতি ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থেতু চতুর্দ্ধোক্তা লয়া নৈমিত্তিকাদয়ঃ।

তত্র সংসারনিস্তারো হরিকীর্ত্ত্যৈব বর্ণ্যতে ॥ * ॥

কলিদোষনিবর্ত্তকং হরিনামসংকীর্ত্তনাদিকং স এব চ কলৌ পরমো ধর্ম্ম ইতি প্রশ্নদ্বয়স্যোত্তরমুক্তং বক্তান্যৎ পৃষ্টং প্রলয়কারণমিদং ব্রহীতি তদিদানীং তৃতীয়স্কন্ধোক্তকালানুবাদপূর্ব্বকং নিরূপয়তি কাল ইতি। স কালঃ পরমাণুর্বৈ যো ভুঙ্ক্তে পরমাণুতাং ইত্যাদিনা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুগমাং কীর্ত্তনাদেব যদাতীত্যাহ কৃতে ইতি। তৎ সর্ব্বং হরিকীর্ত্তনাদেব ভবতি ॥ ৫৪ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

দ্বাদশে তৃতীয়োঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

নৈমিত্তিকাদ্যান্ প্রলয়াংশ্চতুর্থে চতুরঃ ক্রমাৎ।

উক্ত্বোপসংজহার শ্রীশুকঃ কৃষ্ণকথামৃতং ॥ * ॥

বিবিধ আয়োজনে অর্চ্চনার দ্বারা যে সিদ্ধি লাভ করা যায়, কলিযুগে কেবল শ্রীহরির সংকীর্ত্তনেই সেই ফল প্রাপ্ত হওয়া যায়, সন্দেহ নাই ॥ ৫৪ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত তৃতীয় অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শুকদেব বলিলেন, হে রাজন্! পরমাণু হইতে দ্বিপরার্দ্ধ অবধি কালের পরিমাণ এবং সত্যাদি যুগ চতুষ্টয়ের পরিমাণ আপনার নিকট কীর্ত্তন

আভাস।

চতুর্থ অধ্যায়ে নৈমিত্তিকাদি চারি প্রকার প্রলয়-কথন পূর্ব্বক হরি-কীর্ত্তন দ্বারা সংসার-নিস্তারের উপায় বর্ণন ॥

কথিতো যুগমানঞ্চ শৃণু কল্পলয়াবথ ॥ ১ ॥
চতুর্যুগসহস্রন্তু ব্রহ্মণো দিনমুচ্যতে ।
স কল্পো যত্র মনব শ্চতুর্দ্দশ বিশাংপতে ॥ ২ ॥
তদন্তে প্রলয়স্তাবান্ ব্রাহ্মী রাত্রিরুদাহৃতা ।
ত্রয়ো লোকা ইমে যত্র কল্পন্তে প্রলয়ায় হি ॥ ৩ ॥
এষ নৈমিত্তিকঃ প্রোক্তঃ প্রলয়ো যত্র বিশ্বসৃক্ ।

অন্বয়ঃ ।

চ কথিতং ; অথ কল্পলয়ৌ শৃণু ! ॥ ১ ॥

চতুর্যুগসহস্রং তু ব্রহ্মণঃ দিনং উচ্যতে সঃ দৈনন্দিনঃ কল্পঃ যত্র হে বিশাম্পতে ! চতুর্দ্দশঃ মনবঃ ভবন্তি । (মন্বন্তর-মানং তু যুগানাং একসপ্ততিঃ) ॥ ২ ॥

তদন্তে তাবান্ চতুর্যুগ-সহস্র-প্রমাণঃ নৈমিত্তিকঃ প্রলয়ঃ ; সা ব্রাহ্মী রাত্রিঃ ; যত্র ত্রয়ঃ লোকাঃ প্রলয়ায় কল্পন্তে ॥ ৩ ॥

এষঃ নৈমিত্তিকঃ প্রলয়ঃ প্রোক্তঃ যত্র যদা বিশ্বসৃক্ অনন্তাসনঃ শ্রীনারায়ণঃ বিশ্বং আত্মসাৎ

শ্রীধরস্বামী ।

কালঃ কথিতঃ । চত্বারি ত্রীণি দ্বে চৈকং কৃতাদিষু যথাক্রমং । সংখ্যাতানি সহস্রাণি দ্বিগুণানি শতানি চ । ইতি যুগমানঞ্চ কথিতং ॥ ১ ॥

তত্র কল্পমানমাহ চতুর্যুগ ইতি । যত্র চতুর্দ্দশমনবঃ ক্রমেণ ভবন্তি ॥ ২ ॥

প্রলয়স্তু চতুর্বিধঃ ; নৈমিত্তিকঃ প্রাকৃতিক আত্যন্তিকো নিত্যশ্চেতি । তত্র নৈমিত্তিকং প্রলয়ং মান-সহিতমাহ তদন্ত ইতি দ্বাভ্যাং তাবান্ চতুর্যুগসহস্রপ্রমাণঃ সৈব ব্রাহ্মী রাত্রিঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যচ্চ পৃষ্টং প্রলয়কল্পয়োর্মানং ব্রূহীতি তত্র তৃতীয়স্কন্ধোক্তকালানুবাদপূর্ব্বকমাহ কাল ইতি ॥ ১ ॥ ২ ॥ তাবান্ চতুর্যুগসহস্রপ্রমাণঃ ॥ ৩ ॥

করিয়াছি । সম্প্রতি সৃষ্টিকাল ও প্রলয়ের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ করুন । ॥ ১ ॥

পূর্ব্বোক্ত সত্যাদি যুগ চতুষ্টয়ের সহস্রাবৃত্তিতে ব্রহ্মার এক দিনমান হয় ; এবং ইহাতে দৈনন্দিন কল্প (অর্থাৎ ব্রহ্মার কল্পিত সৃষ্টির পরিচয় হয়) এবং এই ব্রহ্মার এক দিবাভাগে ক্রমান্বয়ে চতুর্দ্দশ মনুর অবস্থিতি কাল ঘটে ; সুতরাং এক এক মন্বন্তরে এক সপ্ততি চতুর্যুগ অতীত হয় ॥ ২ ॥

দিবাভাগের ন্যায় পুনরায় সহস্র যুগ-চতুষ্টয়ের পরিমিত কালে ব্রহ্মার এক রাত্রি হয় । ব্রহ্মার এই রাত্রির নাম নৈমিত্তিক প্রলয় ; সে সময়ে ব্রহ্মার সৃষ্ট এই ভুবনত্রয় প্রলয়ে প্রলীন হয় ॥ ৩ ॥

শেতেঽনন্তাসনো বিশ্বমাত্মসাৎকৃত্য চাত্মভূঃ ॥ ৪ ॥
দ্বিপরার্দ্ধেত্বতিক্রান্তে ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ।
তদা প্রকৃতয়ঃ সপ্ত কল্পন্তে প্রলয়ায় বৈ ॥ ৫ ॥
এষ প্রাকৃতিকো রাজন্ প্রলয়ো যত্র লীয়তে।

অন্বয়ঃ।

কৃত্য স্বস্মিন্ উপসংহৃত্য শেতে; আত্মভূঃ ব্রহ্মা চ তস্মিন্ শেতে ॥ ৪ ॥

(অথ প্রাকৃতিকং প্রলয়মাহ) পরমেষ্ঠিনঃ ব্রহ্মণঃ দ্বিপরার্দ্ধে আয়ুষি অতিক্রান্তে গতে সতি (মহদহঙ্কার-পঞ্চতন্মাত্র রূপাঃ) সপ্ত প্রকৃতয়ঃ প্রলয়ায় কল্পন্তে ॥ ৫ ॥

হে রাজন্! এষঃ প্রাকৃতিকঃ প্রলয়ঃ যত্র বিশ্বাতে বিশ্বাতকারণে উপসাদিতে সতি সপ্ত-

শ্রীধরস্বামী।

নৈমিত্তিকং দর্শয়তি যত্র যদা বিশ্বসৃক্ শ্রীনারায়ণঃ বিশ্বমাত্মসাৎকৃত্য স্বস্মিন্নুপসংহৃত্য শেতে আত্মভূ র্ব্রহ্মা চ তস্মিন্ শেতে তয়োরভেদবিবক্ষয়া ব্রহ্মণ এব বানন্তাসনত্বমুক্তং। ব্রহ্মণো নিদ্রাং নিমিত্তীকৃত্য প্রবর্ত্তমানো লোকত্রয়প্রলয়ো নৈমিত্তিক ইত্যর্থঃ ॥ ৪ ॥

প্রাকৃতিকং প্রলয়মাহ দ্বাভ্যাং দ্বিপরার্দ্ধেতু ব্রহ্মণ আয়ুষি সপ্ত প্রকৃতয়ঃ মহদহঙ্কার পঞ্চ-তন্মাত্রাণি ॥ ৫ ॥

সপ্তাতঃ মহদাদিকার্য্যভূতঃ প্রকৃতীনাং তৎকার্য্যব্রহ্মাণ্ডস্য চ লয়াৎ প্রাকৃতিক ইত্যর্থঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রলয়াশ্চত্বার স্তত্রৈব প্রলয়ো নৈমিত্তিকঃ প্রথমঃ। বিশ্বসৃক্ নারায়ণঃ আত্মসাৎকৃত্য স্বস্মিন্নুপসংহৃত্য শেতে। আত্মভূ র্ব্রহ্মা চ তস্মিন্ প্রবিশ্য শেতে। অতএব ব্রহ্মণো নিদ্রাং নিমিত্তীকৃত্য প্রবর্ত্তমানো লোকত্রয়-প্রলয়ো নৈমিত্তিকঃ এষ এব দৈনন্দিন-শব্দবাচ্যশ্চ ॥ ৪ ॥

প্রাকৃতিকং প্রলয়মাহ। দ্বিপরার্দ্ধে স্থিতি দ্বাভ্যাং। আদ্যঃ পরার্দ্ধোপক্রান্ত এব দ্বিতীয়েঽপি পরার্দ্ধে অতিক্রান্তে সতি ব্রহ্মণ আয়ুঃসমাপ্তৌ সত্যাং সপ্ত প্রকৃতয়ো মহদহঙ্কার-তন্মাত্র-পঞ্চকানি ॥ ৫ ॥

প্রকৃতেঃ সকাশাদুদ্ভূতবস্তূনাং প্রকৃতাবেব প্রবেশাৎ প্রকৃতিকঃ সপ্তাতঃ। মহদাদিতত্ত্ব-

---

এই নৈমিত্তিক প্রলয়ে বিশ্বস্রষ্টা ভূতভাবন নারায়ণ অনন্ত-শয্যায় অবস্থান পূর্ব্বক বিশ্ব সংসারকে স্বকীয় স্বরূপে উপসংহার করত নিদ্রিত হন এবং তৎকালে ব্রহ্মাও সেই আসনে নিদ্রিত হন ॥ ৪ ॥

হে রাজন্! এই প্রকার দিবা ও রাত্রি লইয়া, যখন ব্রহ্মার দ্বিপরার্দ্ধ কাল পরিমিত সম্বৎসরের অতিক্রান্তে পরমায়ুর সমাপ্তি ঘটে, তখন মহত্তত্ত্ব অহঙ্কার এবং শব্দাদি পঞ্চতন্মাত্র লইয়া সপ্ত প্রকৃতি প্রতিলোম পরিণামে মূলা প্রকৃতিতে অভিন্নভাবে প্রলীন হয় ॥ ৫ ॥

পদার্থ বা তত্ত্বনিচয়ের পরস্পর প্রভেদ থাকিবার কারণ উন্মোচিত হইলে,

অণ্ডকোষস্তু সংঘাতো বিঘাত উপসাদিতে ॥ ৬ ॥
পর্জন্যঃ শতবর্ষাণি ভূমৌ রাজন্ন বর্ষতি।
তদা নিরন্নে হ্যন্যোহন্যং ভক্ষ্যমাণাঃ ক্ষুধার্দ্দিতাঃ ॥
ক্ষয়ং যাস্যন্তি শনকৈঃ কালেনোপদ্রুতাঃ প্রজাঃ ॥ ৭ ॥
সামুদ্রং দৈহিকং ভৌমং রসং সম্বর্ত্তকো রবিঃ।
রশ্মিভিঃ পিবতে ঘোরৈঃ সর্ব্বং নৈব বিমুঞ্চতি ॥ ৮ ॥

অন্বয়ঃ।

প্রকৃতীনাং সঙ্ঘাতঃ কার্য্যরূপঃ অণ্ডকোষঃ লীয়তে ॥ ৬ ॥

হে রাজন্! পর্জন্যঃ ভূমৌ শতবর্ষাণি ন বর্ষতি; তদা নিরন্নে ভূমৌ কালেন উপদ্রুতাঃ ক্ষুধার্দ্দিতাঃ অতঃ অন্যোহন্যং ভক্ষ্যমাণাঃ প্রজাঃ শনকৈঃ ক্ষয়ং যাস্যন্তি ॥ ৭ ॥

ততঃ সম্বর্ত্তকঃ রবিঃ ঘোরৈঃ রশ্মিভিঃ সামুদ্রং (সমুদ্রে ভবং) দৈহিকং ভৌমং চ সর্ব্বং রসং পিবতে আকর্ষতি, নতু বিমুঞ্চতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

বিঘাতে বিঘাতকারণে উপসাদিতে সতি ॥ ৬ ॥

তদেবাহ পর্জন্য ইত্যাদিনা বুদ্ধীন্দ্রিয়ার্থরূপেণ ইত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন ॥ ৭ ॥

সামুদ্রাদিকং সর্ব্বং রসং রবিঃ পিবতে আকর্ষতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমূহ এবাণ্ডকোষঃ। বিঘাতে বিঘাতকালে উপসন্নে সতি ॥ ৬ ॥

তত্র প্রকারমাহ পর্জন্য ইতি ॥ ৭ ॥　　পিবতে আকর্ষতি ॥ ৮—১০ ॥

এই প্রাকৃতিক লয়কালে উক্ত সপ্ত প্রকৃতির পরস্পর সম্বন্ধে প্রস্তুত এই ব্রহ্মাণ্ড-রূপ বিরাট্ কার্য্যভাব আর থাকে না। ইহাদের পৃথক্ অস্তিত্বভাবের অপলোপে সমস্ত একাকারে সেই মূলা প্রকৃতিতেই বিলীন হয় ॥ ৬ ॥

হে রাজন্! উক্ত প্রাকৃতিক প্রলয়ের পর্য্যায়ক্রমে বিপরিণামের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ করুন্। এই সময়ে মেঘ শত বৎসর পর্য্যন্ত আর বারি বর্ষণ করে না। সুতরাং শস্যাদির উৎপাদনের অভাবে লোক-সমূহ ক্রমশ ক্ষুধার্ত্ত হইয়া, পরস্পর পরস্পরকে ভোজন করায়, দিন দিন প্রজাক্ষয়ই উপস্থিত হইয়া থাকে ॥ ৭ ॥

সেই সময়ে সম্বর্ত্তক নামক সূর্য্য উদিত হইয়া, অতীব কঠোর খরতর রশ্মির প্রকাশে সমুদ্র, ভূমি এবং দেহাদি যাবতীয় পদার্থের রস নিরন্তর আকর্ষণ করিতে থাকেন; অথচ কিছুমাত্র বর্ষণ করিবেন না ॥ ৮ ॥

এদিকে সঙ্কর্ষণের মুখ হইতে নির্গত সম্বর্ত্তক নামে প্রলয়াগ্নি তীক্ষ্ণ বায়ুর

ততঃ সম্বর্ত্তকো বহ্নিঃ সঙ্কর্ষণ-মুখোত্থিতঃ।
দহত্যনিলবেগোত্থঃ শূন্যান্ ভূবিবরানথ ॥ ৯ ॥
উপর্য্যধঃ সমন্তাচ্চ শিখাভি র্বহ্নিসূর্য্যয়োঃ।
দহ্যমানং বিভাত্যণ্ডং দগ্ধগোময়পিণ্ডবৎ ॥ ১০ ॥
ততঃ প্রচণ্ডঃ পবনো বর্ষাণামধিকং শতং।
পরঃ সম্বর্ত্তকো বাতি ধূম্রং খং রজসাবৃতং ॥ ১১ ॥
ততো মেঘকুলান্যঙ্গ চিত্রবর্ণান্যনেকশঃ।

অন্বয়ঃ।

ততঃ সঙ্কর্ষণ-মুখোত্থিতঃ সম্বর্ত্তকঃ বহ্নিঃ অনিলবেগোত্থঃ বায়ুবেগোদ্ধতঃ সন্ শূন্যান্ অথ ভূবিবরান্ দহতি ॥ ৯ ॥

তদা উপর্য্যধঃ বহ্নি-সূর্য্যয়োঃ শিখাভিঃ সমন্তাৎ দহ্যমানং অণ্ড দগ্ধগোময়-পিণ্ডবৎ বিভাতি ॥ ১০ ॥

ততঃ কিঞ্চিদধিকং বর্ষাণাং শতং পরঃ বলীয়ান সম্বর্ত্তকঃ নাম প্রচণ্ডঃ নিষ্ঠুরঃ পবনঃ বাতি। তদা রজসা আবৃতং খং আকাশঃ ধূম্রং ভবতি ॥ ১১ ॥

হে অঙ্গ রাজন্! চিত্রবর্ণানি মেঘকুলানি অনেকশঃ শতং বর্ষাণি রভসস্বনৈঃ তীব্রগর্জ্জিতৈঃ,

শ্রীধরস্বামী।

অনিলবেগোত্থঃ বায়ুবেগোদ্ধতঃ। অনিলবেগো বারিতি পাঠে অনিলেন বেগো যস্য স বার্জলং রবিণা রশ্মিভিঃ পীতমুদকঞ্চ দহতীত্যর্থঃ। অনিলবেগো বাপীতি পাঠস্ত সুগমঃ ভূবিবরান্ পাতালাদীন্ শূন্যান্ রবিণা দৈহিকরসাকর্ষণাৎ প্রাণিরহিতান্ ॥ ৯ ॥

শিখাভির্জ্বালাভিঃ ॥ ১০ ॥

কিঞ্চিদধিকং বর্ষাণাং শতং সম্বর্ত্তকঃ পরো বায়ুর্বাতি তদা রজসাবৃতং খং ধূম্রং ভবতি ॥ ১১

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চিদধিকং বর্ষাণাং শতং ব্যাপ্য বাতি তদা রজসাবৃতং খং ধূম্রং ভবতি ॥ ১১—১৩ ॥

প্রেরণায় উত্তেজিত হইয়া, অন্তরীক্ষাদি শূন্যময় স্থান এবং ভূবিবরাদি দগ্ধ করিয়া ফেলিবেন ॥ ৯ ॥

তৎকালে উপরে সূর্য্য এবং নিম্নে বহ্নির জ্বালাজালে চতুর্দ্দিক্ প্রদগ্ধ হওয়ায়, ব্রহ্মাণ্ড দগ্ধ গোময়-পিণ্ডের ন্যায় পরিণত হইয়া থাকে ॥ ১০ ॥

তাহার পর শত বৎসরেরও কিঞ্চিৎ অধিক কাল ব্যাপিয়া সম্বর্ত্তক নামা কঠোর বায়ু অতীব খরতর বেগে প্রবাহিত হইয়া, নভোমণ্ডলকে ধূলি-ধূষরিত করিয়া সম্পূর্ণ ধূম্রবর্ণে পরিণত করিবে ॥ ১১ ॥

তদনন্তর বিচিত্র বর্ণের জলদ-পটল ভূরি পরিমাণে উদিত হইয়া, তীব্র

শতং বর্ষাণি বর্ষন্তি নর্দ্দন্তি রভসস্বনৈঃ ॥ ১২ ॥
ততঃ একোদকং বিশ্বং ব্রহ্মাণ্ডবিবরান্তরং।
তদা ভূমের্গন্ধগুণং গ্রসন্ত্যাপ উদপ্লবে ॥ ১৩ ॥
গ্রস্তগন্ধা তু পৃথিবী প্রলয়ত্বায় কল্পতে।
অপাং রসমথো তেজস্তা লীয়ন্তে চ নীরসাঃ ॥
গ্রসতে তেজসো রূপং বায়ুস্তদ্রহিতং তদা।
লীয়তে চানিলে তেজো বায়োঃ খং গ্রসতে গুণং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

নর্দ্দন্তি বর্ষন্তি ॥ ১২ ॥

ততঃ ব্রহ্মাণ্ড-বিবরান্তরং ব্রহ্মাণ্ডবিবর-মধ্যগতং বিশ্বং একোদকং একার্ণবোদব্যাপ্তং ভবতি। তদা উদকেন প্লাবিতে সতি ভূমেঃ গন্ধগুণং আপঃ গ্রসন্তি ॥ ১৩ ॥

গ্রস্তগন্ধা পৃথিবী প্রলয়ত্বায় কল্পতে; অপাং রসং তেজঃ গ্রসতে; তাঃ নীরসাঃ আপঃ তেজসি লীয়ন্তে ॥

ততঃ তেজসঃ রূপং বায়ুঃ গ্রসতে; ততঃ তদ্রহিতং রূপরহিতং তেজঃ তদা অনিলে লীয়তে; বায়োঃ গুণং স্পর্শং খং আকাশঃ গ্রসতে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

রভসস্বনৈস্তীব্রগর্জ্জিতৈঃ ॥ ১২ ॥

ব্রহ্মাণ্ডবিবরান্তরং ব্রহ্মাণ্ডবিবরমধ্যগতং বিশ্বং একোদকং একার্ণবোদকব্যাপ্তং ভবতি। উদপ্লবে উদকেন প্লাবিতে সতি ॥ ১৩ ॥ প্রলয়ত্বায় অভাবায় ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রলয়ত্বায় প্রকৃষ্টো লয়ো যস্যাঃ সা প্রলয়া তস্যা ভাবঃ প্রলয়ত্বং তস্মৈ নাশায় ইত্যর্থঃ। অপাং রসং তেজো গ্রসতি ॥ ১৪ ॥

গর্জ্জনে শত বৎসর পর্য্যন্ত ভূরি বর্ষণ করিবে ॥ ১২ ॥

সেই সময়ে ব্রহ্মাণ্ডের বিবর-মধ্যগত বিশ্ব-সংসার জলপ্লাবনে একাকার হইয়া যায়। এই প্রকারে সমগ্রা ধরণী জলে প্লাবিত হইলে, পৃথিবীর গন্ধগুণ জল হরণ করে ॥ ১৩ ॥

গন্ধগুণ জলে সম্মিলিত হইলে, ধরণী ক্রমশ জলে প্রলীন হইয়া যায়। তদনন্তর জলের রস-ভাগ তেজ গ্রাস করে; সুতরাং রসশূন্য জল তেজে প্রলীন হয় ॥

পরে তেজের রূপভাগ বায়ু হরণ করে; সুতরাং রূপশূন্য তেজ অনিলে উপসংহৃত হইয়া যায়। অনন্তর সেই বায়ুরও স্পর্শ-গুণ আকাশ হরণ করিয়া লয় ॥ ১৪ ॥

স বৈ বিশতি খং রাজংস্ততশ্চ নভসো গুণং।
শব্দং গ্রসতি ভূতাদির্নভস্তমনুলীয়তে॥ ১৫॥
তৈজসশ্চেন্দ্রিয়াণ্যঙ্গ দেবান্ বৈকারিকো গুণৈঃ।
মহান্ গ্রসত্যহঙ্কারং গুণাঃ সত্ত্বাদয়শ্চ তং॥ ১৬॥
গ্রসতেঽব্যাকৃতং রাজন্ গুণান্ কালেন চোদিতং॥ ১৭॥
ন তস্য কালাবয়বৈঃ পরিণামাদয়ো গুণাঃ।

অন্বয়ঃ।

ততঃ চ হে রাজন্! স্পর্শরহিতঃ বায়ুঃ খং আকাশং বিশতি। ততঃ নভসঃ গুণং শব্দং ভূতাদিঃ তামসাহঙ্কারঃ গ্রসতি। তং শব্দং অনু পশ্চাৎ নভঃ অপি তস্মিন্ লীয়তে॥ ১৫॥

গুণৈঃ বৃত্তিভিঃ সহিতানি ইন্দ্রিয়াণি তৈজসঃ রাজসাহঙ্কারঃ গ্রসতে; বৈকারিকঃ সাত্ত্বিকঃ অহঙ্কারঃ দেবান্ ইন্দ্রিয়াধিষ্ঠাতৄন্ গ্রসতে। তং ত্রিবিধং অহঙ্কারং মহান্ গ্রসতে; তং মহান্তং সত্ত্বাদয়ঃ গুণাঃ গ্রসন্তে॥ ১৬॥

কালেন চোদিতং অব্যাকৃতং প্রধানং গুণান্ গ্রসতে॥ ১৭॥

কালাবয়বৈঃ অহোরাত্রাদিভিঃ তস্য পরিণামাদয়ঃ গুণাঃ বিকারাঃ ন ভবন্তি। অনাদ্য-

শ্রীধরস্বামী।

ভূতাদিস্তামসোঽহঙ্কারঃ॥ ১৫॥ গুণৈর্বৃত্তিভিঃ সহ॥ ১৬॥ অব্যাকৃতং প্রধানং॥ ১৭॥

তস্য তু লয়ো নাস্তীত্যাহ ন তস্যেতি কালাবয়বৈরহোরাত্র্যাদিভিঃ গুণা ভাববিকারাঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী।

ভূতাদিস্তামসোঽহঙ্কারঃ। তৈজসোঽহঙ্কার ইন্দ্রিয়াণি গ্রসতি মহানহঙ্কারং গুণৈস্তদ্বৃত্তিভিঃ সহ গ্রসতি তং মহান্তং॥ ১৫॥ ১৬॥ অব্যাকৃতং প্রধানং॥ ১৭॥

তস্য প্রধানস্য কালাবয়বৈরহোরাত্রৈঃ পরিণামো বিপরিণামশ্চতুর্থো বিকারঃ অনাদীতি

হে রাজন্! এই প্রকারে স্পর্শ-রহিত বায়ু যখন আকাশে প্রলীন হয়, তখন নভোগুণ শব্দ ভূতকারণ তামস অহঙ্কার গ্রাস করিয়া লয়; সুতরাং শব্দানুগমনে আকাশ-তন্মাত্রও অহঙ্কারে লীন হইয়া যায়॥ ১৫॥

এদিকে বৃত্তি-সমন্বিত ইন্দ্রিয়গ্রাম রাজস অহঙ্কারে প্রলীন হয়; এবং সাত্ত্বিক অহঙ্কার সত্ত্বগুণ-বিজৃম্ভিত ইন্দ্রিয়গণের অধিষ্ঠাত্রী দেবতাগণকে আত্মসাৎ করিয়া লয়। এই সাত্ত্বিক, রাজসিক এবং তামসিক নামে ত্রিবিধ অহঙ্কারকে মহত্তত্ত্ব গ্রাস করে; এবং মহত্তত্ত্বকে গুণত্রয় গ্রাস করিয়া লয়॥১৬॥

পরিণামে এই সত্ত্ব, রজঃ এবং তমো নামক গুণত্রয়ও কাল কর্ত্তৃক প্রেরিত হইয়া, সর্ব্ব-কারণ-কারণ মূলা প্রকৃতি প্রধানে বৈচিত্র পরিহারে প্রবিষ্ট হইয়া যায়॥ ১৭॥

অনাদ্যনন্তমব্যক্তং নিত্যং কারণমব্যয়ং ॥ ১৮ ॥
ন যত্র বাচো ন মনো ন সত্ত্বং তমো রজো বা মহদাদয়োঽমী ।
ন প্রাণবুদ্ধীন্দ্রিয়দেবতা বা ন সন্নিবেশঃ খলু লোককল্পঃ ॥ ১৯ ॥
ন স্বপ্ন-জাগ্রন্ন চ তৎ সুষুপ্তং ন খং জলং ভূরনিলোঽগ্নিরর্কঃ ।
সংসুপ্তবচ্ছূন্যবদপ্রতর্ক্যং তন্মূলভূতং পদমামনন্তি ॥ ২০ ॥

অন্বয়ঃ ।

অনন্তং জন্মমৃত্যুশূন্যং অব্যক্তং নিত্যং অব্যয়ং অপক্ষয়শূন্যং কারণং চ ॥ ১৮ ॥

যত্র ব্রহ্মণি (জায়তে অস্তীতি) বাচঃ ন প্রবর্ত্ততে মনশ্চ ন নিশ্চিনোতি, সত্ত্বাদয়ঃ প্রাণাদয়শ্চ ন সন্তি লোককল্পঃ লোকসদৃশঃ সন্নিবেশঃ প্রাকৃতঃ দেহঃ চ নাস্তি ॥ ১৯ ॥

অতএব আকাশাদয়ঃ পৃথক্ অপি ন সন্তি ; অর্কঃ তৎপ্রকাশকঃ ন ভবতি । স্বপ্ন-জাগ্রদাদি অবস্থাযুক্তং তৎ ন ভবতি । তথা সুষুপ্তং ন ভবতি । কিন্তু সংসুপ্তবৎ শূন্যবৎ, অপ্রতর্ক্যং তন্মূলভূতং পদং শ্রুতয়ঃ আমনন্তি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

পরিণামঃ বিপরিণামঃ । অব্যক্তং অস্তিত্ববিকারশূন্যং নিত্যং সর্ব্বদৈকরূপং বৃদ্ধিরহিতমিত্যর্থঃ । অব্যয়ং অপক্ষয়শূন্যং সর্ব্বত্র হেতুঃ কারণমিতি ॥ ১৮ ॥

কিঞ্চ রাগাদি-গোচরস্য সাবশেষস্য বিকারা ভবন্তি ইদন্তু ন তথেত্যাহ ন যত্রেতি দ্বাভ্যাং লোককল্পঃ লোকরূপঃ সন্নিবেশো রচনাবিশেষঃ ॥ ১৯ ॥

স্বপ্নজাগ্রৎ স্বপ্নজাগরাবস্থাযুক্তং সুষুপ্তবৎ ইন্দ্রিয়াদ্যভাবাৎ শূন্যসাদৃশ্যে হেতুঃ অপ্রতর্ক্যং ন পুনঃ শূন্যমেবেত্যাহ তদিতি ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রথমো বিকারো জন্ম ন অনন্তমিত্যন্তো ন । অব্যক্তমিত্যস্তিত্বলক্ষণবিকারো ন । নিত্যং সদৈকরূপমিতি বৃদ্ধি র্ন । অব্যয়মিত্যপক্ষয়ো নেতি বিকার-ষট্কং নিষিদ্ধং ॥ ১৮ ॥

কিঞ্চ । রাগাদি-গোচরস্য সবিকারস্য বিকারা ভবন্তি । ইদন্তু ন তথেত্যাহ । ন যত্রেতি দ্বাভ্যাং । লোককল্পঃ লোকরূপঃ সন্নিবেশো রচনাবিশেষঃ ॥ ১৯ ॥ ২০ ॥

তখন কালের অবয়বভূত অহোরাত্রাদি গুণত্রয়ের পরিণাম-স্বরূপ বিকার-সমূহ আর থাকে না ; অনাদি অনন্ত সর্ব্ব-বিকার-বর্জ্জিত অব্যক্ত পরম কারণ নিত্য নিরঞ্জন অব্যয় ব্রহ্মমাত্র অবশিষ্ট থাকেন ॥ ১৮ ॥

যে পূর্ণ পরমাত্মাতে জন্ম, স্থিতি ও ভঙ্গাদি বাক্য-বিন্যাসের আর অবসর ঘটে না এবং মনও কোন লক্ষণাবৃত্তির দ্বারা তাঁহাকে নিরূপণ করিতে পারে না ; সত্ত্বাদি গুণত্রয় বা প্রাণনাদি চেষ্টার কোন প্রবৃত্তিই ঘটে না, বা লোকাদি স্থান ও প্রাকৃতিক দেহ যাহাতে পৃথক্‌ভাবে বিদ্যমান থাকে না ॥ ১৯ ॥

অতএব আকাশাদির পৃথক্ সত্তা যাহাতে নাই এবং তাঁহার প্রকাশার্থ

লয়ঃ প্রাকৃতিকো হ্যেষ পুরুষাব্যক্তয়োর্যদা।
শক্তয়ঃ সংপ্রলীয়ন্তে বিবশাঃ কালবিদ্রুতাঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

পুরুষাব্যক্তয়োঃ শক্তয়ঃ সত্ত্বাদয়ঃ কালেন বিদ্রুতাঃ চালিতাঃ সত্যঃ বিবশাঃ যথা তথা সংপ্রলীয়ন্তে তদা হি এষঃ প্রাকৃতিকঃ লয়ঃ ভবতি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

উপসংহরতি লয় ইতি শক্তয়ঃ সত্ত্বাদ্যাঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উপসংহরতি লয় ইতি। শক্তয়ঃ সত্ত্বাদ্যা এব লীয়ন্তে নতু তয়োঃ কদাপি কাপি ক্ষতিরিতি ভাবঃ ॥ ২১ ॥

সূর্য্যাদি কোন জ্যোতিষ্ক পদার্থেরও প্রয়োজন থাকে না; সে অবস্থায় জাগ্রত স্বপ্ন বা সুষুপ্ত্যাদি অবস্থার বৈচিত্র নাই। সে অবস্থায় সুষুপ্তি নাই; নিরন্তর বৃত্তিশূন্য জ্ঞানের উদ্ভাসন মাত্র হইতে থাকে। এই অপ্রতর্ক্য সর্ব্ব মূলভূত পরম পদ ব্রহ্ম চৈতন্যের বিষয়ই শ্রুতিসমূহ একবাক্যে কীর্ত্তন করিয়া থাকেন ॥ ২০ ॥

অতএব কাল-প্রেরণায় প্রণোদিত শক্তিসমূহ বিবশ-ভাবে সেই পরম পুরুষে প্রলীন হইয়া অব্যক্ত ভাব ধারণ করিলে, প্রাকৃতিক লয় বলিয়া পরিগণিত হয় ॥ ২১ ॥

আভাস।

নিত্য নৈমিত্তিক এবং প্রাকৃতিক লয়ের কথা বলিয়া, গ্রন্থকার আত্যন্তিক লয়ের ব্যাপার উপর্য্যুপরি দ্বাদশটী শ্লোকে বর্ণন করিয়াছেন। পূর্ব্বোক্ত ত্রিবিধ লয়ে পদার্থ বা ভাবের অবস্থান্তর প্রাপ্তি মাত্র ঘটে; আত্যন্তিক লয়ে কিন্তু আর কোনরূপ অবস্থার পরিবর্ত্তনাদি ঘটা নহে; সর্ব্ব-কারণ-কারণ অব্যক্ত চৈতন্যস্বরূপ পূর্ণব্রহ্মে তদীয় শক্তিরূপে সমগ্র সৃষ্টির বিলয়ই তাহার স্বরূপ মাত্র। নির্ব্বাণ মোক্ষকে যাঁহারা প্রার্থনা করেন, জীব-ব্রহ্মের ঐক্য প্রতীতিতে যে সংসার-মোক্ষ ঘটে, তাহাই প্রকৃত প্রস্তাবে আত্যন্তিক লয়। তাদৃশ প্রতীতিতে জীবাত্মাকে পরমাত্মচৈতন্যের অভেদ চিন্তায় আত্মসমর্পণ করিলে, বহুত্বের অপলোপে যেমন অদ্বিতীয়ত্বের পরিচয় হয়, সেইরূপ বুদ্ধিতত্ত্ব, ইন্দ্রিয়াদি করণগ্রাম এবং শব্দাদি বিষয় প্রপঞ্চ পরমাত্ম-শক্তিস্বরূপা মহামায়ার শক্তি-বিস্তারে রচিত সুতরাং কল্পিত এবং অসত্য বস্তুসমূহ প্রতিলোম পরিণামে মূলা প্রকৃতিতে লীন হইলে এবং প্রকৃতিও শক্তিরূপে সর্ব্বশক্তিমান্ পরমেশে বিলীন হইলে, আবর্ত্তীয় পরম কারণ জ্ঞানরূপী ব্রহ্ম মাত্র অবশিষ্ট থাকেন। সংসার-ক্ষেত্রে সাধারণত তিনটী ভাবের পরিচয় পাওয়া যায়; যথা ভোক্তা দ্রষ্টা, ভোগোপায় ইন্দ্রিয় এবং ভোগ্য বিষয়। কিন্তু এই তিনটীই এতদ্ব্যতীত একটী জ্ঞানের উপর নির্ভর করে। জ্ঞান ব্যতীত যেমন বস্তুর ভোগ্যত্ব-সম্পাদন হয় না, সেইরূপ জ্ঞান ব্যতীত বস্তুর বস্তুত্ব

বুদ্ধীন্দ্রিয়ার্থরূপেণ জ্ঞানং ভাতি তদাশ্রয়ং ।

অন্বয়ঃ ।

বুদ্ধিশ্চ ইন্দ্রিয়াণিচ অর্থাশ্চ ইতি গ্রাহক-করণ-গ্রাহ্যরূপেণ তেষাং আশ্রয়ভূতং জ্ঞানং জ্ঞানাত্মকং ব্রহ্ম এব ভাতি। যতঃ আদ্যন্তবৎ যৎ বস্তু তৎ অবস্তুকারণাৎ দৃশ্যত্বা ব্যতি-

শ্রীধরস্বামী।

আত্যন্তিকলয়মাহ বুদ্ধীন্দ্রিয়েতি দ্বাদশভিঃ আত্যন্তিক-লয়ো মোক্ষঃ স চ ব্রহ্মজ্ঞানেন সর্ব্ব-প্রপঞ্চলয়াত্মকঃ ন চ প্রপঞ্চস্যাত্মবৎ সত্যত্বে লয়ঃ সম্ভবতীতি জ্ঞানরূপাৎ ব্রহ্মণঃ পৃথক্ তস্যাসত্ত্বমুপপাদয়তি বুদ্ধিশ্চ ইন্দ্রিয়াণি চ অর্থাশ্চেত্যেবং গ্রাহক-করণ-গ্রাহ্য-রূপেণ তেষামাশ্রয়ং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ নির্ব্বাণমোক্ষার্থিনা ব্রহ্মৈক্য-ভাবনায় আত্যন্তিকঃ প্রলয় উচ্যতে তচ্চ সিধাধয়িষতৎ ব্রহ্মৈক্য ব্রহ্মকার্য্যস্য দ্বৈত-প্রপঞ্চস্যাসত্ত্বে সাধিতএব স্যাদিতি প্রৌঢ়িশ্চেত্তদাঽসত্যমেবেদং কার্য্যজাতং ইত্যাহ বুদ্ধীন্দ্রিয়েতি নবভিঃ। জ্ঞানং ব্রহ্মৈব বুদ্ধীন্দ্রিয়ার্থরূপেণ ভাতি। বুদ্ধ্যা-দীনাং ব্রহ্মশক্তিপরিণামত্বাদিতি ভাবঃ। জ্ঞানং কীদৃশং তদাশ্রয়ং তস্য বুদ্ধ্যাদি প্রপঞ্চস্য কারণত্বাদাশ্রয়ঃ। ক্লীবত্বমার্ষং। কিঞ্চ। যৎ বুদ্ধ্যাদি প্রপঞ্চজাতং তৎ আদ্যন্তবৎ। উৎপত্তি-লয়বিশিষ্টং। অতো বস্তুত্বেনাভিজ্ঞাতমপি অসার্ব্বকালিকত্বাৎ পরমার্থতোঽবস্তুত্বেবেত্যর্থঃ।

তৎকালে গ্রাহক বুদ্ধি, করণস্বরূপ ইন্দ্রিয়গ্রাম এবং গ্রাহ্যরূপ বিষয় সমূহ তদীয় আশ্রয়-স্বরূপ এক জ্ঞানরূপেই প্রতীত হইতে থাকে। কারণ এই ত্রিবিধ ভাব যখন পরিদৃশ্য বা অনুভূত হয়, তখন জ্ঞানেরই বিষয়। বিশেষত জ্ঞান ব্যতীত ইহাদের উৎপত্তি বা অস্তিত্বও থাকিতে পারে না। সুতরাং

আভাস।

সম্পাদনও হয় না। সামান্য রসের পরিণামে একটী অশ্বত্থ পত্র বা কোনরূপ ফল প্রস্তুত দেখিলে, সুস্পষ্ট প্রতীত হয় যে, একটী জ্ঞান উক্ত রসকে ঐ ভাবে বিকীর্ণ করিয়া, স্বয়ং সেই ভাবে অবস্থান করিতেছেন। সেই পরম জ্ঞানকে আমরা উপেক্ষা করিলেও, তিনি আমা-দিগকে উপেক্ষা করিতেছেন না। আমরা স্ত্রী পুত্রাদির উপর অভিমান নিবন্ধন আধিপত্য বিস্তারে প্রস্তুত হই বটে, কিন্তু স্বীয় দেহের স্নায়ু অস্থি, মেদ, মাংস, রস, রক্ত রোমাদি বা একটী পরমাণুর সঞ্চলনাদি কোনরূপ ক্রিয়ার কোন অনুসন্ধানই রাখি না; অথচ কোন একটী অসীম নির্ব্বিকল্প জ্ঞানের আশ্রয় ব্যতীত ইহার অস্তিত্ব পর্য্যন্ত থাকিতে পারে না, সেই জ্ঞানই এই বিবিধ প্রকারে শক্তির পরিণাম ঘটাইয়া স্বয়ং বিরাজ করিতেছেন; সুতরাং বিপরিণামে তিনি একা মাত্র অবস্থান করিবেন। অতএব যেমন, দেহ তিনি, দেহের অবয়ব ইন্দ্রিয়রূপে এবং কর্ত্তা বুদ্ধিরূপে একা তিনিই বিরাজ করিতেছেন। বিশেষত প্রতীত বস্তুসমূহ উৎপত্তি-লয়শীল। সুতরাং বস্তুরূপে প্রতীত হইলেও, প্রকৃত প্রস্তাবে অবস্তু। কিন্তু যিনি ধর্ম্মিরূপে নিরন্তর বিদ্যমান থাকিয়া, বস্তুরূপ ধর্ম্মের বিকাশ করিতেছেন, তিনিই

দৃশ্যত্বাব্যতিরেকাভ্যামাদ্যন্তবদবস্তু যৎ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

রেকাভ্যাং (কার্য্যস্য কারণাব্যতিরেকেণৈব রজ্জুসর্পাদিবৎ দৃশ্যমানত্বাৎ) অন্যবস্তু ন ভবতি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞানমেব ভাতি ন পৃথক্ তত্র হেতুমাহ দৃশ্যত্বাব্যতিরেকাভ্যামিতি। যতো যদাদ্যন্তবৎ অবস্তু তত্রৈবং প্রয়োগঃ বিমতং সন্ন ভবতি দৃশ্যত্বাৎ কারণাব্যতিরেকাৎ আদ্যন্তবত্ত্বাচ্চ রজ্জুসর্পাদি-বৎ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপরাবপি হেতূ আহ। দৃশ্যত্বঞ্চ অব্যতিরেকঃ কারণাব্যতিরেকাভাবশ্চ তাভ্যামপি অবস্তু। অত্রৈবং প্রয়োগঃ। বুদ্ধ্যাদি প্রপঞ্চজাতং অদৃশ্যত্বাৎ কারণাব্যতিরেকাদ্যান্তবত্ত্বাচ্চ কনক-কুণ্ডলাদিবৎ পরমার্থতোঽবস্তু। অত্র বস্তু মিথ্যৈবেতি মতেঽপি স্যাচ্চেচ্চিৎসম আত্ম-বদিত্যগ্রিমগ্রন্থমনুসৃত্য দৃশ্যত্বাদিত্যত্র চিত্তিমত্বে সতীতি বিশেষণমবশ্যদেয়মন্যথাস্য হেতো-র্ব্যভিচারঃ স্যাৎ। তাসাং মধ্যে সাক্ষাদ্ব্রজগোপাল-পুরীহীত্যাদিশ্রুত্যা মন্নিকেতন্তু নির্গুণং নির্গুণো মদপাশ্রয় ইত্যাদি ভগবদুক্ত্যা চ দৃশ্যানামপি ভগবদ্ধামাদীনাং নির্গুণত্ব প্রতিপাদনেন নিত্যত্বাৎ ॥ ২২ ॥

জ্ঞানই একমাত্র বস্তু ; অবশিষ্ট জ্ঞানের বিষয় বা জ্ঞানের রচিত যাবতীয় ভাব বা বস্তু সমস্তই অবস্তু। অতএব এক জ্ঞানের ভানে অন্যান্য সকলেরই অভান হইয়া যায় ॥ ২২ ॥

আভাস।

প্রকৃত বস্তু। ইহারা সমস্ত তাঁহারই প্রকাশ্য। সুবর্ণের আশ্রয়ে কুণ্ডলাদির রূপের পরিচয় হইলেও, প্রকৃত প্রস্তাবে মিথ্যা ; এক সুবর্ণ ই সত্য এবং অনুস্যূতভাবে সর্ব্বপ্রকার অলঙ্কারের আশ্রয়রূপে অবস্থান করে, সেইরূপ জীব বা জড় ধর্ম্মরূপে যাঁহার জ্ঞান এবং শক্তিকে আশ্রয় করিয়া অবভাসিত হয়, পরিণামে সেই ধর্ম্মিস্বরূপ পরম জ্ঞানের অবভাসনে সমস্তের বিলয়কেই আত্যন্তিক লয় বলিয়া অভিহিত করা যায় ॥ ২২ ॥

একটী বস্তু অংশভেদে আশ্রয় এবং আশ্রয়িরূপে যেরূপে প্রতীত হয়, তাহাই পরবর্ত্তী শ্লোকে দৃষ্টান্তের দ্বারা প্রমাণীকৃত করিয়াছেন। অর্থাৎ দীপ, চক্ষু এবং রূপ এই তিনটী পদার্থ যেমন মহাভূত জ্যোতিস্বরূপ হইতে কোন অংশে পৃথক্ নহে, সেইরূপ কর্ত্তা বুদ্ধি, করণ ইন্দ্রিয়গ্রাম এবং দৃশ্য বিষয় সমূহ সত্য স্বরূপ ব্রহ্ম হইতে কোন অংশে পৃথক্ নহে। এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, কার্য্য যখন কারণ হইতে পৃথক্ নহে ; কার্য্য এবং কারণ উভয়ে অভেদ ; তখন কার্য্য বুদ্ধ্যাদি মিথ্যা হইলে, তাহার কারণ ব্রহ্মস্বরূপেও মিথ্যাত্বার ঘটিয়া উঠে। এই সন্দেহের নিরাকরণার্থ গ্রন্থকার প্রকাশ করিয়াছেন যে, কার্য্য কখন কারণাত্মরূপ হয় না ; তাহা হইলে, কার্য্য-কারণের মধ্যে বিশেষত্ব অসম্ভব হইয়া যায়।

দীপশ্চক্ষুশ্চ রূপঞ্চ জ্যোতিষো ন পৃথক্ ভবেৎ ।
এবং ধীঃ খানি মাত্রাশ্চ ন স্যুরন্যতমাদৃতাৎ ॥ ২৩ ॥

অন্বয়ঃ ।

দীপঃ চক্ষুঃ রূপং চ (ইতি তেজোবিশেষাণাং ত্রয়াণাং) যথা জ্যোতিষঃ ন পৃথক্ ন ব্যতিরেকঃ তথা ধীঃ কর্ত্রী, খানি ইন্দ্রিয়াণি করণানি, মাত্রাঃ শব্দাদয়ঃ বিষয়াঃ ততঃ অন্যতমাৎ কার্য্যাৎ অত্যন্ত-ব্যতিরিক্তাৎ ঋতাৎ সত্যাৎ, ব্রহ্মণঃ সকাশাৎ পৃথক্ ন স্যুঃ (ব্রহ্মকার্য্যত্বাৎ) ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী ।

অত্রাব্যতিরিক্তত্বং দৃষ্টান্তেন প্রপঞ্চয়তি দীপ ইতি দীপচক্ষুরূপাণাং তেজোবিশেষাণাং যথা তেজসো ন ব্যতিরেকঃ তথা ধীঃ কর্ত্রী খানি করণানি মাত্রা বিষয়াঃ ঋতাদ্‌ ব্রহ্মণঃ পৃথক্ ন স্যুঃ ব্রহ্মকার্য্যত্বাৎ । নন্বেবং কার্য্যকারণয়োরভেদে কার্য্যস্য সত্ত্বে কারণস্যাপ্যসত্ত্বং প্রসজ্যেত তত্রাহ অন্যতমাদিতি । কার্য্যাদত্যন্তব্যতিরেকত্বাদ্‌ ব্রহ্মণঃ প্রপঞ্চাৎ ব্রহ্মণোঽস্তি ব্যতিরেকঃ প্রপঞ্চস্য তু ততো নাস্তি ব্যতিরেক ইত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অত্র দৃষ্টান্তঃ দীপচক্ষুরূপাণাং তেজোবিশেষাণাং যথা তেজসঃ কারণাব্যতিরেকঃ তথা ধীঃ কর্ত্তা খানীন্দ্রিয়াণি করণানি মাত্রা বিষয়াঃ ঋতাদ্‌ ব্রহ্মণঃ পৃথক্ ন স্যুঃ । যথা তেজঃ কার্য্যাণি দীপচক্ষুরূপাণি তেজাংস্যেবোচ্যন্তে এবং ব্রহ্মকার্য্যং বুদ্ধীন্দ্রিয়বিষয়াদিকং ব্রহ্মৈবোচ্যত ইত্যর্থঃ । নন্বেবং কার্য্যকারণয়োরভেদে কার্য্যস্যাসত্যত্বে কারণস্যাপ্যসত্যত্বং প্রসজ্যেত কারণস্যৈব কার্য্যরূপেণ পরিণতত্বাৎ তত্রাহ অন্যতমাৎ কার্য্যেভ্যঃ স্বরূপতোঽত্যন্তব্যতিরিক্তাৎ তস্য কারণরূপায়াঃ প্রকৃতেরপি পরত্বাদিতি ভাবঃ ॥ ২৩ ॥

যেমন দীপ, চক্ষু এবং রূপ এই তিনই জ্যোতি হইতে পৃথক্ নহে ; এক জ্যোতিই উক্ত ত্রিবিধ ভাবে পরিচিত হয়, সেইরূপ বুদ্ধি, ইন্দ্রিয় এবং বিষয় এক সত্য-স্বরূপ জ্ঞান ব্যতীত কিছুই নহে ; এক জ্ঞানই উক্ত ত্রিবিধ ভাবে সর্ব্বত্র পরিচিত হইতেছে ॥ ২৩ ॥

আভাস ।

সুতরাং তজ্জন্য শ্লোকে "অন্যতমাৎ" এই বিশেষণ পদটীর প্রয়োগ করিয়াছেন । অর্থাৎ সংসার-কার্য্য হইতে সম্পূর্ণ বিসদৃশ ব্রহ্মস্বরূপ ॥ ২৩ ॥

উপাধিভূত জলের বর্ণ-তারতম্যে উপহিত চন্দ্র বা সূর্য্যাদির প্রতিবিম্ব যেরূপ সেই সেই বর্ণে রঞ্জিতের ন্যায় উপলব্ধ হয়, সেইরূপ চিত্ত বা বুদ্ধির বিকার তারতম্যে তথায় উপহিত চিদানন্দময়ও তদ্বৎ বিকারগ্রস্তের ন্যায় অনুমিত হন । রজস্তমোগুণান্বিত সত্ত্বপ্রধান চিত্তে জাগ্রৎ অবস্থার উদয়কালে প্রতিবিম্বিতের ন্যায় অধ্যস্ত প্রত্যগাত্মা স্থূলদেহে অভিমান নিবন্ধন বিশ্বনামে অভিহিত হন ; সত্ত্বতমোগুণান্বিত রজঃপ্রধান চিত্তের স্বপ্নকালে অধ্যস্ত জীবাত্মা সূক্ষ্মদেহে অভিমান নিবন্ধন তৈজস নামে অভিহিত হন এবং সত্ত্বরজোগুণান্বিত

বুদ্ধের্জাগরণং স্বপ্নঃ সুষুপ্তিরিতি চোচ্যতে।
মায়ামাত্রমিদং রাজন্নানাত্বং প্রত্যগাত্মনি ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

জাগরণং স্বপ্নঃ সুষুপ্তিঃ ইতি অবস্থাত্রয়ং তু বুদ্ধেঃ এব ইতি বিবেকিভিঃ উচ্যতে। হে রাজন্! অতঃ প্রত্যগাত্মনি (বিশ্ব-তৈজস-প্রাজ্ঞরূপং অবস্থাপ্রযুক্তং) নানাত্বং মায়ামাত্রং অবিদ্যয়া কল্পিতং এব ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

যদা তু বুদ্ধেরসত্ত্বং তদা তদবস্থানাং সুতরামসত্ত্বমিত্যাশয়েনাহ বুদ্ধেরিতি। নন্থ বিশ্বতৈজসপ্রাজ্ঞানামেতা অবস্থা ন বুদ্ধেরিত্যাশঙ্ক্যাহ মায়ামাত্রমিতি। ইদং বিশ্বতৈজসপ্রাজ্ঞরূপং ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্তু বিশ্বতৈজসপ্রাজ্ঞ ইতি জীবস্য নানাত্বং তত্তু বুদ্ধিবৃত্তীনাং ত্রিত্বত্বাৎ তস্যাপি ত্রিতয়ত্বং মিথ্যৈবেত্যাহ বুদ্ধেরিতি। জাগরস্বপ্নসুষুপ্তয় স্তিস্রো বৃত্তয়ো বুদ্ধেরেবেত্যুচ্যন্তে। অতস্তদধ্যাসাৎ প্রত্যগাত্মনি জীবেঽপি বিশ্বতৈজসপ্রাজ্ঞসংজ্ঞাভি র্নানাত্বং মায়ামাত্রং মিথ্যৈবেত্যর্থঃ ॥ ২৪ ॥

হে রাজন্! জাগ্রৎ, স্বপ্ন এবং সুষুপ্তিরূপ অবস্থাত্রয় এক বুদ্ধিরই পরিণাম-ভেদ মাত্র; সেইরূপ বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞরূপ পরিণাম-ভেদ কেবল মায়ারই বলে এক প্রত্যগাত্ম-স্বরূপে প্রতীত হইয়া থাকে ॥ ২৪ ॥

আভাস।

তমঃপ্রধান বুদ্ধিতে সুষুপ্তির দশায় অধ্যস্ত আত্মা প্রাজ্ঞ-নামে অভিহিত হন। সর্ব্বপ্রকার বর্ণ বর্জ্জন পূর্ব্বক জল স্বচ্ছ হইলে, প্রতিবিম্বও স্বচ্ছ ভাব ধারণ করে এবং জলাদি উপাধির অভাবে প্রতিবিম্ব সাক্ষাৎ সূর্য্যাদিতেই সন্নিবিষ্ট হয়, সেইরূপ উপাধির তারতম্য না থাকিলে বিশুদ্ধ-সত্ত্ব চিত্তে প্রত্যগাত্মা কৈবল্যভাবে বিরাজ করেন এবং চিত্তের নাশে চিদানন্দময় পূর্ণব্রহ্মে অভেদ চিন্তনে নির্ব্বাণ-মোক্ষ লাভ করেন। ইহাকেই আত্যন্তিক লয় নামে অভিহিত করা হয়। এস্থলে যেরূপ গুণবৈচিত্রে বুদ্ধিতে জাগ্রৎ, স্বপ্ন এবং সুষুপ্তির উল্লেখ করা হইয়াছে, প্রত্যগাত্মারও সেই পর্য্যায় অনুসারে যদিও বিশ্ব, তৈজস এবং প্রাজ্ঞ সংজ্ঞা দেওয়া হইয়াছে বটে, কিন্তু প্রকৃত প্রস্তাবে ভোগী এবং যোগীভেদে উক্ত দুই শ্রেণীর উল্লেখ করা হইয়াছে। গীতাতে উক্ত আছে; "যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী। যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥" অর্থাৎ ভোগীর জাগ্রত দশা যোগীর তমঃপ্রধান সুষুপ্তির সহিত তুলনীয়; সুতরাং যোগী জাগ্রৎকালে ভোগবিশিষ্ট আত্মাকে বহুব্যাপারী বিশ্ব বলিয়া অবধারণ করেন। এবং ভোগীর স্বপ্নাবস্থা যোগীর সূক্ষ্ম-দেহাবচ্ছিন্ন বিচার-কাল; সুতরাং তৎকালে উপস্থিত চিদাভাস তৈজস নামে এবং ভোগীর সুষুপ্তি অর্থাৎ ভোগ-রহিত নিরীহ অবস্থা যোগীর কেবল আত্মাবশিষ্ট পূর্ণানন্দময় প্রাজ্ঞদশা। অতএব

যথা জলধরা ব্যোম্নি ভবন্তি ন ভবন্তি চ।
ব্রহ্মণীদং তথা বিশ্বমবয়ব্যুদয়াপ্যয়াৎ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

জলধরাঃ মেঘাঃ ব্যোম্নি আকাশে যথা ভবন্তি ন ভবন্তি চ তথা উদয়াপ্যয়াৎ আদ্যন্তবত্ত্বাৎ ইদং অবয়বি কার্য্যভূতং বিশ্বং অপি তথা ভবতি ন ভবতি চ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

আদ্যন্তবত্ত্বাদিত্যস্য হেতোরসিদ্ধিমাশঙ্ক্য সাবয়বত্বেন সাধয়তি যথেতি। অবয়বীতি যদ্যৎ তত্তদাদ্যন্তবৎ ঘটাদিবদিত্যর্থঃ। অতঃ উদয়াপ্যয়াৎ আদ্যন্তবদ্বিশ্বং সন্ন ভবতীত্যর্থঃ। যদ্বা। পৃথগেবাগমাপায়িত্বাদ্বিশ্বং মিথ্যা ব্রহ্ম তত্তদবধিত্বাৎ সত্যমিত্যনেন সাধ্যতে। দৃষ্টান্তস্তু পূর্ব্বোক্ত এব। যথা জলধরা ব্যোম্নীতি দৃষ্টান্তস্ত আগমাপায়ি তদবধিত্বমাত্রে নতু মিথ্যাত্ব ইতি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরিণামবাদে কার্য্যকারণাব্যতিরেকো দর্শিতঃ। অথারম্ভবাদে বিশ্বস্যাদ্যন্তবত্ত্বং তৎ-কারণস্য পরমেশ্বরস্য সত্যত্বঞ্চ ক্রমেণ দর্শয়তি। যথেতি যাভ্যাং ভবন্তি নশ্যন্তি তথৈব ব্রহ্মণীদং বিশ্বং ভবতি ন ভবতি চ। অত্র ব্যোম্নীতি দৃষ্টান্তেন পরমাত্মনো নির্লেপতা দর্শিতা। অবয়বীতি যৎ সাবয়বং ঘটাদিবদিত্যর্থঃ। অত উদয়াপ্যয়াৎ আদ্যন্তবদ্বিশ্বং ন সর্ব্বদা সত্যমিত্যর্থ ॥ ২৫ ॥

যেমন নভোমণ্ডলে কখন মেঘের উদয় থাকে, কখনও বা থাকে না, সেইরূপ বিচিত্র অবয়ব-সমবায়ে বিরচিত সুতরাং উৎপত্তি এবং ধ্বংসশীল অতএব মিথ্যা মায়াময় এই বিশ্ব ব্রহ্মাণ্ডও সেই পরিপূর্ণ পরমব্রহ্মে কখন প্রতীত, কখন অপ্রতীত হইয়া থাকে ॥ ২৫ ॥

আভাস।

ভোগীর সম্ভোৎকর্ষের সহিত যোগীর সম্ভোৎকর্ষের সম্পূর্ণ পার্থক্য আছে। ভোগীর সম্ভোৎ-কর্ষে জাগ্রত অবস্থার পরিচয়ে বিষয়-সম্ভোগের প্রারম্ভ; কিন্তু যোগীর সম্ভোৎকর্ষে সুষুপ্তি-তুল্য সমাধির পরিচয়ে আত্মানন্দেরই অনুভূতি হয় ॥ ২৪ ॥

অবয়ব-সংশ্লেষে উৎপন্ন যাবদীয় পদার্থই ধ্বংসশীল বলিয়া স্বীকার করিতে হয়। অতএব আদ্যন্ত-বিশিষ্ট ব্রহ্মাণ্ড কখন সৎ পদার্থ হইতে পারে না। সৎ পদার্থ হইতে উৎপন্ন বস্তু স্বীয় কারণের সত্তা লইয়া, কার্য্যকালে সৎ স্বরূপে প্রতিভাসিত হয়; কিন্তু তাহার কার্য্য-ভাবের অবসানে, তাহার আশ্রয় সত্য কারণে মিলিত হইয়া যায়; সুতরাং পৃথক্ সত্তার আর অস্তিত্ব থাকে না। মেঘরাজি আকাশ হইতে উৎপন্ন হয় এবং আকাশেই বিলীন হয়, সেইরূপ ব্রহ্মশক্তিতে রচিত বিশ্ব ব্রহ্মসত্তায় প্রকটিত থাকিয়া, পুনরায় ব্রহ্মসত্তাতেই আশ্রয় হয় ॥ ২৫ ॥

সত্যং হ্যবয়বঃ প্রোক্তঃ সর্ব্বাবয়বিনামিহ।
বিনার্থেন প্রতীয়েরন্ পটস্যেবাঙ্গ তন্তবঃ॥ ২৩॥

অন্বয়ঃ।

ইহ ব্যবহারে সর্ব্বেষাং অপি অবয়বিনাং অবয়বঃ কারণং এব সত্যং প্রোক্তঃ। হে অঙ্গ! হে রাজন্! হি যস্মাৎ অর্থেন অবয়বিনা বিনাপি (তদভাবদশায়াং অপি) পটস্য অবয়বাঃ তন্তবঃ ইব প্রতীয়েরন্॥ ২৩॥

শ্রীধরস্বামী।

অন্যতমাদৃতাদিতি প্রতিজ্ঞাতং কারণস্য সত্যত্বমুপপাদয়তি সত্যং হীতি। অবয়বঃ কারণং প্রোক্তঃ। বাচারম্ভণং বিকারো নামধেয়মিত্যাদি শ্রুতিভিঃ অত্র যুক্তিমপি দর্শয়তি বিনেতি। অঙ্গ হে রাজন্ হি যস্মাদর্থেনাবয়বিনা পৃথগেবাবয়বাঃ প্রতীয়েরন্ যথা পটস্যাবয়বাস্তন্তবঃ পটাৎ পৃথক্ প্রতীয়ন্তে তদ্বদিতি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। সর্ব্বেষামবয়বিনাং অবয়বঃ কারণং সত্যং। লোকে তথা দর্শনাদিত্যাহ বিনেতি। অঙ্গ হে রাজন্ হি যস্মাৎ অর্থেনাবয়বিনা বিনাপি পৃথগেবাবয়বাঃ প্রতীয়ন্তে যথা পটস্যাবয়বাস্তন্তবঃ পটাৎ পৃথক্ প্রতীয়ন্তে তদ্বৎ। অত্র কার্য্যকারণযোরৈক্যদর্শনং পট-তন্তুবদিতি সপ্তমোক্তেঃ। সিষাধয়িষিতং ব্রহ্মৈক্যং তু লভ্যত এব॥ ২৩॥

লৌকিক ব্যবহারে যাবতীয় মূর্ত্তি-বিশিষ্ট পদার্থের কারণস্থানীয় অবয়বকে সত্য বলিয়া স্বীকার করা হইয়াছে; কারণ বস্ত্রের সূত্র যেমন বস্ত্রাভাব অবস্থাতেও পরিলক্ষিত হয়, সেইরূপ অবয়বীর অভাব কালেও তাহার অবয়বকে সত্য বলিয়া স্বীকার করিতে হইবে॥ ২৩॥

আভাস।

কার্য্যের অপেক্ষা তদীয় কারণ যে সৎ তাহা বস্ত্র এবং তাহার কারণভূত সূত্রের দৃষ্টান্তে প্রমাণীকৃত করিয়াছেন। অতএব মিথ্যাভূত জগতের মূল কারণ ব্রহ্মচৈতন্য যে চিরন্তন বস্তু, তাহাতে আর প্রতিকূল তর্ক নাই॥ ২৩॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, অনিত্য বা মিথ্যাভূত কার্য্যস্থানীয় জগৎ যদি পরম ব্রহ্ম হইতে উৎপন্ন স্বীকার করা হয়, তাহা হইলে কার্য্যের মিথ্যাত্বের ন্যায় কারণ-স্থানীয় ব্রহ্মেরও মিথ্যাত্ব স্বীকার করা হইয়া যায়। কারণ পুত্র না জন্মিলে, যেমন পিতার পিতৃত্বের সাধন হয় না; সেইরূপ কার্য্যও যেমন কারণের অপেক্ষা করে এবং কারণও কার্য্যের অপেক্ষা করে। সুতরাং পরস্পর পরস্পরের অপেক্ষা নিবন্ধন, পরস্পরকে তুল্য-জাতীয় বলিয়া অবশ্য স্বীকার করিতে হইবে। কার্য্যের উপাদানস্বরূপ কারণ কার্য্যের সীমা করিয়া থাকে। অর্থাৎ যেখানে কারণ আছে, সেই কারণ ব্যতীত কার্য্যের উৎপত্তি অন্যত্র ঘটে না এবং যে ভাবেই কার্য্য ঘটুক না, কারণ তাহাতে ব্যাপ্ত আছে। জলই বরফ হয়; এবং জলাতিরিক্ত স্থলে

যৎ সামান্যবিশেষাভ্যামুপলভ্যেত স ভ্রমঃ।
অন্যোন্যাপাশ্রয়াৎ সর্ব্বমাদ্যন্তবদবস্তু যৎ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

সামান্য-বিশেষাভ্যাং (সামান্যং কার্য্যমাত্রে অনুগতং কারণং, বিশেষঃ তত্তদ্রূপেণ পৃথক্ সিদ্ধং কার্য্যং তাভ্যাং) যৎ যঃ উপলভ্যেত ভেদঃ সঃ অন্যোন্যাপাশ্রয়াৎ পৃথক্তয়া অনুপলম্ভাৎ ভ্রমঃ এব। অতঃ যৎ আদ্যন্তবৎ তৎসর্ব্বং অবস্তু। যতঃ কারণব্যতিরিক্তং বস্তু ন ভবতি ॥২৭॥

শ্রীধরস্বামী।

ননু কার্য্যাভাবে কারণত্বং ব্রহ্মণঃ কুতো ঘটতে? সত্যং তদপি নাতীব সত্যমিত্যাহ যদিতি। সামান্যং কারণং বিশেষঃ কার্য্যং তদ্রূপেণ অন্যোন্যাপাশ্রয়াৎ পরস্পরাপেক্ষত্বেন নিরূপণাসহত্বাদিত্যর্থঃ। অতঃ কারণত্বমবধিত্বং ব্যাপকত্বমিত্যাদিকমপি যৎ পরাপেক্ষত্বাদাদ্যন্তবৎ তৎ সর্ব্বমবস্ত্বেবেত্যর্থঃ। যদ্বা। তত্রৈব হেত্বন্তরমেতৎ যদুপলভ্যেত স ভ্রমঃ সামান্যবিশেষরূপত্বাৎ স্বপ্নবৎ অন্যোন্যাপাশ্রয়াদিতি ইদমপি হেত্বন্তরং গুণগুণিবিশেষেণ বিশেষ্য-ব্যাপ্য-ব্যাপকত্বাদিরূপেণ পরস্পরাধীনসিদ্ধিত্বাৎ তথাভূত-স্বপ্নবদিতি নিগমনং। অতো যদাদ্যন্তবৎ তৎসর্ব্বং অবস্ত্বিতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিবর্ত্তবাদে তু ব্রহ্মকার্য্যং জগদসত্যং যথা তথা ব্রহ্মণঃ কারণত্বাদিকমপ্যসত্যমিত্যাহ যদিতি সামান্যং কারণং বিশেষঃ কার্য্যং তাভ্যাং যদুপলভ্যতে স ভ্রমঃ কুতঃ। অন্যোন্যাপাশ্রয়াৎ পরস্পরাপেক্ষত্বেন নিরূপণাসহত্বাদিত্যর্থঃ। অয়মর্থঃ যথা রজ্জুরেবাজ্ঞানেন সর্পত্বেন বিবর্ত্ততে। তত্র রজ্জুঃ কারণং সর্পঃ কার্য্যঃ সতু মিথ্যৈব। তথৈব সামান্যং ব্রহ্মৈব অজ্ঞানেন জগদ্রূপতয়া বিবৃত্তং। তত্র জগতঃ কার্য্যস্যাভাবে তদপেক্ষতয়া সিদ্ধং ব্রহ্মণঃ কুতঃ কারণত্বমিতি ॥ ২৭ ॥

কিন্তু প্রকৃত প্রস্তাবে সেই কারণস্থানীয় অবয়বকেও কোন অনির্ব্বচনীয় কারণের কার্য্য বলিয়া স্বীকার করিতে হইবে। কারণ সামান্য ও বিশষভাবে উভয় কারণ ও কার্য্যভাব ব্যবহার-ক্ষেত্রে স্থান অধিকার করে। সামান্য ভাবে অনুগত ভাবই কারণ এবং বিশেষরূপে প্রতীতই কার্য্য। সুতরাং

আভাস।

বরফ থাকে না এবং বরফের সর্ব্বাঙ্গে জল আছে। এস্থলে জল বরফ-জাতীয় বলিয়া, অবশ্য স্বীকার করিতে হইবে। তবে সাধারণ ভাবে জল এবং বিশেষভাবে বরফ, এই পার্থক্য মাত্র। অতএব গুণ এবং গুণীভেদে পরস্পরাপেক্ষী বলিয়া কার্য্য-কারণ-ভাবকে অবধারণ করিলে, অবধারণের উভয় পদার্থকে মিথ্যাভূত স্বপ্নের ন্যায় অবশ্য মিথ্যা বলিয়াই স্বীকার করিতে হইবে। যদি বলা হয় যে, এই প্রতীয়মান জগৎ সূক্ষ্মাকারে পূর্ব্বে ছিল না; কেবল বিশুদ্ধ চৈতন্যস্বরূপ পূর্ণব্রহ্ম সামান্যাকারে মাত্র ছিলেন; তিনিই স্বীয় নিমিত্তভূতা শক্তির সাহচর্য্যে

বিকারঃ খ্যায়মানোঽপি প্রত্যগাত্মানমন্তরা।

অন্বয়ঃ।

খ্যায়মানঃ ব্যবহ্রিয়মাণঃ, অপি বিকারঃ কার্য্যভূতঃ প্রপঞ্চঃ প্রত্যগাত্মানং অন্তরা বিনা

শ্রীধরস্বামী।

তদেবমনেকৈ র্হেতুভিঃ প্রপঞ্চস্যাসত্ত্বং প্রসাধিতং। অত্রাশঙ্কা নমু প্রপঞ্চস্যাপি প্রকাশমানত্বাৎ আত্মবৎ সত্ত্বং কথং ন স্যাদিতি তত্রাহ বিকার ইতি। খ্যায়মানঃ প্রকাশমানোঽপি বিকারঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ। বিকারঃ খ্যায়মানঃ বিকারত্বেন প্রসিদ্ধিমানয়ং প্রপঞ্চঃ প্রত্যগাত্মানং বিনা অণুরপি ন নিরূপণীয়ঃ। কিন্তু সর্ব্বঃ পরমাত্মৈব পরমাত্মন্যেব প্রপঞ্চ আরোপিতঃ। যথা মরীচিকায়াঃ জলত্বেন প্রসিদ্ধং বস্তু তেজো বিনা অণুমাত্রমপি ন নিরূপ্যং কিন্তু সর্ব্বং তেজ এব তেজস্যেব জলত্বমারোপ্যত ইত্যর্থঃ। নমু চ কচিদ্বিকারত্বেন প্রসিদ্ধিমানপি পদার্থশ্চিদেব সত্য এবেক্ষ্যতে। যথা ভক্তিস্তৎ করণাধিকরণকর্ত্তাদির্ভগবৎ পুরীচ। তথাহি। লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্যোত্যুদাহৃতমিতি মৎসেবায়াস্ত নির্গুণমিতি মন্নিকেতন্তু নির্গুণমিতি।

কার্য্য কারণের ভেদ-প্রতীতিও ভ্রম মাত্র। যেহেতুক কার্য্য ও কারণ পরস্পরের উপর আশ্রিত; পৃথক্ ভাবে কাহারও প্রতীতি ঘটে না। কারণে কার্য্যভাব আছে এবং কার্য্যেও কারণ অনুস্যূত থাকে। অতএব যাহার আদি এবং অন্ত আছে; তাহাই নশ্বর এবং অবস্তু। এবং এরূপ কোন কারণ ভাব থাকিতে পারে না, যাহার তদতিরিক্ত কারণ ভাব নাই ॥ ২৭ ॥

বিক্রিয়মাণ প্রপঞ্চ পদার্থ-নিচয় প্রত্যক্ষে পরিদৃশ্যমান হইলেও তাহারা আত্ম-প্রকাশ্য ব্যতীত স্বরূপত অনুমাত্র নিরূপিত হয় না। যদি নিরূপিত

আভাস।

বিশেষ আকার গ্রহণে জগদ্রূপে পরিণত হন; ইহা অসঙ্গত। কারণ তাহা হইলে, পূর্ণব্রহ্মই সামান্য ও বিশেষভাবে উপলব্ধ হন, বলা হয়; এ উপলব্ধির মূল ভ্রম; ইহারই নাম বিবর্ত্তবাদ। কারণ বিশুদ্ধ চিন্ময় ব্রহ্ম অজ্ঞানরূপা শক্তির বলে জগদ্রূপে অভিব্যক্ত হন বলা হয়। রজ্জু কারণে অধ্যস্ত সর্প যখন মিথ্যা; তখন কার্য্যানুরূপ কারণ রজ্জুও মিথ্যা। অতএব কার্য্য জগৎ উপলব্ধ বলিয়া, যেমন মিথ্যা; কারণ ব্রহ্মও সেইরূপ উপলব্ধ বলিয়া, মিথ্যা। এদিকে সূক্ষ্মাকারে জগৎ ছিল বলিয়া স্বীকার করিলে, সম্প্রতি স্থূল পরিদৃশ্যমান আকারে পরিণতিতে পরিণাম-বাদ আসিয়া পড়ে। ব্রহ্মের পরিণাম-বাদ এবং বিবর্ত্তবাদ উভয়ই সিদ্ধান্তীর অনভিপ্রেত। এই নিমিত্ত পরবর্ত্তী শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, প্রাকৃতিক কার্য্য কারণতা-ভাবের ন্যায়, জগৎ ব্রহ্মের কার্য্য-কারণতা ভাব তুলনীয় নহে। ইহা সম্পূর্ণ পৃথক্। সোরা গন্ধক এবং লৌহচূর্ণাদির আশ্রয়ে এক অগ্নিই লতা পাতা পুষ্প বৃক্ষাদি বিচিত্র আকারে আকারিত হয়; অগ্নিই সকল ভাবের প্রকাশক। অগ্নি ব্যতীত বাজীকরের

ন নিরূপ্যোঽস্ত্যণুরপি স্যাচ্চেচ্চিৎসম আত্মবৎ ॥ ২৮ ॥
ন হি সত্যস্য নানাত্বমবিদ্বান্ যদি মন্যতে ।

অন্বয়ঃ।

অণুমাত্রঃ অপি নিরূপ্যঃ ন অস্তি; নিরূপ্যঃ চেৎ যদি স্যাৎ তর্হি সঃ অপি চিৎসমঃ স্যাৎ চিদ্রূপেণাত্মনা সমঃ স্বপ্রকাশঃ এব ভবেৎ ॥ ২৮ ॥

সত্যস্য পরমার্থভূতস্য নানাত্বং নাস্তি এব। যদি অবিদ্বান্ তত্র নানাত্বং মন্যতে তর্হি

শ্রীধরস্বামী।

প্রপঞ্চঃ প্রত্যগাত্মপ্রকাশং বিনা অণুমাত্রোঽপি ন নিরূপ্যোঽস্তি তং বিনা নিরূপ্যঃ স্যাচ্চেত্তর্হি সোঽপি চিৎসমঃ স্যাৎ চিদ্রূপেণাত্মনা সমঃ স্বপ্রকাশো ভবেৎ। তথা চ সতি সোঽপ্যাত্মবৎ একরূপঃ স্যাদিত্যর্থঃ ॥ ২৮ ॥

কুত ইত্যত আহ নহীতি নমু সত্যস্যাপ্যাত্মনো জীবব্রহ্মরূপং নানাত্বং অস্ত্যেব তত্রাহ যদ্যেবং নানাত্বং মন্যতে তর্হ্যবিদ্বান্ কথং তর্হি তয়োর্ভেদব্যবহারঃ উপাধিকৃত ইত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্গুণো মদপাশ্রয় ইতি মন্নিষ্ঠং নির্গুণং স্মৃতমিত্যাদি ভগবদুক্তের্ভক্ত্যুপকরণীভূতঃ পদার্থমাত্র এব নির্গুণঃ। তথা তাসাং মধ্যে সাক্ষাদ্‌ব্রহ্মগোপালপুরী হীতি। সচ্চিদানন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতীতি চ গোপালতাপনীশ্রুতেঃ। ভগবল্লোকো ভক্তিযোগশ্চ নির্গুণ এবাতঃ পরমসত্য এবেতি। তত্রাহ স্যাচ্চেদিতি যদি নির্গুণত্বেন নিরূপ্যো ভবতি তর্হি সোঽপি চিৎসমঃ। সীত্যা সা সীতয়া সমেতিবদত্রেবে উপমা চিদেবেত্যর্থঃ। আত্মবৎ পরমাত্মেব নির্গুণঃ পরমাত্ম-বিলাসত্বাৎ পরমাত্মেব স এক এবেত্যর্থঃ ॥ ২৮ ॥

নমু কেন প্রকারেণৈক্যং মন্তব্যং তত্রাহ নহীতি। সত্যস্য পরমসত্যস্য চিদ্বস্তুনো নানাত্বং

হয় বলিয়া কেহ স্বীকার করিতে চাহেন, তাহা হইলে তাহাকে চিদ্রূপ আত্মারই অভেদ ভাবের পরিচয় বলিয়া স্বীকার করিতে হইবে ॥ ২৮ ॥

পরমার্থভূত সত্যে কোন বৈচিত্র্য ঘটে না। অনভিজ্ঞতা-নিবন্ধন যদি সেই সৎস্বরূপে বিচিত্র ভাবের কল্পনা করা হয়, তাহা কেবল মহাকাশ ও ঘটা-

আভাস।

ব্যাপার সিদ্ধ হয় না, সেইরূপ প্রত্যগাত্মার দ্বারা অবিদ্যার আবরণে বিচিত্র সংসারের প্রতি-পাদন হইতেছে। চৈতন্য ব্যতীত কোনটী নিরূপ্য বলিলে, তাহাও স্বয়ং চৈতন্য বলিয়া স্বীকার করিতে হইবে। ২৭। ২৮।

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, এক পদার্থে বহুভাবের পরিচয় স্বীকার করিলে, তন্নিষ্ঠ স্বগত ভেদ বা বিকার অবশ্য স্বীকার্য্য। এতদুত্তরে প্রকাশ করা হইয়াছে যে, শুদ্ধ সত্য-স্বরূপে নানাত্বের সম্ভাবনা কোথায়? মিথ্যারই তারতম্য ঘটে; সত্যের স্বরূপে কোন তার-তম্য নাই। যদি কোন তারতম্যের ভাব পরিদৃষ্ট হয়, তাহাও মিথ্যা; উপাধির অনুরোধে

নানাত্বং ছিদ্রয়োর্যদ্বজ্জ্যোতিষোর্বাতয়োরিব ॥ ২৯ ॥
যথা হিরণ্যং বহুধা প্রতীয়তে নৃভিঃ ক্রিয়াভির্ব্যবহারবর্ত্মসু।

অন্বয়ঃ।

ছিদ্রয়োঃ ঘটাকাশ-মহাকাশয়োঃ ইব তথা জ্যোতিষোঃ আকাশ-জলস্থ-সূর্য্যয়োঃ ইব বাতয়োঃ বাহ্যশরীরস্থবায্বোঃ ইব ॥ ২৯ ॥

ক্রিয়াভিঃ তত্তৎরচনাভেদৈঃ ব্যবহারবর্ত্মসু যথা হিরণ্যং এব বহুধা কটক-কুণ্ডলাদি-

শ্রীধরস্বামী।

নানাত্বমিতি। তত্র ছিদ্রয়োর্ঘটাকাশ-মহাকাশয়োরিতি পরিচ্ছেদাপরিচ্ছেদে দৃষ্টান্তঃ। জ্যোতিষোঃ আকাশজলস্থসূর্য্যয়োরিবেত্যুপাধিকৃত-বিকারসদসদ্ভাবে বা তয়োর্বাহ্যশরীরস্থ বায়োরিবেতি ক্রিয়াভেদে ॥ ২৯ ॥

ব্রহ্মণ এব প্রপঞ্চ ব্যবহারালম্বনত্বং দৃষ্টান্তেন স্পষ্টয়তি যথেতি। ক্রিয়াভিস্তত্তদ্রচনাভেদৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নৈবাস্তি তদপি যদি নানাত্বং মন্যতে তর্হ্যবিদ্বান্ যথা ছিদ্রয়োর্ঘটদ্বয়ে ইদমেকমাকাশমিদম-পরমাকাশমিতি। এবং জ্যোতিষো দীপদ্বয়গতয়োর্বা তয়ো দেহদ্বয়গতয়োঃ প্রাণয়োরিতি ॥২৯॥
তদেবং সৃষ্টিসময়েঽপি প্রপঞ্চস্য নানাব্যবহারালম্বনত্বে দৃষ্টেঽপ্যেকং ব্রহ্মৈব জ্ঞানী জানীয়া-

---

কাশের ভেদবৎ, কিম্বা আকাশস্থ এবং জলগত প্রতিবিম্বস্থ সূর্য্যদ্বয়ের কল্পনার ন্যায়, অথবা সর্ব্বগত এবং দেহাভ্যন্তরস্থ বায়ুদ্বয়ের কল্পনার ন্যায় উপাধিনিষ্ঠ; সুতরাং ভ্রমমূলক বলিয়াই স্বীকার করিতে হইবে ॥ ২৯ ॥

যেমন ক্রিয়াদি বিচিত্র রচনা কৌশলে এক সুবর্ণই কটক কুণ্ডলাদি আকৃতি-ভেদে মানব-লোচনে বহুভাবে প্রতীত হয়, সেইরূপ লৌকিক এবং বৈদিক

আভাস

বা সংস্রবে মাত্র। যেমন আকাশ সর্ব্বব্যাপী হইলেও, ঘট বা মঠাদি উপাধির ক্ষুদ্রত্ব বা বৃহত্ত্বাদি-নিবন্ধন অজ্ঞানী মানব তত্তদাকাশের ভেদ দর্শন করিয়া থাকে। উপাধির অভাবে আকাশভাবে কোন ভেদ নাই। নভোমণ্ডল জ্যোতিঃ স্বরূপকে গ্রহণ করিয়া, সূর্য্য-মূর্ত্তিতে প্রদর্শন করাইতেছে এবং জল সেই জ্যোতিঃ গ্রহণ করিয়া, প্রতিবিম্বরূপে প্রতীত করাইতেছে। এস্থলে জ্যোতিঃ সম্বন্ধে উভয়ত্র এক হইলেও, উপাধির তারতম্যে বিভিন্ন ভাবে এক জ্যোতিই প্রতীত হইতেছে। একই বায়ু উপাধি-ভেদে বিকৃত ভাব ধারণ করিয়া, শরীরের অভ্যন্তরে এবং বাহিরে বিবিধ ক্রিয়ার পরিচয় দিতেছে। অতএব সত্যের বিচিত্রতা না থাকিলেও, সম্বন্ধদোষে তাহা বিচিত্রভাবে পরিচিত হয় মাত্র ॥ ২৯ ॥

সৃষ্টিকালে প্রপঞ্চ জগৎ নানারূপে ও নামে অভিব্যক্ত হইলেও, জ্ঞানী যে ভাবে প্রত্যেকের প্রতি ব্রহ্মজ্ঞানে অবলোকন করেন, তাহাই সুবর্ণ-কটকাদির দৃষ্টান্তে প্রদর্শিত হইয়াছে ॥ ৩০ ॥

ঐশী শক্তির বলে জগৎ রচিত হইয়াছে; জীব কর্ত্তৃক তাহার ধ্বংস হওয়া অসম্ভব।

ছর্দ্দিতস্যাদানং বিপ্ররূপেণানুচিতমিতি তিত্তিরাঃ পক্ষিবিশেষা ভূত্বা আদদুঃ ততস্ত তৈত্তিরীয়া ইতি প্রসিদ্ধাঃ সুপেশলা অতিরম্যাঃ বহুবচনমবান্তরভেদবিবক্ষয়া ॥ ৫৭ ॥

কাণ্বমাধ্যন্দিনাদিশাখাপ্রসঙ্গমাহ যাজ্ঞবল্ক্য ইত্যাদিনা। গুরোর্বৈশম্পায়নস্য ব্যাসেন বিভজ্যানুক্তত্বাৎ অবিদ্যমানানি অধি অধিকানি গবেষয়ন্ সূপতস্থে সম্যক্ তুষ্টাব। ঈশ্বরং নাম নারায়ণং ॥ ৫৮ ॥

ওঁ নমো ভগবতে তুভ্যং আদিত্যায় যো ভবানেক এব ইমাং লোকযাত্রামনুবহতীত্যন্বয়ঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ছর্দ্দিতস্যাদানং বিপ্ররূপেণাযুক্তমিতি তিত্তিরাঃ পক্ষিবিশেষা ভূত্বা আদদুঃ। ততশ্চ তৈত্তিরীয়া ইতি খ্যাতাঃ ॥ ৫৭ ॥

অধিগবেষয়ন্ আন্বিষ্যন্। গুরোর্বৈশম্পায়নস্যাপি অবিদ্যমানানি তেনাপ্যনধিগতানীত্যর্থঃ ॥ ৫৮ ॥

যো ভগবানেক এব ইমাং লোকযাত্রামনুবহতি তস্মৈ আদিত্যায় অখিলজগতাং ভগবতে

তাঁহারা তিত্তিরি নামক পক্ষীর রূপ ধারণে উক্ত যজুর্গণকে গ্রহণ করিলেন। তদবধি সেই মনোরম যজুঃশাখা তৈত্তিরীয় শাখা নামে অভিহিত হইল ॥৫৭॥

হে ব্রহ্মন্! এদিকে গুরু বৈশম্পায়নেরও অনধিগত যজুর্মন্ত্র লাভে গুরুর অপেক্ষা অধিকতর পণ্ডিত হইবার বাসনায় ভগবান্ যাজ্ঞবল্ক্য দিবাকরের আরাধনা আরম্ভ করিলেন ॥ ৫৮ ॥

ভূতনিকায়ানাং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানামন্তর্হৃদয়েষু বহিরপি চাকাশ ইব উপাধিনা ব্যবধীয়মানো ভবানেক এব ক্ষণলবনিমেষাবয়বোপচিত-সম্বৎসর-গণেনাপামাদান-বিসর্গাভ্যামিমাং লোকযাত্রামনুবহতি ।। ৫৯ ।।

অন্বয়ঃ।

অন্তর্যামিরূপেণ বহিরপি ক্ষণলবাদয়ঃ যে অবয়বাঃ তৈঃ উপচিতাঃ যে সম্বৎসরাঃ তেষাং গণেন কালস্বরূপেণ বর্ত্তমানঃ তথাপি আকাশঃ ইব দেহাদ্যুপাধিনা অব্যবধীয়মানঃ অনাচ্ছাদ্যমানঃ, রশ্মিভিঃ অপাং আদানং শোষণং বিসর্গঃ চ বৃষ্টিঃ, তাভ্যাং ইমাং দৃশ্যমানাং লোকযাত্রাং বৃত্তিং অনুবহতি তস্মৈ তুভ্যং ভগবতে ওঁ আদিত্যায় নমঃ; ইতি গায়ত্রী-প্রথম-পাদার্থঃ ॥ ৫৯ ॥

শ্রীধরস্বামী।

তদেব দর্শয়তি অখিলজগতামাত্মস্বরূপেণান্তর্হৃদয়েষু কালস্বরূপেণ বহিরপি বর্ত্তমান ইতি অখিলজগতামিত্যস্য প্রপঞ্চঃ। চতুর্বিধেতি হৃদয়ান্তর্বর্ত্তিত্বেঽপি জীববত্তেনোপাধিনা অব্যবধীয়মানঃ অনাচ্ছাদ্যমানঃ কালস্বরূপেণেত্যস্য প্রপঞ্চঃ। ক্ষণেতি ক্ষণলবাদয়ো যে অবয়বা তৈরুপচিতাঃ সম্বৎসরাস্তেষাং গণেন প্রত্যব্দমপামাদানং শোষণং বিসর্গো বৃষ্টিস্তাভ্যাং। যদ্বা। অপাং বেদানাং। তথাচ শ্রুতিঃ। ঋগ্ভিঃ পূর্ব্বাহ্নে দিবি দেব ঈয়তে যজুর্বেদে তিষ্ঠতি মধ্যেঽহ্নঃ সামবেদেনাস্তময়ে মহীয়তে বেদৈরশূন্যস্ত্রিভিরেভিঃ সূর্য্য ইত্যনেন গায়ত্রী-প্রথমপাদোক্ত-বরেণ্যত্বানুবর্ণিতা ॥ ৫৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীমতে নম ইত্যন্বয়ঃ। ভগৎ শ্রীকামমাহাত্ম্যেত্যমরঃ। চতুর্বিধভূতনিকায়ানাং অন্তর্বহিরপি ক্রমেণাত্মস্বরূপেণ কালস্বরূপেণ চ বর্ত্তমান ইত্যর্থঃ। হৃদয়ান্তর্বর্ত্তিত্বেঽপি জীববত্তেন উপাধিনা অব্যবধীয়মানঃ অনাচ্ছাদ্যমানঃ। আকাশবৎ। ক্ষণলবাদয়ো যে অবয়বা তৈরুপচিতাঃ সম্বৎসরাস্তেষাং গণেন প্রত্যব্দমেব অপাং আদানং শোষণং বিসর্গো বৃষ্টিস্তাভ্যাং ॥ ৫৯ ॥

এস্থলে যাজ্ঞবল্ক্য গায়ত্রীর প্রথম পাদের অর্থ বর্ণনে আদিত্যের স্তব করিয়া বলিলেন, যে সর্ব্বৈশ্বর্য্য-সম্পন্ন আপনি একাকী ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত অণ্ডজ, জরায়ুজ, স্বেদজ ও উদ্ভিজ্জ ভেদে চতুর্ব্বিধ দেহধারী ভুতনিকরের এবং নিখিল জগতের অন্তর্হৃদয়ে অন্তর্যামিরূপে এবং বাহিরে ক্ষণলবাদি বিচিত্র অবয়বরূপে পরিগণিত সম্বৎসর-বাচ্য কালরূপে অবস্থান করিতেছেন; এদিকে আবার মহাকাশের ন্যায়, দেহাদি উপাধির দ্বারা অনাবরিত ভাবেও অবস্থান করিয়া স্বকীয় কীরণ-করে শোষণ-প্রণালীতে রসের সংগ্রহ, আবার বৃষ্টিরূপে রসের বিসর্জ্জন করিয়া পরিদৃশ্যমান জগৎযাত্রা নির্ব্বাহ করিতেছেন। হে সর্ব্বৈশ্বর্য্য-সম্পন্ন দেব দিবাকর আপনাকে প্রণাম করি। ।। ৫৯ ।।

গায়ত্রীর দ্বিতীয় পাদের অর্থ উল্লেখ করত বলিলেন, হে বিবুধর্ষভ! হে

যদুত বাব বিবুধর্ষভ-সবিতরদস্তপত্যনুসবনমহরহরাম্নায়-বিধিনোপতিষ্ঠমানানামখিল-দুরিত-বৃজিন-বীজাবভর্জন-ভগবতঃ সমভিধীমহি তপন মণ্ডলং ।।৬০।। য ইহ বাব স্থিরচরনিকরাণাং নিজনিকেতনানাং মন ইন্দ্রিয়াসুগণানমাত্মনঃ স্বয়মাত্মান্তর্যামী প্রচোদয়তি । ৬১ ।।

অন্বয়ঃ

অথ দ্বিতীয়-পাদার্থ মনুবর্ণয়ন্ স্তৌতি যথা হে বিবুধর্ষভ ! হে সবিতর্ ! অহরহঃ প্রতিদিনং অনুসবনং ত্রিসন্ধ্যং আম্নায়-বিধিনা বৈদিক-মার্গেণ উপতিষ্ঠমানানাং জনানাং যানি অখিলানি দুরিতানি পাপানি তৎফলানি বৃজিনানি দুঃখানি বীজং পাপকারণং অজ্ঞানং চ তেষাং অবভর্জন বিনাশক হে তপন ! যৎ অদঃ ভগবতঃ তব মণ্ডলং তপতি তৎসমভিধীমহি সম্যক্ আভিমুখ্যেন ধ্যায়েম ইতি ॥ ৬০ ॥

(অথ তৃতীয়-পাদার্থং বর্ণয়ন্ স্তৌতি যথা) ইহ লোকে যঃ ভবান্ স্থিরচর-নিকরাণাং নিজ-নিকেতনানাং স্বশরীর-ভূতানাং জীবানাং অনাত্মনঃ জগৎ মনঃ ইন্দ্রিয়-প্রাণগণান্, স্বয়ং আত্মা এব অন্তর্যামী সন্ প্রচোদয়তি প্রবর্ত্তয়তি ॥ ৬১ ॥

শ্রীধরস্বামী ।

দ্বিতীয়পাদার্থানুবর্ণনেন স্তৌতি যদুতেতি । হে বিবুধর্ষভ হে সবিতঃ যদপ্যদো ভগবতস্তব মণ্ডলং তপতি তৎসমভিধীমহি সম্যগাভিমুখ্যেন ধ্যায়েম পুনস্তথৈব সম্বোধনং প্রত্যহং ত্রিসবনং বৈদিকমার্গেণ স্তুবতাং ভক্তানাং যান্যখিলানি দুরিতানি তৎফলানি চ বৃজিনানি দুঃখানি তেষাং বীজং অজ্ঞানঞ্চ তেষামবভর্জন বিনাশক হে তপনেতি ॥ ৬০ ॥

তৃতীয়পাদেন স্তৌতি য ইহেতি যো ভবান্ স্থাবরজঙ্গমসমূহানাং স্বাশ্রয়াণাং জীবানাং মন ইন্দ্রিয়প্রাণগণান্ অনাত্মনো জড়ান্ স্বয়মাত্মৈবান্তর্যামী সন্ প্রচোদয়তি প্রবর্ত্তয়তি ॥ ৬১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

হে বিবুধর্ষভ সবিতঃ যন্মণ্ডলং তপতি অদঃ সমভিধীমহি অনুসবনং প্রতিসময়ং অহরহঃ প্রত্যহঞ্চ । আম্নায়বিধিনা বৈদিকমার্গেণ উপতিষ্ঠতাং স্তুবতাং । যান্যখিলানি দুরিতানি তৎফলানি বৃজিনানি দুঃখানি চ তেষাং বীজমজ্ঞানঞ্চ তেষামবভর্জন বিনাশক হে তপন ॥ ৬০ ॥

অনাত্মনো জড়ান্ প্রচোদয়তি প্রবর্ত্তয়তি ॥ ৬১ ॥

সবিতর্ ! প্রতিদিন ত্রিসন্ধ্যা বেদ-বিধানানুসারে স্তুতি ও নমস্কারাদির দ্বারা যাঁহারা আপনার আরাধনা করে, আপনি তপন-মূর্ত্তিতে তাঁহাদের যাবতীয় পাপ, পাপফল দুঃখ এবং পাপের কারণ অজ্ঞানকে প্রদগ্ধ করিয়া থাকেন । হে ভগবন্ ! আপনার যে মণ্ডল তাপ প্রদান করিতেছে, তাহা আমি সম্যক্‌রূপে ধ্যান করিতেছি ! ॥ ৬০ ॥

অনন্তর তৃতীয় পাদার্থ বর্ণনে স্তব করত বলিলেন, এই পরিদৃশ্যমান সংসার-ক্ষেত্রে স্থাবর-জঙ্গমাত্মক দেহধারী জীবমাত্রেরই আত্মাতিরিক্ত স্থূল দেহ, মন,

য এবেমং লোকমতি-করালবদনান্ধকারসংজ্ঞাজগর-গ্রহগিলিতং মৃতকমিব বিচেতনমস্যুলোক্যানুকম্পয়া পরমকারুণিক ঈক্ষয়ৈবোত্থাপ্যাহরহরনুসবনং শ্রেয়সি স্বধর্ম্মাখ্যাত্মাবস্থানে প্রবর্ত্তয়তি ॥ ৬২ ॥

অবনিপতিরিবাসাধুনাং ভয়মুদীরয়ন্নটতি পরিত আশাপালৈস্তত্র তত্র কমল-কোষাঞ্জলিভিরুপহৃতার্হণঃ ॥ ৬৩ ॥

অন্বয়ঃ।

যঃ পরমকারুণিকঃ ভবান্ অতি করালবদনঃ যঃ অন্ধকার-সংজ্ঞঃ অজগর-গ্রহগ্রস্তেন গিলিতং অতএব মৃতকং ইব বিচেতনং নিঃস্বং ইমং লোকং অবলোক্য নিজানুকম্পয়া ঈক্ষয়া দৃষ্ট্যা এব উত্থাপ্য অহরহঃ অনুসবনং ত্রিসন্ধ্যং স্বধর্ম্মাখ্যং যৎ আত্মনঃ পরমাত্মনঃ অবস্থানং উপাসনং তস্মিন্ প্রবর্ত্তয়তি ॥ ৬২ ॥

যঃ তত্র তত্র স্বস্থানে আশাপালৈঃ (বরুণাদিভিঃ লোকপালৈঃ কমল-কোষযুক্তৈঃ তত্তুল্যৈঃ অঞ্জলিভিঃ উপহৃতার্হণঃ দত্তার্ঘ্যঃ অবনিপতিঃ ইব অসাধুনাং দুরাচারাণাং মরণ-নরকাদি-ভয়ং উদীরয়ন্ উৎপাদয়ন্ পরিতঃ অটতি ভ্রমতি ॥ ৬৩ ॥

শ্রীধরস্বামী।

তৃতীয়পাদমেব মণ্ডলস্থপরতয়া ব্যাচক্ষাণ স্তৌতি য এক এবেতি। য এক এব ভবান্ অতি-করালবদনো যোঽন্ধকারসংজ্ঞোঽজগরগ্রহ স্তেন গিলিতং অতএব মৃতকমিব বিচেতনং স্বধর্ম্মাখ্যঃ যদাত্মাবস্থাং প্রত্যক্ প্রণবস্থং তদেব শ্রেয়ঃ তস্মিন্ প্রবর্ত্তয়তি ॥ ৬২ ॥

কিঞ্চ। যো ভবান্ অবনিপতিরিবাটতি গচ্ছতি আশাপালৈরিন্দ্রাদিভিঃ কমলকোষ-যুক্তৈস্তত্তুল্যৈর্ব্বাঞ্জলিভিরুপহৃতার্হণো দত্তার্ঘ্যঃ ॥ ৬৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈক্ষয়ৈবোত্থাপ্য পূর্ব্বাদ্রাবুদিত্য ঈক্ষণ-প্রদানেনৈবেত্যর্থঃ। স্বধর্ম্মাখ্যং যৎ আত্মাবস্থানং আত্মোপাসনং তত্র ॥ ৬২ ॥

আশাপালৈর্দ্দিক্পালৈরিন্দ্রাদিভিঃ কমলকোষযুক্তৈস্তত্তুল্যৈর্ব্বা অঞ্জলিভিরুপহৃতার্হণো দত্তার্ঘ্যঃ ॥ ৬৩ ॥

ইন্দ্রিয় এবং প্রাণবর্গকে স্বয়ং অন্তর্যামী হইয়া, যিনি কার্য্যক্ষেত্রে নিরন্তর প্রচালিত করিতেছেন ॥ ৬১ ॥

যে পরম কারুণিক আপনি অতি করালবদন অন্ধকার-নামক ভীষণ অজগর কর্ত্তৃক গ্রস্ত সুতরাং মৃতের ন্যায় সংজ্ঞাশূন্য এই লোককে অবলোকন করিয়া, স্বীয় কৃপা-কটাক্ষে জাগরিত করত প্রতিদিন ত্রিসন্ধ্যা স্ব স্ব ধর্ম্মরূপ পরমাত্মার উপাসনায় প্রবর্ত্তিত করাইতেছেন ॥ ৬২ ॥

ইন্দ্র ও বরুণাদি লোকপালগণ স্ব স্ব লোকে অবস্থান পূর্ব্বক কর-কমলে অর্হণ লইয়া, আপনাকে অর্ঘ প্রদান করিতেছেন এবং আপনি ক্ষিতিপালের

অথহ ভগবংস্তচ্চরণ-নলিনযুগলং ত্রিভুবনগুরুভিরভিবন্দিতমহমযাতযাম-যজুস্কাম উপসরামীতি ॥ ৭৪ ॥

সূত উবাচ ॥

এবং স্তুতঃ স ভগবান্ বাজিরূপধরো রবিঃ।

যজূংষ্যযাতযামানি মুনয়েঽদাৎ প্রসাদিতঃ ॥ ৭৫ ॥

যজুর্ভিরকরোচ্ছাখা-দশপঞ্চশতৈর্বিভুঃ।

অন্বয়ঃ।

অথ অতএব হে ভগবন্! তস্য তব ত্রিভুবন-গুরুভিঃ ইন্দ্রাদিভিঃ বন্দিতং চরণ নলিন-যুগলং অযাতযামানি বিস্মরণাদি-দোষ-রহিতানি অন্যেষু অবিদ্যমানানি যানি যজুংষি তৎকামঃ অহং উপসরামি ইতি ॥ ৭৪ ॥

সূতঃ উবাচ। এবং স্তুতঃ প্রসাদিতঃ, বাজিরূপধরঃ রবিঃ অযাতযামানি যজুংষি মুনয়ে অদাৎ ॥ ৭৫ ॥

বিভুঃ যাজ্ঞবল্ক্যঃ শতৈঃ অপরিমিতৈঃ, যজুর্ভিঃ দশপঞ্চ শাখাঃ অকরোৎ; বাজসন্যঃ-তাঃ

শ্রীধরস্বামী।

য এবম্ভূতস্তং অথ অতঃ হ স্ফুটং অযাতযামানি অন্যৈর্যথাবদবিজ্ঞাতানি যানি যজূংষি তৎকামোঽহং উপসরামি ভজামি ॥ ৭৪ ॥

এবং স্তুতঃ প্রসাদিতশ্চ ॥ ৭৫ ॥

পঞ্চদশশাখাঃ শতৈরপরিমিতৈর্যজুর্ভিরকরোৎ স তৈরিতি পাঠে স যাজ্ঞবল্ক্যঃ তৈর্যজুর্ভির-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অযাতযামানি উর্জ্জস্বন্তি অন্যৈর্জ্ঞাতুমশক্যানীত্যর্থঃ। যানি যজূংষি তৎকামোঽহমুপসরামি ভজামি ॥ ৭৪ ॥ ৭৫ ॥

পঞ্চদশশাখাঃ শতৈরপরিমিতৈর্যজুর্ভিরকরোৎ। স তৈরিতি দন্ত্যপাঠে স বিভুর্যাজ্ঞ-

ন্যায়, সকলের নিকট হইতে কর গ্রহণ করত দুরাচারী অসাধুগণের নিকট মরণ এবং নরকাদির ভয় উৎপাদন পূর্ব্বক নিরন্তর সর্ব্বসমক্ষে পর্য্যটন করিতেছেন ॥ ৭৩ ॥

অতএব হে ভগবন্! ত্রিলোকগুরু ইন্দ্রাদি লোকপালগণ আপনার যে চরণারবিন্দের নিরন্তর আরাধনা করিয়া থাকেন, অন্যের নিকট বিস্মৃত হইলেও, আপনার নিকট নিরন্তর জাজ্বল্যমান সেই সমস্ত যজুঃ মন্ত্রের প্রার্থনায় আমি ঐ চরণ-যুগলের শরণাগত হইলাম ॥ ৭৪ ॥

সূত বলিলেন, হে ঋষিগণ! যাজ্ঞবল্ক্যের স্তবে দিবাকর পরিতুষ্ট হইয়া, জাজ্বল্যমান যজুর্মন্ত্র সমূহ সেই ঋষিকে প্রদান করিলেন ॥ ৭৫ ॥

জগৃহুর্বাজসংজ্ঞাস্তাঃ কাণ্বমাধ্যন্দিনাদয়ঃ ॥ ৬৬ ॥
জৈমিনেঃ সামগস্যাসীৎ সুমন্তুস্তনয়ো মুনেঃ।
সুত্বাংস্তু তৎসুত স্তাভ্যামেকৈকাং প্রাহ সংহিতাং ॥ ৬৭ ॥
সুকর্ম্মা চাপি তচ্ছিষ্যঃ সামবেদতরো মহান্।
সহস্র-সংহিতাভেদং চক্রে সাম্নাং ততো দ্বিজ ॥

অন্বয়ঃ।

শাখাঃ কাণ্বমাধ্যন্দিনাদয়ঃ জগৃহুঃ অধীতবন্তঃ ॥ ৬৬ ॥

তৎসুতঃ সুমন্তুসুতঃ সুত্বান্। স্ববেদং দ্বেধা বিভজ্য তাভ্যাং পুত্র-পৌত্রাভ্যাং একৈকাং সংহিতাং জৈমিনিঃ প্রাহ ॥ ৬৭ ॥

তস্য জৈমিনেঃ শিষ্যঃ মহান্ মহাবুদ্ধিমান্ তস্মাৎ সামবেদতরোঃ সকাশাৎ সাম্নাং সহস্রং সংহিতাভেদং চক্রে ॥

শ্রীধরস্বামী।

করোদিত্যর্থঃ। জগৃহুরধীতবন্তঃ। রবিণা অশ্বরূপেণ বাজেভ্যঃ কেশরেভ্যঃ বাজেন বেগেন বা সংন্যস্তাঃ ত্যক্তাঃ শাখাঃ বাজসনীসংজ্ঞাঃ তাঃ শাখা ইতি বা ॥ ৬৬ ॥

সামশাখাবিভাগমাহ জৈমিনেরিতি। তৎসুতঃ সুমন্তুসুতঃ। তাভ্যাং পুত্রপৌত্রাভ্যাং ক্রমেণ একৈকাং প্রাহ ॥ ৬৭ ॥

তচ্ছিষ্যো জৈমিনেঃ শিষ্যঃ মহান্ অতিমেধাবী সহস্রসংহিতারূপং ভেদং চক্রে। সাম্নাং তৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বদ্ধা স্তৈর্যজুর্ভিরকরোৎ। বাজেভ্যঃ সূর্য্যাশ্বকেশরেভ্যঃ সম্যক্ নয়ন্তীতি বাজসংন্যঃ শাখাস্তাঃ কাণ্বাদয়ো মুনয়ো জগৃহুরধীতবন্তঃ ॥ ৬৬ ॥

সামবেদশাখাবিভাগমাহ জৈমিনেরিতি। তৎসুতঃ সুমন্তুসুতঃ। জৈমিনিস্তাভ্যাং পুত্রপৌত্রাভ্যাং ক্রমেণৈকৈকাং প্রাহ ॥ ৬৭ ॥

তচ্ছিষ্যঃ জৈমিনেঃ শিষ্যঃ সামবেদতরোঃ সামবেদতরুসম্বন্ধী তচ্ছিষ্যো মহানভূদিত্যর্থঃ।

অতুল মেধাসম্পন্ন যাজ্ঞবল্ক্য সেই সূর্য্য-লব্ধ অপরিমিত যজুর দ্বারা পঞ্চদশ শাখা প্রস্তুত করিলেন। সেই বাজসনী শাখা সমূহকে কাণ্ব এবং মাধ্যন্দিন-গণ অধ্যয়ন করিলেন। অশ্বের বাজস্ হইতে যজুর্মন্ত্র নির্গত হইয়াছিল বলিয়া, উক্ত শাখা সকল বাজসনী নামে অভিহিত হইয়াছিল ॥ ৬৬ ॥

সামগ জৈমিনির পুত্র সুমন্তু এবং সুমন্তুর তনয় সুত্বান্। জৈমিনি স্বীয় বেদকে দুইভাগে বিভক্ত করিয়া, উভয় পুত্র এবং পৌত্রকে প্রদান করিয়াছিলেন ॥ ৬৭ ॥

সুকর্ম্মা নামে জৈমিনির একজন মহাবুদ্ধিমান্ শিষ্য ছিলেন; তিনি এই সামবেদ-রূপ বিপুল তরু হইতে সহস্র সাম-সংহিতা প্রণয়ন করেন ॥

হিরণ্যনাভঃ কৌশল্যঃ পৌষ্পিঞ্জিশ্চ সুকর্ম্মণঃ।
শিষ্যৌ জগৃহতু শ্চান্য আবন্ত্যো ব্রহ্মবিত্তমঃ॥ ৬৮॥
উদীচ্যাঃ সামগাঃ শিষ্যা আসন্ পঞ্চশতানি বৈ।
পৌষ্পঞ্জ্যাবন্ত্যয়োশ্চাপি তাংশ্চোদীচ্যান্ প্রচক্ষতে॥ ৬৯॥
লোকাক্ষি র্লাঙ্গলিঃ কুল্যঃ কুশীদঃ কুক্ষিরেব চ।

অন্বয়ঃ।

কৌশল্যঃ হিরণ্যনাভঃ, পৌষ্পিঞ্জিঃ চ এতৌ দ্বৌ সুকর্ম্মণঃ শিষ্যৌ তং সংহিতাভেদং জগৃহতুঃ। তথা অন্যঃ অপি ব্রহ্মবিত্তমঃ আবন্ত্যঃ নাম তস্যৈব শিষ্যঃ। সোঽপি তং জগ্রাহ॥ ৬৮॥

পৌষ্পঞ্জ্যাবন্ত্যয়োঃ হিরণ্যনাভস্য অপি পঞ্চশতানি উদিচ্যাঃ সামগাঃ শিষ্যাঃ আসন্ তে তাবতীঃ শাখাঃ যথাযথং জগৃহুঃ। তান্ উদীচ্যান্ কাংশ্চিৎ প্রাচ্যান্ চ প্রচক্ষতে ইতি॥ ৬৯॥

লোকাক্ষিঃ লাঙ্গলিঃ কুল্যঃ কুশীদঃ কুক্ষিঃ চ ইতি পৌষ্পঞ্জিশিষ্যাঃ পঞ্চ এতে প্রত্যেকং শতং

শ্রীধরস্বামী।

সংহিতাভেদং ততস্তদনন্তরং সুকর্ম্মণঃ শিষ্য একঃ কৌশল্যো হিরণ্যনাভঃ পৌষ্পঞ্জিনামৈকঃ তৌ জগৃহতুঃ আবন্ত্যশ্চান্যঃ। তস্যৈব শিষ্যঃ সোঽপি জগ্রাহ॥ ৬৮॥

পৌষ্পঞ্জ্যাবন্ত্যয়োরপি চকারাদ্ধিরণ্যনাভস্যাপি পঞ্চশতানি শিষ্যা আসন্ তে তাবতীঃ শাখা যথাযথং জগৃহঃ তানুদীচ্যান্ সতঃ কালতঃ কাংশ্চিৎ প্রাচ্যাংশ্চ প্রচক্ষত ইত্যর্থঃ। যথোক্তং বৈষ্ণবে। উদীচ্যাঃ সামগাঃ শিষ্যা স্তস্য পঞ্চশতং স্মৃতাঃ। হিরণ্যনাভাত্তাবত্যঃ সংহিতা স্তৈর্দ্বিজোত্তমৈঃ। গৃহীতা স্তেঽপি চোচান্তে পণ্ডিতৈঃ প্রাচ্যসামগা ইতি॥ ৬৯॥

পুনরপি এতেষাং ত্রয়াণাং সুকর্ম্মণঃ শিষ্যাণাং শিষ্যান্তরৈঃ শাখাবহুত্বং দর্শয়তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতএব সাম্নামেব সংহিতাভেদক্রমে হিরণ্যনাভঃ কৌশল্যঃ কোশলদেশোদ্ভবঃ। পৌষ্পঞ্জিশ্চ সুকর্ম্মণঃ শিষ্যোঽন্য আবন্ত্যশ্চ তচ্ছিষ্যঃ সোঽপি জগ্রাহ॥ ৬৮॥

তত্র হিরণ্যনাভস্য পঞ্চশতানি শিষ্যা উদীচ্যা আসন্। পৌষ্পঞ্জ্যাবন্ত্যয়োরপি তাবন্ত এব শিষ্যা স্তাংস্ত প্রাচ্যান্ প্রাচ্যসামগান্ তেচ তেচ তাবতীঃ শাখা জগৃহুঃ॥ ৬৯॥

পুনরপি পৌষ্পঞ্জিশিষ্যা লোকাক্ষ্যাদয়ঃ পঞ্চ॥ ৭০॥

কুশল্য-নন্দন হিরণ্যনাভ এবং পৌষ্পঞ্জি নামে সুকর্ম্মার শিষ্যদ্বয় এবং আবন্ত্য নামে আবার একজন ব্রহ্মবিদ্ শিষ্য ছিলেন। এই তিন জনে সেই সহস্র শাখায় বিভক্ত সামসংহিতা অধ্যয়ন করিয়াছিলেন॥ ৬৮॥

পৌষ্পঞ্জি আবন্ত্য এবং হিরণ্যনাভের উত্তর-দেশীয় পঞ্চ শত শিষ্য ছিলেন। তাঁহারা সকলে উক্ত সমগ্র সাম-শাখা যথাযথ অধ্যয়ন করিয়াছিলেন। উদীচ্য শব্দে কেহ কেহ পূর্ব্ব দেশবাসী বলিয়াও নিরূপণ করিয়া থাকেন॥ ৬৯॥

লোকাক্ষি, লাঙ্গলি, কুল্য, কুশীদ এবং কুক্ষি নামে যে পঞ্চ জন পৌষ্পঞ্জির

পৌষ্পঞ্জিশিষ্যা জগৃহুঃ সংহিতাস্তে শতং শতং ॥ ৭০ ॥
কৃতো হিরণ্যনাভস্য চতুর্বিংশতি সংহিতাঃ।
শিষ্য উচে স্বশিষ্যেভ্যঃ শেষা আবন্ত্য আত্মবান্ ॥ ৭১ ॥
॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্বাদশস্কন্ধে শাখাপ্রণয়নং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥
সূত উবাচ ॥
অথর্ব্ববিৎ সুমন্তুশ্চ শিষ্যমধ্যাপয়ৎ স্বকাং।

অন্বয়ঃ।

শতং সংহিতাঃ জগৃহুঃ ॥ ৭০ ॥

হিরণ্যনাভস্য কৃতনামা অন্যঃ শিষ্যঃ চতুর্বিংশতিঃ সংহিতাঃ স্বশিষ্যেভ্যঃ উচে। আবন্ত্যঃ শেষাঃ সংহিতাঃ শিষ্যেভ্যঃ আহ ॥ ৭১ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

সূতঃ উবাচ। অথর্ব্ববিৎ সুমন্তুঃ স্বকীয়াং সংহিতাং স্বশিষ্যং কবন্ধনামানং অধ্যা-

শ্রীধরস্বামী।

লোকাক্ষিরিতি দ্বাভ্যাং ॥ ৭০ ॥

কৃতো নাম হিরণ্যনাভস্য শিষ্যঃ স্বশিষ্যেভ্য উচে। শেষা অন্যা অপি যাঃ প্রসিদ্ধাঃ শাখাস্তা আবন্ত্যঃ স্বশিষ্যেভ্য উচ ইতি ॥ ৭১ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে ষষ্ঠঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুনরপি হিরণ্যনাভস্য শিষ্যঃ কৃতঃ। শেষা অন্যা অপি যাঃ শাখাঃ প্রসিদ্ধাস্তা আবন্ত্যঃ স্বশিষ্যেভ্য উচে ॥ ৭১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষষ্ঠোঽধ্যায়ো দ্বাদশস্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

শিষ্য ছিলেন, তাঁহারা প্রত্যেকে এক শত করিয়া উক্ত সাম সংহিতা অধ্যয়ন করেন ॥ ৭০ ॥

কৃতনামা হিরণ্যনাভের শিষ্য চতুর্বিংশতি সংহিতা স্বীয় শিষ্যগণকে অধ্যয়ন করান। অবশিষ্ট সংহিতা আবন্ত্য অন্যান্য শিষ্যগণকে উপদেশ করেন ॥ ৭১ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষষ্ঠ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

সপ্তম অধ্যায়ে অথর্ব্ববেদের বিস্তার, পুরাণবিভাগ, পুরাণ-লক্ষণ এবং ভাগবত শ্রবণের ফল বর্ণিত হইয়াছে ॥

সংহিতাং সোঽপি পথ্যায় বেদদর্শায় চোক্তবান্ ॥ ১ ॥
শৌল্কায়নি ব্র্হ্মবলি মোদোষঃ পিপ্পলায়নিঃ।
বেদদর্শস্য শিষ্যা স্তে পথ্যশিষ্যানথো শৃণু ॥
কুমুদঃ শুনকো ব্রহ্মন্ জাজলি শ্চাপ্যথর্ব্ববিৎ ॥ ২ ॥

অন্বয়ঃ।

পয়ামাস। সঃ শিষ্যঃ অপি তাং দ্বিধা বিভজ্য পথ্যায় বেদদর্শায় চ উক্তবান্ ॥ ১ ॥

তত্র বেদদর্শঃ স্বসংহিতাং চতুর্দ্ধা বিভজ্য শৌল্কায়নিঃ ব্রহ্মবলিঃ মোদোষঃ পিপ্পলায়নিঃ ইতি চতুরঃ শিষ্যান অধ্যাপয়ামাস। হে ব্রহ্মন্! পথ্যঃ চ স্বসংহিতাং ত্রিধা বিভক্তবান্; তথা কুমুদঃ, শুনকঃ, অথর্ব্ববিৎ জাজলিঃ চ ইতি তস্য শিষ্যাঃ আসন্ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

সপ্তমেঽথর্ব্ববিস্তারঃ পুরাণব্যাসনং ততঃ।
পুরাণলক্ষণাদীনি ফলং ভাগবতঃ শ্রুতেঃ ॥ * ॥

ক্রমপ্রাপ্তমথর্ব্ববেদবিভাগমাহ। শিষ্যং কবন্ধনামানং স্বকীয়াং সংহিতাং সোঽপি শিষ্যোঽপি তাং দ্বিধা বিভজ্য। তদুক্তং বৈষ্ণবে। অথর্ব্ববেদং স মুনিঃ সুমন্তুরমিতদ্যুতিঃ। শিষ্যমধ্যাপয়ামাস কবন্ধং সোঽপি তং দ্বিধা। কৃত্বাতু বেদদর্শায় তথা পথ্যায় দত্তবানিতি ॥ ১ ॥

তত্র বেদদর্শঃ স্বসংহিতাঃ চতুর্দ্ধা বিভজ্য চতুরঃ শিষ্যানধ্যাপয়ামাস। পথ্যশ্চ ত্রিধা বিভজ্য ত্রীনিতি সার্দ্ধেনাহ শৌল্কায়নিরিতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপ্তমেঽথর্ব্বণো ব্যাসং পুরাণস্য চ তস্য চ।
লক্ষণানি দশ প্রোচ্য তস্য সংখ্যা চ কথ্যতে ॥ * ॥

শিষ্যং বিষ্ণুপুরাণোক্তং কবন্ধসংজ্ঞং ॥ ১ ॥ ২ ॥

সূত বলিলেন, হে বিপ্রগণ! অথর্ব্ববিৎ সুমন্তু স্বকীয় সংহিতা কবন্ধনামক নিজের শিষ্যকে অধ্যয়ন করাইয়াছিলেন এবং কবন্ধ সেই সংহিতাকে দুই ভাগে বিভক্ত করত, এক অংশ পথ্য এবং অপর অংশ বেদদর্শক নামক দুইটী শিষ্যকে উপদেশ করেন ॥ ১ ॥

বেদদর্শ স্বীয় সংহিতাকে চারিভাগে বিভক্ত করিয়া, শৌল্কায়নি, ব্রহ্মবলি, মোদোষ এবং পিপ্পলায়নি নামক চারি জন শিষ্যকে পৃথক্‌ভাগে প্রদান করিলেন। পথ্যও নিজ সংহিতাকে তিন ভাগে বিভক্ত করত কুমুদ, শুনক এবং জাজলি নামক তিন জন শিষ্যকে প্রদান করিলেন। ইহাঁরা সকলেই অথর্ব্ববেদবিদ্ বলিয়া অভিহিত হইয়াছিলেন ॥ ২ ॥

বভ্রুঃ শিষ্যোঽথাঙ্গিরসঃ সৈন্ধবায়ন এব চ।
অধীয়েতাং সংহিতে দ্বে সাবর্ণ্যাদ্যাস্তথা'পরে ॥ ৩ ॥
নক্ষত্রকল্পঃ শান্তিশ্চ কশ্যপাঙ্গিরসাদয়ঃ।
এতে আথর্ব্বণাচার্য্যাঃ শৃণু পৌরাণিকান্মুনে ॥
ত্রয্যারুণিঃ কশ্যপশ্চ সাবর্ণিরকৃতব্রণঃ।
শিংশপায়ন-হারীতৌ ষড়্ বৈ পৌরাণিকা ইমে ॥ ৪ ॥
অধীয়ন্ত ব্যাসশিষ্যাৎ সংহিতাং মৎপিতুর্ম্মুখাৎ।

অন্বয়ঃ।

অঙ্গিরসঃ শুনকস্য, শিষ্যঃ বভ্রুঃ সৈন্ধবায়নঃ। তত্র সাবর্ণ্যাদ্যাঃ সৈন্ধবায়নাদিশিষ্যাঃ ॥ ৩ ॥
হে মুনে! নক্ষত্রকল্পঃ শান্তিঃ কশ্যপঃ অঙ্গিরসাদয়ঃ এতে আথর্ব্বণাচার্য্যাঃ। অথ পৌরাণিকান্ শৃণু ॥
ত্রয্যারুণিঃ কশ্যপঃ সাবর্ণিঃ অকৃতব্রণঃ শিংশপায়নঃ হারীতঃ ইমে ষট্ বৈ পৌরাণিকাঃ ॥৪॥
ব্যাসশিষ্যাৎ মৎপিতুঃ রোমহর্ষস্য মুখাৎ এতে ষট্ ত্রয্যারুণ্যাদয়ঃ একৈকাং সংহিতাং

শ্রীধরস্বামী।

অঙ্গিরসঃ শুনকস্য শিষ্যো বভ্রুঃ সৈন্ধবায়নশ্চ। তদুক্তং। শুনকশ্চ দ্বিধা কৃত্বা দদাবেকাস্ত বভ্রবে। দ্বিতীয়াং সংহিতাং প্রাদাৎ সৈন্ধবায়নসংজ্ঞিন ইতি। সাবর্ণ্যাদ্যাঃ সৈন্ধবায়নশিষ্যাঃ ॥ ৩ ॥
নক্ষত্রকল্পঃ শান্তিশ্চ নক্ষত্রকল্পঃ শান্তিকল্পশ্চেতি দ্বৌ। তদুক্তং। নক্ষত্রকল্পো বেদানাং সংহিতানাং তথৈবচ। চতুর্থঃ স্যাদাঙ্গিরসঃ শান্তিকল্পশ্চ পঞ্চম ইতি। নক্ষত্রকল্পাদীনাং কর্ত্তার স্তন্নামভিরুচ্যন্তে ॥ ৪ ॥
মৎপিতুর্ম্মুখাদিতি প্রথমং ব্যাসঃ ষট্‌সংহিতাঃ কৃত্বা মৎপিত্রে রোমহর্ষণায় প্রাদাৎ তস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অঙ্গিরসঃ শুনকস্য শিষ্যো বভ্রুঃ। সাবর্ণ্যাদ্যাঃ সৈন্ধবায়নাদীনাং শিষ্যাঃ ॥ ৩ ॥ ৪ ॥

আঙ্গিরানন্দন শুনক স্বসংহিতাকে দুই ভাগ করত, বভ্রু এবং সৈন্ধবায়ন নামক দুই শিষ্যকে দুইভাগে প্রদান করেন। সৈন্ধবায়নের শিষ্য সাবর্ণি প্রভৃতি পরে তৎসমীপে উপদিষ্ট হন ॥ ৩ ॥

অবশেষে নক্ষত্রকল্প, শান্তি, কশ্যপ এবং আঙ্গিরস প্রভৃতি সকলে অথর্ব্ববেদের আচার্য্য বলিয়া পরিগণিত হইয়াছিলেন। হে মুনে! বেদাচার্য্যগণেয় নাম আমি বর্ণন করিলাম। এক্ষণে পুরাণকর্ত্তাগণের নাম কীর্ত্তন করিতেছি; শ্রবণ করুন। ত্রয্যারুণি, কশ্যপ, সাবর্ণি, অকৃতব্রণ, শিংশপায়ন এবং হারীত এই ছয় জন পৌরাণিক আচার্য্য বলিয়া পরিগণিত ॥ ৪ ॥

একৈকামহমেতেষাং শিষ্যঃ সর্ব্বাঃ সমধ্যগাং ॥ ৫ ॥
কশ্যপোঽহঞ্চ সাবর্ণী রামশিষ্যোঽকৃতব্রণঃ।
অধীমহি ব্যাসশিষ্যাচ্চত্বারো মূলসংহিতাঃ ॥ ৬ ॥
পুরাণলক্ষণং ব্রহ্মন্ ব্রহ্মর্ষিভি র্নিরূপিতং।
শৃণুষ্ব বুদ্ধিমাশ্রিত্য বেদশাখানুসারতঃ ॥ ৭ ॥
সর্গোঽস্যাথ বিসর্গশ্চ বৃত্তী রক্ষান্তরাণি চ।

অন্বয়ঃ।

অধীয়ন্তঃ। অহং এতেষাং শিষ্যঃ সর্ব্বাঃ এব তাঃ অধ্যগাং ॥ ৫ ॥

কশ্যপঃ, অহং (সূতঃ), সাবর্ণিঃ, রামশিষ্যঃ অকৃতব্রণঃ, এতে চত্বারঃ বয়ং ব্যাসশিষ্যাৎ মৎ-পিতুঃ রোমহর্ষণাৎ চত্বারঃ মূলসংহিতাঃ অধীমহি ॥ ৬ ॥

হে ব্রহ্মন্। ব্রহ্মর্ষিভিঃ নিরূপিতং পুরাণলক্ষণং বেদশাখানুসারতঃ বুদ্ধিং আশ্রিত্য শৃণু। ॥ ৭

(অস্য বিশ্বস্য) সর্গঃ বিসর্গঃ বৃত্তিঃ (স্থানং) রক্ষা (পোষণং) অন্তরাণি মন্বন্তরাণি, বংশঃ

শ্রীধরস্বামী।

চ মুখাদেতে ত্রয্যারুণ্যাদয়ঃ একৈকাং সংহিতামধীয়ন্ত। এতেষাং ষণ্ণাং শিষ্যোঽহং তাঃ সর্ব্বাঃ সমধীতবান্ ॥ ৫ ॥

রামশিষ্যো যোঽকৃতব্রণঃ এবং চত্বারো বয়ং মূলসংহিতা ইত্যনেন ততঃ সংহিতাবাহুল্যং সূচিতং ॥ ৬ ॥

শুকপরীক্ষিৎসম্বাদে নিরূপিতমপি পুরাণলক্ষণং তদ্ভেদকথনায় দর্শয়তি পুরাণেতি ॥ ৭ ॥

অস্য বিশ্বস্য অত্র সর্গো বিসর্গশ্চ স্থানং পোষণমূতয়ঃ। মন্বন্তরেশানুকথা-নিরোধো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৎপিতু রোমহর্ষণস্য। এতেষাং ষণ্ণামপ্যহং শিষ্যঃ ॥ ৫ ॥

ব্যাসশিষ্যাৎ লোমহর্ষণাৎ ॥ ৬ ॥

ব্যাস-শিষ্য মদীয় পিতা রোমহর্ষণ সমীপে উক্ত ছয় জন ব্যক্তি ব্যাসকৃত ছয় খানি পুরাণ পৃথক্‌ভাবে এক এক খানি এক এক জন অধ্যয়ন করেন। পরে আমি উক্ত ছয় খানি পুরাণ একাকী উক্ত ছয় জনের সমীপে সমগ্র অধ্যয়ন করিয়াছি ॥ ৫ ॥

কশ্যপ, আমি (সূত) সাবর্ণি এবং রামশিষ্য অকৃতব্রণ আমরা এই চারি জনে উক্ত মদীয় পিতা লোমহর্ষণের সমীপে চারি খানি মূল-সংহিতা অধ্যয়ন করিয়াছিলাম। ৬ ॥

হে ব্রহ্মন্! ব্রহ্মর্ষিগণ কর্ত্তৃক নিরূপিত পুরাণের লক্ষণ আমি বেদশাখা অনুসারে বর্ণন করিতেছি! আপনি সমাহিত-চিত্তে তাহা শ্রবণ করুন্। ॥ ৭ ॥

বংশো বংশানুচরিতং সংস্থা হেতুরপাশ্রয়ঃ ॥ ৮ ॥
দশভির্লক্ষণৈর্যুক্তং পুরাণং তদ্বিদো বিদুঃ।
কেচিৎ পঞ্চবিধং ব্রহ্মন্ মহদল্পব্যবস্থয়া ॥ ৯ ॥
অব্যাকৃতগুণক্ষোভান্মহতস্ত্রিবৃতোঽহমঃ।

অন্বয়ঃ

বংশানুচরিতং সংস্থা (নিরোধঃ) হেতুঃ (জীবাশ্রয়-বাসনা) আশ্রয়ঃ চ ইতি দশলক্ষণং পুরাণং বিদুঃ। তত্র কেচিৎ মহদল্প-ব্যবস্থয়া পঞ্চবিধং বিদুঃ ॥ ৮ ॥ ৯ ॥

অব্যাকৃতস্য প্রধানস্য গুণানাং ক্ষোভাৎ যঃ মহান্ তস্মাৎ যঃ ত্রিবৃৎ ত্রিবিধঃ অহঙ্কারঃ

শ্রীধরস্বামী।

মুক্তিরাশ্রয় ইত্যত্রোক্তে স্থানপোষণে বৃত্তিরক্ষা শব্দাভ্যামুচ্যেতে। অন্তরাণি বংশো বংশানুকথা সংস্থা নিরোধঃ অনেনৈবাত্যন্তিক-প্রলয়রূপা মুক্তিরপ্যুক্তা। হেতুশব্দেন জীবাশয়-বাসনা-শব্দ-বাচ্যা উতয়ো গৃহীতাঃ ॥ ৮ ॥

দশভিরেতৈ লক্ষণৈরুক্তৈর্যুক্তং মহাপুরাণং বিদুঃ। কেচিৎ পঞ্চবিধং সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশোমন্বন্তরাণি চ। বংশানুচরিতঞ্চেতি পুরাণং পঞ্চলক্ষণমিতি মহৎপুরাণং অল্পঞ্চেতি ব্যবস্থয়া যত্র দশাপি লক্ষণানি পৃথক্ নিরূপ্যন্তে তন্মহাপুরাণং তত্র ত্বন্যেষাং পঞ্চস্বেবান্তর্ভাবো বিবিক্তিতত্বদল্পমিতি ব্যবস্থয়েত্যর্থঃ ॥ ৯ ॥

সর্গাদিলক্ষণানি ব্যাচষ্টে অব্যাকৃতেত্যাদিনা প্রধানস্য গুণানাং ক্ষোভাৎ যো মহান্ তস্মাদ্-যস্ত্রিবৃদহঙ্কারঃ তস্মাদ্ভূতমাত্রাণাং সূক্ষ্মাণামিন্দ্রিয়াণাঞ্চ তদর্থানাং স্থূলানাঞ্চ তত্তদ্দেবতানাঞ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মর্ষিভিঃ শ্রীশুকবচনৈরুপক্রমে যদুক্তং প্রায়েণ তদেবোপসংহারেঽপ্যুচ্যতে ॥ ৭ ॥ ৮ ॥

কেচিৎ পঞ্চবিধমিতি। সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ। বংশানুচরিতঞ্চেতি পুরাণং পঞ্চলক্ষণমিতি। মহৎ অল্পঞ্চেতি ব্যবস্থয়া যত্র দশাপি লক্ষণানি পৃথঙ্নিরূপ্যন্তে। তন্মহাপুরাণং যত্র ত্বন্যেষাং পঞ্চস্বেবান্তর্ভাবো বিবক্ষিতস্তদল্পমিতি ব্যবস্থয়েত্যর্থঃ ॥ ৯ ॥

তত্র সর্গং ব্যাচষ্টে। অব্যাকৃতস্য প্রধানস্য গুণানাং ক্ষোভাৎ যো মহান্ তস্মাৎ।

এই বিশ্বের উৎপত্তি, অবান্তর সৃষ্টি, স্থিতি, পালন, মন্বন্তর, বংশবর্ণন, বংশধরগণের চরিত্র-কথন, প্রলয়-কথন, জীবনিষ্ঠ বাসনা এবং আশ্রয় বিষয়ের বর্ণন-রূপ দশবিধ লক্ষণযুক্ত গ্রন্থকে মহাপুরাণ নামে অভিহিত করা হয় ॥ ৮ ॥

হে ব্রহ্মন্! অল্প বিস্তর বিচারে উক্ত দশবিধ লক্ষণ-বিশিষ্ট গ্রন্থকে মহা-পুরাণ এবং সর্গ প্রতিসর্গ, বংশ, মন্বন্তর ও বংশানুচরিত বিশিষ্ট পঞ্চ লক্ষণযুক্ত গ্রন্থকে উপপুরাণ বলিয়া বর্ণন করা হয় ॥ ৯ ॥

অব্যাকৃত-সংজ্ঞক মূলা প্রকৃতির সত্ত্ব, রজঃ এবং তমোনামক গুণত্রয়ের

ভূতসূক্ষ্মেন্দ্রিয়ার্থানাং সম্ভবঃ সর্গ উচ্যতে ॥ ১০ ॥
পুরুষানুগৃহীতানামেতেষাং বাসনাময়ঃ।
বিসর্গোঽয়ং সমাহারো বীজাদ্বীজং চরাচরং ॥ ১১ ॥
বৃত্তিভূর্তানি ভূতানাং চরাণামচরাণি চ।

অন্বয়ঃ

তস্মাৎ ভূতসূক্ষ্মাণাং শব্দাদিতন্মাত্রাণাং ইন্দ্রিয়াণাং তদর্থানাং পৃথিব্যাদি-মহাভূতানাং তদ্দেবতানাং চ সম্ভবঃ সর্গঃ উচ্যতে ॥ ১০ ॥

পুরুষেণ পরমেশ্বরেণ অনুগৃহীতানাং আহিত-সৃষ্টিসামর্থ্যানাং এতেষাং মহদাদীনাং বাসনাময়ঃ পূর্ব্বকর্ম্মসংস্কার-প্রধানঃ যঃ অয়ং সমাহারঃ সংঘাতভূতঃ চরাচরং তত্তচ্ছরীরাত্মকঃ বীজাৎ বীজং ইব প্রবাহাপন্নঃ সঃ বিসর্গঃ উচ্যতে ॥ ১১ ॥

চরণাং ভূতানাং সামান্যতঃ অচরাণি চরাণি গোমহিষী-বৃষাদীনি চ জীবিকাসাধনং বৃত্তিঃ

শ্রীধরস্বামী।

সম্ভবঃ সর্গঃ কারণসৃষ্টিঃ সর্গ ইত্যর্থঃ। উচ্যতে ইতি যথাপেক্ষমুত্তরত্রাপ্যনুষঙ্গঃ ॥ ১০ ॥

বিসর্গং ব্যাচষ্টে পুরুষেণেশ্বরেণানুগৃহীতানামেতেষাং মহদাদীনাং পূর্ব্বকর্ম্মবাসনাপ্রধানোঽয়ং সমাহারঃ কার্য্যভূতঃ চরাচর-প্রাণিরূপো বীজাদ্বীজমিব প্রবাহাপন্নো বিসর্গ উচ্যতে ইত্যর্থঃ ॥ ১১ ॥

চরাণাং ভূতানাং সামান্যতোঽচরাণি চকারাচ্চরাণি চ কামাদ্বৃত্তিঃ। তত্র তু নৃণাং স্বেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্রিবৃদহঙ্কারস্তস্মাৎ ভূতমাত্রাদীনাং সম্ভবঃ সর্গঃ। অত্রার্থশব্দেন দেবতাঃ জ্ঞেয়াঃ। কারণসৃষ্টিঃ সর্গ ইত্যর্থঃ। উচ্যত ইতি। যথাপেক্ষমুত্তরত্রাপ্যনুষঙ্গঃ। ১০ ॥

বিসর্গং ব্যাচষ্টে। পুরুষেণেশ্বরেণানুগৃহীতানাং এতেষাং যঃ সমাহারঃ কার্য্যভূতঃ সমষ্টি-ব্যষ্টিজীবোপাধিরূপঃ। কীদৃশঃ বাসনাময়ঃ সদসদ্বাসনাপ্রধানঃ স বিসর্গঃ। তত্র চরাচরং জঙ্গমস্থাবরাত্মকং জগদিদং বীজাদ্বীজমিব প্রবাহাপন্নং ভবতি। উভয়ঃ কর্ম্মবাসনা ইতি পূর্ব্বলক্ষিতা যা উক্তিঃ সাত্র বিসর্গ এবান্তর্ভাবিতা ॥ ১১ ॥

পূর্ব্বোক্তং স্থানং পালনমেবাত্র বৃত্তিশব্দেনোচ্যতে। তাং ব্যাচষ্টে বৃত্তিরিতি। চরাণাং

ক্ষোভে উৎপন্ন মহত্তত্ত্ব, ত্রিবিধ অহঙ্কার এবং সেই অহঙ্কারোৎপন্ন শব্দাদি পঞ্চতন্মাত্র, একাদশ ইন্দ্রিয়, তাহাদের বিষয় পঞ্চ মহাভূত এবং তত্তদধিষ্ঠাত্রী দেবতাগণের উৎপত্তিরূপ ব্যাপারই সর্গ নামে অভিহিত ॥ ১০ ॥

বীজ হইতে বৃক্ষ এবং বৃক্ষ হইতে বীজের উৎপত্তি-প্রকরণের ন্যায়, উক্ত তত্ত্ব-সমূহে পরমপুরুষ ভগবানের নিরন্তর সম্বন্ধ-জনিত প্রত্যেকের মধ্যে প্রদত্ত পূর্ব্ব-কর্ম্ম-সংস্কাররূপ প্রবাহরূপের প্রতীয়মান অবান্তর সৃষ্টি সামর্থ্যই বিসর্গ নামে অভিহিত ॥ ১১ ॥

কৃতা স্বেন নৃণাং তত্র কামাচ্চোদনয়াপি বা ॥ ১২ ॥
রক্ষাচ্যুতাবতারেহা বিশ্বস্যানুযুগে যুগে।
তির্য্যঙ্মর্ত্ত্যর্ষি দেবেষু হন্যন্তে যৈ স্ত্রয়ীদ্বিষঃ ॥ ১৩ ॥
মন্বন্তরং মনুর্দ্দেবা মনুপুত্রাঃ সুরেশ্বরাঃ।

অন্বয়ঃ।

উচ্যতে। নৃণাং তু স্বেন স্বভাবেন কামাৎ তথা চোদনয়া শাস্ত্রবিধ্যনুসারেন কৃতা বৃত্তিঃ ভবতি ॥ ১২ ॥

যুগে যুগে তির্য্যক্-মর্ত্ত্যর্ষি-দেবেষু যে অচ্যুতাবতারাঃ তেষাং ঈহাঃ, লীলাঃ যৈঃ অবতার-চেষ্টিতৈঃ ত্রয়ীদ্বিষঃ বেদবিরোধিনঃ, হন্যন্তে ইতি অসৌ বিশ্বস্য রক্ষা উচ্যতে ॥ ১৩ ॥

মনুঃ দেবাঃ মনুপুত্রাঃ সুরেশ্বরাঃ ঋষয়ঃ হরেঃ অংশাবতারাঃ চ ষড়্ বর্গাঃ স্বস্বাধিকারে যদা

শ্রীধরস্বামী।

স্বভাবেন কামাচ্চোদনয়াপি বা যা নিয়তা বৃত্তি র্জীবিকা কৃতা সা বৃত্তিরুচ্যত ইত্যর্থঃ ॥ ১২ ॥

তির্য্যঙ্ মর্ত্ত্যর্ষিদেবেষু যোঽচ্যুত্যবতারা স্তেষামীহা লীলা সা বিশ্বস্য রক্ষোচ্যতে ইত্যর্থঃ। যৈরবতারৈরিতি সমাসান্নিষ্কৃষ্য কথঞ্চিৎসম্বন্ধঃ ত্রয়ীদ্বিষো দৈত্যাঃ ॥ ১৩ ॥

ষড়্ বিধং মন্বন্তরমুচ্যতে ষড়্ বিধত্বমেবাহ মনুরিতি মন্বাদয়ঃ ষড়েতে বর্গাঃ স্বস্বাধিকারেণ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতানাং সামান্যতোঽচরাণি চকারাচ্চরাণি চ কামাদ্বৃত্তিঃ। তত্র নৃণাং স্বেন স্বভাবেন কামাৎ চোদনয়াপি বা যা নিয়তা বৃত্তির্জীবিকা কৃতা সা বৃত্তিরুচ্যত ইত্যর্থঃ। তেষাং চরাচরাণাম্বাশ্রয়ঃ সর্ব্বৈব পৃথ্বীতি বৃত্তিপ্রসঙ্গঃ এব ভূগোলচক্রং পঞ্চমস্কন্ধে নিরূপিতং ॥ ১২ ॥

পোষণং তদনুগ্রহ ইতি পূর্ব্বলক্ষিতং পোষণমেবাত্র রক্ষাশব্দেনোচ্যতে। তাং ব্যাচষ্টে রক্ষেতি! তির্য্যগাদিষু যাচ্যুতস্যাবতারেহা অবতারকারণং সৈব রক্ষা কুত ইত্যত আহ যৈরবতারৈ স্ত্রয়ীদ্বিষো হন্যন্তে ইত্যতো দুষ্টনিগ্রহাৎ স্বভক্তরক্ষণমেব রক্ষেত্যর্থ আয়াতঃ উপলক্ষণমেতদন্যদাপি মহাভয়াৎ স্বভক্তরক্ষণং রক্ষোচ্যতে। অতএব ষষ্ঠেঽজামিলাদি-ভক্তানাং রক্ষোক্তা ॥ ১৩ ॥

মন্বন্তরাণি সদ্ধর্ম্ম ইতি পূর্ব্বলক্ষিতং মন্বন্তরং ব্যাচষ্টে মন্বন্তরমিতি বিদধতি স্বস্বকৃত্যং

শ্রেষ্ঠ এবং বিক্রমশালী জঙ্গম ভূতগণের সমীপে অচেতন জড় এবং সচেতন গোমহিষাদি ভূতসমূহের জীবিকারূপে অবস্থান করাই বৃত্তিনামে অভিহিত। মানবের পক্ষে কিন্তু তাহাদের স্বভাব অনুসারে বা শাস্ত্রোক্ত বিধানের অনুসারে নির্দ্দিষ্ট জীবিকাও বৃত্তিনামে অভিহিত ॥ ১২ ॥

প্রতিযুগে দেবতা, তির্য্যক্, ঋষি এবং মনুষ্য মূর্ত্তিতে অবতীর্ণ ভগবানের লীলাবিগ্রহ উপলক্ষে কার্য্যসমূহই বিশ্বের রক্ষা নামে অভিহিত। কারণ এই লীলাপ্রভাবে বেদবিরোধিগণের নিধন হইয়া থাকে ॥ ১৩ ॥

ঋষয়োঽংশাবতারাশ্চ হরেঃ ষড়্‌বিধমুচ্যতে ॥ ১৪ ॥
রাজ্ঞাং ব্রহ্মপ্রসুতানাং বংশস্ত্রৈকালিকোঽন্বয়ঃ ।
বংশানুচরিতং তেষাং বৃত্তং বংশধরাশ্চ যে ॥ ১৫ ॥
নৈমিত্তিকঃ প্রাকৃতিকো নিত্য আত্যন্তিকো লয়ঃ ।
সংস্থেতি কবিভিঃ প্রোক্তশ্চতুর্দ্ধাস্য স্বভাবতঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ ।

প্রবর্ত্তন্তে সঃ কালঃ মন্বন্তরং ইতি উচ্যতে ॥ ১৪ ॥

ব্রহ্মণঃ সকাশাৎ প্রসূতিঃ উৎপত্তিঃ যেষাং তেষাং রাজ্ঞাং যঃ ত্রৈকালিকঃ অন্বয়ঃ সঃ বংশঃ উচ্যতে। তেষাং মধ্যে যে বংশধরাঃ রাজবংশাদি-নির্ব্বাহকাঃ তেষাং বৃত্তং এব বংশানুচরিতং উচ্যতে ॥ ১৫ ॥

স্বভাবতঃ কালকর্ম্ম-গুণাধীনত্বাৎ অস্য বিশ্বস্য, যঃ নৈমিত্তিকঃ নিত্যঃ প্রাকৃতিকঃ আত্যন্তিকঃ ইতি চতুর্দ্ধা চ লয়ঃ সঃ সংস্থা ইতি কবিভিঃ প্রোক্তঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী ।

যত্র বর্ত্তন্তে তন্মন্বন্তরমিত্যর্থঃ ॥ ১৪ ॥

বংশমাহ ব্রহ্মণঃ সকাশাৎ প্রসুতি র্যেষাং শুদ্ধানামিত্যর্থঃ। তেষামন্বয়ো বংশঃ তেষাং বৃত্তং যে চ তদ্বংশধরা স্তেষাঞ্চ বৃত্তং বংশানুচরিতমুচ্যতে ইতি ॥ ১৫ ॥

অস্য বিশ্বস্য স্বভাবতো মায়াতো নিষ্পন্নস্য। যদ্বা। ভগবতো মায়াতো যশ্চতুর্বিধো লয় ইতি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

কুর্ব্বন্তীতি বিধা মন্বাদয়স্তে ষট্ যত্র তৎ ষড়্‌বিধং ষড়ঙ্গমিত্যর্থঃ মন্বাদয়ঃ ষড়েতে স্বস্বাধিকারেণ যত্র প্রবর্ত্তন্তে তন্মন্বন্তরমিত্যর্থঃ ॥ ১৪ ॥

বংশং ব্যাচষ্টে রাজ্ঞামিতি। ব্রহ্মণঃ সকাশাৎ প্রসুতি র্যেষাং তেষামন্বয়ো বংশঃ। বংশানুচরিতং ব্যাচষ্টে; তেষাং মধ্যে যে বংশধরাঃ প্রসিদ্ধাঃ প্রিয়ব্রত ধ্রুব পৃথ্বাদয় স্তেষাং বৃত্তং চরিত্রং বংশানুচরিতমুচ্যতে। এতদ্দ্বয়ং পূর্ব্বমীশানুকথায়ামেবান্তর্ভাবিতং ॥ ১৫ ॥

পূর্ব্বোক্তনিরোধশব্দবাচ্যাং সংস্থাং ব্যাচষ্টে। নৈমিত্তিক ইতি। অস্য বিশ্বস্য স্বভাবতঃ স্বস্য ভাবেষু কারণেষু পৃথিব্যাদি তত্ত্বেষু ক্রমেণ লয়ঃ সংস্থোচ্যতে ॥ ১৬ ॥

মনু, তত্তৎকালীন বিশেষ বিশেষ দেবতা, মনুপুত্র, লোকপাল, ঋষিগণ এবং শ্রীহরির অবতার বিশেষ এই ছয়টী ভাব স্ব স্ব অধিকার অনুসারে যখন থাকেন, সেই কালকে মন্বন্তর বলা যায় ॥ ১৪ ॥

মূল ব্রহ্মা হইতে সমুৎপন্ন বিশুদ্ধ-বংশীয় রাজনাগণের পুরুষ-পরম্পরা অতীত বর্ত্তমান এবং ভবিষ্যৎ ব্যক্তিগণের নামের উল্লেখ করাই বংশ-বর্ণন। তাঁহাদের বংশে উৎপন্ন বিশেষ বিশেষ ব্যক্তিগণের চরিত্র-বর্ণনকে বংশানুকথন বলা হয় ॥ ১৫

হেতুর্জীবোঽস্য সর্গাদেরবিদ্যাকর্ম্মকারকঃ।
যঞ্চানুশয়িনং প্রাহুরব্যাকৃতমুতাপরে ॥ ১৭ ॥
ব্যতিরেকান্বয়ৌ যস্য জাগ্রৎ-স্বপ্নসুষুপ্তিষু।

অন্বয়ঃ।

যঃ অবিদ্যয়া মোহিতঃ কর্ম্মকারকঃ জীবঃ এব অস্য বিশ্বস্য সর্গাদেঃ হেতুঃ নিমিত্তং ; কর্ম্ম-কর্তৃত্বাৎ এব যং জীবং অনুশয়িনং আহুঃ। অপরে তু সৃষ্টেঃ পূর্ব্বং অব্যাকৃতং এব নিমিত্তং প্রাহুঃ॥১৭॥

জীববৃত্তিষু মায়াময়েষু জাগ্রদাদ্যবস্থাসু যস্য সাক্ষিতয়া কারণতয়া চ অন্বয়ঃ তথা তৎ-

শ্রীধরস্বামী।

অস্য জগতঃ সর্গাদের্হেতু নিমিত্তং জীবঃ সোঽত্র হেতুরুচ্যতে ইত্যর্থঃ। তস্য নিমিত্ততামাহ অবিদ্যয়া কর্ম্মকারকঃ কর্ম্মকর্ত্তা জীবাদৃষ্টপ্রযুক্তত্বাদ্বিশ্বসর্গাদেঃ সতু তত্র হেতুরিত্যর্থঃ। নবনুশয়ী নিমিত্তমিতি কেচিৎ অব্যাকৃতমিত্যপরে তত্রাহ যমিতি। চৈতন্যপ্রাধান্যেনানুশয়িনং উপাধি-প্রাধান্যং বিবক্ষয়া অব্যাকৃতং ॥ ১৭ ॥

অপাশ্রয়মাহ ব্যতিরেকেতি। জাগ্রদাদিষু বুদ্ধ্যবস্থাসু জীবতয়া বর্ত্তন্তে ইতি জীববৃত্তয়ো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হেতুং ব্যাচষ্টে অস্য জগতঃ সর্গাদের্হেতুর্নিমিত্তং জীবঃ সচ অবিদ্যা-কর্ম্মকারকঃ অবিদ্যয়া কর্ম্মকর্ত্তা জীবাৰ্থমেব ভগবতা বিশ্বস্য সর্গাদেঃ কৃতত্বাজ্জীবো নিমিত্তমিতি ভাবঃ। অতএব যং অনুশয়িনং মায়িকোপাধিমনুশয়ানং মায়িকশরীরবন্তমেবৈকে প্রাহুঃ। অপরে ভক্তাস্তু আবিদ্যক-কর্ম্মকর্ত্তারং জীবং সাধুসঙ্গবশাদ্ভক্তিমার্গস্থত্বে সতি অব্যাকৃতং অপ্রাকৃতং চিন্ময়-পার্ষদশরীরবন্তমপি প্রাহুঃ। অপ্যর্থে উতশব্দঃ। যদুক্তং নারদেন। প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনুং। আরব্ধকর্ম্মনির্ব্বাণো ন্যপতৎ পাঞ্চভৌতিক ইতি। অতএবোক্তং বেদস্তবারম্ভে। বুদ্ধীন্দ্রিয়মনঃ প্রাণান্ জনানামসৃজৎ প্রভুঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনে ঽকল্পনায়চেতি। আত্মনেঽকল্পনায় বুদ্ধীন্দ্রিয়মনঃ প্রাণান্ সংপ্রাপয়িতুমিতি তত্রার্থঃ। এতন্মতে এব নবমং লক্ষণং পূর্ব্বত্রোক্তং। মুক্তির্হিত্বান্যথারূপং স্বরূপেণ ব্যবস্থিতিরিতি বিশেষেণ চিদ্ঘনশরীরত্বেনাবস্থিতিরিতি তত্র ব্যাখ্যা ॥ ১৭ ॥

অপাশ্রয়ং ব্যাচষ্টে ব্যতিরেকেতি। জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তিষবস্থাসু। তথা মায়াময়েষু সর্ব্বেষেব

কাল কর্ম্ম এবং গুণের অনুসারে এই বিশ্ব সংসারের নিত্য, নৈমিত্তিক প্রাকৃতিক এবং আত্যন্তিক নামে যে চারিবিধ পরিবর্ত্তন হয়, তাহাকেই সংস্থা বা প্রলয় নামে কবিগণ অভিহিত করিয়া থাকেন ॥ ১৬ ॥

অবিদ্যার প্রভাবে মোহিত কর্ম্মকর্ত্তা জীবই বিশ্ব সংসারের উৎপত্তির হেতু। সুতরাং জীবই অনুশায়ী নামে অভিহিত। কেহ কেহ সৃষ্টির পুর্ব্বে অব্যাক্ত সৃষ্টি-বাসনাকেই অনুশয়ী হেতু নামে কীর্ত্তন করেন ॥ ১৭ ॥

জাগ্রৎ, স্বপ্ন এবং সুষুপ্তি নামক জীবের মায়াময় বৃত্তির অন্তরে সর্ব্বসাক্ষী

মায়াময়েষু তদ্ব্রহ্ম জীববৃত্তিষপাশ্রয়ঃ ॥ ১৮ ॥
পদার্থেষু যথা দ্রব্যং তন্মাত্রং রূপনামসু।
বীজাদিপঞ্চতান্তাসু হ্যবস্থাসু যুতাযুতং ॥ ১৯ ॥
বিরমেত যদা চিত্তং হিত্বা বৃত্তিত্রয়ং স্বয়ং।

অন্বয়ঃ।

পৃথক্কৃতয়া স্বরূপেণ অবস্থানং চ যৎ ব্রহ্ম তৎ অপাশ্রয়ঃ ইতি ॥ ১৮ ॥

রূপনামসু রূপনামবৎসু পদার্থেষু ঘটাদিষু যথা তন্মাত্রদ্রব্যং এবং বীজাদি পঞ্চতান্তাসু বীজং গর্ভাধানং আদিঃ যাসাং পঞ্চতা মরণং অন্তে যাসাং তাসু দেহাবস্থাসু অধিষ্ঠানত্বেন সাক্ষিত্বেন চ কারণত্বেন চ যুতং অযুতং চ যৎ ব্রহ্ম তৎ এব অপাশ্রয়ঃ ॥ ১৯ ॥

যোগেন শ্রবণাদিজনিত-ভক্তিযোগেন চিত্তং যদা এব বিরমেত বিষয়াসক্তিং পরিত্যজেৎ

শ্রীধরস্বামী।

বিশ্বতৈজসপ্রাজ্ঞাঃ তেষু মায়াময়েষু সাক্ষিতয়া অন্বয়ঃ সমাধ্যাদৌ চ ব্যতিরেকো যস্য তদ্ব্রহ্ম-সংসার-প্রতিরোধয়োরধিষ্ঠানাবধিভূতমপাশ্রয় উচ্যতে ইত্যর্থঃ ॥ ১৮ ॥

তদেব সদৃষ্টান্তং প্রপঞ্চয়তি পদার্থেষু ঘটপটাদিষু দ্রব্যং মৃদাদি যথাযুতং অন্বিতং অযুতঞ্চ বহিরপ্যবস্থানাৎ রূপনামসু চ তন্মাত্রং সত্তামাত্রং যথৈবং বীজং গর্ভাধানমাদির্যাসাং পঞ্চতা-ন্তো যাসাং তাসু দেহাবস্থাসু নবস্বপি অধিষ্ঠানত্বেন সাক্ষিত্বেন চ যুতমযুতঞ্চ যৎ তদপাশ্রয় ইতি ॥ ১৯ ॥

এবং দশাপি লক্ষণানি ব্যাখ্যায় বর্ণয়ন্তি মহাত্মান ইতি। যদুক্তং তদাহ বিরমেতেতি। যদা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পদার্থেষু যস্য হেতুতয়া অন্বয়ঃ। তেভ্যো ব্যতিরেকশ্চ তদ্ব্রহ্ম অপাশ্রয় উচ্যতে ॥ ১৮ ॥

এতদেব সদৃষ্টান্তং প্রপঞ্চয়তি। পদার্থেষু ঘটাদিষু দ্রব্যং মৃদাদি যথা যুতং অন্বিতং অযুতঞ্চ বহিরবস্থানাৎ। রূপনামসু বাচ্যবাচকবস্তুষু যথা তন্মাত্রং গন্ধাদিকঞ্চ। তথৈব বীজাদি-পঞ্চতাং তাসু বীজং গর্ভাধানমাদি যাসাং পঞ্চতা অন্তো যাসাং তাসু দেহাবস্থাসু অধিষ্ঠিতত্বেন সাক্ষিত্বেন চ যুতমযুতঞ্চ যৎ তদপাশ্রয়ঃ। ১৯ ॥

এবং দশলক্ষণানি ব্যাখ্যায়েদানীং দশমস্য বিশুদ্ধ্যর্থং নবানামিহ লক্ষণং বর্ণয়ন্তি মহাত্মান

কারণরূপে যিনি নিরন্তর বিদ্যমান থাকেন; অথচ এই সকল বৃত্তির অভাবে যিনি স্বরূপে বিশ্রাম করেন, সেই পরম ব্রহ্মই বিশ্বের আশ্রয় ॥ ১৮ ॥

নাম ও রূপ-বিশিষ্ট পদার্থ মাত্রেরই অন্তরে, তাহার সর্ব্বানুস্যূত তন্মাত্র দ্রব্যবৎ এবং গর্ভাধানাদি আদি-সৃষ্টি হইতে তাহার মৃত্যু পর্য্যন্ত দেহের যাবদীয় অবস্থার অন্তরে সাক্ষী বা কারণ-ভাবে যিনি নিরন্তর অলিপ্তের ন্যায় বিদ্যমান থাকেন, তিনিই সর্ব্বাধার ব্রহ্ম। ১৯ ॥

শ্রবণাদি-জনিত ভক্তি-যোগের প্রভাবে চিত্তকে সংযত করত, বিষয়াসক্তি

যোগেন বা তদাত্মানং বেদেহায়া নিবর্ত্ততে ॥ ২০ ॥
এবং লক্ষণলক্ষ্যাণি পুরাণানি পুরাবিদঃ।
মুনয়োঽষ্টাদশ প্রাহুঃ ক্ষুল্লকানি মহান্তি চ ॥
ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চ শৈবং লৈঙ্গং সগারুড়ং।
নারদীয়ং ভাগবতমাগ্নেয়ং স্কান্দসংজ্ঞিতং ॥ ২১ ॥
ভবিষ্যং ব্রহ্মবৈবর্ত্তং মার্কণ্ডেয়ং সবামনং।
বারাহং মাৎস্যং কৌর্ম্মঞ্চ ব্রহ্মাণ্ডাখ্যমিতি ত্রিষট্ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

তদা অয়ং আত্মানং বেদ; তদা বৃত্তিত্রয়ং জাগ্রদাদি অবস্থাত্রয়ং, হিত্বা স্বয়ং এব ঈহায়াঃ সংসাররূপায়াঃ, নিবর্ত্ততে ॥ ২০ ॥

এবং বিধৈঃ লক্ষণৈঃ লক্ষ্যাণি মহান্তি পুরাণানি ত্রিষট্ অষ্টাদশ প্রাহুঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

সর্গাদীনাং মায়াময়ত্বানুসন্ধানেন বামদেবাদেরিব স্বয়মেব চিত্তং বিরমেত ইহৈবানুষ্ঠিতেন যোগেন বা দেবহুত্যাদিবৎ তদাবিক্ষেপাভাবাদাত্মানং বেদ তদাচাবিদ্যানিবৃত্তে রীহায়াঃ সংসাররূপায়া নিবর্ত্তত ইত্যর্থঃ ॥ ২০ ॥

পুরাণবিভাগ-প্রস্তাবেন তল্লক্ষণাদি প্রাসঙ্গিকমুক্তা প্রস্তুতমাহ এবং বিধৈর্লক্ষণৈর্লক্ষ্যাণি ॥ ২১ ॥ ত্রিষট্ অষ্টাদশ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি যদুক্তং তদাহ বিরমেতেতি। অরণ্যত্যাগু যা কোষং নিগীর্ণমনলো যথেতি ন্যায়েন কেবলয়া শ্রবণকীর্ত্তনাদি ভক্ত্যৈব স্বয়মেব বৃত্তিত্রয়ং হিত্বা চিত্তং স্বয়মেব বিরমেত গুণেভ্যো বিরতং স্যাৎ ভগবচ্চরণারবিন্দে বিশেষেণ রমেত বা। যোগেনাষ্টাঙ্গযোগেন বা বিরমেত চিত্তং নির্ব্বাণং স্যাত্তদা আত্মানং বেদ। পরমাত্মানমনুভবতি তদৈব ঈহায়াঃ বৈষয়িকাৎ কামাৎ নিবর্ত্ততে ॥ ২০ ॥ ২১ ॥ ত্রিষট্ অষ্টাদশ ॥ ২২ ॥

হইতে যখন প্রতিনিবৃত্ত করা যায়, তখনই এই আত্মস্বরূপের উপলব্ধি ঘটে। তখন জাগ্রদাদি বৃত্তিত্রয়কে পরিহার পূর্ব্বক, জীব সংসার-চেষ্টা হইতে বিনিবৃত্ত হয় ॥ ২০ ॥

পুরাণবেত্তা পণ্ডিতেরা এই সকল লক্ষণ-লক্ষিত অষ্টাদশ মহাপুরাণ ও অষ্টাদশ উপপুরাণ নির্ণয় করিয়াছেন; যথা ।—

ব্রাহ্ম, পাদ্ম, বৈষ্ণব, শৈব, লৈঙ্গ, গারুড়, নারদীয়, ভাগবত, আগ্নেয়, স্কান্দ ॥ ২১ ॥

ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত্ত, মার্কণ্ডেয়, বামন, বারাহ, মাৎস্য, কৌর্ম্ম ও ব্রহ্মাণ্ড

ব্রহ্মন্নেতৎ সমাখ্যাতং শাখাপ্রণয়নং মুনেঃ ।
শিষ্য-শিষ্য-প্রশিষ্যাণাং ব্রহ্মতেজো-বিবর্দ্ধনং ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শৌনক উবাচ ॥
সূত জীব চিরং সাধো বদ নো বদতাম্বর ।

অন্বয়ঃ ।

হে ব্রহ্মন্ ! শ্রবণাদিপরাণাং ব্রহ্মতেজোবিবর্দ্ধনং ইদং মুনেঃ ব্যাসস্য, তচ্ছিষ্যাদীনাং চ শাখাপ্রণয়নং সংহিতাপ্রবর্ত্তনং চ ময়া সমাখ্যাতং ॥ ২৩ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তমোঽধ্যায়ঃ ॥

শৌনকঃ উবাচ । হে সূত ! হে সাধো ! হে বদতাং বর ! ত্বং চিরং জীব ! যতঃ

শ্রীধরস্বামী ।

উপসংহরতি ব্রহ্মন্নিতি । মুনের্ব্যাসস্য শিষ্যাদীনাং ব্রহ্মবর্চ্চসং তদ্বিবর্দ্ধনং শ্রোতৃণামিতি শেষঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি দ্বাদশে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমেতু তপশ্চর্য্যা মার্কণ্ডেয়স্য মোহকৈঃ ।
কামাদিভিরসংমোহো নরনারায়ণস্তুতিঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মুনের্ব্যাসস্য শিষ্যাণাং শিষ্যা স্তেষামপি প্রশিষ্যাস্তেষাং শাখাপ্রণয়নং ব্রহ্মতেজো-বিবর্দ্ধনমিতি শ্রোতৃণামিতি শেষঃ ॥ ২৩ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
দ্বাদশে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
অষ্টমেঽত্র তপোভঙ্গাশক্তিঃ স্মর্য্যোষতোচ্যতে ।
মার্কণ্ডেয়স্য তে নাথ নরনারায়ণস্তুতিঃ ॥ * ॥

এই অষ্টাদশ মহাপুরাণ গ্রথিত আছে ॥ ২২ ॥

হে ব্রহ্মন্ ! ব্যাসদেবের এই সকল বেদ ও পুরাণের শাখাপ্রণয়ন ব্যাপার আমি তোমার নিকট ব্যক্ত করিলাম ! শিষ্য প্রশিষ্য ক্রমে যাহারা ইহা শ্রবণ করেন, তাঁহাদিগের ব্রহ্মতেজ বিবর্দ্ধিত হয়, সন্দেহ নাই ॥ ২৩ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস ।

অষ্টমাধ্যায়ে মার্কণ্ডেয়ের তপস্যাচরণ ও কামাদিতে অমোহ এবং নরনারায়ণের স্তুতি বর্ণিত হইয়াছে ।

তমসাপারে ভ্রমতাং নৃণাং ত্বং পারদর্শনঃ ॥ ১ ॥
আহুশ্চিরায়ুষমৃষিং মৃকণ্ডুতনয়ং জনাঃ।
যঃ কল্পান্তে হ্যুর্ব্বরিতো যেন গ্রস্তমিদং জগৎ ॥ ২ ॥
স বা অস্মৎকুলোৎপন্নঃ কল্পেঽস্মিন্ ভার্গবর্ষভঃ।
নৈবাধুনাপি ভূতানাং সংপ্লবঃ কোঽপি জায়তে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

অপারে দুস্তরে তমসি অজ্ঞানপূর্ণে, সংসারে ভ্রমতাং নৃণাং ত্বং এব পারদর্শনঃ। তস্য নিবর্ত্তকঃ ইতি ॥ ১ ॥

ঋষিং মৃকণ্ডুতনয়ং মার্কণ্ডেয়ং চিরায়ুষং জনাঃ আহুঃ। যেন কল্পান্তেন ইদং জগৎ গ্রস্তং তস্মিন্ কল্পান্তে যঃ মার্কণ্ডেয়ঃ উর্ব্বরিতঃ অবশিষ্টঃ! এতৎ কথং ঘটতে ॥ ২ ॥

যতঃ অস্মিন এব কল্পে তত্রাপি অস্মৎকুলে এব উৎপন্নঃ সঃ ভার্গবর্ষভঃ। তত্র অধুনা অস্মিন্ কল্পে তু ভূতানাং কঃ অপি সংপ্লবঃ প্রলয়ঃ ন এব জায়তে জাতঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

পুরাণবিভাগ-প্রসঙ্গেন পুরাণকর্ত্তুর্মার্কণ্ডেয়স্য চরিতং প্রস্তুতমাহ সূতেতি। ত্বমেব বক্তুং যোগ্য ইত্যাহ তমসি সংসারে ভ্রমতাং। পারদর্শনস্তন্নিবর্ত্তকঃ ॥ ১ ॥

বক্তব্যমাহ আহুরিতি। উর্ব্বরিতঃ অবশিষ্টঃ। যেন কল্পান্তেন। এতৎ কথং ঘটেত ইত্যেকঃ প্রশ্নঃ ॥ ২ ॥

প্রলয়াভাবাদপ্যেতন্ন ঘটতে ইত্যাহ স বা ইতি যতো ভার্গবর্ষভঃ কোঽপি প্রাকৃতিকো নৈমিত্তিকো বা ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মার্কণ্ডেয়ংসবামনমিতি মার্কণ্ডেয়পুরাণশ্রুতৈ্যব স্মৃতিপথমারূঢ়স্য মার্কণ্ডেয়স্য চরিতং প্রষ্টুমাহ সূতেতি তমসি সংসারে ॥ ১ ॥

উর্ব্বরিতঃ অবশিষ্টঃ। যেন কল্পান্তেন ॥ ২ ॥

স কল্পান্তে উর্ব্বরিত ইতি প্রসিদ্ধিঃ কিন্তু অধুনাপি সংপ্লবঃ প্রলয়ো নাস্তীতি সংশয়ঃ ॥ ৩ ॥

শৌনক ঋষি বলিলেন, হে সূত! তুমি একজন প্রকৃত সুবক্তা এবং সাধু-ব্যক্তি বটে! অহো! তুমি চিরায়ুঃ হও! সম্পূর্ণ ভ্রমাত্মক দুস্তার ভয়াবহ সংসারক্ষেত্রে পরিভ্রমণশীল মানবের পক্ষে তুমিই প্রকৃত পথদর্শক ॥ ১ ॥

এক্ষণে বল দেখি! মৃকণ্ডুতনয় মহর্ষি মার্কণ্ডেয়কে লোকে চিরজীবী বলিয়া কীর্ত্তন করে; কিন্তু কল্পান্তে সমগ্র জগৎ বিলুপ্ত হইল, অথচ তিনি একাকী কি প্রকারে অবশিষ্ট ছিলেন! ॥ ২ ॥

তিনি আমাদের এই ভৃগুরই বংশে এবং এই বর্ত্তমান কল্পেই জন্ম পরিগ্রহ করিয়াছেন; অথচ এই কল্পে কোনরূপ প্রাকৃতিক বা নৈমিত্তিক ভূত-প্রলয় ত

এক এবার্ণবে ভ্রাম্যন্ দদর্শ পুরুষং কিল ।
বটপত্রপুটে তোকং শয়ানন্ত্বেকমদ্ভুতং ॥ ৪ ॥
এষ নঃ সংশয়ো ভূয়াংস্ততঃ কৌতূহলং যতঃ ।
তং নশ্ছিন্ধি মহাযোগিন্ পুরাণেষ্বপি সম্মতঃ ॥ ৫ ॥
সূত উবাচ ।
প্রশ্নস্ত্বয়া মহর্ষেঽয়ং কৃতো লোকভ্রমাপহঃ ।
নারায়ণকথা যত্র গীতা কলিমলাপহা ॥ ৬ ॥

অন্বয়ঃ ।

কিঞ্চ একঃ এব অর্ণবে প্রলয়ার্ণবে, ভ্রাম্যন্ বটপত্রপুটে শয়ানং পুরুষং পুরুষাকারং একং অদ্ভুতং তোকং বালং, চ সঃ দদর্শ ইত্যপি আহুঃ তৎ কথং জাতং ॥ ৪ ॥

এষঃ তদবশেষাদি বিষয়কঃ নঃ অস্মাকং ভূয়ান মহান্ সংশয়ঃ বর্ত্ততে। যতঃ হে সূত! কৌতূহলং শ্রবণৌৎসুক্যং চ বর্ত্ততে। হে মহাযোগিন্ বহুজ্ঞ! পুরাণেষু অপি জ্ঞাতৃত্বেন সম্মতঃ ত্বং অস্মাকং তং সংশয়ং ছিন্ধি অপাকুরু! ॥ ৫ ॥

সূতঃ উবাচ। হে মহর্ষে! ত্বয়া কৃতঃ অয়ং প্রশ্নঃ লোকস্য ভ্রমং অপহন্তীতি তথা ; যত্র প্রশ্নসমাধানে কলিমলাপহা নারায়ণস্য কথা গীতা ভবিষ্যতি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী ।

অনাদপাঘটিতমেবেত্যাহ এক এবেতি তোকং বালকং ॥ ৪ ॥

কৌতূহলমৌৎসুক্যং তৎ সংশয়ঃ। ন কেবলং ত্বং মহাযোগী কিন্তু পুরাণেষ্বপি জ্ঞাতৃত্বেন সম্মতঃ ॥ ৫ ॥

প্রশ্নমভিনন্দতি হে মহর্ষে! অয়ং প্রশ্নঃ তত্র হেতুঃ নারায়ণেতি যত্র প্রশ্নবিষয়ে ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অনাদপাঘটিতমাহ । এক এবেতি ॥ ৪ ॥

এপর্য্যন্ত উপস্থিত হয় নাই। ॥ ৩ ॥

কিন্তু তিনি একাকী একার্ণবে ভ্রমণ করত, বটপত্রপুটে শয়ান এক অদ্ভুত বালকমূর্ত্তি পরম পুরুষকে দর্শন করিয়াছেন, একথা কিরূপে সঙ্গত হইতে পারে? ॥ ৪ ॥

এই এক মহান্ সংশয় আমাদের হৃদয়ে উৎপন্ন হইয়াছে; অতএব ইহা অবগত হইবার জন্য বিলক্ষণ কৌতূহলও হইয়াছে। হে মহাযোগিন্! পৌরাণিকী কথা তোমার সমস্তই পরিজ্ঞাত আছে বলিয়া সর্ব্বত্র প্রসিদ্ধ! অতএব ইহার প্রকৃত তত্ত্ব বর্ণনে তুমি আমাদের সন্দেহ অপনোদিত কর! ॥ ৫ ॥

শৌনকের প্রশ্নে, রোমহর্ষণ-নন্দন সূত বলিলেন, হে মহর্ষে! আপনার এই

প্রাপ্তদ্বিজাতিসংস্কারো মার্কণ্ডেয়ঃ পিতুঃ ক্রমাৎ।
ছন্দাংস্যধীত্য ধর্ম্মেণ তপঃস্বাধ্যায়সংযুতঃ ॥ ৭ ॥
বৃহদ্ব্রতধরঃ শান্তো জটিলো বল্কলাম্বরঃ।
বিভ্রৎকমণ্ডলুং দণ্ডমুপবীতং সমেখলং ॥ ৮ ॥
কৃষ্ণাজিনং সাক্ষসূত্রং কুশাংশ্চ নিয়মর্দ্ধয়ে।
অগ্ন্যর্কগুরুবিপ্রাত্মস্বর্চ্চয়ন্ সন্ধ্যয়োর্হরিং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ক্রমাৎ গর্ভাধানাদি সংস্কারক্রমাৎ পিতুঃ সকাশাৎ প্রাপ্তঃ দ্বিজাতি-সংস্কারঃ উপনয়নাখ্যঃ যেন সঃ মার্কণ্ডেয়ঃ ধর্ম্মেণ শাস্ত্রোক্ত-বিধানেন ছন্দাংসি বেদান্ অধীত্য তপসা স্বাধ্যায়েন বেদাধ্যয়নেন চ সংযুতঃ ॥ ৭ ॥

বৃহদ্ব্রতধরঃ নৈষ্ঠিকঃ ব্রহ্মচর্য্যপরঃ, শান্তঃ জটিলঃ বল্কলাম্বরঃ এব নিয়মর্দ্ধয়ে ধর্ম্মবৃদ্ধয়ে, কমণ্ডলুং দণ্ডং সমেখলং উপবীতং, কৃষ্ণাজিনং সাক্ষসূত্রং কুশান্ চ বিভ্রৎ বিভ্রাণঃ, সায়ং প্রাতঃ সন্ধ্যয়োঃ অগ্ন্যর্কগুরুবিপ্রাত্মসু হরিং অর্চ্চয়ন্ ভৈক্ষ্যং আহৃত্য বাক্‌যতঃ এব স্বগুরবে সমর্প্যতে। গুরুণা অনুজ্ঞাতঃ চেৎ সকৃৎ বুভুজে; নোচেৎ উপোষিতঃ ভবতি ॥ ৮ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তত্র মার্কণ্ডেয় স্তপসা ভগবন্তমারাধ্য মায়াদর্শনং বব্রে। ততশ্চ তেনৈব ভগবন্মায়য়া সপ্তকল্পা দৃষ্টাঃ নান্যৈরিত্যুত্তরং বক্তুং আদিতঃ আরভ্য তস্য চরিতমাহ প্রাপ্তেত্যাদিনা মার্কণ্ডেয়ো মৃত্যুং জিগ্যে ইতি পঞ্চমশ্লোকেনান্বয়ঃ। মধ্যমগ্রন্থেন তস্য ধর্ম্মঃ কথ্যতে। প্রাপ্তো দ্বিজাতি-সংস্কার উপনয়নাখ্যো যেন সঃ পিতুঃ সকাশাৎ গর্ভাধানাদি ক্রমাৎ ছন্দাংসি বেদান্ ॥ ৭ ॥

বৃহদ্ব্রতধরঃ নৈষ্ঠিকব্রহ্মচারী সন্ ॥ ৮ ॥

নিয়মর্দ্ধয়ে ধর্ম্মবৃদ্ধয়ে। অগ্ন্যাদিষু পঞ্চসু হরিমর্চ্চয়ন্ ॥ ৯ ॥

প্রশ্নটী অতি অপূর্ব্ব! কারণ এতৎ সম্বন্ধে প্রায় সর্ব্বসাধারণেরই সন্দেহ আছে; এবং এতৎ বর্ণনে কলিকল্মষহারী ভগবানের লীলাকথাও যথেষ্ট সুব্যক্ত হইবে ॥ ৬ ॥

গর্ভাধানাদি সংস্কার হইতে আরম্ভ করিয়া, মার্কণ্ডেয় ঋষি পিতার সমীপে দ্বিজাতি-সংস্কার লাভে যখন উপনীত হইলেন, তদবধি তিনি শাস্ত্রোক্ত বিধানের-অনুসারে তপস্যা ও ইষ্টোপাসনা-পরায়ণ থাকিয়া বেদ চতুষ্টয় অধ্যয়ন করিলেন ॥ ৭ ॥

এবং উত্তরোত্তর উৎকৃষ্ট ধর্ম্ম-সঞ্চয়ের বাসনায় নৈষ্ঠিক ব্রহ্মচর্য্যের অবলম্বনে জটাবল্কল ধারণে মেখলা সহ উপবীত, দণ্ড, কমণ্ডলু, কৃষ্ণাজিন জপমালা এবং কুশধারণে নিরন্তর ব্রহ্মচর্য্যেই অবস্থান করিলেন। প্রত্যহ

সায়ং প্রাতঃ স্বগুরবে ভৈক্ষ্যমাহৃত্য বাগ্যতঃ।
বুভুজে গুর্ব্বনুজ্ঞাতঃ সকৃন্নোচেদুপোষিতঃ॥
এবং তপঃস্বাধ্যায়পরো বর্ষাণামযুতাযুতং।
আরাধয়ন্ হৃষীকেশং জিগ্যে মৃত্যুং সুদুর্জ্জয়ং॥ ১০॥
ব্রহ্মা ভবো ভৃগুর্দক্ষো ব্রহ্মপুত্ত্রাশ্চ যে পরে।
নৃদেবপিতৃভূতানি তেনাসন্নতিবিস্মিতাঃ॥ ১১॥
ইত্থং বৃহদ্ব্রতধর স্তপঃস্বাধ্যায়সংযমৈঃ।
দধ্যাবধোক্ষজং যোগী ধ্বস্তক্লেশান্তরাত্মনা॥

অন্বয়ঃ।

এবং বর্ষাণাং অযুতাযুতং তপঃস্বাধ্যায়পরঃ সন্ হরিং হৃষীকেশং আরাধয়ন্ সুদুর্জ্জয়ং মৃত্যুং জিগ্যে॥ ১০॥ তেন মৃত্যুজয়েন, ব্রহ্মাদয়ঃ অতিবিস্মিতাঃ আসন্॥ ১১॥

যোগী জিতেন্দ্রিয়ঃ বৃহদ্ব্রতধরঃ-মার্কণ্ডেয়ঃ ইত্থং তপঃস্বাধ্যায়-সংযমৈঃ ধ্বস্তাঃ নিরস্তাঃ, ক্লেশরাগাদয়ঃ যস্য তেন অন্তরাত্মনা মনসা অধোক্ষজং পরমাত্মানং দধ্যৌ॥

শ্রীধরস্বামী।

ভৈক্ষ্যং গুর্ব্বর্থমাহৃত্য তেনানুজ্ঞাতশ্চেৎ র্হি বুভুজে নোচেৎ সকৃৎ কদাচিৎ উপোষিতো ভবতি॥ ১০॥ তেন মৃত্যুজয়েন॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রেবর্ত্তী।

যতঃ সংশয়াদেব কৌতুহলং কৌতুকং তৎ সংশয়ং ছিন্ধি। ন কেবলং ত্বং মহাযোগী কিন্তু পুরাণেম্বপি জ্ঞাতৃত্বেন সম্মতঃ॥ ৫—১১॥

প্রাতে ও সন্ধ্যাকালে অগ্নি, সূর্য্য, গুরু, ব্রাহ্মণ এবং আত্মরূপে ভগবান্ শ্রীহরির আরাধনা করিতেন এবং ভিক্ষাবৃত্তি অবলম্বনে ভিক্ষান্ন লইয়া, গুরুর অনুমতি গ্রহণে, একবার মাত্র ভোজন করিতেন এবং যে দিবস কোন কারণে গুরুর অনুমতি গ্রহণ করা না ঘটিত, সে দিবস অনাহারে দিন অতিবাহিত করিতেন॥ ৮॥ ৯॥

এই প্রকারে মহর্ষি মার্কণ্ডেয় অযুতাযুত বর্ষ তপস্যা ও স্বাধ্যায়-নিরত হইয়া, ভগবান্ হৃষীকেশের আরাধনায় সুদুর্জ্জয় মৃত্যুকেও পরাজয় করিয়াছিলেন॥ ১০॥

তাদৃশ আরাধনার বলে অপরিহার্য্য মৃত্যুকেও মার্কণ্ডেয় পরিহার করিতে সক্ষম হইয়াছেন দেখিয়া ব্রহ্মা, রুদ্র, ভৃগু, দক্ষ প্রজাপতি ও অন্যান্য ব্রহ্মপুত্রগণ, দেবতা, মনুষ্য, পিতৃলোক এবং সমগ্র ভূত-নিচয় বিস্ময়াপন্ন হইলেন॥ ১১॥

অহো! জিতেন্দ্রিয় যোগী মার্কণ্ডেয় এইপ্রকারে তপস্যা স্বাধ্যায় এবং

তস্যৈবং যুঞ্জতশ্চিত্তং মহাযোগেন যোগিনঃ।
ব্যতীয়ায় মহান্ কালো মন্বন্তর-ষড়াত্মকঃ ॥ ১২ ॥
এতৎ পুরন্দরো জ্ঞাত্বা সপ্তমেঽস্মিন্ কিলান্তরে।
তপো-বিশঙ্কিতো ব্রহ্মন্নারেভে তদ্বিঘাতনং ॥ ১৩ ॥
গন্ধর্ব্বাপ্সরসঃ কামং বসন্তং মলয়ানিলং।
মুনয়ে প্রেষয়ামাস রজস্তোকমদৌ তথা ॥

অন্বয়ঃ।

এবং মহাযোগেন একাগ্রেণ চিত্তং পরমাত্মনি যুঞ্জতঃ তস্য যোগিনঃ মার্কণ্ডেয়স্য মন্বন্তর-ষড়াত্মকঃ মহান্ কালঃ ব্যতীয়ায় ॥ ১২ ॥

অস্মিন্ সপ্তমে মন্বন্তরে এতৎ তস্য তপশ্চরণং, জ্ঞাত্বা তপোবিশঙ্কিতঃ পুরন্দরঃ তস্য তপসঃ বিঘাতনং কর্ত্তুং আরেভে ॥ ১৩ ॥

তথা গন্ধর্ব্বাপ্সরসঃ রজস্তোকং রজসঃ অতিপ্রিয়ং অপত্যং লোভং মদশ্চ, বসন্তং মলয়ানিলং, কামং কামদেবং, মুনয়ে মুনিং ভ্রংশয়িতুং প্রেষয়ামাস ॥

শ্রীধরস্বামী।

ধ্বস্তাঃ ক্লেশা রাগাদয়ো যস্য তেনান্তরাত্মনা প্রত্যাহৃতেন মনসা ॥ ১২ ॥

তস্য তপোনিষ্ঠামিতিহাসেন বর্ণয়তি এতাদিত্যাদিনা অস্মিন্ সপ্তমে মন্বন্তরে তপসা মৎপদং গ্রহীষ্যতীতি বিশঙ্কিতঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধ্বস্তা ক্লেশা রাগাদয়ো যস্য তেন অন্তরাত্মনা মনসা ॥ ১২ ॥

তপসা মৎপদং গ্রহীষ্যতীতি বিশঙ্কিতঃ ॥ ১৩ ॥

সংযমাদির অনুষ্ঠানে বিষয়-রাগাদিশূন্য বিশুদ্ধ হৃদয়-মন্দিরে অধোক্ষজ পরম পুরুষ পরমাত্মাকেই নিরন্তর ধ্যান করিতে লাগিলেন ॥

এই প্রকার মহাযোগের অনুষ্ঠানে একাগ্রচিত্তে পরমাত্ম-চিন্তায় নিমগ্ন থাকায়, মার্কণ্ডেয়ের সমীপে উপর্য্যুপরি ছয় মন্বন্তর কাল অতিবাহিত হইয়া গেল। কিন্তু তিনি কিছুতেই বিচলিত হইলেন না ॥ ১২ ॥

এই উপস্থিত সপ্তম মন্বন্তরে মার্কণ্ডেয়ের তাদৃশ তপশ্চরণের ব্যাপার অবগত হইয়া, দেবরাজ পুরন্দর মনে মনে ভীত হইলেন; এবং পাছে তাঁহার ইন্দ্রত্বের ব্যাঘাত ঘটে, এই ভয়ে তিনি মার্কণ্ডেয়ের তপোবিঘ্ন উৎপাদনের চেষ্টা করিলেন ॥ ১৩ ॥

দেবরাজ তখন মুনির যোগভঙ্গ করাইবার অভিপ্রায়ে গন্ধর্ব্ব, অপ্সরা, সাক্ষাৎ মদন, বসন্ত, মলয়বায়ু এবং রজোগুণের প্রিয়পুত্র লোভ এবং মদ প্রভৃতিকে সেই ঋষির সমীপে প্রেরণ করিলেন ॥

তে বৈ তদাশ্রমং জগ্মু র্হিমাদ্রেঃ পার্শ্ব উত্তরে ।
পুষ্পভদ্রা নদী যত্র চিত্রাখ্যা চ শিলা প্রভো ॥ ১৪ ॥
তদাশ্রমপদং পুণ্যং পুণ্যদ্রুমলতাঞ্চিতং ।
পুণ্যদ্বিজকুলাকীর্ণং পুণ্যামলজলাশয়ং ॥ ১৫ ॥
মত্তভ্রমরসংগীতং মত্তকোকিলকূজিতং ।
মত্তবর্হিনটাটোপং মত্তদ্বিজকুলাকুলং ॥ ১৬ ॥

অন্বয়ঃ ।

হে প্রভো ! যত্র পুষ্পভদ্রা নদী তথা চিত্রাখ্যা শিলা বর্ত্ততে হিমাদ্রেঃ উত্তরে পার্শ্বে তস্য মার্কণ্ডেয়স্য আশ্রমং তে গন্ধর্ব্বাদয়ঃ জগ্মুঃ ॥ ১৪ ॥

পুণ্যৈঃ দ্রুমৈঃ লতাভিঃ চ অঞ্চিতং পূজিতং, পুণ্যদ্বিজানাং ঋষিণাং কুলৈঃ আকীর্ণং পুণ্যাঃ পবিত্রাঃ অমলাঃ চ জলাশয়াঃ যস্মিন্ তং, তস্য পুণ্যং আশ্রমপদং প্রবিষ্টঃ বায়ুঃ ববৌ ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ১৫ ॥

মত্তভ্রমরাণাং সংগীতং যস্মিন, মত্তকোকিলানাং কূজিতং যস্মিন, মত্তবর্হিণঃ এব নটাঃ তেষাং আটোপঃ সম্ভ্রমঃ যস্মিন, মত্তদ্বিজানাং পক্ষিণাং কুলৈঃ আকুলং ব্যাপ্তং ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী ।

মুনয়ে মুনিং ভ্রংশয়িতুং রজসন্তোকং আত্তাশ্রমপত্যং লোভো মদশ্চ তৌ ॥ ১৪ ॥

তদাশ্রমপদং প্রবিষ্টো বায়ুর্ববাবিতি তৃতীয়েনান্বয়ঃ পুণ্যৈ দ্রুমৈর্লতাদিভিশ্চাঞ্চিতং পূজিতং পুণ্যদ্বিজানাং ঋষীণাং কুলৈরাকীর্ণং পুণ্যা অমলা জলাশয়া যস্মিন্ ॥ ১৫ ॥

মত্তভ্রমরাণাং সঙ্গীতং যস্মিন্ মত্তবর্হিণ এব নটা স্তেষামা টোপো যস্মিন্ মত্তানাং দ্বিজানাং পক্ষিণাং কুলৈরাকুলং ব্যাপ্তং ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

রজসন্তোকমপত্যং লোভশ্চ মদশ্চ তৌ ॥ ১৪—১৭ ॥

হে প্রভো ! এদিকে সেই গন্ধর্ব্বাদি যোগ-বিঘ্নকারী ইন্দ্রানুচরগণ সকলে হিমালয়ের উত্তর পার্শ্বে পুষ্পভদ্রা নদীর তীরে বিচিত্র শৈলপরিবেষ্টিত মার্কণ্ডেয়ের আশ্রমে উপনীত হইল ॥ ১৪ ॥

তাঁহার সেই পবিত্র আশ্রম-স্থল মনোহর বৃক্ষলতাদিতে সমাচ্ছন্ন, পবিত্র-হৃদয় ঋষিগণে পরিসেবিত এবং স্বচ্ছ সলিল জলাশয়-সমূহে পরিশোভিত ছিল ॥ ১৫ ॥

মধুমত্ত ভ্রমরগণের গুঞ্জনে এবং প্রমত্ত কোকিলগণের কূজনে, সৌন্দর্য্যমুগ্ধ শিখিগণের নটনৃত্যে এবং প্রেমোন্মত্ত পক্ষিকুলের কাকলিতে আশ্রমের কি অপূর্ব্ব পবিত্রতারই পরিচয় হইতেছিল ! ॥ ১৬ ॥

বায়ুঃ প্রবিষ্ট আদায় হিমনির্ঝরশীকরান্।
সুমনোভিঃ পরিষক্তো ববাবুত্তম্ভয়ন্ স্মরং ॥ ১৭ ॥
উদ্যচ্চন্দ্রনিশাবক্ত্রঃ প্রবালস্তবকালিভিঃ।
গোপদ্রুম-লতাজালৈস্তত্রাসীৎ কুসুমাকরঃ ॥ ১৮ ॥
অন্বীয়মানো গন্ধর্বৈর্গীতবাদিত্রযূথিকৈঃ।

অন্বয়ঃ।

তাদৃশং আশ্রমপদং প্রবিষ্টঃ বায়ুঃ মলয়ানিলঃ স্মরং কামং উত্তম্ভয়ন্ উদ্দীপয়ন্, হিমনির্ঝর-শীকরান্ আদায় সুমনোভিঃ পুষ্পৈঃ, পরিষক্তঃ মিলিতঃ সন্ ববৌ ॥ ১৭ ॥

কিঞ্চ উদ্যন্ চন্দ্রঃ যস্মিন্ তং নিশাবক্ত্রং রজনীমুখং যস্য সঃ কুসুমাকরঃ বসন্তঃ, প্রবাল-স্তবকানাং আলয়ঃ শ্রেণয়ঃ যেষু তৈঃ গুপ্যন্তি বিটপৈঃ সংশ্লিষ্যন্তি ইতি গোপাঃ দ্রুমাঃ লতাঃ চ তেষাং জালৈঃ সমূহৈঃ চ সহ তত্র আসীৎ আবির্বভূব ॥ ১৮ ॥

তদা গীতবাদিত্র-যূথিকৈঃ গায়কাদি-সমুদায়িভিঃ গন্ধর্বৈঃ অন্বীয়মানঃ তথা স্বঃস্ত্রিয়ঃ অপ-

শ্রীধরস্বামী।

এবম্ভূতং তদাশ্রমপদং প্রবিষ্টঃ সন্ বায়ুর্মলয়ানিলো ববৌ প্রসসার। উত্তম্ভয়ন্ উদ্দীপয়ন্ তত্র বৃক্ষেষু প্রবেশান্মান্দ্যং হিমনির্ঝরকণাদানাৎ শৈত্যং পুষ্পপরিষঙ্গাৎ সৌগন্ধ্যমোক্তং ॥ ১৭ ॥

কিঞ্চ। উদ্যংশ্চন্দ্রো যস্মিন্ তন্নিশাবক্ত্রং রজনীমুখং যস্মিন্ সঃ। প্রবালস্তবকানামালয়ঃ শ্রেণয়ো যেষু তৈঃ। গুপ্যন্তি বিটপৈঃ সংশ্লিষ্যন্তীতি গোপা দ্রুমাঃ লতাশ্চ তেষাং জালৈঃ সমূহৈরাবির্বভূব ॥ ১৮ ॥

কিঞ্চ। তদা গীতবাদিত্র-যূথিকৈ র্গানাদি-সমুদায়িভি র্গন্ধর্বৈরন্বীয়মানঃ তথা স্বঃস্ত্রিয়ো-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

উদ্যংশ্চন্দ্রো যস্মিংস্তাদৃশং নিশাবক্ত্রং নিশামুখং যস্মিন্ সঃ। প্রবালানাং স্তবকানামালয়ো যত্র তৈর্গাঃ কিরণান্ পান্তি রক্ষন্তি যে দ্রুমা লতাশ্চ তেষাং জালৈঃ সহ কুসুমাকরো বসন্তঃ ॥ ১৮ ॥

গীতবাদিত্রযূথিকৈ গীতবাদিত্রযূথবদ্ভিঃ। অদৃশ্যত মুনির্মনসি স্বয়মেব কিঞ্চিদম্বভূয়তেতি

তাদৃশ মনোরম আশ্রমে প্রবিষ্ট হইয়া, মলয়ানিল শীতল শিশির-কণা এবং পুষ্পগন্ধ বহনে শীতল ও সুগন্ধী হইয়া, মৃদুমন্দ সঞ্চালনে কামের উদ্দীপন করত প্রবাহিত হইতে লাগিল। ১৭ ॥

এদিকে বৃক্ষ লতাদিতে নব-কিশলয় স্তবকসহ কুসুমাকর বসন্ত নিশামুখে পূর্ণ শশধরকে সঙ্গে লইয়া আবির্ভূত হইলেন ॥ ১৮ ॥

তৎসঙ্গে গায়ক ও বাদক-সম্প্রদায় গন্ধর্বগণে পরিবেষ্টিত অপ্সরোযূথপতি স্বয়ং কামদেব ধনুর্বাণ হস্তে মহর্ষির আশ্রমে উপনীত হইলেন ॥ ১৯ ॥

অদৃশ্যাত্তাত্তচাপেষুঃ স্বঃস্ত্রীযুথপতিঃ স্মরঃ ॥ ১৯ ॥
হুত্বাগ্নীন্ সমুপাসীনং দদৃশুঃ শক্রকিঙ্করাঃ।
মীলিতাক্ষং দুরাধর্ষং মূর্ত্তিমন্তমিবানলং ॥
ননৃতু স্তস্য পুরতঃ স্ত্রিয়োঽথো গায়কা জগুঃ।
মৃদঙ্গবীণাপণবৈ র্বাদ্যঞ্চক্রু র্মনোরমং ॥ ২০ ॥
সন্দধেঽস্ত্রং স্বধনুষি কামঃ পঞ্চমুখং তদা।
মধুর্ম্মনো রজস্তোক ইন্দ্রভৃত্যা ব্যকম্পয়ন্ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

সরসঃ তাসাং যূথস্য পতিঃ, আত্তং চাপং ইষুঃ চ যেন সঃ স্মরঃ কন্দর্পঃ তত্র অদৃশ্যাত ॥ ১৯ ॥

অগ্নীন্ সমুপাসীনং মীলিতাক্ষং মূর্ত্তিমন্তং অনলং ইব দুরাধর্ষং অভিভবিতুং অশক্যং, শক্রকিঙ্করাঃ দদৃশুঃ ॥

তস্য মার্কণ্ডেয়স্য পুরতঃ অগ্রে স্ত্রিয়ঃ ননৃতুঃ গায়কাঃ জগুঃ তথা মৃদঙ্গবীণাপণবৈঃ মনোরমং বাদ্যং চক্রুঃ ॥ ২০ ॥

তদা কামঃ কন্দর্পঃ স্বধনুষি পঞ্চমুখং অস্ত্রং শরং সন্দধে; তথা মধুঃ বসন্তঃ রজস্তোকঃ লোভঃ অন্যে ইন্দ্রভৃত্যাঃ চ তস্য মনঃ ব্যকম্পয়ন্ মনঃ চালয়ামাসুঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

হুপ্সরসঃ তাসাং যূথস্য পতিঃ। আত্তং চাপেষু যেন স স্মরস্তত্রাদৃশ্যাত ॥ ১৯ ॥

দুরাধর্ষং অভিভবিতুমশক্যং ॥ ২০ ॥

শোষণ-মোহন-সন্দীপন-তাপন-মাদনাখ্যানি পঞ্চমুখানি যস্য তদস্ত্রং সন্দধে তদৈব মধু র্বসন্তঃ রজস্তোকশ্চ। পুংস্ত্বমার্ষং অন্যে চেন্দ্রভৃত্যাঃ তস্য মনো ব্যকম্পয়ন্ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যকম্পয়ন্নিতি প্রবোধ্যাহিমিতি ধর্ষিতোঽপীত্যাগ্রমবাক্যাদবগম্যতে। মত্তর্থীয়ষ্টন ॥ ১৯ ॥

সমুপাসীনং মুনিং ॥ ২০ ॥

এই প্রকারে দেবেন্দ্রের অনুচরবর্গ সপরিবারে তথায় উপনীত হইয়া দেখিলেন, দুরাধর্ষ মার্কণ্ডেয় ঋষি হোম সমাপনান্তে সাক্ষাৎ দ্বিতীয় হুতাশনের ন্যায় জাজ্বল্যমান মূর্ত্তি ধারণে লোচনদ্বয় নিমীলিত করত স্থণ্ডিলে উপবিষ্ট রহিয়াছেন ॥

তখন তাঁহার সমক্ষে দেবাঙ্গনা অপ্সরাগণ নৃত্য করিতে আরম্ভ করিলেন; গন্ধর্ব্বগণ সুমধুর স্বরে গীত আরম্ভ করিলেন এবং বাদকগণ মৃদঙ্গ বীণা এবং পণবাদি যোগে মনোহর বাদ্য আরম্ভ করিলেন ॥ ২০ ॥

এই সময়ে উত্তম অবসর মনে করিয়া, মদন শরাসন লইয়া শোষণ, মোহন, সন্দীপন, তাপন এবং মাদনাদি পঞ্চমুখ স্বীয় বাণ সন্ধান পূর্ব্বক, বসন্ত লোভ

ক্রীড়ন্ত্যাঃ পুঞ্জিকস্থল্যাঃ কন্দুকৈস্তনগৌরবাৎ।
ভৃশমুদ্বিগ্নমধ্যায়াঃ কেশবিস্রংসিতস্রজঃ ॥
ইতস্ততো ভ্রমদ্দৃষ্টে র্ম্মন্ত্যা অনুকন্দুকং।
বায়ু র্জহার তদ্বাসঃ সূক্ষ্মং ত্রুটিতমেখলং ॥ ২২ ॥
বিসসর্জ্জ তদা বাণং মত্বা তং স্বজিতং স্মরঃ।
সর্ব্বং তত্রাভবন্মোঘমনীশস্য যথোদ্যমঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

কন্দুকৈঃ ক্রীড়ন্ত্যাঃ অতঃ স্তনগৌরবাৎ ভৃশং উদ্বিগ্নমধ্যায়াঃ কেশবিস্রংসিতস্রজঃ তথা অনুকন্দুকং ভ্রমন্ত্যাঃ ইতস্ততঃ ভ্রমদ্দৃষ্টেঃ পুঞ্জিকস্থল্যাঃ তন্নাম্যাঃ অপ্সরসঃ ত্রুটিতা মেখলা যস্মিন্ তৎ সূক্ষ্মং বাসঃ বায়ুঃ জহার ॥ ২২ ॥

তদা স্মরঃ কামঃ, তং মার্কণ্ডেয়ং তদা স্বেন জিতং মত্বা বাণং বিসসর্জ্জ; অপি তু অনীশস্য ভাগ্যহীনস্য, উদ্যমঃ যথা তথা তেষাং সর্ব্বং কর্ম্ম তত্র মোঘং ব্যর্থং, অভবৎ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। বায়ুর্মলয়ানিলঃ পুঞ্জিকস্থল্যাস্তৎ সূক্ষ্মং বাসো জহার ॥ ২২ ॥

সর্ব্বং তেষাং কর্ম্ম তত্র তস্মিন্ মোঘং ব্যর্থং। অনীশস্য নির্দ্দৈবস্য ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শোষণ-মোহন-সন্দীপন-তাপন-মাদনাখ্যানি পঞ্চমুখানি যস্য তৎ। মধু র্বসন্তঃ রজস্তোকশ্চ পুংস্ত্বমার্ষং। ব্যকম্পয়ন্ মনশ্চালয়ামাসুঃ ॥ ২১ ॥ ২২ ॥

অনীশস্য ভাগ্যরহিতস্য ॥ ২৩ ॥

এবং মদাদি ইন্দ্র-কিঙ্করগণ সহ স্বয়ং মদন মহর্ষি মার্কণ্ডেয়ের মনকে আকর্ষণ করিবার চেষ্টা করিলেন ॥ ২১ ॥

এদিকে কন্দুক-ক্রীড়ার উপলক্ষে ইতস্ততঃ ধাবমানা সুতরাং কুচভরে কুঞ্চিতমধ্যা বিশ্লথ-কবরীচ্যুত-পুষ্পমালা পুঞ্জিকস্থলী নাম্নী অপ্সরা কন্দুকের প্রতি দৃষ্টি নিক্ষেপ করত কন্দুকের সঙ্গে সঙ্গে ইতস্ততঃ অপারজ্ঞাত পদ-সঞ্চালনে যখন ভ্রমণ করিতেছিলেন, ইত্যবসরে তদীয় কটিসূত্র শিথিল হইয়া সূক্ষ্ম পরিধেয় বসন স্খলিত হইবা মাত্র, মলয়ানল তাহা হরণ করিয়া লইল ॥ ২২ ॥

এই অবসরে মহামুনি মার্কণ্ডেয়কে নিজের বশীভূত জ্ঞান করিয়া, কামদেব তদুপরি স্বীয় কামশর নিক্ষেপ করিলেন। কিন্তু আশ্চর্য্যের বিষয়! ভাগ্য-হীন ব্যক্তির সকল উদ্যমই যেমন নিরর্থক হয়, সেইরূপ মদনের শরও মার্কণ্ডেয়ের নিকট ব্যর্থ হইয়া গেল ॥ ২৩ ॥

বরং সেই মহামুনির অপকার করিতে উদ্যত হওয়ায়, তদীয় ব্রহ্মতেজে

ত ইত্থমপকুর্ব্বন্তো মুনে স্তত্তেজসা মুনে ।
দহ্যমানা নিববৃতুঃ প্রবোধ্যাহিমিবার্ভকাঃ ॥ ২৪ ॥
ইতীন্দ্রানুচরৈর্ব্রহ্মন্ ধর্ষিতোঽপি মহামুনিঃ ।
যন্নাগাদহমো ভাবং ন তচ্চিত্রং মহৎসু হি ॥ ২৫ ॥
দৃষ্ট্বা নিস্তেজসং কামং সগণং ভগবান্ স্বরাট্ ।
শ্রুত্বানুভাবং বিপ্রর্ষের্বিস্ময়ং সমগাৎ পরং ॥ ২৬ ॥

অন্বয়ঃ

হে মুনে ! এবং অপকুর্ব্বন্তঃ তস্য মুনেঃ তেজসা দহ্যমানাঃ সন্তঃ অহিং প্রবোধ্য অর্ভকাঃ ইব তে নিববৃতুঃ ॥ ২৪ ॥

হে ব্রহ্মন্ ! ইতি এবং ইন্দ্রানুচরৈঃ ধর্ষিতঃ অপি সঃ মহামুনিঃ মার্কণ্ডেয়ঃ যৎ অহমঃ অহঙ্কারস্য, ভাবং ক্রোধমোহাদিকং ন অগাৎ তৎ এতৎ মহৎসু ন চিত্রং ॥ ২৫ ॥

ভগবান্ স্বরাট্ ইন্দ্রঃ সগণং কামং নিস্তেজসং পরিম্লানবদনং দৃষ্ট্বা তথা বিপ্রর্ষেঃ অনুভাবং শ্রুত্বা পরং বিস্ময়ং সমগাৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী ।

মুনেরপকুর্ব্বন্তঃ প্রতিকূলমাচরন্তঃ । হে মুনে ॥ ২৪ ॥
অহমঃ অহঙ্কারস্য । ভাবং বিকারং ॥ ২৫ ॥
নিস্তেজসং ম্লানবদনং স্বরাট্ ইন্দ্রঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রবোধ্যাহিমিতি ন জানীমহে অদ্য কিং ভবিষ্যতীতি ভাতাঃ অত্রাহিদৃষ্টান্তেন প্রথমং কিঞ্চিদুদ্ভূতং কামং প্রতি ক্রোধোঽভূৎ পশ্চাদ্বিবেকেন কামক্রোধয়োরুভয়োরপ্যুপশমঃ কৃত ইত্যবসীয়তে ॥ ২৪ ॥　　অহমোঽহঙ্কারস্য ॥ ২৫ ॥

পরিদগ্ধ হইয়া, সেই ইন্দ্রানুচরগণ বিষধর দর্শনে পলায়মান বালকবৃন্দের ন্যায়, তথা হইতে প্রতিনিবৃত্ত হইলেন ॥ ২৪ ॥

হে ব্রহ্মন্ ! ইন্দ্রানুচর কন্দর্পাদির অত্যাচারে উৎপীড়িত হইয়াও, মহামুনি মার্কণ্ডেয় অহঙ্কারে উত্তেজিত হইয়া ক্রোধ মোহাদিতে যে অভিভূত হন নাই, তাহা তাঁহার ন্যায় মনস্বীর পক্ষে একটী বিশেষ বিস্ময়ের ব্যাপার নহে ॥ ২৫ ॥

অমরাধিপ ইন্দ্র তখন অনুচরগণ বেষ্টিত স্বয়ং কন্দর্পকে হতপ্রভ ও বিষণ্ণবদনে প্রত্যাগত অবলোকন করিয়া, কারণ জিজ্ঞাসা করিলেন ; এবং কাম মুখে মার্কণ্ডেয়ের অলোক-সামান্য প্রভাবের বিষয় পরিজ্ঞাত হইয়া, বিস্ময়-সাগরে নিমগ্ন হইলেন ॥ ২৬ ॥

নমোনম ইত্যীশানৌ বভাষে গদগদাক্ষরং॥ ৩২॥
তয়োরাসনমাদায় পাদয়োরবনিজ্য চ।
অর্হণেনানুলেপেন ধূপমাল্যৈরপূজয়ৎ।
সুখমাসনমাসীনৌ প্রসাদাভিমুখৌ মুনিঃ।
পুনরানম্য পাদাভ্যাং গরিষ্ঠাবিদমব্রবীৎ॥ ৩৩॥

অন্বয়ঃ।

অক্ষরং ঈশানৌ বভাষে॥ ৩২॥

তয়োঃ আসনং আদায় পাদয়োঃ অবনিজ্য পাদৌ প্রক্ষাল্য, অর্হণেন অর্ঘেণ অনুলেপেন ধূপমাল্যৈঃ চ অপূজয়ৎ॥

মুনিঃ মার্কণ্ডেয়ঃ সুখং যথা স্যাৎ তথা আসনং আসীনৌ উপবিষ্টৌ প্রসাদাভিমুখৌ গরিষ্ঠৌ পূজ্যতমৌ তৌ পুনঃ পাদাভ্যাং পাদৌ আনম্য ইদং অব্রবীৎ॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

আশ্লিষন্ আশ্লিষ্যন্ আলিঙ্গন্নিব॥ ৩২॥

পাদয়োরবনিজ্য পাদৌ প্রক্ষাল্য অর্হণেন অর্ঘ্যেণ॥

পাদাবানম্য গরিষ্ঠৌ পূজ্যতমৌ, তৌ প্রতি॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রহ্বো নম্রঃ॥ ৩২॥ ৩৩॥

আলিঙ্গন করিবার ন্যায় ভাব প্রদর্শনে, গদ্গদ্ বচনে সেই পুরুষদ্বয়কে নমোনমঃ বলিয়া অভিবাদন করিলেন॥ ৩২॥

পরে তাঁহাদিগকে উপবেশনার্থ আসন প্রদানে চরণ ধৌত করিলেন; এবং গন্ধ, পুষ্প, মালা, অর্ঘ্য ও ধূপ-দীপাদি প্রদানে উভয়ের পূজা করিলেন॥

পূজ্যতম ঋষিদ্বয় প্রসন্নবদনে আসনে উপবেশন করিলে, মার্কণ্ডেয় মুনি তাঁহাদের পাদ সমীপে প্রণাম করত, নিম্নলিখিতভাবে বলিয়াছিলেন যথা—॥ ৩৩॥

আভাস।

সপ্তম অধ্যায়ের সপ্তদশ শ্লোকে সৃষ্টির হেতু নির্ণয়-চ্ছলে প্রকাশ করা হইয়াছে যে, জীবই সৃষ্টির নিমিত্ত বা হেতু বলিয়া স্বীকার করিতে হয়। কারণ অবিদ্যার বশবর্ত্তী জীব কামনা বশত কর্ম্ম করিলে, তাহার ফল প্রদানার্থ বিশ্বসংসারের সৃষ্টির প্রবৃত্তি আরম্ভ হইয়াছে। বেদান্তাদিতে উক্ত আছে, "তদ্ভোগায় পুনর্ভোগ্য-ভোগায়তন-জন্মনে। পঞ্চীকরোতি ভগবান্ প্রত্যেকং বিয়দাদিকং"॥ অর্থাৎ জীবেরই ভোগের জন্য ভগবান্ ভোগ্যবিষয় এবং ভোগায়তন দেহের রচনা করিলেন। সুতরাং জীবই সৃষ্টির হেতু বলিয়া স্বীকার্য্য। জীবের অদৃষ্টবশেই ভগবানকে সৃষ্টি করিতে হইয়াছে। এস্থলে কোন [illegible] বলেন যে, মায়োপাধি [illegible]

মার্কণ্ডেয় উবাচ ॥

কিং বর্ণয়ে তব বিভো যদুদীরিতোঽসুঃ সংস্পন্দতে তমনু বাঙ্মন ইন্দ্রিয়াণি ।

অন্বয়ঃ ।

মার্কণ্ডেয়ঃ উবাচ হে বিভো ! তব ত্বাং কিং অহং বর্ণয়ে কথং স্তৌমি ! যং যেন ত্বয়া এব উদীরিতঃ তন্নভৃতাং অজশর্ব্বয়োঃ চ তথা স্বস্য মমাপি অসুঃ প্রাণঃ, সংস্পন্দতে তং

শ্রীধরস্বামী ।

অন্তর্যামিণ স্তবৈব-প্রাণাদি-প্রবর্ত্তকত্বাৎ অন্যেন স্তবস্তুতাবস্বাতন্ত্র্যং পশ্যন্নাহ কিমিতি। হে বিভো ! তব ত্বাং কিমহং বর্ণয়ে কথং স্তৌমি যতো যেন ত্বয়ৈব উদীরিতঃ প্রেরিতোঽসুঃ প্রাণঃ সংস্পন্দতে প্রবর্ত্ততে তমনুচ বাগাদয়ঃ স্পন্দন্তি প্রবর্ত্তন্তে তত্র হেতুঃ বৈ অন্বয়ব্যতিরেকাভ্যাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যেন ত্বয়ৈব উদীরিত প্রেরিতোঽসুঃ প্রাণঃ স্পন্দতে প্রবর্ত্ততে তমনু চ বাগাদীনি স্পন্দন্তে । শ্রোত্রস্য শ্রোত্রমিত্যাদিশ্রুতিভি বৈ নিশ্চিতমেবেত্যর্থঃ । ন কেবলং প্রাকৃতানাং তনুভৃতামপি অজশর্ব্বয়োশ্চ । অতঃ স্বস্য মমাপি । যদ্যপ্যেবং তথাপি ভজতাং জনানাং ভাবেন প্রেম্না

মার্কণ্ডেয় বলিলেন, হে বিভো ! আমি কোন্ উপায়ে আপনাদিগকে কি বলিয়া আর স্তব করিব ! কারণ ব্রহ্মা, রুদ্র প্রভৃতি লোকপাল এবং আমার ন্যায় জীবমাত্রেরই অন্তরস্থ প্রাণবায়ুকে আপনি উত্তেজিত করিয়াছেন বলিয়াই

আভাস ।

যখন জীবনামে অভিহিত, জীব একটী চৈতন্যস্বরূপের উপাধিনিষ্ঠ ভাব বা অবস্থা ব্যতীত অন্য কিছুই নহে, তখন মায়াতল্পে শয়ান মূল চৈতন্যই সৃষ্টির কারণ বলা কর্ত্তব্য । অপর বাদী বলেন, "অসঙ্গোহয়ং পুরুষঃ" বিশুদ্ধ চৈতন্যস্বরূপে কোন ক্রিয়া নাই। তবে চৈতন্যের সাহায্যে মূলা প্রকৃতি বা প্রধান হইতেই যখন সৃষ্টির স্রোত প্রবৃত্ত হয়, তখন অব্যাকৃত মায়াকেই সৃষ্টির হেতু বলিয়া স্বীকার করিতে হইবে। এই বাদিত্রয়ের যে কোন মতেরই সংস্থাপন হউক না, হেতুর অনুরোধে ভগবান্‌কে সৃষ্টি করিতে যে হয়, তাহাতে আর সন্দেহ নাই। কারণ তিনি পূর্ণকাম। সৃষ্টিকার্য্যে তাঁহার নিজের ইষ্ট-সম্বন্ধ ঘটিতে পারে না। অতএব ভগবান্ সৃষ্টিকর্ত্তা হইলেও, জীবের অনুরোধ যে, তাঁহার নিকট সর্ব্বতোভাবে গ্রাহ্য, মহাযোগী মার্কণ্ডেয়ের চরিত্রে তাহাই বর্ণিত হইয়াছে। ভোগে অনাসক্ত মার্কণ্ডেয় বলবতী ইচ্ছার অভাবে নৈসর্গিক সৃষ্টির অন্যথা করত, তাৎকালিক মহাপ্রলয়ের রচনা কার্য্যে ভগবান্‌কে বাধ্য করিয়াছিলেন। যাঁহারা ভোগের প্রার্থী, তাঁহাদের নিকট ভোগ্য সংসারকে নিরন্তর [illegible] রাখিয়া, দর্শনেচ্ছুক মার্কণ্ডেয়কে কারণার্ণবে ভাসমান রাখিয়া সর্ব্বকারণ-কারণ [illegible] বটপত্রপুট-মধ্যগত একটী বালক-মূর্ত্তিতে পূর্ণ পরমাত্মার পরিচয় দিয়াছিলেন। [illegible] মার্কণ্ডেয় এক সময়ে কারণার্ণবে পরমাত্মভাব বালক-মূর্ত্তি এবং সেই [illegible] দুর্লভ অবলোকন করিয়া, প্রেমানন্দে নিমগ্ন হইয়াছিলেন।

স্যন্দন্তি বৈ তনুভৃতামজশর্ব্বয়োশ্চ স্বস্যাপ্যথাপি ভজতামসি ভাববন্ধুঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

স্পন্দমানং প্রাণং অনুস্যত্য বাগাদীনি ইন্দ্রিয়াণি প্রচলন্তি স্ব স্ব ব্যাপারে প্রবর্ত্তন্তে, তৈঃ অপি বাগাদিভিঃ ভজতাং পুংসাং ত্বং এব ভাববন্ধুঃ ভাবেন বধ্যতে বশীভবসি ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

শ্রোত্রস্য শ্রোত্রমিত্যাদি শ্রুতিভিশ্চ তৎপ্রসিদ্ধমিত্যর্থঃ। ন কেবলং প্রাকৃতানাং তনুভৃতাং কিন্তু অজশর্ব্বয়োশ্চ। অতঃ স্বস্য মমাপি তথৈব এবং যদ্যপি ন ক্বচিদপি কস্যাপি স্বাতন্ত্র্যং তথাপি দারুযন্ত্রবৎ ত্বৎপ্রবর্ত্তিতৈরপি রাগাদিভির্ভজতাং পুংসাং ভাববন্ধুঃ আত্মবন্ধুরসি ন পিত্রাদিবৎ দেহমাত্রবন্ধুঃ। অহো কৃপালুতা তবেত্যর্থঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বন্ধুর্বন্ধুরিব বশ্যোঽসি। প্রাণবুদ্ধীন্দ্রিয়াদিভি ত্বমেব স্বভজনং কারয়সি পুনস্তাদৃশভজনস্য প্রত্যুপকারেঽসমর্থো ঋণীব ভূত্বা তৎপ্রেমবশ্যো ভবসীত্যদ্ভুতং তব কৃপাবৈভবমিতি ভাবঃ ॥৩৪॥

জীবের অন্তরে স্পন্দন-ব্যাপার ঘটিতেছে এবং এই প্রাণেরই অনুসরণে ইন্দ্রিয়বর্গ স্ব স্ব কার্য্যে প্রবর্ত্তিত হইতেছে। অহো! সেই বাগাদি ইন্দ্রিয়-বর্গের দ্বারা যাহারা আপনার প্রতি চিত্ত সংযোজিত করে, আপনি তাদৃশ ভক্তগণের ভাবে বদ্ধ হইয়া, বাৎসল্য রসের পরিচয় দিয়া থাকেন ॥ ৩৪ ॥

আভাস।

যাঁহার প্রসাদে মার্কণ্ডেয়ের মনোরথ পূর্ণ হইয়াছিল, সেই ভগবন্মূর্ত্তি নরনারায়ণকে স্তব করত তিনি যাহা বলিয়াছিলেন, নিম্নলিখিত কয়েকটী শ্লোকে তাহাই বর্ণিত হইয়াছে ॥ ৩৩ ॥

মহামুনি মার্কণ্ডেয় ভগবানের অসীম কৃপালুতার পরিচয়ে বলিয়াছিলেন যে, হে শরণাগত-প্রতি-পালক! আমি কোন্ উপায়ে এবং কি উপাদানে আপনার স্তব করিব? কারণ আমার বলিতে আমার কিছুই নাই। এবং সংসারেও কিছুই নাই; সকলই আপনার! আমার দেহ ইন্দ্রিয়-প্রাণাদি চতুর্বিংশতি তত্ত্বই আপনার এবং শব্দ স্পর্শাদি যাবতীয় পদার্থই আপনার! আপনারই উত্তেজনায় বিষয়-বিপিনে বিচরণ পূর্ব্বক ভোগসুখাদি, সকলে এবং আমি অনুভব করিতেছি। আবার অন্তরে নীলকান্তমণির ন্যায়, নিরন্তর প্রকাশমান থাকিয়া, আপনিই অভ্যন্তরের অন্ধকার তিরোহিত করাইতেছেন। আপনি ব্যতীত সৃষ্ট জগতে আর কাহাকেও আমা অপেক্ষা অধিক ক্ষমতাবান্ বা গুণবান্ দেখিতেও পাই না। কারণ ব্রহ্ম রুদ্রাদি লোকপালগণও আমারই ন্যায় যখন তনু ধারণে আবির্ভূত, তখন তাঁহারাও আমারই ন্যায় আপনার কৃপা-কটাক্ষে অনুগৃহীত। অতএব চরাচরাত্মক দেব মনুষ্য ও তির্য্যগাদি ভূতনিচয় কাষ্ঠপুত্তলিকার ন্যায়, আপনার দ্বারাই পরিচালিত; অথচ অনুরাগভরে যাহারা আপনার ভজনা করে, আপনি তাহাদের হৃদয়ে সখা হইয়া, নিরন্তর তাঁহাদিগকে প্রতিপালন করেন। প্রাকৃত পিতামাতা কেবল দেহ মাত্রকে আদর করেন; আপনি পরম পিতা পরমাত্মা! সুতরাং জীবের সাহায্যে

মূর্ত্তী ইমে ভগবতো ভগবংস্ত্রিলোক্যাঃ ক্ষেমায় তাপবিরমায় চ মৃত্যুজিত্যৈ।
নানাবিভর্ষ্যবিতুমন্যতনূর্যথেদং সৃষ্ট্বা পুনর্গ্রসসি সর্ব্বমিবোর্ণনাভিঃ॥ ৩৫॥

অন্বয়ঃ।

হে ভগবন্! ভগবতঃ ষড়ৈশ্বর্য্যপূর্ণস্য তব ইমে মূর্ত্তী অবতারৌ হি ত্রিলোক্যাঃ ক্ষেমায় পালনায়, আধ্যাত্মিকাদি-তাপত্রয়-বিরমায়, মৃত্যুজিত্যৈ মোক্ষায়, এব। যথা ইদং বিশ্বং অবিতুং অন্যাঃ নানাবিধাঃ মৎস্যাদিতনূঃ বিভর্ষি তথা সৃষ্ট্বা পুনঃ ঊর্ণনাভিঃ ইব সর্ব্বং গ্রসসি। ৩৫

শ্রীধরস্বামী।

ননু কথমাবাং প্রাণাদি-প্রবর্ত্তকৌ ধর্ম্মপুত্রস্থাদাবয়োরিতি চেত্তত্রাহাদাবয়োরিতি চেত্তত্রাহ মূর্ত্তী ইতি। হে ভগবন্ ভগবত স্তব ইমে মূর্ত্তী ত্রিলোক্যাঃ ক্ষেমায় পালনায় তাপবিরমায় দুঃখ-নিবৃত্ত্যৈ মৃত্যুজিত্যৈ মোক্ষায় চ নতু ত্বং কস্যাপি পুত্রঃ ইত্যর্থঃ। অত্র দৃষ্টান্তঃ যথেদং বিশ্বং অবিতুং অন্যা স্তনূর্ম্মৎস্য-কূর্ম্মাদিলক্ষণা নানা অনেকপ্রকারা বিভর্ষি অবিতৃত্বাৎ তদ্বৎ ন কেবলং পালনমাত্রং তব কর্ম্ম কিন্তু সৃষ্টিলয়াবপীত্যাহ সৃষ্ট্বেতি। তত্রাপ্যন্যানিরপেক্ষত্বে দৃষ্টান্ত ঊর্ণনাভিরিবেতি॥ ৩৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাৎ স্বভজনং কারয়িতুং ভজনপরিপাকে চ তদ্ভক্তপ্রেমবশ্যো ভবিতুং চ তবাবতারঃ। ন কেবলমেতদেব নিমিত্তং জগৎপালনার্থমপীত্যাহ মূর্ত্তী ইমে ইতি। মৃত্যুজিত্যৈ মোক্ষায় চ। যথা নানাঽন্যতনূর্ম্মৎস্যকূর্ম্মাদ্যা বিভর্ষি তথেমামপি তনুং বিভর্ষি। কিঞ্চ। সৃষ্ট্বা যস্য পালনার্থং তনূর্বিভর্ষি তৎসর্ব্বং পুনর্গ্রসসি চ ঊর্ণনাভিরিবেত্যদ্ভুতং তব লীলাবৈভবমপীতি ভাবঃ॥ ৩৫॥

হে ভগবন্! সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ আপনার এই মূর্ত্তিদ্বয় কেবল ত্রিলোকের পালন, আধ্যাত্মিকাদি তাপত্রয়ের নিবারণ এবং মৃত্যুকে পরাজয় করত জীবের পক্ষে মোক্ষ লাভের জন্যই রচিত হইয়াছে! হে স্বামিন্! এই বিশ্ব সংসারকে রক্ষা করিবার জন্য যেমন মৎস্য কূর্ম্মাদি নানা বিগ্রহ আপনি ধারণ করিয়া থাকেন, পুনরায় ঊর্ণনাভ যেমন স্বকীয় মুখনির্গত লালার দ্বারা জাল প্রস্তুত করত, পরিণামে নিজেই সেই জালকে স্বীয় অন্তরে উপসংহার করিয়া লয়, আপনিও সেইরূপ স্বশক্তিতে সৃষ্ট এই অনন্ত সংসারকে নিজের অন্তরে সন্নিবেশিত করিয়া, অব্যক্ত ভাব ধারণ করেন। ৩৫।

আভাস।

ভাবগ্রাহী হইয়া, নিরন্তর বিদ্যমান রহিয়াছেন॥ ৩৪॥

অহো! ঊর্ণনাভি (মাকড়্শা) যেমন উদরস্থ লালার দ্বারা জাল প্রস্তুত করে এবং অভীষ্ট সিদ্ধির পর স্বীয় উদরেই সেই জাল পুনরায় গ্রাস করিয়া লয়, আপনিও সেইরূপ স্বীয় অন্তর্নিহিত বৈষ্ণবী শক্তি মায়ার বিস্তারে ব্রহ্মাণ্ডের রচনা ও পালন ব্যাপারের সম্যপনান্তে স্বীয়

তস্যাবিতুঃ স্থিরচরেশিতুরঙ্ঘ্রিমূলং যৎস্থং ন কর্ম্মগুণকালরজঃ স্পৃশন্তি।
যদ্বৈ স্তুবন্তি নিনমন্তি যজন্ত্যভীক্ষ্ণং ধ্যায়ন্তি বেদহৃদয়া মুনয়স্তদাপ্ত্যৈ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ

তস্য উক্তবিধস্য অবিতুঃ পালকস্য, স্থিরচরেশিতুঃ স্থাবর-জঙ্গমানাং নিয়ন্তুঃ, অঙ্ঘ্রিমূলং ভজামি ইতি তৃতীয়েনান্বয়ঃ। যৎস্থং যদুপাসকং কর্ম্মগুণ-কালানাং রজঃ মলং পাপং ন স্পৃশন্তি; অতএব বেদঃ হৃদয়ে যেষাং তে বেদার্থতত্ত্বজ্ঞাঃ মুনয়ঃ তদাপ্ত্যৈ তৎপ্রাপ্তয়ে যৎ বৈ এব স্তুবন্তি নিতরাং নমন্তি, যজন্তি তথা অভীক্ষ্ণং ধ্যায়ন্তি চ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

যস্মাদেবম্ভূত স্বং তস্মাত্তবাঙ্ঘ্রিমূলং ভজামীত্যাহ তস্যেতি। তস্যাবিতুঃ পালকস্য স্থাবর-জঙ্গমানামীশ্বরস্য পাদমূলং ভজামীতি তৃতীয়শ্লোকস্থস্যানুষঙ্গঃ। কথম্ভূতমঙ্ঘ্রিমূলং যৎস্থং যত্র-স্থিতং কর্ম্মগুণকালানাং রজোমলং অন্যে চ পূর্ব্বোক্তাস্তাপাদয়ো ন স্পৃশন্তি রজা ইতি বা পাঠঃ যতো বেদা হৃদয়ে যেষাং তে বেদতাৎপর্য্যবিদো মুনয়ঃ যদেব স্তুবন্তি নিতরাং নমন্তি তত্তৎপ্রাপ্তয়ে এব স্তবনাদিকং কুর্ব্বন্তি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য তবাঙ্ঘ্রিমূলং ভজামীতি তৃতীয়শ্লোকস্থস্যানুষঙ্গঃ। যৎস্থং যদঙ্ঘ্রিতলস্থং ভক্তজনং কর্ম্মগুণকালা রজঃ দুরাচারত্বাদিভবং মালিন্যঞ্চ ন স্পৃশন্তীতি। অদ্ভুতং তব ভক্তিবৈভবমিতি কর্ম্মেতি দুষ্কৃতং সুকৃতং প্রাচীনমর্ব্বাচীনং বা কৃতমপি ন স্পৃশতীতি পুষ্করপলাশে জলমিবেতি ভাবঃ। বহুত্বমার্ষং। যদ্ভক্ত্যা অভীক্ষ্ণং স্তুবন্তি মুনয়ো মৌনশীলা বেদহৃদয়া বেদার্থতাৎপর্য্যজ্ঞাঃ তৎপ্রাপ্ত্যর্থং ধ্যায়ন্তি ॥ ৩৬ ॥

হে প্রভো! আপনি বিশ্বের পালক এবং স্থাবর-জঙ্গমাত্মক প্রাণি-সমূহের শুভ কর্ম্মাদির নিয়ন্তা। আপনার চরণ-কমলই আমি চিন্তা করিব। ভবদীয় চরণ-কমলের উপাসককে কখন কর্ম্ম, গুণ এবং কাল স্পর্শ করিতে পারে না। অতএব যাঁহাদের হৃদয়-মধ্যে বেদ স্বরূপত প্রকটিত থাকে, সেই বেদার্থতত্ত্বজ্ঞ মুনিগণ ভবদীয় সেই চরণ-কমলের প্রত্যাশায় কেবল তাহারই স্তব, প্রণাম নিরন্তর তদুদ্দেশে যজ্ঞ এবং তাহারই ধ্যান করিয়া থাকেন। ৩৬ ॥

আভাস।

অন্তরেই সমগ্র গ্রাস করিয়া লন। জীবের অধিকার এবং ভাবানুরূপ অবতার গ্রহণে আপনিই ত্রিলোকের মঙ্গল বিধান, দুঃখনিবারণ এবং মোক্ষফল প্রদান করিয়া থাকেন ॥ ৩৫ ॥

ঐন্দ্রজালিক ব্যাপার দর্শনে সাধারণ দর্শক বিমোহিত এবং স্তম্ভিত হয়, ক্ষতি নাই। বিচক্ষণ ব্যক্তি কিন্তু কেবল সেই মায়াকারকেই প্রশংসা করে। ব্রহ্মণ্যদেব! এই বিরাট ব্রহ্মাণ্ড ব্যাপারের অনির্ব্বচনীয় কার্য্যদর্শনে সর্ব্বান্তর্যামী এক আপনারই চরণ-চিন্তনে আমার চিত্ত নিরন্তর ধাবিত হইতেছে। কারণ সমগ্র বেদ এক আপনারই স্বরূপ সন্ধানে ব্যাপৃত এবং বেদার্থ-তত্ত্বজ্ঞ ঋষিগণ ভবদীয় স্বরূপ সাক্ষাৎকারের প্রত্যাশাতেই সর্ব্বদা সমাহিত।

নান্যৎ তবাঙ্ঘ্র্যুপনয়াদপবর্গমূর্ত্তেঃ ক্ষেমং জনস্য পরিতোভিয় ঈশ বিদ্মঃ।
ব্রহ্মা বিভেত্যলমিতো দ্বিপরার্দ্ধধিষ্ণ্যঃ কালস্য তে কিমুত তৎকৃতভৌতিকানাং ॥৩৭॥

অন্বয়ঃ।

হে ঈশ! পরিতঃ সর্ব্বেষু অপি লোকেষু ভীঃ যস্য তস্য জনস্য অপবর্গমূর্ত্তেঃ মোক্ষরূপস্য তব অঙ্ঘ্র্যুপনয়াৎ চরণপ্রাপ্তেঃ, অন্যৎ ক্ষেমং ন বিদ্মঃ। যতঃ দ্বিপরার্দ্ধ্যং দ্বিপরার্দ্ধ-কালাবস্থায়ি ধিষ্ণ্যং স্থানং যস্য সঃ ব্রহ্মা অপি তে তব কালস্য ভ্রূদৃক্-বিজৃম্ভরূপাৎ কালাৎ, অলং বিভেতি; অতঃ তেন ব্রহ্মণা কৃতানাং ভৌতিকানাং প্রাণিনাং ভয়ং অস্তি ইতি কিমু বক্তব্যং ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

অতোঽন্যঃ পুরুষার্থো নাস্তীত্যাহ নান্যমিতি। অঙ্ঘ্র্যুপনয়াৎ শ্রীমচ্চরণপ্রাপ্তেরন্যং ক্ষেমং ন বিদ্মঃ। পরিতো লোকেষু সর্ব্বেষ্বপি ভী র্যস্য তস্য জনস্য তদেবাহ দ্বিপরার্দ্ধং ধিষ্ণ্যং স্থানং যস্য স ব্রহ্মাপি তে কালস্য ইতো ভ্রূবিজৃম্ভাদিরূপাৎ কালাদলং বিভেতি। অতঃ কিমুত বক্তব্যং তেন ব্রহ্মণা কৃতানাং ভৌতিকানাং প্রাণিনাং ভয়মিতি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অঙ্ঘ্র্যুপনয়াৎ চরণপ্রাপ্তেরন্যৎ ক্ষেমং কুশলং পরিতোহভিয়ঃ সংসারাদ্বিভ্যতো জনস্য ন বিদ্মঃ। যতো ব্রহ্মেত্যাদি তে কালস্য কালস্বরূপাৎ ইতঃ অস্মাৎ। কিমুত বক্তব্যং তৎ-কৃতানাং ব্রহ্মকৃতানাং ভৌতিকানাং প্রাণিনাং ভয়মিতি ॥ ৩৭ ॥

হে ঈশ! লোকাদি ভুবন-সমূহ বিবিধ ভয়েই সর্ব্বদা সর্ব্বত্র সমাকীর্ণ। সুতরাং তত্তৎস্থানীয় জনগণের শান্তি বা সুখ-লাভের জন্য ভবদীয় মোক্ষ-স্বরূপ চরণারবিন্দের প্রাপ্তি ব্যতীত অন্য কোন শুভকর ব্যাপার দেখিতে পাওয়া যায় না। কারণ দ্বিপরার্দ্ধ কাল পর্য্যন্ত যাঁহার অবস্থিতি, সেই কমলাসন ব্রহ্মাও ভবদীয় ভ্রূবিজৃম্ভণরূপ কালের প্রভাবে যখন সতত ভীত, তখন সেই ব্রহ্মার সৃষ্ট জীব-সমূহ যে কালভয়ে ভীত, তাহাতে আর বক্তব্য কি! ॥ ৩৭ ॥

আভাস।

হে দেব! যাদুকরের সহিত বিশেষ পরিচয় থাকিলে, যেমন তাহার যাদুকার্য্যে বিস্মিত হইতে হয় না; সেইরূপ যাঁহারা আপনার পদারবিন্দের পরাগ-মকরন্দে আমোদিত থাকে, কাল কর্ম্ম এবং গুণের প্রভাবে আর তাহাদিগকে অভিভূত হইতে হয় না। পুষ্কর-পত্রস্থ অম্বুকণা যেমন পত্রে সঙ্গত হয় না, সেইরূপ অতীত বা তৎকাল-কৃত কোনরূপ সৎ বা অসৎ কর্ম্ম ভক্তকে কখন স্পর্শ করিতে পারে না। আপনার ভক্তির মাহাত্ম্য অনির্ব্বচনীয় ॥ ৩৬ ॥

ভোগ বা আধিপত্য লাভে নিরন্তর দুঃখ ব্যতীত শান্তির লেশ মাত্র অনুভব করা যায় না। কারণ সকলই ক্ষণভঙ্গুর; অর্থাৎ কালের অধীন! ভবদীয় ভ্রূভঙ্গরূপ কালের প্রবল স্রোতে নিপতিত হইয়া, নিরন্তর শোক এবং অন্তর্দাহই জীব প্রাপ্ত হইয়া থাকে। ব্রহ্মার সৃষ্ট জীবের কথা দূরে থাকুক। দ্বিপরার্দ্ধকাল-স্থায়ী স্বয়ং কমলাসন ব্রহ্মাও কালভয়ে বিব্রত ॥ ৩৭ ॥

তস্মৈ ভজামিতমহং সুরবর্ষ্যমৃতধিয়স্তব পাদমূলং হিত্বেদমাত্মচ্ছদি চাত্মগুরোঃ পরস্য।
দেহাদ্যপার্থমসদন্ত্যমভিজ্ঞমাত্রং বিন্দেত তে তর্হি সর্ব্বমনীষিতার্থং॥ ৩৮॥

অন্বয়ঃ।

তস্মাৎ আত্মচ্ছদি স্বাত্মাবরকং, অপার্থং নিষ্ফলং, চ তুচ্ছং অসৎ দুঃখপ্রদং চ অন্ত্যং নশ্বরং, চ ইদং দেহাদি সর্ব্বং হিত্বা ঋতধিয়ঃ সত্যসংকল্পস্য, আত্মগুরোঃ জীবস্য নিয়ন্তুঃ, পরস্য তে পাদমূলং অহং ভজামি। যদি তু অভিজ্ঞমাত্রং জ্ঞানস্বরূপং কেবলং ত্বাং এব পুরুষঃ ভজতি তর্হি তে ত্বত্তঃ এব মনীষিতং স্বসংকল্পিতং, সর্ব্বং এব ফলং বিন্দেত লভেত। ন তত্রান্য-ভজনাপেক্ষা ভক্তস্য॥ ৩৮॥

শ্রীধরস্বামী।

যস্মাদেবং তস্মাত্তব পাদমূলং ভজামি। কথংভূতস্য ঋতধিয়ঃ সত্যজ্ঞানস্বরূপস্য। যদ্বা। ঋতা সত্যা ধী র্যস্য যস্মিন্ বা তস্য আত্মগুরো জীবস্য নিয়ন্তুঃ। অতঃ কারণাৎ পরস্য। কিং কৃত্বা আত্মচ্ছদি আত্মাবরকং অপার্থঞ্চ নিষ্ফলং অসচ্চ তুচ্ছং অন্ত্যঞ্চ নশ্বরং ইদং দেহাদি হিত্বা দেহাদিভজনং ত্যক্ত্বা অসচ্চেৎ কথং প্রতীয়তে তত্রাহ অভিজ্ঞমাত্রং ন হ্যত্যন্তমসৎ কিন্তু আত্মমাত্রং ন ততঃ পৃথগস্তীত্যর্থঃ। নন্বপবর্গায় ভবতু মদ্ভজনং ফলান্তরার্থং ত্বন্যভজনং কার্য্যমেব তত্রাহ তর্হীতি। যদি ত্বাং ভজতে পুরুষঃ তর্হি তে ত্বত্ত এব সর্ব্বং মনীষিতমর্থং বিন্দেতেতি॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঋতধিয়ঃ সত্যজ্ঞানস্য। আত্মচ্ছদি হিত্বা আত্মাচ্ছাদকং দেহাদি দেহগেহাদি মমত্বং ত্যক্ত্বা অপার্থং নিষ্ফলং অসৎ তুচ্ছং অন্ত্যং নশ্বরং। এবমন্যোঽপি যো ভজতি স তে ত্বামভিজ্ঞমাত্রং ভক্তসেবাভিজ্ঞমেব প্রাপ্নোতি। নন্ তর্হি নিষ্কাম এব মাং ভজতু সকামস্ত্বন্যং তত্রাহ। তর্হীতি। যদি ত্বাং বিন্দেত তর্হি সর্ব্বমনীষিতার্থং বাঞ্ছিতার্থং বিন্দেতৈব॥ ৩৮॥

"হে দেব। আপনিই জীবস্বরূপের প্রকৃত গুরু সত্য-সংকল্প পরাৎপর পরমেশ। আপনার চরণে শরণ লাভ করাই আমার এক মাত্র কর্ত্তব্য। অহো। এই অকিঞ্চিৎকর তুচ্ছ এবং ক্ষণভঙ্গুর দেহগেহাদিই আত্মস্বরূপের আবরণকে উপেক্ষা করত, ভবদীয় বিজ্ঞান-স্বরূপ অনুভূতি-মাত্রেরও উপলব্ধি যাঁহারা করিতে পারেন, তাঁহাদের সকল অভীষ্টই সিদ্ধ হইয়া থাকে।॥ ৩৮॥

আভাস।

অতএব ভোগই আত্মস্বরূপকে আকর্ষণ করত পরমার্থ-দর্শনে বঞ্চিত করে; অথচ প্রকৃত শান্তিও দেয় না। অতএব সর্ব্ববিধ ভোগ এবং ভোগায়তন দেহ গেহাদির প্রতি আসক্তি বিসর্জ্জন করত, পরমগুরু হৃদয়সখা আপনার চরণ-কমলের আশ্রয় গ্রহণ করাই প্রকৃত পুরুষার্থ। আপনার চিদানন্দ ভাবের প্রতি চিত্ত আকৃষ্ট হইলে, সকল সাধই পূর্ণ হইয়া যায়। নিশীথ কালে খদ্যোতের দীপ্তি সুখকর হইলেও, দিবাভাগে সূর্য্যালোকে যেমন তাহার কোন

সত্ত্বং রজস্তম ইতীশ তবাত্মবন্ধো মায়াময়াঃ স্থিতিলয়োদয়হেতবোঽস্য।
লীলাধৃতা যদপি সত্ত্বময়ী প্রশান্ত্যৈ নান্যে নৃণাং ব্যসনমোহভিয়শ্চ যাভ্যাং ॥৩৯॥

অন্বয়ঃ।

হে ঈশ! হে আত্মবন্ধো! জীবহিতচিন্তক! যদাপি অস্য বিশ্বস্য স্থিতিলয়োদয়হেতবঃ মায়াময়াঃ প্রকৃতি-বিভাগকৃতাঃ সত্ত্বাদয়ঃ গুণাঃ সৃষ্ট্যাদি-লীলার্থং ত্বয়া ধৃতাঃ অঙ্গীকৃতাঃ, অতঃ তব এব ব্রহ্মাদি মূর্ত্তিত্রয়ং, তথাপি নৃণাং উপাসকানাং শান্ত্যৈ মোক্ষায় যথা সত্ত্বময়ী মূর্ত্তিঃ এব ভবতি অন্যে ব্রহ্মরুদ্রমূর্ত্তী তথা ন ভবতঃ; প্রত্যুত যাভ্যাং ব্যসনং দুঃখং, মোহঃ ভীঃ চ ভবতি। ৩৯ ॥

শ্রীধরস্বামী।

নন্থ ব্রহ্মরুদ্রাদাবপি মমৈব মূর্ত্তী অতো মামেব কিমন্ত্যন্তমাদ্রিয়সে তত্রাহ সত্ত্বমিতি। যদপি যদ্যপি তবৈব মায়াকৃতা এতা লীলাস্বয়ৈব ধৃতাঃ তথাপি যা সত্ত্বময়ী সৈব প্রশান্ত্যৈ মোক্ষায় ন কেবলং প্রশান্ত্যভাবমাত্রমন্যভজনে কিন্তনিষ্টঞ্চ কিঞ্চিদন্যথাত্বে ভবেদিত্যাহ ব্যসনেতি।৩৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ সকামত্বে সতি দেবান্তরমপি ভজতু তত্তদ্ভজনমপি মদ্ভজনমেব যতো দেবা মন্মূর্ত্তয় এব তে ইতি তত্রাহ সত্ত্বমিতি। আত্মবন্ধো হে প্রাণনাথ অস্য ইন্দ্রচন্দ্রাদি দেব-মনুষ্যাদিময়স্য জগতঃ স্থিত্যাদি হেতবঃ সত্ত্বাদয়ো গুণাস্তেঽপি মায়াময়া এব কিং পুনস্তৎ-কার্য্যা ইন্দ্রাদ্যা নশ্বরাস্তেষাং ভজনে মায়াতীতং স্যাং কথং বিন্দেতেতিভাবঃ। যদ্যপ্যাসু লীলাসু মধ্যে সত্ত্বময়ী লীলাপ্রশান্ত্যৈ ধৃতা ন ত্বন্যে রজস্তমোময্যৌ যাভ্যাং ব্যসনমোহভিয়ো ভবন্তি। তদপ্যেতা স্তিস্রোঽপি লীলা মায়াময়া মায়ময্য এবেত্যন্বয়ঃ। ৩৯ ॥

হে প্রাণনাথ! ইন্দ্র চন্দ্রাদি লোকপাল এবং দিক্পালাদি-বিশিষ্ট এই স্থাবর-জঙ্গমাত্মক অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি এবং সংহাররূপ ব্যাপারের উপলক্ষে একা আপনিই সত্ত্ব রজঃ এবং তমোগুণ-ভেদে ব্রহ্মা, বিষ্ণু এবং রুদ্রাদি মায়াময় বিচিত্র বিগ্রহে ও লীলার পরিচয়ে বিরাজ করিতেছেন! তথাপি আপনার এই সত্ত্বময়ী মূর্ত্তিই মানবের শান্তির হেতু; রজস্তমোময়ী ব্রহ্ম-রুদ্র মূর্ত্তিতে শান্তিলাভের পরিবর্ত্তে উৎকণ্ঠা, শোক এবং মোহাদিরই বরং উদ্রেক হইয়া থাকে; সন্দেহ নাই ॥ ৩৯ ॥

সেই নিমিত্ত, হে ভগবন্! বিচক্ষণ পণ্ডিত ব্যক্তিগণ বিশেষ বিচার পূর্ব্বক ভবদীয় ভক্তগণের প্রিয়তম আপনার বিশুদ্ধ সত্ত্বময়ী মূর্ত্তিরই উপাসনা করিয়া থাকেন। অহো! বিশুদ্ধ সত্ত্বই পরম পুরুষ পরমেশের রূপ বলিয়া ভক্তগণ

আভাস।

অনুসন্ধান থাকে না, হে মহাপ্রভো! চৈতন্য-ঘন ভবদীয় স্বরূপ-সাক্ষাৎকার লাভ হইলে, জাগতিক ভোগের প্রবৃত্তি আপনা হইতেই তুচ্ছ হইয়া যায়। ৩৮।

তস্মাত্তবেহ ভগবন্নথ তাবকানাং শুক্লাং তনুং স্বদয়িতাং কুশলা ভজন্তি।
যৎ সাত্বতাঃ পুরুষরূপমুশন্তি সত্ত্বং লোকো যতোঽভয়মুতাত্মসুখং ন চান্যৎ॥ ৪০
তস্মৈ নমো ভগবতে পুরুষায় ভূম্নে বিশ্বায় বিশ্বগুরবে পরদেবতায়ৈ।

অন্বয়ঃ।

তস্মাৎ হে ভগবন্! অথ বিবেকানন্তরং তাবকানাং স্বভক্তানাং স্বদয়িতাং স্বপ্রিয়াং, শুক্লাং শুদ্ধসত্ত্বময়ীং তব তনুং ইহলোকে কুশলাঃ বিচক্ষণাঃ ভজন্তি। যৎ সত্ত্বং তদেব পুরুষস্য ভগবতঃ রূপং ইতি সাত্বতাঃ ভক্তাঃ উশন্তি মন্যন্তে। যতঃ চ সত্ত্বাৎ উপাসকানাং বৈকুণ্ঠ-লোকঃ ভবতি অভয়ং সর্ব্বভয়নিবৃত্তিঃ চ আত্মসুখং চ ভবতি, অন্যৎ রজস্তমশ্চ এবম্ভূতং ন ভবতি॥ ৪০॥

অতঃ পুরুষায় সর্ব্বান্তর্যামিণে সর্ব্বসাক্ষিণে ভূম্নে ব্যাপকায়, বিশ্বায় সর্ব্বাত্মনে বিশ্বস্য গুরবে হিতোপদেষ্ট্রে নিগমেশ্বরায় বেদ-প্রবর্ত্তকায়, হংসায় শুদ্ধায়, সংযতগিরে নিয়তবাচে তস্মৈ

শ্রীধরস্বামী।

তদেব সদাচারেণ দ্রঢ়য়তি তস্মাদিতি হে ভগবন্ তব শুক্লাং তনুং শ্রীনারায়ণাখ্যাং অথ তাবকানাঞ্চ শুক্লাং তনুং শ্রীনরাখ্যাং যদ্যস্মাৎ সাত্বতাঃ সত্ত্বমেব পুরুষস্যেশ্বরস্য রূপমুশন্তি মন্যন্তে ন চান্যৎ রজস্তমশ্চ তত্র হেতুঃ যতঃ সত্ত্বাৎ লোকো বৈকুণ্ঠাখ্যঃ লোকত্বে সত্যপ্য-ভয়ঞ্চ ভোগে সত্যপ্যাত্মসুখঞ্চ॥ ৪০॥

অতস্তং প্রণমতি তস্মৈ নম ইতি। হংসায় শুক্লায় সংযতগিরে নিয়তবাচে অথচ নিগমেশ্বরায়

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতস্তব মায়াময়ীমিন্দ্রাদিমূর্ত্তিমগুণ্ডাং বিহায় শুদ্ধসত্ত্বস্বরূপা এব তব ভক্তানাঞ্চ মূর্ত্তী-র্বিজ্ঞা উপাসতে ইত্যাহ তস্মাদিতি। যৎ যতঃ সাত্বতা নারদাদ্যাঃ পুরুষরূপং বিষ্ণুস্বরূপং সত্ত্বং উশন্তি নমু কীদৃশং সত্ত্বং তত্রাহ যতো লোকঃ কিং স্বর্গাদিকঃ ন যত্র অভয়ং পাতহেতুক-ভয়াভাবঃ আত্মসুখং আত্মভূতং সুখঞ্চ নতু কর্ম্মফলং সলোকো বৈকুণ্ঠো যতস্তৎ শুদ্ধসত্ত্বং নচা-ন্যৎ প্রাকৃতং সত্ত্বং॥ ৪০॥

পুরুষায় পুরুষাকারত্বেঽপি ভূম্নে সর্ব্বব্যাপকায় তদপি বিশ্বায় দেবমনুষ্যতির্য্যগাদি সর্ব্ব-রূপায়। আবির্ভাব-প্রয়োজনমাহ বিশ্বগুরবে ভক্তিজ্ঞানবৈরাগ্যাণামুপদেষ্ট্রে। ন কেবল-মুপদেষ্টৈব স্বমপি তু ভজনীয়শ্চেত্যাহ। পরদেবতায়ৈ অভীষ্টদেবায় তাভ্যামেকাবতারত্বমাহ। ঋষয়ে ঋষিরূপ-নারায়ণায় ঋষিরূপ-নরোত্তমায় চ। ত্যক্তপরিগ্রহত্বমাহ হংসায়। মৌন-

---

অবধারণ করিয়া থাকেন। কারণ এক সত্ত্বগুণেরই প্রভাবে উপাসকগণের বৈকুণ্ঠলোকে গমন, সর্ব্বভয়-নিবারণ এবং আত্মানন্দ-লাভ ঘটিয়া থাকে; এবং রজঃ ও তমোগুণ-জনিত কোনরূপ দুঃখ বা মোহের কারণ ঘটে না॥ ৪০॥

অতএব সর্ব্বান্তর্যামী সর্ব্বব্যাপক সর্ব্বাত্মা সর্ব্বোপকারী বেদ-প্রবর্ত্তক বিশুদ্ধ নিয়তবাক্ নরোত্তম নরনারায়ণ ঋষিমূর্ত্তি পরম-পুরুষ ভগবানকে আমি

নারায়ণায় ঋষয়ে চ নরোত্তমায় হংসায় সংযতগিরে নিগমেশ্বরায় ॥ ৪১ ॥
যং বৈ ন বেদ বিতথাক্ষপথৈর্ভ্রমদ্ধীঃ সন্তং স্বখেষ্বসুষু হৃদ্যপি দৃক্‌পথেষু।
তন্মায়য়াবৃতমতিঃ স উএব সাক্ষাদাদ্যস্ত তেঽখিলগুরোরুপসাদ্য বেদং ॥ ৪২ ॥
যদ্দর্শনং নিগম আত্মরহঃপ্রকাশং মুহ্যন্তি যত্র কবয়োঽজপরা যতন্তঃ।

অন্বয়ঃ।

নরোত্তমায় হংসায় ভগবতে নমঃ। ॥ ৪১ ॥

বিতথৈঃ নিষ্ফলৈঃ, অক্ষপথৈঃ ইন্দ্রিয়মার্গৈঃ, ভ্রমদ্ধীঃ বিক্ষিপ্তবুদ্ধিঃ, তন্মায়য়াবৃতমতিঃ পুমান্ স্বখেষু স্বেন্দ্রিয়েষু, হৃদি অপি দৃক্‌পথেষু বিষয়েষু, চ নিয়ন্তৃতয়া সন্তং অপি যং ত্বাং নৈব বেদ। যঃ তু আদ্যঃ মুখ্যঃ, তব ভক্তঃ সঃ এব অখিলগুরোঃ তব স্বরূপং হি বেদং উপসাদ্য সাক্ষাৎ বেদ জানাতি। ৪২।

যস্য তব দর্শনং নিগমে বেদে, ভবতি আত্মনঃ তব রহঃ রহস্যপ্রকাশরূপং অজঃ ব্রহ্মা,

শ্রীধরস্বামী।

বেদমার্গ-প্রবর্ত্তকায়। ৪১।

বেদার্থসম্প্রদায়-প্রবৃত্তিহেতুত্বং বদন্ স্তৌতি যমিতি কপটৈরিন্দ্রিয়মার্গৈর্ভ্রমদ্ধীঃ বিক্ষিপ্তবুদ্ধিঃ পুমান্ স্বেন্দ্রিয়াদিষু নিয়ন্তৃত্বেন সন্তমপি যং ত্বাং ন বেদ দৃক্‌পথেষু বিষয়েষু চ বুদ্ধিবিক্ষেপে হেতুঃ তন্মায়য়া তবৈব তব মায়য়া আবৃতা আত্মনিষ্ঠা মতির্যস্য সঃ উ সোঽপি আদ্য এক পূর্ব্বমজাতৈব অখিলগুরোস্তব ত্বৎপ্রবর্ত্তিতং বেদমুপসাদ্য প্রাপ্য তং ত্বাং সাক্ষাদ্বেদ। ৪২।

বেদেনৈব তত্ত্বজ্ঞানমিত্যুপপাদয়ন্ প্রণমতি যস্য তব দর্শনং নিগমে ভবতি কথম্ভূতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শান্তিমাহ। সংযতগিরে। তদপি নিগমেশ্বরায় বেদপ্রবর্ত্তকায়। ৪১।

সর্ব্বদুর্জ্ঞেয়ত্বমাহ যং বৈ ইতি বিতথাক্ষিপথৈঃ কপটৈরিন্দ্রিয়মার্গৈর্ভ্রমদ্ধী বিক্ষিপ্তবুদ্ধিঃ। পুমান্ স্বখেষু স্বেন্দ্রিয়েষু অসুষু প্রাণেষু হৃদ্যপি নিয়ন্তৃত্বেন সন্তমপি যং ত্বাং ন বেদ। সম্প্রত্য-বতারসময়ে দৃক্‌পথেষু সন্তমপি ত্বাং তন্মায়য়া তয়া প্রসিদ্ধয়া মায়য়া আবৃতমতির্ন বেদ। অন্যোবাং কা বার্ত্তা স উ প্রসিদ্ধঃ আদ্যো ব্রহ্মাপি তেঽখিলগুরোঃ সাক্ষাদ্বেদং উপসাদ্য প্রাপ্যাপি যং ত্বাং নৈব বেদ। ৪২।

বেদশাস্ত্রজ্ঞেয়ত্বেঽপি দুর্জ্ঞেয়ত্বমাহ যস্য তব দর্শনং জ্ঞানং নিগমে বেদশাস্ত্র এব কীদৃশং

প্রণাম করি। ॥ ৪১ ॥

অহো! নিষ্ফল ইন্দ্রিয়-গ্রামের পথে ভ্রান্ত পথিক কেবল আপনার মায়ার প্রভাবেই বিমোহিত হইয়া, স্ব স্ব ইন্দ্রিয়ের অন্তরে, হৃদয়-কমলের অন্তর্গুহায় এবং বিষয়-সমূহের নিয়ন্তৃরূপে নিরন্তর বিদ্যমান আপনাকে তাহারা অব-ধারণ করিতে পারে না; কিন্তু যিনি আপনার প্রধান ভক্ত, তিনিই কেবল বেদ-প্রতিপাদ্য ভবদীয় স্বরূপকে প্রত্যক্ষে অবলোকন করেন ॥ ৪২ ॥

তং সর্ব্ববাদবিষয়-প্রতিরূপশীলং বন্দে মহাপুরুষমাত্মনি গূঢ়বোধং ॥ ৪৩ ॥
॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
দ্বাদশস্কন্ধে শ্রীনারায়ণস্তবোঽষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

অন্বয়ঃ।

পরঃ মুখ্যঃ যেষাং তে কবয়ঃ অপি যত্নতঃ যোগাদিভিঃ প্রযতমানাঃ অপি যত্র স্বজ্ঞানে মুহ্যন্তি তং সর্ব্ববাদ-বিষয়-প্রতিরূপশীলং (সর্ব্বেষাং সাংখ্য-যোগাদি-বাদানাং যে বিষয়াঃ মতভেদাঃ তেষাং প্রতিরূপং তত্তৎ অনুসারি শীলং স্বভাবঃ যস্য তং) আত্মনা দেহাদিসংযুক্তেন, নিগূঢ়ঃ বোধঃ প্রকাশঃ যস্য তং মহাপুরুষং অহং বন্দে ॥ ৪৩ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে অষ্টমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

আত্মনস্তব রহস্যস্য প্রকাশকং অন্যথা দুর্জ্ঞেয়তামাহ অজপরা ব্রহ্মমুখ্যাঃ কবয়োঽপি সাংখ্য-যোগাদিভির্যতমানা যত্র ত্বয়ি মুহ্যন্তি কুত ইত্যত আহ সর্ব্বেষাং সাংখ্যাদিবাদানাং বিষয়া ভেদাভেদাদয়ঃ তেষাং প্রতিরূপং তত্তদনুসারি শীলং স্বভাবো যস্য তং কুতঃ আত্মনা দেহাদিসঙ্ঘাতেন নিগূঢ়ো বোধো যস্য তমেবম্ভূতং মহাপুরুষং ত্বাং বন্দে ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি দ্বাদশেঽষ্টমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনস্তব রহস্যস্য প্রকাশকং। ননু তর্হি বেদদর্শিন এব মাং জানন্ত তত্র নেত্যাহ। মুহ্যন্তীতি যত্র বেদে অজপরাঃ অজো ব্রহ্মা পরঃ শ্রেষ্ঠো যেষাং তে মুনয়োঽপি যজন্তোঽপি ভবত্তত্ত্বাজ্ঞানান্মুহ্যন্তি। নিগমস্য পরোক্ষবাদিত্বাত্তন্মাত্র-জ্ঞেয়ত্বমিতি ভাবঃ। অতএব হেতুগর্ভং বিশিনষ্টি। সর্ব্বে বাদা বিবর্ত্তাদয়ো নিগমোক্তা স্তেষাং বিষয়াশ্চ যে তেষাং প্রতিরূপমেব, ন স্বমুরূপং শীলং চরিত্রং যস্য তং। অতএবাত্মন্যেব গূঢ়ো গুপ্তীকৃতো বোধঃ স্বতত্ত্বং যেন তং ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বাদশেঽত্রাষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে দেব! এক বেদের অন্তরেই আপনাকে পরিলক্ষিত করা যায়। ব্রহ্মাদি ক্রান্তদর্শী শ্রেষ্ঠ ব্যক্তিগণ যম-নিয়মাদি যোগানুষ্ঠানের দ্বারা যথেষ্ট যত্ন করিয়াও আপনার গূঢ় তাৎপর্য্যে প্রবেশ করিতে পারেন না। অথচ সাংখ্য ও যোগাদি বিভিন্ন বাদগণ যে যে ভিন্ন ভিন্ন মতের অনুশীলনে আপনার বিষয় বর্ণন করেন, আপনি সেই সকল রূপেই বিরাজ করিয়া থাকেন;

আভাস।

সত্ত্ব রজঃ এবং তমোগুণের আশ্রয়ে একা আপনিই বিষ্ণু, ব্রহ্মা ও রুদ্র মূর্ত্তিতে বিরাজ করিলেও, আপনার সত্ত্বময়ী মূর্ত্তিই সকলের আদরণীয় এবং অভয়প্রদ; অপর দুই মূর্ত্তিতে

সূত উবাচ ॥

সংস্তুতো ভগবানিত্থং মার্কণ্ডেয়েন ধীমতা।

নারায়ণো নরসখঃ প্রীত আহ ভৃগূদ্বহং ॥ ১ ॥

শ্রীভগবানুবাচ ॥

ভো ভো ব্রহ্মর্ষিবর্য্যাসি সিদ্ধ আত্মসমাধিনা।

অন্বয়ঃ।

সূতঃ উবাচ। ধীমতা মার্কণ্ডেয়েন ইত্থং সংস্তুতঃ নরসখঃ ভগবান্ নারায়ণঃ প্রীতঃ সন্ ভৃগূদ্বহং মার্কণ্ডেয়ং, প্রাহ ॥ ১ ॥

শ্রীভগবান্ উবাচ। ভোঃ ভোঃ ব্রহ্মর্ষিবর্য্য! তপঃ-স্বাধ্যায়-সংযমৈঃ আত্মসমাধিনা

শ্রীধরস্বামী।

নবমে ভগবন্মায়া-দিদৃক্ষোর্দ্দর্শনং মুহুঃ।

মায়াশিশো র্লয়াব্ধৌ চ মুনে র্নির্ব্বেশনির্গমৌ ॥ * ॥

ভগবতঃ পরিতোষপূর্ব্বকং তদপেক্ষিতবরদানং কথয়িতুমাহ সংস্তুত ইত্যাদিনা ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মায়াদর্শনজং দুঃখং নবমে তু মুনেঃ শিশৌ।

প্রবেশো নিষ্ক্রমঃ পাতো লয়াব্ধৌ বর্ণ্যতে মুহুঃ ॥ * ॥

অথচ দেহাদির অভ্যন্তরে অতীব গূঢ়ভাবে কেবল অনুভবানন্দ-স্বরূপে বিরাজ করেন। আপনাকে প্রণাম করি ॥ ৪৩ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

সূত বলিলেন, নরসখ ভগবান্ নারায়ণ ধীমান্ মার্কণ্ডেয় কর্ত্তৃক এই প্রকারে সম্যক্ পরিস্তুত হইয়া, প্রীত-প্রসন্ন-চিত্তে সেই ভৃগুবংশাবতংস মহর্ষি মার্কণ্ডেয়কে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ১ ॥

আভাস।

উৎকণ্ঠা এবং ভয়েরই সম্বন্ধ ঘটিয়া থাকে। সুতরাং ভক্তের আরাধ্য বিশুদ্ধ সত্ত্বময়ী ভবদীয় মূর্ত্তিরই শরণাগত হইলাম! হে প্রভো! সমগ্র বেদ যাঁহাকে একবাক্যে প্রতিপাদন করেন; অথচ প্রাণ, মন, ইন্দ্রিয়, যাঁহাকে অবলোকনে সমর্থ হয় না; যাঁহার সাক্ষাৎকার অতি রহস্য বলিয়া কীর্ত্তিত; অথচ সাংখ্য এবং মীমাংসকাদি ভিন্ন ভিন্ন বাদিগণ বিচিত্র মতের পরিচয়ে যে এক আপনাকেই লক্ষ্য করিতেছেন; গভীর জ্ঞান-গর্ভ তাদৃশ আপনাকে কি প্রকারে আমি স্তব করিব! ॥ ৪৩ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অষ্টম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

নবমাধ্যায়ে ভগবন্মায়া-দর্শনেচ্ছু মার্কণ্ডেয় মুনির প্রলয়সমুদ্রে মায়া ও শিশুদর্শন এবং মুনির শিশুর অন্তরে প্রবেশ ও তাঁহার নির্গম বর্ণিত হইয়াছে ॥

ময়ি ভক্ত্যানপায়িন্যা তপঃস্বাধ্যায়-সংযমৈঃ ॥ ২ ॥
বয়ং তে পরিতুষ্টাঃ স্ম ত্বদ্বৃহদ্ব্রত-চর্য্যয়া।
বরং প্রতীচ্ছ ভদ্রং তে বরদোঽস্মি তদীপ্সিতং ॥ ৩ ॥
ঋষিরুবাচ ॥
জিতং তে দেবদেবেশ প্রপন্নার্ত্তিহরাচ্যুত।
বরেণৈতাবতালং নো যদ্ভবান্ সমদৃশ্যত ॥ ৪ ॥

অন্বয়ঃ।

চিত্তৈকাগ্র্যেণ, তথা ময়ি অনপায়িন্যা ভক্ত্যা চ ত্বং সিদ্ধঃ কৃতার্থঃ অসি। ॥ ২ ॥

তব বৃহদ্ব্রতচর্য্যয়া বয়ং তে পরিতুষ্টাঃ স্ম; তে তব ভদ্রং ভবতু। অহং বরদঃ অস্মি। ত্বং তস্মাৎ ঈপ্সিতং অভিপ্রেতং বরং প্রতীচ্ছ গৃহাণ। ॥ ৩ ॥

ঋষিঃ মার্কণ্ডেয়ঃ উবাচ। হে প্রপন্নার্ত্তিহর দেবদেবেশ। অচ্যুত! বরেণ ছন্দয়তা তে ত্বয়া জিতং এব, যৎ ভবান্ নঃ অস্মভ্যং, সম্যক্ অদৃশ্যত এতাবতা এব বরেণ অলং ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

আত্মসমাধিনা চিত্তৈকাগ্র্যেণ ॥ ২ ॥

বয়ং তে পরিতুষ্টাঃ স্মেতি বহুবচনং সর্ব্বদেবাত্মাভিপ্রায়েণ বরদোঽস্মীতি একবচনং স্বয়ো-রৈক্যাভিপ্রায়েণ প্রতীচ্ছ গৃহাণ ॥ ৩ ॥

বরেণ ছন্দয়তা তে ত্বয়া জিতং উৎকর্ষো দর্শিতঃ মম তু বরাকাঙ্ক্ষা নাস্তীত্যাহ বরেণেতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়মিতি বহুবচনমগ্রে প্রস্তোষ্যমাণ শিবোমাদ্যভিপ্রায়েণ ॥ ১—৩ ॥

জিতং তে তব সর্ব্বোৎকর্ষোঽস্ত্বেব ॥ ৪ ॥

ভগবান্ বলিলেন, হে ব্রহ্মর্ষিশ্রেষ্ঠ! তপস্যা, স্বাধ্যায়, সংযম, একাগ্রতা এবং আমাতে অনপায়িনী ভক্তির প্রভাবে তুমি সিদ্ধ এবং কৃতার্থ হইয়াছ ॥ ২ ॥

তোমার ব্রহ্মচর্য্যের অনুষ্ঠানে আমরা যথেষ্ট পরিতুষ্ট হইয়াছি। তোমার মঙ্গল হউক। আমি বরদানার্থ উপস্থিত হইয়াছি। তুমি আমার নিকট হইতে যথাভিপ্রেত বর প্রার্থনা কর। ॥ ৩ ॥

এতৎশ্রবণে মহর্ষি মার্কণ্ডেয় বলিলেন, হে শরণাগতজন-দুঃখহারিন্ সর্ব্বা-ধিপ দেবদেব অচ্যুত! আপনি আমাকে বর গ্রহণার্থ অনুমতি করিতেছেন বটে, কিন্তু আমি তাহার কোন উত্তরই দিতে পারিতেছি না। আমি যে কি বর লইব, তাহা নিরূপণ করিতেও অসমর্থ হইলাম। কারণ আপনি যখন আমার সাক্ষাতে উপনীত হইয়া দর্শন দিয়াছেন, তখনই আমার সকল বর প্রাপ্ত হওয়া হইয়াছে; আর কোন বরেরই প্রয়োজন দেখি না। ॥ ৪ ॥

গৃহীত্বাঽজাদয়ো যস্য শ্রীমৎপাদাব্জদর্শনং।
মনসা যোগপক্বেন স ভবান্মেঽক্ষিগোচরঃ ॥ ৫ ॥
অথাপ্যম্বুজপত্রাক্ষ পুণ্যশ্লোকশিখামণে।
দ্রক্ষ্যে মায়াং যয়া লোকঃ সপালো বেদ সদ্ভিদাং ॥ ৬ ॥
সূত উবাচ ॥
ইতীড়িতোঽর্চ্চিতঃ কামমৃষিণা ভগবান্ মুনে।

অন্বয়ঃ।

যস্য তব শ্রীমৎপাদাব্জ-দর্শনং যোগপক্বেন শুদ্ধেন মনসা গৃহীত্বা অজাদয়ঃ কৃতার্থাঃ জাতাঃ, সঃ ভবান্ মে অক্ষিগোচরঃ জাতঃ। অতঃপরং বরেণ কিং? ॥ ৫ ॥

হে পুণ্যশ্লোকশিখামণে অম্বুজপত্রাক্ষ! যয়া মায়য়া সপালঃ ব্রহ্মাদিলোকপালৈঃ সহিতঃ লোকঃ সর্ব্বজনঃ সদ্ভিদাং সচ্ছব্দবাচ্যে ত্বয়ি ভিদাং, দেবতির্য্যক্‌-মনুষ্যাদিভেদং, বেদ পশ্যতি, তাং তব মায়াং অথাপি দ্রক্ষ্যে দ্রষ্টুমিচ্ছামি। ॥ ৬ ॥

সূতঃ উবাচ। হে মুনে! ঋষিণা মার্কণ্ডেয়েন ইতি এবং ঈড়িতঃ স্তুতঃ, অর্চ্চিতঃ পূজিতঃ,

শ্রীধরস্বামী।

যস্য তব শ্রীমৎপাদাব্জদর্শনং মনসাপি গৃহীত্বা প্রাপ্য প্রাকৃতা অপ্যজাদয়ো ভবন্তি স ভবান্মে অক্ষিগোচরো জাতোঽসি কিমতঃ পরং বরেণেত্যর্থঃ ॥ ৫ ॥

দ্রক্ষ্যে দ্রষ্টুমিচ্ছামি লোকপালৈর্ব্রহ্মাদিভিঃ সাহতোঽয়ং লোকো জনঃ সদ্ভিদাং সতি বস্তুনি ভেদং। ৬।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহীত্বা কৃতার্থা ভবন্তীতি শেষঃ ॥ ৫ ॥

দ্রক্ষ্যে দিদৃক্ষে। সতঃ কারণস্য ভিদাং কার্য্যাকারেণ নানাভেদং। যদ্বা। সতো দ্বৈত-প্রপঞ্চস্য ভিদাং প্রলয়ে সতি বিদারণং ॥ ৬ ॥

স্বয়ন্ত্বিতি। মায়াদর্শনং দুঃখানুভব-হেতুরেব কেবলং। স এব বরো ব্রিয়তে চেদস্ত এব

অহো! যোগ-পরিশোধিত বিমল চিত্তে ব্রহ্মাদি লোকপালগণ আপনার যে চরণারবিন্দের সাক্ষাৎ সন্দর্শন লাভে কৃতার্থ হইয়াছেন, সেই সর্ব্বানন্দপ্রদ ভগবান্ আপনি যখন আমার নয়নগোচর হইয়াছেন, তখন আমার আর অন্য বরের প্রয়োজন কি? ॥ ৫ ॥

হে পুণ্যশ্লোক-শিরোমণে পদ্মপলাশলোচন! আপনার নিকট আমার একটী মাত্র প্রার্থনা আছে। যে ভবদীয় মায়ার প্রভাবে ব্রহ্মাদি লোকপালগণ সহ সমগ্র লোকনিচয় সৎশব্দ-বাচ্য ভবদীয় স্বরূপে রচিত এই বিচিত্র দেব, মনুষ্য ও তির্য্যগাদি বিভিন্ন ভাব সৎস্বরূপে পরিদর্শন করেন, সেই মায়ার স্বরূপকে অবলোকন করিবার প্রার্থনা আমি করি। ॥ ৬ ॥

তথেতি স স্ময়ন্ প্রাগাদ্বদর্য্যাশ্রমমীশ্বরঃ ॥ ৭ ॥
তমেব চিন্তয়ন্নর্থমৃষিঃ স্বাশ্রম এব সঃ।
বসন্নগ্ন্যর্কসোমাম্বু ভূবায়ুবিয়দাত্মসু ॥ ৮ ॥
ধ্যায়ন্ সর্ব্বত্র চ হরিং ভাবদ্রব্যৈরপূজয়ৎ।
ক্বচিৎ পূজাং বিসস্মার প্রেম-প্রসর-সংপ্লুতঃ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

ভগবান্ ঈশ্বরঃ স্ময়ন্ তথা অস্তু ইতি উক্ত্বা বদর্য্যাশ্রমং কামং প্রাগাৎ ॥ ৭ ॥

তং এব মায়াদর্শনরূপং অর্থং কদা দ্রক্ষ্যামি ইতি চিন্তয়ন্ অগ্ন্যর্ক-সোমাম্বু-ভূবায়ু-বিয়দাত্মসু সর্ব্বত্র হরিং ধ্যায়ন্ ভাবদ্রব্যৈঃ মনোময়ৈঃ, পূজাসাধনৈঃ স্বাশ্রমে এব বসন্ তং হরিং সঃ ঋষিঃ অপূজয়ৎ। ক্বচিৎ কদাচিৎ প্রেম-প্রসরেণ সংপ্লুতঃ ব্যাপ্তঃ সন্ তাং পূজাং অপি বিসস্মার বিস্মৃতবান্ ইতি দ্বয়োরন্বয়ঃ ॥ ৮ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

তথেতি দ্রক্ষ্যসীতি স ঈশ্বরঃ স্ময়ন্। সস্ময়মিতি পাঠে ক্রিয়াবিশেষণং ॥ ৭ ॥

তমেবার্থং মায়াদর্শনরূপং অগ্ন্যাদি-মূর্ত্তিষু ॥ ৮ ॥

ভাবদ্রব্যৈর্মনোময়দ্রব্যৈঃ ক্বচিৎ কদাচিৎ প্রেমপ্রসরসংপ্লুতঃ প্রেমোদ্রেকং প্রাপ্তঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বরস্যাবশ্যদেয়ত্বাৎ। কিন্তু মায়াদর্শনকৌতুকং মায়ানাস্বাদিতামত্যনাথাস্য তদনুবভূষা নৈব নিবর্ত্তিষ্যতে তস্মাদ্দুঃখমনুভূয়ৈব ততো নিবর্ত্ততাং। যথা স্বদুঃখহেতাবপি কর্ম্মণি ক্বচিৎ প্রবর্ত্তমানে হঠিনি স্বসুতে নিবর্ত্তয়িতুমসমর্থস্য পিতুরপ্যনুজ্ঞাপদানমেবেতি। কিন্তু ভক্তস্যাস্য নির্ব্ত্যর্থং শিশুরূপেণ তন্মধ্যেঽপি স্বদর্শনানন্দো দাস্যত এবেত্যভিপ্রায়ব্যঞ্জকং স্মিতং ॥ ৭ ॥

তমেবার্থং মায়াদর্শনরূপং ॥ ৮ ॥ ভাবদ্রব্যৈ র্মনোময়ৈঃ ॥ ৯ ॥

সূত বলিলেন, হে মুনে! মার্কণ্ডেয় ঋষি কর্ত্তৃক এই প্রকারে আর্চ্চিত এবং প্রার্থিত হইয়া, ভগবান্ নারায়ণ ঈষৎ হাস্য করত তথাস্তু বলিয়া বদর্য্যাশ্রমের অভিমুখে প্রস্থান করিলেন ॥ ৭ ॥

এদিকে মহামুনি মার্কণ্ডেয় কোন্ উপায়ে সেই বৈষ্ণবী মায়াকে সম্যক্রূপে অবগত হইবেন চিন্তা করত, অগ্নি, সূর্য্য, চন্দ্র, বায়ু, জল, আকাশ, ভূমি এবং আত্মস্বরূপ সর্ব্বত্র ভগবান্ শ্রীহরির ভাব চিন্তা করত, ভাবশুদ্ধির মনোময় উপকরণে স্বীয় আশ্রমে অবস্থান পূর্ব্বক মনে মনে তাঁহাকে অর্চ্চনা করিতে লাগিলেন। কখনও বা প্রেমের আতিশয্যে বিহ্বল হইয়া, মানস-পূজাও পরিত্যাগ করত, তদগতচিত্তে অবস্থান করিতেন ॥ ৮ ॥ ৯ ॥

তস্যৈকদা ভৃগুশ্রেষ্ঠ পুষ্পভদ্রাতটে মুনেঃ।
উপাসীনস্য সন্ধ্যায়াং ব্রহ্মন্ বায়ুরভূন্মহান্॥ ১০॥
তং চণ্ডশব্দং সমুদীরয়ন্তং বলাহকা অন্বভবন্ করালাঃ।
অক্ষ-স্থবিষ্ঠা মুমুচুস্তড়িদ্ভিঃ স্বনন্ত উচ্চৈরভিবর্ষধারাঃ॥ ১১॥
ততো ব্যদৃশ্যন্ত চতুঃসমুদ্রাঃ সমন্ততঃ ক্ষ্মাতলমাগ্রসন্তঃ।
সমীরবেগোর্ম্মিভিরুগ্র-নক্র-মহাভয়াবর্ত্ত-গভীর-ঘোষাঃ॥ ১২॥

অন্বয়ঃ

হে ব্রহ্মন্! ভৃগুশ্রেষ্ঠ! একদা সন্ধ্যায়াং পুষ্পভদ্রাতটে উপাসীনস্য তস্য মুনেঃ মহান্ বায়ুঃ অভূৎ॥ ১০॥

চণ্ডশব্দং সমুদীরয়ন্তং কুর্ব্বন্তং, বায়ুং অনু করালাঃ ভয়ঙ্করাঃ, বলাহকাঃ মেঘাঃ, অন্বভবন্ আবির্বভূবুঃ; তে চ তড়িদ্ভিঃ সহিতাঃ উচ্চৈঃ স্বনন্তঃ গর্জ্জন্তঃ অক্ষ-স্থবিষ্ঠাঃ (অক্ষঃ রথাক্ষঃ তদ্বৎ অতিস্থূলাঃ) বর্ষাধারাঃ অভিতঃ মুমুচুঃ॥ ১১॥

চতুর্দ্দিক্ষু বর্ত্তমানাঃ সমুদ্রাঃ পরিতঃ ক্ষ্মাতলং ভূমণ্ডলং, উগ্রাঃ নক্রাঃ যেষু তৈঃ সমীর-বেগোত্থিতৈঃ উর্ম্মিভিঃ গ্রসন্তঃ ভয়ানকাঃ আবর্ত্তাঃ যেষু, গভীরঃ ঘোষঃ যেষু তথাবিধাঃ ব্যদৃশ্যন্ত॥ ১২॥

শ্রীধরস্বামী।

মায়াদর্শনমাহ তস্যেত্যাদিনা॥ ১০॥

তং বায়ুমনু বলাহকা মেঘা অন্বভবন্ আবির্ভূবুঃ তেচ তড়িদ্ভিঃ সহিতা উচ্চৈঃ স্বনন্তো গর্জন্তঃ অক্ষো রথাঙ্গং তদ্বৎ স্থবিষ্ঠাঃ অভিতো বর্ষধারা মুমুচুঃ॥ ১১॥

চতুর্দ্দিক্ষু বর্ত্তমানাঃ সমুদ্রাঃ সমীরবেগেন যে উর্ম্ময়ঃ তৈ ভূ'তলং গ্রসন্তঃ উগ্রা নক্রা যেষু। মহাভয়া আবর্ত্তা যেষু। গম্ভীরো ঘোষো যেষু তেচ তেচ তেচ॥ ১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মায়াদর্শনমাহ তস্যেত্যাদিনা॥ ১০॥　　অক্ষো রথাঙ্গং তদ্বদতিস্থূলাঃ॥ ১১॥ ১২॥

হে ভৃগুশ্রেষ্ঠ ব্রহ্মন্ শৌনক! এক দিবস সেই পুষ্পভদ্রা নদীর তীরে স্বীয় আশ্রমে মার্কণ্ডেয় মুনি নিশ্চিন্ত-মনে উপবিষ্ট আছেন, এমন সময়ে সন্ধ্যাকালে ভীষণ ঝটিকা দেখা দিল॥ ১০॥

প্রচণ্ডবেগে ভয়ানক ধ্বনি করত প্রবল বাত্যার সঙ্গে সঙ্গে প্রলয়কালীন জলদরাশি নভোমণ্ডল সমাচ্ছাদিত করিল এবং দামিনী-জাল বিস্তারে প্রচণ্ড ধ্বনি করত স্থূলধারে বর্ষাধারা আরম্ভ করিল॥ ১১॥

তখন চতুর্দ্দিকস্থ সমুদ্র-সমূহ জলে উদ্বেলিত হইয়া, ক্রমশ ধরাতল প্লাবিত করিল। এদিকে প্রচণ্ড বায়ুর উদ্বেলনে ভীষণ নক্রাদি জলজন্তু-সমূহ প্রবাহিত করত বিশাল উর্ম্মির উত্থাপনে এবং প্রচণ্ড শব্দে সমুদ্র সমগ্র জগৎ যেন গ্রাস

অন্তর্ব্বহিশ্চাদ্ভিরতিদ্যুভিঃ খরৈঃ শতহ্রদাভীরুপতাপিতং জগৎ।
চতুর্ব্বিধং বীক্ষ্য সহাত্মনা মুনি র্জলাপ্লুতাং ক্ষ্মাং বিমনাঃ সমত্রসৎ ॥ ১৩ ॥
তস্যৈবমুদ্বীক্ষ্যত ঊর্ম্মিভীষণঃ প্রভঞ্জনাঘূর্ণিত-বার্ম্মহার্ণবঃ।
আপূর্য্যমাণো বর্ষদ্ভিরম্বুদৈঃ ক্ষ্মামপ্যধাদ্দ্বীপবর্ষাদ্রিভিঃ সমং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

অতিদ্যুভিঃ (অতিক্রান্তা দ্যোঃ যাভিঃ তাভিঃ) অদ্ভিঃ জলৈঃ, খরৈঃ দুঃসহৈঃ (সূর্য্যরশ্মিভিঃ বায়ুভিঃ বা) শত-হ্রদাভিঃ বিদ্যুদ্ভিঃ, চ এবং আত্মনা সহ জরায়ুজাদি-চতুর্বিধং জগৎ অন্তর্ব্বহিঃ চ উপতাপিতং বীক্ষ্য তথা ক্ষ্মাং চ জলাপ্লুতাং বীক্ষ্য মুনিঃ বিমনাঃ সন্ সমত্রসৎ ভয়ং প্রাপ ॥ ১৩ ॥

তস্য মুনেঃ এবং উদ্বীক্ষতঃ সতঃ বর্ষদ্ভিঃ অম্বুদৈঃ আপূর্য্যমাণঃ প্রভঞ্জনেন বায়ুনা ঘূর্ণিতং ভ্রামিতং বাঃ জলং যস্মিন্ সঃ অতঃ ঊর্ম্মিভীষণঃ অর্ণবঃ দ্বীপ-বর্ষাদিভিঃ সমং সহ ক্ষ্মাং ভূমিং অপ্যধাৎ ছাদয়ামাস ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

আত্মনা সহ জরায়ুজাদি চতুর্ব্বিধং জগদন্তর্বহিশ্চোপতাপিতং বীক্ষ্য ক্ষ্মাঞ্চ জলাপ্লুতাং বীক্ষ্য মুনিঃ সমত্রসৎ ভয়ং প্রাপ। কেনোপতাপিতং অদ্ভিঃ কথম্ভূতাভিঃ অতিদ্যুভিঃ অতিক্রান্তা দ্যৌর্যাভিঃ খরৈঃ সূর্য্যরশ্মিভি র্বায়ুভির্বেতি শেষঃ শতহ্রদাভিশ্চ বিদ্যুদ্ভি দীর্ঘমার্ষং ছন্দোহনুরোধেন ॥ ১৩ ॥

প্রভঞ্জনেনাঘূর্ণিতং প্রকম্পিতং বারুদকং যস্মিন্ সঃ। অপ্যধাৎ ছাদয়ামাস। সমং সহ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতিক্রান্তা দ্যৌ র্যাভি স্তাভিরদ্ভিঃ। খরৈঃ সূর্য্যরশ্মিভিঃ শতহ্রদাভি র্বিদ্যুদ্ভিঃ দীর্ঘত্বমার্ষং ॥ ১৩ ॥ ১৪ ॥

করিতে আরম্ভ করিল ॥ ১২ ॥

তখন জলপ্লাবিত হইয়া, ধরাতল এবং আকাশ-মণ্ডল সমাচ্ছন্ন করিলে, বিদ্যুতের প্রকাশে জরায়ুজাদি সর্ব্বপ্রকার প্রাণি-জগৎ এবং নিজে অন্তর্ব্বাহিরে উপতাপিত হইয়া, মহামুনি মার্কণ্ডেয় মনে মনে একান্ত অভিভূত হইলেন ॥ ১৩ ॥

মহামুনি এই প্রকার প্রলয়ের ভাব প্রত্যক্ষ করিতেছেন, এমত সময়ে জলদরাশির অবিরল বর্ষাধারায় পরিপূর্ণ এবং প্রভঞ্জন বায়ুর প্রবাহে বিঘূর্ণিত জলরাশি ঊর্ম্মি-সহকারে প্রলয়-সমুদ্র পরিপূর্ণ হইয়া, দ্বীপ ও বর্ষ-বিশিষ্ট সমগ্র জগৎকে প্লাবিত করিয়া ফেলিল ॥ ১৪ ॥

তখন পৃথিবী এবং অন্তরীক্ষস্থ প্রাণিসমূহ, স্বর্গবাসী দেবতানিচয়, নক্ষত্রাদি

সক্ষ্মান্তরীক্ষং সদিবং সভাগণং ত্রৈলোক্যমাসীৎ সহ দিগ্‌ভিরাপ্লুতং।
স এক এবোর্ব্বরিতো মহামুনি র্বভ্রাম বিক্ষিপ্য জটা জড়ান্ধবৎ॥ ১৫॥
ক্ষুত্তৃট্‌পরীতো মকরৈ স্তিমিঙ্গিলৈ রুপদ্রুতো বীচি-নভস্বতাহতঃ।
তমস্যপারে পতিতো ভ্রমন্ দিশো ন বেদ খং গাঞ্চ পরিশ্রমেষিতঃ॥ ১৬॥
ক্বচিন্মহার্ণবে মগ্ন স্তরলৈস্তাড়িতঃ ক্বচিৎ।
যাদোভি র্ভক্ষিত ক্বাপি স্বয়মন্যোন্যঘাতিভিঃ॥

অন্বয়ঃ।

সক্ষ্মান্তরীক্ষং ভূম্যন্তরীক্ষস্য প্রাণিসহিতং, সদিবং স্বর্গস্থদেবসহিতং, ভাগণং জ্যোতির্গণাঃ তৈঃ সহিতং দিগ্‌ভিঃ সহিতং চ ত্রৈলোক্যং অদ্ভিঃ আপ্লুতং আসীৎ। অপিতু সঃ মহামুনিঃ একঃ এব উর্ব্বরিতঃ অবশিষ্টঃ সন্ জটাঃ বিক্ষিপ্য জড়ান্ধবৎ বভ্রাম॥ ১৫॥

বীচিভিঃ তরঙ্গৈঃ, নভস্বতা বায়ুনা, চ হতঃ তাড়িতঃ অতঃ মকরৈঃ তিমিঙ্গিলৈঃ উপদ্রুতঃ ক্ষুত্তৃট্‌পরীতঃ পরিশ্রমেণ ইষিতঃ ব্যাপ্তঃ, অপারে তমসি পতিতঃ সন্ খং আকাশং গাং ভূমিং, চ ন বেদ॥ ১৬॥

ক্বচিৎ মহার্ণবে মগ্নঃ ক্বচি তরলৈঃ তরঙ্গৈঃ তাড়িতঃ ক্বাপি অন্যোন্য-ঘাতিভিঃ পরস্পরং যুদ্ধ্যদ্ভিঃ, যাদোভিঃ মৎস্যাদিভিঃ জলচরৈঃ, ভক্ষিতঃ॥

শ্রীধরস্বামী।

সক্ষ্মান্তরীক্ষং ভূম্যন্তরীক্ষস্থ-প্রাণিসহিতং। সদিবং স্বর্গস্থদেবসহিতং। ভাগণা জ্যোতির্গণাঃ তৈ সহিতং।—জটা বিক্ষিপ্য বিকীর্য্য॥ ১৫॥

পরিশ্রমেণ ইষিতো গতঃ ব্যাপ্তঃ ইত্যর্থঃ। ইষু সর্পণ ইত্যস্মাৎ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সভাগণং জ্যোতির্গণসহিতং॥ ১৫॥

জ্যোতিষ্কগণ এবং দিক্‌দিগন্ত সহ ত্রিভুবন জলে প্লাবিত হইল; অথচ একাকী সেই মহামুনি মার্কণ্ডেয় কেবল অবশিষ্ট থাকিয়া, জটাকলাপ বিক্ষিপ্ত করত জড় এবং অন্ধের ন্যায়, সেই প্রলয়-সমুদ্রে ভাসিতে লাগিলেন॥ ১৫॥

কখন বায়ুর বেগে তরঙ্গ সমূহের দ্বারা আহত হইতেছেন, কখনও বা তিমিঙ্গিলাদি প্রচণ্ড জলচর মকরাদির পীড়নে পরিতপ্ত এবং ক্ষুধা পিপাসা ও পরিশ্রমে একান্ত ক্লান্ত হইয়া, অপার অন্ধকারের অন্তরে আকাশ বা ভূমি বলিয়া ঋষি আর কিছুই অবধারণ করিতে পারিলেন না॥ ১৬॥

কখন সেই মহাসমুদ্রে মগ্ন, কখন তরঙ্গে আলোড়িত, কখনও বা পরস্পর যুদ্ধকারী মৎস্যাদি জলচর জন্তুগণ কর্ত্তৃক ভক্ষিত॥

কখন শোক, কখন মোহ, কখন দুঃখ সুখ ভয় ব্যাধি দ্বারা প্রপীড়িত হইয়া

কচিচ্ছোকং কচিন্মোহং কচিদ্দুঃখং সুখং ভয়ং।
কচিন্মৃত্যুমবাপ্নোতি ব্যাধ্যাদিভিরুতার্দ্দিতঃ॥ ১৭ ॥
অযুতাযুতবর্ষাণাং সহস্রাণি শতানি চ।
ব্যতীয়ু র্ভ্রমত স্তস্মিন্ বিষ্ণুমায়াবৃতাত্মনঃ॥ ১৮ ॥
স কদাচিদ্‌ভ্রমংস্তস্মিন্ পৃথিব্যাঃ ককুদি দ্বিজঃ।
ন্যগ্রোধ-পোতং দদৃশে ফলপল্লবশোভিতং॥ ১৯ ॥
প্রাগুত্তরস্যাং শাখায়াং তস্যাপি দদৃশে শিশুং।
শয়ানং পর্ণপুটকে গ্রসন্তং প্রভয়া তমঃ॥ ২০ ॥

অন্বয়ঃ।

কচিৎ শোকং কচিৎ মোহং দুঃখং সুখং ভয়ং কচিৎ ব্যাধ্যাদিভিঃ উত অর্দ্দিতঃ সন্ মৃত্যুং অবাপ্নোতি॥ ১৭ ॥

তস্মিন্ বিষ্ণুমায়া বৃতাত্মনঃ ভ্রমতঃ তস্য অযুতাযুতবর্ষাণাং সহস্রাণি শতানি চ ব্যতীয়ুঃ॥১৮

তস্মিন্ মহার্ণবে ভ্রমন্ সঃ দ্বিজঃ মার্কণ্ডেয়ঃ, কদাচিৎ পৃথিব্যাঃ ককুদি উন্নতপ্রদেশে, ফলপল্লবশোভিতং ন্যগ্রোধ-পোতং কোমলং বটং দদৃশে॥ ১৯ ॥

তথা তস্য বটস্য প্রাগুত্তরশাখায়াং পর্ণপুটকে শয়ানং তথা প্রভয়া তমঃ অন্ধকারং গ্রসন্তং শিশুং দদৃশে॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

অন্যোন্যঘাতিভিঃ তক্ষণায় পরস্পরং যুধ্যদ্ভিঃ॥ ১৭ ॥
বিষ্ণুমায়াবৃতাত্মন ইতি স তথা দৃষ্টবানিত্যর্থঃ॥ ১৮ ॥
ককুদি উন্নত-প্রদেশে ন্যগ্রোধপোতং কোমলবটং॥ ১৯ ॥
তস্যেশানদিক্ শাখায়াং শিশুমপি॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বীচিযুক্তেন নভস্বতা আহতঃ প্রাপ্তাঘাতঃ। পরিভ্রমেণ ইষিতঃ প্রাপ্তঃ ইবগতাবিত্যস্মাৎ॥ ১৬—১৮॥

মহামুনি মার্কণ্ডেয় মৃত্যুমুখে পতিত হইতে লাগিলেন॥ ১৭ ॥

এই প্রকারে সেই বৈষ্ণবী মায়ার দ্বারা সমাবৃত হইয়া, নিরন্তর ভ্রমণ করিতে করিতে, মার্কণ্ডেয় সমীপে অযুতাযুত শত সহস্র সম্বৎসর অতীত হইয়া গেল॥ ১৮ ।

এই প্রকারে সেই ভীষণ মহার্ণবে ভ্রমণ করিতে করিতে, দ্বিজবর মার্কণ্ডেয় অকস্মাৎ পৃথিবীর কোন এক উচ্চ প্রদেশে একটী ফলপুষ্পোপশোভিত কোমল বট বৃক্ষ নয়নগোচর করিলেন। ১৯ ॥

অনন্তর সেই বট বৃক্ষের পুর্ব্বোত্তর ঈশান কোণাভিমুখে একটী শাখায়

মহামরকত-শ্যামং শ্রীমদ্বদনপঙ্কজং।
কম্বুগ্রীবং মহোরস্কং সুনসং সুন্দরভ্রুবং ॥ ২১ ॥
শ্বাসৈজদলকাভাতং কম্বুশ্রীকর্ণদাড়িমং।
বিদ্রুমাধরভাসেষচ্ছোণায়িত-সুধাস্মিতং ॥ ২২ ॥

অন্বয়ঃ।

মহামরকত-শ্যামং ইন্দ্রনীলপ্রভং, শ্রীমৎ রম্যং, বদনপঙ্কজং যস্য তং কম্বুবৎ ত্রিরেখাবৃতা গ্রীবা যস্য তং; মহোরস্কং বিশালবক্ষসং, সুনাসং শোভন-নাসাবিশিষ্টং, সুন্দরে ভ্রুবৌ যস্য তং ॥ ২১ ॥

শ্বাসৈঃ এজন্তঃ কম্পমানাঃ যে অলকাঃ তৈঃ আভাতং শোভিতং কম্বুবৎ অত্যুৰ্বলয়েন শ্রীঃ যয়োঃ তৌ কম্বুশ্রিয়ৌ তয়োঃ কর্ণয়োঃ দাড়িমপুষ্পে যস্য তং বিদ্রুমতুল্যা অধরভাসা, ঈষৎ শোণায়িতং সুধাতুল্যং স্মিতং যস্য তং ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

শ্রীমৎ রম্যং বদনপঙ্কজং যস্য তং কম্বুবৎ ত্রিরেখাবৃতা গ্রীবা যস্য তং মহোরস্কং বিশালবক্ষসং। সুনসং শোভনা নাসা যস্য তং সুন্দরে ভ্রুবৌ যস্য তং ॥ ২১ ॥

শ্বাসৈরেজন্তঃ কম্পমানাঃ অলকা স্তৈরাভাতং শোভিতং কম্বুবদত্যুৰ্বলয়েন শ্রী র্যয়োস্তৌ কম্বুশ্রিয়ৌ তয়োঃ কর্ণয়ো র্দাড়িমপুষ্পে যস্য তং বিদ্রুমতুল্যাধরভাসা ঈষচ্ছোণায়িতং সুধাতুল্যং স্মিতং যস্য তং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ককুদি উন্নতপ্রদেশে ॥ ১৯—২১ ॥

শ্বাসৈরেজন্তঃ কম্পমানা অলকা স্তৈরাভাতং। কম্বুবদত্যুৰ্বলয়েন শ্রীর্যয়োস্তৌ কম্বুশ্রিয়ৌ তয়োঃ কর্ণয়োর্দাড়িমপুষ্পে যস্য তং ॥ ২২ ॥

উভয় পত্রের মধ্যভাগে একটী বালক শয়ন করিয়া আছেন, দেখিতে পাইলেন। অহো! বালকের জ্যোতিতে তৎকালে দিক্‌দিগন্তের অন্ধকার যেন তিরোহিত হইয়া গেল ॥ ২০ ॥

ইন্দ্রনীল মণির ন্যায় কান্তি-বিশিষ্ট মনোহর বদন-কমলের বিকাশে এবং ত্রিরেখা-বিশিষ্ট কম্বুবৎ গ্রীবাদেশ, বিশাল বক্ষস্থল, সুন্দর ভ্রূ-যুগল-বিশিষ্ট শোভন নাসাতে সেই বালকের কি অপূর্ব্ব শোভারই পরিচয় হইতেছিল। ॥২১

নিশ্বাস-পবনে কম্পিত অলকাজালে পরিশোভিত, দাড়িম-পুষ্পের ন্যায় বলয়াকার কর্ণদ্বয়ে সুশোভিত, বিম্বতুল্য অধর-শোভায় ঈষৎ রক্তবর্ণ অমৃত তুল্য হাস্য-বিশিষ্ট ॥ ২২ ॥

পদ্মগর্ভের ন্যায় ঈষৎ আরক্তিমাভ অপাঙ্গ-প্রান্ত, মনোহর হাস-শোভিত কৃপা-কটাক্ষ, শ্বাসবেগে প্রচলিত ত্রিবলি-শোভিত চঞ্চল গভীর নাভিবিশিষ্ট

পদ্মগর্ভারুণাপাঙ্গং হৃদ্যহাসাবলোকনং।
শ্বাসৈজদ্বলি-সম্বিগ্ন-নিম্ন-নাভি-দলোদরং ॥ ২৩ ॥
চার্ব্বঙ্গুলিভ্যাং পাণিভ্যামুন্নীয় চরণাম্বুজং।
মুখে নিধায় বিপ্রেন্দ্র ধয়ন্তং বীক্ষ্য বিস্মিতঃ ॥ ২৪ ॥
তদ্দর্শনাদ্বীত-পরিশ্রমো মুদা প্রোৎফুল্ল-হৃৎপদ্মবিলোচনাম্বুজঃ।

অন্বয়ঃ।

পদ্মগর্ভবৎ আ ঈষৎ অরুণৌ অপাঙ্গৌ নেত্রান্তৌ, যস্য তং, হৃদ্যঃ হাসঃ যস্মিন্ তৎ অবলোকনং যস্য তং, শ্বাসৈঃ এজন্ত্যঃ চলন্ত্যঃ বলয়ঃ তির্য্যক্ নিম্নরেখাঃ তাভিঃ সংবিগ্না চঞ্চলা নিম্না গভীরা নাভিঃ যস্মিন্ তৎ দলবৎ অশ্বত্থ-পত্র-সংকাশং উদরং যস্য তং ॥ ২৩ ॥

চারবঃ অঙ্গুলয়ঃ যয়োঃ তাভ্যাং পাণিভ্যাং চরণাম্বুজং উন্নীয় আকৃষ্য, মুখে নিধায় তদঙ্গুষ্ঠং ধয়ন্তং পিবন্তং, শিশুং বিলোক্য বিপ্রেন্দ্রঃ বিস্মিতঃ বভুব ॥ ২৪ ॥

তস্য শিশোঃ দর্শনাৎ বীতঃ বিগতঃ পরিশ্রমঃ যস্য সঃ মুদা হর্ষেণ প্রোৎফুল্লানি হৃৎপদ্ম-বিলোচনাম্বুজানি যস্য সঃ প্রহৃষ্টানি রোমাণি যস্য সঃ অদ্ভুতভাবেন শঙ্কিতঃ মুনিঃ পুনঃ তং

শ্রীধরস্বামী।

পদ্মগর্ভবৎ আ ঈষদরুণাপাঙ্গৌ নেত্রান্তৌ যস্য তং হৃদ্যো হাসো যস্মিন্ তদবলোকনং যস্য তং। শ্বাসৈরেজন্ত্যশ্চলন্ত্যো বলয়স্তির্য্যাগ্নিম্নরেখা স্তাভিঃ সম্বিগ্না চঞ্চলা নিম্না গভীরা নাভির্যস্মিন্ তৎ দলবৎ অশ্বত্থ-পত্র-সঙ্কাশমুদরং যস্য তং ॥ ২৩ ॥

চারবঃ অঙ্গুলয়ো যয়োঃ তাভ্যামুন্নীয় আকৃষ্য ধয়ন্তং পিবন্তং ॥ ২৪ ॥

হৃৎপদ্মঞ্চ বিলোচনাম্বুজে চ প্রোৎফুল্লানি বিকসিতানি যস্য সঃ অদ্ভুতভাবং অত্যাশ্চর্য্যরূপং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্বাসৈরেজন্ত্যশ্চলন্ত্যো বলয়স্তির্য্যঙ্নিম্নরেখাস্তাভিঃ সহ সংবিগ্নং চঞ্চলং নিম্ননাভি গভীর-নাভিদলোদরং দলমশ্বত্থপত্রং তদ্বদুদরং যস্য তং ॥ ২৩ ॥

মচ্চরণাম্বুজে কীদৃশং মধু বর্ত্ততে যত এতদাস্বাদনার্থং বহবো মদ্ভক্তা যতন্তে তন্মাধুর্য্যমিদ-মহমপ্যাস্বাদ্য পরিচেষ্যে ইতীব ধয়ন্তং পিবন্তং ॥ ২৪ ॥

তদীয় উদর-ভাগ অশ্বত্থ-পত্রের ন্যায় পরিশোভিত হইতেছিল ॥ ২৩ ॥

চারু অঙ্গুলি-বিশিষ্ট হস্তদ্বয়ে স্বীয় চরণ ধারণ করত, তাহা স্বীয় মুখে প্রদান পূর্ব্বক অঙ্গুষ্ঠ পান করিতেছেন, এইরূপ সেই বালককে অবলোকন করিয়া, ঋষি বিস্ময়-সাগরে নিপতিত হইলেন ॥ ২৪ ॥

সেই শিশুকে দর্শন করিয়া, মার্কণ্ডেয়ের সকল ক্লেশ দূরে গেল ; প্রেমানন্দে তাঁহার হৃদয় পুলকিত হইল ; লোচনদ্বয় বিস্ফারিত হইল এবং দেহ রোমাঞ্চিত হইল। তিনি সেই অদ্ভুত-দর্শন বালককে নয়নগোচর করিয়া,

প্রহৃষ্টরোমাদ্ভুতভাবশঙ্কিতঃ প্রষ্টুং পুনস্তং প্রসসার বালকং ॥ ২৫ ॥
তাবচ্ছিশো বৈ শ্বসিতেন ভার্গবঃ সোঽন্তঃশরীরং মশকো যথাবিশৎ ।
তত্রাপ্যদো ন্যস্তমচষ্ট কৃৎস্নশো যথা পুরামুহ্যদতীব বিস্মিতঃ ॥ ২৬ ॥
খং রোদসী ভগণানদ্রি-সাগরান্ দ্বীপান্ সবর্ষান্ ককুভঃ সুরাসুরান্ ।
বনানি দেশান্ সরিতঃ পুরাকরান্ খেটান্ ব্রজানাশ্রমবর্ণবৃত্তয়ঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ ।

বালকং প্রষ্টুং প্রসসার সমীপং গতঃ ॥ ২৫ ॥

তাবৎ সঃ ভার্গবঃ মার্কণ্ডেয়ঃ শিশোঃ শ্বসিতেন তস্য অন্তঃ শরীরং মশকঃ যথা তথা আবিশং প্রবিবেশ । তত্রাপি গর্ভে অদঃ ইদং জগৎ যথা পুরা প্রলয়াৎ পূর্ব্বং ন্যস্তং বিন্যস্তং তথা কৃৎস্নশঃ অচষ্ট দদর্শ অতঃ অতীব বিস্মিতঃ সন্ অমুহ্যৎ ॥ ২৬ ॥

খং অন্তরীক্ষং, ভগণান্ নক্ষত্রগণান্, ককুভঃ দিশঃ, পুরাণি আকরান্, খেটান্ কর্ষকগ্রামান্, আশ্রমান্ বর্ণান্ তেষাং বৃত্তীঃ জীবিকাঃ চ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী ।

তেন শঙ্কিতঃ সন্নপি তং প্রষ্টুং পুনঃ প্রসসার সমীপং গতঃ ॥ ২৫ ॥

অদ ইদং জগৎ যথা পুরা প্রলয়াৎ পূর্ব্বং ন্যস্তং বিন্যস্তং (তথৈব) দৃষ্ট্বা চাতীব বিস্মিতঃ সন্ অমুহ্যৎ ॥ ২৬ ॥

কৃৎস্নশো দর্শনং প্রপঞ্চয়তি খমিত্যাদিনা । ককুভো দিশঃ পুরাণি আকরাংশ্চ খেটান্ কর্ষকগ্রামান্ ব্রজান্ গোকুলানি আশ্রমাংশ্চ বর্ণাংশ্চ তেষাং বৃত্তীশ্চত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

অদ্ভুতভাবেন অত্যাশ্চর্য্যস্বরূপেণ শঙ্কিতঃ নায়ং প্রাকৃতো বালক ইতি প্রাপ্তাশঙ্কোঽপি প্রষ্টুং ॥ ২৫ ॥

অদঃ জগৎ । যথা পুরা প্রলয়াৎ পূর্ব্বং ॥ ২৬ ॥ ২৭ ॥

অদ্ভুত রসে মূর্চ্ছিত হইলেন এবং বালককে তৎসম্বন্ধে কিছু জিজ্ঞাসা করিবার অভিপ্রায়ে, তদভিমুখে অগ্রসর হইলেন ॥ ২৫ ॥

কিন্তু অগ্রসর হইবা মাত্র তিনি সেই বালকের নিশ্বাস-পবনে আকৃষ্ট হইয়া, তুচ্ছ মশকের ন্যায় বালকের শরীরের মধ্যে প্রবিষ্ট হইলেন এবং তথায় সেই বালক-গর্ভে এই প্রলয়ের পূর্ব্বে জগৎ যেরূপ তাঁহার নিকট প্রতীয়মান ছিল, এক্ষণে সেই বালকের গর্ভে প্রবিষ্ট হইয়াও ঋষি পূর্ব্ববৎ সেই সমস্ত অবলোকন করিলেন । সুতরাং তখন তাঁহার বিস্ময়ের আর অবধি রহিল না ॥২৬

আকাশ, অন্তরীক্ষ, নক্ষত্রগণ সহ জ্যোতির্ম্মণ্ডল, দিক্ সমূহ, পৃথিবী, পর্ব্বত, সাগর, দ্বীপ, বর্ষ, সুর, অসুর, বন, দেশ, নদী, পুরী, খেট, কর্ষক

মহান্তি ভূতান্যথ ভৌতিকান্যসৌ কালঞ্চ নানাযুগকল্পকল্পনং।
যৎকিঞ্চিদন্যদ্ব্যবহারকারণং দদর্শ বিশ্বং সদিবাবভাসিতং॥
হিমালয়ং পুষ্পবহাঞ্চ তাং নদীং নিজাশ্রমং যত্র ঋষী অপশ্যত॥
বিশ্বং স পশ্যন্ শ্বসিতাচ্ছিশোর্বৈ বহির্নিরস্তো ন্যপতল্লয়াব্ধৌ। ২৮॥
তস্মিন্ পৃথিব্যাঃ ককুদি প্ররূঢ়ং বটঞ্চ তৎপর্ণপুটে শয়ানং।
তোকঞ্চ তৎপ্রেমসুধাস্মিতেন নিরীক্ষিতোপাঙ্গনিরীক্ষণেন॥

অন্বয়ঃ।

নানাযুগানি কল্পাংশ্চ কল্পয়তি ইতি কল্পনং কালং চ সদিব যথার্থমিব মহান্তি ভূতানি অথ ভৌতিকানি যৎকিঞ্চিৎ অন্যৎ ব্যবহার-কারণং বিশ্বং অসৌ দদর্শ।

হিমালয়ং পুষ্পবহাং তাং নদীং নিজাশ্রমং যত্র ঋষী নরনারায়ণৌ বিশ্বং তথা অপশ্যত। বিশ্বং পশ্যন শিশোঃ শ্বসিতাৎ বহিঃ নিরস্তঃ সন্ লয়াব্ধৌ ন্যপতৎ॥ ২৮॥

তস্মিন লয়াব্ধৌ পৃথিব্যাঃ ককুদি প্ররূঢ়ং বটং তৎপর্ণপুটে শয়ানং তোকং বালকং বীক্ষ্য তস্য প্রেম্না সুধাতুল্য-স্মিতেন যুক্তেন অপাঙ্গ-নিরীক্ষণেন নিরীক্ষিতঃ সন্॥

শ্রীধরস্বামী।

নানাযুগানি কল্পাংশ্চ কল্পয়তি তৈর্বা কল্প্যতে ইতি তথা তং কালঞ্চ সদিব পরমার্থ ইত্যেব ভাসিতং তেনৈব॥ ২৮॥

বটঞ্চ তোকঞ্চ বীক্ষ্য তস্য প্রেম্না সুধাতুল্যস্মিতযুক্তেনাপাঙ্গনিরীক্ষণেন নিরীক্ষিতঃ সন্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

স মার্কণ্ডেয়ঃ দিবা দিবস এব অবভাসিতং প্রকাশযুক্তং দদর্শ। পুষ্পবহাং পুষ্পভদ্রাং॥২৮॥

লয়াব্ধৌ নিপত্য পুনরপ্যযুতাযুতবর্ষপর্যান্তং কষ্টমনুভূয় পৃথিব্যাঃ ককুদি বটপত্রশায়িনং বালং দদর্শ তস্য প্রেম্না সুধাতুল্যস্মিতযুক্তেনাপাঙ্গনিরীক্ষণেন নিরীক্ষিতঃ সন পুনরপি তদীয়-

---

গ্রাম, ব্রহ্ম আশ্রম, বর্ণ এবং তাহাদের জীবিকা, মহাভূত, স্থূলভূত, ভৌতিক পদার্থ, কাল, যুগ, যুগান্তর, কল্প, ব্যবহার্য্য দ্রব্য এবং দিবারাত্রি সহ বিশ্ব সংসার ঋষি তথায় অবলোকন করিলেন॥

ইতিমধ্যে আবার হিমালয় পর্ব্বত, পুষ্পবহা নদী, স্বীয় আশ্রম এবং তথায় উপনীত সেই নর-নারায়ণ ঋষিদ্বয়কে এবং বিশ্ব সংসার অবলোকন করিলেন॥

এইরূপ অবলোকন করিতেছেন, ইত্যবসরে তিনি পুনরায় সেই শিশুর নিশ্বাস পবনে বাহিরে বিতাড়িত হইয়া, পুনরায় পূর্ব্ববৎ সেই প্রলয়-সমুদ্রে নিপতিত হইলেন॥ ২৭॥ ২৮॥

তখন আবার সেই পৃথিবীর উচ্চদেশে পূর্ব্ববৎ প্রতিষ্ঠিত সেই বট বৃক্ষ এবং তাহার পত্রপুটে শয়ান সুধা-বিগলিত হাস্যযুক্ত সেই বালককে অবলোকন

অথ তং বালকং বীক্ষ্য নেত্রাভ্যাং হৃদিধিষ্ঠিতং।
অভ্যয়াদতিসংহৃষ্টঃ পরিষ্বক্তুমধোক্ষজং ॥ ২৯ ॥
তাবৎ স ভগবান্ সাক্ষাদ্‌যোগাধীশো গুহাশয়ঃ।
অন্তর্দ্দধে ঋষেঃ সদ্যো যথেহানীশ-নির্ম্মিতা ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

অথ হৃদি অধিষ্ঠিতং তং বালকং নেত্রাভ্যাং বীক্ষ্য অতিসংহৃষ্টঃ সন্ মুনিঃ অধোক্ষজং পরিষ্বক্তুং অভ্যাধাৎ অভিমুখং জগাম ॥ ২৯ ॥

কিঞ্চ তাবৎ অনীশস্য ভাগ্যহীনস্য, পুরুষস্য নির্ম্মিতা কৃতা ঈহা ক্রিয়া, যথা নিষ্ফলা ভবতি তথা ঋষেঃ মার্কণ্ডেয়স্য অপি আলিঙ্গনেচ্ছা নিষ্ফলা জাতা। যতঃ সাক্ষাৎ যোগাধীশঃ গুহাশয়ঃ অন্তর্যামী ভগবান্ ঋষেঃ পশ্যতঃ এব বালকঃ অন্তর্দধে ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

অথ তং বালকমধোক্ষজং পরিষ্বক্তুমভ্যয়াদিতি দ্বয়োরন্বয়ঃ। কথম্ভূতং নেত্রাভ্যাং হৃদি-ধিষ্ঠিতং ॥ ২৯ ॥

তাবৎ পরিষ্বঙ্গলাভাৎ পূর্ব্বমেব ঋষেস্তস্যান্তর্হিতো বভূব তদুদ্যমবৈফল্যে দৃষ্টান্তঃ অনীশো নির্দ্দৈবঃ তেন নির্ম্মিতা ঈহা ক্রিয়া যথেতি ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্বাসেন পূর্ব্ববত্তৎ প্রবেশনির্গমৌ। এবমেব সপ্তকৃত্বঃ প্রবেশনির্গমাবগ্রিমবাক্যদৃষ্ট্যা জ্ঞেয়ৌ ॥ ২৯ ॥

অনীশো দরিদ্রস্তস্য ঈহা ধনাদিবাঞ্ছা যথা সদ্য এবোৎপদ্য সদ্য এব লীয়তে তদ্বদিত্যর্থঃ ॥ ৩০ ॥

করিলেন। এবং সুধাবিনিন্দিত কৃপা-কটাক্ষের প্রকাশে বালকও তাঁহাকে অবলোকন করিলেন ॥

তখন হৃদয়-মন্দিরে প্রতিষ্ঠিত সেই বালককে লোচনদ্বয়-যোগে বাহিরে অবলোকন করিয়া, মার্কণ্ডেয়ের আর আনন্দের সীমা রহিল না। তখন তিনি প্রেমে-বিহ্বল হইয়া, ইন্দ্রিয় ও মনের অগোচর পরম পুরুষ বালক-মূর্ত্তি ভগবানকে আলিঙ্গন করিবার অভিপ্রায়ে তদভিমুখে যেমন অগ্রসর হইলেন ॥২৯॥

অহো! ভাগ্যহীন পুরুষের চেষ্টা নিষ্ফল হইবার ন্যায়, সেই আলিঙ্গনেচ্ছুক মার্কণ্ডেয়ের সম্মুখ হইতে সেই যোগাধীশ সর্ব্বান্তর্যামী ভূতভাবন বালক-মূর্ত্তি ভগবান্ অন্তর্হিত হইলেন ॥ ৩০ ॥

ভগবানের অন্তর্ধানের সঙ্গে সঙ্গে পূর্ব্বোক্ত বট-বৃক্ষ, কারণ-সলিল এবং প্রলয়ের যাবতীয় ব্যাপার তিরোহিত হইয়া গেল। এবং মুনি মার্কণ্ডেয়ও

তমন্বথ বটো ব্রহ্মন্ সলিলং লোকসংপ্লবঃ।
তিরোধায়ি ক্ষণাদস্য স্বাশ্রমে পূর্ব্ববৎ স্থিতঃ॥ ৩১॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে মার্কণ্ডেয়োপাখ্যানে ভগবন্মায়া দর্শনং নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

সূত উবাচ।

স এবমনুভূয়েদং নারায়ণবিনির্ম্মিতং।

অন্বয়ঃ।

তং অন্তর্হিতং ভগবন্তং অনু বটঃ সলিলং লোকসংপ্লবঃ চ তৎক্ষণাৎ এব তিরোধায়ি অন্তর্হিতঃ। সঃ মুনিঃ অপি স্বাশ্রমং এব যথাপূর্ব্বং স্থিতঃ॥ ৩১॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ॥

সূতঃ উবাচ। এবং নারায়ণেন বিনির্ম্মিতং যোগমায়ায়াঃ ইদং বৈভবং অনুভূয় সঃ

শ্রীধরস্বামী।

অন্তর্হিতং ভগবন্তমনু বটঃ সলিলং লোকসংপ্লবশ্চ তিরোধায়ি অন্তর্হিতঃ। সচ স্বাশ্রম এব যথাপূর্ব্বং স্থিত ইতি॥ ৩১॥

॥ * ॥ ইতি দ্বাদশে নবমঃ ॥ * ॥

দশমে শিব আগত্য মুনে স্তুষ্টো বরানদাৎ।
তেন সাকমতিপ্রীতা সমাভাষ্য সভাজয়ন্॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষণাদস্যেতি। ক্ষণমাত্র কালমধ্যে এব সপ্তকল্পসঙ্খ্যঃ কালঃ প্রবিষ্টোঽভূদতর্ক্য-ভগবচ্ছক্ত্যেবেতি ভাবঃ। তিরোধায়ীতি কর্ম্মকর্ত্তরি চিণ্॥ ৩১॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বাদশে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
সোমেশ-দর্শনং তস্য স্তুতিস্তেনাভিনন্দনং।
মুনেঃ শ্রেষ্ঠবর প্রাপ্তিস্তস্মাদ্দশম উচ্যতে॥ * ॥

পূর্ব্ববৎ স্বীয় আশ্রমে অবস্থান করিতেছেন এইরূপ নয়নগোচর করিলেন॥৩১॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

সূত বলিলেন, হে ঋষিগণ! মহর্ষি মার্কণ্ডেয় এই প্রকারে ভূতভাবন বিষ্ণু নারায়ণ কর্ত্তৃক বিনির্ম্মিত তদীয় যোগমায়ার তাদৃশ অতুল মায়া-বৈভব

আভাস।

দশমাধ্যায়ে শিবের আগমন ও মার্কণ্ডেয়ের সহিত সম্ভাষণ পূর্ব্বক তাঁহার পূজায় পরিতুষ্ট মহাদেব কর্ত্তৃক তাঁহাকে বর-দান বর্ণিত হইয়াছে॥

বৈভবং যোগমায়ায়া স্তমেব শরণং যযৌ ॥ ১ ॥

ঋষিরুবাচ ॥

প্রপন্নোঽস্ম্যঙ্ঘ্রিমূলং তে প্রপন্নাভয়দং হরে।

যন্মায়য়াপি বিবুধা মুহ্যন্তি জ্ঞানকাশয়া ॥ ২ ॥

সূত উবাচ ॥

তমেবং নিভৃতাত্মানং বৃষেণ দিবি পর্য্যটন্।

রুদ্রাণ্যা ভগবান্ রুদ্রো দদর্শ স্বগণৈ র্বৃতঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

মার্কণ্ডেয়ঃ তং নারায়ণং এব শরণং যযৌ ॥ ১ ॥

ঋষিঃ মার্কণ্ডেয়ঃ উবাচ। হে হরে! জ্ঞানকাশয়া জ্ঞানবৎ প্রকাশমানয়া, যন্মায়য়া যস্য তব মায়য়া বিবুধাঃ অপি মুহ্যন্তি প্রপন্নানাং অভয়দং তে অঙ্ঘ্রিমূলং অহং প্রপন্নঃ অস্মি ॥ ২ ॥

সূতঃ উবাচ। তং নিভৃতাত্মানং সমাহিতচিত্তং, মুনিং অন্তরীক্ষে রুদ্রাণ্যা সহ দিবি বৃষেণ পর্য্যটন্ স্বগণৈঃ বৃতঃ ভগবান্ রুদ্রঃ দদর্শ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

জ্ঞানকাশয়া জ্ঞানবৎ প্রকাশমানয়া। ত্বদ্ভজনং বিনা বিদ্বাংসোঽপি যস্য তব মায়য়া জ্ঞানিনো বয়মিত্যহঙ্কারেণ মুহ্যন্তীত্যর্থঃ ॥ ১ ॥ ২ ॥

শ্রীনারায়ণ এব স্বমায়াদর্শনশ্রান্তং শ্রীশিবরূপেণ সান্ত্বয়ামাস তদাহ তমেবমিত্যাদিনা। নিভৃতাত্মানং সমাহিতচিত্তং। রুদ্রাণ্যা ভবান্যা ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানকাশয়া জ্ঞানে বর্ত্তমানেঽপি কাশয়া প্রকাশিতুং সমর্থয়েত্যর্থঃ। তত্রাহমেব প্রমাণমভূবমিতি ভাবঃ ॥ ১—৪ ॥

স্বয়ং অনুভব করিয়া, সেই সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন ভগবান্ নারায়ণেরই চরণে শরণাগত হইলেন ॥ ১ ॥

ঋষি মার্কণ্ডেয় বলিলেন, হে শরণাগত-জন-ভয়হারিন্ শ্রীহরে! আমি আপনার চরণ-কমলে শরণ লইলাম। অহো! বিশেষ জ্ঞানবান্ ও বিচক্ষণ হইলেও, ভবদীয় মায়াতে যে বিমোহিত হইতে হয়, আমিই তাহার প্রধান দৃষ্টান্ত-স্থল ॥ ২ ॥

সূত বলিলেন, মহর্ষি মার্কণ্ডেয় যখন এই প্রকারে ভগবানে আত্মসমর্পণ পূর্ব্বক উপবিষ্ট আছেন, এমত সময়ে রুদ্রাণী সহ ভগবান্ ত্রিলোচন প্রমথগণে পরিবৃত হইয়া, বৃষারোহণে আকাশ-পথে পর্য্যটন করত, অকস্মাৎ সেই একান্তবাসী মার্কণ্ডেয়কে নয়নগোচর করিলেন ॥ ৩ ॥

অথোমা তমৃষিং বীক্ষ্য গিরিশং সমভাষত।
পশ্যেমং ভগবন্ বিপ্রং নিভৃতাত্মেন্দ্রিয়াশয়ং ॥ ৪ ॥
নিভৃতোদ-ঝষ-ব্রাতো বাতাপায় ইবার্ণবঃ।
কুর্ব্বস্য তপসঃ সাক্ষাৎ সংসিদ্ধিং সিদ্ধিদো ভবান্ ॥ ৫ ॥
শ্রীভগবানুবাচ ॥
নৈবেচ্ছত্যাশিষঃ ক্বাপি ব্রহ্মর্ষি র্মোক্ষমপ্যুত।
ভক্তিং পরাং ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে ॥ ৬ ॥

অন্বয়ঃ।

অথ তং ঋষিং বীক্ষ্য উমা গিরিশং সমভাষত যথা হে ভগবন্! নিভৃতাত্মেন্দ্রিয়াশয়ং নিভৃতাঃ নিশ্চলাঃ আত্মেন্দ্রিয়াশয়াঃ যস্য তং ইমং ঋষিং পশ্য ॥ ৪ ॥

নিভৃতং নিশ্চলং উদং উদকং ঝষব্রাতঃ চ যস্মিন্ সঃ বাতাপায়ঃ অর্ণবঃ ইব সিদ্ধিঃ ভবান্ অস্য তপসঃ সাক্ষাৎ সংসিদ্ধিং কুরু ॥ ৫ ॥

শ্রীভগবান্ উবাচ। অয়ং ব্রহ্মর্ষিঃ অব্যয়ে ভগবতি পুরুষে যতঃ পরাং ভক্তিং লব্ধবান্ অতঃ সঃ ক্বাপি আশিষঃ অভ্যুদয়-লক্ষণাঃ উত অপি মোক্ষং ন এব ইচ্ছতি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

নিভৃতা নিশ্চলা আত্মেন্দ্রিয়াশয়া দেহেন্দ্রিয়মনাংসি যস্য তং ॥ ৪ ॥

নিভৃতা নিশ্চলং উদকং ঝষব্রাতশ্চ যস্মিন্ সঃ সংসিদ্ধিং ফলং সাক্ষাৎ কুরু যতো ভবান্ সিদ্ধিদঃ ॥ ৫ ॥

আশিষঃ অভ্যুদয়লক্ষণাঃ উত স্বিৎ অত্র হেতুর্ভক্তিমিতি ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিভৃতানি নিশ্চলীভূতানি উদকানি ঝষব্রাতাশ্চ যত্র সঃ ॥ ৫ ॥

অনন্তর ভগবতী উমা মার্কণ্ডেয়কে অবলোকন করিয়া, মহাদেবকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ভগবন্! এই সংযতেন্দ্রিয় ঋষির প্রতি একবার দৃষ্টিপাত করুন্! ॥ ৪ ॥

ভীষণ ঝটিকার অত্যয়ে মকরাদি জলচর সহ শান্ত-সলিল এবং উপশান্ত-বেগ মহার্ণবের ন্যায়, আপনি স্থির ও গম্ভীর! আপনি আশুতোষ! সকলেরই অভীষ্ট ফল আপনি প্রদান করিয়া থাকেন। অতএব আপনি এই ব্রাহ্মণের নিকট প্রত্যক্ষে উপস্থিত হইয়া, ইহাঁকে তাঁহার তপস্যার অভিলষিত ফল প্রদান করুন্! ॥ ৫ ॥

ঈশানীর বাক্যে ভগবান্ শঙ্কর বলিলেন, হে দেবি! এই ব্রাহ্মণ তপস্যার বলে পরাৎপর পরমেশ ভগবানে যে প্রকৃষ্টা ভক্তি লাভ করিয়াছেন, তাহাতে

অথাপি সংবদিষ্যামো ভবান্যেতেন সাধুনা।
অয়ং হি পরমো লাভো নৃণাং সাধুসমাগমঃ॥ ৭॥
ইত্যুক্ত্বা তমুপেয়ায় ভগবান্‌ স সতাং গতিঃ।
ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বদেহিনাং॥ ৮॥
তয়োরাগমনং সাক্ষাদীশয়োর্জগদাত্মনোঃ।
ন বেদ রুদ্ধধীবৃত্তি রাত্মানং বিশ্বমেব চ॥

অন্বয়ঃ।

অথাপি হে ভবানি! এতেন সাধুনা সহ সংবদিষ্যামঃ সংবাদং করিষ্যামঃ হি যস্মাৎ অয়ং সাধুসমাগমঃ নৃণাং পরমঃ লাভঃ এব॥ ৭॥

ইতি পার্ব্বতীং উক্ত্বা সর্ব্ববিদ্যানাং ঈশানঃ প্রবর্ত্তকঃ, সর্ব্বদেহিনাং ঈশ্বরঃ অন্তর্যামী, সতাং ভক্তানাং গতিঃ ভগবান্‌ মহাদেবঃ তং মার্কণ্ডেয়ং উপেয়ায় আগতঃ॥ ৮॥

রুদ্ধধীবৃত্তিঃ সমাহিতচিত্তঃ সঃ মার্কণ্ডেয়ঃ জগদাত্মনোঃ সাক্ষাৎ ঈশয়োঃ তয়োঃ পার্ব্বতী-পরমেশ্বরয়োঃ আগমনং তথা আত্মানং, বিশ্বং এব চ ন বেদ॥

শ্রীধরস্বামী।

সংবদিষ্যামঃ সংবাদং করিষ্যামঃ॥ ৭॥ সতাং গতিত্বে হেতুঃ ঈশান ইতি॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আশিষোহণিমাদ্যাঃ সিদ্ধীঃ। তর্হি মোক্ষং দেহীতি তত্রাহ মোক্ষমপীতি। তর্হি ভক্তিং দেহীতি তত্রাহ ভক্তিমিতি॥ ৬॥ ৭॥

সতামভীপ্সিতভক্তি-প্রদায়িত্বাদ্গতিঃ। ন কেবলং সতামেব গতিরপিতু সকামানামপীত্যাহ ঈশান ইতি। নাত্র চিত্রমিত্যাহ ঈশ্বর ইতি॥ ৮॥

ইহাঁর আর কোন অভ্যুদয়-লাভের ইচ্ছা নাই। অধিক কি! ইনি সেই ভগবানের প্রেম ব্যতীত নির্ব্বাণ-মুক্তিরও প্রত্যাশী নহেন॥ ৬॥

হে ভবানি! তথাপি আমি ইহাঁর সহিত সম্ভাষণ করিব! কারণ এই প্রকার সাধুগণের সহিত সমাগম লাভে মানবগণের ন্যায়, আমারও পরম লাভ হইবে, সন্দেহ নাই॥ ৭॥

এই কথা বলিয়া, সেই সর্ব্বান্তর্যামী সর্ব্ব-বিদ্যা-প্রকাশক ভক্ত-জন প্রতিপালক ভবানীপতি ভগবান্‌ শঙ্কর মার্কণ্ডেয়ের সমীপে উপনীত হইলেন॥ ৮॥

কিন্তু মার্কণ্ডেয় মুনি চিত্তাদি অন্তঃকরণের বৃত্তিসমূহ নিরুদ্ধ করত, যোগাবলম্বনে সমাহিত-চিত্তে অবস্থান করায়, সাক্ষাৎ ঈশ্বরমূর্ত্তি উমামহেশ্বর নিকটে উপস্থিত হইলেও, তিনি তাঁহাদিগকে দেখিতে পাইলেন না; কারণ তৎকালে

ভগবাংস্তদভিজ্ঞায় গিরিশো যোগমায়য়া।
আবিশত্তদ্গুহাকাশং বায়ুশ্ছিদ্রমিবেশ্বরঃ॥ ৯॥
আত্মন্যপি শিবং প্রাপ্তং তড়িৎপিঙ্গজটাধরং।
ত্র্যক্ষং দশভুজং প্রাংশুমুদ্যন্তমিব ভাস্করং॥
ব্যাঘ্রচর্ম্মাম্বরং শূলধনুরিষসি চর্ম্মভিঃ।
অক্ষমালা ডমরুক-কপালং পরশুং সহ।
বিভ্রাণং সহসাভাতং বিচক্ষ্য হৃদি বিস্মিতঃ॥ ১০॥
কিমিদং কুত এবেতি সমাধে বিরতো মুনিঃ॥ ১১॥

অন্বয়ঃ।

গিরিশঃ ঈশ্বরঃ ভগবান্ তৎ অভিজ্ঞায় যোগমায়য়া বায়ুঃ ছিদ্রং ইব তস্য ঋষেঃ গুহাকাশং হৃদয়-মন্দিরং অবিশৎ॥ ৯॥

আত্মনি হৃদয়ে, প্রাপ্তং তড়িৎ-পিঙ্গ-জটাধরং, ত্র্যক্ষং (ত্রীণি অক্ষীণি যস্য তং) দশভুজং প্রাংশুং উন্নতং, উদ্যন্তং ভাস্করং ইব, ব্যাঘ্র-চর্ম্মাম্বরং শূলধনুরিষসি-চর্ম্মভিঃ সহ বিভ্রাণং অক্ষ-মালা-ডমরুক-কপালং পরশুং বিভ্রাণং হৃদি আভাতং শিবং বিচক্ষ্য মার্কণ্ডেয়ঃ মুনিঃ ইদং কিং কুতঃ আগতং ইতি বিচিন্ত্য বিস্মিতঃ সন্ সমাধেঃ বিরতঃ উত্থিতঃ অভূৎ। ইতি ত্রয়াণাং অন্বয়ঃ। ১০। ১১॥

শ্রীধরস্বামী।

রুদ্ধা ধিয়োঽন্তঃকরণস্য বৃত্তয়ো যেন সঃ। ৯।

ন কেবলং বহিরেব আত্মন্যপি প্রাপ্তং শিবং বিচক্ষ্য বিস্মিতঃ কথং প্রাপ্তং সহসা অকস্মাদেব হৃদি আভাতং কথংভূতং তড়িদ্বৎ পিঙ্গা জটা ধারয়তীতি তথা তং ত্রীণি অক্ষীণি যস্য তং শূলাদিভিঃ সহাক্ষমালাদীন্ বিভ্রাণমিত্যন্বয়ঃ অক্ষমালাদীনাং দ্বন্দ্বৈক্যং। ১০।

বিস্ময়পূর্ব্বকং বহির্দর্শনমাহ কিমিদমিতি। ১১।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কেবলং তয়োরাগমনং বেদ অপি তু আত্মানমহন্তাস্পদং বিশ্বমিদন্তারাস্পদঞ্চ। ৯। ১০॥

বাহ্য জগৎ কেন! নিজের আত্মস্বরূপেরও পৃথক্ অস্তিত্ব-বোধ তাঁহার ছিল না; তন্ময়ভাবেই ভগবানে তিনি আত্ম-সমর্পণ করিয়াছিলেন॥

ভগবান্ ত্রিলোচন মার্কণ্ডেয়ের তাদৃশ ভাব অবলোকন করিয়া, যোগমায়া-বলে সেই মার্কণ্ডেয়ের হৃদয়াকাশে স্বয়ং প্রবিষ্ট হইলেন॥ ৯।

অহো! বায়ু যেমন ছিদ্রের অন্তরে প্রবেশ করে, সেইরূপ স্বীয় অন্তরাকাশে প্রবিষ্ট তড়িদ্বর্ণ পিঙ্গল জটাধারী উন্নত-কলেবর দশভুজ-বিশিষ্ট উদিত সূর্য্যের ন্যায়, ব্যাঘ্র-চর্ম্মাম্বরধারী শূল, ধনু, বাণ, অসি, চর্ম্ম, অক্ষমালা, ডমরু, কপাল এবং পরশু হস্তে ত্রিলোচন মহাদেবকে সহসা স্বকীয় মানস-সরোবরে উদিত

নেত্রে উন্মীল্য দদৃশে সগণং সোমমাগতং।
রুদ্রং ত্রিলোকৈ্যকগুরুং ননাম শিরসা মুনিঃ॥
তস্মৈ সপর্য্যাং ব্যদধাৎ সগণায় সহোময়া।
স্বাগতাসনপাদ্যার্ঘ্যগন্ধ-স্রগ্ধূপ-দীপকৈঃ॥ ১২॥
আহ চাত্মানুভাবেন পূর্ণকামস্য তে বিভো।
করবাম কিমীশান যেনেদং নির্বৃতং জগৎ॥ ১৩॥
নমঃ শিবায় শান্তায় সত্ত্বায় প্রমৃড়ায় চ।

অন্বয়ঃ।

নেত্রে উন্মীল্য সোমং উময়া সহিতং, সগণং ত্রিলোকৈ্যকগুরুং রুদ্রং আগতং দদৃশে তদা মুনিঃ তং শিরসা ননাম॥

উময়া সহ সগণায় তস্মৈ রুদ্রায় স্বাগতাদিভিঃ সপর্য্যাং পূজাং ব্যদধাৎ॥ ১২॥

আহ চ যথা হে বিভো ঈশান! যেন আনন্দরূপেণ ত্বয়া ইদং জগৎ নির্বৃতং আনন্দিতং, ভবতি তস্য আত্মানন্দানুভাবেন এব পূর্ণকামস্য তে তব, বয়ং অল্পকাঃ, কিং করবাম!॥ ১৩॥

শিবায় পরমানন্দরূপায়, শান্তায় সত্ত্বায় সত্ত্বাধিষ্ঠাত্রে বিষ্ণবে প্রমৃড়ায় আনন্দপ্রদায়,

শ্রীধরস্বামী।

সোমং উময়া সহাগতং রুদ্রং দদৃশে ততো ননাম॥ ১২॥

পূর্ণকামস্ত্বং ব্যনক্তি যেন ত্বয়া জগন্নির্বৃতং ভবতীতি॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সোময়া স মার্কণ্ডেয়ঃ উময়া সহ সোঽচিলপে চেৎ পাদপূরণমিতি সো লোপঃ॥ ১১—১৩॥

অবলোকন করিয়া, মার্কণ্ডেয় বিস্মিত হইলেন। ১০॥

এবং ইহা কি? কোথা হইতে আসিলেন? বলিয়া মুনি উদ্বিগ্নচিত্তে আত্ম-সমাধি হইতে বিরত হইলেন॥ ১১॥

তখন নেত্রদ্বয় উন্মীলন করত, প্রমথাদি ভূতগণে পরিবৃত ত্রিলোকগুরু হরগৌরীকে নয়নগোচর করত, অবনত-মস্তকে তাঁহাদিগকে প্রণাম করিলেন॥

এবং উমা সহিত সগণ মহাদেবকে স্বাগত আসন, পাদ্য অর্ঘ্য, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্যাদি পূজোপকরণের দ্বারা বিশেষরূপে পূজা করিলেন॥১২॥

এবং করজোড়ে প্রার্থনা করত বলিলেন, হে শরণাগত-জন-পালক বিভো! রুদ্র! আপনি আত্মানন্দেই পূর্ণকাম! হে ঈশান! আপনার প্রেমরসে এই সমগ্র জগৎ যখন প্রেমার্দ্র, তখন আমার ন্যায় ব্যক্তির দ্বারা আপনার কোন্ কার্য্য সাধিত হইতে পারে? তথাপি এই অধীনকে কি করিতে হইবে, তাহা অনুমতি করুন্।॥ ১৩॥

রজোজুষেঽথ ঘোরায় নমস্তুভ্যং তমোজুষে ॥

সূত উবাচ ॥

এবং স্তুতঃ স ভগবান্ মহাদেবঃ সতাং গতিঃ।

পরিতুষ্টঃ প্রসন্নাত্মা প্রহসংস্তমভাষত ॥ ১৪ ॥

শ্রীভগবানুবাচ ॥

বরং বৃণীষ নঃ কামং বরদেশা বয়ং ত্রয়ঃ।

অমোঘং দর্শনং যেষাং মর্ত্ত্যো যদ্বিন্দতেঽমৃতং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

রজোজুষে ব্রহ্মণে, তমোজুষে ঘোরায় রুদ্রায় তুভ্যং নমঃ ॥

সূতঃ উবাচ। এবং ঋষিণা স্তুতঃ সতাং গতিঃ ভগবান্ মহাদেবঃ পরিতুষ্টঃ প্রসন্নাত্মা সন্ তং মুনিং প্রহসন্ অভাষত ॥ ১৪ ॥

শ্রীভগবান্ উবাচ। নঃ অস্মত্তঃ কামং যথেষ্টং বরং বৃণীষ। বয়ং ব্রহ্মবিষ্ণুরুদ্রাঃ ত্রয়ঃ এব বরদেশাঃ। যেষাং দর্শনং অমোঘং, যৎ যেভ্যঃ অমৃতং মোক্ষং মর্ত্ত্যঃ বিন্দতে লভতে ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

নির্গুণত্বেন চ নমস্করোতি নমঃ শিবায় নির্গুণায়। সত্ত্বায় সত্ত্বাধিষ্ঠাত্রে। অতএব প্রমৃড়য়-তীতি তথা তস্মৈ ॥ ১৪ ॥

নোঽস্মত্তঃ ত্রয়ো ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ যদ্‌যেভ্যো স্তে বয়ং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নোঽস্মত্তঃ যৎ যেভ্যঃ ॥ ১৩ ॥

যে ব্রাহ্মণা অস্মদেকান্তভক্তা স্তান্ লোকপালা বন্দন্তে ॥ ১৫ ॥

হে সত্ত্বগুণসম্পন্ন সর্ব্বপূজ্য মঙ্গলময় শান্তিদাতা দেব ত্রিলোচন। আপনাকে প্রণাম করি। আপনি রজোগুণ অবলম্বনে সৃষ্টি এবং তমোগুণের আশ্রয়ে ঘোর রুদ্রমূর্ত্তি ধারণ করত, বিশ্বের সংহার কার্য্য সাধিত করিতেছেন ॥

সূত বলিলেন, হে শৌনক! ভক্তজন-প্রতিপালক ভগবান্ ত্রিলোচন মার্কণ্ডেয়ের স্তবে পরিতুষ্ট হইয়া, প্রীতপ্রসন্ন-চিত্তে মার্কণ্ডেয়কে সম্বোধন করত বলিলেন— ॥ ১৪ ॥

মহাদেব বলিলেন, হে মহর্ষে! তুমি যথাভিলষিত বর আমার নিকট হইতে প্রার্থনা কর। কারণ ব্রহ্মা, বিষ্ণু এবং আমি (রুদ্র) আমরা তিনজনই বর প্রদান করিয়া থাকি। আমাদের সাক্ষাৎসন্দর্শন কখন বৃথা হইবার নহে। অধিক কি। আমাদের সাক্ষাৎকার লাভ করিলে, মর্ত্ত্য মানব মুক্তি পর্য্যন্ত লাভ করিয়া থাকে ॥ ১৫ ॥

ব্রাহ্মণাঃ সাধবঃ শান্তা নিঃসঙ্গা ভূতবৎসলাঃ।
একান্তভক্তা অস্মাসু নির্বৈরাঃ সমদর্শিনঃ॥
সলোকা লোকপালা স্তান্ বন্দন্ত্যর্চ্চন্ত্যুপাসতে।
অহঞ্চ ভগবান্ ব্রহ্মা স্বয়ঞ্চ হরিরীশ্বরঃ॥ ১৬॥
ন তে ময্যচ্যুতেঽজে চ ভিদামণ্বপি চক্ষতে।
নাত্মনশ্চ জনস্যাপি তদযুষ্মান্ বয়মীমহি॥

অন্বয়ঃ।

সাধবঃ সদাচারনিষ্ঠাঃ, শান্তাঃ মৎসরাদিরহিতাঃ, নিঃসঙ্গাঃ নিষ্কামাঃ, ভূতবৎসলাঃ পরোপকারিণঃ, অস্মাসু একান্তভক্তাঃ নির্বৈরাঃ সমদর্শিনঃ যে ব্রাহ্মণাঃ॥

তান্ ব্রাহ্মণান্ লোকৈঃ সহিতাঃ লোকপালাঃ বন্দন্তি অর্চ্চন্তি উপাসতে চ তথা অহং (রুদ্রঃ) ব্রহ্মা, হরিঃ চ ইতি ত্রয়ঃ অপি বয়ং বন্দাম অর্চ্চাম উপাস্মহে চ॥ ১৬॥

যতঃ তে ব্রাহ্মণাঃ ময়ি, অচ্যুতে, অজে ব্রহ্মণি, চ ইতি ত্রিষু তথা আত্মনঃ জনস্য ভগবদ্ভক্তস্য, চ অপি অণুমাত্রং অপি ভিদাং ভেদং, ন চক্ষতে ন পশ্যন্তি, তৎ তস্মাৎ এবম্ভূতান্ যুষ্মান্ অপি বয়ং ঈমহি ভজেম॥

শ্রীধরস্বামী।

বরদানাদিনা ভবৎসেবৈবাস্মাভিঃ ক্রিয়তে নত্বনুগ্রহঃ জগদ্বন্দ্যত্বাৎ ভবতামিতি ব্রাহ্মণান্ স্তৌতি ব্রাহ্মণা ইত্যাদিনা। যে সাধবঃ সদাচারাঃ শান্তা মৎসরাদিরহিতাঃ নিঃসঙ্গা নিষ্কামাঃ। ন কেবলং তত্রৈব কিন্তু অহঞ্চেত্যাদি॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কেবলং লোকপালা এব বন্দন্তে কিন্ত্বহঞ্চেত্যাদি॥ ১৬॥

অণ্বপি অণুমাত্রমপি ন চক্ষতে ন পশ্যন্তি যথৈবাস্মাসু ভেদং ন পশ্যন্তি তথৈবাত্মনঃ

অহো! সদাচার-নিষ্ঠ মৎসরাদি দোষ-শূন্য পরোপকারী অনাসক্ত সাধু ব্রাহ্মণগণ আমাদিগের একান্ত অনুগত; সুতরাং জগতে তাঁহাদের কেহ শত্রু নাই॥

সমগ্র লোক এবং লোকপালগণ তাঁহাদিগের যেরূপ অভিবাদন এবং অর্চ্চনা করে, আমি রুদ্র, কমলাসন ব্রহ্মা এবং অধিক কি! ভগবান্ বিষ্ণু এই আমরা তিন জনও তাঁহাদিগের বিশেষ আদর ও অর্চ্চনা করিয়া থাকি॥ ১৬॥

এই ব্রাহ্মণগণ যখন ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের মধ্যে কিছুমাত্র ভেদ-দৃষ্টি করেন না এবং জীবাত্মার মধ্যে পরস্পরের কণামাত্র ভেদও লক্ষ্য করেন না, তখন আপনাদের ন্যায় ব্রাহ্মণকে আমরাও আরাধনা করিব, সন্দেহ নাই॥

জলময় তীর্থসমূহ এবং মৃৎশিলাময় দেবমূর্ত্তি সকল আপনাদের তুল্য

ন হ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন যূয়ং দর্শনমাত্রতঃ॥ ১৭॥
ব্রাহ্মণেভ্যো নমস্যামো যেঽস্মদ্রূপং ত্রয়ীময়ং।
বিভ্রত্যাত্ম-সমাধান-তপঃস্বাধ্যায়-সংযমৈঃ॥ ১৮॥
শ্রবণাদ্দর্শনাদ্বাপি মহাপাতকিনোঽপি বঃ।
শুধ্যেরন্নন্ত্যজাশ্চাপি কিমু সম্ভাষণাদিভিঃ॥ ১৯॥

অন্বয়ঃ।

অম্ময়ানি তীর্থানি মৃচ্ছিলাময়াঃ দেবাঃ অপি যুষ্মৎসদৃশাঃ ন; যতঃ তে পুনন্তি উরুকালেন বহুকালেন, যূয়ং তু দর্শন-মাত্রতঃ॥ ১৭॥

অতঃ যে আত্মসমাধানং চিত্তৈকাগ্র্যং, তপঃ আলোচনং, স্বাধ্যায়ঃ অধ্যয়নং, সংযমঃ বাগাদি-নিয়মঃ তৈঃ ত্রয়ীময়ং বেদত্রয়াত্মকং অস্মদ্রূপং বিভ্রতি তেভ্যঃ ব্রাহ্মণেভ্যঃ তান্ ব্রাহ্মণান্ নমস্যামঃ॥ ১৮॥

কিঞ্চ যেষাং বঃ যুষ্মাকং; শ্রবণাৎ দর্শনাৎ বা মহাপাতকিনঃ অপি জাত্যা অন্ত্যজাঃ চ শুদ্ধেরন্ তেষাং ভাষণ-সংকারাদিভিঃ শুদ্ধৌ কিমু বক্তব্যং॥ ১৯॥

শ্রীধরস্বামী।

পুনঃ পূজ্যত্বে হেত্বন্তরমাহ নেতি। অন্যপি অণুমাত্রমপি চক্ষতে পশ্যন্তি তত্তস্মাৎ এবংভূতান্ যুষ্মান্ বয়ং ঈমহি ভজেম॥ ১৭॥

ব্রাহ্মণেভ্যো ব্রাহ্মণান্। আত্মসমাধানং চিত্তৈকাগ্র্যং তপ আলোচনং স্বাধ্যায়ঃ অধ্যয়নং বাগাদিনিয়মঃ তৈঃ॥ ১৮॥ কিঞ্চ। শ্রবণাদিত্যাদি॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্য জনস্যান্যস্যাপি সুখদুঃখাদিষু ভেদং ন পশ্যন্তি তস্মাদেবম্ভূতান্ যুষ্মান্ ঈমহি ভজেম॥১৭॥
আত্মসমাধানং বিষ্ণুধ্যানং॥ ১৮॥ ১৯॥

পবিত্রকারী নহে। কারণ উক্ত তীর্থ বা দেবমূর্ত্তি সকল বহুকালে জীবকে পবিত্র করিয়া থাকে; যে হেতুক তীর্থ ও দেব-মূর্ত্তির সম্বন্ধ বহুকাল না করিলে, জীব-হৃদয়ে পবিত্রতার উদয় হয় না; কিন্তু ভবাদৃশ ব্রাহ্মণগণের দর্শন মাত্রেই কলুষিত হৃদয়ও তৎক্ষণাৎ পবিত্র ভাব ধারণ করে॥ ১৭॥

অতএব যাঁহারা চিত্তের একাগ্রতা সহকারে তপস্যা, বেদাদির অধ্যয়ন এবং বাগাদি ইন্দ্রিয়বর্গের সংযমের দ্বারা বেদ-ত্রয়াত্মক আমাদের স্বরূপকে নিরন্তর হৃদয়-মন্দিরে ধারণ করেন, তাদৃশ ব্রাহ্মণগণকে আমরাও নমস্কার করি।॥১৮॥

অহো! যে আপনাদের বিষয় শ্রবণ এবং আপনাদিগকে দর্শন করিয়া, মহাপাতকী এমন কি! অন্ত্যজ চণ্ডালাদি নিকৃষ্ট জাতিও পবিত্র হইয়া, বিশেষ

সূত উবাচ ॥

ইতি চন্দ্রললামস্য ধর্ম্মগুহোপবৃংহিতং ।

বচোঽমৃতায়নমৃষি র্নাতৃপ্যৎ কর্ণয়োঃ পিবন্ ॥ ২০ ॥

স চিরং মায়য়া বিষ্ণো র্ভ্রামিতঃ কর্ষিতো ভৃশং ।

শিববাগমৃত-ধ্বস্ত-ক্লেশ-পুঞ্জ স্তমব্রবীৎ ॥ ২১ ॥

মার্কণ্ডেয় উবাচ ॥

অহো ঈশ্বরচর্য্যেয়ং দুর্ব্বিভাব্যা শরীরিণাং ।

অন্বয়ঃ ।

সূতঃ উবাচ । চন্দ্রঃ ললামঃ ভূষণং যস্য তস্য মহাদেবস্য ধর্ম্মগুহোপবৃংহিতং ধর্ম্মরহস্য-যুক্তং অমৃতায়নং বচঃ ইতি এবং কর্ণয়োঃ বর্ণাভ্যাং পিবন্ ঋষিঃ মার্কণ্ডেয়ঃ,ন অতৃপ্যৎ ॥ ২০ ॥

বিষ্ণোঃ মায়য়া চিরং ভ্রামিতঃ ভৃশং কর্ষিতঃ সঃ মুনিঃ শিবস্য বাগেব অমৃতং তেন ধ্বস্তঃ ক্লেশপুঞ্জঃ যস্য তথাবিধঃ সন্ তং শিবং অব্রবীৎ ॥ ২১ ॥

মার্কণ্ডেয়ঃ উবাচ । অহো আশ্চর্য্যং ঈশ্বরস্য ইয়ং চর্য্যা লীলা, শরীরিণাং দুর্ব্বিভাব্যা

শ্রীধরস্বামী ।

চন্দ্রো ললামো ভূষণং যস্য তস্য ধর্ম্মরহস্যযুক্তমমৃতাস্পদং বচঃ কর্ণাভ্যাং পিবন্নাতৃপ্যৎ অলমিতি নামন্যত । কর্ণয়োরমৃতায়নমিতি বান্বয়ঃ ॥ ২০ ॥

শিবস্য বাগেবামৃতং তেন ধ্বস্তঃ ক্লেশপুঞ্জো যস্য সঃ ॥ ২১ ॥

ইয়ং লীলা দুর্ব্বিভাব্যা আবিতর্ক্যা যৎ যয়া ঈশিতব্যানি স্বনিয়ম্যানি যানি ভূতানি তানি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ধর্ম্ম একান্তভক্তা ইতি নাত্মনশ্চ পরস্যেত্যাদি । গুহ্যং তং যুষ্মান্ বয়মীগহীত্যাদি । তাভ্যামুপবৃংহিতং নাতৃপ্যাদিতি । নায়ং স্বস্তবোত্থ আনন্দঃ কিন্তু স্তুতিমিষেণাস্মান্ ধর্ম্মমেবা-শিক্ষয়ত্তস্মাদেতাদৃশধর্ম্মবতা ময়া ভবিতব্যমিত্যুপদেশ-প্রাপ্ত্যুত্থ এব শ্রেয়ঃ ॥ ২০ ॥ ২১ ॥

উৎকর্ষ লাভ করে, তাঁহাদিগের সহিত কথোপকথনে এবং সৎকারাদির দ্বারা অপর সকলে যে পবিত্র হইবে, তাহাতে আর বক্তব্য কি ? । ১৯ ॥

সূত বলিলেন, চন্দ্রচূড় ভগবান্ ত্রিলোচনের তাদৃশ ধর্ম্ম-রহস্য-যুক্ত পীযুষ-পূর্ণ বাণী কর্ণকুহরে শ্রবণ করিয়াও, মহর্ষি মার্কণ্ডেয়ের হৃদয়ে তাহা প্রচুর বোধে তৃপ্তিলাভ হইল না ॥ ২০ ॥

ভগবান্ নারায়ণের সেই অভাবনীয় প্রচণ্ড মায়ার কুহকে নিপতিত হইয়া, বহুকাল তথায় ভ্রমণ-নিবন্ধন অসীম ক্লেশ এবং গ্লানি সহ্য করিবার পর শঙ্করের তাদৃশ অমৃত-পূর্ণ সম্ভাষণে মার্কণ্ডেয় বিশেষ শান্ত ও সুস্থ হইয়া, তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— । ২১ ॥

যন্নমন্তীশিতব্যানি স্তুবন্তি জগদীশ্বরাঃ ॥ ২২ ॥
ধর্ম্মং গ্রাহয়িতুং প্রায়ঃ প্রবক্তারশ্চ দেহিনাং।
আচরন্ত্যনুমোদন্তে ক্রিয়মাণং স্তুবন্তি চ ॥ ২৩।
নৈতাবতা ভগবতঃ স্বমায়াময়বৃত্তিভিঃ।

অন্বয়ঃ

অবিতর্ক্যা! যৎ যয়া, ঈশিতব্যানি স্বনিয়ম্যানি ভূতানি স্বয়ং জগদীশ্বরাঃ অপি নমন্তি স্তুবন্তি চ ॥ ২২ ॥

স্বয়ং দেহিনাং ধর্ম্মবক্তারঃ অপি যৎ স্বয়ং ধর্ম্মং আচরন্তি অন্যৈঃ ক্রিয়মাণং অনুমোদন্তে চ তথা তৎকর্ত্তৄন স্তুবন্তি চ ॥ ২৩ ॥

এতাবতা লোক-সংগ্রহমাত্রেণ তৈঃ স্বমায়াময়বৃত্তিভিঃ স্বমায়াময়ী বৃত্তিঃ যেষু তৈঃ নমনা-

শ্রীধরস্বামী।

জগদীশ্বরাঃ স্বয়ং নমন্তি স্তুবন্তি চেতি ॥ ২২ ॥

অথবা লোকসংগ্রহমাত্রমেতদিত্যাহ ধর্ম্মমিতি। প্রবক্তারোঽপি স্বয়ং দেহিনাং ধর্ম্মমাচরন্তি ॥ ২৩ ॥

নন্বেতৎস্বপ্রভাবতিরস্কারঃ কথং ময়া ক্রিয়তে তত্রাহ নেতি। এতাবতা লোকসংগ্রহমাত্রেণ তৈর্নমনাদিভিঃ কথম্ভূতৈঃ স্বমায়াময়ী বৃত্তির্যেষু তৈঃ ভগবতো মায়িনস্তবানুভাবো ন প্রদুষ্যেত

শ্রীবিশ্বনাথ-চক্রবর্ত্তী।

দুর্বিভাব্যা অতর্ক্যা। ঈশিতব্যানি স্বনিয়ম্যান্যপি ভূতানি ॥ ২২ ॥

অথবা লোকসংগ্রহমাত্রমেতাদত্যাহ ধর্ম্মমিতি ক্রিয়মাণং। স্তুবন্তীতি ধন্যোঽয়ং ধর্ম্মঃ যঃ খলু এতাদৃশৈ র্মহদ্ভিঃ ক্রিয়তে। ইতি ধর্ম্মস্তুতি র্ধর্ম্মকর্ত্তৃস্তব পর্য্যাপ্নোতি ॥ ২৩ ॥

এতাবতা লোকসংগ্রহমাত্রেণ তৈর্নমনাদিভি স্তবানুভাবো ন প্রদুষ্যতি। কীদৃশৈঃ মায়াময্যেব বৃত্তিশ্চেষ্টা যেষু তৈঃ। মায়িনঃ কুহকস্যেতি ধনপ্রাপ্তিহেতুনা ঐন্দ্রজালিকেন

মার্কণ্ডেয় বলিলেন, অহো! ঈশ্বরগণের ব্যবহার সাধারণ দেহধারিগণের পক্ষে সম্পূর্ণ দুর্বিভাব্য! কারণ তাঁহাদের আচরণে এই অপূর্ব্ব ভাব দেখা যাইতেছে যে, যাঁহারা তাঁহাদিগের পালনীয়, তাঁহারাই আবার কোন সময়ে পূজনীয় হইয়া থাকেন; কারণ প্রতিপাল্যগণের আবার পূজা তাঁহারাই কেবল সময়ে সময়ে করিয়া থাকেন। ২২ ॥

তাঁহারা নিজেরা দেহধারী জীবগণকে ধর্ম্মের উপদেশ দিয়া থাকেন; অথচ স্বয়ং সেই ধর্ম্মের অনুষ্ঠান করেন; আবার যাহারা সেই ধর্ম্মের অনুশীলন করে, তাহাদিগকেও তাঁহারা বিশেষ আদর ও সম্মান করিয়া থাকেন ॥ ২৩ ॥

এই প্রকার কেবল লোককে শিক্ষা দিবার উপলক্ষে ভগবান্ নারায়ণ

প্রদুষ্যেত্তানুভাবস্তৈস্তে মায়িনঃ কুহকং যথা ॥ ২৪ ॥
সৃষ্টেদং মনসা বিশ্বমাত্মনানুপ্রবিশ্য যঃ।
গুণৈঃ কুর্ব্বদ্ভিরাভাতি কর্ত্তেব স্বপ্নদৃগ্ যথা ॥ ২৫ ॥
তস্মৈ নমো ভগবতে ত্রিগুণায় গুণাত্মনে।

অন্বয়ঃ।

দিক্তিঃ মায়িনঃ প্রসিদ্ধস্য যথা কুহকং তৎপ্রভাবং ন দুষ্যতি ভগবতঃ মায়িনঃ তব অনুভাবঃ অপি তথা ন দুষ্যেত ॥ ২৪ ॥

মনসা সংকল্পমাত্রেণ ইদং বিশ্বং সৃষ্ট্বা আত্মনা জীবাত্মনা তত্র প্রবিশ্য গুণৈঃ কুর্ব্বাস্তঃ যথা স্বপ্নদৃক্ তথা কর্ত্তৃবৎ আভাতি ॥ ২৫ ॥

তস্মৈ ত্রিগুণায় গুণাত্মনে গুণানাং নিয়ন্ত্রে, অদ্বিতীয়ায় গুরবে কেবলায় শুদ্ধায় ব্রহ্মমূর্ত্তয়ে ভগবতে নমঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

যতঃ প্রসিদ্ধস্য মায়িনঃ কুহকং কপটং যথা তথৈতানি নয়নাদীনি। অতস্তস্য যথা কুহকেনানুভাবো ন দুষ্যতি তদ্বৎ ন দুষ্যেতেতি পাঠে নকারস্য দৃষ্টান্তেনানুষঙ্গঃ ॥ ২৪ ॥

মায়াচেষ্টিতং প্রপঞ্চয়তি সৃষ্ট্বেতি। স্বপ্নদৃক্ যথা ইত্যাবদ্যাচেষ্টিতে দৃষ্টান্তঃ। ২৫ ॥

ত্রিগুণত্বেঽপি ন জীববত্তদাভিভূতায় কিন্তু গুণানামাত্মনে নিয়ন্ত্রে ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেনচিৎ স্বমুখাদুদ্ভাবিতঃ কশ্চিদ্বা নরঃ স্তূয়তে নর্মক্রিয়তে তেন তস্যানুভবো ন দুষ্যতীতি। ন দুষ্যেতেতি পাঠে নকারস্য দৃষ্টান্তেনানুষঙ্গঃ। যদ্যপি শ্রীরুদ্রেণ তদীয় স্তুত্যাদয়ো ন মায়য়া কৃতা তদপি স্বস্তুত্যা লজ্জিতেন মুনিনা প্রযুক্তোঽয়ং দৃষ্টান্তো নানুপপন্নঃ ॥ ২৪ ॥

মনসা সঙ্কল্পমাত্রেণ কুর্ব্বদ্ভিগুণৈঃ স্বীয়ৈঃ স্বয়মকর্ত্তাপি কর্ত্তেবাভাতীতি ন গুণৈর্লেপ ইতি ভাবঃ। অবিদ্যয়া স্বপ্নং সৃজতো জীবস্যাপি বস্তুতস্তৎসম্বন্ধো নাস্তি কিমুত তস্যেতি দর্শয়ন্ দৃষ্টান্তয়তি। স্বপ্নদৃগ্‌যথেতি ॥ ২৫ ॥

উপাদিষ্ট বা সৃষ্ট স্বকীয় ভক্ত ব্রাহ্মণাদির প্রতি নমস্কারাদি স্বকীয় মায়াময় বৃত্ত-সমূহের পরিচর্যের দ্বারা, মায়ী ব্যক্তির কুহকের ন্যায়, তাঁহার মহানুভাবতার পক্ষে কোন দোষ স্পর্শ হইবার সম্ভাবনা হয় না ॥ ২৪ ॥

অহো! স্বপ্নদ্রষ্টা পুরুষ যেমন স্বীয় মনোময় ভাবে স্বপ্নের রচনা করিয়া, স্বয়ংই আবার সেই স্বপ্নরাজ্য উপভোগ করে; সেইরূপ যে পরাৎপর পরমাত্মা স্বীয় সংকল্প-প্রভাবে মাত্র এই বিশ্ব ব্রহ্মাণ্ডের রচনা করিয়া পুনরায় স্বয়ংই জীবরূপে তথায় প্রবেশ করত স্বকৃত গুণসমূহে কর্ত্তার ন্যায় প্রতীত হন ॥ ২৫ ॥

সেই সর্ব্ব-গুণাশ্রয় ব্রহ্মা, বিষ্ণু ও শিব-রূপধারী অথচ গুণত্রয়ের অতীত

কেবলায়াদ্বিতীয়ায় গুরবে ব্রহ্মমূর্ত্তয়ে ॥ ২৬ ॥
কিং বৃণে নু বরং ভূমন্ পরং ত্বদ্বরদর্শনাৎ।
যদ্দর্শনাৎ পূর্ণকামঃ সত্যকামঃ পুমান্ ভবেৎ ॥
বরমেকং বৃণেঽথাপি পূর্ণকামাভিবর্ষণাৎ।
ভগবত্যচ্যুতাং ভক্তিং তৎপরেষু তথা ত্বয়ি ॥ ২৭ ॥
সূত উবাচ ॥
ইত্যর্চ্চিতোঽভিষ্টুতশ্চ মুনিনা সূক্তয়া গিরা।

অন্বয়ঃ।

বরং দর্শনং এব যস্য তস্মাৎ ত্বত্তঃ পরং অন্যং কং নু বরং বৃণে। যৎ যস্মাৎ ত্বদ্দর্শনাৎ পুমান্ সত্যকামঃ সত্যসংকল্পঃ পূর্ণকামঃ ভবতি ॥

অথাপি ভগবতি তৎপরেষু ভক্তেষু তথা ত্বয়ি চ অচ্যুতাং ভক্তিং ইতি পূর্ণকামাভিবর্ষণাৎ ত্বত্তঃ সকাশাৎ বরং একং অহং বৃণে। ॥ ২৭ ॥

সূতঃ উবাচ। মুনিনা মার্কণ্ডেয়েন সূক্তয়া মধুরয়া, গিরা অর্চ্চিতঃ পূজিতঃ, অভিষ্টুতঃ

শ্রীধরস্বামী।

বরং বৃণীষ্বেতি যদুক্তং তত্রাহ কিমিতি। বরং দর্শনং যস্য তস্মাত্ত্বত্তঃ পরং কিম্ বরং বৃণে যস্য তব দর্শনাৎ পূর্ণকামঃ সর্ব্বানন্দসন্দোহরূপঃ সত্যকামঃ যথেচ্ছং প্রাপ্তসর্ব্বানন্দঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণাত্মনে গুণনিয়ন্ত্রে ॥ ২৬ ॥

বরং বৃণুষ্বেতি যদুক্তং তত্রাহ কিমিতি। বরো দর্শনং যস্য তস্মাৎ। সত্যকামঃ সত্যসঙ্কল্পঃ।

কেবল অদ্বিতীয় লোকগুরু পূর্ণানন্দ পরম ব্রহ্ম ভগবান্ নারায়ণকে আমি প্রণাম করি। ॥ ২৬ ॥

হে ভূমন্! আপনার স্বরূপ-সাক্ষাৎকারই উৎকৃষ্ট বর! ইহা যখন আমার প্রত্যক্ষে লাভ হইল, তখন আমি আবার কি অন্য বর আপনার নিকট প্রার্থনা করিব? আপনার সাক্ষাৎকার লাভ হইলে, মানব সত্যসংকল্প হইয়া, পূর্ণ-মনোরথ হইতে পারে ॥

কিন্তু আপনি যখন সকল কামনার পূরণ করিতে পারেন, তখন আপনার নিকট আমার একটী মাত্র বর প্রার্থনীয় আছে। আপনি আমাকে এই বর প্রদান করুন। যেন, ভগবান্ অচ্যুতে, তদীয় ভক্তজনে এবং ভবদীয় শঙ্কর-মূর্ত্তিতে আমার অচলা ভক্তি নিরন্তর বিদ্যমান থাকে ॥ ২৭ ॥

শৌনকাদি ঋষিগণকে সম্বোধন করিয়া তখন সূত বলিলেন, হে ব্রহ্মন্! মহামুনি মার্কণ্ডেয় কর্ত্তৃক মধুর বাক্যে এই প্রকারে বন্দিত এবং পূজিত হইয়া ভগবান

তমাহ ভগবান্ শর্ব্বঃ শর্ব্বয়া চাভিনন্দিতঃ। ২৮ ॥
কামঁ স্তেহয়ং মহর্ষেহস্তু ভক্তিমাংস্ত্বমধোক্ষজে।
আকল্পান্তাদ্‌যশঃ পুণ্যমজরামরতা তথা॥
জ্ঞানং ত্রৈকালিকং ব্রহ্মন্ বিজ্ঞানঞ্চ বিরক্তিমৎ।
ব্রহ্মবর্চ্চস্বিনো ভূয়াৎ পুরাণাচার্য্যতাস্তু তে॥ ২৯ ॥
সূত উবাচ॥
এবং বরান্ স মুনয়ে দত্ত্বাগাত্র্যক্ষ ঈশ্বরঃ।
দেব্যৈ তৎকর্ম্ম কথয়ন্ননুভূতং পুরামুনা॥ ৩০ ॥

অন্বয়ঃ।

ভগবান্ শর্ব্বঃ শিবঃ শর্ব্বয়া উময়া, চ অভিনন্দিতঃ সন তং আহ॥ ২৮ ॥

হে মহর্ষে ব্রহ্মন্! অয়ং তে মনসি স্থিতঃ সর্ব্বঃ অপি কামঃ সংকল্পঃ অন্যৎ চ পুণ্যং যশঃ আকল্পান্তাৎ অজরামরতা তথা ত্রৈকালিকং জ্ঞানং, বিরক্তিমৎ বিজ্ঞানং, তথা পুরাণাচার্য্যতা চ তে অস্তু! যতঃ ত্বং অধোক্ষজে ভক্তিমান॥ ২৯ ॥

সূতঃ উবাচ। এবং মুনয়ে বরান্ দত্ত্বা, তথা অমুনা মার্কণ্ডেয়েন পুরা যৎ অনুভূতং ভগবন্মায়াবৈভবং তৎ চ দেব্যৈ উমায়ৈ কথয়ন ত্র্যক্ষঃ ত্রিলোচনঃ, শিবঃ, অগাৎ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

বরদানায় স্বয়মেব প্রবৃত্তঃ শর্ব্বয়া উময়া চাভিনন্দিতঃ অনুমোদিতঃ সন্নাহ॥ ২৮ ॥

কামোহয়ং সর্ব্বোহপি অন্যচ্চ পুণ্যং যশ ইত্যাদি ব্রহ্মবর্চ্চস্বিনস্তে ভূয়াদিত্যুত্তরেণান্বয়ঃ যত্ত্বমধোক্ষজে ভক্তিমান॥ ২৯ ॥

তস্য কর্ম্ম তপ আদি অমুনা পুরা অনুভূতং যদ্ভগবন্মায়াবৈভবং তচ্চ কথয়ন্॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এব তৎপরেষু তথা ভক্তশ্রেষ্ঠে ত্বয়ি ভক্ত্যুপদেষ্টরি গুরৌ। তেন ত্বয়ি মে ভক্তিস্তত্ত্বে-নৈবাস্তু নত্বীশ্বরত্বেনেতি ভাবঃ॥ ২৭॥ ২৮॥

ত্রিলোচন মহেশ্বরীর অনুরোধে মুনিকে সম্বোধন করত বলিলেন— ॥ ২৮ ॥

২৯ হে মহর্ষে! তুমি যখন ভগবান্ অধোক্ষজের পরম ভক্ত, তখন তোমার সকল কামনাই সিদ্ধ হউক! তোমার পবিত্র যশোরাশি কল্পান্তকাল-স্থায়ী হউক! তুমি অজর এবং অমর হইয়া, চিরকাল অবস্থান কর! ॥

ভূত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান-রূপ তিন কালেরই জ্ঞান তোমার যুগপৎ উদিত হউক! তুমি পূর্ণ-বৈরাগ্য-বিশিষ্ট বিজ্ঞান লাভে ব্রহ্মতেজস্বী হইয়া, পুরাণের আচার্য্য-পদ লাভ কর॥ ২৯॥

সূত বলিলেন, মহেশ্বর ভগবান্ ত্রিলোচন মার্কণ্ডেয়কে এই সকল বর

সোঽপ্যবাপ্ত-মহাযোগমহিমা ভার্গবোত্তমঃ।
বিচরত্যধুনাপ্যদ্ধা হরাবেকান্তিতাং গতঃ ॥ ৩১ ॥
অনুবর্ণিতমেতত্তে মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
অনুভূতং ভগবতো মায়াবৈভবমদ্ভুতং ॥ ৩২ ॥
এতৎ কেচিদবিদ্বাংসো মায়াসংস্থৃতিরাত্মনঃ।

অন্বয়ঃ

অবাপ্তঃ মহাযোগমহিমা যেন সঃ ভার্গবোত্তমঃ মার্কণ্ডেয়ঃ অদ্ধা হরৌ একান্তিতাং গতঃ প্রাপ্তঃ, সন্ অধুনাপি বিচরতি ॥ ৩১ ॥

এতৎ ধীমতঃ মার্কণ্ডেয়স্য চরিতং তেন অনুভূতং ভগবতঃ অদ্ভুতং মায়াবৈভবং চ তে তুভ্যং ময়া অনুবর্ণিতং ॥ ৩২ ॥

এতৎ মার্কণ্ডেয়েন অনুভূতং ভগবন্মায়াবৈভবং নানাকল্পরূপং কাদাচিৎকং ঈশ্বরেচ্ছয়া তস্যৈব আকস্মিকং নতু সর্ব্ব-সাধারণং ইতি কেচিৎ তু নৃণাং মধ্যে আত্মনঃ ভগবতঃ মায়া সংস্থৃতিঃ সর্গপ্রলয়াদিরূপা মার্কণ্ডেয়ায় এব প্রদর্শিতা নতু সর্ব্ব-সাধারণা ইত্যেবং অবিদ্বাংসঃ

শ্রীধরস্বামী।

অবাপ্তো মহাযোগমহিমা যেন সঃ ॥ ৩১ ॥

এতন্মার্কণ্ডেয়স্য চরিতং তেনানুভূতঞ্চ ভগবন্মায়াবৈভবং তে অনুবর্ণিতং ॥ ৩২ ॥

নন্বেবমস্মৎকুলোৎপন্নস্য তস্য সপ্তকল্পায়ুষ্ট্বং বৃদ্ধৈরুচ্যমানং বিরুদ্ধমেবেত্যত আহ এতন্মার্কণ্ডেয়েনানুভূতং ভগবন্মায়াবৈভবং নানাকল্পরূপং কাদাচিৎকং ঈশ্বরেচ্ছয়া তস্যৈবাকস্মিকং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অয়ং সর্ব্বোঽপি কাম স্নেহস্ত। যতস্ত্বমধোক্ষজে ভক্তিমান্ ॥ ২৯—৩২

এতন্মার্কণ্ডেয়দৃষ্টং আত্মনঃ পরমেশ্বরস্য মায়াসংস্থৃতি বৈভবমিত্যর্থঃ। ভগবতঃ শিশুস্বরূপস্য পরমাতর্ক্যশক্ত্যা শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সপ্তকৃত্বস্তদুদরপ্রবেশনির্গমকালাত্মকং কাদাচিৎক-

---

প্রদান করত এবং দেবী অম্বিকাকে মার্কণ্ডেয় কর্ত্তৃক অনুভূত ভগবন্মায়ার বৃত্তান্ত বর্ণন করিতে করিতে, তথা হইতে প্রস্থান করিলেন ॥ ৩০ ॥

হে ভৃগুবংশাবতংস শৌনক! মহামুনি মার্কণ্ডেয় এই অনির্ব্বচনীয় যোগের মহিমা প্রাপ্ত হইয়া, ভগবানে ঐকান্তিকী ভক্তির প্রকাশে অধুনাপি ব্রহ্মাণ্ডে বিচরণ করিতেছেন ॥ ৩১ ॥

হে ব্রহ্মন্! ভগবান্ নারায়ণের অদ্ভুত মায়াবৈভব যিনি অনুভব করিয়াছিলেন, সেই ধীমান্ মার্কণ্ডেয়ের অপূর্ব্ব চরিত্র আমি আপনাদের নিকট বর্ণন করিলাম ॥ ৩২ ॥

মার্কণ্ডেয় কর্ত্তৃক ভগবন্মায়া-দর্শন সম্বন্ধে কোন কোন অর্ব্বাচীন ব্যক্তি ঈশ্বরের অভিপ্রায় অনুসারে বিভিন্ন কল্পে সাধারণের অজ্ঞাতসারে ইহা কেবল

অনাদ্যাবর্ত্তিতং নৃণাং কাদাচিৎকং প্রচক্ষতে ॥ ৩৩ ॥

য এবমেতদ্ভৃগুবর্য্য বর্ণিতং রথাঙ্গপাণেরনুভাবভাবিতং ।

সংশ্রাবয়েৎ সংশৃণুয়াদুতাবুভৌ তয়োর্ন কর্ম্মাশয়-সংসৃতির্ভবেৎ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্বাদশস্কন্ধে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

অন্বয়ঃ ।

অজ্ঞাঃ এতৎ অনাদি-সপ্ত-কল্প-পর্য্যন্তং আবর্ত্তিতং প্রচক্ষতে। বিদ্বাংসঃ তু মায়া-শিশোঃ শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সপ্তকৃত্বঃ তদুদর-প্রবেশ-নির্গমতঃ সপ্তকল্পত্বং তৎক্ষণমাত্রেণৈব ইতি বদন্তি অতো ন বিরোধঃ ॥ ৩৩ ॥

হে ভৃগুবর্য্য! এবং অনেন প্রকারেণ রথাঙ্গপাণেঃ কালচক্রায়ুধস্য, অনুভাবেন মায়া-বৈভবেন ভাবিতং যুক্তং যৎ এতৎ মার্কণ্ডেয়স্য চরিতং যঃ কশ্চিৎ শ্রাবয়েৎ তথা শ্রদ্ধয়া শৃণুয়াৎ তৌ উভৌ কৃতার্থঃ এব ; তয়োঃ কর্ম্মাশয়-কৃতা সংসৃতিঃ ন ভবেৎ ॥ ৩৪ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দশমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী ।

নতু সর্ব্বসাধারণং। এতৎ কেচিৎ অনাদি বহুকালং আবর্ত্তিতং দৈবযুগসহস্রদ্বয়মানেন পুনঃ পুনঃ পরিবর্ত্তিতং প্রচক্ষতে। কে তে নৃণাং সংসৃতিঃ সর্গপ্রলয়াদিলক্ষণা আত্মনো ভগবতো মায়েত্যেবমবিদ্বাংসঃ। বিদ্বাংসস্তু মায়াশিশোঃ শ্বাসোচ্ছ্বাসাভ্যাং সপ্তকৃত্বস্তদুদরপ্রবেশনির্গমতঃ সপ্তকল্পত্বং তৎক্ষণমাত্রেণ ইতি বদন্তি। অতো ন বিরোধ ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

সংশৃণুয়াৎ উত সংশ্রাবয়েদ্বা যৌ তাবুভৌ তয়োঃ কর্ম্মবাসনা-কৃতা সংসৃতির্ন ভবেদিতি ॥৩৪॥

॥ * ॥ ইতি দ্বাদশে দশমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

এব কেচিদবিদ্বাংসো নৃণামনাদ্যাবর্ত্তিতং অজ্ঞাতাদিকং বহুকালত আবর্ত্তিতং দৈবযুগসহস্রমানেন পুনঃ পুনঃ পরাবর্ত্তিতং সপ্তকল্পমেব প্রচক্ষতে ॥ ৩৩ ॥

হে ভৃগুবর্য্য অনুভাবেন প্রভাবেন ভাবিতং বাসিতং যঃ শ্রাবয়েৎ যশ্চ শৃণুয়াত্তাবুভৌ তুল্যাবেবেতি শেষঃ। অতস্তয়োঃ কর্ম্মবাসনাময়ী সংসৃতির্ন ভবেৎ ॥ ৩৪ ॥

॥ * ॥ ইতি সারার্থ দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।

দ্বাদশে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মার্কণ্ডেয়ের পক্ষেই ঘটিয়াছিল, বলেন; কেহ বা দেব পরিমাণে দুই সহস্র যুগ-ব্যাপী হইয়াছিল অনুমান করেন। বিচক্ষণ পণ্ডিতগণ কিন্তু সেই মায়া-শিশুর শ্বাস প্রশ্বাস দ্বারা সপ্তবার মার্কণ্ডেয়ের প্রবেশ এবং নির্গমের দ্বারাই সেই মুহুর্ত্তেই সপ্ত কল্পের কল্পনা করা সুগম বলিয়া স্বীকার করিয়া থাকেন ॥ ৩৩ ॥

হে ভৃগুশ্রেষ্ঠ! চক্রপাণি ভগবান্ নারায়ণের প্রভাবে প্রকাশিত এই অপূর্ব্ব

শৌনক উবাচ ॥

অথেমমর্থং পৃচ্ছামো ভবন্তং বহুবিত্তমং ।

সমস্ত-তন্ত্ররাদ্ধান্তে ভবান্ ভাগবত তত্ত্ববিৎ ॥ ১ ॥

তান্ত্রিকা পরিচর্য্যায়াং কেবলস্য শ্রিয়ঃপতেঃ ।

অন্বয়ঃ ।

শৌনকঃ উবাচ । হে ভাগবত ! যতঃ ভবান্ সমস্ততন্ত্রাণাং রাদ্ধান্তে সিদ্ধান্তে, তত্ত্ববিৎ অতঃ বহুবিত্তমং ভবন্তং অথ ইদানীং ইমং অর্থং পৃচ্ছামঃ ॥ ১ ॥

কেবলস্য শুদ্ধ-সত্ত্বময়-দিব্য-বিগ্রহস্য শ্রিয়ঃপতেঃ পরিচর্য্যায়াং পূজায়াং, তান্ত্রিকাঃ তন্ত্র-

শ্রীধরস্বামী ।

একাদশেতু পূজার্থং মহাপুরুষবর্ণনং । রবে র্ব্যূহস্য চাখ্যানং প্রতিমাসং পৃথক্ পৃথক্ ॥

যেনামর্ত্ত্যত্বমাপন্নো মর্ত্ত্যোঽহসৌ ভার্গবোত্তমঃ । তং পৃচ্ছতি ক্রিয়াযোগং সাঙ্গপাঙ্গাদিকল্পিতং ।

অথেতি হে ভাগবত ! যতো ভবান্ সমস্ততন্ত্ররাদ্ধান্তে তত্ত্ববিৎ ॥ ১ ॥

প্রষ্টব্যমাহ তান্ত্রিকা ইতি । পরিচর্য্যায়াং উপাসনায়াং বিষয়ে কেবলস্য চৈতন্যঘনস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

মহাপুরুষপূজার্থমঙ্গোপাঙ্গবিভূতয়ঃ ।

একাদশে রবিব্যূহকথা অপি নিরূপিতাঃ ॥ * ॥

স হ্যস্মৎপূর্ব্বপুরুষো মার্কণ্ডেয় স্তান্ত্রিকে ভগবৎপূজাবিধৌ বিশারদ আসীদতস্তং পূজা-বিবেকং জিজ্ঞাসে ইত্যাহ । অথেতি যেন পূজাপ্রকারেণ স মুনি র্ভগবন্তমপরোক্ষীচক্রার ইমমর্থং পৃচ্ছামঃ । রাদ্ধান্তে সিদ্ধান্তে ॥ ১ ॥

অঙ্গানি পাণিপাদাদীনি উপাঙ্গানি গরুড়াদীনি । আয়ুধাদীনি সুদর্শনাদীনি আকল্পাঃ

ব্যাপার যিনি ভক্তি ও শ্রদ্ধা-সহকারে শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তাঁহারা উভয়েই কর্ম্ম-বন্ধন-জনিত সংসার-ভোগ হইতে নিস্কৃতি লাভ করেন; সন্দেহ নাই ॥ ৩৪ ॥

ইতি দ্বাদশে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শৌনক তখন বলিলেন, হে সূত! তুমি একজন ভগবানের ভক্ত ও পরমার্থ-তত্ত্বজ্ঞ! পুরাণ-শাস্ত্রাদির সিদ্ধান্ত সম্বন্ধে তুমি বিশেষ পারদর্শী এবং বহুজ্ঞ! সুতরাং এই বিষয়টী তোমার নিকট আমাদের জিজ্ঞাস্য আছে ॥ ১ ॥

শ্রীপতি জনার্দ্দন বিশুদ্ধ চৈতন্য-ঘন কেবল-স্বরূপ! কিন্তু শাস্ত্রজ্ঞ উপাসক-

আভাস ।

একাদশ অধ্যায়ে মহাপুরুষ বর্ণন ও প্রতি মাসে পৃথক্ পৃথক্ পূজার নিমিত্ত সূর্য্য-ব্যূহের আখ্যান এবং মার্কণ্ডেয় মর্ত্ত্য হইয়াও যাহা দ্বারা অমরত্ব প্রাপ্ত হইয়াছিলেন, সেই ক্রিয়া-যোগের সাঙ্গোপাঙ্গ বর্ণিত হইয়াছে ॥

অঙ্গোপাঙ্গায়ুধাকল্পং কল্পয়ন্তি যথৈব যৈঃ ॥
তন্নো বর্ণয় ভদ্রং তে ক্রিয়াযোগং বুভুৎসতাং।
যেন ক্রিয়ানৈপুণেন মর্ত্ত্যো যায়াদমর্ত্ত্যতাং ॥ ২ ॥
সূত উবাচ ॥
নমস্কৃত্বা গুরূন্ বক্ষ্যে বিভূতী বৈষ্ণবীরপি।
যাঃ প্রোক্তা বেদতন্ত্রাভ্যামাচার্য্যৈঃ পদ্মজাদিভিঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ

মার্গেণ ভগবদারাধনপরাঃ যথৈব যেন প্রকারেণ, যৈঃ চ তত্ত্বৈঃ অঙ্গানি পাণি-পাদাদীনি উপাঙ্গানি গরুড়াদীনি, আয়ুধানি সুদর্শনাদীনি, আকল্পাঃ কৌস্তুভাদি ভূষণানি, কল্পয়ন্তি কল্পনয়া ধ্যায়ন্তি।

যেন ক্রিয়াযোগেন ক্রিয়া-নৈপুণেন মর্ত্ত্যঃ মানবঃ অমর্ত্ত্যতাং যায়াৎ ক্রিয়াযোগং বুভুৎসতাং নঃ অস্মাকং, তৎ বর্ণয়। তে ভদ্রং কল্যাণং, ভবতু। ২।

সূতঃ উবাচ। পদ্মজাদিভিঃ আচার্য্যৈঃ বেদতন্ত্রাভ্যাং যাঃ প্রোক্তাঃ তাঃ বৈষ্ণবীঃ অপি বিভূতীঃ অহং গুরূন্ নমস্কৃত্য বক্ষ্যে। ৩।

শ্রীধরস্বামী।

অঙ্গানি পাদাদীনি উপাঙ্গানি গরুড়াদীনি আয়ুধানি সুদর্শনাদীনি আকল্পাঃ কৌস্তুভাদয়ঃ তেষাং যত্ত্বৈক্যং তদ্‌যথা কল্পয়ন্তি যৈশ্চ তত্ত্বৈঃ কল্পয়ন্তি তন্নো বর্ণয়েতি। ২।

গুরূপদেশগম্যত্বাদস্যার্থস্য তন্নমস্কারপূর্ব্বকমাহ নমস্কৃত্বেতি। বিভূতীর্বিরাড়্‌বিগ্রহাদ্যাঃ।৩।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৌস্তুভাদয়ঃ। তেষাং যত্ত্বৈক্যং যৎ যথা কল্পয়ন্তি তন্নো বর্ণয়। সচ্চিদানন্দবপুষো ভগবতো যেষাং যেষামঙ্গানাং যা বিভূতয়ো মায়িক-প্রপঞ্চেঽত্র দৃশ্যন্তে তাভিরেব পুনস্তত্তদঙ্গান্যুপাসনার্থং কল্পয়ন্তি ইত্যর্থঃ। ২।

গুরূপদেশগম্যত্বাদস্যার্থস্য তন্নমস্কারপূর্ব্বকমাহ নমস্কৃত্যেতি। ৩।

গণ উপাসনাকালে তাঁহার হস্ত পদাদি অঙ্গ প্রত্যঙ্গ, গরুড়াদি উপাঙ্গ, সুদর্শনাদি অস্ত্র শস্ত্র এবং কৌস্তুভাদি বিচিত্র আভরণের কল্পনায় পরমার্থতঃ যে যে তত্ত্বের কল্পনা করেন, আপনি সেই সমস্ত বিষয় আমাদের নিকট আনুপূর্ব্বিক বর্ণন করুন! আপনার মঙ্গল হউক! আমরা ক্রিয়াযোগ জানিতে একান্ত অভিলাষী। কারণ কর্ম্মকাণ্ডে নৈপুণ্য লাভ করিতে পারিলে, এই মর্ত্ত্য মানবও অবলীলাক্রমে মোক্ষপদ প্রাপ্ত হইতে পারে ॥ ২ ॥

সূত বলিলেন, হে ব্রহ্মন্! আমি গুরুকে প্রণাম করত, ব্রহ্মাদি আচার্য্যগণ কর্ত্তৃক বেদ ও তন্ত্রাদিতে উক্ত ভগবান্ বিষ্ণুর অনির্ব্বচনীয় বিভূতির বিষয় বর্ণন করিতেছি; আপনারা শ্রবণ করুন! ॥ ৩ ॥

মায়াদ্যৈ র্নবভিস্তত্ত্বৈঃ সবিকারময়ো বিরাট্।
নির্ম্মিতো দৃশ্যতে যত্র সচিৎকে ভুবনত্রয়ং ॥ ৪ ॥
এতদ্বৈ পৌরুষং রূপং ভূঃ পাদৌ দ্যৌঃ শিরো নভঃ।

অন্বয়ঃ।

মায়াদ্যৈঃ প্রকৃতি-সূত্র-মহদহঙ্কার-পঞ্চ-তন্মাত্রৈঃ তত্ত্বৈঃ বিকারঃ একাদশেন্দ্রিয়াণি পঞ্চ-মহাভূতানি ইতি ষোড়শ তন্ময়ঃ সঃ বিরাট্ নির্ম্মিতঃ যত্র বিরাজি সচিৎকে চেতনাধিষ্ঠিতে, ভুবনত্রয়ং দৃশ্যতে ॥ ৪ ॥

এতৎ বৈ পৌরুষং রূপং (পুরুষস্য বৈরাজস্য রূপং এব ঈশ্বরেণ অধিষ্ঠিতত্বাৎ তদভেদ-বিবক্ষয়া তস্য রূপং উচ্যতে।) তত্র ভূঃ পাদৌ, দ্যৌঃ শিরঃ, নভঃ নাভিঃ, সূর্য্যঃ অক্ষিণী,

শ্রীধরস্বামী

অঙ্গাদিকল্পনাং ভূম্যাদিভি র্দর্শয়িতুং প্রথমং তাবদ্‌যথা কল্পয়ন্তীতি প্রশ্নস্য বৈরাজরূপেণ-ত্যুত্তরং বক্তুং বিরাড়্‌বিগ্রহমাহ মায়াদ্যৈঃ প্রকৃতি-সূত্র-মহদহঙ্কার-পঞ্চতন্মাত্রৈ র্নবভি স্তত্ত্বৈঃ বিকারা একাদশেন্দ্রিয়াণি পঞ্চমহাভূতানি চেতি ষোড়শ তন্ময়ো বিরাট্ স প্রসিদ্ধো নির্ম্মিতঃ। যত্র বিরাজি সচিৎকে চেতনাধিষ্ঠিতে ভুবনত্রয়ং দৃশ্যতে অনেনাঙ্গাদিকল্পনা সৌলভ্যাৎ দর্শিতং ॥ ৪ ॥

এতদ্বৈ পৌরুষং রূপং পুরুষস্য বৈরাজস্য রূপমেব ঈশ্বরেণাধিষ্ঠিতত্বাৎ তদভেদবিবক্ষয়া তস্য রূপমুচ্যতে। অঙ্গকল্পনামাহ ভূঃ পদাদিত্যাদি ত্রিভিঃ। ভূঃ পাদাবিত্যাদৌ ভূরাদ্যনুবাদেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ভগবতো বিভূতিভিঃ কল্পিতো বিগ্রহো বিরাড়েবাস্তীত্যাহ মায়াদ্যৈঃ প্রকৃতিসূত্রমহদহঙ্কার-পঞ্চতন্মাত্রৈ র্নবভিঃ বিকারা একাদশেন্দ্রিয়াণি পঞ্চমহাভূতানি চেতি ষোড়শ তন্ময়ো বিরাট্ সঃ প্রসিদ্ধঃ নির্ম্মিতঃ যত্র বিরাজি সচিৎকে চেতনাধিষ্ঠিতে ভুবনত্রয়ং দৃশ্যতে ॥ ৪ ॥

পৌরুষং পুরুষস্য ভগবতো মায়িকং রূপং নতু স্বরূপমিত্যর্থঃ। কয়া কয়া বিভূত্যা কিং কিমঙ্গং কল্পিতং তদাহ ভূরিতি সচ্চিদানন্দবপুষো ভগবতঃ পাদয়ো র্যা বিভূতি র্ভূস্তস্যাঃ পাদৌ কল্পিতাবিতি তদভেদনির্দ্দেশাদ্ভূরেব পাদৌ এবং সর্ব্বত্র জ্ঞেয়ং। এবঞ্চ বিরাট্‌পুরুষস্য পাদাদি-ভাবনয়া সচ্চিদানন্দপুরুষস্য পাদাদীনি স্মর্ত্তব্যানি। যথা মৎপ্রভু র্ভগবান্ স্বপাদাভ্যাং তদ্বিভূতিং পৃথিবীং বিভর্ত্তি শিরসা তদ্বিভূতিং দিবং বিভর্ত্তীত্যেবং সর্ব্বাণ্যেব বস্তূনি নয়ন-

প্রথমত মূলা প্রকৃতি মায়া, সূত্র, মহত্তত্ত্ব, অহঙ্কার ও পঞ্চ তন্মাত্ররূপ এই নয় তত্ত্ব এবং একাদশ ইন্দ্রিয় ও পঞ্চ মহাভূত এই ষোড়শ বিকারে মূল বিরাট্ মূর্ত্তি রচিত হইয়াছেন এবং সেই চেতনাধিষ্ঠিত বিরাট্ মূর্ত্তিতে এই ভুবনত্রয় পরিদৃষ্ট হইতেছে ॥ ৪ ॥

এই তত্ত্বগ্রামের সমষ্টিভূত ভাবই বিরাট্ পুরুষের কলেবর। পৃথিবী ইহাঁর পাদদ্বয়, স্বর্গলোক ইহাঁর মস্তক, নভোমণ্ডল ইহাঁর নাভিস্থল, সূর্য্যই লোচন

নাড্যো নদ্যোহস্থিনী নাসে বায়ুঃ কর্ণৌ দিশঃ প্রভোঃ ॥ ৫ ॥
প্রজাপতিঃ প্রজননমপানো মৃত্যুরীশিতুঃ।
তদ্বাহবো লোকপালা মনশ্চন্দ্রো ভ্রুবৌ যমঃ ॥
লজ্জোত্তরোঽধরো লোভো দন্তা জ্যোৎস্না স্ময়ো ভ্রমঃ।
রোমাণি ভূরুহা ভূম্নো মেঘাঃ পুরুষমূর্দ্ধজাঃ ॥ ৬ ॥
যাবানয়ং বৈ পুরুষো যাবত্যা সংস্থয়া মিতঃ।
তাবানসাবপি মহান্ পুরুষো লোকসংস্থয়া ॥ ৭ ॥

অন্বয়ঃ।

বায়ুঃ নাসে, দিশঃ কর্ণৌ ॥ ৫ ॥

ঈশিতুঃ প্রজাপতিঃ মেঢ্রং, অপানঃ পায়ুঃ মৃত্যুঃ, লোকপালাঃ বাহবঃ, চন্দ্রঃ মনঃ, যমঃ ভ্রুবৌ, লজ্জা উত্তরোষ্ঠঃ, লোভঃ অধরোষ্ঠঃ, জ্যোৎস্না দন্তাঃ, ভ্রমঃ হাস্যং, বৃক্ষাঃ রোমাণি, মেঘাঃ কেশাঃ ॥ ৬

যাবান্ অয়ং ব্যষ্টিপুরুষঃ যাবত্যা সংস্থয়া অবয়ব-সন্নিবেশেন যাবান্ যথাবৎ অবয়ববান্ মিতঃ পরিমিতঃ, অসৌ মহাপুরুষঃ অপি লোক-সংস্থয়া লোককল্পিত-পাদাদ্যবয়ব-সন্নিবেশেন তাবান্ তাবদবয়ববান্ ইতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ভগবৎপাদাদি-ভাবনা বিধীয়তে ॥ ৫ ॥　　　প্রজননং মেঢ্রং। অপানঃ পায়ুঃ ॥ ৬ ॥

অনুক্তমন্যদপ্যেবমূহ্যমিত্যাহ যাবানয়ং ব্যষ্টিপুরুষঃ স্বমানতঃ সপ্তবিতস্তি-সংস্থয়া অবয়ব-সন্নিবেশেন মিতঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনোগতানি ভগবদঙ্গান্যেব তদ্বিভূতিত্বাদিত্যতঃ সর্ব্বভাবনাপি ভগবদ্ভাবনৈবেতি বিবেকঃ ॥৫॥

প্রজননং মেঢ্রং। অপানঃ পায়ুঃ। উত্তর ওষ্ঠো লজ্জা। অধর ওষ্ঠো লোভঃ। স্ময়ো হাস্যং ভ্রমঃ মায়া ॥ ৬ ॥

সমষ্টি-ব্যষ্ট্যোঃ প্রায়েণৈক্যাৎ ব্যষ্টিপুরুষস্য প্রাকৃতত্বান্মলিনস্য দর্শনেনৈব নির্ম্মলং চিদানন্দময়ং পুরুষং পরিচায়য়তি যাবানয়মিতি। মিতঃ পরিমিতঃ ॥ ৭ ॥

স্থানীয় এবং বায়ু নাসা-যুগল ও দিক্‌সমূহ ইহাঁর শ্রবণেন্দ্রিয় বলিয়া অবধারণীয় ॥ ৫ ॥

সেই বিরাট্ পুরুষের মেঢ্রভাগই বা তত্রত্য শক্তিই প্রজাপতি; মৃত্যু ইহাঁর পায়ুরিন্দ্রিয়, লোকপালগণ ইহাঁর বাহু, চন্দ্র ইহাঁর মন, যম ভ্রূযুগল, লজ্জা উত্তরোষ্ঠ, লোভ অধরোষ্ঠ, জ্যোৎস্না ইহাঁর দন্ত, ভ্রম হাস্য, বৃক্ষসমূহ ইহাঁর রোমাবলি এবং জলদাবলি ইহাঁর কেশ-সমূহ ॥ ৬ ॥

এই ভূলোকস্থ মানব-দেহ যেমন স্বীয় সপ্তবিতস্তি পরিমাণে বিচিত্র অবয়বে গঠিত, সেইরূপ এই বিরাট্ পুরুষও স্বীয় সপ্তবিতস্তি পরিমাণে বিচিত্র

কৌস্তুভ-ব্যপদেশেন স্বাত্মজ্যোতি বিভর্ত্ত্যজঃ।
তৎপ্রভাব্যাপিনী সাক্ষাচ্ছ্রীবৎসমুরসা বিভুঃ ॥ ৮ ॥
স্বমায়াং বনমালাখ্যাং নানাগুণময়ীং দধৎ।
বাসশ্ছন্দোময়ং পীতং ব্রহ্মসূত্রং ত্রিবিৎ স্বরং ॥ ৯ ॥
বিভর্ত্তি সাংখ্যং যোগঞ্চ দেবো মকরকুণ্ডলে।

অন্বয়ঃ।

স্বাত্মজ্যোতিঃ শুদ্ধজীবচৈতন্যং কৌস্তুভ-ব্যাজেন বিভর্ত্তি। তস্য কৌস্তুভস্য যা ব্যাপিনী প্রভা তাং এব উরসা শ্রীবৎসং বিভুঃ বিভর্ত্তি ॥ ৮ ॥

ত্রিবিৎ স্বরং অকারাদি-বর্ণত্রয়াত্মকং প্রণবং ব্রহ্মসূত্রং, ছন্দোময়ং পীতং বাসঃ, তথা নানাগুণময়ীং স্বমায়াং বনমালাখ্যাং দধৎ ॥ ৯ ॥

তথা সাংখ্যং যোগং এব মকরকুণ্ডলে, সর্ব্বলোক-নমস্কৃতং পারমেষ্ঠ্যং পদং ব্রহ্মলোকং,

শ্রীধরস্বামী।

ভূষণাদীন্যাহ কৌস্তুভেত্যাদিনা। স্বাত্মজ্যোতিঃ শুদ্ধং জীবচৈতন্যং যা তস্য কৌস্তুভস্য প্রভা তামেব শ্রীবৎসং বিভর্ত্তি ॥ ৮ ॥ ত্রিবিৎ স্বরং ত্রিমাত্রং প্রণবং ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অঙ্গান্যুক্ত্বা ভূষণান্যাহ কৌস্তুভস্য ব্যপদেশেন স্বরূপেণ স্বাত্মজ্যোতিঃ শুদ্ধজীব-চৈতন্যং কৌস্তুভস্যেব বিভূতিং ধত্তে। তথাহি অকারেণোচ্যতে বিষ্ণুঃ শ্রীঙ্কারেণ কথ্যতে। মকারস্তু তয়োর্দাসঃ পঞ্চবিংশঃ প্রকীর্ত্তিতঃ। ইত্যতঃ স্বদাসং ভগবান্ হৃদি ধত্তে। যদুক্তং সাধবো হৃদয়ং মহ্যং সাধুনাং হৃদয়ং ত্বহমিতি। ভগবান্ ভক্তভক্তিমানিতি চ। তৎপ্রভা তস্য কৌস্তুভস্যৈব প্রভাব্যাপিনী দক্ষিণস্তনোর্দ্ধ-পর্য্যন্তগামিনী যা তামেব শ্রীবৎসং দক্ষিণাবর্ত্ত-শুভ্রমৃণালতন্তু-সূক্ষ্মরোমাবল্যাকারং বিভর্ত্তি যস্য বিভূতি ধর্ম্মঃ। তথৈব বামস্তনোর্দ্ধে লক্ষ্মীরেখা নিকষশ্মনি কানকী রেখেব অনুক্তাপি জ্ঞেয়া। যস্যা বিভূতী রাজ্যাদিসম্পৎ ॥ ৮ ॥

নানাগুণময়ীমিতি ত্রিগুণাত্মিকা মায়া বনমালায়া বিভূতিঃ। বাস ইতি পীতবাসসো বিভূতিশ্ছন্দাংসি। ব্রহ্মসূত্রমত্রোপবীতস্য বিভূতি স্ত্রিবৃৎ স্বরঃ ত্রিমাত্রঃ প্রণবঃ ॥ ৯ ॥

অবয়বের সংস্থানে রচিত হইয়াছেন ॥ ৭ ॥

তিনি কৌস্তুভ মণি নামক স্বীয় আত্মজ্যোতি জীব-চৈতন্যকে কণ্ঠে ধারণ করিতেছেন ; এবং সেই চৈতন্য-জ্যোতির প্রভাই বক্ষঃস্থলে শ্রীবৎস-লাঞ্ছিত চিহ্নরূপে বিরাজ করিতেছে ॥ ৮ ॥

নানাগুণময়ী মায়াভাবই তাঁহার গলদেশস্থ বনমালা ; ছন্দ সমূহই পরিধেয় পীত বসন এবং প্রণবই তাঁহার ব্রহ্মসূত্র নামে পরিকল্পিত ॥ ৯ ॥

সাংখ্য এবং যোগ-শাস্ত্রই তাঁহার শ্রবণ-যুগলে মকর-কুণ্ডলদ্বয় এবং সর্ব্ব

মৌলীং পদং পারমেষ্ঠ্যং সর্ব্বলোকনমস্কৃতং ॥ ১০ ॥
অব্যাকৃতমনন্তাখ্যমাসনং যদধিষ্ঠিতঃ।
ধর্ম্মজ্ঞানাদিভির্যুক্তং সত্ত্বং পদ্মমিহোচ্যতে ॥ ১১ ॥
ওজঃসহো বলযুতং মুখ্যতত্ত্বং গদাং দধৎ।
অপাং তত্ত্বং দরবরং তেজস্তত্ত্বং সুদর্শনং ॥
তমোনিভং নভস্তত্ত্বমসিং চর্ম্ম তমোময়ং।
কালরূপং ধনুঃ শার্ঙ্গং তথা কর্ম্মময়েষুধীং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

এষ মৌলীং মুকুটং, সঃ দেবঃ বিভর্ত্তি ॥ ১০ ॥

যদধিষ্ঠিতঃ অধিষ্ঠায় স্থিতঃ তৎ অনন্তাখ্যং আসনং হি অব্যাকৃতং প্রধানং বিভর্ত্তি। তথা ধর্ম্মজ্ঞান-বৈরাগ্যৈশ্বর্য্য-শ্রী-যশোভিঃ যুক্তং সত্ত্বং ইহ ভগবদাসনে পদ্মং উচ্যতে ॥ ১১ ॥

ওজঃ সহো বলযুতং মুখ্যতত্ত্বং প্রাণতত্ত্বং গদাং বিভর্ত্তি; অপাং তত্ত্বং দরবরং শঙ্খং, বিভর্ত্তি, তেজস্তত্ত্বং সুদর্শনং ॥

তমোনিভং শ্যামরূপং, নভস্তত্ত্বং অসিং, তমোময়ং তমোগুণতত্ত্বং চর্ম্ম, তথা কর্ম্মময়ং ইষুধীং বাণকোষং, কালরূপং শার্ঙ্গং ধনুঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

পারমেষ্ঠ্যং ব্রহ্মলোকং ॥ ১০ ॥

অব্যাকৃতং প্রধানং যদধিষ্ঠিতঃ অধিষ্ঠায় স্থিতঃ তৎ আসনভূতং পদ্মং সত্ত্বং সত্ত্বগুণঃ ॥ ১১ ॥

মুখ্যতত্ত্বং প্রাণতত্ত্বং প্রাণো বৈ মুখ্য ইতি শ্রুতেঃ। দরবরং শঙ্খং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমেব সর্ব্বত্র স্ববিভূত্যা সামানাধিকরণ্যং। পারমেষ্ঠ্যং ব্রহ্মলোকং ॥ ১০ ॥

যৎ অধিষ্ঠিতঃ অধিষ্ঠায় স্থিতস্তদাসনং অনন্তাখ্যং অব্যাকৃতং প্রধানমুচ্যতে ইতি অনন্তস্যৈব বিভূতিঃ প্রধানং জগৎসৃষ্ট্যাদিকারিণীভূতং। বনমালা বিভূতি র্মায়াতু ততোঽপি মূলভূতা জ্ঞেয়া। তত্র চ ধর্ম্মাদিযুক্তমাসনপদ্মং তু সত্ত্বঃ সত্ত্বগুণঃ ॥ ১১ ॥

মুখ্যতত্ত্বং প্রাণতত্ত্বং প্রাণো বৈ মুখ্য ইতি শ্রুতেঃ। দরবরং শঙ্খং। অসিং নভস্তত্ত্বং নভোনিভং আকাশতুল্যং তমোনিভং বাপাঠঃ নির্ম্মলং। চর্ম্ম তমোময়ং তমস্তত্ত্বং ॥ ১২ ॥

-লোক-নমস্কৃত ব্রহ্মলোকই তাঁহার শিরোভূষণ কিরীট ॥ ১০ ॥

তাঁহার উপবেশনার্থ আসনই সাক্ষাৎ অব্যাকৃত অনন্ত নামে অভিহিত। এবং ধর্ম্ম ও জ্ঞানাদি-যুক্ত শ্রেষ্ঠ সত্ত্বগুণই সেই আসনস্থ পদ্মনামে অভিহিত ॥ ১১ ॥

ওজঃ সহ এবং বল-বিশিষ্ট মুখ্য প্রাণশক্তিই ইঁহার গদা; জলতত্ত্ব ইঁহার করতলস্থ শঙ্খ এবং তেজস্তত্ত্ব ইঁহার সুদর্শন চক্র ॥

ইন্দ্রিয়াণি শরানাহুরাকূতীরস্য স্যন্দনম্ ।
তন্মাত্রাণ্যস্যাভিব্যক্তিং মুদ্রয়ার্থক্রিয়াত্মতাং ॥ ১৩ ॥
মণ্ডলং দেবযজনং দীক্ষাসংস্কার আত্মনঃ ।
পরিচর্য্যা ভগবত আত্মনো দুরিতক্ষয়ঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ ।

ইন্দ্রিয়াণি এব শরান্, বিভর্ত্তি, আকূতিঃ ক্রিয়াশক্তিযুক্তং মনঃ, অস্য ভগবতঃ স্যন্দনং রথং, অস্য রথস্য অভিব্যক্তিং বহিরভিব্যক্তরূপং মুদ্রয়া ধৃতয়া অর্থক্রিয়াত্মতাং বরদাভয়দাদিরূপত্বং বিভর্ত্তি ॥ ১৩ ॥

মণ্ডলং সূর্য্যমণ্ডলং, দেবযজনং পূজাভূমিং তাং ভাবয়েৎ ; দীক্ষাসংস্কারঃ আত্মনঃ গুরুকৃতাং মন্ত্রদীক্ষাং এব আত্মনঃ তৎপূজাযোগ্যতাং ভাবয়েৎ । ভগবতঃ তাং পরিচর্য্যাং স্বস্য সকল-পাপক্ষয়ায় ইত্যেবং ভাবয়েৎ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী ।

আকূতীঃ ক্রিয়াশক্তিযুতং মনঃ অস্য রথস্যাভিব্যক্তিং বহিরভিব্যক্তং রূপং মুদ্রয়া ধৃতয়া অর্থক্রিয়াত্মতাং বরদাভয়দাদিরূপত্বং বিভর্ত্তি । তত্তন্মুদ্রয়া তথা তথা ভাবয়েদিত্যর্থঃ ॥ ১৩ ॥

মণ্ডলং দেবযজনং দেবপূজাভূমিং সূর্য্যমণ্ডলত্বেন ভাবয়েদিত্যর্থঃ অন্তর্বহ্নিমণ্ডলং বা দীক্ষা-সংস্কারঃ আত্মনঃ গুরুকৃতাং মন্ত্রদীক্ষামেবাত্মনস্তৎপূজাযোগ্যতাং ভাবয়েদিত্যর্থঃ পরিচর্য্যেতি ভগবত স্তাং পরিচর্য্যাং স্বস্য সকলপাপক্ষয়রূপাং ভাবয়েদিত্যর্থঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

আকূতিঃ ক্রিয়াশক্তিযুতং মনঃ । স্যন্দনং রথং । রথস্য বিভূতির্মনঃ । তন্মাত্রাণি শব্দাদ্যো বিষয়া অভিব্যক্তিঃ অস্য অভিব্যক্তে রাবির্ভাবস্য বিভূতয়ঃ । বিষয়জিঘৃক্ষারূপস্য মনোরথস্য বহিরভিব্যক্তিরূপা এব শব্দাদয়ো বিষয়া ইন্দ্রিয়গ্রাহ্যা ইত্যর্থঃ । মুদ্রয়া বরদাভয়দা-রূপয়া ধৃতয়া অর্থক্রিয়াত্মতাং বিভর্ত্তি । অর্থক্রিয়া-লোকব্যবহার স্তৎস্বরূপতাং ধত্তে । বরদত্বস্য অভয়দত্বস্য বিভূতয় স্তাস্তা অর্থক্রিয়া ইত্যর্থঃ ॥ ১৩ ॥

সূর্য্যস্যেব ভগবদ্বিগ্রহস্য যন্মণ্ডলং তদ্দেবযজনং দেবপূজাভূমিং । দীক্ষা তন্মন্ত্রোপদেশ এব আত্মনো জীবস্য সংস্কারঃ । তন্মন্ত্রপ্রয়োগস্য বিভূতি র্জীবসংস্কার ইত্যর্থঃ । পরিচর্য্যেতি তৎপরিচর্য্যায়া জীবদুরিতক্ষয় এব বিভূতিঃ ॥ ১৪ ॥

শ্যামবর্ণ আকাশ তত্ত্ব ইঁহার অসি ; তমোময় ভাব ইঁহার চর্ম্ম ; কালই ইঁহার শার্ঙ্গ ধনু এবং কর্ম্মময় ভাবই ইঁহার বাণাধার তূণ ॥ ১২ ॥

ইন্দ্রিয়-সমূহ শর ; ক্রিয়াশক্তি-বিশিষ্ট মনই রথরূপে কল্পিত এবং পঞ্চ তন্মাত্ররূপে অভিব্যক্ত হইয়া, ইনি অভয় বরদাদিরূপে প্রকাশমান হইতে-ছেন ॥ ১৩ ॥

সূর্য্যমণ্ডলই ইঁহার দেব-পূজার ভূমি এবং দীক্ষাদি সংস্কারই আত্মার পূজা-

ভগবান্ ভগশব্দার্থং লীলাকমলমুদ্বহন্।
ধর্ম্মং যশশ্চ ভগবান্ চামরব্যজনেঽভজৎ ॥ ১৫ ॥
আতপত্রন্তু বৈকুণ্ঠং দ্বিজা ধামাকুতোভয়ং।
ত্রিবৃদ্বেদঃ সুপর্ণাখ্যো যজ্ঞং বহতি পুরুষং ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

ভগশব্দার্থং ঐশ্বর্য্যাদিষাড়্গুণ্যং, লীলাকমলং ভগবান্ উদ্বহন্ ধর্ম্মং যশঃ চ চামর-ব্যজনে ভগবান্ অভজৎ ॥ ১৫ ॥

হে দ্বিজাঃ! অকুতোভয়ং কাল-কর্ম্মাদি-ভয়-রহিতং যৎ বৈকুণ্ঠাখ্যং ধাম তৎ আতপত্রং বিভর্ত্তি! ত্রিবৃৎ ঋগ্‌যজুঃসামরূপঃ যঃ বেদঃ সঃ এব সুপর্ণাখ্যঃ গরুড়ঃ ভবতি। ভগবান্ যজ্ঞং পুরুষং বিষ্ণুস্বরূপং, বহতি ধত্তে ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বমাসনপদ্মমুক্তং ইদানীং হস্তস্থং পদ্মমাহ ভগবানিতি। ভগশব্দার্থং ঐশ্বর্য্যাদি ষাড়্‌গুণ্যং ॥ ১৫ ॥

হে দ্বিজাঃ হে দ্বিজেতি এক বচনান্তো বা পাঠঃ। অকুতোভয়ং কৈবল্যং ধাম গৃহমভজৎ। যদ্বা। বৈকুণ্ঠস্যৈব বিশেষণং অকুতোভয়ং ধামেতি। ত্রিবিৎ ঋগ্‌যজুঃসামরূপো বেদঃ। সুপর্ণোঽসি গরুত্মান্ ত্রিবৃত্তে শির ইত্যাদি মন্ত্রলিঙ্গাৎ। যজ্ঞং যজ্ঞরূপং পুরুষং। যজ্ঞো বৈ বিষ্ণুরিতি শ্রুতেঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগশব্দস্যার্থং ষড়্‌র্থচতুষ্কং লীলাকমলং দধদিতি লীলাকমলস্য বিভূতয়ঃ ঐশ্বর্য্য-শ্রীজ্ঞান-বৈরাগ্যাণি প্রাকৃতানি। ধর্ম্মং যশশ্চ প্রাকৃতং চামরব্যজনয়োর্বিভূতী ॥ ১৫ ॥

হে দ্বিজা অকুতোভয়ং ধাম বৈকুণ্ঠমেব আতপত্রং ছত্রং অভজদিতি। লোকগতং যৎকিঞ্চিন্নির্ভয়ং প্রতীয়তে তৎ খলু ছত্রস্যৈব বিভূতি রিত্যর্থঃ। ত্রিবৃৎ ঋগ্ যজুঃ সামরূপো বেদো বেদোক্তো যাগাদিরিত্যর্থঃ ॥ ১৬ ॥

যোগ্যতা এবং ভগবানের পরিচর্য্যাতে আপনার বৃত্তির নিবারণ অবধারণীয় ॥ ১৪ ॥

ভগশব্দবাচ্য ঐশ্বর্য্যাদি ছয়টী গুণই তাঁহার কর-কমলস্থিত লীলাকমল; ধর্ম্ম এবং যশঃই চামর এবং ব্যজনরূপে ভগবান্ স্বীকার করিয়াছেন ॥ ১৫ ॥

হে দ্বিজগণ! কাল বা কর্ম্ম-ভয়ের দ্বারা যাহা কখন অভিভূত হয় না, সেই বৈকুণ্ঠধামই তাঁহার আতপত্র; ঋক্, যজুঃ এবং সাম নামক ত্রিগুণভূত বেদই তাঁহার বাহন গরুড়-নামে অভিহিত। এবং যজ্ঞার্থ সাক্ষাৎ বিষ্ণু-বিগ্রহই তিনি পরিগ্রহ করেন ॥ ১৬ ॥

ভগবান্ শ্রীহরির স্বকীয়া অনপায়িনী শক্তিই ভগবতী লক্ষ্মী নামে কথিতা;

অনপায়িনী ভগবতী শ্রীঃ সাক্ষাদাত্মনো হরেঃ ।
বিষক্সেন স্তন্ত্রমূর্ত্তি র্বিদিতঃ পার্ষদাধিপঃ ॥
নন্দাদয়োঽষ্টৌ দ্বাস্থাশ্চ তেঽণিমাদ্যা হরেগুর্ণাঃ ॥ ১৭ ॥
বাসুদেবঃ সঙ্কর্ষণঃপ্রদ্যুম্নঃ পুরুষঃ স্বয়ং ।
অনিরুদ্ধ ইতি ব্রহ্মন্ মূর্ত্তিব্যূহোঽভিধীয়তে ॥ ১৮ ॥
স বিশ্বস্তৈজসঃ প্রাজ্ঞ স্তুরীয় ইতি বৃত্তিভিঃ ।

অন্বয়ঃ।

হরেঃ ভগবতঃ যা অনপায়িনী আত্মনঃ স্বস্য শক্তিঃ সাএব ভগবতী শ্রীঃ লক্ষ্মীঃ, তন্ত্রমূর্ত্তিঃ পঞ্চরাত্র্যাদ্যাগমরূপঃ, পার্ষদাধিপঃ বিদিতঃ প্রসিদ্ধঃ বিষক্সেনঃ এব। যে অণিমাদয়ঃ অষ্টৌ গুণাঃ তে হরেঃ দ্বারপালাঃ নন্দাদয়ঃ ॥ ১৭ ॥

হে ব্রহ্মন্ ! বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নঃ অনিরুদ্ধঃ ইতি শব্দৈঃ স্বয়ং পুরুষঃ শ্রীনারায়ণঃ এব স্বয়ং মূর্ত্তিব্যূহঃ মূর্ত্তিভেদৈঃ উপাস্যঃ ইতি অভিধীয়তে ॥ ১৮ ॥

সঃ এব ভগবান্ বৃত্তিভিঃ জাগ্রদাদ্যবস্থাভিঃ, বিশ্বঃ তৈজসঃ প্রাজ্ঞঃ তুরীয়ঃ ইতি শব্দৈঃ পরি-

শ্রীধরস্বামী।

অনপায়িনী হরেঃ শক্তিঃ অত্র হেতুঃ সাক্ষাদাত্মনঃ স্বস্বরূপস্য চিদ্রূপত্বাৎ চন্দ্রতারাবৎ তস্যা-স্তদভেদাদিত্যর্থঃ তন্ত্রমূর্ত্তিঃ পঞ্চরাত্রাদ্যাগমরূপঃ। তেঽণিমাদয়োঽষ্টৌ গুণাঃ তে হরে দ্বারপালা নন্দাদয়ঃ ॥ ১৭ ॥

তস্যৈব চতুর্ব্যূহ উপাসনমাহ বাসুদেবাদিশব্দৈঃ পুরুষঃ শ্রীনারায়ণ এব স্বয়ং মূর্ত্তিভেদৈ-রুপাস্য ইত্যভিধীয়তে ॥ ১৮ ॥

তস্যৈবাধ্যাত্ম-চতুর্দ্ধোপাসনমাহ সএব ভগবান্ বিশ্বাদি-শব্দৈ বৃত্তিভি র্জাগ্রদাদ্যবস্থাভিঃ পরি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনপায়িনী একরূপা সাক্ষাৎ স্বরূপভূতা শক্তিঃ অস্যাহ্লাদিনীশক্তের্বিভূতি লৌকিকঃ স্বর্গাদ্যানন্দ উহ্যঃ। তন্ত্রমূর্ত্তিঃ পঞ্চরাত্রাদ্যাগমরূপঃ ইতি পঞ্চরাত্রাদ্যাগমা বিশ্বক্সেনস্য বিভূতয় ইত্যর্থঃ। হরে র্দ্বাঃস্থা যে নন্দাদয়স্তে অণিমাদ্যা গুণা অন্যগতা বিভূতয়ঃ ॥ ১৭ ॥

দ্বাঃস্থানুক্ত্বা দিক্‌চতুষ্টয়গতাংশ্চতুরো ব্যূহানাহ বাসুদেব ইত্যাদি মূর্ত্তিসমূহঃ। স্বয়ং পুরুষো ভগবানেবেত্যন্বয়ঃ ॥ ১৮ ॥

চতুর্ণাং ব্যূহানাং বিভূতীরাহ স ইতি। অর্থাদ্যা ইন্দ্রিয়ং মনঃ আশয়স্তদুভয়সংস্কারযুক্তং।

তন্ত্রমূর্ত্তি ও পঞ্চরাত্র্যাদি আগম-সমূহের স্বরূপই তাঁহার পার্ষদ-শ্রেষ্ঠ বিষক্‌-সেন নামে উক্ত; অণিমাদি অষ্টগুণই তাঁহার দ্বারপাল নন্দাদি নামে অভিহিত হইয়াছেন ॥ ১৭ ॥

হে ব্রহ্মন্ ! বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন এবং অনিরুদ্ধ এই নাম চতুষ্টয়ে স্বয়ং পুরুষোত্তম নারায়ণ নিজে মূর্ত্তিভেদে উপাস্য হইয়াছেন ॥ ১৮ ॥

অর্থেন্দ্রিয়াশয়জ্ঞানৈ র্ভগবান্ পরিভাব্যতে ॥ ১৯ ॥
অঙ্গোপাঙ্গায়ুধাকল্পৈ র্ভগবাংস্তচ্চতুষ্টয়ং।
বিভর্ত্তি স্ম চতুর্মূর্ত্তি র্ভগবান্ হরিরীশ্বরঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

ভাব্যতে ব্যবহ্রিয়তে। অর্থেন্দ্রিয়াশয়জ্ঞানৈঃ (অর্থাঃ বাহ্যবিষয়াঃ, তৈন ইন্দ্রিয়ৈঃ অর্থাবভাসেন জাগ্রদবস্থায়াং বিশ্বঃ ইতি, ইন্দ্রিয়ং মনঃ মনোমাত্রাভাস-স্বপ্নাবস্থায়াং তৈজসঃ ইতি ; আশয়ঃ তদুভয়-সংস্কার-যুক্তং অজ্ঞানং তদুপলক্ষিত-সুষুপ্ত্যবস্থায়াং প্রাজ্ঞঃ ; জ্ঞানং তন্ত্রিতয়-সাক্ষি-চৈতন্যমাত্রং, সঃ এব তুরীয়ঃ ইতি তদ্বৃত্ত্যুপাধীন্ আহ। ১৯॥

অঙ্গোপাঙ্গায়ুধাকল্পৈঃ বিশিষ্টঃ ভগবান্ ঈশ্বরঃ হরিঃ বাসুদেবাদি চতুর্মূর্ত্তিঃ সন্ তৎ বিশ্বাদি-চতুষ্টয়ং রূপং বিভর্ত্তি স্ম ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ভাব্যতে তদ্বৃত্ত্যুপাধীনাহ অর্থা বাহ্যং ইন্দ্রিয়ং মনঃ আশয়ঃ তদুভয়সংস্কারযুক্তং অজ্ঞানং জ্ঞানং তন্ত্রিতয়সাক্ষী তৈঃ ॥ ১৯ ॥

উক্তচতুর্ব্যূহোপাসনেঽপি পূর্ব্বোক্তমঙ্গাদ্যুপাসনমাহ অঙ্গেতি। অঙ্গাদিভি রুপলক্ষিতো ভগবান্ হরি র্বাসুদেবাদি চতুর্মূর্ত্তিঃ সন্ বিশ্বাদি চতুষ্টয়ং বিভর্ত্তি। সবিশ্বাদিভাবেঽপি তন্নিয়ন্ত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুখমহমস্বাপ্সমিতি সুখং ন কিঞ্চিদবেদিষমিত্যাকারকমজ্ঞানঞ্চ তথা জ্ঞানঞ্চেতি তৈ র্যা বিশ্ব ইত্যাদ্যা বৃত্তয়স্তাভিঃ স ভগবানেব পরিভাব্যতে পরিচিন্ত্যতে। চতুর্ণাংব্যূহানামেব বিশ্বাদ্যাশ্চতস্রো বৃত্তয়ো নিয়ম্যা বিভূতয় ইতি ভাবঃ। অত্র বাসুদেবস্য বিশ্বঃ। সঙ্কর্ষণস্য তৈজসঃ। প্রদ্যুম্নস্য প্রাজ্ঞঃ। অনিরুদ্ধস্য তুরীয়ো জ্ঞানমিতি বিভূতয়ো বিবেচনীয়াঃ। ১৯।

ব্যঞ্জিতমেবার্থং স্পষ্টয়তি অঙ্গাদিভিঃ সহিত এব চতুর্মূর্ত্তি র্ভগবান্ চতুষ্টয়ং বিশ্বাদি-চতুষ্কং নিয়ামকতয়া বিভর্ত্তি। অঙ্গোপাঙ্গায়ুধাকল্প-সহিতস্যৈব বাসুদেবস্য বিভূতির্বিশ্ব ইত্যেবমেব সঙ্কর্ষণাদীনাং তৈজসাদ্যা বিভূতয়ঃ। হরিরিত্যুপাসকানাং দুরিতহর্ত্তা ঈশ্বরো বিশ্বাদীনাং নিয়ন্তা ॥ ২০ ॥

